
# রবীক্র রচনাবলী

পঞ্চবিংশ খণ্ড

Jalda dimensonas



## রবীক্র-রচনাবলী

### পঞ্চবিংশ খণ্ড





## বিশ্বভারতী

২ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ্রীট। কলিকাতা ৭

#### প্রকাশ ২৫ বৈশাধ ১৩৫৫ পুনর্মুদ্রণ শকাক অগ্রহায়ণ ১৮৮০ : বঙ্গাক ১৩৬৫

কাগজের মলাট ৯২ বেক্সিনে বাঁধাই ১২২

প্রকাশক শ্রীপুলিনবিহারী সেন বিশ্বভারতী। ৬াও দারকানাথ ঠাকুর লেন। কলিকাডা-৭

> মূজাকর শ্রীবিহ্যংরঞ্জন বস্থ শাস্তিনিকেতন প্রেস। শাস্তিনিকেতন। বীরভূম

## সূচী

চিত্রসূচী	1.10
কবিতা ও গান	
রোগশয্যায়	>
<b>আ</b> রোগ্য	শুৰ
<b>जन्मि</b> .	৬৭
নাটক ও প্রহুগন	
<u> </u>	>• 4
নৃত্যনাট্য চিত্রাঙ্গদ।	>২৫
নুতানাট্য চণ্ডালিক।	500
শ্রামা	226
পরিশিষ্ট	<b>⋞∘</b> ≽
উপন্থাস ও গল্প	
তিন সঙ্গী	225
পরিশিষ্ট	৩১৫
প্রবন্ধ	
বিশ্বপরিচয়	98⊄
গ্রন্থপরিচয়	839
বর্ণাকুক্রমিক সূচী	808

## চিত্রসূচী

'আরোগ্য'-পর্বে রবীক্রনাথ	٠
त्रवौक्तनाथ : ১৯৪०	৬৯
নতানাটা চিত্তাঙ্গদা অভিনয	202

# কবিতা ও গান

# রোগশয্যায়

বিশ্বের আবোগ্যলন্ধী জীবনের অন্তঃপুরে থাঁর পশু পন্ধী তরুতে লতায় নিত্যরত অদৃশ্র শুশ্রমা জীর্ণতায় মৃত্যুপীড়িতেরে অমৃতের স্থাস্পর্শ দিয়ে, বোগের সোভাগ্য নিয়ে, তাঁর আবির্ভাব দেখেছিছ যে-ছটি নারীর স্লিপ্ত নিরাময় রূপে, রেথে গেছ তাদের উদ্দেশে অপটু এ লেখনীর প্রথম শিথিল ছন্দোমালা।

উদয়ন [ শান্তিনিকেতন ] ১ ডিসেম্বর, ১৯৪০। প্রোতে



## *( বাগশযায়*

3

স্বরলোকে নৃত্যের উৎসবে যদি ক্ষণকালতরে ক্লান্ত উৰ্বশীৰ ভোলভক হয় দেবরাজ করে না মার্জনা। পূৰ্বাৰ্জিত কীৰ্তি তার অভিদুপাতের তলে হয় নির্বাসিত। আকস্মিক ক্রটি মাত্র স্বর্গ কভু করে না স্বীকার। যানবের সভাক্ষনে দেখানেও আছে জ্বেগে স্বর্গের বিচার। তাই মোর কাব্যকলা রয়েছে কুষ্ঠিত তাপতপ্ত দিনাস্তের অবসাদে: কী জানি শৈথিল্য যদি ঘটে ভার পদক্ষেপতালে। খ্যাতিমুক্ত বাণী মোর মহেন্দ্রের পদতলে করি সমর্পণ যেন চলে যেতে পারি নিরাসক্তমনে বৈরাগী সে স্থান্তের গেরুয়া আলোয়; নির্মম ভবিষ্য, জানি, অতর্কিতে দহ্যবৃত্তি করে কীর্তির সঞ্চয়ে---আজি তার হয় হোক প্রথম স্কনা।

উদয়ন

\$

অনিংশেষ প্রাণ অনি:শেষ মরণের স্রোতে ভাসমান. भारत भारत मः कार्ड मः कार्ड নামহীন সমুদ্রের উদ্দেশবিহীন কোন তটে পৌছিবারে অবিশ্রাম বাহিতেছে থেয়া, কোন সে অলক্ষ্য পাড়ি-দেয়া মর্মে বসি দিতেছে আদেশ. নাহি তার শেষ। চলিতেছে লক্ষ লক্ষ কোটি কোটি প্রাণী, এই শুধু জানি। চলিতে চলিতে থামে, পণ্য তার দিয়ে যায় কাকে, পশ্চাতে যে রহে নিতে ক্ষণপরে সেও নাহি থাকে। মৃত্যুর কবলে লুপ্ত নিরন্তর ফাঁকি-তবু দে ফাঁকির নয়, ফুরাতে ফুরাতে রহে বাকি; পদে পদে আপনারে শেষ করি দিয়া পদে পদে তবু রহে জিয়া। অন্তিম্বের মহৈশ্বর্য শতছিত্র ঘটতলে ভরা---অফুরান লাভ তার অফুরান ক্ষতিপথে ঝরা; অবিশ্রাম অপচয়ে সঞ্য়ের আলস্ত ঘুচায়, শক্তি তাহে পায়। চলমান রপহীন যে বিরাট, সেই মহাক্ষণে আছে তবু ক্ষণে ক্ষণে নেই। স্বরূপ যাহার থাকা আর নাই-থাকা, খোলা আর ঢাকা. কী নামে ভাকিব তারে অন্তিম্প্রবাহে-যোর নাম দেখা দিয়ে মিলে যাবে যাহে।

ø

একা বদে আছি হেপায়

যাতায়াতের পথের তীরে।

যাবা বিহান-বেলায় গানের পেয়া

আনল বেয়ে প্রাণের ঘাটে,

আলোছায়ার নিত্য নাটে,

দাঁঝের বেলায় ছায়ায় তারা

মিলায় ধীরে।

আজকে তারা এল আমার

স্থালোকের ঘ্রার ঘিরে;

স্বরহারা দব ব্যথা মত

একতারা তার খুঁজে ফিরে।

প্রহর পরে প্রহর যে যায়,

বদে বদে কেবল গনি

নীরব জপের মালার ধ্বনি

অন্ধকারের শিরে শিরে।

জোড়াসাঁকো ৬০ অক্টোবর, ১৯৪০

8

অজন্ত দিনের আলো,
জানি, একদিন
ত্ চক্ষ্বে দিয়েছিলে ঋণ।
ফিরায়ে নেবার দাবি জানায়েছ আজ
তুমি, মহারাজ।
শোধ করে দিতে হবে জানি,
তর্ কেন সন্ধ্যাদীপে
ফেল ছায়াখানি।
রচিলে যে আলো দিয়ে তব বিধঙল
আমি দেখা অতিধি কেবল।

হেথা হোথা যদি পড়ে থাকে কোনো কুদ্র ফাঁকে নাই হল পুরা সেটুকু টুকুরা---রেখে যেয়ো ফেলে অবহেলে, যেথা তব রথ শেষ চিহ্ন রেখে যায় অস্তিম ধুলায় সেথায় রচিতে দাও আমার জগং অল্প কিছু আলো থাক, অল্প কিছু ছায়া আর কিছু মায়া। ছায়াপথে লুপ্ত আলোকের পিছু হয়তো কুড়ায়ে পাবে কিছু-কণামাত্ৰ লেশ তোমার ঋণের অবশেষ।

জোড়াসাঁকো ৩ নভেম্বর, ১৯৪০

Œ

এই মহাবিশ্বতলে

যন্ত্রণার ঘূর্ণযন্ত্র চলে,
চূর্ণ হতে থাকে গ্রহতারা।
উৎক্ষিপ্ত ফুলিঙ্গ যত

দিক্ বিদিকে অন্তিথের বেদনারে
প্রলয়ত্যথের রেগুজালে
ব্যাপ্ত করিবারে ছোটে প্রচণ্ড আবেগে
পীড়নের যন্ত্রশালে
চেতনার উদ্দীপ্ত প্রান্থনে

#### রোগশযায়

কোথা শেল শূল যত হতেছে ঝংকৃত, কোথা কতবক্ত উৎসাবিছে। মাহুষের কুদ্র দেহ, যত্রণার শক্তি তার কী তুঃসীম। স্ষ্টিও প্রলয় -সভাতলে---তার বহিরস্পাত্র কী লাগিয়া যোগ দিল বিশের ভৈরবীচক্রে বিধাতার প্রচণ্ড মন্ততা-কেন এ দেহের মুংভাগু ভরিয়া রক্তবর্ণ প্রলাপের অশ্রম্রোতে করে বিপ্লাবিত প্রতি কণে অন্তহীন মূল্য দিল তারে মানবের হর্জয় চেতনা, দেহত্ব:থ-হোমানলে যে অর্ঘ্যের দিল সে আছতি-জ্যোতিষ্কের তপস্থায় তার কি তুলনা কোথা আছে। এমন অপরাজিত বীর্যের সম্পদ, এমন নিৰ্ভীক সহিষ্ণুতা, এমন উপেক্ষা মরণেরে. হেন জয়যাতা বহিশ্যা মাড়াইয়া দলে দলে হৃ:খের দীমান্ত খুঁজিবারে নামহীন জালাময় কী তীর্থের লাগি---সাথে সাথে পথে পথে এমন সেবার উৎদ আগ্নেয় গহরর ভেদ করি অফুরান প্রেমের পাথেয়।

জোড়াসাঁকো ৪ নভেম্বর, ১৯৪০ b

ওগো আমার ভোরের চডুই পাথি, একটুথানি আঁধার থাকতে বাকি ঘুমঘোরের অল্প অবশেষে সাশির 'পরে ঠোকর মার এসে. দেখ কোনো খবর আছে নাকি। তাহার পরে কেবল মিছিমিছি যেমন খুশি নাচের সঙ্গে যেমন খুশি কেবল কিচিমিচি; নিৰ্ভীক ঐ পুচ্ছ সকল বাধা শাসন করে তুচ্ছ। যথন প্রাতে দোয়েলরা দেয় শিস কবির কাছে পায় তারা বকশিণ; সারা প্রহর একটানা এক পঞ্চম স্কর সাধি **লুকিয়ে** কোকিল করে কী ওস্তাদি— সকল পাখি ঠেলে কালিদাসের বাহবা সেই পেলে। তুমি কেয়ার কর না তার কিছু, মান নাকে। স্বরগ্রামের কোনো উচু নিচু। কালিদাসের ঘরের মধ্যে চুকে ছন্দভাঙা চেঁচামেচি বাধাও কী কৌতুকে। নবরত্বসভার কবি যথন করে গান তুমি তারি থামের মাধায় কী কর সন্ধান। কবিপ্রিয়ার তুমি প্রতিবেশী, সারা মুথর প্রহর ধ'রে তোমার মেশামেশি। বদস্ভেরই বায়না-করা নয় তো তোমার নাট্য, ষেমন-তেমন নাচন তোমার---নাইকো পারিপাট্য।

অরণ্যেরই গাহন-সভায় যাও না সেলাম ঠুকি, আলোর দকে গ্রাম্য ভাষায় আলাপ মুখোমুখি; কী যে তাহার মানে নাইকো অভিধানে-ম্পন্দিত ওই বক্ষটুকু তাহার অর্থ জানে। ডাইনে বাঁয়ে ঘাড় বেঁকিয়ে কী কর মন্বরা, অকারণে সমস্ত দিন কিসের এত ত্বর।। মাটির 'পরে টান. ধুলায় কর স্নান--এমনি তোমার অহত্বেরই সজ্জা মলিনভা লাগে না তায়, দেয় না তারে লজা। বাদা বাঁধ রাজার ঘরের ছাদের কোণে-লুকোচুরি নাইকো তোমার মনে। অনিস্রাতে যথন আমার কাটে হুথের রাত আশা করি দারে তোমার প্রথম চঞ্চ্যাত। অভীক তোমার, চটুল তোমার, সহজ প্রাণের বাণী দাও আমারে আনি-সকল জীবের দিনের আলো আমারে লয় ডাকি, ওগো আমার ভোরের চডুই পাখি।

জোড়াস কৈ। ১১ নভেম্বর, ১৯৪০। প্রাতে

> গহন বজনী-মাঝে বোগীব আবিল দৃষ্টিতলে যথন সহসা দেখি তোমাব জাগ্রত আবিতাবি,

মনে হয়, যেন
আকাশে অগণ্য গ্রহতারা
অন্তহীন কালে
আমারি প্রাণের দায় করিছে স্বীকার
তার পরে জানি যবে
তৃমি চলে যাবে,
আতঙ্ক জাগায় অকস্মাৎ
উদাদীন জগতের ভীষণ স্তব্ধতা।

জোড়াদাঁকো ১২ নভেম্বর, ১৯৪০ । রাত্রি ছটা

ь

মনে হয় হেমন্তের তৃত বিধার কুছাটিকা-পানে
আলোকের কী যেন ভং দনা
দিগন্তের মৃঢ্তারে তৃলিছে তর্জনী।
পাও্বর্ণ হয়ে আসে স্বর্গাদয়
আকাশের ভালে,
লক্ষ্যা ঘনীভূত হয়,
হিমদিক্ত অরণ্যছায়ায়
ন্তব্ধ হয় পাথিদের গান।

জোড়াদ\*াকে। ১৩ নভেম্বর, ১৯৪০

⋧

হে প্রাচীন তমন্বিনী,
আজি আমি রোগের বিমিশ্র তমিপ্রায়
মনে মনে হেরিতেছি—
কালের প্রথম কল্পে নিরন্তর অন্ধকারে
বসেছ স্কটির ধ্যানে

কী ভীষণ একা, বোবা তুমি, অন্ধ তুমি। অহন্ত দেহের মাঝে ক্লিষ্ট রচনার যে প্রয়াস তাই হেরিলাম আমি অনাদি আকাশে। পদু উঠিতেছে কাঁদি নিদ্রার অতল-মাঝে, আত্মপ্রকাশের ক্ষ্মা বিগলিত লৌহগর্ভ হতে গোপনে উঠিছে জ্বলি শিখায় শিখায়। অচেতন তোমার অঙ্গুলি অস্পষ্ট শিল্পের মায়া বুনিয়া চলিছে; আদিমহার্ণব-পর্ভ হতে অকস্মাৎ ফুলে ফুলে উঠিতেছে প্রকাণ্ড স্বপ্নের পিণ্ড, বিকলাঞ্চ, অসম্পূর্ণ---অপেক্ষা করিছে অম্বকারে कारनद मिक्किनशरख भारत करत भून रामश, বিরূপ কদর্য নেবে স্থসংগত কলেবর নব সুর্যালোকে। মৃতিকার দিবে আসি মন্ত্র পড়ি, ধীরে ধীরে উদ্যাটিবে বিধাতার অন্তর্গূ সংকল্পের ধার।।

জোড়াগাঁকো ১৩ নভেম্বর, ১৯৪০। প্রাতে

10

্ আমার দিনের শেষ ছায়াটুকু

মিশাইলে মূলতানে—

গুঞ্জন তার রবে চিরদিন,

ভূলে যাবে তার মানে।
কর্মকান্ত পথিক যথন

বদিবে পথের ধারে

এই রাগিণীর করুণ আভাদ

পরশ করিবে তারে,
নীরবে শুনিবে মাথাটি করিয়া নিচু;

শুধু এইটুকু আভাসে বৃঝিবে,
বৃঝিবে না আর কিছু—

'বিশ্বত যুগে ফুর্লভ ক্ষণে
বেচৈছিল কেউ বৃঝি,
আমরা যাহার থোঁজ পাই নাই
তাই সে পেয়েছে খুঁজি।'

জোড়াগাঁকে। ১৩ নভেম্বর, ১৯৪০। প্রাতে

#### 22

জগতের মাঝণানে মৃগে মৃগে হইতেছে জ্বমা
হতীত্র অক্ষমা।
অগোচরে কোনোথানে একটি রেথার হলে ভূল
দীর্ঘ কালে অকস্মাং আপনারে করে সে নিমৃল।
ভিত্তি যার ধ্রুব বলে হয়েছিল মনে
তলে তার ভূমিকপ টলে ওঠে প্রলয়নর্তনে।
প্রাণী কত এসেছিল দলে দলে
জীবনের রঙ্গভূমে
অপর্যাপ্ত শক্তির সন্থলে—
সে শক্তিই অম তার,
কমেই অসহ্য হয়ে লুপ্ত করে দেয় মহাভার।
কেহ নাহি জানে,
এ বিশ্বের কোন্ধানে
প্রতি ক্ষণে জ্বমা।

দৃষ্টির অতীত ক্রটি করিয়া ভেদন

সহক্ষের দৃঢ় স্ত্র করিছে ছেদন;
ইিকতের ক্লিঙ্গের ভ্রম

পশ্চাতে ফেরার পথ চিরতরে করিছে তুর্গম।

দার্কণ ভাঙন এ যে পূর্ণেরই আদেশে;

কী অপূর্ব স্বান্ট তার দেখা দিবে শেষে—

গুঁড়াবে অবাধ্য মাটি, বাধা হবে দূর,

বহিয়া নৃতন প্রাণ উঠিবে অঙ্গর।

হে অক্ষমা,

স্বান্টির পথের কাটা তব পদপাতে

বিদলিত হয়ে যায় বারবার আঘাতে আঘাতে।

জোড়াসাঁকে। ১৩ নভেম্বর, ১৯৪০

>5

সকাল বেলায় উঠেই দেখি চেয়ে,
যাহা তাহা রয়েছে ঘর ছেয়ে—
থাতাপত্র কোথায় রাখি কী যে,
হাতড়ে বেড়াই, খুঁজে না পাই নিজে।
দামী যত কোথায় কী হয় জমা—
ছড়াছড়ি, নাই কোনো তার সেমিকোলন কমা।
পড়ে আছে পত্রবিহীন লেফাফা সব ছিন্ন—
এই তো দেখি পুরুষ জাতের জাত-কুঁড়েমির চিহ্ন।
পরক্ষণেই নামে কাজে মেয়ের হন্ত ঘূটি,
মূহুর্তেকেই বিলুপ্ত হয় যেথায় যত ক্রটি।
ক্রত হন্তে নিলজ্ঞ সব বিশৃশ্বলার প্রতি
নিয়ে আসে শোভনা তার চরম সদগতি।
ছেড়ার ক্ষত আবোগ্য হয়, দাগীর লক্ষ্ণ। ঢাকে,
অদরকারীর গোপন বাসা কোথাও নাহি থাকে।

অগোছালোর মধ্যে থাকি ভাবি অবাক-পারা— স্টেতে এই পুরুষ মেয়ের চলেছে ছুই থার।; পুরুষ আপন চারি দিকে জমায় আবর্জনা, মেয়ে এদে নিত্য তারে করিছে মার্জনা।

জোড়াগাঁকে। ১৪ নভেম্বর, ১৯৪০। তুপুর

50

দীর্ঘ হংখবাত্রি যদি

এক অতীতের প্রান্তত্তি

থেয়া তার শেষ করে থাকে,

তবে নব বিশ্বয়ের মাঝে

বিশ্বজগতের শিশুলোকে

জেগে ওঠে যেন সেই নৃতন প্রভাতে
জীবনের নৃতন জিজ্ঞাসা।
প্রাতন প্রশ্বগুলি উত্তর না পেয়ে

অবাক্ বৃদ্ধিরে যারা সদা বাঙ্গ করে,
বালকের চিন্তাহীন লীলাচ্ছলে

সহজ উত্তর তার পাই যেন মনে

সহজ বিশ্বাসে—

যে বিশ্বাস আপনার মাঝে তৃপ্ত থাকে,
করে না বিরোধ,

আনন্দের স্পর্শ দিয়ে সত্যের প্রভায় দেয় এনে

জোড়াসাঁকো ১৫ নভেম্বর, ১৯৪০। প্রাতে

58

মদীর একটা কোণে শুষ্ক মরা ডাল শ্রোতের ব্যাঘাত যদি করে. স্ষ্টিশক্তি ভাসমান আবর্জনা নিয়ে সেখানে প্রকাশ করে আপনার রচনাচাতুরী-ছোটো দ্বীপ গড়ে তোলে, টেনে আনে শৈবালের দল, তীরের যা পরিত্যক্ত নেয় সে কুড়ায়ে. দ্বীপসৃষ্টি-উপাদানে যাহা-তাহা জোটায় সম্বল। আমার রোগীর ঘরে আবদ্ধ আকাশে তেমনি চলেছে সৃষ্টি চৌদিকের সব হতে স্বতন্ত্র স্বরূপে। তাহার কর্মের আবর্তন ছোটো দীমাটিতে। কপালেতে হাত দিয়ে দেখে তাপ আছে কি না; উদ্বিগ্ন চক্ষুর দৃষ্টি প্রশ্ন করে, ঘুম নেই কেন। চুপিচুপি পা টিপিয়া ঘরে আনে প্রভাতের আলো। পথ্যের থালাটি নিয়ে হাতে বার বার উপরোধে ক্ষচির বিরোধ লয় জিনি। এলোমেলো যত-কিছু স্বত্বে গুছায়ে রাথে আঁচলে ধুলার লেশ ঝাড়ি। তু হাতে সমান করি শ্যার কুঞ্চন আসন প্রস্তুত রাখে শিয়রের কাছে বিনিদ্র সেবার লাগি। কথা হেথা ধীর স্বরে, দৃষ্টি হেথা বাষ্প দিয়ে ছোঁওয়া, স্পৰ্শ হেথা কঙ্গিত কৰুণ---

জীবনের এই রুদ্ধ স্রোত আপনার কেন্দ্রে আবর্তিত, বাহিরের দংবাদের ধারা হতে বিচ্ছিন্ন স্বদূর।

একদিন বক্তা নামে, শৈবালের দ্বীপ যায় ভেসে; পূর্ণ জীবনের যবে নামিবে জোয়ার সেইমতো ভেসে যাবে সেবার বাসাটি, সেথাকার ছঃখপাত্রে স্থাভরা এই ক'টা দিন।

উদয়ন। শান্তিনিকেতন ১৯ নভেম্বর, ১৯৪০

30

অন্তন্ত শরীরথানা কোন অবরুদ্ধ ভাষা করিছে বহন, বাণীর ক্ষীণতা মৃহ্মান আলোকেতে রচিতেছে অস্পষ্টের কারা। নিঝর যখন ছোটে পরিপূর্ণ বেগে বহুদূর তুর্গমেরে করিবারে জয়— গর্জন তাহার অম্বীকার করি চলে গুহার সংকীর্ণ আত্মীয়তা, ঘোষণা করিতে থাকে নিখিল বিশ্বের অধিকার। বলহারা ধারা তার মৃত্র হয় যবে বৈশাথের শীর্ণ শুক্ষতায়---হারায় আপন মন্ত্রেনি. কুশতম হয়ে আসে আপনার কাছে আপনার পরিচয়। থণ্ড থণ্ড কুণ্ড-মাঝে ক্লান্ত তার গতিস্রোত লীন হয়ে থাকে।

তেমনি আমার কয় বাণী
স্পর্ধা হারায়েছে তার,
শক্তি নাই জীবনের সঞ্চিত মানিরে
ধিকার দিবার।
আার্মাত ক্লিষ্ট জীবনের কুহেলিকা
তাহার বিশ্বের দৃষ্টি করিছে হরণ।

হে প্রভাতস্থ্,
আপনার শুল্লতম রূপ
তোমার জ্যোতির কেন্দ্রে হেরিব উজ্জ্ল,
প্রভাতধ্যানেরে মোর সেই শক্তি দিয়ে
করো আলোকিত;
ত্র্বল প্রাণের দৈয়
হিরক্তম ঐশধ্য তোমার
দ্র করি দাও,
পরাভূত রজনীর অপমান-সহ।

উদয়ন ২১ নভেম্বর, ১৯৪০

33

অবদন্ধ আলোকের
শরতের দায়াহ্পপ্রতিমা—
দংখ্যাহীন তারকার শাস্ত নীরবতা
স্তব্ধ তার হৃদয়গহনে,
প্রতি ক্ষণে নিশ্বদিত নিংশক শুশ্রষা।
আঁধারের গুহা দিয়ে
আদে তার জাগরণপথে
হতাশাদ রজনীর মহর প্রহরগুলি
প্রভাতের শুক্তারা-পানে

পূজাগন্ধী বাতাদের হিমস্পর্শ লয়ে। দায়াহ্নের মানদীপ্তি দো করুণচ্ছবি ধরিল কল্যাণরূপ আজি প্রাতে অরুণকিরণে; দেখিলাম, ধীরে আদে আশীর্বাদ বহি শেফালিকুমুমরুচি আলোর থালায়।

39

কথন ঘুমিয়েছিম্ব,
জেগে উঠে দেখিলাম—
কমলালেব্র ঝুড়ি
পায়ের কাছেতে
কে গিয়েছে রেখে।
কল্পনায় ভানা মেলে
অম্বর্মান ঘুরে ঘুরে ফিরে
একে একে নানা স্নিগ্ন নামে।
স্পষ্ট জানি না'ই জানি,
এক অজানারে লয়ে
নানা নাম মিলিল আসিয়া
নানা দিক হতে।
এক নামে সব নাম সত্য হয়ে উঠি
দানের ঘটায়ে দিল
পূর্ণ সার্থকতা।

উদয়ন ২১ নভেম্বর, ১৯৪০

#### 26

সংসারের নানা ক্ষেত্রে নানা কর্মে বিক্ষিপ্ত চেতনা—
মাম্বকে দেখি সেথা বিচিত্রের মাঝে
পরিব্যাপ্ত রূপে;
কিছু তার অসমাপ্ত, অপূর্ণ কিছু বা।
রোগীকক্ষে নিবিড় একান্ত পরিচয়
একাগ্র লক্ষ্যের চারি দিকে,
নৃতন বিশ্বয় সে যে
দেখা দেয় অপরূপ রূপে।
সমস্ত বিশ্বের দয়।
সম্পূর্ণ সংহত তার মাঝে,
তার করস্পর্মে, তার বিনিদ্র ব্যাকুল আঁথিপাতে।

উদয়ন

২০ নভেম্বর, ১৯৪০। প্রাতে

12

সজীব থেলনা যদি
গড়া হয় বিধাতার কর্মশালে,
কী তাহার দশা হয়
তাই করি অহুভব
আজি আয়ুশেষে।
হেথা থাতি মোর পরাহত,
উপেক্ষিত গান্তীর্য আমার,
নিষেধে অহুশাসনে
শোওয়া বদা চলে।
'চুপ করে থাকো,'
'বেশি কথা কওয়া ভালো নয়',
'আরো কিছু থেতে হবে'—
এ-সকল আদেশ নির্দেশ

কভূ ভং দনায়, কভু অন্তনয়ে, যাহাদের কণ্ঠ হতে আদে তাহাদের পরিত্যক্ত থেলাঘরে ভাঙা পুতুলের ট্রাঙ্গেডিতে এই তো দেদিন মাত্র পড়েছে কৈশোর-যবনিকা! কিছুক্ষণ বিরোধের স্পর্ধা করি, তার পরে ভালো ছেলে হয়ে যেমন চালায় তাই চলি। মনে ভাবি. বুদ্ধ ভাগ্য তার শাসনের ভার কিছুদিন নৃতন ভাগোর হাতে সঁপি দিয়া কটাক্ষে হাসিছে দূরে থেকে হেদেছিল যেমন বাদশা আবহোদেনের পালা রচিয়া আডালে। অমোঘ বিধির রাজ্যে বারবার হয়েছি বিদ্রোহী: এ রাজ্যে নিয়েছি মেনে সেই দণ্ড যাহা মুণালের চেয়ে স্থকোমল, বিদ্যাতের চেয়ে স্পষ্ট তর্জনী যাহার।

উদয়ন

২৩ নভেম্বর, ১৯৪০। প্রাতে

20

রোগভৃঃথ রজনীর নীরন্ধু আঁধারে যে আলোকবিন্দৃটিরে ক্ষণে ক্ষণে দেখি, মনে ভাবি, কী তার নির্দেশ। পথের পথিক যথা জানালার রক্ত্র দিয়ে
উৎসব-আলোর পায় একটুকু খণ্ডিত আভাস,
সেইমতো যে রশ্মি অন্তরে আসে
সে দেয় জানারে—
এই ঘন আবরণ উঠে সেলে
অবিচ্ছেদে দেখা দিবে
দেশহীন কালহীন আদিজ্যোতি,
শাখত প্রকাশপারাবার,
স্থা যেথা করে সন্ধ্যাস্থান,
যেথায় নক্ষত্র যত মহাকায় ব্দ্ব্দের মতে।
উঠিতেছে ফুটিতেছে—
সেথায় নিশান্তে যাত্রী আমি
চৈতন্তসগার-তীর্থপথে।

উদয়ন ২৪ নভেম্বর, ১৯৪০। প্রাতে

#### 23

দকালে জাগিয়া উঠি
ফুলদানে দেখিয় গোলাপ;
প্রশ্ন এল মনে—
যুগ-যুগান্তের আবর্তনে
দৌলবের পরিণামে যে শক্তি তোমারে আনিয়াছে
অপূর্ণের কুংদিতের প্রতি পদে পীড়ন এড়ায়ে,
সে কি অন্ধ, দে কি অন্তমনা,
সেও কি বৈরাগ্যব্রতী সন্মাদীর মতো
ফুলরে ও অফুলরে তেদ নাহি করে—
ভুধু জ্ঞানক্রিয়া, ভুধু বলক্রিয়া তার,
বোধের নাইকো কোনো কাজ ?
কারা তর্ক করে বলে, স্পন্তির দভায়
স্ক্রশ্রী কুশ্রী বদে আছে দমান আদনে—

প্রহরীর কোনো বাধা নাই।
আমি কবি তর্ক নাহি জানি,
এ বিশ্বেরে দেখি তার সমগ্র স্বরূপে—
লক্ষকোটি গ্রহতার। আকাশে আকাশে
বহন করিয়া চলে প্রকাণ্ড স্বয়মা,
ছন্দ নাহি ভাঙে তার স্বর নাহি বাধে,
বিক্রতি না ঘটায় স্থানন;
ঐ তো আকাশে দেখি স্তরে স্তরে পাপড়ি মেলিয়া
জ্যোতির্ময় বিরাট গোলাপ।

উদয়ন ২৪ নভেম্বর, ১৯৪০। প্রাতে

२२

মধ্যদিনে আধাে ঘুমে আধাে জাগরণে বোধ করি হপ্নে দেখেছিল-আমার স্তার আবর্ণ থসে পড়ে গেল অজানা নদীর স্রোতে লয়ে মোর নাম, মোর খ্যাতি, রূপণের সঞ্চয় ঘা-কিছু, লয়ে কলম্বের শ্বতি মধুর কণের স্বাক্ষরিত; গৌরব ও অগৌরব চেউয়ে চেউয়ে ভেসে যায়. তারে আর পারি না ফিরাতে; মনে মনে তর্ক করি আমিশৃন্য আমি, যা-কিছু হারালো মোর সব চেয়ে কার লাগি বাজিল বেদনা। সে মোর অতীত নহে ষারে লয়ে স্থথে তুঃথে কেটেছে আমার রাত্রিদিন। সে আমার ভবিশ্বং

যাবে কোনো কালে পাই নাই,

যাব মধ্যে আকাজ্জা আমার
ভূমিগতে বীজের মতন
অঙ্গুরিত আশা লয়ে

দীর্ঘরাত্রি শ্বপ্ন দেপেছিল

অমাগত আলোকের লাগি।

উদয়ন ২৪ নভেম্বর, ১৯৪০। বিকাল

#### ২৩

আব্রোগোর পথে যথন পেলেম সভ্য প্রসন্ন প্রাণের নিমন্ত্রণ, দান সে করিল মোরে নৃতন চোথের বিশ্ব-দেখা। প্রভাত-আলোয় ময় ঐ নীলাকাশ পুরাতন তপশ্বীর ধ্যানের আসন, কল্ল-আরভের অন্তহীন প্রথম মুহূর্ত্থানি প্রকাশ করিল মোর কাছে; বৃবিলোম, এই এক জন্ম মোর নব নব জন্মস্ত্রে গাঁথা। সপ্তরশ্মি স্থালোকসম এক দৃশ্য বহিতেছে অদৃশ্য অনেক সৃষ্টিধারা।

উদয়ন ২৫ নভেম্বর, ১৯৪০। প্রাতে ২৫।৩ প্রহরীর কোনো বাধা নাই।
আমি কবি তর্ক নাহি জানি,
এ বিশ্বেরে দেখি তার সমগ্র স্বরূপে—
লক্ষকোটি গ্রহতারা আকাশে আকাশে
বহন করিয়া চলে প্রকাণ্ড স্থম্মা,
ছন্দ নাহি ভাঙে তার স্থর নাহি বাধে,
বিক্তি না ঘটায় খালন;
ঐ তো আকাশে দেখি স্তরে স্তরে পাপড়ি মেলিয়া
জ্যোতির্ময় বিরাট গোলাপ।

উদয়ন ২৪ নভেম্বর, ১৯৪০। প্রাতে

#### २२

মধ্যদিনে আধে। ঘুমে আধে। জাগরণে বোধ করি স্বপ্নে দেখেছিম্ন-আমার সত্তার আবরণ গদে পড়ে গেল অজানা নদীর স্রোতে লয়ে মোর নাম, মোর প্যাতি, ক্নপণের সঞ্চয় যা-কিছু, লয়ে কলম্বের শ্বৃতি মধুর ক্ষণের স্বাক্ষরিত; গোরব ও অগোরব চেউয়ে চেউয়ে ভেসে যায়. তারে আর পারি না ফিরাতে; মনে মনে তর্ক করি আমিশুক্ত আমি, যা-কিছু হারালো মোর সব চেয়ে কার লাগি বাজিল বেদনা। সে যোৱ অতীত নহে যারে লয়ে স্থথে ত্বংথে কেটেছে আমার রাত্রিদিন দে আমার ভবিশ্বং

যাবে কোনো কালে পাই নাই,

যাব মধ্যে আকাজ্জা আমার
ভূমিণভে বীজের মতন
অঙ্গুরিত আশা লয়ে

দীর্ঘরাত্রি শ্বপ্ন দেখেছিল

অনাগত আলোকের লাগি।

উদয়ন ২৪ নভেম্বর, ১৯৪০ ৷ বিকাল

#### ২৩

আবোগোর পথে যথন পেলেম সভা প্রসন্ন প্রাণের নিমন্ত্রণ, দান দে করিল মোরে নৃতন চোথের বিশ্ব-দেখা। প্রভাত-আলোয় মগ্ন ঐ নীলাকাশ পুরাতন তপশ্বীর ধ্যানের আসন, কল্প-আরুত্তের অন্তহীন প্রথম মুহূর্ত্থানি প্রকাশ করিল মোর কাছে; বুঝিলাম, এই এক জন্ম মোর নব নব জন্মস্ত্ত্রে গাঁথা। দপ্তরশ্মি স্থালোকসম এক দৃশ্য বহিতেছে অদৃশ্য অনেক স্টিধারা।

উদয়ন ২৫ নভেম্বর, ১৯৪০। প্রাতে ২৫।৩ ₹8

প্রত্যুয়ে দেখিত্ব আজ নির্মল আলোকে নিখিলের শাস্তি-অভিষেক, তকগুলি নম্বশিরে ধরণীর নমস্কার করিল প্রচার : যে শান্তি বিশ্বের মর্মে ধ্রুব প্রতিষ্ঠিত, রক্ষা করিয়াছে তারে যুগ-যুগান্তের যত আঘাতে সংঘাতে। বিশ্বর এ মর্ভভূমে নিজের জানায় আবিভবি দিবসের আরম্ভে ও শেষে। তারি পত্র পেয়েছ তো কবি, মান্দলিক। সে যদি অমাকা করে বিদ্রপের বাহক সাজিয়া বিক্বতির সভাসদরূপে চিরনৈরাখ্যের দৃত, ভাঙা যন্ত্রে বেহুর ঝংকারে বাঙ্গ করে এ বিখের শাখত সত্যেরে, তবে তার কোন্ আবশ্রক। শস্তাক্ষতে কাঁটাগাছ এনে অপমান করে কেন মান্ত্রের অল্পের ক্ষুধারে। রুগ্ন যদি রোগেরে চরম সত্য বলে, তাহা নিয়ে স্পর্ধা করা লজ্জা বলে জানি--তার চেয়ে বিনা বাক্যে আত্মহত্যা ভালো। মান্তধের কবিত্বই হবে শেষে কলম্বভাজন অসংস্কৃত যদচ্ছের পথে চলি। মুখন্ত্রীর করিবে কি প্রতিবাদ মুখোষের নির্লজ্জ নকলে।

উদয়ন ২৬ নভেম্বর, ১৯৪০। প্রাতে

#### २०

জীবনের হুংথে শোকে তাপে
খিষির একটি বাণী চিত্তে মোর দিনে দিনে হয়েছে উজ্জল—
আনন্দ-অমৃতরূপে বিশ্বের প্রকাশ।
ক্ষুত্র যত বিরুদ্ধ প্রমাণে
মহানেরে থর্ব করা সহজ্ব পটুতা।
অন্তহীন দেশকালে পরিব্যাপ্ত সত্যের মহিমা
যে দেথে অথপ্ত রূপে
এ জগতে জন্ম তার হয়েছে সার্থিক।

উদয়ন

২৮ নভেম্বর, ১৯৪০। প্রাতে

#### 20

আমার কীর্তিরে আমি কবি না বিধাস জানি, কালসিন্ধ তারে নিয়ত তরঙ্গঘাতে দিনে দিনে দিবে লুপ্ত করি। আমার বিশ্বাস আপনারে। ছুই বেলা সেই পাত্র ভরি এ বিশ্বের নিতাস্থধা করিয়াছি পান। প্রতি মুহুর্তের ভালোবাস। তার মাঝে হয়েছে সঞ্চিত। তুঃগভারে দীর্ণ করে নাই, কালো করে নাই ধূলি শিল্পেরে তাহার। আমি জানি, যাব যবে সংসারের র<del>ঙ্গ</del>ভূমি ছাড়ি, সাক্ষ্য দেবে পুষ্পবন ঋতুতে ঋতুতে

আপন আহায় যার।
ফলবান করে তারে
তারাই চরম লক্ষ্য মানবস্থাইর;
একমাত্র তারা আছে, আর কেহু নাই;
আর যারা সবে
মায়ার প্রবাহে তারা ছায়ার মতন—
হুঃথ তাহাদের দত্য নহে,
স্থথ তাহাদের বিভ্রনা,
তাহাদের ক্তব্যথা দাক্ষণ আকৃতি ব'রে
প্রতি ক্ষণে লুপু হয়ে যায়,
ইতিহাদে চিহ্ন নাহি রাগে।

উদয়ন ২৯ নভেম্বর, ১৯৪০। প্রাতে

#### 90

ফারি চলেছে খেলা
চারি দিক হতে শত ধারে
কালের অসীম শৃগু পূর্ণ করিবারে।
সন্মুথে যা কিছু চালে পিছনে তলায় বারে বারে;
নিরস্তর লাভ আর ক্ষতি,
তাহাতেই দেয় তারে গতি।
কবির ছন্দের খেলা দেও থাকি থাকি
নিশ্চিক্ষ কালের গায়ে ছবি আঁকা-আঁকি।
কাল যায়, শৃগু থাকে বাকি।
এই আঁকা-মোছা নিয়ে কাব্যের সচল মরীচিকা
ছেড়ে দেয় স্থান,
পারিবর্তমান
জীবন্যাত্রার করে চলমান টীকা।
মান্থ্য আপন-আঁকা কালের সীমায়

সান্ধনা রচনা করে অদীমের মিথ্যা মহিমায়, ভূলে যায় কত-না যুগের বাণীরূপ ভূমিগর্ভে বহিতেছে নিঃশব্দের নিষ্ঠুর বিদ্রুপ।

উদয়ন

৩০ নভেম্বর, ১৯৪০। প্রাতে

95

আজিকার অরণাসভারে অপবাদ দাও বাবে বাবে; বল যবে দৃঢ় কণ্ঠে অহংকৃত আপুৰাকাৰং প্রকৃতির অভিপ্রায়, 'নব ভবিগ্রং করিবে বিরল রদে ভুকতার গান'— বনলন্ধী করিবে না অভিমান। এ কথা স্বাই জানে— যে সংগীতরসপানে প্রভাতে প্রভাতে আনন্দে আলোকসভা মাতে দে যে হেয়, সে যে অশ্রেম্বর, প্রমাণ করিতে তাহা আরো বহু দীর্ঘকাল যাবে এই এক ভাবে। বনের পাথিরা ততদিন **দংশ্যুবিহী**ন চিরন্তন বদন্তের স্তবে আকাশ করিবে পূর্ণ আপনার আনন্দিত রবে।

উদয়ন

৩০ নভেম্বর, ১৯৪০। প্রাতে

প্রভাতে প্রভাতে পাই আলোকের প্রসন্ন পরশে অন্তিব্বের স্বর্গীয় সমান,
জ্যোতি:স্রোতে মিশে যায় রক্তের প্রবাহ,
নীরবে ধ্বনিত হয় দেহে মনে জ্যোতিক্বের বাগী।
রহি আমি ত্ চক্ষ্র অঞ্চলি পাতিয়া
প্রতিদিন উর্ধ্ব-পানে চেয়ে।
এ আলো দিয়েছে মোরে জন্মের প্রথম অভার্থনা,
অন্তসমৃদ্রের তীরে এ আলোর দারে
রবে মোর জীবনের শেষ নিবেদন।
মনে হয়, র্থা বাক্য বলি, সব কথা বলা হয় নাই;
আকাশবাণীর সাথে প্রাণের বাণীর
স্থর বাঁধা হয় নাই পূর্ণ স্থরে,
ভাষা পাই নাই।

উদয়ন ডিসেম্বর, ১৯৪০। প্রাতে

#### 99

বহুকাল আগে তুমি দিয়েছিলে একগুল্ছ ধ্প,
আজি তার ধোঁয়া হতে বাহিরিল অপরপ রপ;
যেন কোন্ পুরানী আগ্যানে
শুর মোর ধ্যানে
ধীরপদে এল কোন্ মালবিকা
লয়ে দীপশিথা
মহাকালমন্দিরের দ্বারে
যুগান্তের কোন্ পারে।
দত্তপ্লান-পরে
দিক্ত বেণী গ্রীবা তার জড়াইয়া ধরে,
চন্দনের মৃত্ন গদ্ধ আগে

অঙ্গের বাতাসে মনে হয়, এই পূজারিনী-এরে আমি বারবার চিনি, আফে মুত্রমন্দ পদে চির্নিবদের বেদিতলে তুলি ফুল শুচিশুল বদন-অঞ্জে। শাস্ত শ্লিগ্ধ চোথের দৃষ্টিতে সেই বাণী নিয়ে আদে এ যুগের ভাষার স্কটতে। ম্বললিত বাহুর কমণে প্রিয়জন-কল্যাণের কামনা বহিছে স্থতনে। প্রীতি আগ্রহার। আদি স্থোদয় হতে বহি আনে আলোকের ধারা। দুর কাল হতে তারি হস্ত ছটি লয়ে সেবারস আতপু ললাট মোর আজে। ধীরে করিছে পরশ।

উদয়ন ২ ডিদেশ্বর, ১৯৪০। প্রাতে

#### **9**8

যথন বীণায় মোর আনমনা হুরে
গান বেঁধেছিত্ব বিদ একা
তথনো যে ছিলে তুমি দূরে,
দাও নাই দেখা;
কেমনে জানিব, দেই গান
অপরিচয়ের তীরে তোমারেই করিছে সন্ধান।
দেখিলাম, কাছে তুমি আদিলে যেমনি
তোমারি গতির তালে বাজে মোর এ ছন্দের ধ্বনি;
মনে হল, হুরের সে মিলে
উচ্চুদিল আনন্দের নিশ্বাস নিখিলে।

বর্ধে বর্ধে পুস্পবনে পুস্পগুলি ফুটে আর ঝরে
এ মিলের তরে।
কবির সংগীতে বাণী অঞ্চলি পাতিয়া আছে জাগি
অনাগত প্রসাদের লাগি।
চলে লুকাচুরি খেলা বিশ্বে অনিবার
অজানার সাথে অজানার।

উদয়ন ২ ডিদেম্বর, ১৯৪০। প্রাতে

90

থেমন ঝডের পরে আকাশের বক্ষতল করে অবারিত উদযাচলের জ্বোতিঃপথ গভীর নিস্তন্ধ নীলিমায়. তেমনি জীবন মোর মুক্ত হোক অতীতের বাপজান হতে. স্থান্ব জাগ্রণ দিক শ্রাধ্বনি এ জন্মের নবজন্মদারে। প্রতীক্ষা করিয়া আছি— আলে। হতে মুছে যাক রঙের প্রলেপ, ঘচে যাক বার্থ খেলা আপনারে খেলেনা করিয়া. নিরাসক্ত ভালোবাসা আপন দাক্ষিণা হতে শেষ মূল্য পায় যেন তার। আয়প্রোতে ভাসি যবে আঁধারে আলোতে, তীরে তীরে অতীত কীর্তির পানে ফিরে ফিরে না যেন তাকাই; স্থথে ছঃথে নিরন্তর লিপ্ত হয়ে আছে যে আপনা আপন-বাহিরে তারে স্থাপন করিতে যেন পারি সংসারের শতলক ভাসমান ঘটনার স্থান শ্রেণীতে, নিঃশঙ্ক নিস্পৃহ চোথে দেখি যেন তারে অনাত্মীয় নির্বাদনে। এই শেষ কথা মোর, সম্পূর্ণ করুক মোর পরিচয় অসীম শুলতা।

উদয়ন ৩ ডিদেম্বর, ১৯৪০। প্রাতে

93

যাহা-কিছু চেয়েছিন্ত একান্ত আগ্রহে
তাহার চৌদিক হতে বাহুর বেইন
অপশত হয় যবে,
তথন দে বন্ধনের মৃক্তক্ষেত্রে
যে চেতনা উদ্থাসিয়া উঠে
প্রভাত-আলোর সাথে
দেগি তার অভিন্ন স্বরূপ।
শূন্য, তরু দে তো শূন্য নয়।
তথন বৃঝিতে পারি শ্লম্বির দে বাণী—
আকাশ আনন্দপূর্ণ না বহিত যদি
জড়তার নাগপাশে দেহ মন হইত নিশ্চল।
কোহেবান্তাৎ কঃ প্রাণ্যাৎ
যদেষ আকাশ আনন্দো ন স্থাৎ।

উদয়ন ৩ ডিদেম্বর, ১৯৪০। প্রাতে

99

ধ্দর গোধ্লিলগ্নে সহদা দেখিত্ব একদিন
মৃত্যুর দক্ষিণবাহু জীবনের কঠে বিজড়িত,
রক্ত স্ত্রগাছি দিয়ে বাধা;
চিনিলাম তথনি দোঁহারে।
দেখিলাম, নিতেছে যৌতুক

ববের চরম দান মরণের বর্; দক্ষিণবাহুতে বহি চলিয়াছে যুগাস্থের পানে

**উ** দয়ন

৪ ডিদেম্বর, ১৯৪০ ৷ প্রাতে

95

ধর্মরাজ দিল যবে ধ্বংদের আদেশ
আপন হত্যার ভার আপনিই নিল মান্ত্যেরা।
ভেবেছি পীড়িত মনে. পথন্তই পথিক গ্রহের
অকশ্বাং অপদাতে একটি বিপুল চিতানলে
আগুন জলে না কেন মহা এক সহমরণের।
তার পরে ভাবি মনে.
ত্রংগে ত্রংগে পাপ যদি নাহি পায় ক্ষয়
প্রলয়ের তত্মক্ষেত্রে বীজ তার রবে স্বপ্ত হয়ে,
নৃতন স্কান্তির উঠিবে আবার

উদয়ন

েডিদেম্বর, ১৯৪০। প্রাতে

#### 93

তোমারে দেখি না ধবে মনে হয় আর্ত কল্পনায়, পৃথিবী পায়ের নীচে চূপিচূপি করিছে মন্ত্রণ। দরে থাবে বলে। আঁকড়ি ধরিতে চাহি উৎকণ্ঠায় শৃক্ত আকাশেরে ছই বাহু তুলি। চমকিয়া স্বপ্ল থায় ভেঙে; দেখি, তুমি নভশিরে বুনিছ পশম বদি মোর পাশে স্কাষ্টির অমোধ শান্তি সমর্থন করি।

উদয়ন

৫ ডিদেদর, ১৯৪০। প্রাতে

# আরোগ্য

### কল্যাণীয় শ্রীসুরেন্দ্রনাথ কর

বহু লোক এমেছিল জীবনের প্রথম প্রভাতে—
কেহ বা গেলার দাথি, কেহ কৌতুহলী,
কেহ কাজে দল্প দিতে, কেহ দিতে বাধা।
আজ যারা কাছে আছ এ নিঃম্ব প্রহরে,
পরিপ্রান্ত প্রদোষের অবদন্ন নিস্তেজ আলোয়
তোমরা আপন দীপ আনিয়াছ হাতে,
থেয়া ছাড়িবার আগে তীরের বিদারস্পর্শ দিতে
তোমরা পথিকবন্ধ,
যেমন রাত্রির তারা
অন্ধকারে লুপ্তপথ যাত্রীর শেষের ক্লিষ্ট ক্ষণে।

উদয়ন ৪ ফেব্রুয়ারি, ১৯৪১। স্কাল

# वादागा

5

এ হ্যালোক মধুময়, মধুময় পৃথিবীর ধূলি—
অন্তরে নিয়েছি আমি তুলি
এই মহামন্ত্রপানি,
চরিতার্থ জীবনের বাণী।
দিনে দিনে পেয়েছিত্ব সভার যা-কিছু উপহার
মধ্রদে কয় নাই ভার।
তাই এই মন্ত্রবাণী মৃত্যুর শেষের প্রাক্তে বাজে—
সব ক্ষতি মিধ্যা করি অনন্তের আনন্দ বিরাজে
শেষ স্পর্শ নিয়ে যাব যবে ধরণীর
বলে যাব, তোমার ধূলির
ভিলক পরেছি ভালে,
দেখেছি নিত্যের জ্যোতি হুর্যোগের মায়ার আড়ালে
সভোর আনন্দরূপ এ ধূলিতে নিয়েছে ম্রতি,
এই জেনে এ ধূলায় রাথিন্ধ প্রণতি।

উদয়ন ১৪ ফেব্রুয়ারি, ১৯৪১। সকাল

পরম হৃদ্র
আলোকের স্থানপুণ্য প্রাতে।
অসীম অরপ
রূপে রূপে স্পর্শমণি
রসমূর্তি করিছে রচনা,
প্রতি।দন
চিরনৃতনের অভিষেক

চিরপুরাতন বেদিতলে।
মিলিয়া শ্রামনে নীলিমায়
ধরণীর উত্তরীয়
বুনে চলে ছায়াতে আলোতে।
আকাশের হংস্পদন
পল্লবে পল্লবে দেয় দোলা।
প্রভাতের কণ্ঠ হতে মণিহার করে ঝিলিমিলি
বন হতে বনে।
পাখিদের অকারণ গান
সাধুবাদ দিতে থাকে জীবনলন্ধীরে।
সবকিছু সাথে মিশে মান্তবের প্রীতির পরশ
অমৃতের অর্থ দেয় তারে,
মধুমুয় করে দেয় ধরণীর ধূলি,
সর্বহ বিছায়ে দেয় চিরমানবের দিংহাসন।

উদয়ন ১২ জান্তুয়ারি, ১৯৪১। **হপু**র

৩

নির্জন রোগীর ঘর।
থোলা দার দিয়ে
বাকা ছায়া পড়েছে শ্যায়।
শীতের মধ্যাহতাপে তন্ত্রাত্র বেলা
চলেছে মন্তরগতি
শৈবালে তুর্বনম্রোত নদীর মতন।
মাঝে মাঝে জাগে যেন দূর অতীতের দীর্ঘাদ
শস্তীন মাঠে।

মনে পড়ে কতদিন ভাঙা পাড়িতলে পদ্মা

কর্মহীন প্রোঢ় প্রভাতের ছায়াতে আলোতে আমার উদাদ চিন্তা দেয় ভাসাইয়া ফেনায় ফেনায়। স্পর্শ করি শুন্মের কিনার৷ জেলেডিঙি চলে পাল তুলে. যুথ এই শুভ্র মেঘ পড়ে থাকে আকাশের কোণে। আলোতে ঝিকিয়া-ওঠা ঘট কাঁপে পল্লীমেয়েদের ঘোমটায় গুষ্ঠিত আলাপে গুঞ্জরিত বাঁকা পথে আদ্রবনচ্ছায়ে কোকিল কোথায় ডাকে ক্ষণে ক্ষণে নিভূত শাখায়, ছায়ায় কুঠিত পল্লীজীবন্যাত্রার রহস্তের আবরণ কাপাইয়া তোলে মোর মনে। পুকুরের ধারে ধারে দর্ষেথেতে পূর্ণ হয়ে যায় ধরণীর প্রতিদান রৌদ্রের দানের, স্থার মন্দিরতলে পুষ্পের নৈবেল্ন থাকে পাতা।

আমি শাস্ত দৃষ্টি মেলি নিভ্ত প্রহরে
পাঠায়েছি নিঃশব্দ বন্দন।
সেই সবিতারে বাঁর জ্যোতিরূপে প্রথম মান্ত্র্য
মর্তের প্রাঙ্গণতলে দেবতার দেখেছে স্বরূপ:
মনে মনে ভাবিয়াছি, প্রাচীন যুগের
বৈদিক মন্ত্রের বাণী কণ্ঠে যদি থাকিত আমার
মিলিত আমার স্তব স্বচ্ছ এই আলোকে আলোকে।
ভাষা নাই, ভাষা নাই;
চেয়ে দূর দিগন্তের পানে
মৌন মোর মেলিয়াছি পাণ্ডুনীল মধ্যাহ্ন-আকাশে।

উদয়ন

১ ফেব্রুয়ারি, ১৯৪১। **তুপু**র

ঘণ্টা বাজে দুরে।
শহরের অভ্রভেদা আত্মঘোষণার
মূথরতা মন থেকে লুপ্ত হয়ে গেল,
আতপ্ত মাঘের রৌদ্রে অকারণে ছবি এল চোথে
জীবন্যাত্রার প্রান্তে ছিল যাহা অন্তিগোচর।

গ্রামগুলি গেঁথে গেঁথে মেঠো পথ গেছে দূর পানে নদীর পাডির 'পর দিয়ে। প্রাচীন অশথতলা, থেয়ার আশায় লোক ব'দে পাশে রাখি হাটের পদর।। গঞ্জের টিনের চালাঘরে গুড়ের কলস সারি সারি, চেটে যায় ভ্রাণলুর পাড়ার কুরুর। ভিড করে মাছি। রাস্তায় উপুড়মূগো গাড়ি পাটের বোঝাই ভরা, একে একে বস্ত। টেনে উচ্চপনে চলেছে ওজন আডতের আঙিনায়। वीधा-(थाना वनामता রাস্তার সর্জ প্রান্তে ঘাদ থেয়ে ফেরে, লেজের চামর হানে পিঠে। দর্ষে আছে স্থূপাকার গোলায় তোলার অপেক্ষায়। (ज्यानिक) अन चार्छ, মুজি কাঁথে জুটেছে মেছুনি; মাথার উপরে ওড়ে চিল। মহাজনী নৌকোগুলো ঢালুডটে বাঁধা পাশাপাশি মাল। বুনিতেছে জাল রোদ্রে বসি চালের উপরে।

আঁকড়ি মোবের পানা সাঁতাবিয়া চাষী ভেসে চলে ওপারে ধানের থেতে। অদ্রে বনের উর্ধে মন্দিরের চূড়া ঝলি.ছ প্রভাত-রৌদ্রালাকে। মাঠের অদৃশ্য পারে চলে রেলগাড়ি ক্ষীণ হতে ক্ষীণতর ধ্বনিরেখা টোনে দিয়ে বাতাসের বৃকে, পশ্চাতে ধ্বোয়ায় মেলি দূরঅজ্যের দীর্ঘ বিজয়পতাকা।

মনে এল, কিছুই সে নয়, সেই বহুদিন আগে, ছ্'পহর রাতি,
নৌকা বাঁধা গঙ্গার কিনারে।
জ্যোৎসায় চিক্লণ জল,
ঘনীভূত ছায়ামূতি নিক্ষপ অরণ্যতীরে-তীরে,
ক্ষচিং বনের ফাঁকে দেখা যায় প্রদীপের শিখা।
সহসা উঠিছ জেগে।
শক্ষ্য নিশাথ-আকাশে
উঠিছে গানের ধ্বনি তক্ষণ কঠের,
ছুটিছে ভাঁটির স্থোতে তম্বী নৌকা তরতর বেগে।
মূহুর্তে অদুশু হয়ে গেল;
ছুই পারে স্তব্ধ বনে জাগিয়া বহিল শিহরন;
চাঁদের-মুকুট-পরা অচঞ্চল রাত্রির প্রতিমা
বহিল নিবাক হয়ে পরাভূত ঘুমের আসনে।

পশ্চিমের গঙ্গাতীর, শহরের শেষ প্রান্তে বাসা, দূরপ্রসারিত চর শৃহ্য আকাশের নীচে শৃহ্যতার ভান্থ করে যেন। হেথা হোথা চরে গরু শস্থশেষ বাজরার খেতে; তর্মুজের লতা হতে

ছাগল খেদায়ে রাখে কাঠি হাতে ক্নযাণ-বালক। কোথাও বা একা পল্লীনারী শাকের সন্ধানে ফেরে ঝুড়ি নিয়ে কাঁথে। কভু বহু দুরে চলে নদীর রেখার পাশে পাশে নতপূর্চ ক্লিষ্টগতি গুণটানা মালা একদারি। জলে স্থলে সজীবের আর চিহ্ন নাই সারাবেল।। গোলকচাঁপার গাছ অনাদৃত কাছের বাগানে; তলায়-আদন-গাঁথা বুদ্ধ মহানিম, নিবিড় গম্ভীর তার আভিজাত্যচ্ছায়।। রাত্রে সেথা বকের আশ্রয়। ইদারায় টানা জল নাল। বেয়ে সারাদিন কুলুকুলু চলে ভূটার ফদলে দিতে প্রাণ। ভজিয়া জাঁতায় ভাঙে গম পিতল-কাঁকন-পরা হাতে। মধ্যাহ্ন আবিষ্ট করে একটানা স্থর।

পথে-চলা এই দেখাশোনা ছিল যাহ। ক্ষণচর চেতনার প্রত্যস্ত প্রদেশে, চিত্তে আজ তাই জেগে ওঠে; এইসব উপেক্ষিত ছবি জীবনের সর্বশেষ বিচ্ছেদ্বেদ্না দূরের ঘণ্টার রবে এনে দেয় মনে।

উদয়ন ৩১ জামুয়ারি, ১৯৪১। বিকাল æ

মূক্তবাতায়নপ্রান্তে জনশ্য ঘরে
বন্দে থাকি নিস্তব্ধ প্রহরে,
বাহিরে শ্রামল ছন্দে উঠে গান
ধরণীর প্রাণের আহ্বান ;
অমৃতের উৎসম্রোতে
চিত্ত ভেদে চলে যায় দিগস্তের নীলিম আলোতে।
কার পানে পাঠাইবে স্তৃতি
ব্যগ্র এই মনের আকৃতি,
অম্ল্যেরে মূল্য দিতে ফিরে দে খুঁজিয়া বাণীরূপ,
করে থাকে চুপ,
বলে, আমি আনন্দিত— ছন্দ যায় থামি—
বলে, ধন্য আমি।

উদয়ন ২৮ জান্ধারি, ১৯৪১। বিকাল

6

অতি দূরে আকাশের স্কুমার পাণ্ডর নীলিমা।
অরণ্য তাহারি তলে উর্ধ্বে বাহু মেলি
আপন স্থামল অর্ধ্য নিঃশব্দে করিছে নিবেদন।
মাঘের তরুণ রৌদ্র ধরণীর 'পরে
বিছাইল দিকে দিকে স্বচ্ছ আলোকের উত্তরীয়।
এ কথা রাখিন্ত লিখে
উদাসীন চিত্রকর এই ছবি মৃছিবার আগে।

উদয়ন ২৪ **জান্ত্**য়ারি, ১৯৪১। সকাল

٩

হিংস্ত্র রাত্রি আদে চুপে চুপে, গতবল শরীরের শিথিল অর্গল ভেভে দিয়ে অস্তরে প্রবেশ করে, হরণ করিতে থাকে জীবনের গৌরবের রূপ কালিমার আক্রমণে হার মানে মন। এ পরাভবের লজ্জা এ অবদাদের অপমান যথন ঘনিয়ে ওঠে, সহসা দিগন্তে দেখা দেয় ' দিনের পতাকাগানি স্বর্ণকিরণের রেথা-আঁকা; আকাশের যেন কোন্ দূর কেন্দ্র হতে উঠে ধ্বনি 'মিখ্যা মিখ্যা' বলি। প্রভাতের প্রসন্ম আলোকে তৃঃখবিজয়ীর মৃতি দেখি আপনার জীর্ণদেহদুগোর শিখরে।

উদয়ন ২৭ জান্মারি, ১৯৪১। সকাল

1,-

একা ব'দে সংসারের প্রান্ত-জানালায়

দিগন্তের নীলিমায় চোথে পড়ে অনতের ভাষা।
আলো আসে ছায়ায় জড়িত
শিরীষের গাছ হতে শ্রামলের স্লিগ্ধ সথ্য বহি।
বাজে মনে— নহে দ্র, নহে বহু দ্র।
পথরেথা লীন হল অন্তগিরিশিখর-আড়ালে,
ন্তর আমি দিনান্তের পাছশালা-ছারে,
দ্রে দীপ্তি দেয় ক্ষণে ক্ষণে
শেষতীর্থমন্দিরের চূড়া।
সেথা সিংহছারে বাজে দিন-অবসানের রাগিণী
যার মূছ নায় মেশা এ জন্মের যা-কিছু স্থন্দর,
স্পর্শ যা করেছে প্রাণ দীর্ঘ যাত্রাপথে
পূর্ণতার ইন্ধিত জানায়ে।
বাজে মনে—নহে দূর, নহে বহু দূর।

উদয়ন ৩ ফেব্রুয়ারি, ১৯৪১ i বিকাল

বিরাট স্ঠির ক্ষেত্রে আতশবাজির খেলা আকাশে আকাশে সূর্য তারা লয়ে যুগযুগাল্ডের পরিমাপে। অনাদি অদৃশ্য হতে আমিও এ:পছি কুদু আগ্নিকণা নিয়ে এক প্রান্তে ক্ষুদ্র দেশে কালে। প্রস্থানের অঙ্কে আজ এদেছি যেমনি দীপশিখা মান হয়ে এল, ছায়াতে পড়িল ধরা এ থেলার মায়ার স্বরূপ, শ্লথ হয়ে এল ধীরে হুথ হুংথ নাট্যসজ্গাণ্ডলি। দেখিলাম, যুগে যুগে নটনটা বহু শত শত ফেলে গেছে নানারঙা বেশ তাহাদের রঙ্গালা-ছারের বাহিরে। দেখিলাম চাহি শত শত নির্বাপিত নক্ষত্রের নেপথ্যপ্রাধ্নে নটরাজ নিস্তর একাকী।

উদয়ন ও ফেব্রুয়ারি, ১৯৪১। বিকাল

30

অলস সময়-ধারা বেয়ে
মন চলে শৃত্য-পানে চেয়ে।
সে মহাশৃত্যের পথে ছায়া-আঁকা ছবি পড়ে চোথে
কত কাল দলে দলে গেছে কত লোকে
স্থলীর্ঘ অতীতে
জয়োদ্ধত প্রবল গতিতে।

এসেছে সাম্রাজ্ঞােলাভী পাঠানের দল. এসেছে মোগল: বিজয়রথের চাকা উড়ায়েছে বুলিজাল, উড়িয়াছে বিজয়পতাক।। শুৱাপথে চাই, আজ তার কোনো চিহ্ন নাই। নিৰ্মল সে নীলিমায় প্ৰভাতে ও সন্ধায় বাঙালে৷ যুগে যুগে স্থোদয়-স্থাক্তর আলে।। আরবার সেই শৃগতলে আসিয়াছে দলে দলে লৌহবাঁধা পথে অনলনিশাসী রথে প্রবল ইংরেজ, বিকীর্ণ করেছে তার তেজ। জানি তারে৷ পথ দিয়ে বয়ে যাবে কাল, কোথায় ভাসায়ে দেবে সামাজ্যের দেশবেড়া জাল: জানি তার পণাবাহী দেনা জ্যোতিস্থলোকের পথে রেখামাত্র চিহ্ন রাখিবে না।

মাটির পৃথিবী-পানে আঁথি মেলি খবে
দেখি দেখা কলকলরবে
বিপুল জনতা চলে
নানা পথে নানা দলে দলে
যুগ যুগান্তর হতে মান্ত্রের নিত্য প্রয়োজনে
জীবনে মরণে।
ওরা চিরকাল
টানে দাড়, ধরে থাকে হাল;
ওরা মাঠে মাঠে
বীজ বোনে, পাকা ধান কাটে।

ওরা কাজ করে নগরে প্রান্তরে। বাজছত্র ভেঙে পড়ে, রণডঙ্কা শব্দ নাহি তোলে, জয়স্তম্ভ মৃচ্সম অর্থ তার ভোলে, রক্তমাথা অসু হাতে যত রক্ত-আথি শিশুপাঠ্য কাহিনীতে থাকে মুগ ঢাকি। ওরা কাজ করে দেশে দেশান্তরে, अञ्च-तञ्च-कलिएकत मगुष्ट-मभीत घाउँ घाउँ, পঞ্চাবে বোম্বাই-ওজরাটে। গুরুগুরু পর্জন গুনুগুনু স্বর দিনরাত্রে গাঁথ। পড়ি দিন্যাত্রা করিছে মূপর। তুঃখ স্থুখ দিবসরজনী মন্ত্রিত করিয়া তোলে জীবনের মহামন্ত্রপানি। শত শত সামাজ্যের ভগ্নোয-'পরে ওরা কাজ করে:

উদয়ন ১৩ ফেব্রুয়ারি, ১৯৪১। সকাল

33

পলাশ আনন্দম্তি জীবনের ফাল্কনদিনের,
আজ এই সমানহীনের
দরিদ্র বেলায় দিলে দেখা
থেখা আমি সাথিহীন একা
উৎসবের প্রাঙ্গণ-বাহিরে
শক্তহীন মরুময় তীরে।
থেখানে এ ধরণীর প্রফুল্ল প্রাণের কুঞ্জ হতে
আনাদৃত দিন মোর নিরুদ্দেশ স্রোতে
ছিল্লবৃস্ত চলিয়াছে ভেসে
বসন্তের শেষে।

তব্ও তো ক্বপণতা নাই তব দানে,
যৌবনের পূর্ণ মূল্য দিলে মোর দীপ্তিহীন প্রাণে,
অদৃষ্টের অবজ্ঞারে কর নি স্বীকার—
ঘূচাইলে অবসাদ তার;
জানাইলে চিত্তে মোর লভি অন্ত্রুণ
স্থলরের অভ্যর্থনা, নবীনের আদে নিমন্ত্রণ।

উদয়ন ১৩ ফেব্রুয়ারি, ১৯৪১। তুপুর

25

দার খোল। ছিল মনে, অসতকে সেথা অকস্মাৎ লেগেছিল কী লাগিয়া কোথা হতে হুঃথের আঘাত; সে লজায় খুলে গেল মর্মতলে প্রচ্ছন্ন যে বল জীবনের নিহিত সম্বল। উর্ধা হতে জয়ধানি অন্তরে দিগন্তপথে নামিল তথনি. আনন্দের বিজ্ঞারিত আলো মুহতে আধার-মেঘ দীর্ণ করি হদয়ে ছড়ালো কুদ্র কোটরের অসম্মান লুপ্ত হল, নিখিলের আদনে দেখিত নিজ স্থান, আমানে আমাননময় চিত্ত মোর করি নিল জয়. উৎসবের পথ চিনে নিল মুক্তিক্ষেত্রে সগৌরবে আপন জগং। হু:খ-হানা গ্লানি যত আছে, ছায়া সে, মিলালো তার কাছে।

উদয়ন

১৪ ফেব্রুয়ারি, ১৯৪১। হুপুর

তালোবাসা এসেছিল একদিন তরুণ বয়দে
নিঝ রের প্রলোপকল্লোলে,
অজানা শিথর হতে
সহসা বিশ্বয় বহি আনি
ক্রভান্ধত পাষাণের নিশ্চল নির্দেশ
লজ্মিয়া উচ্ছল পরিহাসে,
বাতাসেরে করি' ধৈর্যহারা,
পরিচয়ধারা-মাঝে তরন্ধিয়া অপরিচয়ের
অভাবিত রহস্তের ভাষা,
চারি দিকে স্থির যাহা পরিমিত নিত্য প্রত্যাশিত
তারি মধ্যে মৃক্ত করি' ধাবমান বিদ্রোহের ধারা।

আজ সেই ভালোবাদা স্নিগ্ধ দান্ত্নার স্তর্কার ব্যেছে নিঃশন্দ হয়ে প্রচ্ছন্ন গভীরে।
চারি দিকে নিথিলের বৃহৎ শান্তিতে
মিলেচে দে দহজ মিলনে,
তপন্থিনী রজনীর তারার আলোয় তার আলো,
পূজারত অরণ্যের পুশ্প-অর্থ্যে তাহার মাধুরী।

উদয়ন ৩০ জাহুয়াবি, ১৯৪১। ছপুর

58

প্রত্যহ প্রভাতকালে ভক্ত এ কুকুর স্তব্ধ হয়ে বসে থাকে আদনের কাছে যতক্ষণে দঙ্গ তার না করি স্বীকার করম্পর্শ দিয়ে। এটুকু স্বীকৃতি লাভ করি দুর্বাঞ্চে তরঙ্গি উঠে আনন্দপ্রবাহ।

বাকাহীন প্রাণীলোক-মাঝে এই জীব শুধু ভালে। মন্দ সব ভেদ করি দেখেছে সম্পূর্ণ মান্নুষেরে; দেখেছে আনন্দে যারে প্রাণ দেওয়া যায়, যারে ঢেলে দেওয়া যায় অহেতুক প্রেম, অদীম চৈত্যুলোকে পথ দেখাইয়া দেয় যাহার চেতনা। मिथ यत मुक क्रमस्त्रत প্রাণপণ আগ্রনিবেদন আপনার দীনতা জানায়ে. ভাবিয়া না পাই ও বে কী মূল্য করেছে আবিষ্কার আপন সহজ বোধে মানবম্বরূপে: ভাষাহীন দৃষ্টির করুণ বাাকুলতা বোঝে যাহা বোঝাতে পারে না, আমারে বুঝায়ে দেয় স্ষ্টি-মান্যে মানবের সভ্য পরিচয়

উদয়ন ৭ পৌষ, ১৩৪৭। সকাল

30

খ্যাতি নিন্দা পার হয়ে জীবনের এসেছি প্রদোষে,
বিদায়ের ঘাটে আছি বসে।
আপনার দেহটারে অসংশয়ে করেছি বিখাস,
জরার স্থাগে পেয়ে নিজেরে সে করে পরিহাস,
সকল কাজেই দেখি কেবলি ঘটায় বিপর্যয়,
আমার কর্তৃত্ব করে ক্ষয়;
সেই অপমান হতে বাঁচাতে যাহার।
অবিশ্রাম দিতেছে পাহারা,
পাশে যারা দাঁড়ায়েছে দিনাস্তের শেষ আয়োজনে,
নাম না'ই বলিলাম তাহারা বহিল মনে মনে।

তাহার। দিয়েছে মোরে মৌভাগ্যের শেষ পরিচয়,
ভূলায়ে রাখিছে তারা ত্র্বল প্রাণের পরাজয়;
এ কথা স্বীকার তারা করে—
খ্যাতি প্রতিপত্তি যত স্থাোগ্য সক্ষমদের তরে:
তাহারাই করিছে প্রমাণ
অক্ষমের ভাগ্যে আছে জীবনের শ্রেষ্ঠ যেই দান।
সমস্ত জাবন ধরে খ্যাতির খাজনা দিতে হয়,
কিছু দে সহে না অপচয়;
সব মূল্য ফুরাইলে যে দৈতা প্রেমের অর্ঘ্য আনে
অসীমের স্বাক্ষর দেখানে।

উদয়ন ১ জান্ময়ারি, ১১৪১। সকাল

#### 33

দিন পরে যায় দিন, স্তর বদে থাকি; ভাবি মনে, জীবনের দান যত কত তার বাকি চুকায়ে সঞ্চয় অপচয়। অধত্বে কী হয়ে গেছে কয়, কী পেয়েছি প্রাপ্য যাহা, কী দিয়েছি যাহা ছিল দেয়, কী বয়েছে শেষের পাথেয়। যারা কাছে এসেছিল, যারা চলে গিয়েছিল দূরে, তাদের পরশ্যানি রয়ে গেছে মোর কোন স্থরে। অম্মনে কারে চিনি নাই. বিদায়ের পদধ্বনি প্রাণে আজ বাজিছে বৃথাই, হয়তো হয় নি জানা ক্ষ্মা করে কে গিয়েছে চলে কথাটি না ব'লে। যদি ভুল করে থাকি তাহার বিচার ক্ষোভ কি রাখিবে তবু যথন রব না আমি আর। কত সুত্র ছিন্ন হল জীবনের আস্তরণময়, জোডা লাগাবারে আর রবে না সময়।

জীবনের শেষপ্রান্তে যে প্রেম রয়েছে নিরবধি মোর কোনো অদমান তাহে ক্ষতচিহ্ন দেয় যদি, আমার মৃত্যুর হস্ত আরোগ্য আনিয়া দিক তারে, এ কথাই ভাবি বাবে বাবে।

উদয়ন ১৩ ফেব্রুয়ারি, ১৯৪১। বিকাল

39

যথন এ দেহ হতে রোগে ও জরায় দিনে দিনে সামর্থ্য ঝরায়. যৌবন এ জীৰ্ণ নীড পিছে কেলে দিয়ে যায় ফাঁকি. কেবল শৈশব থাকে বাকি। বন্ধ ঘরে কর্মক্ষুদ্ধ দংসার বাহিরে অশক্ত দে শিশু চিত্ত ম। খুঁজিয়। ফিবে। বিত্তহারা প্রাণ লুক্ক হয় বিনা মূলো স্নেহের প্রশ্রয় কারে কাছে করিবারে লাভ, যার আবির্ভাব ক্ষীণজীবিতেরে করে দান জীবনের প্রথম সম্মান। "থাকে। তুমি" মনে নিয়ে এইটকু চাওয়। কে তারে জানাতে পারে তার প্রতি নিখিলের দাওয়া ভাগু বেঁচে থাকিবার। এ বিশ্বয় বারবার আজি আদে প্রাণে, প্রাণলক্ষী ধরিতীর গভীর আহ্বানে মা দাঁডায় এদে যে মা চিরপুরাতন নৃতনের বেশে

উদয়ন ২১ জান্তয়ারি, ১৯৪১। বিকাল

ফ্লল কাটা হলে সারা মাঠ হয়ে যায় ফাঁক;
আনাদরের শস্ত গজায়, তুচ্ছ দামের শাক।
আঁচল ভরে তুলতে আদে গরিব-ঘরের মেয়ে,
খুশি হয়ে বাড়িতে যায় যা জোটে তাই পেয়ে।
আজকে আমার চাষ চলে না, নাই লাঙলের বালাই;
পোড়ে। মাঠের কুঁড়েমিতে মন্তর দিন চালাই।
জমিতে রস কিছু আছে, শক্ত যায় নি আঁটি;
ফ্লায় না দে ফল তবুও সবুজ রাথে মাটি।
ভাবণ আমার গেছে চলে, নাই বাদলের ধারা;
আজান সে সোনার ধানের দিন করেছে সারা।
চৈত্র আমার রোদে পোড়া, শুকনো যপন নদী,
বুনো ফলের ঝোপের তলায় ছায়া বিছায় যদি,
জানব আমার শেষের মাসে ভাগা দেয় নি ফাঁকি,
শামল ধরার সঙ্গে আমার বাঁধন রইল বাকি।

## উদয়ন

১০ জাতুয়ারি, ১৯৪১ ৷ সকাল

29

দিদিমণি—
অফুরান সান্থনার খনি।
কোনো ক্লান্তি কোনো ক্লেশ
মথে চিহ্ন দেয় নাই লেশ।
কোনো ভয় কোনো দ্বণা কোনো কাজে কিছুমাত্র গ্লানি
দেবার মাধুর্যে ছায়া নাহি দেয় আনি।
এ অথগু প্রসন্নতা ঘিরে তারে রয়েছে উজ্জ্বলি,
রচিতেছে শান্তির মণ্ডলী;
ক্লিপ্র হস্তক্ষেপে
চারি দিকে স্বস্তি দেয় ব্যেপে;

আশাদের বাণী স্বমধুর
অবপাদ করি দেয় দূর।
এ স্বেহ্মাধুর্যধারা
অক্ষম রোগীরে ঘিরে আপনার রচিছে কিনারা;
অবিরাম পরশ চিন্তার
বিচিত্র ফগলে যেন উর্বর করিছে দিন তার।
এ মাধুর্য করিতে সার্থক
এতথানি নির্বলের ছিল আবশ্যক।
অবাক হইয়া তারে দেখি,
রোগীর দেহের মাঝে অনন্ত শিশুরে দেখেছে কি।

উদয়ন ২ **জা**ন্মারি, ১৯৪১

20

বিশুদাদা-দীর্ঘবপু, দুচবাহু, তুঃসহ কর্তব্যে নাহি বাধা, বৃদ্ধিতে উজ্জ্বল চিত্ত তার সর্বদেহে তংপরত। করিছে বিস্তার। তন্দার আভালে রোগঙ্গিই ক্লান্ত বাতিকালে মৃতিমান শক্তির জাগ্রত রূপ প্রাণে বলিষ্ঠ আশাস বহি আনে. নির্নিমেয নক্ষতের মাঝে ষেমন জাগ্ৰত শক্তি নিঃশন্ধ বিরাজে অমোঘ আশ্বাদে হুপ্ত রাত্রে বিখের আকাশে। ষ্থন গুধায় মোরে, হু:খ কি রয়েছে কোনোখানে মনে হয়, নাই তার মানে-ত্বংথ মিছে ভ্ৰম, আপন পৌরুষে তারে আপনি করিব অতিক্রম।

সেবার ভিতরে শক্তি ছুর্বলের দেহে করে দান বলের সমান।

উদয়ন ৯ জান্ময়ারি, ১৯৪১। সকাল

25

চির্দিন আছি আমি অকেজোর দলে: বাজে লেখা, বাজে পড়া, দিন কাটে মিখ্যা বাজে ছলে। যে গুণী কাটাতে পারে বেলা তার বিনা আবশ্যকে তারে "এসে। এসো" বলে যত্ন করে বসাই বৈঠকে। কেজে৷ লোকদের করি ভয়. কব জিতে ঘড়ি বেঁধে শক্ত করে বেঁধেছে সময়— বাজে থবচের তবে উদব্ত কিছুই নেই হাতে, আমাদের মতো কুঁড়ে লজ্জা পায় তাদের দাক্ষাতে। সময় করিতে নষ্ট আমরা ওস্তাদ, কাজের করিতে ক্ষতি নানামতো পেতে রাখি ফাঁদ। আমার শরীরটা যে বান্তদের তফাতে ভাগায়— আপনার শক্তি নেই, পরদেহে মান্তন লাগায়। সংবাজদাদার দিকে চাই--গৰ তাতে বাজি দেখি, কাজকৰ্ম যেন কিছু নাই, সময়ের ভাণ্ডারেতে দেওয়া নেই চাবি, আমার মতন এই অক্ষমের দাবি মেটাবার আছে তার অক্ষুণ্ণ উদার অবদর, দিতে পারে অরুপণ অক্লান্ত নির্ভর। দ্বিপ্রহর রাত্তিবেলা স্তিমিত আলোকে সংগা ভাহার মৃতি পড়ে যবে চোখে মনে ভাবি, আখাদের তরী বেয়ে দৃত কে পাঠালে, ছ্যোগের ছঃম্বপ্ন কাটালে।

দায়হীন মান্তুষের অভাবিত এই আবিৰ্ভাব দয়াহীন অদৃষ্টের বন্দীশালে মহামূল্য লাভ।

উদয়ন ১ জানুয়ারি, ১১৪১। দকাল

#### २२

নগাধিরাজের দ্ব নেব্-নিকুঞ্বের রস্পাত্রগুলি আনিল এ শ্যাতিলে জনহীন প্রভাতের রবির মিত্রভা, অজানা নিঝ রিণীর বিচ্ছুরিত আলোকচ্ছটার হিরণ্ময় লিপি, স্থানিকু অরণ্যবীথির নিঃশন্দ মর্মরে বিজড়িত স্থিম স্থান্যর দৌত্যখানি। রোগপন্থ লেখনীর বিবল ভাষার ইঙ্গিতে পাঠায় কবি আশীর্বাদ তার।

### ২৩

নারী তুমি ধতা -আছে ঘর, আছে ঘরকরা।
তারি মধ্যে বেগেছ একটুপানি ফাঁক।
দেখা হতে পশে কানে বাহিরের ছুর্বলের ডাক
নিয়ে এসো শুশ্রমার ডালি,
মেহ দাও ঢালি।
যে জীবলন্ধীর মনে পালনের শক্তি বহমান,
নারী তুমি নিত্য শোন তাহারি আহ্বান।
স্প্রিবিধাতার
নিয়েছ কর্মের ভার,

ত্মি নারী ভাঁহারি আপন সহকারী। উন্মক্ত করিতে থাক আরোগ্যের পথ, নবীন করিতে থাক জীর্ণ যে-জগং, শ্রীগ্রা যে তার পরে তোমার ধৈর্যের সীমা নাই. আপন অসাধ্য দিয়ে দয়। তব টানিছে তারাই। বৃদ্ধিন্নষ্ট অদহিষ্ণু অপমান করে বারে বারে, চক্ষু মুছে ক্ষমা কর তারে। অক্তজ্ঞতার দারে আঘাত সহিছ দিনরাতি, লও শিৱ পাতি। যে অভাগ্য নাহি লাগে কাজে, প্রাণলন্দ্রী ফেলে যারে আবর্জনা-মাঝে, তুমি তারে আনিছ কুড়ায়ে, তার লাঞ্চনার তাপ স্থিম হত্তে দিতেছ জুড়ায়ে। দেবতারে যে পজা দেবার তুভ'গোরে কর দান দেই মূল্য তোমার দেবার। বিশ্বের পালনী শক্তি নিজ বীযে বহ চূপে চূপে মাধুরীর রূপে। ভ্ৰষ্ট যেই, ভগ্ন যেই, বিৰূপ বিকৃত, তারি লাগি স্থনরের হাতের অমৃত।

উদয়ন ১৩ জাতুয়ারি, ১৯৪১ । সকাল

**২**8

অলস শ্যার পাশে জীবন মহরগতি চলে, বচে শিল্প শৈবালের দলে। মধাদা নাইক তার, তব্ তাহে রয় জীবনের হল্পান্য কিছু পরিচয়।

উদয়ন ২৩ জান্তুয়ারি, ১৯৪১। সকাল

বিরাট মানবচিত্তে
অকথিত বাণীপুঞ্জ
অব্যক্ত আবেগে ফিরে কাল হতে কালে
মহাশৃত্যে নীহারিকাসম ।
দে আমার মনঃসীমানার
সহসা আঘাতে ছিন্ন হয়ে
আকারে হয়েছে ঘনীভূত,
আবর্তন করিতেছে আমার বচনাকক্ষপথে

উদয়ন ৫ ডিসেম্বর, ১৯৪০। সকাল

213

এ কথা দে কথা মনে আদে, বর্ধাশেষে শরতের মেঘ যেন ফিরিছে বাতাদে। কাজের বাঁধনহারা শক্তে করে মিছে আনাগোনা; কথনো ৰূপালি আঁকে, কথনো ফুটায়ে তোলে সোনা অভূত মূর্তি সে রচে দিগন্তের কোণে, রেখার বদল করে পুনঃ পুনঃ যেন অক্তমনে। বাপের সে শিল্পকাজ যেন আনন্দের অবহেলা— কোনোখানে দায় নেই, তাই তার অর্থহীন খেলা। জাগার দায়িত্ব আছে, কাজ নিয়ে তাই ওঠাপড়া। ঘুমের তো দায়-নেই, এলোমেলো ম্বপ্ন তাই গড়া। মনের স্বপ্নের ধাত চাপা থাকে কাজের শাসনে. বিদিতে পায় না ছুটি স্ববাজ-আসনে। যেমনি সে পায় ছাডা থেয়ালে থেয়ালে করে ভিড. স্বপ্ন দিয়ে রচে যেন উড় স্কু পাথির কোন্ নীড়। আপনার মাঝে তাই পেতেছি প্রমাণ— স্বপ্রের এ পাগলামি বিশ্বের আদিম উপাদান।

তাহারে দমনে রাথে, ধ্রুব করে স্টের প্রণানী কতৃত্ব প্রচণ্ড বলশানী। শিল্পের নৈপুণ্য এই উদ্দামেরে শৃঙ্গনিত করা, অধরাকে ধরা।

উদয়ন ২০ জান্থয়ারি, ১৯৪১। **হুপু**র

29

বাকোর যে ছন্দোজাল শিখেছি গাঁথিতে সেই জালে ধরা পড়ে অধরা যা চেতনার সতর্কতা ছিল এড়াইয়া অগোচরে মনের গছনে। নামে বাধিবারে চাই, না মানে নামের পরিচয়। মূল্য তার থাকে যদি দিনে দিনে হয় তাহা জানা হাতে হাতে ফিরে। অক্সাং পরিচয়ে বিশ্বয় তাহার ভলায় খদি বা. লোকালয়ে নাহি পায় স্থান, মনের দৈকতভটে বিকীর্ণ দে রুছে কিছুকাল, লালিত যা গোপনের প্রকাণ্ডার অপমানে দিনে দিনে মিশায় বালতে। পণাহাটে অচিহ্নিত পরিতাক্ত বিক্ত এ জীর্ণতা যুগে যুগে কিছু কিছু দিয়ে গেছে অখ্যাতের দান সাহিত্যের ভাষা-মহাদ্বীপে প্রাণহীন প্রবালের মতো।

উদয়ন ৪ ফেব্রুয়ারি, ১৯৪১। বিকাল

মিলের চমকি গাঁথি ছন্দের পাড়ের মাঝে মাঝে অকেজে। অলম বেলা ভরে ওঠে শেলাইয়ের কাজে। অর্থভরা কিছুই-না চোথে করে ওঠে ঝিলমিল ছডাটার ফাকে ফাকে মিল। গাছে গাছে জোনাকির দল করে ঝলমল: সে নহে দীপের শিখা, রাত্রি খেলা করে মাধারেতে টুকরো আলোক গেঁথে গেঁথে। মেঠো গাছে ছোটো ছোটো ফুলগুলি জাগে; বাগান হয় না তাহে, রঙের ফুটকি ঘাসে লাগে। মনে থাকে, কাজে লাগে, স্বষ্টতে সে আছে শত শত: মনে থাকবার নয়, সেও ছডাছডি খায় কত। ঝরনায় জল ঝ'রে উর্বরা করিতে চলে মাটি: ফেনা গুলো ফুটে ওঠে, পরক্ষণে যায় ফাটি ফাটি। কাজের সঙ্গেই পেলা গাঁথা---ভার তাহে লগু বয়, খুশি হন স্প্রের বিধাত।।

উদয়ন ২০ জাহুয়ারি, ১৯৪১। স্কাল

#### 23

এ জীবনে স্বন্দরের পেয়েছি মধুর আশীবাদ,
মান্নথের প্রীতিপাত্রে পাই তাঁরি স্থার আস্বাদ!
ত্বংসহ ত্বংথের দিনে
অক্ষত অপরাজিত আত্মারে লয়েছি আমি চিনে।
আসম মৃত্যুর ছায়া থেদিন করেছি অন্ধভব
সেদিন ভয়ের হাতে হয় নি তুর্বল পরাভব।
মহত্তম মান্নথের স্পর্শ হতে হই নি বঞ্চিত,
তাঁদের অমৃতবাণী অন্তরেতে করেছি সঞ্চিত।

জীবনের বিধাতার যে দাক্ষিণা পেয়েছি জীবনে তাহারি শ্বরণলিপি রাখিলাম সক্লভ্জমনে।

উদয়ন ২৮ জান্মারি, ১৯৪১। বিকাল

90

ধীরে সন্ধ্যা আদে, একে একে গ্রন্থিয় যাল প্রহরের কর্মজাল হতে। দিন দিল জলাঞ্জলি খুলি পশ্চিমের সিংহ্ছার সোনার ঐশ্বর্য তার অন্ধকার-আলোকের সাগরসংগ্রে। দ্র প্রভাতের পানে নত হয়ে নিংশকে প্রণমে। চক্ষ্ তার মৃদে আদে, এসেছে সমন্ত্র গানির তলে আপনার বাহ্ন পরিচ্য করিতে মগন। নক্ষরের শান্তিক্ষেত্র অসীম গগন যেথা ঢেকে রেথে দেয় দিনশ্রীর অরপ সন্তারে, সেথায় করিতে লাভ সত্য আপনারে থেয়া দেয় রাত্রি পারাবারে।

উপয়ন ১৬ ফেব্রুয়ারি, ১৯৪১। তুপুর

25

ক্ষণে ক্ষণে মনে হয় যাত্রার সময় বৃঝি এল, বিদায়দিনের 'পরে আবরণ ফেলো অপ্রগল্ভ স্থান্ত-আভার; সময় যাবার শান্ত হোক, স্তব্ধ হোক, স্মরণসভার সমারোহ না রচুক শোকের সম্মোহ। বনশ্রেণী প্রস্থানের দ্বারে ধরণীর শান্তিমন্ত্র দিক মৌন প্রবসন্তারে। নামিয়া আস্ক্রক ধীরে রাত্রির নিঃশক্ষ আশীবাদ, সপ্রবির জ্যোতির প্রসাদ।

আলোকের অন্তরে যে আনন্দের পরশন পাই, জানি আনি তার দাথে আমার আত্মার ভেদ নাই এক আদি জ্যোতি-উংস ২তে চৈতত্তের পুণ্যস্থোতে আমার হয়েছে অভিযেক, ললাটে দিয়েছে জয়লেথ, জানায়েছে অমৃতের আমি অধিকারী; পরম-আমির দাথে যুক্ত হতে পারি বিচিত্র জগতে

99

এ আমির আবরণ সহজে শ্বলিত হয়ে যাক;
চৈতত্তের শুল্ল জ্যোতি
ভেদ করি বুহেলিক।
দত্যের অমৃত রূপ কক্ষক প্রকাশ।
সর্বমান্তবের আমন্দকিরণ
কিন্তে মোর প্রোক বিকীরিত।
দংসারের ক্ষ্রতার শুরু উর্প্রলোকে
নিত্যের যে শান্তিরূপ তাই যেন দেখে থেতে পারি,
জীবনের জটিল যা বহু নির্থক,
মিথ্যার বাহন যাহা সমাজের ক্রন্তিম মূল্যেই,
তাই নিয়ে কাঙালের অশান্ত জনতা
দ্বে ঠেলে দিয়ে
এ জন্মের সত্য অর্থ স্পষ্ট চোখে জেনে যাই যেন
সীমা তার পেরোবার আগে।

উদয়ন ১১ মাঘ, ১৩৪৭। সন্ধ্যা

# জন্মদিনে



# জग्राणित

5

সেদিন আমার জন্মদিন। প্রভাতের প্রণাম লইয়া উদয়দিগ্স্ত-পানে মেলিলাম আঁথি, দেখিলাম সম্বন্ধাত উষা আঁকি দিল আলোকচন্দ্রলেখা হিমাদির হিম্ভদ্র পেলব ললাটে। থে মহাদূরত্ব আছে নিথিল বিখের মর্মস্থানে তারি আজ দেখিত প্রতিমা গিবীক্তের সিংহাসন-'পরে। পরম গান্তীবে যুগে যুগে ছায়াঘন অঙ্গানারে করিছে পালন পথহীন মহারণ্য-মাঝে, অভ্রভেদী স্থদুরকে রেথেছে বেষ্টিয়া ছুভে ছি ছুৰ্গমূতলে উদয় অস্তের চক্রপথে। আজি এই জন্মদিনে দূরত্বের অনুভব অন্তরে নিবিড় হয়ে এল। যেমন স্থদূর ঐ নক্ষত্রের পথ নীহারিকা-জ্যোতির্বাপ্প-মাঝে রহস্তে আরত, আমার দূরত্ব আমি দেখিলাম তেমনি তুর্গমে— অলক্ষ্য পথের যাত্রী, অজানা তাহার পরিণাম। আজি এই জন্মদিনে
দূরের পথিক সেই তাহারি শুনিন্থ পদক্ষেপ
নির্জন সমুদ্রতীর হতে।

উদয়ন

২১ ফেব্রুয়ারি, ১৯৪১। স্কাল

2

বহু জন্মদিনে গাঁথা আমার জীবনে দেখিলাম আপনারে বিচিত্র রূপের সমাবেশে। একদা নৃতন বর্ষ অতলাস্ত সমুদ্রের বুকে মোরে এনেছিল বহি তরঙ্গের বিপুল প্রলাপে দিক হতে যেথা দিগন্তরে শৃত্য নীলিমার 'পরে শৃত্য নীলিমার তটকে করিছে অস্বীকার। দেদিন দেখিত ছবি অবিচিত্র ধরণীর-স্ষ্টির প্রথম রেখাপাতে জলমগ্ন ভবিয়াৎ যবে প্রতিদিন স্থোদয়-পানে আপনার খুঁজিছে সন্ধান। প্রাণের রহস্য-ঢাকা ভরঙ্গের যবনিকা-'পরে চেয়ে চেয়ে ভাবিলাম. এথনো হয় নি থোলা আমার জীবন-আবরণ— শপূর্ণ যে আমি রয়েছে গোপনে অগোচর। নব নব জন্মদিনে যে রেখা পড়িছে আঁকা শিল্পীর তৃলির টানে টানে ফোটে নি তাহার মাঝে ছবির চরম পরিচয়।

শুণু করি অন্নভব, চারি দিকে অব্যক্তের বিরাট প্লাবন বেষ্টন করিয়া আছে দিবদরাত্রিরে।

উদয়ন ২০ ফেব্রুয়ারি, ১৯৪১। বিকাল

9

জন্মবাদরের ঘটে নানা তাথে পুণ্যতীর্থকারি করিরাছি আহরণ, এ কথা বহিল মোর মনে। একদা গিয়েছি চিন দেশে. অচেনা যাহার। ললাটে দিয়েছে চিহ্ন 'তুমি আমাদের চেন।' ব'লে। থদে পড়ে গিয়েছিল কথন পরের ছন্নবেশ; দেশা দিয়েছিল তাই অন্তরের নিতা যে মাতৃষ; অভাবিত পরিচয়ে আনন্দের বাধ দিল খুলে। ধরিন্ত চিনের নাম, পরিন্ত চিনের বেশবাস। এ কথা বুঝিন্থ মনে, যেখানেই বর্ত্ত পাই দেখানেই নবজন ঘটে। আনে মে প্রাণের অপর্বতা। বিদেশী ফুলের বনে অজান। কুম্বম ফুটে থাকে-বিদেশী তাহার নাম, বিদেশে তাহার জন্মভূমি, আত্মার আনন্দক্ষেত্রে তার আত্মীয়ত। অবারিত পায় অভার্থনা।

উদয়ন ২১ ফেব্রুয়ারি, ১৯৪১। সকাল 8

আরবার ফিরে এল উৎসবের দিন।
বসস্তের অজ্ঞ সমান
ভরি দিল তরুশাথা কবির প্রাঙ্গণে
নব জমদিনের ডালিতে।
ক্রিদ্ধ কক্ষে দূরে আছি আমি—
এ বংসরে র্থা হল পলাশবনের নিমন্ত্রণ।
মনে করি, গান গাই বসন্তবাহারে।
আসন্ন বিরহ্ত্বপ্র ঘনাইয়া নেমে আসে মনে।
জানি, জমদিন
এক অবিচিত্র দিনে ঠেকিবে এগনি,
মিলে যাবে অচিছ্নিত কালের পর্যায়ে।
পুন্দবীথিকার ছায়া এ বিষাদে করে না করুণ,
বাজে না শ্বৃতির বাথা অরণ্যের মর্মরে গুঞ্জনে
নির্মম আনন্দ এই উৎসবের বাজাইবে বাঁশি
বিচ্ছেদের বেদনারে পথপার্থে ঠেলিয়া ফেলিয়া।

উদয়ন ২১ ফেব্রুয়ারি, ১৯৪১। তুপুর

Û

জাননের আশি বর্ষে প্রবাশন্ত থবে

এ বিশ্বয় মনে আজ জাগে—

লক্ষকোটি নক্ষতের

অগ্নিবির্বের থেগা নিঃশদ জোতির বন্ধাধার।
ছুটেছে অচিন্তা বেগে নি দদেশ শ্রুতা প্রাবিয়।
দিকে দিকে,

তমোঘন অন্তহীন সেই আকাশের বক্ষতলে
অক্সাং করেছি উখান

অদীম স্প্রির যজ্ঞে মুহূর্তের ফুলিকের মতো
ধারাবাহী শতাশীর ইতিহাসে।

এসেছি সে পৃথিবীতে যেথা কল্প কল্প ধরি প্রাণপন্ধ সমুদ্রের গর্ভ হতে উঠি জডের বিরাট অন্বতলে উদ্যাটিল আপনার নিগৃঢ় আশ্চর্য পরিচয় শাখায়িত রূপে রূপাস্তরে। অসম্পূর্ণ অন্তিত্বের মোহাবিষ্ট প্রদোষের ছায়! আচ্ছন্ন করিয়া ছিল পশুলোক দীর্ঘ যুগ ধরি; কাহার একাগ্র প্রতীক্ষায় অসংখ্য দিবসরাত্রি-অবসানে মন্তর্গমনে এল মাত্য প্রাণের রঙ্গভূমে; নৃতন নৃতন দীপ একে একে উঠিতেছে জলে, নৃতন নৃতন অর্থ লভিতেছে বাণী; অপূর্ব আলোকে মাক্ষ দেখিছে ভার অপরূপ ভবিদ্যের রূপ, পৃথিবীর নাট্যমঞ্চে অঙ্কে অঙ্কে চৈতন্তের ধীরে ধীরে প্রকাশের পালা— আমি সে নাটোর পাতদলে পরিয়াছি দাজ। আমারো আহ্বান ছিল যবনিকা সরাবার কাজে, এ আমার পরম বিশ্বয়। **শাবিত্রী পৃথিবী এই, আত্মার এ মর্তনিকেতন,** আপনার চতুর্দিকে আকাশে আলোকে সমীরণে ভূমিতলে সমুদ্রে পর্বতে কী গৃঢ় সংকল্প বহি করিতেছে সুর্যপ্রদক্ষিণ— সে রহস্তস্থতে গাঁথা এসেছিত্ব আশি বর্ষ আগে, চলে যাব কয় বর্ষ পরে।

মংপু বৈশাখ, ১৩৪৭ 189

কাল প্রাতে মোর জন্মদিনে এ শৈল-আতিথাবাসে বুদ্ধের নেপালী ভক্ত এসেছিল মোর বার্তা ভনে। ভূতলে আসন পাতি বুদ্ধের বন্দনামন্ত্র শুনাইল আমার কল্যাণে---গ্রহণ করিম্ন সেই বাণী। এ ধরায় জন্ম নিয়ে যে মহামানব সব মানবের জন্ম সার্থক করেছে একদিন, মামুধের জন্মকণ হতে নারায়ণী এ ধর্ণী যার আবিভাব লাগি অপেকা করেছে বহু যুগ, হাঁহাতে প্রতাক্ষ হল ধরায় স্ষ্টের অভিপ্রায়, শুভক্ষণে পুণামন্ত্রে তাঁহারে অরণ করি জানিলাম মনে— প্রবেশি মানবলোকে আশি বর্গ আগে এই মহাপুরুষের পুণাভাগী হয়েছি আমিও।

মংপু বৈশাখ, ১৩৪৭

9

অপরায়ে এসেছিল জন্মবাদরের আমন্ত্রণে
পাহাড়িয়া যত।
একে একে দিল মোরে পুম্পের মঞ্চরি
নমস্কারসহ।
ধরণী লভিয়াছিল কোন্ ক্ষণে
প্রস্তর আদনে বসি
বহু যুগ বহ্নিতপ্ত তপস্তার পরে এই বর,
এ পুম্পের দান,
মাস্থবের জন্মদিনে উৎসর্গ করিবে আশা করি'।

সেই বর, মান্ত্যেরে স্থন্দরের সেই নমস্কার আজি এল মোর হাতে আমার জন্মের এই দার্থক শ্বরণ। নক্ষত্রে-থচিত মহাকাশে কোথাও কি জ্যোতিঃসম্পদের মাঝে কথনো দিয়েছে দেখা এ তুর্নভ আশ্চর্য সন্ধান।

মংপু বৈশাখ, ১৩৪৭

ь

আজি জন্মবাসরের বক্ষ ভেদ করি
প্রিয়মৃত্যুবিচ্ছেদের এসেছে সংবাদ;
আপন আগুনে শোক দগ্ধ করি দিল আপনারে
উঠিল প্রদীপ্ত হয়ে।
সায়াহ্মবেলার ভালে অস্তর্যু দেয় পরাইয়া
রক্তোজ্জ্বল মহিমার টিকা,
স্বর্ণময়ী করে দেয় আসর রাত্রির মৃপশ্রীরে,
তেমনি জলস্ত শিখা মৃত্যু পরাইল মোরে
জীবনের পশ্চিমসীমায়।
আলোকে তাহার দেখা দিল
অগপ্ত জীবন, যাহে জন্ম মৃত্যু এক হয়ে আছে;
সে মহিমা উদ্বারিল যাহার উজ্জ্বল অমরতা
রূপণ ভাগোর দৈত্যে দিনে দিনে রেখেছিল চেকে।

মংপু বৈশাখ, ১৩৪৭

3

মোর চেতনায়
আদিসমূদ্রের ভাষা ওঙ্কারিয়া যায়;
অর্থ তার নাহি জানি,
আমি দেই বাণী।

👏 বুছলছল কলকল; শুৰু স্থর, শুৰু নৃত্য, বেদনার কলকোলাহল ; শুরু এ সাঁতার---কখনো এ পারে চলা, কখনো ও পার, কখনো বা অদুখ্য গভীরে, কত্ব বিচিত্রের তীরে তীরে। ছন্দের তরঙ্গদোলে কত যে ইন্দিত ভঙ্গী জেগে ওঠে, ভেমে যায় চলে। স্তব্ধ মৌনী অচলের বহিয়া ইশারা নিরম্বর স্রোতোধার। অজানা সম্মুখে ধায়, কোথা তার শেষ কে জানে উদ্দেশ। আলোছায়া ক্ষণে ক্ষণে দিয়ে যায় ফিরে ফিরে স্পর্শের পর্যায়। কভু দুরে কখনো নিকটে প্রবাহের পটে মহাকাল চুই রূপ ধরে পরে পরে কালো আর সাদ।। কেবলি দক্ষিণে বামে প্রকাশ ও প্রকাশের বাধা অধরার প্রতিবিধ গতিভঙ্গে যায় এঁকে এঁকে. গতিভঙ্গে যায় ঢেকে ঢেকে।

30

বিপুলা এ পৃথিবীর কতটুকু জানি।
দেশে দেশে কত-না নগর রাজধানী—
মান্তধের কত কীর্তি, কত নদী গিরি সিদ্ধু মক,
কত-না অজানা জীব, কত-না অপরিচিত তক্র
রয়ে গেল অগোচরে। বিশাল বিশের আয়োজন;
মন মোর জুড়ে থাকে অতি ক্ষুত্র তারি এক কোণ।

দেই ক্লোভে পড়ি গ্ৰন্থ ভ্ৰমণবৃত্তান্ত আছে যাহে
আক্ষয় উংসাহে—

মেথা পাই চিত্ৰময়ী বৰ্ণনাব বাণী
কুড়াইয়া আনি ।
জ্ঞানের দীনতা এই আপনাব মনে
পূবণ করিয়া লই যত পারি ভিক্ষালম্ভ ধনে ।

আমি পৃথিবীর কবি, মেথা তার যত উঠে প্রনি আমার বাঁশির স্থারে সাড়া তার জাগিবে তথনি, এই স্বর্ষাধনায় পৌছিল না বহুত্র ডাক--রয়ে গেছে ফাক। কল্পনায় অভুমানে ধরিতীর মহা-একতান কত-না নিস্তৰ ক্ষণে পূৰ্ণ করিয়াছে মোর প্রাণ। তুর্গম তুষারগিরি অদীম নিংশক নীলিমায় অশ্রত যে গান গায় আমার অন্তরে বারবার পাঠায়েছে নিমন্ত্রণ তাব। দক্ষিণমেরুর উর্ধ্বে যে অজ্ঞাত তার। মহাজনশৃত্যভায় রাত্রি তার করিতেছে দাবা, দে আমার অধ্বিত্তে অনিমেষ চোগে অনিদ্রা করেছে স্পর্শ অপূর্ব আলোকে। স্বদূরের মথাপ্রাবী প্রচণ্ড নিঝার মনের গহনে মোর পাঠায়েছে বর। প্রকৃতির ঐকতানসোতে নানা কবি ঢালে গান নানা দিক হতে; তাদের স্বার সাথে আছে মোর এইমাত্র ধোগ -সঙ্গ পাই স্বাকার, লাভ করি আনন্দের ভোগ, গীতভারতীর আমি পাই তো প্রসাদ নিখিলের সংগীতের স্বাদ।

সব চেয়ে তুর্গম-যে মাতুষ আপন অন্তরালে, তার কোনো পরিমাপ নাই বাহিরের দেশে কালে। সে অন্তর্ময় অন্তর মিশালে তবে তার অন্তরের পরিচয়। পাই নে সর্বত্র তার প্রবেশের দার. বাধা হয়ে আছে মোর বেডাগুলি জীবনযাতার। চাষি থেতে চালাইছে হাল. তাঁতি বসে তাঁত বোনে, জেলে ফেলে জাল— বহুদুরপ্রসারিত এদের বিচিত্র কর্মভার তারি 'পরে ভর দিয়ে চলিতেছে সমস্ত সংসার। অতি ক্ষুদ্র অংশে তার সম্মানের চিরনির্বাসনে সমাজের উচ্চ মঞ্চে বদেছি সংকীর্ণ বাতায়নে। মাঝে মাঝে গেছি আমি ও পাডার প্রাঙ্গণের ধারে, ভিতরে প্রবেশ করি সে শক্তি ছিল না একেবারে। জীবনে জীবন যোগ করা মা হলে কুতিম পণ্যে বার্থ হয় গামের পদর।। তাই আমি মেনে নিই সে নিন্দার কথা আমার স্থরের অপূর্ণতা। আমার কবিতা, জানি আমি, গেলেও বিচিত্র পথে হয় নাই দে সর্বত্রগামী। ক্লযাণের জীবনের শরিক যে জন. কর্মে ও কথায় সত্য আত্মীয়তা করেছে অর্জন, যে আছে মাটির কাছাকাছি, সে কবিব বাণী-লাগি কান পেতে আছি। সাহিত্যের আমন্দের ভোজে নিজে যা পারি না দিতে নিতা আমি থাকি তারি থে ছৈ। সেটা সতা হোক. শুধু ভঙ্গী দিয়ে যেন না ভোলায় চোথ। সতা মূলা না দিয়েই সাহিত্যের খ্যাতি করা চুরি ভালো নয়, ভালো নয় নকল সে শৌখিন মজ্তুরি।

এসে কবি অখ্যাতজনের নির্বাক মনের। মর্মের বেদনা যত করিয়া উদ্ধার— প্রাণহীন এ দেশেতে গানহীন যেথা চারি ধার, অবজ্ঞার তাপে শুষ নিরানন্দ সেই মরুভূমি রদে পূর্ণ করি দাও তৃমি। অন্তরে যে উৎস তার আছে আপনারি তাই তুমি দাও তে। উদ্বারি। সাহিতোর ঐকতানসংগীতসভায় একতারা যাহাদের তারাও সন্মান যেন পায়--মূক যারা হঃখে স্থা, নতশির ন্তব্ধ যার৷ বিশ্বের সম্মুথে, ওগো গুণী, কাছে থেকে দূরে যারা ভাহাদের বাণী যেন শুনি। তুমি থাকে৷ তাহাদের জ্ঞাতি, তোমার গাতিতে ভারা পায় যেন আপনারি খাতি-আ মি বারংবার তোমারে করিব নমন্বার।

উদয়ন

২১ জামুয়ারি, ১৯৪১ ৷ দকাল

22

কালের প্রবল আবর্তে প্রতিহত
ফেনপুঞ্জের মতো,
আলোকে আঁধারে রঞ্জিত এই মায়া,
আদেহ ধরিল কায়া।
সত্তা আমার, জানি না, সে কোথা হতে
হল উথিত নিত্যধাবিত প্রোতে।
সহসা অভাবনীয়
অদৃশ্য এক আরম্ভ-মাঝে কেন্দ্র রচিল স্বীয়।

বিশ্বসন্তা মাঝখানে দিল উকি,

এ কোতৃকের পশ্চাতে আছে জানি না কে কোতৃকী।
ক্ষণিকারে নিয়ে অদীমের এই খেলা,
নববিকাশের দাথে গেঁথে দেয় শেষ-বিনাশের হেলা,
আলোকে কালের মৃদদ্ধ উঠে বেজে,
গোপনে ক্ষণিকা দেখা দিতে আদে মৃখ-ঢাকা বধ্ দেজে,
গলায় পরিয়া হার
বৃদ্বৃদ্ মণিকার।
স্পাধির মাঝে আদন করে দে লাভ,
অনস্ত তারে অস্তদীমায় জানায় আবিভাব।

### 25

করিয়াছি বাণীর সাধনা
দীর্ঘকাল ধরি,
আজ তারে ক্ষণে ক্ষণে উপহাদ পরিহাদ করি।
বহু ব্যবহার আর দীর্ঘ পরিচয়
তেজ তার করিতেছে ক্ষয়।
নিজেরে করিয়া অবহেলা
নিজেরে নিয়ে দে করে খেলা।
তবু জানি, অজানার পরিচয় আছিল নিহিত
বাক্যে তার বাক্যের অতীত।
সেই অজানার দৃত আজি মোরে নিয়ে য়ায় দ্রে
অক্ল দিয়ুরে
নিবেদন করিতে প্রণাম,
মন তাই বলিতেছে, আমি চলিলাম।

সেই সিন্ধু-মাঝে সূর্য দিনখাত্রা করি দেয় সারা, সেথা হতে সন্ধ্যাতারা রাত্তিরে দেখায়ে আনে পথ যেথা তার রথ চলেছে সন্ধান করিবারে নূতন প্রভাত-আলো তমিপ্রার পারে। আজ দব কথা. মনে হয়, শুরু মুগরতা। তারা এসে থামিয়াছে পুরাতন সে মন্ত্রের কাছে ধ্বনিতেছে যাহা সেই নৈ:শন্যচূড়ায় সকল সংশয় তর্ক যে মৌনের গভীরে ফুরায়। লোকখ্যাতি যাহার বাতাসে ক্ষীণ হয়ে তুচ্ছ হয়ে আসে। দিনশেষে কৰ্মশালা ভাষা বচনাব নিরুদ্ধ করিয়া দিক দার। পড়ে থাক পিছে বহু আবর্জনা, বহু মিছে। বারবার মনে মনে বলিতেছি, আমি চলিলাম— যেথা নাই নাম. যেখানে পেয়েছে লয় সকল বিশেষ পরিচয়, নাই আর আছে এক হয়ে যেথা মিশিয়াছে. যেগানে অথও দিন আলোহীন অন্ধকারহীন. আমার আমির ধারা মিলে যেথা যাবে ক্রমে ক্রমে পরিপূর্ণ চৈতন্তের দাগরদংগমে। এই বাহ্য আবরণ, জানি না তো, শেষে নানা রূপে রূপান্তরে কাল্য্রোতে বেডাবে কি ভেসে। আপন স্বাতম্ব্য হতে নিঃসক্ত দেখিব তারে আমি বাহিরে বহুর সাথে জড়িত অজানা তীর্থগামী।

আসন্ন বর্ষের শেষ। পুরাতন আমার আপন

শ্লথবৃস্ত ফলের মতন ছিল হয়ে আসিতেছে। অমূভব তারি আপনারে দিতেছে বিস্তারি আমার সকলকিছু-মাঝে। প্রচ্ছন্ন বিরাজে নিগৃঢ় অন্তরে যেই একা, চেয়ে আছি পাই যদি দেখা। পশ্চাতের কবি মৃছিয়া করিছে ক্ষীণ আপন হাতের আঁকা ছবি। ञ्चृत मध्यूष मिकू, निःश्य त्रजनी, তারি তীর হতে আমি আপনারি শুনি পদধ্বনি। অসীম পথের পান্থ, এবার এদেছি ধরা-মাঝে মর্তজীবনের কাজে। সে পথের 'পরে ক্ষণে ক্ষণে অগেচিরে সকল পাওয়ার মধ্যে পেয়েছি অমূল্য উপানেয় এমন সম্পদ যাহা হবে মোর অক্ষয় পাথেয়। মন বলে, আমি চলিলাম, রেথে যাই আমার প্রণাম তাঁদের উদ্দেশে যারা জীবনের আলো ফেলেছেন পথে যাহা বাবে বাবে সংশয় ঘুচালো।

উদয়ন

১৯ জানুয়ারি, ১৯৪১। সকাল

20

স্টিলীলাপ্রাঙ্গণের প্রান্তে দাঁড়াইয়।

দেখি ক্ষণে ক্ষণে
তমদের পরপার,

ধেথা মহা-অব্যক্তের অসীম চৈতত্তে ছিম্ম লীন।

আজি এ প্রভাতকালে ঋষিবাক্য জাগে মোর মনে। করে৷ করে৷ অপাবৃত হে সূর্য, আলোক-আবরণ, তোমার অন্তরতম পরম জ্যোতির মধ্যে দেখি আপনার আতার স্বরূপ। যে আমি দিনের শেষে বায়ুতে মিশায় প্রাণবায়ু, ভম্মে ধার দেহ অন্ত হবে, যাত্রাপথে দে আপন না ফেলুক ছায়া সত্যের ধরিয়া ছদ্মবেশ। এ মর্তের লীলাক্ষেত্রে স্থথে ত্বংথে অমৃতের হাদ পেয়েছি তো ক্ষণে ক্ষণে, বারে বারে অসীমেরে দেখেছি সীমার অন্তরালে। ব্ৰিয়াছি, এ জন্মের শেষ অর্থ ছিল সেইখানে, (मर्टे ऋन्मदाद क्राप्त), সে সংগীতে অনিব্চনীয়। থেলাঘরে আজ যবে খুলে যাবে দার ধরণীর দেবালয়ে রেথে যাব আমার প্রণাম. দিয়ে যাব জীবনের সে নৈবেগুগুলি মূল্য থার মৃত্যুর অতীত।

উদয়ন ১১ মাঘ, ১৩৪৭। সকাল

38

পাহাড়ের নীলে আর দিগন্তের নীলে
শৃন্তে আর ধরাতলে মন্ত বাঁধে ছন্দে আর মিলে।
বনেরে করায় স্নান শরতের রৌদ্রের সোনালি।
হলদে ফুলের গুচ্ছে মধু থোঁজে বেগুনি মৌমাছি।
মাঝথানে আমি আছি,
চৌদিকে আকাশ তাই দিতেছে নিঃশন্দ করতালি
আমার আনন্দে আজ একাকার ধ্বনি আর রঙ,
জানে তা কি এ কালিক্ষাঃ।

ভাণ্ডারে সঞ্চিত করে পর্বতশিথর
অস্তহীন যুগ যুগান্তর।
আমার একটি দিন বরমাল্য পরাইল তারে,
এ শুভ সংবাদ জানাবারে
অস্তরীক্ষে দূর ২তে দূরে
অনাহত স্করে
প্রভাতে সোনার ঘণ্টা বাজে চঙ চঙ,
শুনিছে কি এ কালিম্পঙ।

গৌরীপুরভবন। কালিম্পঙ

#### 30

মনে পড়ে, শৈলতটে তোমাদের নিভৃত কুটির ; হিমাজি যেথায় তার সমুচ্চ শান্তির আসনে নিস্তব্ধ নিত্য, তৃঙ্গ তার শিগরের সীমা লজ্মন করিতে চায় দূরতম শূলের মহিমা। অরণ্য যেতেছে নেমে উপত্যকা বেয়ে; নিশ্চল সৰুজৰকা, নিবিড় নিঃশব্দ্যে রাথে ছেয়ে ছায়াপুঞ্জ তার। শৈলশৃঙ্গ-অন্তরালে প্রথম অরুণোদয়-ঘোষণার কালে অস্তুরে আমিত স্পন্দ বিশ্বজীবনের মগুফার্ত চঞ্চলতা। নির্জন বনের গৃঢ় আনন্দের যত ভাষাহীন বিচিত্র সংকেতে লভিতাম হৃদয়েতে ষে বিষয় ধরণীর প্রাণের আদিম স্টনায়। সহসা নাম-না-জানা পাথিদের চকিত পাথায় চিন্তা মোর যেত ভেগে গুলুহিমরেখান্ধিত মহানিকদেশে। বেলা যেত, লোকালয় তুলিত ত্ববিত কবি স্বপ্তোখিত শিথিল সময়।

গিরিগাত্রে পথ গেছে বেঁকে, বোঝা বহি চলে লোক, গাড়ি ছুটে চলে থেকে থেকে পাৰ্বতা জনতা বিদেশী প্রাণযাত্রার খণ্ড খণ্ড কথা মনে যায় রেখে. রেগা-রেখা অসংলগ্ন ছবি যায় এ কে। শুনি মাঝে মাঝে অদূরে ঘণ্টার ধ্বনি বাজে, কর্মের দৌতা সে করে প্রহরে প্রহরে। প্রথন আলোর স্পর্শ লাগে, আতিথোর সথা জাগে ঘরে ঘরে। স্তরে স্তরে দ্বারের দোপানে নানারঙা ফুলগুলি অতিথির প্রাণে গৃহিণীর যতু বহি প্রকৃতির লিপি নিয়ে আমে আকাশে বাতাদে। কলহাস্ত্রে মাস্কষের স্নেহের বারতা যুগযুগান্তের মৌনে হিমান্তির আনে দার্থকতা।

উদয়ন ২৫ ফেব্রুয়ারি, ১৯৪১। বিকাল

36

দামামা ঐ বাজে,

দিন-বদলের পালা এল
বোড়ো যুগের মাঝে।
শুরু হবে নির্মম এক নৃতন অধ্যায়,
নইলে কেন এত অপব্যয়—
আসহে নেমে নিষ্ঠুর অস্তায়,
অস্তায়েরে টেনে আনে অস্তায়েরই ভূত
ভবিষ্যতের দূত।

ক্ষপণতার পাথর-ঠেল। বিষম ব্যাধার। লোপ করে দেয় নিংস মাটির নিম্ফলা চেহার।। জমে-ওঠা মূত বালির স্তর ভাদিয়ে নিয়ে ভর্তি করে লুপ্তির গহরর; পলিমাটির ঘটায় অবকাশ, মঞ্কে সে মেরে মেরেই গজিয়ে তোলে ঘাস। ছব্লা খেতের পুরানো সব পুনরুক্তি যত অর্থহারা হয় সে বোবার মতো। অন্তরেতে মৃত বাইরে তবু মরে না যে অন্ন ঘরে করেছে সঞ্চিত-ওদের ঘিরে ছুটে আসে অপব্যয়ের ঝড়, ভাঁড়ারে ঝাঁপ ভেঙে ফেলে, চালে ওড়ায় থড়। অপঘাতের ধাকা এসে পড়ে ওদের ঘাড়ে. জাগায় হাডে হাডে। হঠাৎ অপমৃত্যুর সংকেতে নৃতন ফদল চাষের তরে আনবে নৃতন খেতে। শেষ পরীক্ষা ঘটাবে তুর্দিবে-জীর্ণ যুগের সঞ্চয়েতে কী যাবে, কী রইবে। পালিণ-করা জীর্ণতাকে চিনতে হবে আজি. দামামা তাই ঐ উঠেছে বাজি।

٥٥ (١٤) دې

39

সেই পুরাতন কালে ইতিহাস যবে
সংবাদে ছিল না মুখরিত
নিস্তর খাতির যুগে—
আজিকার এইমতো প্রাণযাত্রাকলোলিত প্রাতে
ধারা যাত্রা করেছেন
মরণশৃহ্বিল পথে

আত্মার অমৃত-অন্ধ করিবারে দান
দূরবাসী অনাত্মীয় জনে,
দলে দলে বাঁরা
উত্তীর্ণ হন নি লক্ষ্য, তৃষানিদারুণ
মক্রবালুতলে অস্থি গিয়েছেন রেখে,
সমৃদ্র বাদের চিহ্ন দিয়েছে মৃছিয়া,
অনারন্ধ কর্মপথে
অক্কতার্থ হন নাই তাঁরা—
মিশিয়া আছেন সেই দেহাতীত মহাপ্রাণ-মাঝে
শক্তি জোগাইছে যাহা অগোচরে চিরমানবেরে—
তাঁহাদের করুণার স্পর্শ লভিতেছি
আজি এই প্রভাত-আলোকে,
তাঁহাদের করি নমস্বার।

উদয়ন

১২ ডিসেম্বর, ১৯৪০। সকাল

#### **58**-

নান। হৃংথে চিত্তের বিক্ষেপে
যাহাদের জীবনের ভিত্তি যায় বারংবার কেঁপে,
যারা অভ্যমনা, তারা শোনো
আপনারে ভূলো না কগনো।
মৃত্যুঞ্জয় যাহাদের প্রাণ,
সব্ভুচ্ছতার উর্ধের দীপ যারা জালে অনির্বাণ,
তাহাদের মাঝে যেন হয়
তোমাদেরি নিত্য পরিচয়।
তাহাদের থর্ব কর যদি
থর্বতার অপমানে বন্দী হয়ে রবে নিরবধি।
তাদের সম্বানে মান নিয়ো
বিশ্বে যারা চিরশ্বরণীয়।

53

বয়দ আমাৰ বুঝি হয়তো তখন হবে বাৰে৷, অথবা কী জানি হবে হুয়েক বছর বেশি আরো। পুরাতন নীলকুঠি-দোতলার 'পর ছিল মোর ঘর। সামনে উধাও ছাত--দিন আর রাত আলো আর অন্ধকারে সাথিখীন বালকের ভাবনারে এলোমেলো জাগাইয়া যেত. অর্থশৃক্ত প্রাণ তারা পেত, যেমন সন্থে নীচে আলো পেয়ে বাড়িয়া উঠছে বেতগাছ ঝোপঝাড়ে পুকুরের পাড়ে সবুজের আলপনায় রঙ দিয়ে লেপে। সারি দারি ঝাউগাছ ঝরঝর কেঁপে নীলচাষ-আমলের প্রাচীন মর্মর তথনো চলিছে বহি বংসর বংসর। বুদ্ধ সে গাছের মতো তেমনি আদিম পুরাতন বয়দ-অতীত দেই বালকের মন নিখিল প্রাণের পেত নাডা. আকাশের অনিমেষ দৃষ্টির ডাকে দিত সাড়া, তাকায়ে রহিত দূরে। রাথালের বাঁশির করণ স্থরে অন্তিত্বের যে বেদনা প্রচ্ছন্ন রয়েছে, নাড়ীতে উঠিত নেচে। জাগ্ৰত ছিল না বৃদ্ধি, বৃদ্ধির বাহিরে যাহা তাই মনের দেউডি-পারে ছারী-কাছে বাধা পায় নাই।

স্বপ্নজনতার বিশ্বে ছিল দ্রষ্টা কিংবা স্রষ্টা রূপে. পণ্যহীন দিনগুলি ভাসাইয়া দিত চূপে চূপে পাতার ভেলায় নিবর্থ খেলায়। টাট্র ঘোড়া চড়ি রথতলা মাঠে গিয়ে ত্র্দাম ছুটাত তড়বড়ি, রক্তে তার মাতিয়ে তুলিত গতি, নিজেরে ভাবিত সেনাপতি পড়ার কেতাবে যারে দেখে ছবি মনে নিয়েছিল এঁকে। যুদ্ধহীন রণক্ষেত্রে ইতিহাসহীন সেই মাঠে এমনি সকাল তার কাটে। জবা নিয়ে গাঁদা নিয়ে নিপ্লাডিয়া বস মিশ্রিত ফুলের রঙে কী লিখিত, সে লেগার যশ আপন মর্মের মাঝে হয়েছে রঙিন— বাহিরের করতালিহীন। সন্ধ্যাবেলা বিশ্বনাথ শিকারীকে ডেকে তার কাছ থেকে বাঘশিকারের গল্প নিস্তব্ধ সে ছাতের উপর, মনে হ'ত, দংসারের সব চেয়ে আশ্চর্য থবর। দম করে মনে মনে ছুটিত বন্দুক, কাঁপিয়া উঠিত বুক। চারি দিকে শাখায়িত স্থনিবিড প্রয়োজন যত তারি মাঝে এ বালক অর্কিড-তর্ফার মতো ডোরাকাটা থেয়ালের অভুত বিকাশে দোলে শুধু খেলার বাতাসে। যেন দে রচয়িতার হাতে পুঁথির প্রথম শৃক্ত পাতে অলংকরণ আঁকা, মাঝে মাঝে অস্পষ্ট কী লেখা, বাকি সব আঁকাবাঁকা রেখা।

আজ যবে চলিতেছে দাংঘাতিক হিসাবনিকাশ, मिलिशरङ क्यांशैन अमृष्टित म्यनिविकांग, বিধাতার ছেলেমান্থ্যির থেলাঘর যত ছিল ভেঙে সব হল চৌচির। আজ মনে পড়ে সেই দিন আর রাত, প্রশস্ত দে ছাত, সেই আলো সেই অন্ধকারে কর্মসান্তের মাঝে নৈন্ধর্মাদীপের পারে বালকের মনথানা মধ্যাহ্নে ঘুঘুর ডাক যেন। এ সংসারে কী হতেছে কেন ভাগোর চক্রান্তে কোথা কী যে, প্রশ্নহীন বিশ্বে তার জিজ্ঞাসা করে নি কভু নিজে এ নিথিলে যে জগৎ ছেলেমান্থিয় বয়ন্ত্রের দৃষ্টিকোণে সেটা ছিল কৌতুকহাসির, বালকের জানা ছিল না তা। সেইখানে অবাধ আসন তার পাত।। সেখা তার দেবলোক, স্বকল্পিত স্বর্গের কিনারা, বৃদ্ধির ভং সনা নাই, নাই সেথা প্রশ্নের পাহারা, যুক্তির সংকেত নাই পথে, ইচ্ছা দঞ্চরণ করে বল্গাযুক্ত রথে।

### 20

মনে ভাবিতেছি, যেন অসংখ্য ভাষার শব্দরাজি
ছাড়া পেল আজি,
দীর্ঘকাল ব্যাকরণতুর্গে বন্দী রহি
অকন্মাং হয়েছে বিদ্রোহী,
অবিশ্রাম সারি সারি কুচকাওয়াজের পদক্ষেপে
উঠেছে অধীর হয়ে থেপে।
লক্তিয়াছে বাক্যের শাসন,
নিয়েছে অবৃদ্ধিলোকে অবদ্ধ ভাষণ,

ছিন্ন করি অর্থের শৃঙ্খলপাশ সাধুসাহিত্যের প্রতি ব্যক্ষাম্মে হানে পরিহাস। সব ছেড়ে অধিকার করে শুধু শ্রুতি— বিচিত্র তাদের ভঙ্গী, বিচিত্র আকৃতি। বলে তারা, আমরা যে এই ধরণীর নিশ্বসিত প্রনের আদিম ধ্রনির জন্মেছি সন্তান. যুগনি মানবকঠে মুনোহান প্রাণ নাড়ীর দোলায় সন্ত জেগেছে নাচিয়া উঠেছি বাঁচিয়া। শিশুকঠে আদিকাব্যে এনেছি উচ্ছলি অন্তিত্বের প্রথম কাকলি। গিরিশিরে যে পাগল-ঝোরা শ্রাবণের দৃত, তারি আস্মীয় আমর। আসিয়াছি লোকালয়ে স্টির ধ্বনির মন্ত্র লয়ে। মর্মরমুখর বেগে যে ধ্বনির কলোৎসব অরণ্যের পল্লবে পল্লবে, যে ধ্বনি দিগতে করে ঝড়ের ছন্দের পরিমাপ, নিশান্তে জাগায় যাহা প্রভাতের প্রকাণ্ড প্রলাপ, সে ধ্বনির ক্ষেত্র হতে হরিয়া করেছে পদানত বনা ঘোটকের মতে৷ মাস্থ শব্দেরে তার জটিল নিয়মস্ত্রজালে বার্তাবহনের লাগি অনাগত দুর দেশে কালে। বল্গাবন্ধ শব্দ-অখে চড়ি মাকৃষ করেছে জ্রুত কালের মন্থর যত ঘড়ি। জড়ের অচল বাধা তর্কবেগে করিয়া হরণ অদৃশ্য রহস্থলোকে গহনে করেছে সঞ্চরণ, ব্যুহে বাঁধি শব্দ-অক্ষোহিণী প্রতি ক্ষণে মৃঢ়তার আক্রমণ নইতেছে জিনি।

কখনো চোরের মতো পশে ওরা স্বপ্নরাজ্যতলে, ঘুমের ভাটার জলে নাহি পায় বাধা-যাহা-তাহা নিয়ে আদে, ছন্দের বাঁধনে পড়ে বাঁধা, তাই দিয়ে বুদ্ধি অক্তমনা করে সেই শিল্পের রচনা সূত্র যার অসংলগ্ন স্থালিত শিথিল, বিধির স্টের সাথে না রাথে একাস্ত তার মিল: যেমন মাতিয়া উঠে দশ-বিশ কুকুরের ছানা-এ ওর ঘাড়েতে চড়ে, কোনো উদ্দেশ্যের নাই মানা, কে কাহারে লাগায় কামড. জাগায় ভীষণ শব্দে গর্জনের ঝড. সে কামড়ে সে গর্জনে কোনো অর্থ নাই হিংস্রতার, উদ্দাম হইয়া উঠে গুধু ধ্বনি গুধু ভঙ্গী তার। মনে মনে দেখিতেছি, দারা বেলা ধরি দলে দলে শব্দ ছোটে অর্থ ছিল্ল করি-আকাশে আকাশে যেন বাজে, আগ ডুম বাগ ডুম ঘোড়াডুম দাজে।

গৌরীপুরভবন, কালিম্পঙ ২৪ সেপ্টেম্বর, ১৯৪০

২১

রক্তমাথ। দম্বপংক্তি হিংস্ত্র সংগ্রামের
শত শত নগরপ্রামের
অন্ধ্র আজ ছিন্ন ছিন্ন করে;
ছুটে চ.ল বিভীষিকা মূছণিতুর দিকে দিগন্তরে।
বক্তা নামে যমলোক হতে,
রাজ্যসাম্রাজ্যের বাঁধ লুপ্ত করে সর্বনাশা স্রোতে
যে লোভ-বিপুরে
লয়ে গেছে যুগে যুগে দূরে দূরে

সভা শিকারীর দল পোষমানা খাপদের মতো, দেশবিদেশের মাংস করেছে বিক্ষত, লোলজিহবা সেই কুকুরের দল অন্ধ হয়ে ছিঁডিল শঙ্খল. ভূলে গেল আত্মপর; আদিম বন্ততা তার উদ্বারিয়া উদ্দাম নখর পুরাতন ঐতিহের পাতাগুলা ছিন্ন করে, ফেলে তার অক্ষরে অক্ষরে পঙ্গলিপ্ত চিহ্নের বিকার। অসম্ভুষ্ট বিধাতার ওরা দৃত বৃঝি, শত শত বর্ষের পাপের পুঁজি ছড়াছড়ি করে দেয় এক দীমা ২তে শীমান্তরে, রাষ্ট্রমদমত্তদের মহাভাও চুর্ণ করে আবর্জনাকুগুতলে। মানব আপন সতা বার্থ করিয়াছে দলে দলে, বিধাতার সংকল্পের নিতাই করেছে বিপ্যয় ইতিহাসময় ৷ সেই পাপে আৰুহতা-অভিশাপে আপনার সাধিছে বিলয়। হয়েছে নিৰ্দয় আপন ভীষণ শত্রু আপনার 'পরে, ধুলিদাৎ করে ভবিভোজী বিলাদীর ভাগ্রারপ্রাচীর।

শ্বশানবিহারবিলাসিনী ছিল্লমন্তা, মৃহুতেই মালুষের স্থপস্থ জিনি বক্ষ ভেদি দেখা দিল আত্মহারা,
শতস্রোতে নিজ বক্তধারা
নিজে করি' পান।
এ কুংসিং লীলা যবে হবে অবদান,
বীভংস তাগুবে
এ পাপযুগের অন্ত হবে,
মানব তপস্বীবেশে
চিতাভন্মশয্যাতলে এসে
নবস্ঞাই-ধ্যানের আসনে
স্থান লবে নিরাসক্তমনে—
আজি সেই স্প্রির আহ্বান
ধ্যাযিছে কামান।

গৌরীপুরভবন, কালিম্পঙ ২২ মে, ১৯৪০।

# 22

সিংহাসনতলচ্ছায়ে দ্রে দ্রান্তরে
যে রাজ্য জানায় স্পর্ধাভরে
রাজায় প্রজায় ভেদ মাপা,
পায়ের তলায় রাথে সর্বনাশ চাপা।
হতভাগ্য যে রাজ্যের স্থবিতীর্গ দৈরাজীর্গ প্রাণ
রাজম্রুটেরে নিত্য করিছে কুংসিত অপমান,
অসহ তাহার হুঃথ তাপ
রাজারে না যদি লাগে, লাগে তারে বিধাতার শাপ।
মহা-ঐশর্ষের নিমতলে
অর্ধানন অনশন দাহ করে নিত্য ক্ষ্ধানলে,
ভক্ষপ্রায় কল্যিত পিপাসার জল,
দেহে নাই শীতের দম্বল,
অবারিত মৃত্যুর হুয়াব,
নিষ্টুর তাহার চেয়ে জীবয়ুত দেহ চর্মসার

শোষণ করিছে দিনরাত
ক্ষ আংরোগ্যের পথে রোগের অবাধ অভিঘাত—
সেথা মুমূর্বি দল রাজত্বের হয় না সহায়,
হয় মহা দায়।
এক পাথা শীর্ণ থে পাঝির
ঝড়ের সংকটদিনে রহিবে না স্থির,
সম্চ আকাশ হতে ধুলায় পড়িবে অকহান—
আদিবে বিধির কাছে হিসাব-চুকিয়ে-দেওয়া দিন।
অল্রভেদী ঐশ্বর্ধের চ্ণীভূত পতনের কালে
দরিদ্রের জীর্ণ দশা বাসা তার বাধিবে কঙ্কালে।

উদয়ন ২৪ জামুয়ারি, ১৯৪১। বিকাল

20

জীবনবংনভাগ্য নিত্য আশীর্বাদে
ললাট কক্ষক স্পর্শ
অনাদি জ্যোতির দান-রূপে—
নব নব জাগরণে প্রভাতে প্রভাতে
মর্ত এ আয়ুর দীমানায়।
মানিমার ঘন আবরণ
দিনে দিনে পদুক থসিয়া
অমর্তলোকের দারে
নিদ্রায়-জড়িত রাত্রিসম।
হে সবিতা তোমার কল্যাণ্ডম রূপ
করো অপারত,
সেই দিবা আবির্ভাবে
হেরি আমি আপন আত্মারে
মৃত্যুর অতীত।

উদয়ন ৭ পৌষ, ১৬৪৭। সকাল \$8

পোড়ো বাড়ি, শৃক্ত দালান—
বোবা স্বতির চাপা কাঁদন হছ করে,
মরা-দিনের-কবর-দেওয়া ভিতের অন্ধকার
শুমরে ওঠে প্রেতের কঠে দারা তুপুরবেলা।
মাঠে মাঠে শুকনো পাতার ঘ্র্ণিপাকে
হাওয়ার হাঁপানি।
হঠাং হানে বৈশাখী তার বর্বরতা
ফাগুনদিনের যাবার পথে।

স্পৃষ্টিপীড়া ধাকা লাগায়

শিল্পকারের তুলির পিছনে।
রেখায় রেখায় ফুটে ওঠে
রূপের বেদনা

দাথিহারার তপ্ত রাঙা রঙে।
কথনো বা টিল লেগে যায় তুলির টানে;
পাশের গলির চিক-ঢাকা ঐ ঝাপদা আকাশতলে
হঠাং যথন রণিয়ে ওঠে

দংকেতঝংকার,
আঙুলের ডগার 'পরে নাচিয়ে তোলে মাতালটাকে।
গোধ্লির সিঁত্র ছায়ায় ঝ'রে পড়ে
পাগলা আবেগের
হাউই-ফাটা আগুননুবি।

বাধা পায়, বাধা কাটায় চিত্রকরের তুলি।
সেই বাধা তার কথনো বা হিংস্র অল্পীলতায়,
কথনো বা মদির অসংখ্যে।
মনের মধ্যে ঘোলা স্রোতের জোয়ার ফুলে ওঠে,
ভেসে চলে ফেনিয়ে-ওঠা অসংলয়তা।

রূপের বোঝাই ভিঙি নিয়ে চলল রূপকার রাতের উজান স্রোত পেরিয়ে হঠাৎ-মেলা ঘাটে। ডাইনে বাঁয়ে স্থর-বেলুরের দাঁড়ের ঝাপট চলে, ভাল দিয়ে যায় ভাগান-খেলা শিল্পাধনার।

শাস্থিনিকেতন ২৫ ফেব্রুয়ারি, ১৯৩৯

20

জটিল সংসার,
মোচন করিতে গ্রন্থি জড়াইয়া পড়ি বারংবার।
গম্য নহে সোজা,
ছুর্গম পথের যাত্রা স্কন্দে বহি ছুশ্চিন্তার বোঝা।
পথে পথে যথাতথা
শত শত কৃত্রিম বক্রতা।
অন্তক্ষণ
হতাখাস হয়ে শেষে হার মানে মন।
জীবনের ভাঙা ছন্দে ভ্রন্থ হয় মিল,
বাচিবার উৎসাহ ধূলিতলে লুটায় শিথিল।

ওগো আশাহারা,
শুক্ততার 'পরে আনো নিখিলের রদবক্তাধারা।
বিরাট আকাশে,
বনে বনে, ধরণীর ঘাদে ঘাদে,
স্থাভীর অবকাশ পূর্ণ হয়ে আছে
গাছে গাছে,
অস্তহীন শাস্তি-উৎসম্রোতে।
অস্তঃশীল যে রহস্ত আঁধারে আলোতে
তারে দত্ত করুক আহ্বান
আদিম প্রাণের যক্তে মর্মের দহক্ত সামগান।

আবার মহিমা যাহ। তুচ্ছতায় দিয়েছে জর্জরি মান অবদাদে, তারে দাও দ্ব করি, লুপ্ত হয়ে থাক শৃহাতলে ভালোকের ভ্লোকের সমিলিত মন্ত্রণার বলে।

## 23

ফুলদানি হতে একে একে
আয়ুক্ষীণ গোলাপের পাপড়ি পড়িল ঝরে ঝরে
ফুলের জগতে
মুত্যুর বিক্কতি নাহি দেখি।
শেষ ব্যঙ্গ নাহি হানে জীবনের পানে অস্কুদর।
যে মাটির কাছে ঋণী
আপনার ঘণা দিয়ে অশুচি করে না তারে ফুল,
রূপে গন্ধে ফিরে দেয় মান অবশেষ।
বিদায়ের সককণ স্পর্শ আছে তাহে;
নাইকো ভংগনা।
জন্মদিনে মৃত্যুদিনে দোহে ধবে করে মুগোম্থি
দেখি যেন সে মিলনে
পূর্বাচলে অস্তাচলে
অবসন্ধ দিবসের দৃষ্টিবিনিম্য়—
সম্ক্রল গৌরবের প্রণত সুক্রর অবসান।

উদয়ন ২২ ফেব্রুয়ারি, ১৯৪১। বিকাল

# ২৭

বিশ্বধরণীর এই বিপুল কুলায়
সন্ধ্যা— তারি নীরব নির্দেশ
নিথিল গতির বেগ ধায় তারি পানে।
চৌদিকে ধুদরবর্ণ আবর্ণ নামে।

মন বলে, ঘরে যাব---কোথ। ঘর নাহি জানে। দার খোলে সদ্ধ্যা নিঃসঙ্গিনী, সম্বাথে নীরম্ব অন্ধকার। সকল আলোর অন্তরালে বিশ্বতির দৃতী খুলে নেয় এ মর্তের ঋণ-করা সাজসজ্জা যত--প্রক্রিপ্ত যা কিছু তার নিতাতার মাঝে ছিল্ল জীর্ণ মলিন অভ্যাস। আধারে অবগাহন-স্থানে নির্মল করিয়া দেয় নবজন্ম নগ্ন ভূমিক।রে। জীবনের প্রাক্তবাগে অন্তিম রহস্থপথে দেয় মুক্ত করি স্টির নৃতন রহস্তেরে। নব জন্মদিন তারে বলি খাঁধারের মন্ত্র পড়ি সন্ধ্যা যারে জাগায় আলোকে

# ২৮

নদীর পালিত এই জীবন আমার।
নানা গিরিশিখরের দান
নাড়ীতে নাড়ীতে তার বহে,
নানা পলিমাটি দিয়ে ক্ষেত্র তার হয়েছে রচিত,
প্রাণের রহস্তরদ নানা দিক হতে
শক্তে শক্তে লভিল সঞ্চার।
পূর্বপশ্চিমের নানা গীতস্রোতজালে
ঘেরা তার স্বপ্প জাগরণ।
যে নদী বিশ্বের দৃতী
দূরকে নিকটে আনে,
অজানার অভ্যর্থনা নিয়ে আদে ঘরের ত্য়ারে,

সে আমার রচেছিল জন্মদিন—
চিরদিন তার স্রোতে
বাধন-বাহিরে মোর চলমান বাস।
ভেসে চলে তীর হতে তীরে।
আমি রাত্য, আমি পথচারী,
অবারিত আতিথ্যের অন্নে পূর্ণ হয়ে ওঠে
বারে বারে নির্বিচারে মোর জন্মদিবসের থালি।

উদয়ন ২০ ফেব্রুয়ারি, ১৯৪১। তুপুর

### 23

তোমাদের জানি, তবু তোমরা যে দূরের মান্ত্য। তোমাদের আবেষ্টন, চলাফের।, চারি দিকে চেউ ওঠা-পড়া, পবই চেনা জগতের তবু তার আমন্ত্রণে দিধ।— ষব। হতে আমি দুরে, তোমাদের নাড়ীর যে ভাষা সে আমার আপন প্রাণের, বিষয় বিশায় লাগে যবে দেখি স্পর্শ তার সন্থকোচ পরিচয় নিয়ে আনে যেন প্রবাসীর পাওবর্ণ শীর্ণ আত্মীয়ত।। আমি কিছ দিতে চাই, তা না হলে জীবনে জীবনে মিল হবে কী করিয়া—আসি না নিশ্চিত পদক্ষেপে— ভয় হয়, রিক্ত পাত্র বৃঝি, বৃঝি তার রসস্বাদ হারায়েছে পূর্বপরিচয়, বুঝি আদানে প্রদানে রবে না সন্মান। তাই আশকার এ দূরত্ব হতে এ নিষ্ঠুর নিঃসঙ্গতা-মাঝে তোমাদের ডেকে বলি, যে জীবনলন্দ্রী মোরে সাজায়েছে নব নব সাজে তার সাথে বিচ্ছেদের দিনে নিভায়ে উৎসবদীপ দারিদ্রোর লাঞ্নায় ঘটাবে না কভু অসম্মান, অলংকার খুলে নেবে, একে একে বর্ণসজ্জাহীন উত্তরীয়ে

চেকে দিবে, ললাটে আঁকিবে শুত্র তিলকের রেখা; তোমরাও যোগ দিয়ো জীবনের পূর্ণ ঘট নিয়ে দে অন্তিম অন্তর্গানে, হয়তো শুনিবে দূর হতে দিগন্তের প্রপারে শুত্রশধ্ধনি।

উদয়ন ১ মার্চ, ১৯৪১। সকাল

# নাটক ও প্রহসন

# শ্রোবণগাথা

# শ্ৰাবণগাথা

নটরাজ । মহারাজ, আদেশ করেন যদি, বর্ষার অভ্যর্থনা দিয়ে আজ উৎসবের ভূমিকা করা যাক।

রাজা। ভূমিকার কী প্রয়োজন।

নটরাজ। ধুয়োর যে প্রয়োজন গানে। ঐ ধুয়োটাই অঙ্গরের মতো ছোটো হয়ে দেখা দেয়, তার পরে শাখায় পল্লবে পরিপূর্ণ হয়ে ওঠে।

রাজা। আচ্ছা, তা হলে বিলম্বে কাজ নেই।

ঐ আদে ঐ অতি ভৈরব হরমে
জলসিঞ্চিত ক্ষিতিদোরত রতদে
ঘনগোরবে নবযোবনা বরষা,
শ্রাম গন্ধীর সরসা।
শুরু গর্জনে নীল অরণ্য শিহরে,
উতলা কলাপী কেকাকলরবে বিহরে;
নিথিল চিত্তহর্ষা
ঘনগোরবে আসিছে মত্ত বর্ষা।

কোথা তোরা অয়ি তরুণী পথিকলননা,
জনপদবধ্ তড়িং-চকিত-নয়না,
মালতীমালিনী কোথা প্রিয়পরিচারিকা,
কোথা তোরা অভিসারিকা।
ঘনবনতলে এসো ঘননীলবসনা,
ললিত নৃত্যে বাজুক স্বর্ণরসনা,
আনো বীণা মনোহারিকা,
কোথা বিরহিণী, কোথা তোরা অভিসারিকা।

আনো মৃদদ্ধ গ্রন্থ গ্রনী মধুরা,
বাজাও শদ্ধ, হলুরব করো বধুরা,
এসেছে বরষা ওগো নব অহুরাগিণী,
ওগো প্রিয়ন্থবভাগিনী।
কুঞ্জকূটীরে অয়ি ভাবাকুললোচন।
ভূজপাতায় নবগীত করো রচনা,
মেঘমলার রাগিণী;
এসেছে বরষা ওগো নব অহুরাগিণী।

কেতকীকেশরে কেশপাশ করো স্থরভি,
ক্ষীণ কটিতটে গাঁথি লয়ে পরো করবী,
কদমরেণু বিছাইয়া দাও শয়নে,
অল্পন আঁকো নয়নে।
তালে তালে তৃটি কস্কণ কনকনিয়া
ভবনশিখীরে নাচাও গণিয়া গণিয়া
স্মিতবিকশিত বয়নে,
কদমরেণু বিছাইয়া ফুলশয়নে।

এসেছে বরষা, এসেছে নবীন বরষা,
গগন ভরিষা এসেছে ভ্বনভরদা,
ছলিছে পবনে দনদন বনবীথিকা,
গীতময় তরুলতিকা।
শতেক যুগের কবিদলে মিলি আকাশে
ধ্বনিয়া তুলিছে গন্ধমদির বাতাদে
শতেক যুগের গীতিকা,
শত-শত গীত-মুথরিত বনবীথিকা।

নটরাজ। ওগো কমলিকা, এখন তবে শুক্ত করো তোমাদের পালা। রাজা। কী দিয়ে শুক্ত করবে। নটরাজ। বনভূমির আত্মনিবেদন দিয়ে। রাজা। কার কাছে আত্মনিবেদন। নটরাজ। আকাশপথে যিনি এসেছেন অতিথি— আবির্ভাব হাঁর অরণ্যের রাসমঞ্চে, প্রবিদিগত্তে উড়েছে হাঁর কেশকলাপ।

সভাকবি। ওহে নটরাজ, আমরা আধুনিক কালের কবি— ফুলকাটা বুলি দিয়ে আমরা কথা কই নে— তুমি যেটা অত করে ঘুরিয়ে বললে, আমরা সেটাকে দাদা ভাষায় বলে থাকি বাদলা।

নটরাজ। বাদলা নামে রাজপথের ধুলোয়, সেটাকে দেয় কাদা ক'রে। বাদলা নামে রাজপ্রহরীদের পাগড়ির 'পরে, তার পাকে পাকে জমিয়ে তোলে কফের প্রকোপ। আমি বার কথা বলছি তিনি নামেন ধরণীর প্রাণমন্দিরে, বিরহীর মর্মবেদনায়।

রাজা। তোমাদের দেশের লোক কথা জমাতে পারে বটে।
সভাকবি। ওঁদের শব্দ আছে বিশুর, কিন্তু মহারাজ, অর্থের বড়ো টানাটানি।
নটরাজ। নইলে রাজদারে আসব কোন ছঃখে। এইবার শুরু করো।

বাকি আমি রাখব না কিছুই।
তোমার চলার পথে পথে ছেয়ে দেব ভুই।
ওগো মোহন, তোমার উত্তরীয়
গদ্ধে আমার ভরে নিয়ো,
উজাড় করে দেব পায়ে বরুল বেলা জুই।
পুরব-সাগর পার হয়ে যে এলে পথিক তুমি,
আমার সকল দেব অতিথিরে আমি বনভূমি।
আমার কুলায়-ভরা রয়েছে গান,

সব তোমারেই করেছি দান.

রাজা। দেখলুম, শুনলুম, লাগল ভালো, কিন্তু বুঝে পড়ে নিতে গেলে পুথির দরকার। আছে পুথি ?

দেবার কাঙাল করে আমায় চরণ ধথন ছুই।

নটরাজ। 'এই নাও, মহারাজ।

রাজা। তোমাদের অক্ষরের ছাঁদটা হন্দর, কিন্তু বোঝা শক্ত। এ কি চীনা অক্ষরে লেখা নাকি।

নটরাজ। বলতে পারেন অচিনা অক্ষরে। রাজা। কিন্তু, রচনা যার সে গেল কোথায়। নটরাজ। সে পালিয়েছে। রাজা। পরিহাদ বলে ঠেকছে। পালাবার তাৎপর্য কী।

নটরাজ। পাছে এথানকার বৃদ্ধিমানরা বলেন, কিছুই বোঝা যাচ্ছে না। আরও ছংথের বিষয়— যদি কিছু না বলে হাঁ করে থাকেন।

সভাকবি। এ তো বড়ো কৌতুক! পাঁজিতে লিগছে পূর্ণিমা, এ দিকে চাঁদ মেরেছেন দৌড়, পাছে কেউ বলে বসে তাঁর আলোটা ঝাপসা।

নটরাজ। বিশল্যকরণীটারই দরকার, গন্ধমাদনটা বাদ দিলেও চলে! না'ই রইলেন কবি, গানগুলো রইল।

সভাকবি। একটা ভাবনার বিষয় রয়ে গেল। গানে স্বয়ং কবিই স্থর বসিয়েছেন নাকি। নটরাজ। তা নয় তো কী। ফুলে যিনি দিয়েছেন রঙ তিনিই লাগিয়েছেন গন্ধ। সভাকবি। সর্বনাশ! নিজের অধিকারে পেয়ে এবার দেবেন রাগিণীর মাথ। হেঁট ক'রে। বাণীকে উপরে চড়িয়ে দিয়ে বীণার ঘটাবেন অপমান।

নটরাজ। অপমান ঘটানো একে বলে না, এ পরিণয় ঘটানো। রাগিণী যতদিন অন্টা ততদিন তিনি স্বতম্ব। কাব্যের সঙ্গে বিবাহ হলেই তিনি কবিত্বের ছায়েবাছগতা। সপ্তপদীগমনের সময় কাব্যই যদি রাগিণীর পিছন পিছন চলে, সেটাকে বলব স্তৈণের লক্ষণ। সেটা তোমাদের গৌড়ীয় পারিবারিক রীতি হতে পারে, কিন্তু রসরাজ্যের রীতি নয়।

রাজা। ওহে কবি, কথাটা বোধ হচ্ছে যেন তোমাকেই লক্ষ্য করে। ঘরের খবর জানলে কী করে।

সভাকবি। জনশ্রুতির 'পরে ভার, বানানো কথায় লোকরঞ্জন করা।

রাজা। জনশ্রতিকে তা হলে কবি আখ্যা দিলে হয়। অলমতিবিভরেণ। যথারীতি কাজ আরম্ভ করো।

সভাকবি। আমরা সহু করব ওঁদের স্বরবর্ষণ, মহাবীর ভীম্মের মতো।

নটরাজ। ধরণীর তপস্থা দার্থক হয়েছে, প্রণতি। ক্রন্ত্র আজ বন্ধুরূপ ধরেছেন, তাঁর তৃতীয় নেত্রের জলদগ্নি দৃষ্টিকে আচ্ছন্ন করেছে স্থামল জটাভার— প্রদন্ধ তাঁর মুথ। প্রথমে দেই বন্ধুদর্শনের আনন্দকে আজ মুথরিত করো।

তপের তাপের বাঁধন কাট্ক রসের বর্ষণে।
হাদয় আমার, স্থামল বঁধুর করুণ স্পর্শ নে।
অব্যোর-ঝরন প্রাবণজ্জলে
তিমিরমেত্র বনাঞ্চলে
ফুটুক সোনার কদম্বজুল নিবিড় হর্ষণে।

ভক্ষক গগন, ভক্ষক কানন, ভক্ষক নিখিল ধরা, দেখুক ভুবন মিলনশ্বপন মধুর বেদনা-ভরা। পরান-ভরানো ঘনছায়াজাল বাহির আকাশ কর্ফক আড়াল, নয়ন ভুলুক, বিজুলি ঝলুক পরম দর্শনে।

নমো নমো নম করুণাঘন নম হে।
নয়নশ্বিপ্প অমৃতাঞ্জনপরশে,
জীবন পূর্ণ স্থাবসবর্ষে,
তব দর্শনধ্নসার্থক মন হে,
অরূপণবর্ষণ করুণাঘন হে।
নম হে নম হে॥

সভাকবি। নটরাজ মহারানী-মাতার কল্যাণে সেদিন রাজবাড়ি থেকে কিছু ভোজাপানীয় সংগ্রহ করে নিয়ে আক্ষছিলেম গৃহিণীর ভাঙার-অভিমুখে। মধ্যপথে বাহনটা পড়ল উচট থেয়ে, ছড়িয়ে পড়ল মোদক মিষ্টান্ন পথের পাকে, গড়িয়ে পড়ল পায়সান্ন ভাঙা হাঁড়ি থেকে নালার মধ্যে। তখন মুখলধারে বর্ষণ হচ্ছে— নৈবেছটা আবণ স্বয়ং নিয়ে গেলেন ভাসিয়ে। তোমাদের এই প্রণামটাও দেখি সেইরকম। খুবই ছড়িয়েছ বটে, কিন্তু পৌছল কোথায় ভেবে পাচ্ছি নে।

নটরাজ। কবিবর, আমাদের প্রণামের রস তোমার ইাড়িভাঙা পায়েদের রস নয় — ওকে নষ্ট করতে পার্বে না কোনো পাঁকের অপদেবতা; স্থরের পাত্রে রইল ও চির্কালের মতো, চির্কালের শ্রামল বঁধুর ভোগে বর্ষে বর্ষে ওর অক্ষয় উৎসর্গ।

রাজা। কিছু মনে কোরো না নটরাজ, আমাদের সভাকবি হুঃসহ আধুনিক। ইাড়িভাঙা পায়েসের রস পাঁকে গড়ালে উনি সেটাকে নিয়ে চৌরপঙ্কশতক রচনা করতে পারেন, কিন্তু তৃপ্তি পান না সেই রসে যার সঙ্গে না আছে জঠরের যোগ, না আছে ভাগোরের। তোমার কাজ অসংকোচে করে যাও, এগানে অন্ত শ্রোতাও আছে।

নটরাজ। বনমালিনী, এবার তবে বর্ধাধারাস্থানের আমন্ত্রণ ঘোষণা করে দাও নূপুরের ঝংকারে, নৃত্যের হিল্লোলে। চেয়ে দেখো, শ্রাবণঘনশ্রামলার সিক্ত বেণীবন্ধন দিগন্তে স্থালিত, তার ছায়াবসনাঞ্চল প্রসারিত ঐ তমালতালীবনশ্রেণীর শিথরে শিথরে। এদো নীপবনে ছায়াবীথিতলে,
এদো করো স্নান নবধারাজলে।
দাও আকুলিয়া ঘন কালো কেশ,
পরো দেহ ঘেরি মেঘনীল বেশ—
কাজল নয়নে, যুথীমালা গলে,
এদো নীপবনে ছায়াবীথিতলে।
আজি খনে খনে হাসিখানি স্থী,
অধরে নয়নে উঠুক চমকি।
মন্ত্রারগানে তব মধুস্বরে
দিক্ বাণী আনি বনমর্মরে—
ঘন বরিষনে জলকলকলে
এসো নীপবনে ছায়াবীথিতলে॥

রাজা। উত্তম। কিন্তু চাঞ্চল্য যেন কিছু বেশি, বর্ধাশ্বতু তো বদস্ত নয়। নটরাজ। তা হলে ভিতরে তাকিয়ে দেখুন। দেখানে পুলক জেগেছে; দে পুলক গভীর, দে প্রশাস্ত।

সভাকবি। ঐতো মৃশকিল। ভিতরের দিকে? ও দিকটাতে বাঁধা রাস্তা নেই তো।

নটরাজ। পথ পাওয়া যাবে স্থারের ক্রোতে। অন্তরাকাশে সজল হাওয়া মৃথর হয়ে উঠল। বিরহের দীর্ঘনিখাস উঠেছে সেথানে— কার বিরহ জানা নেই। ওগো গীতরসিকা, বিশ্ববেদনার সঙ্গে হৃদয়ের বাগিণীর মিল করো।

ঝরে ঝর ঝর ভাদর-বাদর,
বিরহকাতর শর্বরী।
ফিরিছে এ কোন্ অদীম রোদন
কানন কানন মর্মরি।
আমার প্রাণের রাগিণী আজি এ
গগনে গগনে উঠিল বাজিয়ে।
হদয় এ কী রে ব্যাপিল তিমিরে
সমীরে সমীরে দঞ্চির ॥

রাজা। কীবল হে, কীমনে হচ্ছে তোমাব।

সভাকবি। সত্য কথা বলি, মহারাজ। অনেক কবিত্ব করেছি, অমরুশতক পেরিয়ে শান্তিশতকে পৌছবার বয়স হয়ে এল— কিন্তু এই যে এঁরা অশরীরী বিরহের কথা বলেন যা নিরবলম্ব, এটা কেমন যেন প্রেতলোকের ব্যাপার বলে মনে হয়।

রাজা। শুনলে তো, নটরাজ! একটু মিলনের আভাদ লাগাও, অন্তত দূর থেকে আশা পাওয়া যায় এমন আয়োজন করতে দোয কী।

শভাকবি। ঠিক বলেছেন, মহারাজ। পাত পেড়ে বদলে ওঁদের মতে যদি কবিস্থবিক্ষ হয়, অন্তত রাশ্লাঘর থেকে গন্ধটা বাতাদে মেলে দিতে দোষ কী।

. নটরাজ। বরমপি বিরহোন সঙ্গমস্ত স্থা। পেটভরা মিলনে স্থর চাপা পড়ে, একটু ক্ষা বাকি রাখা চাই, কবিরাজরা এমন কথা ব'লে থাকেন। আচ্ছা, তবে মিলনতরীর সারিগান বিরহবতার ও পার থেকে আস্থক সজল হাওয়ায়।

> ধরণীর গগনের মিলনের ছন্দে বাদল-বাতাস মাতে মালতীর গদ্ধে। উৎসবসভা-মাঝে প্রাবণের বীণা বাজে, শিহরে শ্রামল মাটি প্রাণের আনন্দে। ছই কূল আকুলিয়া অধীর বিভঙ্গে নাচন উঠিল জেগে নদীর তর্দ্ধে। কাঁপিছে বনের হিয়া বর্ষনে মুখ্রিয়া, বিজ্ঞলি ঝলিয়া উঠে নব্দন্মক্রে॥

রাজা। এ গানটাতে একটু উৎসাহ আছে। দেগছি, তোমার মৃদক্ষওয়ালার হাত ছটো অস্থির হয়ে উঠেছে— ওকে একটু কাজ দাও।

নটরাজ। এবার তা হলে একটা অশ্রত গীতচ্ছদের মূর্তি দেখা যাক। সভাকবি। শুনলেন ভাষাটা! অশ্রত গীত! নিরন্ন ভোজনের আয়োজন! রাজা। দোষ দিয়ো না, যাদের যেমন রীতি। তোমাদের নিমন্ত্রণে আমিষের প্রাচুষ।

সভাকবি। আজ্ঞা হাঁ মহারাজ, আমরা আধুনিক, আমিষলোলুপ। নটরাজ। শ্রামলিয়া, দেহভঙ্গীর নিঃশব্দ গানের জন্মে অপেকা করছি।

#### नांচ

রাজা। অতি উত্তম। শৃত্যকে পূর্ণ করেছ তুমি। এই নাও পুরস্কার। নটরাজ, তোমাদের পালাগানে একটা জিনিস লক্ষ্য করে দেখেছি, এতে বিরহের অংশটাই

যেন বেশি। তাতে ওজন ঠিক থাকে না।

নটরাজ। মহারাজ, বদের ওজন আয়তনে নয়। সমস্ত গাছ এক দিকে, একটিমাত্র ফুল এক দিকে— তাতেও ওজন থাকে। অসীম অন্ধকার এক দিকে, একটি তারা এক দিকে- তাতেও ওজনের ভূল হয় না। বিরহের সরোবর হোক-না অকূল, তারই মধ্যে একটিমাত্র মিলনের পদাই যথেষ্ট।

সভাকবি। এঁদের দেশের লোক বাচালের সেরা, কথায় পেরে উঠবেন না।
আমি বলি দন্ধি করা যাক— ক্ষণকালের জন্তে মিলনও ক্ষান্ত দিক, বিরহও চুপ মেরে
থাক্। প্রাবণ তো মেয়ে নয় মহারাজ, দে পুরুষ, ওঁর গানে দেই পুরুষের মৃতি
দেখিয়ে দিন্-না।

নটরাজ। ভালোবলেছ, কবি। তবে এসো উগ্রসেন, উন্মন্তকে বাঁধো কঠিন ছন্দে, বজ্রকে মঞ্জীর ক'রে নাচূক ভৈরবের অফ্চর।

হান য়ে মন্ত্রিল ডমক গুরুগুক,
ঘন মেঘের ভূক কুটিল কুঞ্তি।
হল রোমাঞ্চিত বনবনাস্তর,
ছলল চঞ্চল বক্ষোহিন্দোলে
মিলনস্বপ্লে দে কোন্ অতিথি রে!
সঘনবর্ষণ-শব্ধ-মুণরিত
বজ্রসচকিত ক্রন্ত শর্বরী,
মালতীবল্লরী কাঁপার পল্লব
করুণ কলোলে, কানন শহ্বিত
ঝিলিঝংকত॥

রাজা। এই তো নৃত্য! কঠিনের বক্ষপ্লাবী আনন্দের নির্মর। এ তো মন ভোলাবার নয়, এ মন দোলাবার।

সভাকবি। কিন্তু এই তুর্দম আবেগ বেশিক্ষণ সইবে না। ঐ দেখুন, আপনার পারিষদের দল নেপথোর দিকে ঘন ঘন তাকাচ্ছে। কড়াভোগ ওদের গলা দিয়ে নামে না, একটু মিঠুয়া চাই।

রাজা। নটরাজ, ভনলে তো। অতএব কিঞ্চিং মিষ্টান্নমিতরেজনাঃ।

নটরাজ। প্রস্তুত আছি। তা হলে প্রাবণপূর্ণিমার লুকোচুরির কথাটা ফাঁস করে দেওয়া যাক। ওগো শ্রাবণের পূর্ণিমা আমার
আজি রইলে আড়ালে।
স্বপনের আবরণে লুকিয়ে দাঁড়ালে।
আপনারি মনে জানি নে একেল।
ক্রম-আঙিনায় করিছ কী থেলা,
তৃমি আপনায় খুঁজে কি ফের'
কি তৃমি আপনায় হারালে।
এ কি মনে রাথা, এ কি ভূলে যাওয়া,
এ কি শ্রোতে ভাসা, এ কি ক্লে বাওয়া।
কভু বা নয়ানে কভু বা পরানে
কর' লুকোচুরি কেন-যে কে জানে,
কভু বা ছায়ায় কভু বা আলোয়
কোন দোলায়-যে নাড়ালে।

রাজা। বুঝতে পারলুম না এঁর মনোরঞ্জন হল কিনা। সে অসাধ্য চেষ্টায় প্রয়োজন নেই। আমার অন্থরোধ এই, রসের ধারাবর্ধণ যথেষ্ট হয়েছে, এখন রসের ঝোড়ো হাওয়া লাগিয়ে দাও।

নটরাজ। মহারাজ, আপনার দক্ষে আমারও মনের ভাব মিলছে। এবার শ্রাবণের ভেরীধ্বনি শোনা যাক। স্বপ্তকে জাগিয়ে তুলুক, চেতিয়ে তুলুক অশুমনাকে।

ওরে ঝড় নেমে আয়, আয় রে আমার শুকনো পাতার ডালে—
এই বরষায় নবখামের আগমনের কালে।
যা উদাসীন, য়া প্রাণহীন, য়া আনন্দহারা
চরম রাতের অখ্যারায় আজ হয়ে য়াক সারা -যাবার যাহা যাক সে চলে রুদ্রনাচের তালে।
আসন আমার পাততে হবে রিক্ত প্রাণের ঘরে,
নবীন বসন পরতে হবে সিক্ত বুকের 'পরে।
নদীর জলে বান ডেকেছে, কুল গেল তার ভেসে,
যুথীবনের গন্ধবাণী ছুটল নিরুদ্দেশে—
পরান আমার জাগল বুঝি মরণ-অস্তরালে॥

বাজা। আমার সভাকবিকে বিমর্থ করে দিয়েছ। তোমাদের এই গানে গানকে

ছাড়িয়ে গানের কবিকে দেখা যাচ্ছে বেশি, এখানে ইনি দেখছেন ওঁব প্রতিদ্দীকে। মনে মনে তর্ক করছেন, কী ক'রে আধুনিক ভাষায় এর খুব একটা কর্কশ জবাব দেওয়া যায়। আমি বলি— কাজ নেই, একটা সাদা ভাবের গান সাদা হুরে ধরো, যদি সম্ভব হয় ওঁর মনটা হুস্থ হোক।

নটরাজ। মহারাজের আদেশ পালন করব। আমাদের ভাষায় ষতটা সম্ভব সহজ করেই প্রকাশ করব, কিন্তু যত্ত্বেকতে যদি ন সিধ্যতি কোহত্রদোষঃ। সকরুণা, এই বারিপতনশব্দের সঙ্গে মিলিয়ে বিচ্ছেদের আশঙ্কাকে স্থরের যোগে মধুর করে তোলো।

ভেবেছিলেম আসবে ফিরে,

তাই ফাগুন-শেষে দিলেম বিদায়। যখন গেলে তথন ভাগি নয়ননীরে.

এখন প্রাবণদিনে মরি দ্বিধায়।
বাদল-পাঁঝের অন্ধকারে
আপনি কাঁদাই আপনারে,

একা ঝরো ঝরো বারিধারে

ভাবি কী ডাকে ফিরাব তোমায়।

যখন থাক আঁথির কাছে

তথন দেখি ভিতর বাহির সব ভ'রে আছে।

সেই ভরা দিনের ভরসাতে চাই বিরহের ভয় ঘোচাতে,

তবু তৌমা-হারা বিজন রাতে কেবল 'হারাই হারাই' বাজে হিয়ায়॥

সভাকবি। নটরাজ, আমার ধারণা ছিল বসস্ত ঋতুরই ধাতট। বায়ুপ্রধান— সেই বায়ুর প্রকোপেই বিরহমিলনের প্রলাপটা প্রবল হয়ে ওঠে। কফপ্রধান ধাত বর্ধার—কিন্তু তোমার পালায় তাকে ক্ষেপিয়ে তুলেছ। রক্ত হয়েছে তার চঞ্চল। তা হলে বর্ধায় বসন্তে প্রভেদটা কী।

নটরাজ। সোজা কথায় বুঝিয়ে দেব— বদস্তের পাথি গান করে, বর্ধার পাথি উড়ে চলে।

সভাকবি। তোমাদের দেশে এইটেকেই সোজা কথা বলে! আমাদের প্রতি কিছু দয়া থাকে যদি কথাটা আরও সোজা করতে হবে। নটরাজ। বদন্তে কোকিল ডালপালার মধ্যে প্রচ্ছন্ন থেকে বনচ্ছায়াকে সকরুণ করে তোলে— আব বর্ধায় বলাকাই বল, হংসশ্রেণীই বল, উধাও হয়ে মৃক্ত পথে চলে শৃত্যে— কৈলাসশিথর থেকে বেরিয়ে পড়ে অকৃল সন্ত্রতির দিকে। ভাবনার এই ত্ই জাত আছে। ন্থের তর্ক ছেড়ে স্থ্রের ব্যাখ্যা ধরা যাক। পুরবিকা, ধরো গান।

কোলে কোলে যায় রে চলে বকের পাঁতি; মেঘের ঘরছাড়। মোর মনের কথা যায় বুঝি ঐ গাঁথি গাঁথি। ওরা হুদুরের বাঁশির স্বরে (क अर्पत अमग्र श्रत, ত্রাশার ত্রংসাহসে উদাস করে; উধাও হাওয়ার পাগলামিতে পাথা ওদের ওঠে মাতি। ঘুম ছুটেছে, ভয় টুটেছে একেবারে; ওদের অলক্ষেতে লক্ষ্য ওদের, পিছন পানে তাকায় না রে! যে বাসা ছিল জানা. দে ওদের দিল হানা, না জানার পথে ওদের নাই রে মানা; দিনের শেষে দেখেছে কোন মনোহরণ আধার রাতি ॥ ওরা

নটরাজ। আপনার ঐ সভাকবির মৃথখান। কিছুক্ষণ বন্ধ রাখুন। ওঁর গোমুখীবিনিঃস্বত বাক্যনিঝর এ দেশের কঠোর শিলাখণ্ডের উপর পাক থেয়ে বেড়াক। আমরা এনেছি স্থরলোকের ধারা— আলোকের সভাপ্রাঙ্গণ ধ্য়ে দিতে হবে। কাজ শেষ হলেই বিদায় নেব।

রাজা। আচ্ছা নটরাজ, তোমার পথের উপদ্রবকে নিরস্ত রাথব। পাল তুলে চলে যাও।

নটরাজ। মঞ্লা, তা হলে হাওয়াটা শোধন করে নিয়ে আর-একবার আবাহন-গান ধরো।

> তৃষ্ণার শাস্তি, স্বন্দরকাস্তি, তুমি এলে নিখিলের সন্তাপভঞ্জন।

আঁক' ধরাবক্ষে
দিক্বধ্চক্ষে
স্থশীতল স্ককোমল শ্রামরসরঞ্জন।
এলে বীর, ছন্দে—
তব কটিবন্ধে
বিছাৎ-অদিলতা বেজে ওঠে বাঞ্জন।
তব উত্তরীয়ে
ছায়া দিলে ভরিয়ে
তমালবনশিগরে নবনীল-অঞ্জন।
বিল্লির মক্রে
মালতীর গন্ধে
মিলাইলে চঞ্চল মধুকরগুঞ্জন।
নৃত্যের ভঙ্গে
এলে নবরঙ্গে,
সচকিত পল্লবে নাচে যেন গঞ্জন॥

রাজা। ওহে নটরাজ, সভাকবির মৃথে আর শব্দমাত্র নেই। এর চেয়ে বড়ো সাধুবাদ আর আশা কোরো না।

সভাকবি। আছে মহারাজ, আছে, বলবার বিষয় আছে— হঠাৎ মৃথ বন্ধ করে দেবেন না।

রাজা। আচ্ছা, বলো।

সভাকবি। আমি আধুনিক বটে, কিন্তু নাচ সম্বন্ধে আমি প্রাচীনপন্থী। রাজা। কী বলতে চাও।

সভাকবি। নৃত্যকলায় দোষ আছে, ওটাকে হেয় করে রাগাই শ্রেয়।

রাজা। কাব্যে কোথাও কোনো দোষ সম্ভব নয় বুঝি! কত কালিদাস এবং অকালিদাস দেখা গেল, ওঁদের শ্লোকগুলোর মধ্যে পাঁক বাঁচিয়ে চলা দায় যে।

সভাকবি। কাব্য বলুন, গীতকলা বলুন, ওরা অভিজাতশ্রেণীয়, ওদের দোষকেও শিরোধার্য করতে হয়। কিন্তু ঐ নৃত্যকলার আভিজাত্য নেই, গৌড়দেশের ব্রাহ্মণর। ওকে অনাচরণীয়া ব'লে থাকেন।

নটরাজ। কবিবর, তোমার গৌড়দেশের স্চনা হ্বার বহু পূর্বে যখন আদিদেবের

আহ্বানে স্প্টি-উৎসব জাগল তগন তার প্রথম আরম্ভ হল আকাশে আকাশে বহিমালার নৃত্যে। স্প্রচন্দ্রের নৃত্য আজও বিরাম পেল না, ষড় ঋতুর নৃত্য আজও চলেছে পৃথিবী প্রদক্ষিণ করে। স্বরলোকে আলোক-অন্ধকারের যুগলনৃত্য, নরলোকে আলাস্ত নৃত্য জন্মমৃত্যুর, স্প্টির আদিম ভাষাই এই নৃত্য, তার অন্তিমেও উন্মন্ত হয়ে উঠবে এই নৃত্যের ভাষাতেই প্রলয়ের অগ্নিটিনী। মাহ্যের অঙ্গে অঙ্গের আনন্দকে তর্ক্বিত করবার ভার নিয়েছি আমরাই; তোমাদের মোহাচ্ছন্ন চোগে নির্মল দৃষ্টি জাগাব, নইলে বুথা আমাদের সাধনা।

মম চিত্তে নিতি নৃত্যে কে যে নাচে
তাতা থৈ থৈ, তাতা থৈ থৈ, তাতা থৈ থৈ।
তারি সঙ্গে কী মৃদঙ্গে সদা বাজে
তাতা থৈ থৈ, তাতা থৈ থৈ, তাতা থৈ থৈ।
হাসিকান্না হীরা পান্না দোলে ভালে;
কাপে ছন্দে ভালো মন্দ তালে তালে;
নাচে জন্ম, নাচে মৃত্যু পাছে পাছে
তাতা থৈ থৈ, তাতা থৈ থৈ, তাতা থৈ থৈ।
কী আনন্দ, কী আনন্দ, কী আনন্দ
দিবারাত্রি নাচে মৃক্তি, নাচে বন্ধ;
সে তরঙ্গে ছুটি রঙ্গে পাছে পাছে
তাতা থৈ থৈ, তাতা থৈ থৈ, তাতা থৈ থৈ॥
তাতা থৈ থৈ, তাতা থৈ থৈ, তাতা থৈ থৈ॥

রাজা। এর উপরে আর কথা চলে না। এখন আমার একটা অম্পরোধ আছে। আমি ভালোবাদি কড়া পাকের রস। বর্ধার স্বটাই তো কালা নয়, ওতে আছে ঐরাবতের গর্জন, আছে উচ্চৈঃশ্রবার দৌড়।

নটরাজ। আছে বই কি। এসো তবে বিহ্যুন্ময়ী, শ্রাবণ যে স্বয়ং বজ্ঞপাণি মহেন্দ্রের সভাসদ্, নৃত্যে ত্বরে তোমরা তার প্রমাণ করে দাও।

দেখা না-দেখায় মেশা হে বিছাৎলতা,
কাঁপাও ঝড়ের বুকে এ কী ব্যাকুলতা।
গগনে সে ঘুরে ঘুরে খোঁজে কাছে, গোঁজে দূরে;
সহসা কী হাসি হাস', নাহি কত কথা।

আঁধার ঘনায় শৃত্যে; নাহি জানে নাম, কী রুদ্র সন্ধানে সিন্ধু তুলিছে তুর্দাম। অরণ্য হতাশ প্রাণে আকাশে ললাট হানে; দিকে দিকে কোঁদে ফিরে কী ত্বংসহ ব্যথা॥

নটরাজ। ওহে ওন্তাদ, তোমার গানের পিছনে পিছনে ঐ যে দলে দলে মেঘ এসে জুটল। গরজত বর্থত চমকত বিজুরী। ত্ই পক্ষের পালা চলুক। হরে তালে কথায়, আর মেঘে বিহাতে ঝড়ে।

পথিক মেঘের দল জোটে ঐ প্রাবণগগন-অঙ্গনে।
মন রে আমার, উধাও হয়ে নিজন্দেশের সঙ্গ নে।
দিক্-হারানো তুংসাহসে সকল বাঁধন পড়ুক থসে;
কিসের বাধা ঘরের কোণে শাসনসীমালজ্যনে।
বেদনা তোর বিজুলশিখা জলুক অন্তরে,
সর্বনাশের করিদ সাধন বজ্রমন্তরে।
অজ্বানাতে করবি গাহন, ঝড় সে হবে পথের বাহন;
শেষ ক'রে দিদ আপ নারে তুই প্রলয়রাতের ক্রন্ননে॥

সভাকবি। ঐ রে ঘূরে ফিরে আবার এসে পড়ল—সেই অজানা, সেই নিকদ্দেশের পিছনে-ছোটা পাগলামি।

নটরাজ। উজ্জয়িনীর সভাকবিরও ছিল ঐ পাগলামি। মেঘ দেখলেই তাঁকেও পেয়ে বসত অকারণ উৎকণ্ঠা; তিনি বলেছেন, মেঘালোকে ভবতি স্থানোহপ্যভাগাবৃত্তি চেতঃ— এখানকার সভাকবি কি তার প্রতিবাদ করবেন।

সভাকবি। এত বড়ো দাহদ নেই আমার। কালিদাদকে নমস্কার ক'রে যথাদাধ্য চেষ্টা করব মেঘ-দেখা হাহুতাশটাকে মনে আনতে।

নটরাজ। আচ্ছা, তবে থাক্ কিছুক্ষণ হাহতাশ, এখন অন্ত কথা পাড়া যাক। মহারাজ, সব চেয়ে যারা ছোটো, উৎসবে সব চেয়ে সত্য তাদেরই বাণী। বড়ো বড়ো শাল তাল তমালের কথাই কবিরা বড়ো করে বলেন— যে কচিপাতাগুলি বন জুড়ে কোলাহল করে তাদের জন্তে স্থান রাখেন অল্পই।

রাজা। সত্য বলেছ, নটরাজ। ক্রিয়াকর্মের দিনে পাড়ার বুড়ো বুড়ো কর্তারা ভাঙা গলায় হাঁকডাক করে, কিন্তু উৎসব জমে ওঠে শিশুদের কলরবে।

নটরাজ। ঐ কথাটাই বলতে যাচ্ছিলুম। কিশলয়িনী, এসো তুমি প্রাবণের আসরে।

প্র। অকারণে চঞ্চল;

ডালে ডালে দোলে বাযুহিলোলে

নব প্রবদল।

বাতাদে বাতাদে প্রাণভর। বাণী

শুনিতে পেয়েছে কথন কী জানি,

মর্মরতানে দিকে দিকে আনে কৈশোর-কোলাহল।

প্র। কান পেতে শোনে গগনে গগনে মেঘে মেঘে কানাকানি,

বনে বনে জানাজানি।

প্র। প্রাণ-ঝরনার উচ্ছল ধার

ঝরিয়া ঝরিয়া বহে অনিবার,

চিরতাপদিনী ধরণীর প্র। শ্রামশিধা হোমানল॥

রাজা। সাধু সাধু! কিন্তু নটরাজ, এ হল ললিত চাঞ্চল্য— এবার একটা তুর্ললিত চাঞ্চল্য দেখিয়ে দাও।

নটরাজ। এমন চাঞ্চল্য আছে যাতে বাঁধন শক্ত করে, আবার এমন আছে যাতে শিকল ছেড়ে। সেই মৃক্তির উদ্বেগ আছে শ্রাবণের অন্তরে। এসো তে। বিজ্লি, এসো বিপাশা।

হা নে, বে বে, বে বে, আমায় ছেড়ে দে বে, দে বে—

যেমন ছাড়া বনের পাথি মনের আনন্দে রে।

ঘন শ্রাবণধারা যেমন বাধন-হারা,

বাদল বাতাদ যেমন ডাকাত আকশি লুটে ফেরে।

হা রে, বে রে, বে রে, আমায় রাথবে ধ'রে কে রে—

দাবানলের নাচন যেমন দকল কানন ঘেরে,

বজ্ঞ যেমন বেংগ গর্জে ঝড়ের মেঘে,

অট্রাস্তে দকল বিল্ল- বাধার বক্ষ চেরে॥

শভাকবি। মহারাজ, আমাদের তুর্বল ফচি, ক্ষীণ আমাদের পরিপাকশক্তি। আমাদের প্রতি দয়ামায়া রাথবেন। জানেন তো, আহ্বাণা মধুরপ্রিয়াঃ। রুদ্ররস রাজ্যুদেরই মানায়।

নটরাজ। আচ্ছা, তবে শোনো। কিন্তু বলে রাখছি, রদ জোগান দিলেই যে রদ ভোগ করা যায় তা নয়, নিজের অন্তরে রসরাজের দয়া থাকা চাই। মম মন-উপবনে চলে অভিদাবে আঁধার রাতে বিরহিণী রক্তে তারি নূপুর বাজে রিনি রিনি। তৃক তৃক করে হিনা, মেঘ উঠে গরজিয়া. ঝিল্লি ঝনকে ঝিনি ঝিনি। মন মন-উপবনে ঝরে বারিধারা, গগনে নাহি শশী তারা। বিজুলির চমকনে মিলে আালো খনে খনে, পনে খনে পথ ভোলে উদাদিনী॥

নটরাজ। অরণ্য আজ গীতহীন, বর্গাধারায় নেচে চলেছে জলপ্রোত বনের প্রাঙ্গণে— যনুনা, তোমরা তারই প্রচ্ছন স্থবের নৃত্য দেখিয়ে দাও মহারাজকে।

নাচ

রাজ।। তোমার পালা বোধ হচ্ছে শেষের দিকে পৌছল— এইবার গভীরে নামো যেগানে শান্তি, যেগানে স্তরতা, যেগানে জীবনমরণের সন্মিলন। নটরাজ। আমারও মন তাই বল্ছে।

বজে তোমার বাজে বাশি সে কি সহজ গান।
সেই স্থারতে জাগব আমি, দাও মোরে সেই কান।
ভূলব না আর সহজেতে, সেই প্রাণে মন উঠবে মেতে
মৃত্যুমাঝে ঢাকা আছে যে অন্তহীন প্রাণ।
সে বড় যেন সই আনন্দে চিত্তবীণার তারে,
সপ্তসিদ্ধু দিক্-দিগন্ত জাগাও যে বাংকারে।
আরাম হতে ছিন্ন ক'রে সেই গভীরে লও গো মোরে
অশান্তির অন্তরে যেথায় শান্তি স্ব্যহান॥

নটরাজ। মহারাজ, রাত্রি অবদানপ্রায়। গানে আপনার অভিনিবেশ কি ক্লান্ত হয়ে এল।

রাজা। কী বলো, নটরাজ। মন অভিষিক্ত হতে সময় লাগে। অন্তরে এখন রস প্রবেশ করেছে। আমার সভাকবির বিরস মুখ দেখে আমার মনের ভাব অন্তমান কোরো না। প্রহর গণনা ক'রে আনন্দের সীমানির্ণয়! এ কেমন কথা! সভাকবি। মহারাজ, দেশকালপাত্রের মধ্যে দেশও অসীম, কালও অসীম, কিন্তু আপনার পাত্রদের ধৈর্ঘের সীমা আছে। তোরণদার থেকে চতুর্থ প্রহরের ঘণ্টা বাজল, এগন সভাভঙ্গ করলে সেটা নিন্দনীয় হবে না।

রাজা। কিন্তু তংপূর্বে উষাসমাগমের একটা অভিনন্দন-গান হোক। নইলে ভদ্রীতিবিঞ্চ হবে। যে-অন্তগমন নব অভ্যুদয়ের আখাস না রেথেই যায় সে তে। প্রান্যসন্ধ্যা।

নটরাজ। এ কথা সত্য। তবে এশো অরুণিকা, জাগাও প্রভাতের আগমনী। বিধবেদাতে প্রাবণের রসদান্যজ্ঞ সমাধা হল। প্রাবণ তার কমগুলু নিঃশেষ করে দিয়ে বিদায়ের মূথে দাঁভিয়েছে। শরতের প্রথম উষার স্পর্শমণি লেগেছে আকাশে।

দেখো দেখো, শুকতারা আঁপি মেলি চায়
প্রভাতের কিনারায়।

ডাক দিয়েছে রে শিউলি ফুলেরে—
আয় আয় আয়।
প্র যে কার লাগি জালে দীপ,
কার ললাটে পরায় টিপ,
প্র যে কার আগমনী গায়—
আয় আয় আয়।
জাগো জাগো স্থা,
কাহার আশায় আকাশ উঠিল পুলকি।
মালতীর বনে বনে
এ শোনো ক্ষণে ক্ষণে
কহিছে শিশিরবায়—
আয় আয় আয় ॥

নটরাজ। মহারাজ, শরৎ দ্বারের কাছে এসে পৌচেছে, এইবার বিদায়গান। রসলোক থেকে আপনার সভাকবি মৃক্তি পেলেন বস্তুলোকে। সভাকবি। অর্থাৎ, অপদার্থ থেকে পদার্থে।

> বাদলধারা হল সারা, বাজে বিদায়-স্থর। গানের পালা শেষ করে দে, যাবি অনেক দূর।

ছাড়ল থেয়া ও পার হতে ভাছদিনের ভরা স্রোতে,
ছুলছে তরী নদীর পথে তরঙ্গবরূর।
কদমকেশর ঢেকেছে আজ বনপথের ধূলি,
মৌমাছিরা কেয়াবনের পথ গিয়েছে ভূলি।
অরণ্যে আজ শুক হাওয়া, আকাশ আজি শিশির ছাওয়া,
আলোতে আজ শ্বতির আভাস বৃষ্টির বিন্দুর ॥

# নৃত্যনাট্য চিত্রাঙ্গদা

#### বিজ্ঞপ্তি

এই প্রন্থের অধিকাংশই গানে রচিত এবং সে গান নাচের উপযোগী।
এ কথা মনে রাখা কর্তব্য যে, এই-জাতীয় রচনায় স্বভাবতই স্থর ভাষাকে
বহুদূর অতিক্রম ক'রে থাকে, এই কারণে স্থরের সঙ্গ না পেলে এর বাক্য
এবং ছন্দ পঞ্ছয়ে থাকে। কাব্য-আবৃত্তির আদর্শে এই শ্রেণীর রচনা
বিচার্য নয়। যে পাখির প্রধান বাহন পাখা, মাটির উপরে চলার সময়
ভার অপটুতা অনেক সময় হাস্তকর বোধ হয়

## দৃখ্য

মণিপুর-অরণ্য

মণিপুর-প্রাসাদ

পাত্র

অর্জুন চিত্রাঙ্গদা স্থাগণ মদন অর্জুনের বক্সপরিচর গ্রামবাসীগণ


### ভূমিকা

প্রভাতের আদিম আভাস অরুণবর্ণ আভার আবরণে।
অর্ধস্থপ্ত চক্ষ্র 'পরে লাগে তারই প্রথম প্রেরণা।
অবশেষে রক্তিম আবরণ ভেদ ক'রে সে আপন নিরঞ্জন শুল্লতায়
সমূজ্জ্ল হয় জাগ্রত জগতে।
তেমনি সৈত্যের প্রথম উপক্রম সাজসজ্জার বহিরঙ্গে,
বর্ণবৈচিথ্যে,

তারই আকর্ষণ অসংস্কৃত চিত্তকে করে অভিভূত। একদা উন্মূক্ত হয় সেই বহিরাচ্চাদন, তথনই প্রবৃদ্ধ মনের কাছে তার পূণ বিকাশ।

এই তথাট চিত্রাঙ্গদা নাট্যের মর্যক্ষা।
এই নাট্যকাহিনীতে আছে—
প্রথমে প্রেমের বন্ধন মোহাবেশে,
পরে তার মৃক্তি সেই কুহক হতে

১হজ সন্তোর নিরলংক্ত মহিমায়॥



# िछ। अप

মণিপুররাজের ভক্তিতে তুই হয়ে শিব বর দিয়েছিলেন যে, তাঁর বংশে কেবল পুত্রই জন্মাবে। তৎসত্তেও যখন রাজকুলে চিআঙ্গার জন্ম হল তখন রাজা তাঁকে পুত্ররপেই পালন করলেন। রাজকতা। অভ্যাস করলেন ধমুর্বিতা; শিক্ষা করলেন যুদ্ধবিতা, রাজদণ্ডনীতি।

অর্জুন দাদশব্ধব্যাপী ব্রহ্মচয্ত্রত গ্রহণ ক'রে ভ্রমণ করতে করতে এসেছেন মণিপুরে। তথন এই নাটকের আখ্যান আরম্ভ।

> মোহিনী মায়া এল, **धन** रशेवनकुक्षवत् । এল হৃদয়শিকারে, এল গোপন পদসঞ্চারে, এল স্বর্ণকিরণবিজডিত অন্ধকারে। পাতিল ইন্দ্রজালের ফাঁসি, হাওয়ায় হাওয়ায় ছায়ায় ছায়ায় বাজায় বাশি। করে বীরের বীর্য-পরীক্ষা, হানে সাধুর সাধনদীকা, পর্বনাশের বেড়াজাল বেটিল চারি ধারে। এসো স্থন্য নিরলংকার, এসো সত্য নিরহংকার---স্বপ্লের তুর্গ হানো, আনো মৃক্তি আনো, ছলনার বন্ধন ছেদি এসে। পৌরুষ-উদ্ধারে।

5

প্রথম দৃশ্যে চিত্রাঙ্গদার শিকার আয়োজন গুরু গুরু গুরু ঘন মেঘ গরজে পর্বতশিখরে, অরণ্যে তমশ্ছায়া। মৃথর নির্বরকলকল্লোলে ব্যাধের চরণধ্বনি শুনিতে না পায় ভীরু হরিণদম্পতি।

চিত্রব্যান্ত পদনধচিহ্নরেথাশ্রেণী রেখে গেছে ঐ পথপদ্ধ-'পরে,

দিয়ে গেছে পদে পদে গুহার সন্ধান।

#### বনপথে অজুন নিঞ্জিত

শিকারের বাধা মনে করে চিত্রাঙ্গদার দখী তাঁকে তাড়না করবে

षर्ज्न। षर्शकी इःमश्रम्भर्गा,

অৰ্জুনে যে করে অশ্রদ্ধা কোথা তার আশ্রম !

চিত্রাঙ্গদা। অর্কুন ! তুমি অর্কুন !

বালকবেশীদের দেখে সকৌতুক অবজ্ঞায়

অর্জুন। হাহা হাহা হাহা হাহা, বালকের দল,
মা'র কোলে যাও চলে, নাই ভয়।
অহো কী অন্তত কৌতুক !

[ প্রস্থান

চিত্রাঙ্কদা। অর্জুন! তুমি অর্জুন! ফিরে এদো, ফিরে এদো, ক্ষমা দিয়ে কোকো না অদম্মান, যুদ্ধে করো আহ্বান! বীর-হাতে মৃত্যুর গৌরব করি যেন অফুভব— অর্জুন! তুমি অজুন!

হা হতভাগিনী, এ কী অভ্যৰ্থনা মহতের, এল দেবতা তোর জগতের, গেল চলি, গেল তোরে গেল ছলি—

অর্জুন! তুমি অর্জুন!

দখীগণ। বেলা যায় বহিয়া,

দাও কহিয়া

কোন্ বনে যাব শিকারে।

কাজন মেদে সজন বায়ে হরিণ ছুটে বেণুবনচ্ছায়ে।

চিত্রাঙ্গদা। থাক্থাক্মিছে কেন এই থেলা আর । জীবনে হল বিত্ঞা,

আপনার 'পরে ধিকার।

আন্ম-উন্দী,পনার গান

ওবে ঝড় নেমে আয়, আয় রে আমার শুকনো পাতার ভালে,

> এই বরষায় নবস্থামের আগমনের কালে। যা উদাসীন, যা প্রাণহীন, যা আনন্দহারা,

চরম রাতের অশ্রধারায়

আজ হয়ে যাক সারা;

যাবার যাহা যাক সে চলে

রুদ্র নাচের তালে।

আসন আমার পাততে হবে

রিক্ত প্রাণের ঘরে,

নবীন বসন পরতে হবে

সিক্ত বুকের 'পরে।
নদীর জলে বান ডেকেছে
কুল গেল তার ভেসে,
যূণীবনের গদ্ধবাণী
ছুটল নিক্দেশে—
পরান আমার জাগল বৃঝি
মরণ-অন্তরালে॥

मशी। मश्री, की प्रभा प्रिशित जुमि! এক পলকের আঘাতেই পদিল কি আপন পুরানে। পরিচয়। রবিকরপাতে কোরকের আবরণ টুটি মাধৰী কি প্ৰথম চিনিল আপনাৱে। চিত্ৰাঞ্চন। বঁধু, কোন্ আলো লাগল চোথে ! বুঝি দীপ্তিরূপে ছিলে স্থলোকে! ছিল মন তোমারি প্রতীক্ষা করি যুগে যুগে দিন বাত্রি ধরি, ছিল মৰ্মবেদনাঘন অন্ধকারে, জন্ম-জনম গেল বিরহশোকে। अफूर्वभक्षती कूक्ष्रदान, সংগীতশৃস্ত বিষয় মনে দশীরিক্ত চিরত্ব:খরাতি পোহাব কি নিৰ্জনে শয়ন পাতি! হন্দর হে, হ্রন্দর হে, বরমাল্যখানি তব আনো বহে, অবগুঠনছায়া ঘূচায়ে দিয়ে হেরো লজ্জিত স্মিতমুখ শুভ আলোকে॥

্প্ৰস্থান

বতা অমুচরদের দঙ্গে অজুনের প্রবেশ ও নৃত্য

Ş

স্থীদের গান

যাও যদি যাও তবে
তোমায় ফিরিতে হবে
বার্থ চোখের জলে
আমি লুটাব না ধ্লিতলে,
বাতি নিবায়ে যাব না যাব না
মোর জীবনের উৎসবে।
মোর সাধনা ভীরু নহে,
শক্তি আমার হবে মৃক্ত
দ্বার যদি রুদ্ধ রহে।
বিন্থ মৃহুর্তেরে করি না ভয়—
হবে জয়, হবে জয়,
দিনে দিনে হৃদয়ের গ্রন্থি তব
থলিব প্রেমের গৌরবে॥

স্থীসহ স্নানে আগমন

6िबाक्ना।

শুনি ক্ষণে ক্ষণে মনে মনে
অতল জ্বলের আহ্বান।
মন রয় না, রয় না, রয় না ঘরে,
চঞ্চল প্রাণ।
ভাসায়ে দিব আপনারে
ভরা জোয়ারে,
সকল ভাবনা-ভূবানো ধারায়
করিব স্থান।
ব্যর্থ বাসনার দাহ
হবে নির্বাণ।

চেউ দিয়েছে জ্বলে। চেউ দিল আমার মর্মতলে। এ কা ব্যাকুলতা আজি আকাশে,
এই বাতাদে

শ্বে উতলা অপ্দরীর উত্তরীয়
করে রোমাঞ্চ দান,
দ্ব দিন্ধৃতীরে কার মঞ্জীরে
গুঞ্জরতান ॥

স্থীদের পতি

দে তোর। আমায় নৃতন ক'রে দে
নৃতন আভরণে।
হেমস্তের অভিসম্পাতে
রিক্ত অকিঞ্চন কাননভূমি;
বদক্তে হোক দৈন্তবিমোচন
নব লাবণ্যধনে।
শৃত্য শাখা লক্ষা ভূলে যাক
পল্লব-আবরণে।

मशीगन।

বাজুক প্রেমের মায়ামন্ত্র
পুলকিত প্রাণের বীণাষত্ত্র

<u>চিরস্থলরের অভিবল্</u>না।
আনন্দক্ষল নৃত্য অঙ্গে অঙ্গে বতে যাক
হিল্লোলে হিলোলে,
যৌবন পাক্ সন্থান
বাঞ্চিত্রমন্দিলনে ॥

্ সকলের প্রস্থান >

অজু নের প্রবেশ ও ধ্যানে উপবেশন তাঁকে প্রদক্ষিণ ক'রে চিত্রাঙ্গদার নৃত্য

চিত্ৰাঙ্গদা ৷

আমি তোমারে করিব নিবেদন আমার হৃদয় প্রাণ মন ! অর্জুন।

ক্ষমা করে। আমায়, বরণযোগ্য নহি বরাঙ্গনে, এক্ষচারী এতধারী।

[ প্রস্থান

চিত্রাঙ্গদা।

হায় হায়, নারীরে করেছি ব্যর্থ দীর্ঘকাল জীবনে আমার। ধিক ধন্তঃশর!

ধিক বাছবল!

মুহূর্তের অশ্রবক্তাবেগে

ভাসায়ে দিল যে মোর পৌক্ষসাধনা। অক্কতার্থ যৌবনের দীর্ঘধাসে বসন্তেরে করিল ব্যাকুল॥

রোদন-ভরা এ বসস্থ

কখনো আদে নি বুঝি আগে।

মোর বিরহবেদনা রাঙালে। কিংশুকর্বক্তিমরাগে।

স্থীগণ। তোমার বৈশাথে ছিল

প্রথব রৌদের জালা,

কখন বাদল

আনে আযাঢ়ের পালা,

হায় হায় হায়।

চিত্রাঙ্গদা।

কুঞ্জারে বন্মলিকা

সেজেছে পরিয়া নব পত্রালিকা,

দারা দিন-রজনী অনিমিথ।

কার পথ চেয়ে জাগে।

স্থীগণ। কঠিন পাষাণে কেমনে গোপনে ছিল,

সহসা ঝরনা

নামিল অশ্রুতাল।।

হায় হায় হায়।

চিত্রাঙ্গদা। দক্ষিণসমীরে দুর গগনে

একেলা বিরহী গাহে বৃঝি গো।

কুঞ্জবনে মোর মুকুল যত

আবরণবন্ধন ছিঁড়িতে চাহে।

স্থীগণ। মুগ্য়া করিতে

বাহির হল যে বনে

भूगी इत्य<u>ु (श</u>त्य

এল কি অবলা বালা।

হায় হায় হায়।

চিত্রাঙ্গদা। আমি এ প্রাণের রুদ্ধ দারে

ব্যাকুল কর হানি বাবে বারে,

দেওয়া হল না যে আপনারে

এই राथा मत्न लोरा ॥

স্থীগণ। যে ছিল আপন

শক্তির অভিমানে

কার পায়ে আনে

হার মানিবার ভালা।

হার হার হার ॥

একজন সংগী।

ব্ৰহ্মচৰ্য !

পুরুষের স্পর্ধা এ যে !

নারীর এ পরাভবে

লজা পাবে বিশ্বের রমণী।

পঞ্চশর, তোমারি এ পরাজয়।

জাগো হে অতহ,

স্থীরে বিজ্যুদুতী করে৷ তব,

নিরম্ব নারীর অস্ত্র দাও তারে,

দাও তারে অবলার বল।

মধনকে চিতাঙ্গার প্রানিবেদন

চিত্ৰাবদা।

আমার এই বিক্ত ডালি দিব তোমারি পায়ে। দিব কাঙালিনীর আঁচল তোমার পথে পথে বিছায়ে। যে পুষ্পে গাঁথ পুষ্পধন্ তারি ফুলে ফুলে হে অতমু, আমার পূজা-নিবেদনের দৈয় দিয়ো ঘুচায়ে। তোমার রণজয়ের অভিযানে আময়ি নিয়ে। ফুলবাণের টিকা আমার ভালে এঁকে দিয়ো! আমার শৃহ্যতা দাও যদি স্থায় ভরি দিব তোমার জয়ধানি ঘোষণ করি; ফান্তনের আন্তান জাগাও আমার কায়ে

মদনের প্রাবেশ

দক্ষিণবায়ে ॥

यम्ब ।

মণিপুরনূপত্হিত।
তোমারে চিনি,
তাপসিনী।
মোর পূজায় তব ছিল না মন,
তবে কেন অকারণ
মোর দারে এলে তরুণী,
কহো কহো শুনি॥
পুরুষের বিভা করেছিয় শিক্ষা

চিত্রাঙ্গদা।

ক্লিষের বিভা করোছম্ম শিক্ষা লভি নাই মনোহরণের দীক্ষা- কুত্রমধন্ত,
অপমানে লাঞ্চিত তরুণ তন্ত।
অর্জুন ব্রহ্মচারা
মোর মুখে হেরিল না নারী,
ফিরাইল, গেল ফিরে।
দয়া করো অভাগীরে—

শুধু এক বরষের জন্মে পুষ্পলাবণ্যে

মোর দেহ পাক্ তব স্বর্গের মূল্য

মর্তে অতুল্য ।

তাই আমি দিন্তু বর,

কটাক্ষে রবে তব পঞ্চম শর,

মম পঞ্চম শ্র—

দিবে মন মোহি,

নারীবিদ্রোহী সন্ন্যাসীরে

পাবে অচিরে,

বন্দী করিবে ভূজপাশে

বিদ্রপহাদে।

মণিপুররাজকন্তা

কান্তহ্বদয়-বিজয়ে হবে ধন্তা

9

ন্তনরপ্রপাপ্ত চিত্রাঙ্গদা

চিত্ৰাঙ্গদা।

এ কী দেখি! এ কে এল মোর দেহে পূর্ব-ইতিহাসহারা! আমি কোন্ গত জনমের স্বপ্ন; বিশ্বের অপরিচিত আমি

মূদনা [

আমি নহি রাজকতা চিত্রাঙ্গদা,
আমি শুরু এক রাত্রে ফোটা
অরণ্যের পিতৃমাতৃহীন ফুল,
এক প্রভাতের শুরু পরমায়ু,
তার পরে ধৃলিশয়া,
তার পরে ধ্বনীর চির-অবহেলা।

#### সংবাধরতীরে

আমার অঙ্গে অঙ্গে কে বাজায় বাশি।

আনন্দে বিষাদে মন উদাসী।

পুষ্পবিকাশের স্থরে

দেখ মন উঠে পূরে,
কী মাধুরী স্থান্ধ

বাতাসে যায় ভাসি।

সহসা মনে জাগে আশা,

মোর আছতি পেয়েছে অগ্লির ভাষা।

আজ মম রূপে বেশে

লিপি লিখি কার উদ্দেশে,

এল মর্থের বন্দিনী বাণী বন্ধন নাশি॥

মীনকেতু,
কোন্ মহা ব্লাক্ষ্ণীরে দিয়েছ বাঁধিয়া
অঙ্গশহচরী করি।
এ মায়ালাবণ্য মোর কী অভিসম্পাত!
ক্ষণিক যৌবনবতা
রক্তম্রোতে তরঙ্গিয়া
উন্নাদ করেছে মোরে।

ন্তন কাস্তির উত্তেজনার নৃত্য স্বপ্নমদির নেশায় মেশা এ উন্নত্তা, জাগায় দেহে মনে এ কী বিপুল ব্যথা। বহে মম শিরে শিরে

এ কী দাহ, কী প্রবাহ—

চকিতে দর্বদেহে ছুটে তড়িংলতা।

ঝড়ের প্রনগর্জে হারাই আপনায়,
হুরস্ত যৌবনক্ষ্ম অশাস্ত বস্তায়।

তরঙ্গ উঠে প্রাণে

দিগন্তে কাহার পানে,
ইন্ধিতের ভাষায় কাঁদে—

নাহি নাহি কথা।

[ প্রস্থান

এরে ক্ষমা কোরো সথা,
এ যে এল তব আঁথি ভূলাতে,
শুধু ক্ষণকালতরে মোহ দোলায় ত্লাতে,
আঁথি ভূলাতে।
মায়াপুরী হতে এল নাবি,
নিয়ে এল স্বপ্লের চাবি,
তব কঠিন হৃদয়-ত্য়ার থূলাতে,

অজুনের প্রবেশ

আঁখি ভুলাতে ।

জর্ম। কাহারে হেরিলাম!

সে কি সত্য, সে কি মায়া,

সে কি কায়া,

সে কি হুবর্ণকিরণে-রঞ্জিত ছায়া!

চিত্রাঙ্গদার প্রবেশ

এসো এসো যে হও সে হও,
বলো বলো তুমি স্বপন নও।
অনিদ্যস্কর দেহলতা
বহে সকল আকাজ্জার পূর্ণতা॥

চিত্রাঙ্গদা। তুমি অতিথি, অতিথি আমার।

বলো কোন্ নামে করি সংকার।

অর্জুন। পাওব আমি অর্জুন গাণ্ডীবধরা,

নূপতিকল্যা।

rলহো মোর খ্যাতি,

লহো মোর কীর্তি,

লহে। পৌৰুষ-গৰ্ব।

লহো আমার সর্ব॥

চিত্রাঙ্গদা। কোনু ছলনা এ যে নিয়েছে আকার,

এর কাছে মানিবে কি হার।

**धिक् धिक् धिक्** ।

বীর তুমি বিশ্বজয়ী,

নারী এ যে মায়াময়ী,

পিঞ্জর রচিবে কি

এ মরীচিকার।

ধিকৃ ধিকৃ ধিকৃ।

लक्जा, लक्जा, श्राय की लक्जा,

মিথ্যা রূপ মোর, মিথ্যা সজ্জা।

এ যে মিছে স্বপ্লের স্বর্গ,

এ যে শুণু ক্ষণিকের অর্ঘ্য,

এই কি তোমার উপহার।

धिक् धिक् धिक्!

অর্জন। হে হৃদরী, উন্নথিত যৌবন আমার

সন্ন্যাসীর ব্রতবন্ধ দিল ছিন্ন করি।

পৌরুষের সে অধৈর্য

তাহারে গৌরব মানি আমি।

আমি তো আচারভীক্ষ নারী নহি,

শান্তবাক্যে বাঁধা।

এদো সংগ, তুঃসাহসী প্রেম

বহন করুক আমাদের

অজানার পথে।

চিত্রাঙ্গদা।

তবে তাই হোক।

কিন্তু মনে রেখো,

কিংশুকদলের প্রান্তে এই যে ত্লিছে একটু শিশির— তুমি যারে করিছ কামন। সে এমনি শিশিরের কণ। নিমিষের সোহাগিনী।

কোন্ দেবতা সে, কী পরিহাসে
ভাসালো মায়ার ভেলায়।
যপ্রের সাথি এসো মোরা মাতি
স্বর্গের কৌতুক-থেলায়।
স্থরের প্রবাহে হাসির তরঙ্গে
বাতাসে বাতাসে ভেসে যাব রঙ্গে,
নৃত্যবিভঙ্গে,

মাধবীবনের মধুগন্ধে
মোদিত মোহিত মন্বর বেলায়।
থে ফুলমাল। ফুলায়েছ আজি
বোমাঞ্চিত বক্ষতলে,
মধুরজনীতে রেখো সরসিয়।
মোহের মদির জলে।
নবোদিত সুর্যের করসম্পাতে

বিকল হবে হায় লজ্জা-আঘাতে, দিন গত হলে নৃতন প্রভাতে

> মিলাবে ধূলার তলে কার অবহেলায়।

অৰ্জুন ৷

আজ মোরে সপ্তলোক স্বপ্ন মনে হয়। শুরু একা পূর্ণ তুমি, সর্ব তুমি, বিশ্ববিধাতার গর্ব তুমি,
অক্ষয় ঐশ্বর্য তুমি,
এক নারী সকল দৈত্যের তুমি
মহা অবসান,
সব সাধনার তুমি
শেষ পরিণাম।
সে আমি যে আমি নই, আমি নই —
হায়, পার্থ, হায়,
লৈ যে কোন্ দেবের ছলনা।
যাও যাও ফিরে যাও, ফিরে যাও, বার।
শোষ বীষ মহত্ব তোমার
দিয়ো না মিথার পায়ে—

প্রস্থান

অৰ্জুন।

চিত্রাঙ্গদা।

এ কী ভৃষ্ণা, এ কী দাহ ! এ যে অগ্নিলতা, পাকে পাকে ঘেরিয়াছে ভৃষ্ণার্ত কম্পিত প্রাণ। উত্তপ্ত হৃদয় ছুটিয়া আসিতে চাহে সর্বাঙ্গ টুটিয়া।

যাও যাও ফিরে যাও।

অশান্তি আজ হানল এ কী দহনজালা।
বিধিল হৃদয় নিদয় বাণে
বেদন-ঢালা।
বিক্ষে জালায় অগ্নিশিখা,
চক্ষে কাঁপায় মরীচিকা,
মরণ-স্থাতোয় গাঁথল কে মোর
বরণমালা।

চেনা ভ্বন হারিয়ে গেল
স্বপন-ছায়াতে,
ফাগুন-দিনের পলাশরঙের
রঙিন মায়াতে।
যাত্রা আমার নিফদেশা,
পথ-হারানোর লাগল নেশা,
অচিন দেশে এবার আমার

8

মদন ও চিত্রাঙ্গদা

চিত্রাঙ্গদা। ভক্ষে চাকে ক্লান্ত হতাশন;

এ খেলা খেলাবে, হে ভগবন,

আব কতখন।

শেষ যাহা হবেই হবে, তাবে

সহজে হতে দাও শেষ।

হন্দর যাক বেখে স্বপ্লের বেশ।

জীর্ণ কোরো না, কোরো না,

যা ছিল নৃতন।

মদন।

না না না সগী, ভগ্ন নেই, ভগ্ন নেই—

ফুল যবে সাক্ষ করে খেলা

ফল ধরে সেই।

হর্ষ-অচেতন বর্ষ

রেখে যাক মন্ত্রপর্শনবর্তর ছন্দস্পন্দন॥

অৰ্জুন ও চিত্ৰাঙ্গদা কেটেছে একেলা বিরহের বেলা আকাশকুত্বম-চয়নে। সব পথ এসে মিলে গেল শেষে তোমার ছুখানি নয়নে। দেখিতে দেখিতে নৃতন আলোকে কি দিল রচিয়া ধ্যানের পুলকে নৃতন ভুবন নৃতন ঘ্যুলোকে মোদের মিলিত নয়নে। বাহির-আকাশে মেঘ ঘিরে আদে, এল সব তারা ঢাকিতে। হারানো সে আলে৷ আসন বিছালো শুধু হুজনের আঁখিতে। ভাষাহার৷ মম বিজন রোদনা প্রকাশের লাগি করেছে সাধনা, চিরজীবনেরি বাণীর বেদনা মিটিল দোঁহার নয়নে॥

[ প্রস্থান

### অর্জুনের প্রবেশ

অর্জুন। কেন রে ক্লান্তি আসে আবেশভার বহিয়া।
দেহ মন প্রাণ দিবানিশি জীর্ণ অবসাদে।
ছিন্ন করো এখনি বীর্যবিলোপী এ কুহেলিকা;
এই কর্মহারা কারাগারে রয়েছ কোন্ প্রমাদে।

গ্রামবাসীগণের প্রবেশ

গ্রামবাসীগণ। হো এল এল এল রে দস্থার দল, গ্রিজিয়া নামে যেন বফার জল। চল্ তোরা পঞ্গ্রামী, চল্ তোরা কলিক্ধামী, মল্লপল্লী হতে চল্,
'জয় চিত্ৰাঙ্গদা' বল্,
বল্ বল্ ভাই বে— ভয় নাই, ভয় নাই, ভয় নাই, নাই বে,।
দ্বাদী, শোনো শোনো,

অর্ক্। জনপদবাসী, শোনো শোনো,

রক্ষক তোমাদের নাই কোনো ?

গ্রামবাসী। তীর্থে গেছেন কোথা তিনি গোপনব্রতধারিণী,

চিত্রাঙ্গদা তিনি রাজকুমারী।

ষ্পৰ্ম। নারী ! তিনি নারী ! গ্রামবাদীগণ। স্নেহবলে তিনি মাতা,

বাহবলে তিনি রাজা।

তাঁর নামে ভেরী বাজা,

'জয় জয় জয়' বলো ভাই বে-ভয় নাই, ভয় নাই, নাই বে ॥

~

সম্বাদের বিহবলতা নিজেরে অপমান।
সংকটের কল্পনাতে হোয়ো না মিয়মাণ।
মৃক্ত করো ভয়,
আপনা-মাঝে শক্তি ধরো, নিজেরে করো জয়।
ছর্বলেরে রক্ষা করো, ছর্জনেরে হানো,
নিজেরে দীন নিঃসহায় যেন কভু না জানো।
মৃক্ত করো ভয়,
নিজের 'পরে করিতে ভর না রেখো সংশয়।
ধর্ম যবে শঙ্খরের করিবে আহ্বান
নীরব হয়ে নম্ম হয়ে পণ করিয়ো প্রাণ।
মৃক্ত করো ভয়,
ছরহ কাজে নিজেরি দিয়ো কঠিন পরিচয়।

### চিত্রাঙ্গদার প্রবেশ

চিত্ৰাঙ্গদা। কী ভাবিছ নাথ, কী ভাবিছ <u>!</u>

অর্জুন। চিত্রাঙ্গদা রাজকুমারী

কেমন না জানি

আমি তাই ভাবি মনে মনে।

শুনি শ্বেহে দে নারী

বীর্ষে সে পুরুষ,

শুনি সিংহাসনা যেন সে

সিংহবাহিনী।

कांन यि वत्ना श्रिया,

বলো তার কথা।

চিত্ৰাঞ্চল।

ছি ছি, কুংদিৎ কুরূপ দে।

হেন বঙ্কিম ভুরুষুগ নাহি তার,

হেন উজ্জল কজ্জল-আঁখিতারা।

সন্ধিতে পারে লক্ষ্য

কীণান্ধিত তার বাহু,

বি ধিতে পারে না বীরবক্ষ

কুটিল কটাকশরে।

নাতি লজা, নাহি শঙ্কা,

নাহি নিষ্ঠর জ্বনর রঙ্গ,

নাহি নীরব ভঙ্গীর সংগীতলীলা

ইঙ্গিতছন্দমধুর॥

অৰ্জ্ন।

আগ্রহ মোর অধীর অতি—

কোথা সে রমণী বীর্যবতী।

কোষবিমৃক্ত ক্লপাণলতা—

দারুণ সে, স্থন্দর সে

উন্নত বজুের কন্দর্যে,

নহে সে ভোগীর লোচনলোভা,

ক্ষত্রিয়বাহর ভীষণ শোভা।

मशीগণ।

নারীর ললিত লোভন লীলায় এখনি কেন এ ক্রান্তি। এখনি কি দখা, খেলা হল অবসান। যে মধুর রদে ছিলে বিহ্বল দে কি মধুমাখা ভ্ৰান্তি, সে কি স্বপ্নের দান.

সে কি সভাের অপমান। দুর তুরাশায় হৃদয় ভরিছ, কঠিন প্রেমের প্রতিমা গড়িছ, কী মনে ভাবিয়া নারীতে করিছ পৌক্রষসন্ধান।

এও কি মায়ার দান।

সহসা মন্ত্রবলে নমনীয় এই কমনীয়তারে যদি আমাদের স্থী একেবারে পরের বদন-সমান ছিল্ল করি ফেলে ধূলিতলে,

সবে না সবে না সে নৈরাখ্য---ভাগ্যের সেই অটুহাস্থ জানি জানি স্থা, কুরু করিবে লুক পুরুষপ্রাণ,

হানিবে নিঠুর বাণ ॥

অর্জন।

যদি মিলে দেখা

তবে তারি সাথে

ছুটে যাব আমি

আৰ্ত্ত্ৰাণে।

ভোগের আবেশ হতে

বাঁপ দিব যুদ্ধশ্রোতে।

আজি মোর চঞ্চল রক্তের মাঝে বাননন বাননন বাঞ্চনা বাজে চিত্রাঙ্গদা বাজকুমারী একাধারে মিলিত পুরুষ নারী॥

চিত্ৰাঙ্গদা ।

ভাগাবতী সে যে,
এত দিনে তার আহ্বান
এল তব বীরের প্রাণে।
আজ অমাবস্থার রাতি
হোক অবসান।
কাল শুভ শুল্ল প্রাতে
দর্শন মিলিবে তার,
মিথ্যায় আর্ত নারী
ঘুচাবে মায়া-অবগুর্গন॥

#### অফুনের প্রতি

স্থী।

রমণীর মন ভোলাবার ছলাকলা দূর ক'রে দিয়ে উঠিয়া দাঁড়াক নারী, সরল উন্নত বীর্যবস্ত অন্তরের বলে পর্যতের তেজস্বী তরুণ তরু-সম, যেন সে সম্মান পায় পুরুষের।

রজনীর নর্মসংচরী,
থেন হয় পুরুষের কর্মসহচরী,
থেন বামহস্তমম
দক্ষিণহন্তের থাকে সহকারী।
তাহে যেন পুরুষের তৃপ্তি হয়, বীরোত্তম।

1

চিত্রাঙ্গদা ও মদন

চিত্রাঞ্চদা।

লহো লহো ফিরে লহো তোমার এই বর, হে অনঙ্গদেব। মুক্তি দেহো মোরে, ঘুচায়ে দাও

### রবীন্দ্র-রচনাবলী

এই মিথ্যার জাল, হে অনন্ধদেব। চুরির ধন আমার দিব ফিরায়ে তোমার পায়ে আমার অঙ্গশোভা: অধররক্ত-রাঙিমা যাক মিলায়ে অশেকবনে, হে অনঙ্গদেব। যাক যাক যাক এ ছলনা, যাক এ স্বপন, হে অনঙ্গদেব॥ তাই হোক তবে তাই হোক, কেটে যাক রঙিন কুয়াশা, দেখা দিক শুদ্র আলোক। মায়া ছেডে দিক পথ. প্রেমের আফুক জয়রথ. রূপের অতীত রূপ দেখে যেন প্রেমিকের চোগ—

প্রস্থান

বিনা সাজে সাজি দেখা দিবে তৃমি কবে,
আতরণে আজি আবরণ কেন রবে।
ভালোবাসা যদি মেশে মায়াময় মোহে
আলোতে আঁধারে কোঁহারে হারাব দোঁহে,
ধেয়ে আসে হিয়া তোমার সহজ রবে—
আতরণ দিয়া আবরণ কেন তবে।
ভাবের রসেতে যাহার নয়ন ভোবা
ভ্যণে তাহারে দেখাও কিসের শোভা।
কাছে এসে তর্ কেন রয়ে গেলে দ্রে।
বাহির-বাধনে বাধিবে কি বয়ুরে।
নিজের ধনে কি নিজে চুরি করে লবে—
আভরণে আজি আবরণ কেন তবে॥

দৃষ্টি হতে থদে যাক, থদে যাক মোহনিৰ্মোক ॥

মদন।

P

চিত্রাঙ্গদার সহচর-সহচরীগণ

অর্জুনের প্রতি

এসো এসো পুরুষোত্তম,

এসো এসো বীর মম।

তোমার পথ চেয়ে

আছে প্রদীপ জালা।

আজি পরিবে বীরান্ধনার হাতে

দৃপ্ত ললাটে, স্থা,

বীরের বরণমালা।

ছিন্ন ক'রে দিবে সে তার

শক্তির অভিমান,

তোমার চরণে করিবে দান

আত্মনিবেদনের ভালা,

চরণে করিবে দান।

আজ পরাবে বীরান্ধনা তোমার

দুপ্ত ললাটে স্থা,

বীরের বরণমাল।।

मशी।

হে কৌন্তেয়,

ভালো লেগেছিল ব'লে

তব করযুগে দখী দিয়েছিল ভরি

त्मोन्दर्यत्र जानि,

নন্দনকানন হতে পুষ্প তুলে এনে

বহু সাধনায়।

যদি দাঙ্গ হল পূজা,

তবে আজ্ঞা করো প্রভূ,

নির্মাল্যের সাজি

থাক্ পড়ে মন্দির-বাহিরে।

এইবার প্রসন্ন নয়নে চাও

সেবিকার পানে

অর্জুন।

### চিত্রাঙ্গদার প্রবেশ

চিত্রাঙ্গদা। আমি চিত্রাঙ্গদা, আমি রাজেক্সনন্দিনী।
নহি দেবী, নহি সামান্তা নারা।
পৃজা করি মোরে রাখিবে উর্ধ্বে
দেনহি নহি,
হেলা করি মোরে রাখিবে পিছে
দেন নহি নহি।
যদি পার্গে রাগ মোরে
সংকটে সম্পদে,
সম্মতি দাও যদি কঠিন ব্রতে
সহায় হতে
পাবে তবে তুমি চিনিতে মোরে।
আজ শুধু করি নিবেদন—

ধন্য ধন্য ধন্য আমি।

### সমৰেভ নৃত্য

আমি চিত্রাঙ্গদা রাজেন্দ্রনন্দিনী॥

তৃষ্ণার শান্তি স্থন্দরকান্তি

তৃমি এসো বিরহের সন্তাপ-ভঞ্জন।

দোলা দাও বক্ষে,

এঁকে দাও চক্ষে

স্থপনের তৃলি দিয়ে মাধুরীর অঞ্জন।

এনে দাও চিত্তে

রক্তের নৃত্যে

বকুলনিকুঞ্জের মধুকরগুঞ্জন।
উদ্বেল উত্রোল

যম্নার কল্পোল,

কম্পিত বেণুবনে মলয়ের চুম্বন

আনো নব পদ্ধবে নর্তন উল্লোল, অশোকের শাখা ঘেরি' বল্পরীবন্ধন ॥

এসো এসো বসন্ত, ধরাতলে—
আনো মৃত্ মৃত্ নব তান,
আনো নব প্রাণ,
নব গান,
আনো গন্ধমদভরে অলস সমীরণ,
আনো বিশ্বের অন্তরে অন্তরে
নিবিড় চেতনা।
আনো নব উল্লাসহিল্লোল,
আনো আনন্দছন্দের হিন্দোলা
ধরাতলে।

ভাঙো ভাঙো বন্ধনশৃত্বল, আনো আনো উদ্দীপ্ত প্রাণের বেদনা ধরাতলে।

এদো থরথর-কম্পিত
মর্যর্থবিত
মধু দৌরভপুলকিত
ফুল-আবুল মালতীবল্লীবিতানে
স্থছায়ে মধুবায়ে।
এসো বিকশিত উন্মুখ,

এসো চিরউৎস্ক্ক, নন্দনপথ-চিরযাত্রী।

আনে। বাঁশরিমন্ত্রিত মিলনের রাত্রি, পরিপূর্ণ স্থধাপাত্র নিয়ে এসো।

এসো অরুণচরণ কমলবরন তরুণ উষার কোলে। এসে৷ জ্যোৎস্বাবিবশ নিশীথে, এলো নীরব কুঞ্জকুটীরে, স্বথম্বপ্ত সরস।নীরে। এসে৷ তড়িৎশিখাসম ঝঞ্চাবিভঞ্চে, সিন্তবঙ্গদোলে। এদে৷ জাগরমুখর প্রভাতে, এসে নগরে প্রান্তরে বনে, এদে। কর্মে বচনে মনে। मझीत खझत हतान, এসে। গীতমুখর কলকঠে। মঞ্জুল মল্লিকামাল্যে, এসো এসে। কোমল কিশলয়বদনে। **এ**मा ऋसत्र, योजनत्वर्ग। ' এসে। দৃপ্ত বীর, নব তেজে। ওহে তুর্মদ, করে৷ জয়থাতা জরাপরাভব-সমরে---পবনে কেশররেণু ছড়ায়ে, চঞ্চল কুম্বল উড়ায়ে

অর্জুন। মা মিং কিল স্বং বনাঃ শাখাং মধুমতীমিং।

যথা স্থপর্বঃ প্রপতন্ পক্ষো নিহস্তি ভূম্যাম্

এবা নিহন্মি তে মনঃ।

চিত্রাঙ্গদা। যথেমে ভাবা পৃথিবী সভঃ পর্বেতি সূর্বঃ

এবা পর্যেমি তে মনঃ।

উভয়ে। অক্ষো নো মধুসংকাশে অনীকং নো সমঞ্জনম্।

অন্তঃ কুণুম্ব মাং হদি মন ইন্নো সহাসতি॥

শান্তিনিকেতন ৮ জান্ধন, ১৩৪২

### মপ্তের অনুবাদ

ফুল্ল শাথা যেমন মধুমতী
মধুরা হও তেমনি মোর প্রতি।
বিহন্দ যথা উড়িবার মূথে
পাথায় ভূমিরে হানে
তেমনি আমার অন্তরবেগ
লাগুক তোমার প্রাণে।

আকাশধরা রবিরে ঘিরি ধেমন করি ফেরে, আমার মন ঘিরিবে ফিরি তোমার হৃদয়েরে।

আমাদের আঁথি হোক্ মধুসিক্ত, অপাঙ্গ হয় যেন প্রেমে লিপ্ত। হৃদয়ের ব্যবধান হোক্ মৃক্ত, আমাদের মন হোক্ যোগযুক্ত।

# নৃত্যনাট্য চণ্ডালিকা

## চণ্ডালিকা

### প্রথম দৃশ্য

একদল ফুলওয়ালি চলেছে ফুল বিক্রি করতে

ফুলওয়ালির দল। নব বসস্থের দানের ডালি এনেছি তোদেরি দ্বারে,
আয় আয় আয়,

পরিবি গলার হারে।

লতার বাঁধন হারায়ে মাধবী মরিছে কেঁদে—

বেণীর বাঁধনে রাখিবি বেঁধে,

অলকদোলায় তুলাবি তারে,

আয় আয় আয় ।

বনমাধুরী করিবি চুরি

আপন নবীন মাধুরীতে—

সোহিনী রাগিণী জাগাবে সে তোদের

দেহের বীণার তারে, তারে,

আমার মালার ফুলের দলে আছে লেখা বসস্তের মন্ত্রলিপি। এর মাধুর্যে আছে যৌবনের আমন্ত্রণ। সাহানা রাগিণী এর রাঙা রঙে রঞ্জিত, মধুকরের কুধা অশ্রুত ছন্দে গঙ্গে তার গুঞ্জরে।

আয় আয় আয়॥

আন গো ডালা, গাঁথ গো মালা, আন মাধ্বী মালতী অশোকমঞ্চরী, আয় তোৱা আয়। আন করবী রঙ্গন কাঞ্চন রজনীগন্ধা প্রফুল মলিকা, আয় তোৱা আয়। याना পর গো याना পর खन्नती, ত্বরা কর গো তরা কর। আজি পূর্ণিমা রাতে জাগিছে চক্রমা, বকুলকুঞ্জ দক্ষিণবাতাদে ত্বলিছে কাঁপিছে থরথর মৃত্র মর্মরি। নৃত্যপরা বনান্ধনা বনান্ধনে সঞ্চরে, চঞ্চলিত চরণ ঘেরি মঞ্জীর তার গুঞ্জরে। দিস নে মধুরাতি রুথা বহিয়ে উদাসিনী, शंग्र द्य । শুভলগন গেলে চলে ফিরে দেবে না ধরা, স্থাপসরা ধূলায় দেবে শৃন্ত করি, শুকাবে বঞ্জনমন্ত্রী। চন্দ্রকরে অভিষিক্ত নিশীথে ঝিল্লিমুখর বনছায়ে তব্রাহারা পিক-বিরহকাকলী-কৃঞ্জিত দক্ষিণবায়ে মালঞ্চ মোর ভরল ফুলে ফুলে ফুলে গো,

প্রকৃতি যুল চাইতেই তাকে ঘৃণা বরে চলে গেল দইওয়ালার প্রবেশ

কিংশুকশাখা চঞ্চল হল দুলে দুলে গো॥

দইওয়ালা। দই চাই গো, দই চাই, দই চাই গো ? স্থামলী আমার গাই, তুলনা ভাহার নাই। কশ্বণানদীর ধারে
ভোরবেলা নিয়ে যাই তারে—
দূর্বাদলঘন মাঠে তারে
দারা বেলা চরাই, চরাই গো।
দেহখানি তার চিক্রণ কালো,
যত দেখি তত লাগে ভালো।
কাছে বদে যাই ব'কে,
উত্তর দেয় সে চোখে,
পিঠে মোর রাখে মাথা—
গায়ে তার হাত বুলাই, হাত বুলাই গো॥

চণ্ডালকন্তা প্রকৃতি দই কিনতে চাইল একজন মেরে সাবধান করে দিল

মেরে। পুকে ছুঁরো না, ছুঁরো না, ছি,
পু যে চণ্ডালিনীর ঝি—

নট হবে যে দই

দে কথা জানো না কি।

িদইওয়ালার প্রস্থান

### চুড়িওয়ালার প্রবেশ

চুড়িওয়ালা। ওগো তোমরা যত পাড়ার মেয়ে,

এসো এসো দেখো চেয়ে,

এনেছি কাঁকনজোড়া

সোনালি তারে মোড়া।

আমার কথা শোনো,

হাতে লহ প'রে,

যারে রাখিতে চাহ ধ'রে

কাঁকন হুটি বেড়ি হয়ে

বাঁধিবে মন তাহার—

আমি দিলাম কয়ে॥

প্ৰকৃতি চুড়ি নিতে হাত বাড়াতেই

মেয়ের ।

ওকে ছুঁয়ো না, ছুঁয়ো না, ছি, ও যে চণ্ডালিনীর ঝি।

[ চুড়িওয়ালা প্রভৃতির প্রস্থান

প্রকৃতি ৷

যে আমারে পাঠাল এই

অপমানের অন্ধকারে

পৃজিব না, পৃজিব না দেই দেবতারে পৃজিব না।

क्न भिव कूल, क्न भिव कूल,

কেন দিব ফুল আমি তারে—

যে আমারে চিরজীবন

রেখে দিল এই ধিকৃকারে।

জানি না হায় রে কী ত্রাশায় রে পজাদীপ জালি মন্দিরছারে।

আলে তার নিল হরিয়া

দেবতা ছলনা করিয়া,

আঁধারে রাখিল আমারে॥

পথ বেয়ে বৌদ্ধ ভিক্ষুগণ

ভিক্ষুগণ।

যো সন্নিসিন্ধো

বরবোধিমূলে,

মারং সদেনং মহতিং বিজেজা সম্বোধি মাগঞ্চি অনস্তঞ্ঞানে

নবোৰ মাগ্যক অনুভঞ্জানে লোকুত্তমা তং পণমামি বৃদ্ধ।

প্রিস্থান

প্রকৃতির মা মায়ার প্রবেশ

ম। কী যে ভাবিদ তুই অক্তমনে

নিষারণে—

বেলা বহে যায়, বেলা বহে যায় যে।

রাজবাড়িতে ঐ বাজে ঘণ্টা চং চং চং চং চং চং, বেলা বহে যায়। রৌদ্র হয়েছে অতি তিখনো আঙিনা হয় নি যে নিকোনো, তোলা হল না জল. পাড়া হল না ফল, কখন বা চুলো তুই ধরাবি। কখন ছাগল তুই চরাবি। ত্তরা কর্, ত্তরা কর্, ত্তরা কর্-क्न जुल नित्र जुरे ठन घत। রাজবাডিতে ঐ বাজে ঘণ্টা **हर हर हर हर हर हर.** े य दिना वर्ष्ट योग । প্রকৃতি। কাজ নেই, কাজ নেই মা, কাজ নেই মোর ঘরকন্নায়। যাক ভেসে যাক যাক ভেদে দব বক্সায়। জন্ম কেন দিলি মোরে, লাঞ্চনা জীবন ভ'বে --মা হয়ে আনিলি এই অভিশাপ ! কার কাছে বল্ করেছি কোন পাপ, বিনা অপরাধে এ কী ঘোর অন্তায় ॥ থাক্ তবে থাক্ তুই পড়ে, म्। মিথ্যা কালা কাদ তুই মিথা ছঃথ গ'ড়ে ॥

[ প্রস্থান

### বুদ্ধশিয় আনন্দের প্রবেশ

আনন্দ। জন দাও আমায় জন দাও,
বৌদ্ৰ প্ৰথবতৰ, পথ স্থদীৰ্ঘ,
আমায় জন দাও।
আমি তাপিত পিপাসিত,
আমায় জন দাও।
আমি শ্ৰাস্ত,

আমায় জল দাও।

প্রকৃতি। ক্ষমা করো প্রভু ,ক্ষমা করো মোরে— আমি চণ্ডালের কন্তা, মোর ক্পের বারি অশুচি। তোমারে দেব জল হেন পুণ্যের আমি নহি অধিকারিণী,

আমি চণ্ডালের কন্তা।
আনন্দ। যে মানব আমি দেই মানব তুমি কন্তা।
সেই বারি তীর্থবারি
যাহা তৃপ্ত করে তৃষিতেরে,
যাহা তাপিত প্রান্তেরে স্নিশ্ব করে
সেই তো পবিত্র বারি।
জল দাও আমায় জল দাও।

क्ष मान

কল্যাণ হোক তব, কল্যাণী।

প্রস্থান

প্রকৃতি। শুধু একটি গণ্ডুষ জ্বল,
আহা নিলেন তাঁহার করপুটের কমলকলিকার।
আমার কৃপ যে হল অকৃল সম্দ্র—
এই ধে নাচে এই যে নাচে তরক তাহার,
আমার জীবন জুড়ে নাচে—

টলোমলো করে আমার প্রাণ,
আমার জীবন জুড়ে নাচে।
ওগো কী আনন্দ, কী আনন্দ, কী পরম মৃক্তি!
একটি গণ্ডুষ জল—
আমার জন্মজনাস্তবের কালি ধুয়ে দিল গো
শুধু একটি গণ্ডুষ জল।

মেয়ে পুরুষের প্রবেশ ফাল কাটার আহ্বান

মাটি তোদের ডাক দিয়েছে আয় রে চলে, আয় আয় আয় ৷ ডালা যে তার ভরেছে আজ পাকা ফদলে— মরি হায় হায় হায়। হাওয়ার নেশায় উঠল মেতে, দিগ্রধুরা ফদলখেতে, রোদের সোনা ছড়িয়ে পড়ে ধরার আঁচলে— হায় হায় হায়। মাঠের বাঁশি শুনে শুনে আকাশ খুশি হল। ঘরেতে আজ কে রবে গো, থোলো তুয়ার থোলো। আলোর হাসি উঠল জেগে, পাতায় পাতায় চমক লেগে বনের খুশি ধরে না গো, ঐ যে উথলে— মরি হায় হায় হায়॥ ওগো ডেকোনা মোরে ডেকোনা। আমার কাজভোলা মন, আছে দূরে কোন্---

করে স্থপনের সাধনা।
ধরা দেবে না অধরা ছায়া,
রচি গেছে মনে মোহিনী মায়া—
জানি না এ কী দেবতারি দয়া,
জানি না এ কী ছলনা।

প্রকৃতি।

আঁধার অঙ্গনে প্রদীপ জালি নি,
দক্ষ কাননের আমি যে মালিনী,
শৃক্ত হাতে আমি কাঙালিনী
করি নিশিদিন যাপনা।
যদি সে আসে তার চরণছায়ে
বেদনা আমার দিব বিছায়ে,
জানাব তাহারে অশ্রসক্ত
রিক্ত জীবনের কামনা॥

## দ্বিতীয় দৃশ্য

অর্ঘা নিয়ে বৌদ্ধনারীদের মন্দিরে গমন

স্বর্ণবর্ণে সমৃজ্জল নব চম্পাদলে বন্দিব শ্রীমূনীস্ক্রের পাদপদ্মতলে। পুণ্যগদ্ধে পূর্ণ বায়ু হল স্থান্ধিত, পুষ্পমাল্যে করি তাঁর চরণ বন্দিত॥

প্রস্থান

প্রকৃতি।

ফুল বলে, ধন্য আমি

ধন্য আমি মাটির 'পরে।

দেবতা ওগো, তোমার দেবা

আমার ঘরে।

জন্ম নিয়েছি ধূলিতে,

দয়া করে দাও ভূলিতে,

নাই ধূলি মোর অস্তরে।

নয়ন তোমার নত করো,

দলগুলি কাঁপে ধরোধরো।

চরণপরশ দিয়ো দিয়ো, ধূলির ধনকে করো স্বর্গীয়,

ধরার প্রণাম আমি তোমার তরে॥

মা। তুই অবাক ক'রে দিলি আমায় মেয়ে।

পুরাণে শুনি না কি তপ করেছেন উমা

রোদের জলনে,

তোর কি হল তাই।

প্রকৃতি। হাঁ মা, আমি বদেছি তপের আসনে।

মা। তোর দাধনা কাহার জন্মে।

প্রকৃতি। যে আমারে দিয়েছে ডাক,

বচনহার। আমাকে দিয়েছে বাক।

যে আমারি জেনেছে নাম.

ওগো তারি নামথানি মোর হৃদয়ে থাকু।

আমি তারি বিচ্ছেদদহনে তপ করি চিত্তের গছনে।

তঃখের পাবকে হয়ে যায় শুদ্ধ

অন্তরে মলিন যাহা আছে রুদ্ধ,

অপমান-নাগিনীর খলে যায় পাক ॥

মা। কিনের ডাক তোর কিনের ডাক।

কোন পাতালবাদী অপদেবতার ইশারা

তোকে ভূলিয়ে নিয়ে যাবে,

আমি মন্ত্র প'ডে কাটাব তার মায়।।

প্রকৃতি। আমার মনের মধ্যে বাজিয়ে দিয়ে গেছে—

জল দাও, জল দাও।

মা। পোড়া কপাল আমার!

কে বলেছে তোকে 'জল দাও'!

সে কি তোর আপন জাতের কেউ।

প্রকৃতি। হাঁ গোমা, দেই কথাই তো ব'লে গেলেন তিনি,

তিনি আমার আপন জাতের লোক।

আমি চণ্ডালী, দে যে মিথ্যা, দে যে মিথ্যা,

>012

সে যে দারুণ মিথ্যা। শ্রাবণের কালো যে মেঘ তারে যদি নাম দাও 'চণ্ডাল', তা ব'লে কি জাত ঘুচিবে তার,

· অশুচি হবে কি তার জন।

তিনি ব'লে গেলেন আমায়,--

নিজেরে নিন্দা কোরো না,

মানবের বংশ তোমার,

মানবের রক্ত তোমার নাড়ীতে।

ছি ছি মা, মিথ্যা নিন্দা রটাস নে নিজের,

সে-যে পাপ।

রাজার বংশে দাসী জন্মায় অসংখ্য,

আমি সে দাসী নই।

ষিজের বংশে চণ্ডাল কত আছে, আমি নই চণ্ডালী।

মা। কী কথা বলিস তুই,

আমি যে তোর ভাষা বৃঝি নে।

তোর মুখে কে দিল এমন বাণী।

স্বপ্নে কি কেউ ভর করেছে তোকে

তোর গতজন্মের সাথি।

আমি যে তোর ভাষা বুঝি নে।

প্রকৃতি। এ নতুন জন্ম, নতুন জন্ম,

নতুন জন্ম আমার'।

সেদিন বাজল তুপুরের ঘণ্টা,

ঝাঁ ঝাঁ করে রোদ্ছ্র,

স্নান করাতেছিলেম কুয়োতলায়

মা-মরা বাছুরটিকে।

সামনে এসে দাঁড়ালেন

বৌদ্ধ ভিক্ষু আমার—

वनत्नम, जन मोख।

শিউরে উঠল দেহ আমার,
চমকে উঠল প্রান।
বল্ দেখি মা,
সারা নগরে কি কোথাও নেই জল!
কেন এলেন আমার কুয়োর ধারে,
আমাকে দিলেন সহসা
মান্থধের তৃঞ্চা-মেটানো সন্মান।

বলে, দাও জল, দাও জল। দেব আমি কে দিয়েছে হেন সম্বল। কালো মেঘ-পানে চেয়ে এল ধেয়ে

চাতক বিপ্লল—

বলে, দাও জল।

ভূমিতলে হারা

উৎসের ধারা

অন্ধকারে

কারাগারে।

কার স্থগভীর বাণী

मिल श्रीन

কালো শিলাতল—

বলে, দাও জল।

মা। বাছা, মন্ত্র করেছে কে তোকে,

তোর পথ-চাওয়া মন টান দিয়েছে কে।

প্রকৃতি। সে যে পথিক আমার,

হৃদয়পথের পথিক আমার।

হায় বে আব সে তো এল না এল না,

এ পথে এল না,

আর দে যে চাইল না জল।

আমার হাদয় তাই হল মঞ্ভূমি,
শুকিয়ে গেল তার বদ—
দে যে চাইল না জল।

চক্ষে আমার তৃষ্ণা,
তৃষ্ণা আমার বক্ষ জুড়ে।
আমি রুষ্টবিহীন বৈশাখী দিন,
সন্তাপে প্রাণ যায় যে পুড়ে।
বড় উঠেছে তপ্ত হাওয়ায় হাওয়ায়,
মনকে স্থল্ব শৃত্যে ধাওয়ায়—
অবগুঠন যায় যে উড়ে।
যে ফুল কানন করত আলো,
কালো হয়ে সে শুকালো।
বারনারে কে দিল বাধা—
নিষ্ঠ্র পাষাণে বাধা
হঃথের শিপরচূড়ে॥

মা। বাছা, দহজ ক'রে বল আমাকে

মন কাকে তোর চায়।
বৈছে নিস মনের মতন বর—
বয়েছে তো অনেক আপন জন।
আকাশের চাঁদের পানে
হাত বাড়াস নে।

প্রকৃতি। আমি চাই তাঁরে
আমারে দিলেন যিনি সেবিকার সন্মান,
বারে-পড়া ধৃতরো ফুল
ধুলো হতে তুলে নিলেন যিনি দক্ষিণ করে।
ওগো প্রস্থ, ওগো প্রস্থ,
সেই ফুলে মালা গাঁথো,
পরো পরো আপন গলায়,
ব্যর্থ হতে তারে দিয়ো না দিয়ো না।

### রাজবাড়ির অমুচরের প্রবেশ

অহচর। সাত দেশেতে খুঁজে খুঁজে গো

শেষকালে এই ঠাই

ভাগ্যে দেখা পেলেম রক্ষা তাই।

মা। কেন গোকী চাই।

অহ্চর। রানীমার পোষা পাখি কোথায় উড়ে গেছে-

সেই নিদারুণ শোকে

ঘুম নেই তাঁর চোগে,

ও চারণের বউ।

ফিরিয়ে এনে দিতেই হবে তোকে,

ও চারণের বউ।

মা। উড়োপাথি আদবে ফিরে

এমন কী গুণ জানি।

অহ্বচর। মিথ্যে ওজর শুনব না, শুনব না,

শুনবে না তোর রানী।

যাত্ব ক'রে মন্ত্র প'ড়ে ফিরে আনতেই হবে

থালাস পাবি তবে,

ও চারণের বউ।

প্রিস্থান

প্রকৃতি। ওগোমা, ঐ কথাই তো ভালো।

মন্ত্ৰ জানিস তুই,

মন্ত্ৰ প'ড়ে

· দে তাঁকে তুই এনে।

মা। ওরে সর্বনাশী, কী কথা তুই বলিস—

আগুন নিয়ে খেলা!

শুনে বুক কেঁপে ওঠে,

ভয়ে মরি।

প্রকৃতি। আমি ভয় করি নে মা,

ভয় করি নে।

ভয় করি মা, পাছে

দাহদ ধায় নেমে, পাছে নিজের আমি মূল্য ভূলি। এত বড়ো স্পর্ধা আমার,

একী আশ্চৰ্য !

এই আশ্চর্য সে'ই ঘটিয়েছে—

তারো বেশি ঘটবে না কি,

আসবে না আমার পাশে,

বদবে না আধো-আঁচলে ?

মা। তাঁকে আনতে যদি পারি

মূল্য দিতে পারবি কি তুই তার।

জীবনে কিছুই যে তোর

থাকবে না বাকি'।

প্রকৃতি। না, কিছুই থাকবে না, কিছুই থাকবে না,

কিছুই না, কিছুই না।

যদি আমার সব মিটে যায়

সব মিটে যায়,

তবেই আমি বেঁচে যাব যে

চিরদিনের তরে

যথন কিছুই থাকবে না।

দেবার আমার আছে কিছু

এই কথাটাই যে

ভূলিয়ে রেখেছিল সবাই মিলে— আৰু জেনেছি, আমি নই-যে অভাগিনী :

দেবই আমি, দেবই আমি, দেব,

উজাড় করে দেব আমারে।

কোনো ভয় আর নেই আমার।

পড়্তোর মন্তর, পড়্তোর মন্তর,

ভিক্রে নিয়ে আয় অমানিতার পাশে,

সে'ই তারে দিবে সম্মান—

এত মান আর কেউ দিতে কি পারে

বাছা, তুই যে আমার বুকচেরা ধন। মা। তোর কথাতেই চলেছি পাপের পথে, পাপীয়সী। হে পবিত্র মহাপুরুষ, আমার অপরাধের শক্তি যত ক্ষমার শক্তি তোমার আরো অনেক গুণে বডো। তোমারে করিব অসমান-তবু প্রণাম, তবু প্রণাম, তবু প্রণাম। আমায় দোষী করে।। প্রকৃতি। ধুলায়-পড়া মান কুস্থম পায়ের তলায় ধরে।। অপরাধে ভরা ডালি নিজ হাতে করো খালি, তার পরে সেই শৃন্ত ভালায় তোমার করুণা ভরো-আমায় দোষী করে।।

তুমি উচ্চ, আমি তৃচ্ছ
ধরব তোমায় ফাঁদে
আমার অপরাধে।
আমার দোষকে তোমার পুণ্য
করবে তো কলঙ্কশৃত্য—
ক্ষায় গেঁথে সকল ক্রটি
গলায় তোমার পরো।

মা। কী অসীম সাহস তোর, মেয়ে।
প্রকৃতি। আমার সাহস!
তার সাহসের নাই তুলনা।
কেউ যে কথা বলতে পারে নি
তিনি ব'লে দিলেন কত সহজে—
জল দাও।

• মা।

প্রকৃতি।

ঐ একটু বাণী—
তার দীপ্তি কত ;
আলো ক'রে দিল আমার সারা জন্ম ।
বুকের উপর কালো পাথর চাপা ছিল যে,
সেটাকে ঠেলে দিল—
উপলি উঠল রসের ধারা।
ওরা কে যায়

বৌদ্ধ ভিক্ষুর দল

পীতবদন-পরা সন্নাসী।

ভিক্গণ। নমো নমো বৃদ্ধদিবাকরায়,
নমো নমো গোতমচন্দিমায়,
নমো নমো নভেগুণগ্লহায়,
নমো নমো নাক্ত

মা. ঐ যে তিনি চলেছেন প্রকৃতি। স্বার আগে আগে! ফিরে তাকালেন না, ফিরে তাকালেন না-তাঁর নিজের হাতের এই নৃতন স্প্রিরে আর দেখিলেন না চেয়ে! এই মাটি, এই মাটি, এই মাটিই তোর আপন রে! হতভাগিনী, কে তোরে আনিল আলোতে শুধু এক নিমেষের জন্মে! থাকতে হবে তোকে মাটিতেই স্বার পায়ের তলায়। ওরে বাছা, দেখতে পারি নে তোর হৃঃথ-मा। আনবই আনবই, আনবই তারে মন্ত্ৰ প'ডে।

পড় ডুই সব চেয়ে নিষ্ঠুর মন্ত্র,

পাকে পাকে দাগ দিয়ে
জড়ায়ে ধক্ষক ওর মনকে।
যেথানেই যাক,
কথনো এড়াতে আমাকে
পারবে না, পারবে না।

আকর্ষণীমন্ত্র যোগ দেবার ক্সন্থে মা তার শিক্তাদলকে ডাক দিল

মা। আয় তোরা আয়, আয় তোরা আয়।

या।

তাদের প্রবেশ ও নহা

যায় যদি যাক সাগরতীরে—
আবার আহক, আহক ফিরে।
ররেপে দেব আসন পেতে
হৃদয়েতে।
পথের ধুলো ভিজিয়ে দেব
অক্টানীরে।
যায় যদি যাক শৈলশিরে—
আহক ফিরে, আহক ফিরে।
ল্কিয়ে রব গিরিগুহায়,
ভাকব উহায়—
আমার স্থপন ওর জাগরণ
রইবে ঘিরে॥

মালের মারানৃত্য

ভাবনা করিস নে তুই— এই দেখ মায়াদর্পণ আমার, হাতে নিয়ে নাচবি যথন দেখতে পাবি তাঁর কী হল দশা। এইবার এসো এসো রুস্রভৈরবের সন্তান, জাগাও তাণ্ডবনৃত্য।

[ প্রস্থান

## তৃতীয় দৃশ্য

ম য়ের মারানৃত্য

প্রকৃতি।

ক দেখ্ পশ্চিমে মেঘ ঘনালো,

মন্ত্র থাটবে মা, থাটবে—
উড়ে যাবে শুক্ত সাধনা সন্ত্যাসীর

শুক্তনো পাতার মতন।

নিববে বাতি, পথ হবে অন্ধকার,

ঝড়ে-বাসা-ভাঙা পাথি
ঘুরে ঘুরে পড়বে এসে মোর ঘারে।

ছুক্ত কুক্ত করে মোর বক্ষ,

মনের মাঝে ঝিলিক দিতেছে বিজুলি।

দুরে যেন ফেনিয়ে উঠেছে সমুদ্র—

তল নেই, কুল নেই তার।

মন্ত্র থাটবে মা, থাটবে।

মা।

এইবার আয়নার সামনে নাচ্ দেখি তুই,

প্রকৃতির নৃত্য

मिथ (मिथ की हांग्रा भएन।

প্রকৃতি। লজ্জা ছি ছি লজ্জা!
আকাশে তুলে দুই বাহু
অভিশাপ দিচ্ছেন কাকে।
নিজেরে মারছেন বহির বেত্র,
শেল বিঁধছেন যেন আপনার মর্মে।
মা। ওরে বাছা, এখনি অধীর হলি যদি,
শেষে তোর কী হবে দশা।

আমি দেখৰ না, আমি দেখৰ না, প্রকৃতি। আমি দেখৰ না তোর দর্পণ। বুক ফেটে যায়, যায় গো, বুক ফেটে খায়। কী ভয়ংকর হুংখের ঘূর্ণিঝঞা-মহান বনস্পতি ধুলায় কি লুটাবে, ভাঙ্রবে কি অভ্রভেদী তার গৌরব। দেখব না, আমি দেখব না তোর দর্পণ। मा मा मा। থাকু তবে থাকু এই মায়া। मा । প্রাণপণে ফিরিয়ে আনব মোর মন্ত্র— নাড়ী যদি ছিঁড়ে যায় যাক, ফুরায়ে যায় যদি যাক নিখাস। সেই ভালো মা, সেই ভালো। প্রকৃতি। থাক তোর মন্ত্র, থাক তোর-

না না না, পড়্মন্ত তুই, পড়্তোর মন্ত্র পধ তো আর নেই বাকি।
আসবে দে, আসবে দে, আসবে,
আমার জীবনমৃত্যু-দীমানায় আসবে।
নিবিড় রাত্তে এসে পৌছবে পান্ত,
বুকের জালা দিয়ে আমি
জালিয়ে দিব দীপথানি—
দে আসবে।

আর কাজ নাই, কাজ নাই, কাজ নাই।

ছঃথ দিয়ে মেটাব ছঃথ তোমার।
শ্বান করাব অতল জলে
বিপুল বেদনার।

মোর সংসার দিব যে জালি,

শোধন হবে এ মোহের কালি—

• মরণব্যপা দিব তোমার

চরণে উপহার ॥

মা।

বাছা, মোর মন্ত্র আর তো বাকি নেই,

প্রাণ মোর এল কঠে।

প্রকৃতি।

মা গো, এতদিনে মনে হচ্ছে যেন

টলেছে আসন তাঁহার।

ঐ আসছে, আসছে, আসছে।

যা বহু দূরে, যা লক্ষ যোজন দূরে,

যা চন্দ্রস্থ পেরিয়ে,

ঐ আসছে, আসছে, আসছে:—

কাঁপছে আমার বক্ষ ভূমিকম্পে।

মা। বল্ দেখি বাছা, কী তুই দেখছিশ আয়নায়। প্রকৃতি। ঘন কালো মেঘ তাঁর পিছনে, চারি দিকে বিহাৎ চমকে।

অঙ্গ ঘিরে ঘিরে তাঁর

অগ্নির আবেইন,

যেন শিবের কোধানলদীপ্তি।
তোর মন্ত্রবাণী ধরি কালীনাগিনীমূর্তি
গজিছে বিষনিশ্বাদে,

কলুষিত করে তাঁর পুণ্যশিধা।

### আন্দের ছায়া-অভিনয়

মা। ওরে পাধাণী,
কী নিষ্ঠুর মন তোর,
কী কঠিন প্রাণ,
এথনো তো আছিস বেঁচে।
প্রস্কৃতি। কুধার্ড প্রেম তার নাই দয়া,
তার নাই ভয়, নাই লক্ষা।

নিষ্ঠুর পণ আমার,
আমি মানব না হার, মানব না হার—
বাঁধব তাঁরে মায়াবাঁধনে,
জড়াব আমারি হাসি-কাঁদনে।
ঐ দেখ, ঐ নদী হয়েছেন পার—
একা চলেছেন ঘন বনের পথে।
ফেন কিছু নাই তাঁর চোধের সম্ম্থে—
নাই সত্য, নাই মিধ্যা;
নাই ভালো, নাই মন্দ।

মাকে নাড়া দিয়ে

ছুৰ্বল হোস নে হোস নে,

মা ৷

এইবার পড় তোর শেষনাগমন্ত্র— নাগপাশ-বন্ধনময়। জাগে নি এখনো জাগে নি রদাতলবাসিনী নাগিনী। বাজ বাজ বাজ বাঁশি, বাজ রে মহাভীমপাতালী রাগিণী, জেগে ওঠ্ মায়াকালী নাগিনী-ওরে মোর মন্ত্রে কান দে— ठीन तम, ठीन तम, ठीन तम, ठीन तम। বিষগর্জনে ওকে ডাক দে— পাক দে, পাক দে, পাক দে, পাক দে। গহ্বর হতে তুই বার ই, দপ্দমুদ্র পার হ। বেঁধে তারে আন্রে— **छीन् दा, छीन् दा, छीन् दा, छीन् दा**। নাগিনী জাগল, জাগল, জাগল---পাক দিতে এ লাগল, লাগল, লাগল-মায়াটান ঐ টানল, টানল, টানল।

र्देश योनन, रदेश योनन, रदेश योनन ॥

এইবার নত্যে করো আহ্বান— ধর তোরা গান। আয় তোরা যোগ দিবি আয় যোগিনীর দল। আয় তোরা আয়, আয় তোরা আয়, আয় তোরা আয়।

ঘুমের ঘন গহন হতে যেমন আসে স্বপ্ন, मकरल।

তেমনি উঠে এসে৷ এসো ৷

শমীশাখার বক্ষ হতে যেমন জলে অগ্নি, তেমনি তুমি এসো এসো।

ঈশানকোণে কালো মেঘের নিষেধ বিদারি

যেমন আসে সহসা বিদ্যাৎ,

তেমনি তুমি চমক হানি এসো হৃদয়তলে,

এসো তুমি, এসো তুমি, এসো এসো।

আঁধার যবে পাঠায় ডাক মৌন ইশারায়,

যেমন আদে কালপুরুষ সন্ধ্যাকাশে

্তেমনি তুমি এসো, তুমি এসো এসো।

স্থদুর হিমগিরির শিথরে

মন্ত্র যবে প্রেরণ করে তাপদ বৈশাথ,

প্রথর তাপে কঠিন ঘন তুষার গলায়ে

বক্তাধারা যেমন নেমে আসে---

তেমনি তুমি এলো, তুমি এলো এলো॥

আর দেরি করিদ নে, দেখ্ দর্পণ---মা।

আমার শক্তি হল যে কয়।

না, দেখৰ না আমি দেখৰ না, প্রকৃতি।

আমি শুনব---

মনের মধ্যে আমি গুনব, ধ্যানের মধ্যে আমি গুনব,

তাঁর চরণধ্বনি।

के रमथ अम खड़, अम खड़,

তাঁর আগমনীর ঐ ঝড়—
পৃথিবী কাঁপছে থরো থরো ধরো ধরো,

গুরু গুরু করে মোর বক্ষ।

মা। তোর অভিশাপ নিয়ে আসে

হতভাগিনী।

প্রকৃতি। অভিশাপ নয় নয়,

অভিশাপ নয় নয়—

আনছে আমার জন্মান্তর,

মরণের সিংহদার ঐ খুলছে।

ভাঙল দ্বার,

ভাঙল প্রাচীর,

ভাঙল এ জন্মের মিথ্যা।

ওগো আমার সর্বনাশ,

ওগে। আমার দর্বস্থ,

তুমি এদেছ

আমার অপমানের চূড়ায়।

মোর অন্ধকারের উর্ধে রাখে

তব চরণ জ্যোতির্ময়।

মা। ত নিষ্ঠর মেয়ে,

আর যে সহে না, সহে না, সহে না।

প্রকৃতি। ওমা, ওমা, ওমা,

ফিরিয়ে নে তোর মন্ত্র

এখনি এখনি এখনি।

ও রাক্সী, কী করলি তুই,

की कदिन जूरे-

মরলি নে কেন, পাপীয়দী।

কোধা আমার সেই দীপ্ত সম্জ্জল
স্তম্ম স্থানিদ
স্থান্ব স্থানের আলো।
আহা কী মান, কী ক্লান্ত—
আত্মপরাভব কী গভীর।
যাক যাক যাক,
সব যাক, সব যাক—
অপমান করিস নে বীরের,
জয় হোক তাঁর,
জয় হোক তাঁর,

अप्र ८२१ क । .

আনন্দের প্রবেশ
প্রভু, এসেছ উদ্ধারিতে আমায়,
দিলে তার এত মূল্য,
নিলে তার এত হৃংথ।
ক্ষমা করো, ক্ষমা করো—
মাটিতে টেনেছি তোমারে,
এনেছি নীচে,
ধূলি হতে তুলি নাও আমায়
তব পুণ্যলোকে।
ক্ষমা করো।
জয় হোক তোমার জয় হোক।
কল্যাণ হোক তব, কল্যাণী।

আনন।

সকলে বৃদ্ধকে প্ৰণাম

সকলে।

বৃদ্ধো স্থান্ধে করুণামহার্ননো, যোচন্ত স্থান্ধের ঞানলোচনো লোকস্ম পাপৃপকিলেম্থাতকো বন্দামি বৃদ্ধং অহমাদরেণ তং ॥

# শামা

## भाग

### প্রথম দৃশ্য

#### বজ্রসেন ও তাহার বন্ধু

বন্ধু। তুমি ইন্দ্রমণির হার

এনেছ স্বৰ্ণ দ্বীপ থেকে--

রাজমহিষীর কানে যে তার থবর

দিয়েছে কে।

দাও আমায়, রাজবাড়িতে দেব বেচে

ইন্দ্রমণির হার-

চিরদিনের মতে। তুমি যাবে বেঁচে।

বজ্ঞসেন ।

না না না বন্ধু,

আমি অনেক করেছি বেচাকেনা,

অনেক হয়েছে লেনাদেনা—

ना ना ना,

এ তো হাটে বিকোবার নয় হার—

ना ना ना।

কণ্ঠে দিব আমি তারি

যারে বিনা মূল্যে দিতে পারি-

ওগো আছে দে কোথায়,

আজো তারে হয় নাই চেনা।

ना ना ना, रक् ।

বন্ধ। জান না কি

পিছনে ভোমার রয়েছে রাজার চর।

বছদেন। জানি জানি, তাই তো আমি

চলেছি দেশান্তর।

এ মানিক পেলেম আমি অনেক দেবতা পৃজে,
 বাধার দক্ষে যুঝে—
 এ মানিক দেব যারে অমনি তারে পাব খুজে,
 চলেছি দেশ-দেশাস্তর ।

বন্ধু দূরে প্রহরীকে দেখতে পেরে বন্ধুদেনকে মালা-সমেত পালাতে বলল

কোটালের প্রবেশ

त्कांगिन। थात्मा थात्मा,

কোথায় চলেছ পালায়ে

সে কোন্ গোপন দায়ে।

আমি নগর-কোটালের চর।

বজ্বদেন। আমি বণিক, আমি চলেছি

আপন ব্যবসায়ে,

চলেছি দেশান্তর।

কোটাল। কী আছে তোমার পেটিকায়।

বছ্রদেন। আছে মোর প্রাণ, আছে মোর খাস।

কোটাল। খোলো, খোলো, বুথা কোরো না পরিহাস।

বছলেন। এই পেটিকা আমার বুকের পাঁজর যে রে—

সাবধান! সাবধান! তুমি ছুঁয়ো না, ছুঁয়ো না এরে।

তোমার মরণ, নয় তো আমার মরণ—

যমের দিব্য করে। যদি এরে হরণ-

ছুँয়োনা, ছুँয়োনা, ছুঁয়োনা।

[ বজ্রদেনের পলায়ন

সেই দিকে তাৰিয়ে

কোটাল। ভালো ভালো তুমি দেখব পালাও কোথা।

মশানে তোমার শূল হয়েছে পৌতা—

এ কথা মনে রেখে
তোমার ইষ্টদেবতারে শ্বরিয়ো এখন থেকে।

[প্রস্থান

### দ্বিতীয় দৃশ্য

শ্যামার সভাগৃহে কয়েকটি সহচরী বসে আছে
নানা কালে নিহক

স্থারা। হে বিরহী, হায়, চঞ্চল হিয়া তব—
নীরবে জাগ একাকী শৃক্ত মন্দিরে,
কোন্ সে নিরুদ্দেশ-লাগি আছ জাগিয়া।
স্থানরপিণী অলোকস্ক্রী
অলক্য অলকাপুরী-নিবাসিনী,
তাহার মুরতি রচিলে বেদনায় হৃদয়মাঝারে ॥

উত্তীয়ের প্রবেশ

স্থীরা। ফিরে যাও কেন ফিরে ফিরে যাও
বহিয়া বিফল বাসনা।
চিরদিন আছ দ্রে
অজানার মতো নিভৃত অচেনা পুরে।
কাছে আদ তবু আদ না,
বহিয়া বিফল বাসনা।
পারি না তোমায় বৃরিতে—
ভিতরে কারে কি পেয়েছ,
বাহিরে চাহ না খুঁজিতে।
না-বলা তোমার বেদনা যত
বিরহপ্রদীপে শিখার মতো,
নয়নে তোমার উঠেছে জলিয়া
নীরব কী সম্ভাষণা।

উত্তীয়। মায়াবনবিহারিণী হরিণী গহনস্থপনসঞ্চারিণী, কেন তারে ধরিবারে করি পণ অকারণ 1 থাক্ থাক্, নিজ-মনে দুরেতে, আমি শুধু বাঁশরির হুরেতে পরশ করিব ওর প্রাণমন

অকারণ ॥

স্থীরা।

হতাশ হোয়ে৷ না, হোয়ে৷ না,

হোয়ো না, স্থা।

নিজেরে ভ্লায়ে লোয়ো না, লোয়ো না

আঁধার গুহাতলে।

উত্তীয়।

চমকিবে ফাগুনের পবনে,

পশিবে আকাশবাণী শ্রবণে,

চিত্ত আকুল হবে অমুখন

অকারণ।

দুর হতে আমি তারে সাধিব,

গোপনে বিরহডোরে বাধিব—

বাঁধনবিহীন সেই যে বাঁধন অকারণ ॥

স্থীরা।

হবে স্থা, হবে তব হবে জয়---

নাহি ভয়, নাহি ভয়, নাহি ভয়।

হে প্রেমিকতাপদ, নিঃশেষে আত্ম-আহতি

ফলিবে চরম ফলে।

প্রস্থান

#### স্থীসহ শ্রামার প্রবেশ

मशी।

জীবনে পরম লগন কোরো না হেলা,

হে গ্রবিনী।

বৃথাই-কাটিবে বেলা, সাক্ষ হবে যে থেলা-

স্থার হাটে ছুরাবে বিকিকিনি,

হে গরবিনী।

মনের মান্ত্য লুকিয়ে আসে,

দাঁড়ায় পাশে, হায়-

হেসে চলে যায় জোয়ারজনে
ভাসিয়ে ভেলা,
ছুর্লভ ধনে ছু:পের পণে লও গো জিনি,
হে গরবিনী।
ফাগুন যথন যাবে গো নিয়ে
ফুলের ভালা,
কী দিয়ে তথন গাঁ।থবে তোমার
বরণমালা।
বাজবে বাঁশি দুরের হাওয়ায়,
চোথের জলে শৃত্যে চাওয়ায়
কাটবে প্রহর—
বাজবে বুকে বিদায়পথে চরণ-ফেলা দিন্যামিনী,
হে গরবিনী॥

चामा।

কোটাল।

ধরা সে যে দেয় নাই, দেয় নাই,
যারে আমি আশনারে সঁপিতে চাই—
কোথা সে যে আছে সংগোপনে,
প্রতিদিন শত তুচ্ছের আড়ালে আড়ালে।
এসো মম সার্থক স্বপ্ন,
করো মোর যৌবন স্থনর,
দক্ষিণবায় আনো পূলাবনে।
ঘূচাও বিষাদের কুহেলিকা,
নবপ্রাণমন্ত্রের আনো বাণী।
পিপাসিত জীবনের ক্ষুদ্ধ আশা
আধারে আধারে থোঁজে ভাষা—
শ্ত্রে পথহারা পবনের ছন্দে,
রব্রে-পড়া বকুলের গন্ধে॥

স্থীদের মৃত্যুচর্চা, শেবে ছামার স্ক্রা-সাধ্ন, এমন সময়

বজ্ঞসেন ছুটে এল। পিছনে কোটাল ধর্ ধর্ ঐ চোর, ঐ চোর। বছ্ৰদেন।

নই আমি নই চোর, নই চোর, নই চোর—

অন্তায় অপবাদে আমারে ফেলো না ফাঁদে

কোটাল।

ঐ বটে, ঐ চোর, ঐ চোর, ঐ চোর।

[ প্রস্থান

বক্সসেন যে দিকে গোল শ্রামা সে দিকে কিছুকণ তন্ময় হয়ে তাকিয়ে রইল

ভামা।

আহা মরি মরি,

মহেন্দ্রনিন্দিতকান্তি উন্নতদর্শন

কারে বন্দী করে আনে

চোরের মতন কঠিন শৃঙ্খলে।

শীঘ্র যা লো সহচরী, যা লো, যা লো—

বল্ গে নগরপালে মোর নাম করি,

শ্রামা ডাকিতেছে তারে।

বন্দী সাথে লয়ে একবার

আদে যেন আমার আলয়ে দয়া করি।

[ খামা ও স্থাদের প্রস্থান

मथी।

স্থলবের বন্ধন নিষ্ঠবের হাতে

ঘুচাবে কে।

নিঃসহায়ের অশ্রবারি পীড়িতের চক্ষে

মুছাবে কে।

আর্তের ক্রন্সনে হেরো ব্যথিত বহুদ্ধরা,

অক্যায়ের আক্রমণে বিষবাণে জর্জরা---

প্রবলের উৎপীড়নে কে বাঁচাবে হুর্বলেরে,

অপমানিতেরে কার দয়া বক্ষে লবে ডেকে।

[ সহচরীর প্রস্থান

বজ্ঞসেন ও কোটাল-সহ শ্যামার পুনঃ প্রবেশ

খামা।

তোমাদের এ কী ভ্রান্তি— কে ঐ পুরুষ দেবকান্তি,

প্রহরী, মরি মরি।

এমন করে কি ওকে বাঁধে। দেখে যে আমার প্রাণ কাঁদে।

वनी करत्र कान् लाख।

কোটাল।

চুরি হয়ে গেছে রাজকোষে,

চোর চাই যে করেই হোক।

হোক-না দে যেই-কোনো লোক, চোর চাই ।

নহিলে মোদের যাবে মান!

णामा। निर्फाषी विष्मनीत्र द्वारथ। প्रान,

তুই দিন মাগিত্ব সময়।

কোটাল: রাখিব তোমার অম্বনয়;

ূহুই দিন কারাগারে রবে,

তার পর যা হয় তা হবে।

विकास । এ की याना दर समिती,

কিদের এ কৌতৃক।

দাও অপমান-ত্রখ—

মোরে নিয়ে কেন, কেন এ কৌতুক।

খামা। নহে নহে, এ নহে কৌতুক।

মোর অঙ্গের স্বর্ণ-অলংকার

পঁপি দিয়া শৃঙ্খল তোমার

নিতে পারি নিজ দেহে।

তব অপমানে মোর

অন্তরাত্মা আজি অপমান মানে।

[ বজুদেনকে নিয়ে প্রহরীর প্রস্থান

সজে ভামা কিছু দূর গিয়ে কিরে এসে

খ্যামা। রাজার প্রহরী ওরা অন্তায় অপবাদে নিরাহের প্রাণ বধিবে ব'লে কারাগারে বাঁধে। গুগো শোনো, ওগো শোনো, ওগো শোনো,

আছ কি বীর কোনো,

দেবে কি ওরে জডিয়ে মরিতে অবিচারের ফাঁদে অনুায় অপবাদে।

উত্তীয়ের প্রবেশ

উত্তীয়। খ্যায় অখ্যায় জানি নে, জানি নে, জানি নে, শুধু তোমারে জানি

ওগো স্থন্দরী।

চাও কি প্রেমের চরম মূল্য— দেব আনি,

দেব আনি ওগো রুলরী।

প্রিয় যে তোমার, বাঁচাবে যারে,

নেবে মোর প্রাণঋণ—

তাহারি দঙ্গে তোমারি বক্ষে

বাঁধা রব চিরদিন

মরণডোরে।

কেমনে ছাড়িবে মোরে.

ওগে। ফুন্দরী।

এতদিন তুমি দখা, চাহ নি কিছু;

নীরবে ছিলে করি নয়ন নিচু।

রাজ-অঙ্গুরী মম করিলাম দান,

তোমারে দিলাম মোর শেষ সম্মান।

তব বীর-হাতে এই ভূষণের সাথে

আমার প্রণাম যাক তব পিছু পিছু।

উত্তীয় ৷ আমার জীবনপাত্র উচ্ছলিয়া মাধুরী করেছ দান-

তুমি জান নাই, তুমি জান নাই,

তুমি জান নাই তার মূল্যের পরিমাণ।

বন্ধনীগদ্ধা অগোচরে

যেমন রজনী স্বপনে ভরে

সৌরভে.

তুমি জান নাই, তুমি জান নাই,

প্রামা।

তুমি জ্বান নাই, মরমে আমার ঢেলেছ তোমার গান। বিদায় নেবার সময় এবার হল— প্রসন্ত মুখ তোলো,

ম্থ তোলো, ম্থ তোলো—
মধুর মরণে পূর্ণ করিয়া স পিয়া যাব প্রাণ
চরণে।

ধারে জান নাই, যাবে জান নাই,

• যাবে জান নাই,

তার গোপন ব্যথার নীরব রাত্রি হোক আজি অবসান।

শ্রামা হাত ধ'রে উত্তীয়ের মুখের দিকে চেয়ে রইল অলক্ষণ পরে হাত ছেড়ে ধীরে ধীরে চলে গেল

अथी।

তোমার প্রেমের বীর্ঘে

তোমার প্রবল প্রাণ সখীরে করিলে দান।

তব মরণের ডোরে

বাঁধিলে বাঁধিলে ওরে

অসীম পাপে

অনন্ত শাপে।

তোমার চরম অর্ঘ্য

কিনিল স্থীর লাগি নারকী প্রেমের হর্গ।

উত্তীয়।

প্রহরী, ওগো প্রহরী,

লহো লহো লহো মোরে বাঁধি।

ৰিদেশী নহে দে তব শাসনপাত্ৰ,

আমি একা অপরাধী।

কোটাল।

তুমিই করেছ তবে চুরি ?

উত্তীয়।

এই দেখো রাজ-অঙ্গুরী---

রাজ-আতরণ দেহে করেছি ধারণ আজি,

সেই পরিতাপে আমি কাঁদি।

[ উত্তীয়কে লইয়া প্রহরীর প্রস্থান

मथी।

বুক বে ফেটে যায়, হায় হায় রে।
তোর তরুণ জীবন দিলি নিজারণে
মৃত্যুপিপাসিনীর পায় রে।
ওরে সথা,
মধ্র তুল ভ যৌবনধন ব্যর্থ করিলি
কেন অকালে
পুষ্পবিহান গীতিহারা মরণমক্রর পারে,

[ প্রস্থান

কারাগারে উতীয়। প্রহরীর প্রবেশ

প্রহরী।

নাম লহো দেবতার; দেরি তব নাই আর, দেরি তব নাই আর। ওরে পাষও, লহো চরম দও; তোর অস্ত যে নাই আস্পর্ধার।

শ্যামার ক্রত প্রবেশ

ভাম।

থাম্ রে, থাম্ রে তোরা, ছেড়ে দে, ছেড়ে দে— দোষী ও-যে নয় নয়, মিথ্যা মিথ্যা সবই, আমারি ছলনা ও যে— বেঁধে নিয়ে যা মোরে রাজার চরণে।

প্রহয়ী।

हुপ करता, मृद्र यां ७, मृद्र यां ७ नाती— वांश मिरमा ना, वांश मिरमा ना।

[ হুই হাতে মুখ ঢেকে খ্রামার প্রস্থান

গ্ৰহরীর উত্তীয়কে হতা

मशी।

কোন্ অপরূপ স্বর্গের আলে।
দেখা দিল রে প্রলয়রাত্রি ভেদি
তুর্দিন তুর্ফোগে,
মরণমহিমা ভীষণের বাজালো বাঁশি।

অকরুণ নির্মম ভূবনে
দেখিত্ব এ কী সহসা--কোন আপনা-সমর্পণ, মুখে নির্ভয় হাসি ॥

## তৃতীয় দৃশ্য

শ্রামা। বাজে গুরু গুরু শকার ডকা,

বক্ষা ঘনায় দূরে
ভীষণ নীরবে।

কত রব স্থাস্বপ্লের ঘোরে আপনা ভূলে,

সহসা জাগিতে হবে রে ॥

খামা।

#### বজ্ঞদেনের প্রবেশ

হে বিদেশী এদো এদো। হে আমার প্রিয়,

অভাগীরে করুণা করিয়ো, এসো এসো। তোমা-দাথে এক স্রোতে ভাদিলাম আমি ट्ट क्रमग्रश्वाभी, জীবনে মরণে প্রভূ। এ কী আনন্দ, আহা---বজ্ঞদেন। হৃদয়ে দেহে ঘুচালে মম সকল বন্ধ। তুঃথ আমার আজি হল যে ধন্ত, মৃত্যুগহনে লাগে অমৃতস্থপদ। এলে কারাগারে রজনীর পারে উষাসম, মৃক্তিরপা অয়ি লক্ষী দয়াময়ী। খ্যামা। (वांला ना, वांला ना, वांला ना আমি দয়াময়ী। शिष्णा, शिष्णा, शिष्णा। द्वारमा ना। এ কারাপ্রাচীরে শিলা আছে যত

নহে তা কঠিন আমার মতো।

व्यामि नग्नाभग्नी।

মিপ্যা, মিপ্যা, মিপ্যা। জেনো প্রেম চিরঋণী আপনারি হরষে, বছ্রদেন | জেনো, প্রিয়ে। সব পাপ ক্ষমা করি ঋণশোধ করে সে। কলঙ্ক যাহা আছে. দুর হয় তার কাছে,

কালিমার 'পরে তার অমৃত সে বর্ষে।

প্রেমের জোয়ারে ভাসাবে দোঁহারে বাঁধন খুলে দাও, দাও দাও। ভূলিব ভাবনা পিছনে চাব না. পাল তুলে দাও, দাও দাও। প্রবল প্রনে তরঙ্গ তুলিল---इस्य प्रलिम, प्रलिम प्रनिम, পাগল হে নাবিক, ভূলাও দিগ বিদিক, পাল তুলে দাও, দাও দাও॥

হায় হায় রে হায় পরবাসী.

হায় গৃহছাড়া উদাদী।

অন্ধ অদৃষ্টের আহ্বানে কোথা অজান। অকুলে চলেছিদ ভাদি। ভনিতে কি পাস দূর আকাশে কোন বাতাদে সর্বনাশার বাঁশি। ওরে, নির্মম ব্যাধ যে গাঁথে

> মরণের ফাঁসি। রঙিন মেঘের তলে

গোপন অশ্রন্তলে বিধাতার দারুণ বিভ্রাপবজ্ঞে সঞ্চিত নীরব অট্টহাসি॥

मथी।

## চতুর্থ দৃশ্য

#### কোটালের প্রবেশ

কোটাল।

পুরী হতে পালিয়েছে যে পুরস্কলরী
কোথা তারে ধরি, কোথা তারে ধরি।
রক্ষা ববে না, রক্ষা ববে না—
এমন ক্ষতি রাজার সবে না,
রক্ষা ববে না।
বন হতে কেন গেল অশোকমঞ্জরী
ফাস্কনের অন্ধন শৃত্য করি।
ওরে কে তুই ভুলালি—
ফিরিয়ে দে তারে মোদের বনের ঘুলালী,
ভারে কে তুই ভুলালি।

[প্রস্থান

মেয়েদের প্রবেশ। শেষে প্রহরীর প্রবেশ

স্থীগ্ণ।

রাজভবনের সমাদর সন্মান ছেড়ে

এল আমাদের সথা।

দেরি কোরো না, দেরি কোরো না—

কেমনে যাবে অজ্ঞানা পথে

অন্ধকারে দিক নির্থি।

অচেনা প্রেমের চমক লেগে
প্রণয়রাতে দে উঠেছে জেগে—
ধ্রুতারাকে পিছনে রেখে
ধ্যুকেতুকে চলেছে লখি।
কাল সকালে পুরোনো পথে
আর কখনো ফিরিবে ও কি।
দেরি কোরো না, দেরি কোরো না, দেরি কোরো না।

প্রহরী। দাঁড়াও, কোথা চলো, তোমরা কে বলো বলো।
দখীগণ। আমরা আহিরিনী, সারা হল বিকিকিনি—
দূর গাঁরে চলি ধেয়ে আমরা বিদেশী মেয়ে।
প্রহরী। বাটে বসে হোথা ও কে।
দখীগণ। সাথি মোদের ও যে নেয়ে—

যেতে হবে দূর পারে,
এনেছি তাই ডেকে তারে।

অনোছ তাই ভেকে তারে।
নিয়ে যাবে তরী বেয়ে
গাথী মোদের ও যে নেয়ে—
ওগো প্রহরী, বাধা দিয়ো না, বাধা দিয়ো না,
মিনতি করি,

ওগো প্রহরী।

[ প্রস্থান

मशी।

কোন্ বাঁধনের গ্রাম্বি বাঁধিল ছই অজানারে এ কী সংশয়েরি অন্ধকারে। দিশাহারা হাওয়ায় তরদদোলায় মিলনতরণীখানি ধায় রে কোন্ বিচ্ছেদের পারে॥

বজ্ঞসেন ও শ্রামার প্রবেশ

বজ্ঞসেন।

হৃদয়ে বদস্তবনে যে মাধুরী বিকাশিল দেই প্রেম দেই মালিকায় রূপ নিল, রূপ নিল। এই ফুলহারে প্রেয়দী তোমারে বরণ করি

অক্ষয় মধুর স্থাময়
হোক মিলনবিভাবরী।
প্রেয়দী তোমায় প্রাণবেদিকায়

প্রেমের পূজায় বরণ করি ॥

কহো কহো মোরে প্রিয়ে, আমারে করেছ মৃক্ত কী সম্পদ দিয়ে। অয়ি বিদেশিনী,

তোমার কাছে আমি কত ঋণে ঋণী।

শ্ৰীমা। নহে নহে নহে— সে কথা এখন নহে।

সহচরী। নীরবে থাকিদ দখী, ও তুই দীরবে থাকিদ।

তোর প্রেমেতে আছে যে কাঁটা

তারে আপন বুকে বি'ধিয়ে রাখিস।

দয়িতেরে দিয়েছিলি স্থা,

আজিও তাহে মেটে নি স্ক্ধা—

এখনি তাহে মিশাবি কি বিষ।

य जनत जूरे मतिति मत्रस मत्रस

কেন তারে বাহিরে ডাকিস।

বজ্রসেন। কী করিয়া সাধিলে অসাধ্য ব্রত

কহে। বিবরিয়া।

कानि यनि थिएत, भाध निव

এ জীবন দিয়ে এই মোর পণ।

খ্যামা।

তোমা লাগি যা করেছি

কঠিন সে কাজ,

আরো স্থকঠিন আজ তোমারে সে কথা বলা।

বালক কিশোর উত্তীয় তার নাম,

ব্যর্থ প্রেমে মোর মত্ত অধীর:

মোর অহনয়ে তব চুরি-অপবাদ

নিজ-'পরে লয়ে

সঁপেছে আপন প্রাণ।

বজ্ঞদেন।

কাঁদিতে হবে রে, রে পার্পিষ্ঠা,

জীবনে পাবি না শান্তি।

ভাঙিবে ভাঙিবে কলুষনীড় বছ্র-আঘাতে।

খ্রামা। ক্ষমা করো নাথ, ক্ষমা করো।

এ পাপের যে অভিসম্পাত

24158

হোক বিধাতার হাতে নিদারুণতর।

তুমি ক্মা করো, তুমি ক্মা করো।

বছ্রপেন। এ জন্মের লাগি

তোর পাপমূল্যে কেনা

মহাপাপভাগী

এ জীবন করিলি ধিক্কত।

কলঙ্কিনী ধিক নিখাপ মোর

তোর কাছে ঋণী।

খামা। তোমার কাছে দোষ করি নাই,

দোষ করি নাই।

দোষী আমি বিধাতার পায়ে,

তিনি করিবেন রোধ—

সহিব নীরবে।

তুমি যদি না করো দয়া

मत्त्र ना, मत्त्र ना, मत्त्र ना ॥

বজ্ঞদেন। তবু ছাড়িবি না মোরে ?

খামা। ছাড়িব না, ছাড়িব না, ছাড়িব না।

তোমা লাগি পাপ নাথ,

তুমি করে। মর্মাঘাত।

ছাড়িব না।

ভাষাকে বজুদেনের আঘাত ও ভাষার পতন

িবজ্ঞদেনের প্রস্থান

নেপথ্য। হায় এ কী সমাপন!

অমৃতপাত্র ভাঙিলি,

করিলি মৃত্যুরে সমর্পণ;

এ হর্লভ প্রেম মূল্য হারালো

কলকে, অসম্বানে ।

বছদেনের প্রবেশ

পল্লীবমনীরা। তোমায় দেখে মনে লাগে ব্যথা,

হায় বিদেশী পাছ।

এই দাৰুণ রৌদ্রে, এই তপ্ত বালুকায়

তৃমি কি পথল্লান্ত।

তৃই চক্তে এ কী দাহ

জানি নে, জানি নে, জানি নে, কী যে চাহ।

চলো চলো আমাদের ঘরে,

চলো চলো ক্ষণেকের তরে,

পাবে ছায়া, পাবে জল।

সব তাপ হবে তব শান্ত।

কথা কেন নেয় না কানে,

কোথা চ'লে যায় কে জানে।

মরণের কোন্ দৃত ওরে

করে দিল বৃষ্যি উদ্লান্ত।

[ সকলের প্রস্থান

বজ্রাসনের প্রবেশ

বছদেন।

এসো এসো এসো প্রিয়ে,
মরণলোক হতে নৃতন প্রাণ নিয়ে।
নিফল মম জীবন,
নীরস মম তুবন,
শৃত্য হাদয় পূরণ করো
মাধুরীস্থা দিয়ে।
সংসান্পুর দেখিয়া কুড়াইয়া লইল

হায় বে, হায় বে, নৃপুর,
তার করুণ চরণ তাজিলি, হারালি
কলগুঞ্জনস্থর।
নীরব ক্রন্সনে বেদনাবন্ধনে
রাথিলি ধরিয়া বিরহ ভরিয়া
শ্রবণ স্থমধুর।
তার কোমল-চরণ-শ্রবণ স্থমধুর।

#### তোর ঝংকারহীন ধিকারে কাঁদে প্রাণ মম নিষ্ঠুর ॥

প্রস্থান

নেপথ্য। সব কিছু কেন নিল না, নিল না,
নিল না ভালোবাসা—
ভালো আর মন্দেরে।
আপনাতে কেন মিটাল না
যত কিছু ঘন্দেরে—
ভালো আর মন্দেরে।
নদী নিয়ে আসে পদ্দিল জলধার।
সাগরহদয়ে গহনে হয় হারা,
ক্ষমার দীপ্তি দেয় স্বর্গের আলো
প্রেমের আনন্দেরে—

বজ্রসেনের প্রবেশ

ভালো আর মন্দেরে॥

বছ্রসেন। এসো এসো এসো প্রিয়ে, মরণলোক হতে নৃতন প্রাণ নিয়ে।

শ্যামার প্রবেশ

শ্রামা। এসেছি প্রিয়তম, ক্ষমো মোরে ক্ষমো।
গেল না গেল না কেন কঠিন পরান মম—
তব নিঠুর করুণ করে! ক্ষমো মোরে।
বক্সদেন। কেন এলি, কেন এলি, কেন এলি ফিরে।
যাও যাও যাও যাও, চলে যাও।

ভাষা চলে বাচ্ছে। বজুদেন চুপ করে দাঁড়িছে ভাষা একবার ফিরে দাঁড়াল। বজুদেন একটু এগিয়ে

বছদেন। যাও যাও যাও যাও, চলে যাও।

[বছসেনকে প্রণাম করে খ্যামার প্রস্থান

বজ্ঞদেন।

ক্ষমিতে পারিলাম না যে ক্ষমো হে মম দীনতা, পাপীজনশরণ প্রভু। মরিছে তাপে মরিছে লাজে প্রেমের বলহীনতা— ক্ষমো হে মম দীনতা, পাপীজনশরণ প্রভু। প্রিয়ারে নিতে পারি নি বুকে, প্রেমেরে আমি হেনেছি, পাপীরে দিতে শান্তি শুধু পাপেরে ডেকে এনেছি। জানি গো তুমি ক্ষমিবে তারে যে অভাগিনী পাপের ভারে চরণে তব বিনতা। ক্ষমিবে না, ক্ষমিবে না আমার ক্ষমাহীনতা, পাপীজনশরণ প্রভূ॥

## পরিশিষ্ট

### পরিশোধ

#### ( নাট্যগীতি )

কথা ও কাহিনীতে প্রকাশিত শিরিশোর নামক পঞ্চাহিনীটকে নৃত্যাভিনর উপলক্ষ্যে নাট্যীকৃত করা হয়েছে। প্রথম থেকে শেব পর্যন্ত এর সমন্তই হরে বসানো। বলা বাহল্য ছাপার অক্সরে হরের সক্ষ দেওয়া অসম্ভব ব'লে কথাগুলির প্রীহীন বৈধব্য অপরিহার্থ।

5

গৃহদ্বারে পথপার্শ্বে

श्रीमा ।

এখনো কেন সময় নাহি হল
নাম-না-জানা অতিথি,
আঘাত হানিলে না ছয়াবে
কহিলে না, দ্বার খোলো।
হাজার লোকের মাঝে
রয়েছি একেলা যে,
এনো আমার হঠাৎ আলো
পরান চমকি' তোলো॥

আঁধার বাঁধা আমার ঘরে জানি না কাঁদি কাহার তরে ॥

> চরণদেবার সাধনা আনো, সকল দেবার বেদনা আনো, নবীন প্রাণের জাগরমন্ত্র কানে কানে বোলো॥

> > রাজপথে

প্রহরীগণ।

রাজার আদেশ তাই,
চোর ধরা চাই, চোর ধরা চাই,
কোথা তারে পাই ?
যারে পাও তারে ধরো
কোনো ভয় নাই ঃ

বজ্ঞসেনের প্রবেশ

প্রহরী।

ধর্ ধর্, ঐ চোর, ঐ চোর।

বক্সসেন ৷

নই আমি, নই নই নই চোর।

অন্যায় অপবাদে

আমারে ফেলো না ফাঁদে।

নই আমি নই চোর।

প্রহরী।

ঐ বটে ঐ চোর ঐ চোর।

বজ্ঞসেন।

এ কথা মিথ্যা অতি ঘোর।

আমি পরদেশী

হেথা নেই স্বজন বন্ধু কেহ মোর;

নই চোর, নই আমি, নই চোর।

ভামা।

আহা মরি মরি,

মহেন্দ্রনিন্দিত কাস্তি উন্নতদর্শন কারে বন্দী ক'রে আনে চোরের মতন কঠিন শৃঙ্খলে। শীঘ্র যা লো সহচরী,

বল্ গে নগরপালে মোর নাম করি, শ্রামা ডাকিতেছে তারে। বন্দী সাথে লয়ে

একবার আদে যেন আমার আলয়ে

দয়া করি।

সহচরী।

হৃদবের বন্ধন নিষ্ঠুরের হাতে

ঘুচাবে কে;

নিঃসহায়ের অশ্রবারি পীড়িতের চক্ষে

মৃছাবে কে।

আর্তের ক্রন্সনে হেরো ব্যথিত বস্থন্ধরা, অক্সায়ের আক্রমণে বিষবাণে জর্জরা, প্রবলের উৎপীড়নে কে বাঁচাবে হুর্বলেরে, অপমানিতেরে কার দয়া বক্ষে লবে ডেকে।

গ্ৰহরীদের প্রতি

9 11

তোমাদের এ কী প্রান্তি,

কে ঐ পুরুষ দেবকান্তি,

প্রহরী, মরি মরি।

এমন ক'রে কি ওকে বাঁথে।

দেখে যে আমার প্রাণ কাঁদে।

বন্দী করেছ কোন্ দোষে?

প্রহরী। চুরি হয়ে গেছে রাজকোষে

চোর চাই যে ক'রেই হোকু।

হোক-না সে যেই-কোনো লোক;

নহিলে মোদের যাবে মান।

णामा। निर्मिषी विष्मीत त्रांश्या श्रांग,

তুই দিন মাগিত্ব সময়।

প্রহরী। রাখিব তোমার অম্বনয়;

ছুই দিন কারাগারে রবে

তার পর যা হয় তা হবে।

কিদের এ কৌতুক।

কেন দাও অপমান-হথ,

মোরে নিয়ে কেন,

কেন এ কৌতুক।

খাম। । নহে নহে এ কৌতুক।

মোর অঙ্গের স্বর্ণ-অলংকার

সঁপি দিয়া, শৃঙ্খল তোমার

নিতে পারি নিজ দেহে। তব অপমানে

মোর অন্তরাত্মা আজি অপমান মানে।

বছ্রসেন। কোন অ্যাচিত আশার আলো

দেখা দিল রে তিমির রাত্রি ভেদি'

হর্দিন হুর্যোগে,

কাহার মাধুরী বাজাইল করুণ বাঁশি।

অচেনা নির্মম ভ্বনে দেখিয় এ কী সহসা

কোন্ অজানার সুন্দর মূথে সান্ধনা হাসি॥

Ş

কারাঘর

শ্যামার প্রবেশ

বজ্ঞসেন।

এ কী আনন্দ

হৃদয়ে দেহে যুচালে মম সকল বন্ধ।

হু:খ আমার আজি হল যে ধন্ত,

মৃত্যুগহনে লাগে অমৃত স্থান্ধ।

এলে কারাগারে

রজনীর পারে উষাদম,

মৃক্তিরূপা অয়ি, লক্ষী দয়াময়ী।

ভাম।

(वांला ना, वांला ना, वांमि नग्नामग्री।

মিথ্যা, মিথ্যা, মিথ্যা।

এ কারাপ্রাচীরে শিলা আছে যত

নহে তা কঠিন আমার মতো।

আমি দয়াময়ী!

মিথ্যা, মিথ্যা, মিথ্যা।

বজ্রদেন।

জেনো প্রেম চিরঋণী আপনারি হরষে,

জেনো, প্রিয়ে,

সব পাপ ক্ষমা করি ঋণশোধ করে সে।

কলম যাহা আছে

দ্র হয় তার কাছে,

ভামা।

কালিমার 'পরে তার অমৃত দে বরষে। হে বিদেশী, এসো এসো। হে আমার প্রিয়,

এই কথা স্মরণে রাখিয়ো,

তোমা সাথে এক স্রোতে ভাসিলাম আমি

হে হদয়সামী,

জীবনে মরণে প্রভু॥

বজ্ঞদেন।

প্রেমের জোয়ারে ভাসাবে দোঁহারে

ু বাঁধন খুলে দাও, দাও দাও।

ভূলিব ভাবনা পিছনে চাব না

পাল তুলে দাও, দাও দাও।

প্রবল পবনে তরক তুলিল

क्षत्र फ्लिन, फ्लिन फ्लिन

পাগল হে নাবিক

जूमा छ मिग् विभिक .

পাল তুলে দাও, দাও দাও ॥

খামা।

চরণ ধরিতে দিয়ো গো আমারে

निया ना निया ना नताय।

জীবন মরণ স্থ ছথ দিয়ে

বক্ষে ধরিব জড়ায়ে॥

স্থালিত শিথিল কামনার ভার

বহিয়া বহিয়া ফিরি কত আর,

নিজ হাতে তুমি গেঁথে নিয়ো হার,

ফেলো না আমারে ছডায়ে।

বিকায়ে বিকায়ে দীন আপনারে
পারি না ফিরিতে ত্য়ারে ত্য়ারে,
তোমার করিয়া নিয়ো গো আমারে
বরণের মালা পরায়ে ॥

বজ্ঞসেন ও শ্রামা

তরণীতে

খামা।

এবার ভাসিয়ে দিতে হবে আমার এই তরী। ভীরে বসে যায় যে বেলা, মরি গো মরি॥

ছুল ফোটানো দারা ক'রে

বসস্ত যে গেল স'রে

নিয়ে করা ফুলের ডাল।

বলো কী করি ॥

বলা কী করি ॥

বলা উঠেছে ছল্ছলিয়ে তেউ উঠেছে তুলে,

মর্মরিয়ে করে পাতা বিজ্ঞন তরুমূলে,

শৃত্তমনে কোথায় তাকাস

সকল বাতাস সকল আকাশ

ঐ পারের ঐ বাশির হ্লবে

উঠে শিহরি ॥

বজ্ঞদেন।

কহো কহো মোরে প্রিয়ে
আমারে করেছ মুক্ত কী সম্পদ দিয়ে।
অয়ি বিদেশিনী,
তোমারি কাছে আমি কত ঋণে ঋণী।
নহে নহে নহে। সে কথা এখন নহে।

ভাষা।

ঐ রে তরী দিল খুলে।
তোর ধোঝা কে নেবে তুলে ॥
সামনে যথন যাবি ওরে,
থাক্ না পিছন পিছে প'ড়ে,
পিঠে তারে বইতে গেলে
একলা প'ড়ে রইবি কুলে ॥
ঘরের বোঝা টেনে টেনে
পারের ঘাটে রাখলি এনে
তাই যে তোরে বারে বারে
ফিরতে হল গেলি ভলে।

ফিরতে হল গেলি ভূলে।

ডাক্ রে আবার মাঝিরে ডাক্,
বোঝা তোমার যাক ডেসে যাক,
জীবনথানি উজাড় ক'রে

স্পে দে তার চরণমূলে।
কী করিয়া পাধিলে অসাধ্য ব্রড
কহে। বিবরিয়া।

বজ্ঞদেন।

এই মোর পণ ॥

খ্যা ।

नहर नहरू नहरू। तम कथा अथन नहरू। তোমা লাগি যা করেছি কঠিন সে কাজ, আরে৷ স্বকঠিন আৰু

তোমারে সে কথা বলা। বালক কিশোর উত্তীয় তার নাম. বার্থ প্রেমে মোর মত্ত অধীর। মোর অন্থনমে তব চুবি-অপবাদ নিজ-'পরে লয়ে সঁপেছে আপন প্রাণ। এ জীবনে মম ওগো সর্বোত্তম, সর্বাধিক মোর এই পাপ

তোমার লাগিয়। ॥

বজ্রসেন।

কাদিতে হবে রে, রে পাপিগা, জীবনে পাবি না শান্তি। ভাঙিবে ভাঙিবে কলুষনীড় বজ্ৰ-আঘাতে।

কোথা তুই লুকাবি মৃথ মৃত্যু-আধারে ॥

খা ।

ক্ষমা করে। নাথ, ক্ষমা করে।। এ পাপের যে অভিনম্পাত

হোক বিধাতার হাতে নিদারুণতর।

তুমি ক্ষমা করে।।

এ জন্মের লাগি বজ্ঞসেন।

> তোর পাপমূল্যে কেনা মহাপাপভাগী এ জীবন করিলি ধিক্কত। কলন্ধিনী ধিকৃ নিখাস মোর তোর কাছে ঋণী।

তোমার কাছে দৌষ করি নাই. ভাষা।

> দোষ করি নাই. দোষী আমি বিধাতার পায়ে;

তিনি করিবেন রোষ— সহিব নীরবে

তুমি যদি না কর দয়া

সবে না, সবে না, সবে না ॥

বজ্ঞদেন

তব্ ছাড়িবে নে মোরে ?

ভাষা।

ছাড়িব না, ছাড়িব না।

তোমা লাগি পাপ নাথ,

তুমি করে। মর্মাঘাত।

ছাড়িব না।

স্থামাকে বন্ত্রগেনের হতারি চেষ্টা

নেপথ্যে।

হায়, এ কি সমাপন! অমৃতপাত্র ভাঙিলি, করিলি মৃত্যুরে সমর্পণ।

এ তুর্লভ প্রেম মূল্য হারালো, হারালো, কলকে, অসমানে ।

8

পথিক রমণী

সব কিছু কেন নিল না, নিল না,

নিল না ভালোবাসা।

আপনাতে কেন মিটাল না যত কিছু ছন্দেরে—

ভালো আর মন্দেরে।

নদী নিয়ে আসে পদ্ধিল জলধারা সাগর-হৃদয়ে গহনে হয় হারা,

ক্ষমার দীপ্তি দেয় স্বর্গের আলো

প্রেমের আনন্দে রে ॥ িপ্রস্থান

বজ্ঞদেন।

ক্ষমিতে পারিলাম না বে

ক্ষ্যে হে ম্ম দীনতা—

পাপীজনশরণ প্রভূ।

মরিছে ত্রাপে মরিছে লাজে

প্রথমের বলহীনতা,

£ ...

ক্ষমো হে মম দীনতা।

প্রিয়ারে নিতে পারি নি বৃকে, প্রেমেরে আমি হেনেছি, পাপীরে দিতে শান্তি শুরু পাপেরে ডেকে এনেছি,

জানি গো তুমি ক্ষমিবে তারে

যে অভাগিনী পাপের ভারে

চরণে তব বিনতা,

ক্ষমিবে না, ক্ষমিবে না

আমার ক্মাহীনত। ।

এসো এসো এসো প্রিয়ে
মরণলোক হতে নৃতন প্রাণ নিয়ে।
নিফল মম জীবন,
নীরস মম ভ্বন
শৃত্য স্বদয় পূরণ করো মাধুরীস্থা দিয়ে॥

নুপুর কুড়াইগা লইয়া

হায় বে নৃপুর,

তার করুণ চরণ ত্যজিলি, হারালি কলগুল্ধনস্থর।

नीत्रव कम्मरन दिमनावस्रत

রাখিলি ধরিয়া বিরহ ভবিয়া শ্বরণ স্থমধুর। তোর ঝংকারহীন ধিকারে কাঁদে প্রাণ মম নিষ্ঠুর॥

খ্যামার প্রবেশ

খ্যামা। এসেছি প্রিয়তম।

ক্ষমো মোরে ক্ষমো।

গেল না, গেল না কেন কঠিন পরান মম

তব নিঠুর করুণ করে।

বছসেন। কেন এলি, কেন এলি, কেন এলি ফিরে---

যাও যাও চলে যাও। [ খ্রামার প্রণাম ও প্রস্থান

24154

বজ্ঞদেন।

ধিক্ ধিক্ ওরে মৃগ্ধ, কেন চাস্ ফিরে ফিরে।

কেন চাব্। করে। কা এ যে দ্বিত নিষ্ঠ্ব স্বপ্ন এ যে মোহবাল্পখন কুল্মটিকা, দীর্ণ কারবি না কি রে।

অন্তচি প্রেমের উচ্ছিটে
নিদারুণ বিষ,
লোভ না রাখিস
প্রেডবাস তোর ভগ্ন মন্দিরে॥

নির্মম বিচ্ছেদসাধনায়
পাপ ক্ষালন হোক,
না করে। মিথ্যা শোক,

ছ্ঃথের তপস্বী রে,

শ্বতিশৃদ্ধল করো ছিন্ন, আয় বাহিরে

আয় বাহিরে।

নেপথ্যে ।

কঠিন বেদনার তাপস দোঁহে,
যাও চিরবিরহের দাধনায়,
ফিরো না, ফিরো না, ভূলো না মোহে।
গভীর বিষাদের শাস্তি পাও হৃদয়ে,
জয়ী হও অন্তর বিল্রোহে॥
যাক পিয়াসা, ঘুচুক ত্রাশা,
যাক মিলায়ে কামনা-কুয়াশা।
স্বপ্প-আবেশবিহীন পথে

যাও বাধন-হারা, তাপবিহীন মধুর স্বতি নীরবে ব'হে ॥

আশ্বিন ১৩৪৩ শান্তিনিকেতন

## উপন্যাস ও গল্প

## তিন সঙ্গী

## जिन जाकी

#### রবিবার

আমার গল্পের প্রধান মাস্থাট প্রাচীন ব্রাহ্মণপণ্ডিত-বংশের ছেলে। বিষয়ব্যাপারে বাপ ওকালতি ব্যবদায়ে আঁটি পর্যন্ত পাকা, ধর্মকর্মে শাক্ত আচারের তীব্র জারক রসে জারিত। এখন আদালতে আর প্র্যাকটিন করতে হয় না। এক দিকে পূজা-অর্চনা আর-এক দিকে ঘরে বসে আইনের পরামর্শ দেওয়া, এই ছুটোকে পাশাপাশি রেখে তিনি ইহকাল পরকালের জোড় মিলিয়ে অতি সাবধানে চলেছেন। কোনো দিকেই একটু পা ফসকায় না।

এই রকম নিরেট আচারবাঁধা দনাতনী ঘরের ফাটল ফুঁড়ে যদি দৈবাং কাঁটাওয়ালা নাশ্তিক ওঠে গজিয়ে, তা হলে তার ভিত-দেয়াল-ভাঙা মন সাংঘাতিক ঠেলা মারতে থাকে ইটকাঠের প্রাচীন গাঁথ্নির উপরে। এই আচারনিষ্ঠ বৈদিক ব্রাহ্মণের বংশে হুদান্ত কালাপাহাড়ের অভ্যাদয় হল আমাদের নায়কটিকে নিয়ে।

তার আসল নাম অভয়াচরণ। এই নামের মধ্যে কুলধর্মের যে ছাপ আছে সেটা দিল সে ঘষে উঠিয়ে। বদল ক'রে করলে অভীককুমার। তা ছাড়া ও জানে যে প্রচলিত নম্নার মামুষ ও নয়। ওর নামটা ভিড়ের নামের সঙ্গে হার্টে-বাজারে ঘেঁষাঘেঁষি করে ঘর্মাক্ত হবে সেটা ওর ফচিতে বাধে।

অভীকের চেহারাটা আশ্চর্য রকমের বিলিতি ছাঁদের। আঁট লম্বা দেহ গৌরবর্ণ, চোথ কটা, নাক তাক্ষ্ণ, চিবৃক্টা ঝুঁকেছে যেন কোনো প্রতিপক্ষের বিরুদ্ধে প্রতিবাদের ভঙ্গিতে। আর ওর মৃষ্টিযোগ ছিল অমোঘ, সহপাঠীরা যারা কদাচিৎ এর পাণিপীড়ন সহ্য করেছে তারা একে শতহন্ত দূরে বর্জনীয় ব'লে গণ্য করত।

- ছেলের নান্তিকতা নিয়ে বাপ অন্ধিকাচরণ বিশেষ উদ্বিগ্ন ছিলেন না। মন্ত তাঁর নজির ছিল প্রসন্ন স্থায়রত্ব, তাঁর আপন জেঠামশায়। বৃদ্ধ স্থায়রত্ব তর্কশাস্ত্রের গোলন্দান্ত্ব, চতুস্পাঠীর মাঝখানে বলে অফুস্বার-বিদর্গগুয়ালা গোলা দার্গেন ঈশ্বরের অন্তিত্বাদের উপরে। হিন্দুসমান্ত হেলে বলে 'গোলা খা ভালা', দাগ পড়ে না সমাজের পাকা প্রাচীরের উপরে। আচারধর্মের খাঁচাটাকে ঘরের দাওয়ায় তুলিয়ে বেখে ধর্মবিশ্বাদের পাথিটাকে শৃগ্র আকাশে উড়িয়ে দিলে সাম্প্রদায়িক অশান্তি ঘটে না।
কিন্তু অভীক কথায় কথায় লোকাচারকে চালান দিত ভাঙা কুলোয় চড়িয়ে ছাইয়ের
গাদার উদ্দেশে। ঘরের চার দিকে মোরগদম্পতিদের অপ্রতিহত সঞ্চরণ সর্বদাই
মুখ্রধ্বনিতে প্রমাণ করত তাদের উপর বাড়ির বড়োবাব্র আভ্যন্তরিক আকর্ষণ।
এ-সমন্ত মেচ্ছাচারের কথা কণে কণে বাপের কানে পৌচেছে, সে তিনি কানে তুলতেন
না। এমন কি, বন্ধুভাবে যে ব্যক্তি তাঁকে থবর দিতে আসত, সগর্জনে দেউড়ির অভিমুখে তার নির্গমনশথ ক্রত নির্দেশ করা হত। অপরাধ অত্যন্ত প্রত্যক্ষ না হলে সমাজ্বনিজের গরজে তাকে পাশ কাটিয়ে যায়। কিন্তু অবশেষে অভীক একবার এত বাড়াবাড়ি
করে বসল যে তার অপরাধ অশ্বীকার করা অসম্ভব হল। ভদ্রকালী ওদের গৃহদেবতা,
তাঁর থ্যাতি ছিল জাগ্রত ব'লে। অভীকের সতীর্থ বেচারা ভল্কু ভারি ভয় করত ওই
দেবতার অপ্রসন্নতা। তাই অসহিষ্ণু হয়ে তার ভক্তিকে অশ্রন্ধেয় প্রমাণ করবার জন্মে
পুজোর ঘরে অভীক এমন-কিছু অনাচার করেছিল যাতে ওর বাপ আগুন হয়ে ব'লে
উঠলেন, 'বেরো আমার ঘর থেকে, তোর মুখ দেখব না।' এতবড়ো ক্ষিপ্রবেগের
কঠোরতা নিয়মনিষ্ঠ ব্রান্ধণপিণ্ডত-বংশের চরিত্রেই সন্তব।

ছেলে মাকে গিয়ে বললে, "মা, দেবতাকে অনেককাল ছেড়েছি, এমন অবস্থায় আমাকে দেবতার ছাড়াটা নেহাত বাছলা। কিন্তু জানি বেড়ার ফাঁকের মধ্য দিয়ে হাত বাড়ালে তোমার প্রসাদ মিলবেই। ওইখানে কোনো দেবতার দেবতাগিরি খাটে না, তা যত বড়ো জাগ্রত হোন-না তিনি।"

মা চোথের জল মৃছতে মৃছতে আঁচল থেকে থুলে ওকে একথানি নোট দিতে গোলেন। ও বললে, "ওই নোটখানায় যখন আমার অত্যন্ত বেশি দরকার আর থাকবে না তথনই তোমার হাত থেকে নেব। অলক্ষীর সঙ্গে কারবার করতে জ্যোর লাগে, ব্যাহ্মনোট হাতে নিয়ে তাল ঠোকা যায় না।"

অভীকের সম্বন্ধে আরও কুটো-একটা কথা বলতে হবে। জীবনে ওর তুটি উলটো জাতের শথ ছিল, এক কলকারথানা জোড়াতাড়া দেওয়া, আর-এক ছবি আঁকা। ওর বাপের ছিল তিনথানা মোটবগাড়ি, তাঁর মফস্বল-অভিযানের বাহন। মন্ত্রবিদ্যায় ওর হাতেথড়ি সেইগুলো নিয়ে। তা ছাড়া তাঁর ক্লায়েন্টের ছিল মোটরের কারথানা, সেইখানে ও শথ ক'রে বেগার থেটেছে অনেকদিন।

অতীক ছবি আঁকা শিথতে গিয়েছিল সরকারী আর্টস্থলে। কিছুকালের মধ্যেই ওর এই বিশাস দৃঢ় হল যে, আর বেশিদিন শিথলে ওর হাত হবে কলে-তৈরি, ওর মগজ হবে ছাচে-ঢালা। ও আর্টিন্ট, সেই কথাটা প্রমাণ করতে লাগল নিজের জোর আওয়াজে। প্রদর্শনী বের করলে ছবির, কাগজের বিজ্ঞাপনে তার পরিচয় বেরল আধুনিক ভারতের দর্বশ্রেষ্ঠ আর্টিস্ট অভীককুমার, বাঙালি টিশিয়ান। ও বতই গর্জন করে বললে 'আমি, আর্টিস্ট', ততই তার প্রতিধানি উঠতে থাকল একদল লোকের কাঁকা মনের গুহায়, তারা অভিভূত হয়ে গেল। শিশু এবং তার চেয়ে বেশি সংখ্যক শিশু। জমল ওর পরিমগুলীতে। তারা বিরুদ্ধদলকে আখ্যা দিল ফিলিস্টাইন। বলল বুর্জোয়া।

অবশেষে ঘূর্দিনের সময় অভীক আবিষ্কার করলে যে তার ধনী পিতার তহবিলের কেন্দ্র থেকে আর্টিস্টের নামের 'পরে যে রক্তচ্ছটা বিচ্ছুরিত হত তারই দীপ্তিতে ছিল তার থ্যাতির অনেকথানি উচ্ছলতা। সঙ্গে সঙ্গে সে আর-একটি তত্ত্ব আবিষ্কার করেছিল যে অর্থভাগ্যের বঞ্চনা উপলক্ষ্য করে মেয়েদের নিষ্ঠায় কোনো ইতরবিশেষ ঘটে নি। উপাসিকারা শেষ পর্যন্ত চুই চক্ষ্ বিফারিত করে উচ্চমধুর কঠে তাকে বলছে আর্টিস্ট। কেবল নিজেদের মধ্যে পরস্পরকে সন্দেহ করেছে যে স্বয়ং তারা দুই-একজন ছাড়া বাকি সরাই আর্টের বোঝে না কিছুই, ভগুমি করে, গা জলে বায়।

অভীকের জীবনে এর পরবর্তী ইতিহাস স্থণীর্ঘ এবং অস্পষ্ট। ময়লা টুপি আর তেলকালিমাথা নীলরঙের জামা-ইজের প'রে বার্নকোম্পানির কারথানায় প্রথমে মিস্ত্রিগিরি ও পরে হেডমিস্ত্রির কাজ পর্যন্ত চালিয়ে দিয়েছে। মুসলমান থালাসিদের দলে মিশে চার পয়সার পরোটা আর তার চেয়ে কম দামের শাস্ত্রনিষিদ্ধ পশুমাংস থেয়ে ওর দিন কেটেছে সন্তায়। লোকে বলেছে, ও মুসলমান হয়েছে; ও বলেছে, মুসলমান কি নান্তিকের চেয়েও বড়ো। হাতে যথন কিছু টাকা জমল তথন অজ্ঞাতবাস থেকে বেরিয়ে এসে আবার সে পূর্ণ পরিস্কৃট আর্টিস্টরুপে বোহেমিয়ানি করতে লেগে গেল। শিশ্র জুটল, শিশ্রা জুটল। চশমাপরা তরুণীরা তার স্টুডিয়োতে আধুনিক বে-আক্রু রীতিতে যে-সব নগ্রমনন্তবের আলাপ-আলোচনা করতে লাগল, ঘন সিগারেটের ধোঁয়া জমল তার কালিমা আবৃত করে। পরস্পর পরস্পরের প্রতি কটাক্ষপাত ও অন্তর্ননির্দেশ করে বললে, পঞ্জিটিভ লি ভালগর।

বিভা ছিল এই দলের একেবারে বাইরে। কলেজের প্রথম ধাপের কাছেই অভীকের সঙ্গে ওর আলাপ শুরু। অভীকের বয়স তথন আঠারো, চেহারায় নবযৌবনের তেজ ঝক্ঝক করছে, আর তার নেতৃত্ব বড়োবয়দের ছেলেরাও স্বভারতই নিয়েছে স্বীকার করে।

ব্রাহ্মসমাজে মাহ্য হয়ে প্রথদের সঙ্গে মেশবার সংকোচ বিভার ছিল না। কিন্ত কলেজে বাধা ঘটল। তার প্রতি কোনো কোনো ছেলের অশিষ্টতা হাসিতে কটাকে ইন্ধিতে আভাসে ক্ষিত হয়েছে। কিন্তু একদিন একটি শহুরে ছেলের অভদ্রতা বেশ একটু গায়ে-পড়া হয়ে প্রকাশ পেল। সেটা অভীকের চোথে পড়তেই সেই ছেলেটাকে বিভার কাছে হিড্হিড়্ করে টেনে নিয়ে এসে বললে, 'মাপ চাও'। মাপ তাকে চাইতেই হল নতশিরে আমতা আমতা করে। তার পর থেকে অভাক দায় , নিল বিভার বন্ধাকর্তার। তা নিয়ে সে অনেক বক্রোক্তির লক্ষ্য হয়েছে, সমস্তই ঠিকরে পড়েছে তার চওড়া বুকের উপর থেকে। সে গ্রাহ্ই করে নি। বিভা লোকের কানাকানিতে অত্যন্ত সংকোচ বোধ করেছে কিন্তু সেই সঙ্গে তার মনে একটা রোমাঞ্কর আনন্ধও দিয়েছিল।

বিভার চেহারায় রূপের চেয়ে লাবণ্য বড়ো। কেমন করে মন টানে ব্যাখ্যা করে বলা যায় না। অভীক ওকে একদিন বলেছিল, "অনাহুতের ভোজে মিষ্টান্নমিতরে জনাঃ। কিন্তু তোমার সৌন্দর্য ইতরজনের মিষ্টান্ন নয়। ও কেবল আর্টিস্টের; লিওনার্ডো ডা ভিঞ্চির ছবির সঙ্গেই মেলে, ইনজুটেব্ল্।"

একদা কলেজের পরীক্ষায় বিভা অভীককে ডিঙিয়ে গিয়েছিল, তা নিয়ে তার অজস্র কালা আর বিষম রাগ। এ যেন তার নিজের অসমান। বললে, "তুমি দিনবাত কৈবল ছবি এঁকে এঁকে পরীক্ষায় পিছিয়ে পড়, আমার লজ্জা করে।"

কথাটা দৈবাৎ পাশের বারান্দা থেকে কানে য়েতেই বিভার এক স্থী চোথ টিপে বলেছিল, "মরি মরি, তোমারি গরবে গরবিনী আমি, রূপদী তোমারি রূপে।"

অভীক বললে, "মুখস্থ বিভাব দিগ্গজের। জানেই না আমি কোন্ মার্কাশৃত্ত পরীক্ষায় পাশ করে চলেছি। আমার ছবি আঁকা নিয়ে তোমার চোথে জল পড়ে, আর তোমার শুকনো পণ্ডিতি দেখে আমার চোথের জল শুকিয়ে গেল। কিছুতেই ব্রবে না, কেননা তোমরা নামজাদা দলের পায়ের তলায় থাক চোথ বৃজে, আর আমরা থাকি বদনামি দলের শিরোমণি হয়ে।"

এই ছবির ব্যাপারে ছজনের মধ্যে তীব্র একটা হন্দ্ ছিল। বিভা অভীকের ছবি ব্রুতেই পারত না সেকথা সত্যি। অন্ত মেয়েরা যথন ওর আঁকা যা-কিছু নিয়ে হই-হই করত, সভা করে গলায় মালা পরাত, সেটাকে বিভা অশিক্ষিতের ক্যাকামি মনে করে লজ্জা পেত। কিন্তু তীব্র ক্ষোভে ছট্ফট্ করেছে অভীকের মন বিভার অভ্যর্থনা না পেয়ে। দেশের লোকে ওর ছবিকে পাগলামি বলে গণ্য করছে, বিভাও যে মনে মনে তাদেরই সঙ্গে যোগ দিতে পারলে এইটেই ওর কাছে অসহ্য। কেবলই এই কল্পনা ওর মনে জাগে যে, একদিন ও মুরোপে যাবে আর সেখানে যখন জন্মধানি উঠবে তথন বিভাও বসবে জন্মাল্য গাঁথতে।

রবিবার সকালবেলা। ব্রন্ধমন্দিরে উপাসনা থেকে ফিরে এসেই বিভা দেখতে পেলে অভীক বসে আছে তার ঘরে। বইয়ের পার্দেলের ব্রাউন মোড়ক ছিল আবর্জনার ঝুড়িতে। সেইটে নিয়ে কালি-কলমে একখানা আঁচড়কাটা ছবি আঁকছিল।

विভा জिक्कांमा करत, "रुठी ९ এখানে य।"

অভীক বললে, "সংগত কারণ দেখাতে পারি, কিন্তু সেটা হবে গোণ, ম্থ্য কারণটা থুলে বললে সেটা হয়তো সংগত হবে না। আর যাই হোক, সন্দেহ কোরো না যে চুরি করতে এসেছি।"

বিভা তার ডেম্বের চৌকিতে গিয়ে বদল, বশলে, "দরকার যদি হয় না-হয় চুরি করলে, পুলিসে থবর দেব না।"

অভীক বললে, "দরকারের হাঁ-করা মুখের সামনে তো নিতাই আছি। পরের ধন হরণ করা অনেক ক্ষেত্রেই পুণ্যকর্ম, পারি নে পাছে অপবাদটা দাগা দেয় পবিত্র নান্তিক মতকে। ধার্মিকদের চেয়ে আমাদের অনেক বেশি সাবধানে চলতে হয় আমাদের নেতি দেবতার ইজ্জত বাঁচাতে।"

"অনেককণ তুমি বদে আছ?

"তা আছি, বদে বদে দাইকলজির একটা হৃঃদাধ্য প্রব্লেম মনে মনে নাড়াচাড়া করছি যে তুমি পড়াশুনো করেছ, আর বাইরে থেকে দেখে মনে হয় বৃদ্ধিস্থান্ধিও কিছু আছে, তবু ভগবানকে বিশাদ কর কী করে। এখনও সমাধান করতে পারি নি। বোধ হয় বার বার তোমার এই ঘরে এদে এই রিদর্চের কাজটা আমাকে সম্পূর্ণ করে নিতে হবে।"

"আবার বুঝি আমার ধর্মকে নিয়ে লাগলে ?"

"তার কারণ তোমার ধর্ম যে আমাকে নিয়ে লেগেছে। আমাদের মধ্যে যে বিচ্ছেদ ঘটিয়েছে সেটা মর্যঘাতী। সে আমি ক্ষমা করতে পারি নে। তুমি আমাকে বিয়ে করতে পার না, যেহেতু তুমি যাকে বিশ্বাস কর আমি তাকে করি নে বৃদ্ধি আছে ব'লে। কিন্তু তোমাকে বিয়ে করতে আমার তো কোনো বাধা নেই তুমি অবুঝের মতো সত্য মিধ্যে ঘাই বিশ্বাস কর-না কেন। তুমি তো নান্তিকের জাত মারতে পার না। আমার ধর্মের শ্রেষ্ঠতা এইখানে। সব দেবতার চেয়ে তুমি আমার কাছে প্রত্যক্ষ সত্য, এ কথা ভূলিয়ে দেবার জন্তে একটি দেবতাও নেই আমার সামনে।"

বিভা চূপ করে বসে রইল। খানিকবাদে অভীক বলে উঠল, "তোমার ভগবান কি আমার বাবারই মডো। আমাকে ত্যাজ্ঞাপুত্র করেছেন ?"

"আ: কী বকছ।"

অভীক জ্বানে বিয়ে না করবার শক্ত কারণটা কোন্খানে। কথাটা বিভাকে দিয়ে বলিয়ে নিতে চায়, বিভা চুপ করে থাকে।

জীবনের আরম্ভ থেকেই বিভা তার বাবারই মেয়ে সম্পূর্ণরূপে। এত ভালোবাসা, এত ভক্তি সে আর-কোনো মামুষকে দিতে পারে নি। তার বাপ সতীশও এই মেয়েটির উপরে তাঁর অজ্ঞ স্থেহ ঢেলে দিয়েছেন। তাই নিয়ে ওর মার মনে একটু দর্মা ছিল। বিভা হাঁস পুষেছিল, তিনি কেবলই থিট্থিট্ করে বলেছিলেন, 'ওগুলো বজ্ঞ বেশি ক্যাক্ করে।' বিভা আসমানি রঙের শাড়ি জ্যাকেট করিয়েছিল, মা বলেছিলেন, 'এ কাপড় বিভার রঙে একটুও মানায় না।' বিভা তার মামাতো বোনকে খ্ব ভালোবাসত। তার বিয়েতে যেতে চাইলেই মা বলে বসলেন, 'সেখানে ম্যালেরিয়া।'

মায়ের কাছ থেকে পদে পদে বাধা পেয়ে পেয়ে বাপের উপরে বিভার নির্ভর আরও গভীর এবং মঙ্জাগত হয়ে গিয়েছিল।

মার মৃত্যু হয় প্রথমেই। তার পরে ওর বাপের দেবা অনেকদিন পর্যন্ত ছিল বিভার জীবনের একমাত্র ব্রত। এই ক্ষেহশীল বাপের সমস্ত ইচ্ছাকে সে নিজের ইচ্ছা করে নিয়েছে। সতীশ তাঁর বিষয়সম্পত্তি দিয়ে গেছেন মেয়েকে। কিন্ত ইন্ছা করে নিয়েছি। সতীশ তাঁর বিষয়সম্পত্তি দিয়ে গেছেন মেয়েকে। কিন্ত ইন্থান্ত হাতে। নিয়মিত মাসহারা বরাদ্দ ছিল। মোট টাকাটা ছিল উপযুক্ত পাত্রের উদ্দেশে বিভার বিবাহের অপেক্ষায়। বাপের আদর্শে এই উপযুক্ত পাত্র কে তা বিভা জানত। অন্তত অমপযুক্ত যে কে তাতে কোনো সন্দেহ ছিল না। একদিন অভীক এ কথা তুলেছিল, বলেছিল, "হাকে তুমি কট্ট দিতে চাও না, তিনি তো নেই, আর কট যাকে নিষ্ঠ্র ভাবে বাজে, সেই লোকটাই আছে বেঁচে। হাওয়ায় তুমি ছুরি মারতে ব্যথা পাও, আর দরদ নেই এই রক্তমাংসের বুকের 'পরে।" শুনে বিভা কাঁদতে কাঁদতে চলে গেল। অভীক বুরেছিল, ভগবানকে নিয়ে তুর্ক চলতে পারে, কিন্তু বাবাকে নিয়ে নয়।

বেলা প্রায় দশটা। বিভার ভাইঝি স্থান্মি এসে বললে, "পিসিমা বেলা হয়েছে।" বিভা তার হাতে চাবির গোছা ফেলে দিয়ে বললে, "তুই ভাঁড়ার বের করে দে। আমি এখনি যাচ্ছি।"

বেকারদের কাজের বাধা দীমা না থাকাতেই কাজ বৈড়ে যায়। বিভার সংসারও সেইরকম। সংসারের দায়িত্ব আত্মীয়পকে হালকা ছিল বলেই অনাত্মীয়পকে হয়েছে বছবিভূত। এই ওর আপনগড়া সংসারের কাজ নিজের হাতে করাই ওর অভ্যাস, চাকরবাকর পাছে কাউকে অবজ্ঞা করে। অভীক বললে, "অন্যায় হবে তোমার এখনই যাওয়া, কেবল আমার 'পরে নয়, স্থারির 'পরেও। ওকে বাধীন কর্তু ছের সময় দাও না কেন। ডোমিনিয়ন স্টাট্ন, অন্তত আজকের মতো। তা ছাড়া আমি তোমাকে নিয়ে একটা পরীক্ষা করতে চাই, কখনও তোমাকে কাজের কথা বলি নি। আজ বলে দেখব। নতুন অভিজ্ঞতা হবে।"

বিভা বললে, "তাই হোক, বাকি থাকে কেন।"

পকেট থেকে অভীক চামড়ার কেস বের করে থুলে দেখালে। একটা কবজিঘড়ি। ঘড়িটা প্লাটনমের, সোনার মণিবন্ধ, হীরের টুকরোর ছিট দেওয়। বললে, "ভোমাকে বেচতে চাই।"

"অবাক করেছ, বেচবে ?"

"হাঁ, বেচব, আশ্চর্য হও কেন।"

বিভা মূহুর্তকাল স্তব্ধ থেকে বললে, "এই ঘড়ি যে মনীষা তোমাকে জন্মদিনে দিয়েছিল। মনে হচ্ছে তার বুকের বাথা এখনও ওর মধ্যে ধৃক্ধৃক্ করছে। জান সে কত ত্থে পেয়েছিল, কত নিন্দে সম্মেছিল আর কত ত্থেগাধ্য অপব্যয় করেছিল উপহারটাকে তোমার উপযুক্ত করবাব্র জন্মে ?"

অভীক বললে, "এ ঘড়ি সেই তো দিয়েছিল, কে দিয়েছে শেষ পর্যস্ত জানতেই দেয় নি। কিন্তু আমি তো পৌত্তলিক নই যে বুকের পকেটে এই জিনিসটার বেদি বাঁধিয়ে মনের মধ্যে দিনরাত শাঁথঘন্টা বাজাতে থাকব।"

"আন্দর্য করেছ তুমি। এই ক'মাস হল সে টাইফয়েডে—"

"এখন দে তো স্থহঃথের অতীত।"

"শেষ মৃহুর্ত পর্যন্ত সে এই বিশ্বাস নিয়ে মরেছিল যে তুমি তাকে ভালোবাসতে।" "ভুল বিশ্বাস করে নি।"

"তবে ?"

. "তবে আবার কী। সে নেই, কিন্তু তার ভালোবাসার দান আজও যদি আমাকে ফল দেয় তার চেয়ে আর কী হতে পারে।"

বিভার মূথে অত্যন্ত একটা পীড়ার লক্ষণ দেখা দিল। একটুক্ষণ চুপ করে থেকে বললে, "এত দেশ থাকতে আমার কাছে বেচতে এলে কেন।"

"কেননা জানি তুমি দর-কথাক্ষি করবে না।"

"তার মানে কলকাতার বাজারে আমিই কেবল ঠকবার জ্ঞেতে তৈরি হয়ে আছি ?" "তার মানে ভালোবাসা খুশি হয়ে ঠকে।"

এমন মারুষের 'পরে রাগ কর। শক্ত, জোরের সঙ্গে বৃক ফুলিয়ে ছেলেমাকুষি।

কিছুতে বে সজ্জার কারণ আছে তা যেন ও জানেই না। এই ওর অক্কৃত্রিম অবিবেক, এই যে উচিত-অম্বচিতের বেড়া অনায়াসে লাফ দিয়ে ডিঙিয়ে চলা, এতেই মেয়েদের স্নেহ ওকে এত করে টানে। ভংগনা করবার জোর পায় না। কর্তব্যব্যেধকে যারা অত্যন্ত সামলে চলে মেয়েরা তাদের পায়ের ধুলো নেয়। আর যে-সব তুর্লাম ত্রন্তের কোনো বালাই নেই স্থায়-অস্থায়ের, মেয়েরা তাদের বাহবদ্ধনে বাধে।

ভেম্বের ব্লটিঙকাগজ্ঞটার উপর থানিকক্ষণ নীল পেনসিলের দাগ-কাটাকাটি করে শেষকালে বিভা বললে, "আচ্ছা, যদি আমার হাতে টাকা থাকে তবে অমনি তোমাকে দেব। কিন্তু তোমার ওই ঘড়ি আমি কিছুতেই কিনব না।"

উত্তেজিত কঠে অভীক বললে, "ভিক্ষা? তোমার সমান ধনী যদি হতুম, তা হলে তোমার দান নিতৃম উপহার বলে, দিতুম প্রত্যুপহার সমান দামের। আচ্ছা, প্রুষের কর্তব্য আমিই বরঞ্চ করছি। এই নাও এই যড়ি, এক প্যুসাও নেব না।"

বিভা বললে, "মেয়েদের তো নেবারই সম্বন্ধ। তাতে কোনো লজ্জা নেই। তাই ব'লে এ ঘড়ি নয়। আচ্ছা শুনি, কেন তুমি ওটা বিক্রি করছ।"

"তবে শোনো, তুমি তো জান, আমার অত্যন্ত বেহায়া একটা ফোর্ড গাড়ি আছে। সেটার চালচলনের ঢিলেমি অসহা। কেবল আমি বলেই ওর দশম দশা ঠেকিয়ে রেথেছি। আটশো টাকা দিলেই ওর বদলে ওর বাপদাদার বয়দী একটা পুরোনো ক্রাইসলার পাবার আশা আছে। তাকে নতুন করে তুলতে পারব আমার নিজের হাতের গুণে।"

"কী হবে ক্রাইসলারের গাড়িতে।"

"বিয়ে করতে যাব না।"

"এমন ভদ্র কাজ তুমি করবে, এ সম্ভব নয়।"

"ধরেছ ঠিক। তা হলে প্রথমে তোমাকে জিজ্ঞাসা করি— শীলাকে দেখেছ, কুলদা মিজিরের মেয়ে গুঁ"

"দেখেছি তোমারই পাশে ষধন-তখন যেখানে-সেধানে।"

"আমার পাশেই ও বৃক ফুলিয়ে জায়গা করে নিয়েছে আরও পাঁচজনকে ঠেকিয়ে। ও ষে প্রগতিশীলা। ভদ্রসম্প্রদায়ের পিলে চমকে যাবে, এইটেতেই ওর আনন্দ।"

"ভাধু কি তাই, মেয়ে-সম্প্রদায়ের বুকে শেল বি<sup>\*</sup>ধবে, তাতেও আনন্দ কম নয়।"

"আমারও মনে ছিল ওই কথাটা, তোমার মুথে শোনাল ভালো। আচ্ছা মন খুলে বলো, ওই মেয়েটির সৌন্দর্য কি অক্সায় রকমের নয়, যাকে বলা যেতে পারে বিধাতার বাড়াবাড়ি।" "স্বন্দুরী মেয়েরুবলাভেই বিধাতাকে মান বৃঝি ?"

"নিদ্দে করবার দরকার হলে যেমন করে হোক একটা প্রতিপক্ষ খাড়া করতে হয়। হৃংথের দিনে যথন অভিমান করবার তাগিদ পড়েছিল, তথন বামপ্রস্কাদ মা'কে খাড়া করে বলেছিলেম, তোমাকে মা ব'লে আর ডাকব না। এতদিন ডেকে যা ফল হয়েছিল, না ডেকেও ফল তার চেয়ে বেশি হবে না, মাঝের থেকে নিদ্দে করবার ঝাঁজটা ভক্ত মিটিয়ে নিলেন। আমিও নিদ্দে করবার বেলায় বিধাতার নাম নিয়েছি।"

"নিন্দে কিসের I"

"বলছি। শীলাকে আমার গাড়িতে নিয়ে যাচ্ছিল্ম ফুটবলের মাঠ থেকে থড়্থড়্
শব্দ করতে করতে, পিছনের পদাতিকদের নাদারদ্ধে ধোঁয়া ছেড়ে দিয়ে। এমনসময়
পাকড়াশিগিয়ি— ওকে জান তো, লয়া গজের অত্যুক্তিতেও ওকে চলনসই বলতে
গোলে বিষম থেতে হয়— সে আদছিল কোথা থেকে তার নতুন একটা ফায়াট
গাড়িতে। হাত তুলে আমাদের গাড়িটা থামিয়ে দিয়ে পথের মধ্যে থানিকক্ষণ
হাঁ-ভাই-ও-ভাই করে নিলে। আর ক্ষণে ক্ষণে আড়ে আড়ে তাকাতে লাগল আমার
রঙ-চটে-যাওয়া গাড়ির ছড্ আর জরাজীর্ণ পাদানটার দিকে। তোমাদের ভগবান
যদি সাম্যবাদী হতেন, তা হলে মেয়েদের চেহারায় এত বেশি উচুনিচু ঘটিয়ে রাস্তায়
ঘাটে এ রক্ম মনের আগুন জালিয়ে দিতেন না।"

"তাই বুঝি তুমি—"

"হাঁ, তাই ঠিক করেছি, যত শিগ্ গির পারি শীলাকে ক্রাইসলারের গাড়িতে চড়িয়ে পাকড়াশিগিন্নির নাকের সামনে দিয়ে শিঙা বাজিয়ে চলে যাব। আচ্ছা, একটা কথা জিজ্ঞাসা করি, সত্যি করে বলো, তোমার মনে একটুখানি খোঁচা কি—"

"আমাকে এর মধ্যে টান কেন। বিধাতা আমার রূপ নিয়ে তে। খুব বেশি বাড়াবাড়ি করেন নি। আর আমার গাড়িখানাও তোমার গাড়িখানার উপর টেক্কা দেবার যোগ্য নয়।"

অভীক তাড়াতাড়ি চৌকি থেকে উঠে মেবের উপর বিভার পায়ের কাছে বসে তার হাত চেপে ধরে বললে, "কার সঙ্গে কার তুলনা। আশ্চর্য, তুমি আশ্চর্য, আমি বলছি, তুমি আশ্চর্য। আমি তোমাকে দেখি আর আমার ভয় হয় কোন্দিন ফল করে মেনে বলব তোমার ভগবানকে। শেষে কোনো কালে আর আমার পরিত্রাণ থাকবে না। তোমার ইবা আমি কিছুতেই জাগাতে পারলুম না। অন্তত দেটা জানতে দিলে না আমাকে। অথচ তুমি জান—"

"চুপ করে। আমি কিছু জানি নে। কেবল জানি অঙুত, তুমি অঙুত, সৃষ্টি-

কর্তার তুমি অট্রহাসি।"

শুলার সহক্ষে তুমি আমারে তুমি মুখ ফুটে বলবে না, কিন্তু নিশ্চিত ব্ঝন্তে শারি, শীলার সহক্ষে তুমি আমার সাইকলজি জানতে চাও। ওকে আমার ঘোরতর অভ্যাস হয়ে যাছে। অল্পর্যুদে যেমন করে সিগারেট অভ্যাস হয়েছিল। মাথা ঘূরত তর্ ছাড়তুম না। মুখে লাগত তিতো, মনে লাগত গর্ব। ও জানে কা করে দিনে দিনে মৌতাত জমিয়ে তুলতে হয়। মেরেদের ভালোবাসায় যে মদটুকু আছে, সেটাতে আমার ইন্স্পিরেশন। আমি আর্টিস্ট। ও যে আমার পালের হাওয়া। ও নইলে আমার তুলি যায় আটকে বালির চরে। ব্ঝতে পারি, আমার পালে বসলে শীলার স্কুৎপিণ্ডে একটা লালরঙের আগুন জলতে থাকে, ডেন্জার সিগ্নাল, তার তেজ প্রবেশ করে আমার শিরায় শিরায়।— দোষ নিয়ো না তপিরিনী, ভাবছ সেটাতে আমার বিলাস, না গো না, সেটাতে আমার প্রয়োজন।"

"তাই তোমার এত প্রয়োজন ক্রাইসলারের গাড়িতে।"

"তা স্বীকার করব। শীলার মধ্যে যখন গর্ব জাগে তখন ওর ঝলক বাড়ে।
মেয়েদের এত গয়না কাপড় জোগাতে হয় সেইজত্তেই। আমরা চাই মেয়েদের মাধুর্য,
ওরা চায় পুরুষের ঐশর্ষ। তারই সোনালি পূর্ণতার উপরে ওদের প্রকাশের ব্যাক্গ্রাউও। প্রকৃতির এই ফন্দি পুরুষদের বড়ো করে তোলবার জন্তে। সত্যি কি
না বলো।"

"সত্যি হতে পারে। কিন্তু কাকে বলে ঐশ্বর্য তাই নিয়ে তর্ক। ক্রাইসলারের গাড়িকে যারা ঐশ্বর্য বলে, আমি তো বলি, তারা পুরুষকে ছোটো করবার দিকে টানে।"

অভীক উত্তেজিত হয়ে বলে উঠল, "জানি জানি, তুমি যাকে ঐশ্বৰ্য বল তারই সর্বোচ্চ চ্ড়ায় তুমি আমাকে পৌছিয়ে দিতে পারতে। তোমার ভগবান মাঝখানে এসে দাঁড়ালেন।"

অভীকের হাত ছাড়িয়ে নিয়ে বিভা বললে, "এই এক কথা বার বার বোলো না। আমি তো বরাবর উলটোই শুনছি। বিয়েটা আটিন্টের পক্ষে গলার ফাঁস। ইন্স্পিরেশনের দম বন্ধ করে দেয়। তোমাকে বড়ো করতে বদি পারত্ম, আমার বদি সে শক্তি থাকত তা হলে—"

অভীক ঝেঁকে উঠে বললে, "পারতুম কী, পেরেছ। আমার এই তুঃধু যে আমার সেই ঐমর্থ তুমি চিনতে পার নি। যদি পারতে তা হলে তোমার ধর্মকর্মের স্ব বাঁধন ছিঁড়ে আমার সদিনী হয়ে আমার পাশে এসে দাঁড়াতে; কোনো বাধা মানতে না। তরী তীরে এসে পৌছয় তব্ যাত্রী তীর্থে ওঠবার ঘাট খুঁজে পায় না। আমার হয়েছে সেই দশা। বী, আমার মধুকরী, কবে তুমি আমাকে সম্পূর্ণ করে আবিষ্কার করবে বলো।"

"যথন আমাকে তোমার আর দরকার হবে না।"

"ও-সব অত্যন্ত ফাঁপা কথা। অনেকখানি মিথ্যের হাওয়া দিয়ে ফুলিয়ে ভোলা। স্বীকার করো, 'আমাকে না হলে নয়' ব'লে জেনেই উৎকণ্ঠিত তোমার সমন্ত দেহমন। দে কি আমার কাছে লুকোবে।"

"এ কথা বলেই বা কী হবে, লুকোবই বা কেন। মনে যাই থাক্, আমি কাঙালপনা করতে চাই নে।"

"আমি চাই, আমি কাঙাল। আমি দিনরাত বলব, আমি চাই, আমি ভোমাকেই চাই।"

"আর সেই সঙ্গে বলবে, আমি ক্রাইসলারের গাড়িও চাই।"

"ওই তো, ওটা তো জেলাসি। পর্বতো বহ্নিমান ধুমাৎ। মাঝে মাঝে ঘনিয়ে উঠুক ধোঁয়া জেলাসির, প্রমাণ হোক ভালোবাসার অন্তগ্

ভল্ক্যানো নয় তোমার মন। তাজা ভিস্নভিয়ে ।" ব'লে দাঁড়িয়ে উঠে অভীক হাত তুলে বললে, "হর্রে।"

"এ কী ছেলেমাছিষি করছ। এইজন্তেই বৃঝি আজ সকালবেলায় এসেছিলে আগে পাকতে প্রান ক'রে?"

"হাঁ এইজন্তেই। মানছি সে কথা। নইলে এমন ম্য কেউ কেউ জানা আছে যাকে এ ঘড়ি এখনি বেচতে পারি বিনা ওজরে অন্তায় দামে। কিন্তু তোমার কাছে কেবল তো দাম চাইতে আসি নি, যেখানে তোমার ব্যথার উৎস সেখানে ঘা মেরে অঞ্চলি পাততে চেয়েছিলেম। কিন্তু হতভাগার ভাগ্যে না হল এটা, না হল ওটা।"

"কেমন করে জানলে। ভাগ্য তো দব সময় দেথাবিস্তি থেলে না। কিন্তু দেখো, একটা কথা তোমাকে বলি— তুমি মাঝে মাঝে আমাকে জিগ্গেদা করেছ তোমার লীলাথেলা দেখে আমার মনে থোঁচা লাগে কি না। সত্য কথা বলি, লাগে খোঁচা।"

অভীক উত্তেজিত হয়ে বলে উঠন, "এটা তো স্বসংবাদ।"

বিভা বললে, "অত উৎফুল্ল হোয়ো না। এ জেলাসি নয়, এ অপমান। মেয়েদের নিয়ে তোমার এই গায়ে-পড়া সধ্য, এই অসভ্য অসংকোচ, এতে সমন্ত মেয়েজাতের প্রতি ভোমার অপ্রভা প্রকাশ পায়। আমার ভালো লাগে না।"

"এ তোমার কী রকম কথা হল। শ্রহ্মার ব্যক্তিগত বিশেষত্ব নেই? জাতকে-২০১৬ আঁতি বেখানে ছাক্তেই দেশৰ প্ৰদ্ধা কৰে কৰে বেড়াব ? মাল যাচাই নেই, একেবাৰে wholesale প্ৰদ্ধা ? একে বলে protection, ব্যাবসাদারিতে বাইবে থেকে কৃত্রিম কাইছে চাপিয়ে দর-বাড়ানো।"

ু, '্, "মিথ্যে তর্ক কোরো না।"

"অর্থাৎ তুমি তর্ক করবে, আমি করব না। একেই বলে, 'দিন ভয়ংকর, মেয়ের। বাক্য কবে কিন্তু পুরুষরা রবে নিরুত্তর'।"

"আন্তী, তুমি কেবলই কথা-কাটাকাটি করবার অছিলা খুঁজছ। বেশ জান আমি বলতে চাইছিলুম, মেয়েদের থেকে স্বভাবত একটা দূরত্ব বাঁচিয়ে চলাই পুরুষের পক্ষে ভাষতা।"

"স্বভাবত দ্বত্ব বাঁচানো, না অস্বভাবত ? আমরা মডার্ন, মেকি ভদ্রতা মানি নে, ধাঁটি স্বভাবকে মানি। শীলাকে পাশে নিয়ে ঝাঁকানি-দেওয়া ফোর্ডগাড়ি চালাই, স্বাভাবিকতা হচ্ছে তার পাশাপাশিটাই। ভদ্রতার থাতিরে মাঝ্যানে দেড়হাত জায়গা বাখলে অশ্রদ্ধা করা হত স্বভাবকে।"

"অভী, তোমরা নিজের থেকে মেয়েদের বিশেষ মূল্য দিয়ে দামী করে তুলেছিলে, তাদের থেলাে কর নি নিজের গরজেই। সেই দাম আজ যদি ফিরিয়ে নাও নিজের খুনিকেই করবে সন্তা, ফাঁকি দেবে নিজের পাওনাকেই। কিন্তু মিথ্যে বকছি, মডার্ন্ কানটাই থেলাে।"

অভীক জবাব দিলে, "খেলে। বলব না, বলব বেহায়া। সেকালের বুড়োশিব চোথ বুজে বদেছেন ধ্যানে, একালের নন্দীভূঙ্গী আয়না হাতে নিয়ে নিজেদের চেহারাকে ব্যঙ্গ করছে— যাকে বলে debunking। জয়েছি একালে, বোম্ভোলানাথের চেলা হয়ে কপালে চোথ তুলে বসে থাকতে পারব না; নন্দীভূঙ্গীর বিদ্পৃটে ম্থভঙ্গির নকল করতে পারলে আজকের দিনে নাম হবে।"

"আচ্ছা আচ্ছা, যাও নাম করতে দশ দিককে মুখ ভেওচিয়ে। কিন্তু তার আগে আমাকে একটা কথা দুড়িয় করে বলো, তোমার কাছে আশকারা পেয়ে রাজ্যের যত মেয়ে তোমাকে নিয়ে এই যে টানাটানি করে এতে কি তোমার ভালোলাগার ধার ভোঁতা হয়ে যায় না। তোমরা কথায় কথায় যাকে বল thrill, ঠেলাঠেলিতে তাকে কি পায়ের নীচে দ'লে ফেলা হয় না।"

"সত্যি কথাই বলি তবে, বী, যাকে বলে thrill, যাকে বলে ecstasy, সে হল পদ্মলা নম্বরের জিনিস, ভাগ্যে দৈবাৎ মেলে। কিন্তু তুমি যাকে বলচ্ছ ভিড়ের মধ্যে টানাটানি, সে হল সেকেণ্ড্যাণ্ড দোকানের মাল, কোথাণ্ড বা দাসী কোথাণ্ড বা ছেড়া, কিন্তু বাজারে দেও বিকোয়, অল্প দামে। ুদেরা জ্বিনিদের পুরো দাম বিতৈ পারে ক'জন ধনী।"

"তুমি পার অভী, নিশ্চয় পার, পুরে। গ্র্লা আছে তোমার হাতে। কিন্ত অন্তুত তোমার বভাব, ছেড়া জিনিসে, ময়লা জিনিসে তোমাদের আর্টিন্টের একটা কৈ তুক আছে, কোতৃহল আছে। অসপ্ত জিনিস তোমাদের কাছে picturesque নয়। থাক্ গে এ-সব র্থা তর্ক। আপাতত কাইসলারের পালাটা বতদ্র সন্তব এগিয়ে দেওয়া যাক।"

এই ব'লে চৌকি ছেড়ে বিভা পাশের ঘরে চলে গেল। ফিরে এসে জ্ভীকের হাতে একতাড়া নোট দিয়ে বললে, "এই নাও তোমার ইন্দ্পিরেশন, কোম্পানি-বাহাত্বের মার্কামারা। কিন্তু তাই ব'লে তোমার ওই ঘড়ি আমাকে নিতে বোলো না।"

চৌকিতে মাথা রেখে অভীক মেঝের উপরে বদে রইল। বিভা ফ্রন্ত পুদে তার হাত টেনে নিয়ে বললে, "আমাকে ভূল বুঝো না। তোমার অভাব ঘটেছে। আমার অভাব নেই এমন স্থোগে—"

বিভাকে থামিয়ে দিয়ে অভীক বললে, "অভাব আছে আমার, দারুণ অভাব। তোমার হাতেই রয়েছে স্থােগ, তা পূরণ করবার। কী হবে টাকায়।"

্বিভা অভীকের হাতের উপরে মিগ্ধভাবে হাত ব্লোতে ব্লোতে বললে, "যা পারি নে তার হুঃখ রইল আমার মনে চিরদিন। যতটুকু পারি তার হুং থেকে কেন আমাকে বঞ্চিত করবে।"

"না না না, কিছুতেই না। তোমারই কাছ থেকে সাহায্য নিয়ে শীলাকে আমি গাড়ি চড়িয়ে বেড়াব ? এ প্রস্তাবে ধিকার দেবে এই ভেবেছিল্ম, রাগ করবে এই ছিল আশা।"

"রাগ করব কেন। তোমার দৃষ্টুমি কতক্ষণের। এটা সাংঘাতিক শীলার পক্ষে, তোমার পক্ষে একটুও না। এমন ছেলেমাস্থি কতবার তোমার দেখেছি, মনে মনে হেসেছি। জানি কিছুদিনের মতো এ খেলা না হলে তোমার চলে না। এও জানি স্থায়ী হলে আরও অচল হয়। হয়তো তুমি কিছু পেতে চাও, কিন্তু তোমাকে কিছু পাবে এ সইতে পার না।"

"বী, আমাকে তুমি অত্যস্ত বেশি জান তাই এমন ঘোরতর নিশ্চিম্ব থাক। জানতে পেরেছ আমার ভালো লাগে মেয়েদের কিন্ধু সে ভালো-লাগা নান্তিকেরই, তাতে বাধ্বানেই। পাথরে-গাঁথা মন্দিরে সে পূজাকে বন্দী করব না। বাদ্ধবীদের সজে গলাগলির গদ্গদ্ দৃশ্য মাঝে মাঝে দেখেছি, সেই বিহল জৈণতায় আমার গা কেম্ন করে। কিন্তু মেয়ের। আমার কাছে নান্তিকের দেবতা, অর্থাৎ আটিন্টের। আটিন্টি থাবি থেয়ে মরে না, সে সাতার দেয় দিয়ে অনায়াসে পার হয়ে যায়। আমি লোভী নই, আমাকে নিয়ে যে মেয়ে ঈর্বা করে সে লোভী। তুমি লোভী নও, তোমার নিয়াসক্ত মনের সব চেয়ে বড়ো লান স্বাধীনতা।"

বিভা হেদে বললে, "তোমার স্তব এখন রাখো.। আর্টিস্ট, তোমরা দাবালক শিশু, এবার যে খেলাটা ফেঁদেছ তার খেলনাটি না-হয় আমার হাত খেকেই নেবে।"

"নৈব নৈব চ। আছে। একটা কথা জিজ্ঞাসা করি। তোমার ট্রাঞ্চালের মুঠো থেকে এ টাকা থসিয়ে নিলে কী করে।"

"থোলদা করে বললে হয়তে। খুশি হবে না। তুমি জান অমরবাব্র কাছে আমি ম্যাথাম্যাটিকৃদ্ শিথছি।"

"স্ব-তাতেই আমাকে বহু দূরে এড়িয়ে যেতে চাও, বিজেতেও ?"

"বোকো না, শোনো। আমার টাস্টাদের মধ্যে একজন আছেন আদিত্যমামা।
নিজে তিনি গণিতে ফর্ট ক্লাস মেডালিন্ট। তাঁর বিশ্বাস, যথেষ্ট হ্যোগ পেলে অমরবাব্
দিতীয় রামান্তজ্ঞম্ হবেন। ওঁর কষা একটুখানি প্রব্লেম আইনন্টাইনকে পাঠিয়ে
দিয়েছিলেন, যা উত্তর পেরেছিলেন সেটা আমি দেখেছি। এমন লোককে সাহায্য
করতে হলে তাঁর মান বাঁচিয়ে করতে হয়। আমি তাই বলল্ম, ওঁর কাছে গণিত
শিখব। মামা খ্ব খ্শি। শিক্ষাখাতে ট্রান্টফাণ্ড থেকে কিছু খোক টাকা আমার
হাতে রেখে দিয়েছেন। তারই থেকে আমি ওঁকে বৃত্তি দিই।"

অভীকের মৃথ কেমন একরকম হয়ে গেল। একটু হাসবার চেষ্টা করে বললে, "এমন আর্টিন্টও হয়তো আছে যে উপযুক্ত হ্যোগ পেলে মিকেল আঞ্জেলোর অন্তত্ত দাড়ির কাছটাতে পৌছতে পারত।"

"কোনো স্থােগ না পেলেও হয়তো পারবে পৌছতে। এখন বলাে আমার কাছ থেকে টাকাটা নেবে কি না।"

"থেলনার দাম ?" ·

"হাঁ গো, আমরা তো চিরকাল তোমাদের খেলনার দামই দিয়ে থাকি। তাতে দোর কী। তার পরে আছে আঁন্ডাকুড়।"

"কাইসলারের আজ আছেশান্তি হল এইখানেই। প্রগতিশীলার প্রগতিবেগ ভাঙা ফোর্ডেই নড়্নড় করতে করতে চলুক। এখন ও-সব কথা আর ভারো লাগছে না। অমরবার খনেছি টাকা জমাচ্ছেন বিলেতে যাবার জন্তে, দেখান থেকে প্রমাণ করে আসবেন তিনি সামান্ত লোক নন।"

বিভা বললে, "একাস্ত আশা করি, তাই যেন ঘটে। তাতে দেশের গৌরব।"

উচ্চকণ্ঠে বললে অভীক, "আমাকেও তাই প্রমাণ করতে হবে, তুমি আশা কর আর মাই কর। ওঁর প্রমাণ সহজ, লজিকের বাঁধা রাস্তায়, আর্টের প্রমাণ কচির পথে, দে রসিক লোকের প্রাইভেট পথ। সে গ্রাপ্ত ট্রান্ধ রোজ নয়। আমাদের এই চোখে-ঠুলি-পরা ঘানি-ঘোরানোর দেশে আমার চলবে না। যাদের দেখবার স্বাধীন দৃষ্টি আছে, আমি যাবই তাদের দেশে। একদিন তোমার মামাকে যেন বলতে হয়, আমিও সামাত্য লোক নই, আর তাঁর ভাগনীকেও—"

"ভাগনীর কথা বোলো না। তুমি মিকেল আঞ্চেলোর সমান মাপের কি না তা জানবার জন্মে তাকে সব্র করতে হয় নি। তার কাছে তুমি বিনা প্রমাণেই অসামান্ত। এখন বলো, তুমি যেতে চাও বিলেতে ?"

"দে আমার দিনরাত্রির স্বপ্ন।"

"তা হলে নাও-না আমার এই দান। প্রতিভার পায়ে এই দামান্ত আমার রাজকর।"

"থাক্ থাক্, ও কথা থাক্; কানে ঠিক হ্বর লাগছে না। সার্থক হোক গণিত-অধ্যাপকের মহিমা। আমার জন্তে এ যুগ না হোক পর্যুগ আছে, অপেক্ষা করে থাকবে পণ্টারিটি। এই আমি বলে দিচ্ছি, একদিন আদবে যেদিন অর্ধে ক রাত্রে বালিশে মুখ গুঁজে তোমাকে বলতে হবে, নামের সঙ্গে নাম গাঁথা হতে পারত চিরকালের মতো, কিন্তু হল না।"

"পদ্টারিটির জন্মে অপেকা করতে হবে না অভী, নিষ্ঠুর শান্তি আমার আরম্ভ হয়েছে।"

"কোন্ শান্তির কথা তুমি বলছ জানি নে, কিন্তু জানি তোমার সব চেয়ে বড়ো শান্তি তুমি ব্যতে পার নি আমার ছবি। এসেছে নতুন যুগ, সেই যুগের বরণসভায় আধুনিক বড়ো চৌকিটাতে আমার দেখা তোমার মিলল না।" বলেই অভীক উঠে চলল দরজার দিকে।

বিভা বললে, "যাচ্ছ কোথায়।"

"মিটিং আছে।"

"কিসের মিটিং।"

"ছুটির সময়কার ছাত্রদের নিয়ে হুর্গাপূজা করব।"

"তুমি পুজে। করবে ?"

"আমিই করব। আমি যে কিছুই মানি নে। আমার সেই না-ুমানার ফাঁকার স্মধ্যে তেজিশ কোটি দেবতা আর অপদেবতার জায়গার টানাটানি হবে না। বিশ্বস্টির সমস্ত ছেলেখেলা ধরাবার জন্মে আকাশ শৃত্য হয়ে আছে।"

বিভা বুঝল বিভারই ভগবানের বিহুদ্ধে ওর এই বিদ্রুপ। কোনো তর্ক না করে সে মাখা নিচু করে চুপ করে বদে রইল।

অভীক দরজার কাছ থেকে ফিরে এসে বললে, "দেখে। বী, তুমি প্রচণ্ড জাশনালিট। ভারতবর্ধে ঐক্যস্থাপনের স্বপ্ন দেখ। কিন্তু যে দেশে দিনরাত্রি ধর্ম নিমে খুনোখুনি সে দেশে সব ধর্মকে মেলাবার পুণ্যব্রত আমার মতো নান্তিকেরই। আমিই ভারতবর্ধের ত্রাণকর্তা।"

শ অভীকের নান্তিকতা কেন যে এত হিংস্র হয়ে উঠেছে বিভা তা জানে। তাই তার উপরে রাগ করতে পারে না। কিছুতে ভেবে পায় না কী হবে এর পরিণাম। বিভার আর যা কিছু আছে দবই সে দিতে পারে, কেবল ঠেকেছে ওর পিতার ইচ্ছায়। সে ইচ্ছা তো মত নয়, বিশাস নয়, তর্কের বিষয় নয়। সে ওর স্বভাবের আল। তার প্রতিবাদ চলে না। বার বার মনে করেছে এই বাধা সে লজ্মন করবে। কিছু শেষ মুহুর্তে কিছুতে তার পা সরতে চায় না।

বেহারা এদে খবর দিলে, অমরবাবু এসেছেন। অভীক অবিলয়ে হুড় দাড় করে দিঁড়ি বেয়ে চলে গোল। বিভার বুকের মধ্যে মোচড়াতে লাগল। প্রথমটাতে ভাবলে, অধ্যাপককে বলে পাঠাই আজ পাঠ নেওয়া হবে না। পরক্ষণেই মনটাকে শক্ত করে বললে, "আচ্ছা, এইখানে নিয়ে আয়। বসতে বল্। একটু বাদেই আগচিছ।"

শোবার ঘরে উপুড় হয়ে বিছানায় গিয়ে পড়ল। বালিশ আঁকড়ে ধরে কায়া। আনেকক্ষণ পরে নিজেকে সামলিয়ে নিয়ে মৃথে চোথে জল দিয়ে হাসিম্থে ঘরে এসে বললে, "আজ মনে করেছিলুম ফাঁকি দেব।"

"শরীর ভালো নেই বুঝি ?"

"না, বেশ আছে। আসল কথা, কতকাল ধরে রবিবারের ছুটি রক্তের সঙ্গে মিশে গেছে, থেকে থেকে তার প্রকোপ প্রবল হয়ে ওঠে।"

অধ্যাপক বললেন, "আমার রজে এ পর্যন্ত ছুটির মাইকোব টোকবার সময় পায় নি ৷ কিন্তু আমিও আজ ছুটি নেব ৷ কারণটা বৃঝিয়ে বলি ৷ এ বছর কোপেন-হেগেনে সার্বজাতিক ম্যাথামেটিক্স্ কন্ফারেজ হবে ৷ আমার নাম কী করে ওদের নজরে পড়ল জানি নে ৷ ভারতবর্ষের মধ্যে আমিই নিমন্ত্রণ পেয়েছি ৷ এতবড়ো স্থ্যোগ তো ব্যর্থ ছতে দিতে পারি নে ।" ৰিভা উৎসাহের সঙ্গে বললে, "নিশ্চয় আপনাকে যেতে হবে।"

্ অব্যাপক একট্থানি হেদে বললেন, "আমার উপরওয়ালা যাঁরা আমাকে ডেপুটেশনে পাঠাতে পারতেন তাঁরা রাজী নন, পাছে আমার মাথা থারাপ হয়ে যায়। অতএব তাঁদের সেই উৎকণ্ঠা আমার তালোর জন্মেই। তেমন কোনো বয়ু যদি পাই যে লোকটা থ্ব বেশি সেয়ানা নয়, তারই সদ্ধানে আজ বেরব। ধারের বদলে যা বদ্ধক দেবার আশা দিতে পারি সেটাকে না পারব দাঁড়িপালায় চড়াতে, না পারব কাইপাথরে ঘ্যে দেখাতে। আমরা বিজ্ঞানীয়া কিছু বিশাস করবার পূর্বে প্রত্যক্ষ প্রমাণ খুঁজি, বিষয়বৃদ্ধিওয়ালায়াও খোঁজে— ঠকাবার জ্ঞা নেই কাউকে।"

বিভা উত্তেজিত হয়ে বললে, "যেখান থেকে হোক, বন্ধু একজনকে বের করবই, হয়তো সে খুব সেয়ানা নয়, সেজগ্রে ভাববেন না।"

ত্-চার কথায় সমস্তার মীমাংশা হয় নি। সেদিনকার মতো একটা আধাখেঁচড়া নিঁপাত্তি হল। অমরবার লোকটি মাঝারি সাইজের, স্থামবর্ণ, দেহটি রোগা, কপাল চওড়া, মাথার সামনেদিককার চুল ফুরফুরে হয়ে এসেছে। ম্থটি প্রিয়দর্শন, দেখে বোঝা যায় কারও সঙ্গে শক্রতা করবার অবকাশ পান নি। চোথছটিতে ঠিক অন্তমনস্কতা নয়, যাকে বলা যেতে পারে দ্রমনস্কতা— অর্থাৎ রাস্তায় চলবার সময় ওঁকে নিরাপদ রাথবার লায়িত্ব বাইরের লোকদেরই। বরু ওঁর খুব অল্লই, কিন্তু যে কজন আছে তারা ওঁর সহচ্চে খুবই উচ্চ আশা রাথে, আর বাকি যে-সব চেনা লোক তারা নাক সিটকে ওঁকে বলে হাইরাউ। কথাবার্তা অল্ল বলেন, সেটাকে লোকে মনে করে হল্পতারই স্বল্পতা। মোটের উপব ওঁর জীবনযান্তায় জনতা খুব কম। তার সাইকলজির পক্ষে আরামের বিষয় এই যে, দশজনে ওঁকে কী ভাবে সে উনি জাননই না।

অভীকের কাছে বিভা আজ তাড়াতাড়ি যে আটশো টাকা এনে দিয়েছিল সে একটা অন্ধ আবেগে মরিয়া হয়ে। বিভার নিয়মনিষ্ঠার প্রতি তার মামার বিশাস আটল। কথনও তার ব্যত্যয় হয় নি। মেয়েদের জীবনে নিয়মের প্রবল ব্যতিক্রমের ঝটকা হঠাৎ কোন্দিক থেকে এসে পড়ে, তিনি বিষয়ী লোক সেটা কল্পনাও করতে পারেন নি। এই অকশাৎ অকাজের সমস্ত শান্তি ও ল্জ্জা মনের মধ্যে স্পষ্ট করে দেখে নিয়েই একমূহুর্তের বড়েব বাপটে বিভা উপস্থিত করেছিল তার উৎসর্গ অন্তাকের কাছে। প্রত্যাশ্যাত দেই দান আবার নিয়মের পিল্পোগাড়ির মধ্যে

ফিরে এসেছে। বর্তমান ক্ষেত্রে ভালোবাসার সেই স্পীর্ধাবেগ তার মনে নেই। বাধিকার লঙ্কন ক'রে কাউকে টাকা ধার দেবার কথা সে সাহস ক'রে মনে আনতে পারলে না। তাই বিভা প্র্যান করেছে, মায়ের কাছ থেকে উত্তরাধিকারস্থত্তে পাওয়া দামী গম্বনা বেচে বা পাবে সেই টাকা অমরকে উপল্লা ক'রে দেবে আপন ক্ষেত্রেক।

বিভার কাছে থে-সব ছেলেনেরে মাহুষ হচ্ছে, ও তাদের পড়ায় সাহায্য করে।
আজ রবিবার। ধাওয়ার পরে এতক্ষণ ওর ক্লাস বদেছিল। সকাল-সকাল দিল ছুটি।

বান্ধ বের করে মেঝের উপর একথানা কাঁথ। পেতে তাতে একে একে বিভা গয়না সাজাচ্ছিল। ওদের পরিবারের পরিচিত জহুরীকে ডেকে পার্চিয়েছে।

এমন সময় সিঁড়িতে পায়ের শব্দ শুনতে পেল অভীকের। প্রথমেই গয়নাগুলো ডাড়াডাড়ি লুকোবার ঝোঁক হল, কিন্তু যেমন পাতা ছিল তেমনি রেথে দিলে। কোনো কারণেই অভীকের কাছে কোনো কিছু চাপা দেবে, সে ওর স্বভাবের বিরুদ্ধে।

অভীক ঘরের মধ্যে প্রবেশ করে থানিকক্ষণ দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখল, বুঝল ব্যাপারখানা কী। বললে, "অসামান্তের পারানি কড়ি। আমার বেলায় তুমি মহামায়া, ভূলিয়ে রাখো; অধ্যাপকের বেলায় তুমি তারা, তরিয়ে দাও। অধ্যাপক জানেন কি, অবলা নারী মূণালভূজে তাঁকে পারে পাঠাবার উপায় করেছে ?"

"ना, कार्यन ना।"

"ম্বানলে কি এই বৈজ্ঞানিকের পৌরুষে ঘা লাগবে না।"

"কুন্ত লোকের শ্রদ্ধার দানে মহৎ লোকের অকুন্তিত অধিকার, আমি তো এই জানি! এই অধিকার দিয়ে তাঁরা অফুগ্রহ করেন, দয়া করেন।"

"সে কথা ব্যাল্ম, কিন্তু মেয়েদের গায়ের গয়ন। আমাদেরই আনন্দ দেবার জন্তে, আমরা যত সামান্তই হই— কারও বিলেতে যাবার জন্তে নয়, তিনি যত বড়োই ছোন-না। আমাদের মতো পুরুষদের দৃষ্টিকে এ তোমরা প্রথম থেকেই উৎসর্গ করে রেখেছ। এই হারখানি চুনির সঙ্গে মৃক্তোর মিল করা, এ আমি একদিন তোমার গলায় দেখেছিলেম, যথন আমাদের পরিচয় ছিল অয়। সেই প্রথম পরিচয়ের স্থতিতে এই হারখানি এক হয়ে মিশিয়ে আছে। ওই হার কি একলা তোমার, ও যে আমারও।"

"আচ্ছা, ওই হারটা না-হয় তুমিই নিলে।"

"তোমার সন্তা থেকে ছিনিয়ে-দেওয়া হার একেবারেই যে নিরর্থক। সে যে হবে চুরি। তোমার সঙ্গে নেব ওকে সবস্থন, সেই প্রত্যাশা করেই বসে আছি। ইতিমধ্যে ওই হার হস্তান্তর কর যদি, তবে ফাকি দেবে আমাকে।"

"গয়নাগুলো মা দিয়ে গেছেন আমার ভাবী বিবাহের যৌতুক। বিবাহটা বাদ দিলে ও গয়নার কী সংজ্ঞাদেব। যাই হোক, কোনো ভভ কিংবা অভভ লগ্নে এই ক্লাটির সালংকারা মৃতি আশা কোরো না।"

"অন্তত্ত্ৰ পাত্ৰ স্থির হয়ে গেছে বুঝি ?"

"হয়েছে বৈতরণীর তীরে। বরঞ্চ এক কাজ করতে পারি, তুমি যাকে বিয়ে করবে সেই বধুর জন্মে আমার এই গয়না কিছু রেখে যাব।"

"আমার জন্মে বুঝি বৈতরণীর তীরে বধুর রাস্তা নেই ?"

"ও কথা বোলো না। সঞ্জীব পাত্রী সব আঁকড়ে আছে তোমার কুষ্টি।"

"মিথ্যে কথা বলব না। কুষ্টির ইশারাটা একেবারে অসম্ভব নয়। শনির দশায় শঙ্কিনীর অভাব হঠাৎ মারাত্মক হয়ে উঠলে, পুরুষের আসে ফাঁড়ার দিন।"

"তা হতে পারে, কিন্তু তার কিছুকাল পরেই দঙ্গিনীর আবিভাবটাই হয় মারাত্মক। তথ্য ওই ফাঁড়াটা হয়ে ওঠে মুশকিলের। যাকে বলে পরিস্থিতি।"

"ওই যাকে বলে বাধ্যতামূলক উদ্বন্ধন। প্রসন্ধনী যদিচ হাইপথেটিক্যাল, তব্ সম্ভাবনার এত কাছঘেঁষা যে এ নিয়ে তর্ক করা মিথ্যে। তাই বলছি, একদিন যথন লালচেলি-পরা আমাকে হঠাৎ দেখবে পরহন্তগতং ধনং তথন—"

"আর ভয় দেখিয়ো না, তখন আমিও হঠাৎ আবিদ্ধার করব, পরহন্তের অভাব নেই।"

"ছি ছি মধুক্রী, কথাটা তো ভালো শোনাল না তোমার ম্থে। পুরুষেরা ভোমাদের দেবী বলে স্বতি করে, কেননা তাদের অন্তর্ধান ঘটলে তোমারা শুকিয়ে মরতে রাজি থাক। পুরুষদের ভূলেও কেউ দেবতা বলে না। কেননা অভাবে পড়লেই বৃদ্ধিমানের মতো অভাব প্রণ করিয়ে নিতে তারা প্রস্তত। সম্মানের মুশকিল তো ওই। একনিষ্ঠতার পদবিটা বাঁচাতে গিয়ে তোমাদের প্রাণে মরত হয়। সাইকলজি এখন থাক্, আমার প্রস্তাব এই, অমরবাব্র অমরজলাভের দায়িত্ব আমাদেরই উপরে দাও-না, আমরা কি ওর মূল্য বৃহি নে। গয়না বেচে পুরুষকে লজ্জা দাও কেন।"

"ও কথা বোলো না। পুরুষদের ষশ মেয়েদেরই সব চেয়ে বড়ো সম্পদ। যে দেশে তোমরা বড়ো সে দেশে আমরা ধন্ত।"

"এ দেশ সেই দেশই হোক। তোমাদের দিকে তাকিয়ে সেই কথাই ভাবি প্রাণশণে। এ প্রসঙ্গে আমার কথাটা এখন থাক্, অক্ত-এক সময় হবে। অমরবাব্র সফলতায় ঈর্ষা করে এমন খুদে লোক বাংলাদেশে অনেক আছে। এ দেশের মাছ্যরা বড়োলোকের মড়ক। কিন্ত দোহাই তোমার, আমাকে সেই বামনদের দলে ফেলো না। শোনো আমি কত বড়ো একটা ক্রিমিয়াল পুণ্যকর্ম করেছি।— তুর্গাপুজার টাদার টাকা আমার হাতে ছিল। সে টাকা দিয়ে দিয়েছি অমরবাব্র বিলেত্যাত্রার ফণ্ডে। দিয়েছি কাউকে না ব'লে। যথন ফাঁস হবে, জীববলি থোঁজবার জন্যে মায়ের ভক্তদের বাজারে দৌড়তে হবে না। আমি নান্তিক, আমি ব্রিম স্ভ্যকার পূজা কাকে বলে। ওরা ধর্মপ্রাণ, ওরা কী ব্রবে।"

ত্বি কী কাজ করলে অভীক। তুমি যাকে বল তোমার, পবিত্র নান্তিকধর্ম এ কাজ কিঁ তার যোগ্য, এ যে বিশাস্থাতকতা।"

"মানি। কিন্তু আমার ধর্মের ভিত কিসে তুর্বল ক'রে দিয়েছিল তা বলি। খুব ধুম করে পূজা দেবে ব'লে আমার চেলারা কোমর বেঁধেছিল। কিন্তু চাঁদার যে সামাত্ত টাক। উঠল সে যেমন হাশ্যকর তেমন শোকাবহ। তাতে ভোগের পাঠাদের মধ্যে বিয়োগান্ত নাট্য জমত না, পঞ্চমাকের লাল রঙটা হত ফিকে। আমার তাতে আপত্তি ছিল না। স্থির করেছিলেম নিজেরাই কাঠি হাতে ঢাকে ঢোলে বেতালা চাটি লাগাব অসহ উৎসাহে আর লাউকুমড়োর বক্ষ বিদীর্ণ করব স্বহন্তে থড়গাঘাতে। নান্তিকের পক্ষে এই যথেষ্ট, কিন্তু ধর্মপ্রাণের পক্ষে নয়। কথন সন্ধ্যাবেলায় আমাকে না জানিয়ে ওদের একজন দাজল দাধবাবা, পাচজন দাজল চেলা, কোনো একজন ধনী বিধবা বুড়িকে গিয়ে বললে, তার যে ছেলে রেঙ্গুনে কাজ করে, জগদহা স্বপ্ন দিয়েছেন, যথেষ্ট পাঁঠা আর পুরোবহরের পুজো না পেলে মা তাঁকে আন্ত খাবেন। তাঁর কাছ থেকে আ ঘুরিয়ে ঘুরিয়ে পাঁচ হাজার টাকা বের করেছে। যেদিন শুনলুম, সেইদিনই টাকাটার সংকার করেছি। তাতে আমার জাত গেল। কিন্তু টাকাটার কলঙ্ক ঘুচল। এই তোমাকে করলম আমার কনফেশনাল। পাপ করল ক'রে পাপ ক্ষালন ক্রে নেওয়া গেল। পাঁচ হাজার, টাকার বাইরে আছে উনত্রিশটি মাত্র টাকা.। দে রেখেছি কুমড়োর বাজারের দেনাশোধের জ্বতা।" 4

া কৈশি এদে বললে; "বচ্চু বেহারার জব বেড়েছে, দক্ষে দক্ষে কাশি, ডাক্তারবাব্ কী লিখে দিয়ে গেছেন, দেখে দাও 'দে।"

বিভার হাত চেপে ধরে অভীক বললে, "বিশ্বহিতৈষিণী, বোগতাপের তদ্বির করতে দিনরাত ব্যস্ত আছ, আর যে-সব হতভাগার শরীর অতি বিশ্রী রক্ষে স্বস্থ ভাদের মনে করবার সময় পাও না।"

"বিশ্বহিত নয় গো, কোনো একজন অতি হুত্ব হতভাগাকে ভূলে থাকবার জ্ঞেই

এত ক'রে কান্ধ বানাতে হয়। এখন ছাড়ো, আমি যাই, তুমি একটু বোসো, আমার গয়না সামলিয়ে রেখো, "

"আর আমার লোভ কে সামলাবে।" "তোমার নাস্তিকধর্ম।"

কিছুকাল দেখা নেই অভীকের। চিঠিপত্র কিছু পাওয়া যায় নি। বিভার মুখ ভকিয়ে গেছে। কোনো কাজ করতে মন যাচ্ছে না। তার ভাবনাগুলা গেছে যুলিয়ে। কী হয়েছে, কী হতে পারে, তার ঠিক পাচ্ছে না। দিনগুলো যাচ্ছে পাজর-ভেঙে-দেওয়া বোঝার মতন। ওর কেবলই মনে হচ্ছে, অভীক ওর উপরেই অভিমান করে চলে গেছে। ও ঘরছাড়া ছেলে, ওর বাঁধন নেই, উধাও হয়ে চলে গেল; ও হয়তো আর ফিরবে না। ওর মন কেবলই বলতে লাগল, 'রাগ কোরো না, ফিরে এসো, আমি তোমাকে আর হৃংখ দেব না।' অভীকের সমস্ত ছেলেমান্থাই, ওর অবিবেচনা, ওর আবদার, যতই মনে পড়তে লাগল ততই জ্ল পড়তে লাগল ওর ছুই চক্ষু বেয়ে, কেবলই নিজেকে পাষাণী বলে ধিক্কার দিলে।

এমন সময়ে এল চিঠি স্তীমারের ছাপমার!। অভীক লিখেছে—

জাহাজের স্টোকার হয়ে চলেছি বিলেতে। এঞ্জিনে কয়লা জোগাতে হবে।
বলছি বটে ভাবনা কোরো না, কিন্তু ভাবনা করছ মনে করে ভালো লাগে। তব্
বলে রাথি এঞ্জিনের তাতে পোড়া আমার অভ্যেদ আছে। জানি তুমি এই বলে
রাগ করবে যে, কেন পাথেয় দাবি করি নি তোমার কাছ থেকে। একমাত্র কারণ এই
যে, আমি যে আর্টিন্ট এ পরিচয়ে তোমার একটুও শ্রদ্ধা নেই। এ আমার চিরত্বংথের
কথা; কিন্তু এজন্তে তোমাকে দোষ দেব না। আমি নিশ্চয়ই জানি, একদিন দেই
রসজ্ঞ দেশের গুণী লোকেরা আমাকে স্বীকার করে নেবে যাদের স্বীকৃতির থাটি
মূল্য আছে।

ু অনেক মৃ ত আমার ছবির অন্তায় প্রশংসা করেছে। আবার অনেক মিধুক ক্রেছে ছলনা। তুমি আমার মন ভোলানোর জল্যে কোনোদিন ক্রতিম স্তব কর নি। যদিও তোমার জানা ছিল, তোমার একটুখানি প্রশংসা আমার পক্ষে অমৃত। তোমার চরিত্রের অটল সত্য থেকে আমি অপরিমেয় তুংখ পেয়েছি, তব্ সেই সত্যকে দিয়েছি আমিশ্বড়ো মূল্য। একদিন বিশ্বের কাছে যখন সন্থান পাব, তখন সব চেয়ে সত্য সন্থান আমাকে তুমিই দেবে, তার সক্ষে হাদয়ের স্থা মিশিয়ে। যভক্ষণ তোমার বিশাস অসন্দিশ্ব সভ্যে না পৌছবে ততক্ষণ তুমি অপেকা করবে। এই কথা মনে রেগে আৰু ত্রাধ্য-সাধনার পথে চলেছি।

এতক্ষণে জানতে পেরেছ তোমার হারখানি গেছে চুরি। এ হার তুমি বাজারে বিক্রি করতে যাচ্ছ, এই ভাবনা আমি কিছুতেই সহ্থ করতে পারছিল্ম না। তুমি পাঁজর ভেঙে দিঁধ কাটতে যাচ্ছিলে আমার বুকের মধ্যে। তোমার ওই হারের বদলে আমার একতাড়া ছবি তোমার গয়নার বাক্সের কাছে রেখে এসেছি। মনে মনে হেসোনা। বাংলাদেশের কোথাও এই ছবিগুলো ছেঁড়া কাগজের বেশি দর পাবে না। অপেক্ষা কোরো বী, আমার মধুকরী, তুমি ঠকবে না, কখনোই না। হঠাং যেমন কোদালের ম্থে গুপ্তধন বেরিয়ে পড়েব, আমি জাঁকে করে বলছি, তেমনি আমার ছবিগুলির হুম্ল্য দীপ্তি হঠাং বেরিয়ে পড়বে। তার আগে পর্যন্ত হেসো, কেননা সব মেয়ের কাছেই সব প্রুষ ছেলেমায়্য — যাদের তারা ভালোবাদে। তোমার সেই মিশ্ব কোনার কর্মায় ভরতি করে নিয়ে চলল্ম সমুদ্রের পারে। আর নিল্ম তোমার সেই মধ্যয় ঘর থেকে একথানি মধ্যয় অপবাদ। দেখেছি তোমার ভগবানের কাছে তুমি কত দরবার নিয়ে প্রার্থনা কর, এবার থেকে এই প্রার্থনা কোরো, তোমার কাছ থেকে চলে আদার দারুণ হুংথ যেন একদিন দার্থক হয়।

তুমি মনে মনে কথনও আমাকে ইবা করেছ কিনা জানি নে। এ কথা সত্য, মেয়েদের আমি ভালোবাসি। ঠিক ততটা না হোক, মেয়েদের আমার ভালো লাগে। তারা আমাকে ভালোবেসেছে, সেই ভালোবাসা আমাকে কৃতজ্ঞ করে। কিন্ধ নিশ্চয় তুমি জান যে, তারা নীহারিকামগুলী, তার মাঝখানে তুমি একটিমাত্র ধ্বনক্ষত্র। তারা আভাস, তুমি সত্য। এ-সব কথা শোনাবে সেন্টিমেন্টাল। উপায় নেই, আমি কবি নই। আমার ভাষাটা কলার ভেলার মতো, টেউ লাগলেই বাড়াবাড়ি করে দোলা দিয়ে। জানি বেদনার ষেখানে গভীরতা সেখানে গভীর হওয়া চাই, নইলে সত্যের মর্গাদা থাকে না। ছর্বলতা চঞ্চল, অনেকবার আমার ছর্বলতা দেখে হেসেছ। এই চিঠিতে তারই লক্ষণ দেখে একটু হেসে তুমি বলবে, এই তো ঠিক তোমার অভীর মতোই ভাবখানা। কিন্তু এবার হয়তো তোমার ম্থে হাসি আসবে না। তোমাকে পাই নি ব'লে অনেক খ্তথ্ত করেছি, কিন্তু হুদয়ের দানে তুমি যে কৃপণ, এ কথার মতো এতবড়ো অবিচার আর কিছু হতে পারে না। আসলে এ জীবনে ভোমার কাছে আমার সম্পূর্ণ প্রকাশ হতে পারল না। হয়তো কথনও হতে পারবে না। এই তীব্র আত্তি আমাকে এমন, কাঙাল করে রেখেছে। সেইজ্যেই আর কিছু বিখাস করি বা না করি, হয়তো জ্লান্ডরে বিখাস করেতে হবে। তুমি ক্পাই করে আমাকে ভোমার

ভালেবিস। ভানাও নি কিন্তু তোমার স্তর্কতার গভীর থেকে প্রতিক্ষণে যা তুমি দান করেছ, নাস্তিক তাকে কোনো সংজ্ঞা দিতে পারে নি— বলেছে, অলৌকিক। এরই আকর্ষণে কোনো-এক ভাবে হয়তো তোমার সঙ্গে দলে তোমার ভগবানেরই কাছাকাছি ফিরেছি। ঠিক জানি নে। হয়তো সবই বানানো কথা। কিন্তু হৃদয়ের একটা গোপন জায়গা আছে আমাদের নিজেরই অগোচরে, সেথানে প্রবল ঘা লাগলে কথা আপনি বানিয়ে বানিয়ে ওঠে, হয়তো সে এমন কোনো সত্য যা এতদিনে নিজে জানতে পারি নি।

বী, আমার মধুকরী, জগতে সব চেয়ে ভালোবেসেছি তোমাকে। সেই ভালোবাদার কোনো একটা অদীম দত্য-ভূমিকা আছে বলে যদি মনে করা যায়, আর তাকেই যদি বল তোমাদের দেখর, তা হলে তাঁর হয়ার আর তোমার হয়ার এক হয়ে রইল এই নান্তিকের জন্মে। আবার আমি ফিরব— তথন আমার মত, আমার বিখাদ, সমস্ত চোথ বুজে সমর্পণ করে দেব তোমার হাতে; তুমি তাকে পৌছিয়ে দিয়ো তোমার তীর্থপথের শেষ ঠিকানায়, যাতে বুদ্ধির বাধা নিয়ে তোমার দঙ্গে এক মূহুর্তের বিচ্ছেদ আর কথনও না ঘটে। তোমার কাছ থেকে আজ দ্বে এদে ভালোবাদার অভাবনীয়তা উজ্জ্বল হয়ে উঠেছে আমার মনের মধ্যে, যুক্তিতর্কের কাটার বেড়া পার করিয়ে দিয়েছে আমাকে— আমি দেখতে পাচ্ছি তোমাকে লোকাতীত মহিমায়। এতদিন বুঝতে চেয়েছিলুম বৃদ্ধি দিয়ে, এবার পেতে চাই আমার সমস্তকে দিয়ে।

তোমার নান্তিক ভক্ত অভীক

আধিন, ১৩৪৬

## শেষ কথা

জীবনের প্রবহমান ঘোলা রঙের হ-য-ব-র-লর মধ্যে হঠাং বেখানে গল্পটা আপন রূপ ধ'রে দত্ত দেখা দেয়, তার অনেক পূর্ব থেকেই নায়কনায়িকারা আপন পরিচয়ের স্ক্র গেঁথে আনে। পিছন থেকে দেই প্রাক্গাল্লিক ইতিহাদের ধারা অমুসরণ করতেই হয়। তাই কিছু সময় নেব, আমি যে কে দেই কথাটাকে পরিষ্কার করবার জন্তে। কিন্তু নামধাম ভাঁড়াতে হবে। নইলে জানাশোনা মহলের জ্বাবদিহি সামলতে পারব না। কী নাম নেব তাই ভাবছি, রোম্যান্টিক নামকরণেব দারা গোড়া থেকেই গাঁলটোকে বসন্তরাগে পঞ্চমস্থরে বাধতে চাই নে। নবীনমাধব নামটা বোধ হয় চলে থেতে পারবে, ওর বাস্তবের শাম্লা বঙটা ধূয়ে ফেলে কর। থেতে পারত নবালণ সেনগুপ্ত; কিন্তু তা হলে থাটি শোনাত না, গল্লটা নামের বড়াই ক'বে লোকের বিশাস হারাত, জিলাকে মনে করত ধারকরা জামিয়ার প'বে সাহিত্যসভায় বাবুয়ানা করতে এসেছে।

সামি বাংলাদেশের বিপ্রবীদলের একজন। ব্রিটিশ সাম্রাজ্যের মহাকর্ষশক্তি স্মাণ্ডামানতীরের থুব কাছাকাছি টান মেরেছিল। নানা বাঁকা পথে সি স্মাই. ডি.-র ফ্লাঁদ এড়িয়ে এড়িয়ে গিয়েছিলুম আফগানিস্থান পর্যন্ত। অবশেষে পৌচেছি আমেরিকায় খালাসির কাজ নিয়ে। পূর্ববঙ্গীয় জেদ ছিল মজ্জায়, একদিনও ভূলি নি যে, ভারতবর্ষের হাতপায়ের শিকলে উথো ঘদতে হবে দিনবাত যতদিন বেঁচে থাকি। কিন্তু বিদেশে किছ्निन थाकराउँ अकी कथा निक्ठि वृद्धि हुनूम, आंग्रजा दर अनानीरा विभावत পালা শুফ করেছিলুম, দে যেন আতশ্বাজিতে পটকা ছোড়ার মতো, তাতে নিজের পোড়াকপাল পুড়িয়েছি অনেকবার, দাগ পড়ে নি ব্রিটণ রাজতক্তে। আগুনের উপর পতকের অন্ধ আসক্তি। যথন সদর্পে ঝাঁপ দিয়ে পড়েছিলুম তথন ব্যতে পারি নি. সেটাতে ইতিহাসের যজানল জালানো হচ্ছে না, জালাচ্ছি নিজেদের খুব ছোটো ছোটো চিতানল। ইতিমধ্যে যুরোপীয় মহাসমরের ভীষণ প্রলয়রূপ তার অতি বিপুল আয়োজন সমেত চোথের সামনে দেখা দিয়েছিল— এই যুগান্তরসাধিনী সর্বনাশাকে আমাদের খোড়োমরের চণ্ডীমণ্ডপে প্রতিষ্ঠা করতে পারব দে হরাশা মন থেকে লুপ্ত হয়ে গেল; সমারোহ ক'রে আত্মহত্যা করবার মতোও আয়োজন ঘরে নেই। তথন ठिक कवलम, ज्ञाननाल पूर्णित श्रीष्ठा शाका कवर् रत। स्पष्टे वृक्षर (श्राविल्य, বাচতে যদি চাই আদিম যুগের হাত তুথানায় যে কটা নথ আছে তা দিয়ে লড়াই করা চলবে না। এ যুগে যন্ত্রের সঙ্গে যন্ত্রের দিতে হবে পাল।; যেমন-তেমন করে মরা সহজ. कि छ तिश्वक भीत किना गिति कदा नरक नय। अधीत राम कन त्नरे, त्रांका व्यक्तरे কাজ শুফ করতে হবে- পথ দীর্ঘ, সাধনা কঠিন।

দীক্ষা নিল্ম যন্ত্রবিভায়। ভেট্রয়েটে ফোর্ডের মোটর-কারথানায় কোনোমতে ঢুকে পড়লুম। হাত পাকাচ্ছিলুম, কিন্তু মনে হচ্ছিল না খুব বেশি দুর এগোচ্ছি। একদিন কী গুরুদ্ধি ঘটল, মনে হল, ফোর্ডকে যদি একটুখানি আভাদ দিই যে, আমার উদ্দেশ্ত নিজের উন্নতি করা নয়, দেশকে বাঁচানো, তা হলে স্বাধীনতাপূজারী আমেরিকার ধনস্বাইর জাত্কর বৃঝি খুশি হবে, এমন কি আমার রাজ্যা হয়তো করে দেবে প্রশন্ত। ফোর্ড চাপা হাসি হেদে বললে, 'আমার নাম হেন্বি ফোর্ড, পুরাতন ইংরেজি নাম। ক্ষামাদের ইংলণ্ডের মামাতো ভাইরা অকেজো, তাদের আমি কেজো করব— এই আমার সংকর।' আমি ভেবেছিনুম, ভারতীয়কেও কেন্ডে। ক'রে তুলতে উৎসাহ হতেও পারে। একটা কথা বুঝতে পারলুম, টাকাওয়ালার দরদ টাকাওয়ালাদেরই 'পরে। আর দেখনুম, এখানে চাকাতৈরির চক্রপথে শেখা বেশি দুর এগোবে না। এই উপলক্ষ্যে একটা বিষয়ে চোধ খুলে গেল, সে হচ্ছে এই ষে, মন্ত্রবিভাশিক্ষার আরপ্ত গোড়ায় যাওয়। চাই: যন্ত্রের মালমসলা-সংগ্রহ শিখতে হবে। ধরণী শক্তিমানদের জ্ঞা জ্বমা করে রেখেছেন তাঁর তুর্গম জঠরে কঠিন খনিজ পদার্থ, এই নিয়ে দিখিজয় করেছে তারা, আর গরিবদের জ্বন্যে রয়েছে তার উপরের স্কবে ফদল—হাড় বেরিয়েছে তাদের পাঁজরায়, চুপসে গেছে তাদের পেট। আমি লেগে গেলুম খনিজবিত। শিখতে। ফোর্ড় বলেছে ইংরেজ অকেজো, তার প্রমাণ হয়েছে ভারতবর্ষে— একদিন হাত লাগিয়েছিল তারা নীলের চাবে আর-একদিন চায়ের চাবে— সিবিলিয়ানের দল দপ্তর্থানায় তক্মা-পরা 'ল অ্যাণ্ড অর্ডর'-এর ব্যবস্থা করেছে, কিন্তু ভারতের বিশাল অন্তর্ভাণ্ডারের সম্পদ উদ্ঘাটিত করতে পারে নি, কী মানবচিত্তের কী প্রক্লতির। ব'লে ব'লে পার্টের চাষীর বক্ত নিংড়েছে। জামশেদ টাটাকে সেলাম করেছি সমুদ্রের ওপার থেকে। ঠিক করেছি আমার কাজ পটকা ছোঁড়া নয়। দিঁধ কাটতে যাব পাতালপুরীর পাথরের প্রাচীরে। মায়ের আঁচলধরা বুড়ো খোকাদের দলে মিশে 'মা মা' ধ্বনিতে মন্তর পড়ব না, আর দেশের দরিত্রকে অক্ষম অভুক্ত অশিক্ষিত দরিত্র ব'লেই মানব, 'দরিত্রনারায়ণ' বুলি দিয়ে তার নামে মন্তর বানাব না। প্রথম বয়সে এ রকম বচনের পুতুলগড়া খেলা অনেক থেলেছি— কবিদের কুমোরবাড়িতে স্বদেশের বে রাংতা-লাগানো প্রতিমা গড়া হয়, তারই সামনে বদে বদে অনেক চোথের জল ফেলেছি। কিন্তু আর নয়, এই জাগ্রত বৃদ্ধির দেশে এসে বান্তবকে বান্তব বলে জেনেই শুকনো চোথে কোমর বেঁধে কাজ করতে শিথেছি। এবার গিয়ে বেরিয়ে পড়বে এই বিজ্ঞানী বাঙাল কোদাল নিয়ে কুডুল নিয়ে হাতুড়ি নিয়ে দেশের গুপ্তধনের তল্লানে, এই কাজটাকে কবির গদগদকণ্ঠের চেলারা দেশমাতৃকার পূজ। বলে চিনতেই পারবে না।

ে ফোর্ডের কারখানাঘর ছেড়ে তার পরে ন'বছর কাটিয়েছি খনিবিত। খনিজবিতা শিখতে। যুরোপের নানা কেন্দ্রে ঘুরেছি, হাতেকলমে কাজ করেছি, তুই-একটা যন্ত্রকোশল নিজেও বানিয়েছি— তাতে উৎসাহ পেয়েছি অধ্যাপকদের কাছে, নিজের উপরে বিশ্বাস হয়েছে, ধিকৃকার দিয়েছি ভূতপূর্ব মন্ত্রমুগ্ধ অক্ততার্থ নিজেকে।

আমার ছোটোগল্লের সঙ্গে এই-সব বড়ো বড়ো কথার একান্ত বোগ নেই— বাদ দিলে চলত, হয়তো ভালোই হত। কিন্তু এই উপলক্ষ্যে একটা কথা বলার দরকার ছিল, সেটা বলি। যৌবনের গোড়ার দিকে নারীপ্রভাবের ম্যাগ্নেটিজ্মে জীবনের মৈকপ্রদেশের আকাশে যথন অরোরার রঙিন ছটার আন্দোলন ঘটতে থাকে, তখন আমি ছিলুম অন্তমনত্ব, একেবারে কোমর বেঁধে অন্তমনত্ব। আমি সন্থাসী, আমি কর্মযোগী— এই-সব বাণীর বারা মনের আগল শক্ত করে আঁটা ছিল। কন্তালায়িকরা . যথন আশোণাশে আনাগোনা করেছিল, আমি স্পষ্ট করেই বলেছি, কন্তার কৃষ্টিতে যদি অকালবৈধব্যযোগ থাকে, তবেই যেন কন্তার পিতা আমার কথা চিন্তা করেন।

পাশ্চাতা মহাদেশে নারীসঙ্গ ঠেকাবার বেড়া নেই। সেথানে আমার পক্ষে তুর্গোগের বিশেষ আশহা ছিল; আমি যে স্থপুরুষ, দেশে থাকতে নারীদের মুখে সে কথা চোথের মৌন ভাষা ছাড়া অন্ত কোনো ভাষায় শোনবার সম্ভাবনা ছিল না, তাই এ তথ্যটা আমার চেতনার বাইরে পড়ে ছিল। বিলেতে গিয়ে যেমন আবিভার করেছি সাধারণের তুলনায় আমার বৃদ্ধি বেশি আছে, তেমনি ধরা পড়েছিল আমাকে দেখতে ভালো৷ আমার এদেশী পাঠকদের মনে ঈর্ষা জন্মাবার মতে। অনেক কাহিনীর ভূমিকা দেখা দিয়েছিল, কিন্তু হলফ করে বলছি, আমি তাদের নিয়ে ভাবের কুহকে মনকে জমাট বাঁধতে দিই নি। হয়তো আমার স্বভাবটা কড়া, পশ্চিমবঙ্গের শৌথিনদের মতো ভাবালুতায় আর্ড্রচিত্ত নই; নিজেকে পাথরের সিম্বুক করে তার মধ্যে আমার সংকল্পকে ধরে রেখেছিলুম। মেয়েদের নিয়ে রসের পালা শুরু করে তার পরে সময় বুঝে খেল। ভঙ্গ করা, সেও ছিল আমার প্রকৃতিবিকৃষ, আমি নিশ্চয় জানতুম, যে জেদ নিয়ে আমি আমার ব্রতের আশ্রয়ে বেঁচে আছি, এক-পা ফ্যকালে সেই জেদ নিয়েই আমার ভাঙা ব্রতের তলায় পিষে মরতে হবে। আমার পক্ষে এর মাঝথানে কোনো ফাঁকির পথ নেই। তা ছাড়া আমি জন্মপাড়াগেঁয়ে, মেয়েদের সম্বন্ধে আমার সেকেলে সংকোচ ঘুচতে চায় না। তাই মেমেদের ভালোবাদা নিয়ে যারা অহংকারের বিষয় করে, আমি তাদের অবজ্ঞা করি।

বিদেশী ভালো ডিগ্রিই পেয়েছিল্ম। সেটা এখানে সরকারী কাজে লাগবে নাজেনে ছোটোনাগপুরে চন্দ্রবংশীয় এক রাজার— মনে করা যাক, চগুবীর সিংহের দরবারে কাজ নিয়েছিল্ম। সৌভাগ্যক্রমে তাঁর ছেলে দেবিকাপ্রসাদ কিছুদিন কেছিলে পড়ান্তনা করেছিলেন। দৈবাৎ তাঁর সঙ্গে আমার দেখা হয়েছিল জুরিকে, সেখানে আমার খ্যাতি তাঁর কানে গিয়েছিল। তাঁকে ব্ঝিয়েছিল্ম আমার প্রান। ভানে খুব উৎসাহিত হয়ে তাঁদের স্টেটে আমাকে জিয়লজিকাল সভেঁর কাজে লাগিয়ে দিলেন। এমন কাজ ইংরেজকে না দেওয়াতে উপরিত্তরের বায়্মগুল বিক্ষ্ম হয়েছিল। কিন্তু দেবিকাপ্রসাদ ছিলেন বাঁঝালো লোক। বুড়ো রাজার মন টল্মল্ করা সত্তেও টিকে গেলুম।

এখানে আদবার আগে মা আমাকে বললেন, "বাবা, ভালো কাল্প পেয়েছ, এইবার একটি বিয়ে করো, আমার অনেক দিনের সাধ মিটুক।" আমি বলল্ম, "অর্থাৎ কাজ মাটি করে।। আমার যে কাজ তার সঙ্গে বিয়ের তাল মিলবে না।" দৃঢ় সংকল্প, ব্যর্থ হল মায়ের অন্ধনা। যন্ত্রন্তন্ত্র সমস্ত বেঁধে-ছেদে নিয়ে চলে এলুম জকলে।

এই বার আমার দেশব্যাপী কীর্তিসম্ভাবনার তাবী দিগন্তে হঠাৎ যে একটুকু গল্প ফুটে উঠল, তাতে আলেয়ার চেহারাও আছে, আরও আছে শুকতারার। নীচের পাথরকে প্রশ্ন করে মাটির সন্ধানে বেড়াচ্ছিল্ম বনে বনে। পলাশফুলের রাঙা রঙের মাতলামিতে তথন বিভার আকাশ। শালগাছে ধরেছে মন্ত্রির, মৌমাছি ঘুরে বেড়াচ্ছে মাকে ঝাঁকে। ব্যাবদাদাররা জৌ সংগ্রহে লেগে গিয়েছে। কুলের পাতা থেকে জ্মা করছে তদরের রেশমের গুটি। সাঁওতালরা কুড়োচ্ছে মহুয়া ফল। ঝির্ঝির শব্দে হালকা নাচের ওড়না ঘ্রিয়ে চলেছিল একটি ছিপ্ছিপে নদী, আমি তার নাম দিয়েছিল্ম তনিকা। এটা কারখানাঘর নয়, কলেজ্ঞলাদ নয়, এ দেই স্থতক্রায় আবিল প্রদোষের রাজ্য যেখানে একলা মন পেলে প্রকৃতি-মায়াবিনী তার উপরেও রংরেজিনীর কাজ করে— যেমন দে করে স্থান্তের পটে।

মনটাতে একটু আবেশের ঘোর লেগেছিল। মন্থর হয়ে এসেছিল কাজের চাল, নিজের উপরে বিরক্ত হয়েছিলুম; ভিতর থেকে জাের লাগাচ্ছিলুম দাঁড়ে। মনে ভাবছিলুম, উপিকাল আবহাওয়ার মাকড়দার জালে জড়িয়ে পড়লুম বৃঝি। শয়তানি উপিকৃদ্ এ দেশে জন্মকাল থেকে হাতপাথার হাওয়ায় হারের মন্ত্র চালাচ্ছে আমাদের রক্তে— এড়াতে হবে তার স্বেদসিক্ত জাত্ব।

বেলা পড়ে এল। এক জায়গায় মাঝখানে চর ফেলে ত্ভাগে চলে গিয়েছে নদী।
সেই বাল্র দ্বীপে স্তব্ধ হয়ে বলে আছে বকের দল। দিনাবদানে রোজ এই দৃষ্টাট
ইঙ্গিত করত আমার কাজের বাঁক ফিরিয়ে দিতে, ঝুলিতে মাটি-পাথরের নম্না নিয়ে
ফিরে চলছিল্ম আমার বাংলোঘরে, সেখানে ল্যাবরেটরিতে পরীক্ষা করতে যাব।
অপরাত্ম আর সন্ধ্যার মাঝখানে দিনের যে একটা পোড়ো জমির মতো ফালতো
অংশ আছে, একলা মাছ্যের পক্ষে সেইটে কাটিয়ে চলা শক্ত। বিশেষত নির্জন বনে।
তাই আমি ওই সময়টা রেখেছি পরথ করার কাজে। ডাইনামোতে বিজ্ঞলি বাতি
জালাই, কেমিক্যাল নিয়ে মাইক্রন্কোপ নিয়ে নিক্তি নিয়ে বিদ। এক-একদিন রাত
ত্পুর পেরিয়ে যায়। আজ আমার সন্ধানে এক জায়গায় ম্যালানিজের লক্ষণ যেন ধরা
পড়েছিল। তাই ক্রত উৎসাহে চলেছিল্ম। কাকগুলো মাথার উপর দিয়ে গেরুয়ারঙের আকাশে কা কা শব্দে চলেছিল্ বাসায়।

এমন সময় হঠাৎ বাধা পড়ল আমার কাজে কেরায়। পাঁচটি শালগাছের বৃাহ ছিল বনের পথে একটা টিবির উপরে। সেই বেইনীর মধ্যে কেউ বলে থাকলে কেবল একটিমাত্র ফাঁকের মধ্যে দিয়ে তাকে দেখা যায়, হঠাৎ চোখ এড়িয়ে যাবারই কথা। দেদিন মেঘের মধ্যে আশ্চর্য একটা দীপ্তি ফেটে পড়েছিল। বনের সেই ফাঁকটাতে ছায়ার ভিতরে রাঙা আলো যেন দিগলনার গাঁঠছেঁড়। সোনার ম্ঠোর মতো ছড়িয়ে পড়েছে। ঠিক সেই আলোর পথে বসে আছে মেয়েটি, গাছের গুঁড়িতে হেলান দিয়ে পা ছটি ব্কের কাছে গুটিয়ে একমনে লিখছে একটি ডায়ারির খাতা নিয়ে। এক মৃহুর্তে আমার কাছে প্রকাশ পেল একটি অপূর্ব বিশ্বয়। জীবনে এ রকম দৈবাৎ ঘটে। পূর্ণিমার বান ডেকে আসার মতো বক্ষতটে ধাকা দিতে লাগল জোয়ারের চেউ।

গাছের গুঁড়ির আড়ালে দাঁড়িয়ে চেয়ে রইলুম। একটি আশ্চর্য ছবি চিহ্নিত হতে লাগল মনের চিরশ্বরণীয়াগারে। আমার বিহৃত অভিজ্ঞতার পথে অনেক অপ্রত্যাশিত মনোহরের দরজায় ঠেকেছে মন, পাশ কাটিয়ে চলে গেছি, আজ মনে হল জীবনের একটা কোন্ চরমের সংস্পর্শে এসে পৌছলুম। এমন করে ভাবা, এমন করে বলা আমার একেবারে অভ্যন্ত নয়। যে-আঘাতে মাহুষের নিজের অজানা একটা অপূর্ব স্বরূপ ছিটকিনি খুলে অবারিত হয়, সেই আঘাত আমাকে লাগল কী করে। বরাবর জানি, আমি পাহাড়ের মতো খটুখটে, নিরেট। ভিতর থেকে উছলে পড়ল ঝরনা।

একটা-কিছু বলতে ইচ্ছে করছিল, কিন্তু মান্ত্যের সঙ্গে সব চেয়ে বড়ো আলাপের প্রথম কথাটি কী হতে পারে ভেবে পাই নে। সে হচ্ছে খৃষ্টীয় প্রাণের প্রথম স্পষ্টর বাণী, আলো জাগুক, অব্যক্ত হয়ে যাক ব্যক্ত। এক সময়ে মনে হল— মেয়েট— ওর আসল নাম পরে জেনেছি কিন্তু সেটা ব্যবহার করব না, ওকে নাম দিলুম অচিরা। মানে কী। মানে এই, যার প্রকাশ হতে বিলম্ব হল না, বিহ্যুতের মতো। রইল ঐ নাম। মুখ দেখে মনে হল অচিরা জানতে পেরেছে, কে একজন আড়ালে দাঁড়িয়ে আছে। উপস্থিতির একটা নীরব ধ্বনি আছে বুঝি। লেখা বন্ধ করেছে, অথচ উঠতে পারছে না। পলায়নটা পাছে বড়্ড বেশি স্পষ্ট হয়। একবার ভাবলুম বলি, মাপ কলন'— কী মাপ করা, কী অপরাধ, কী বলব তাকে। একটু তফাতে গিয়ে বিলিতি বেঁটে কোদাল নিয়ে মাটিতে গোঁচা মারবার ভান করলুম, ঝুলিতে একটা কী পুরলুম, সেটা অত্যন্ত বাজে। তার পরে ঝুকে প'ড়ে মাটিতে বিজ্ঞানী দৃষ্টি চালনা করতে করতে চলে গেলুম। কিন্তু নিশ্চেয় মনে জানি, যাঁকে ভোলাবার চেটা করেছিলুম তিনি ভোলেন নি। মৃদ্ধ পুরুষচিন্তের ত্র্বলতার আরও অনেক প্রমাণ তিনি আরও জনেকবার পেয়েছেন, সন্দেহ নেই। আশা করলুম আমার বেলায় এটা তিনি

মনে-মনে উপভোগ করেছেন। এর চেয়ে বেড়া আর অল্প-একটু বদি ভিঙোতুম, তা হলে— তা হলে কী হ'ত কী জানি। রাগতেন, না রাগের ভান করতেন ? অত্যন্ত চঞ্চল মন নিয়ে চলেছি আমার বাংলো ঘরের পথে, এমন সময় আমার চোথে পড়ল তুই টুকরায় ছিয়করা একখানা চিঠির খাম। এটাকে জিয়লজিকাল নম্না বলে না। তর্তুলে দেখলুম। নামটা ভবতোর মজুমদার আই. সি. এস.; ঠিকানা ছাপরা, মেয়েলি হাতে লেখা। টিকিট লাগানো আছে, তাতে ডাকঘরের ছাপ নেই। যেন কুমারীর ছিধা। আমার বিজ্ঞানী বৃদ্ধি; স্পষ্ট বৃষতে পারলুম, এই ছেড়া চিঠির খামের মধ্যে একটা ট্যাজেডির কতচিহু আছে। পৃথিবীর ছেড়া স্তর থেকে তার বিপ্লবের ইতিহাস বের করা আমাদের কাজ। সেই আমার সন্ধানপটু হাত এই ছেড়া খামের রহস্ত আবিদার করতে সংকল্প করলে।

ইতিমধ্যে ভাবছি, নিজের অন্তঃকরণের রহশ্য অভ্তপূর্ব। এক-একটা বিশেষ অবজ্ঞার সংস্পর্শে তার ভাবখানা কী যে একটা নতুন আকারে দানা বেঁধে দেখা দেয়, এবারে তার পরিচয়ে বিশ্বিত হয়েছি। এতদিন যে-মনটা নানা কঠিন অধ্যবসায় নিয়ে শহরে শহরে জীবনের লক্ষ্য সন্ধানে ঘূরেছে, তাকে স্পষ্ট করে চিনেছিলুম। ভেবেছিলুম দেই আমার সত্যকার স্বভাব, তার আচরণের ধ্রুবত্ব সম্বন্ধে আমি হলপ করতে পারত্ম। কিন্তু তার মধ্যে বৃদ্ধিশাসনের বহিভূতি যে-একটা মৃঢ় ল্কিয়ে ছিল, তাকে এই প্রথম দেখা গেল। ধরা পড়ে গেল আবণ্যক, যে যুক্তি মানে না, যে মোহ মানে। বনের একটা মায়া আছে, গাছপালার নিঃশন্দ চক্রান্ত, আদিম প্রাণের মন্ত্রন্ধনি। দিনে তুপুরে ঝাঁ ঝাঁ করে তার উদাত্ত স্বর, রাতে তুপুরে মন্ত্রগন্তীর ধ্বনি, গুঞ্জন করতে থাকে জীব-চেতনায়, আদিম প্রাণের গুঢ় প্রেরণায় বৃদ্ধিকে দেয় আবিষ্ট করে।

জিয়লজির চর্চার মধ্যেই ভিতরে ভিতরে এই আরণ্যক মায়ার কাজ চলছিল, 
খুঁজছিলুম রেডিয়মের কণা, যদি রুপণ পাথরের মৃঠির মধ্য থেকে বের করা যায়;
দেখতে পেলুম অচিরাকে, কুস্থমিত শালগাছের ছায়ালোকের বন্ধনে। এর পূর্বে
বাঙালি মেয়েকে দেখেছি সন্দেহ নেই। কিন্তু পথকে স্বতম্ব ভাবে এমন একাস্ত
করে তাকে দেখবার স্থযোগ পাই নি। এখানে তার শ্রামল দেহের কোমলতায় বনের
লতাপাতা আপন ভাষা যোগ করে দিল। বিদেশিনী রূপদী তো অনেক দেখেছি,
যথোচিত ভালোও লেগেছে। কিন্তু বাঙালি মেয়ে এই যেন প্রথম দেখলুম, ঠিক যেজায়গায় তাকে সম্পূর্ণ দেখা যেতে পারে, এই নিভ্ত বনের মধ্যে সে নানা পরিচিতঅপরিচিত বাস্তবের সঙ্গে জড়িয়ে মিশিয়ে নেই; দেখে মনে হয় না, সে বেণী তৃলিয়ে
ভায়োসিশনে পড়তে যায়, কিংবা বেথুন কলেজের ভিগ্রিধারিণী, কিংবা বালিগঞ্জের

টেনিসপার্টিতে উচ্চ কলহান্তে চা পরিবেশন করে। অনেকদিন আগে ছেলেবেলায় হন্দ ঠাকুর কিংবা রাম বন্ধর যে গান শুনে তারপরে ভূলে গিয়েছিল্ম, যে-গান আজ রেডিয়োতে বাজে না, গ্রামোফোনে পাড়া মুথরিত করে না, জানিনে কেন মনে হল কেই গানের সহজ রাগিণীতে ঐ বাঙালি মেয়েটির রূপের ভূমিকা— মনে রইল সই মনের বেদনা। এই গানের স্থরে যে-একটি কন্ধণ ছবি আছে, সে আজ রূপ নিয়ে আমার চোগে স্পষ্ট ফুটে উঠল। এও সম্ভব হল। কোন্ প্রবল ভূমিকস্পে পৃথিবীর-যে তলায় ল্কোনো আয়েয় সামগ্রী উপরে উঠে পড়ে, জিয়লজি শাল্পে তা পড়েছি, নিজের মধ্যে দেখল্ম সেই নীচের তলায় অজকারের তগুবিগলিত জিনিসকে হঠাৎ উপরের আলোতে। কঠোর বিজ্ঞানী নবীনমাধবের অটল অন্তঃন্তরে এই উলটপালট আমি কোনোদিন আশা করতে পারি নি।

বুঝতে পাবছি, যখন আমি রোজ বিকেলবেলায় এই পথ দিয়ে আমার কাজে ফিরেছি, ও আমাকে দেখেছে, অক্তমনস্ক আমি ওকে দেখি নি। বিলেতে যাবার পর থেকে নিজের চেহারার উপর একটা গর্ব জন্মেছে। ও, হাউ ছাওদম— এই প্রশস্তি কানাকানিতে আমার অভাস্ত হয়ে গিয়েছিল। কিন্তু বিলেতফেরত আমার কোনো কোনো বন্ধর কাছে শুনেছি, বাঙালি মেয়ের রুচি আলাদা, তারা মোলায়েম মেয়েলি রূপই পুরুষের রূপে থেঁ। তেলত কথা হচ্ছে—কার্ডিকের মতো চেহারা। বাঙালি কার্তিক আর যাই হোক, কোনো পুরুষে দেবসেনাপতি নয়। প্যারিদে একজন বান্ধবীর মথে শুনেছি, বিলিতি সাদা রঙ রঙের অভাব; ওরিয়েন্টালের দেহে গ্রম আকাশ যে রঃ এঁকে দেয় সে সত্যিকার রঙ, সে ছায়ার রঙ, এ রঙই আমাদের ভালো লাগে; এ कथां है। यह विमागदार शाद दांध रम था है न। अछिन अ-मर जाताहन। जामार মনেই ওঠে নি। করেকদিন ধরে আমাকে ভাবিয়েছে। রোদে-পোড়া আমার রঙ, লম্বা আমার প্রাণদার দেহ, শক্ত আমার বাহু, ক্রত আমার গতি, শুনেছি দৃষ্টি আমার তীক্ষ, নাক চিবুক কপাল নিয়ে স্বস্পষ্ট জোরালো আমার চেহারা। এপ ্টাইন পাথরে আমার মৃতি গড়তে চেয়েছিল, সময় দিতে পারি নি। কিন্তু বাঙালিকে আমি মায়ের খোকা বলেই জানি, আর মায়েরা তাদের কোলের ধনকে মোমে-গড়া পুতুলের মতো দেখতেই ভালোবাসে। এ-সব কথা মনের মধ্যে ঘুলিয়ে উঠে আমাকে বাগিয়ে তুলছিল। আগেভাগেই কল্পনায় ঝগড়া করছিলুম অচিরার দকে, বলছিলুম, 'তুমি যাকে বলো স্থন্দর সে বিদর্জনের দেবতা, তোমাদের ন্তব যদি বা পায় সে, টে কৈ না বেশিদিন।' বলছিলুম, 'আমি বড়ো বড়ো দেশের স্বয়ম্বরসভার মালা উপেক্ষা করে এসেছি, আর তুমি আমাকে উপেক্ষা করবে ?' গায়ে প'ড়ে এই বানানো ঝগড়া এমনি ছেলেমাতুষি যে, একদিন হেদে উঠেছি আপন উমায়। এদিকে বিজ্ঞানীর যুক্তি কাজ করছে ভিতরে জিতরে। মনকে জানাই, এটাও একটা মন্ত কথা, আমার যাতায়াতের পথের ধারে ও বমে থাকে— একান্ত নিভৃতই যদি ওর প্রার্থনীয় হত, তা হলে টাই বদল করত। প্রথম প্রথম আমি ওকে আড়ে আড়ে দেখেছি, যেন দেখে নি এই ভান করে। ইদানীং মাঝে মাঝে স্পষ্ট চোখোচোখি হয়েছে— যতদ্ব আমার বিশাদ, দেটাকে চার চোখের অপঘাত ব'লে ওর মনে হয় নি।

এর চেয়েও বিশেষ একটা পরীক্ষা হয়ে গেছে। এর আগে দিনের বেলায় মাটি-পাথরের কাজ সাক্ষ ক'রে দিনের শেষে ঐ পঞ্চবটীর পথ দিয়ে একবারমাত্র যেতেম বাদার দিকে। সম্প্রতি যাতায়াতের পুনরার্ত্তি হতে আরম্ভ হয়েছে। এই ঘটনাটা যে জিয়লজি সম্পর্কিত নয়, দে কথা বোঝবার মতো বয়স হয়েছে অচিরার, আমারও সাহস ক্রমণ বেড়ে চলল যথন দেখলুম, এই স্থম্পষ্ট ভাবের আভাসেও তরুণীকে স্থানচ্যুত করতে পারল না। এক-একদিন হঠাৎ পিছন ফিরে দেখেছি, অচিরা আমার তিরোগমনের দিকে চেয়ে আছে, আমি ফিরতেই তাড়াতাড়ি ডায়ারির দিকে চোখ নামিয়ে নিয়েছে। সন্দেহ হল, ওর ডায়ারি লেখার ধারায় আগেকার মতো বেগ নেই। আমার বিজ্ঞানী বৃদ্ধিতে মনোরহস্থের আলোচনা জেগে উঠল। বুঝেছি সে কোনো-এক পুরুষের জয়ে তপস্থার ব্রত নিয়েছে, তার নাম ভবতোম, সে ছাপরায় আ্যাসিস্টেণ্ট ম্যাজেস্ট্রটি করছে বিলেত থেকে ফিরে এসেই। তার পূর্বে দেশে থাকতে এদের তৃজনের প্রণম ছিল গভীর, কাজ নেবার মুথেই একটা আক্ষিক বিপ্লব ঘটেছে। ব্যাপারটা কী, থবর নিতে হবে। শক্ত হল না, কেননা পাটনা বিশ্ববিদ্যালয়ে আমার কেম্বিভ্রের সতীর্থ আছে বিছিম।

ভাকে চিঠি লিথে পাঠাল্ম, 'বেহার সিভিল সার্ভিসে আছে ভবতোষ। কন্তাকর্তাদের মহলে জনশ্রতি শোনা যায়, লোকটি সংপাত্ত। আমার কোনো বন্ধু আমাকে তাঁর মেয়ের জন্তে ঐ লোকটিকে প্রাজাপতিক ফাঁদে ফেলতে সাহায্য করতে অহুরোধ করেছেন। রাস্তা পরিষ্কার আছে কি না, আতন্ত থবর নিয়ে তুমি যদি আমাকে জানাও, ক্বতক্ত হব। লোকটির মতিগতি কী রকম তাও জানতে চাই।'

উত্তর এল, 'রান্তা বন্ধ। আর মতিগতি সম্বন্ধে এখনও যদি কৌতৃহল বাকি থাকে, তবে শোনো।—

'কলেজে পড়বার সময় আমি ছাত্র ছিলুম ডাক্তার অনিলকুমার সরকারের— আাল্ফাবেটের অনেকগুলি অক্ষর জোড়া তাঁর নাম। বেমন তাঁর অসাধারণ পাণ্ডিত্য, তেমনি ছেলেমায়ুবের মতো তাঁর সরলতা। একমাত্র সংসারের আলো তাঁর নাতনিটিকে যদি দেখো, তা হলে মনে হবে সাধনায় খুশি হয়ে সরস্বতী কেবল যে আবিভূ তি হয়েছেন তাঁর বুদ্ধিলাকে তা নয়, রূপ নিয়ে এসেছেন তাঁর কোলে। এ শয়তান ভবতোষ চুকল তাঁর স্বর্গলোকে। বুদ্ধি তার তীক্ষ্ণ, বচন তার অনর্গল। প্রথমে ভূললেন অধ্যাপক, তারপরে ভূলল তাঁর নাতনি। ওদের অসহ্ অন্তর্গতা দেখে আমাদের হাত নিস্পিদ্ করত। "কিছু বলবার পথ ছিল না, বিবাহসম্বন্ধ পাকাপাকি দ্বির হয়ে গিয়েছিল, কেবল অপেক্ষা ছিল বিলেত গিয়ে সিভিল সার্ভিদে উত্তীর্ণ হয়ে আসার। তার পাথেয় আর থরচ ভূগিয়েছেন অধ্যাপক। লোকটার সর্দির ধাত ছিল। বিধির ভগবানের কাছে আমরা দ্বেলা প্রার্থনা করেছি, বিবাহের পূর্বে লোকটা যেন স্থামোনিয়া হয়ে মরে। কিন্তু মরে নি। পাস করেছে। করেই ইণ্ডিয়া গ্রমেণ্টের উচ্চপদস্থ একজন মুক্ষবির মেয়েকে বিয়ে করেছে। লজ্জায় ক্ষোভে নিজের কাজ ছেড়ে দিয়ে মর্মাহত মেয়েটিকে নিয়ে অধ্যাপক কোপায় যে অন্তর্ধান করেছেন, তার থবর রেখে যান নি।'

চিঠিখানা পড়লুম। দৃঢ় সংকল্প করলুম, এই মেয়েটিকে তার লজ্জা থেকে অবসাদ থেকে উদ্ধার করব।

ইতিমধ্যে অচিরার দক্ষে কোনোরকম করে একটা কথা আরম্ভ করবার জন্তে মন ছট্ফট্ করতে লাগল। বদি বিজ্ঞানী না হয়ে হতুম সাহিত্যরদিক, কিংবা বাঙাল না হয়ে যদি হতুম-পশ্চিমবঙ্গের আধুনিক, তা হলে নিশ্চয় মুখে কথা বাধত না। কিন্তু বাঙালি মেয়েকে ভয় করি, চিনি নে ব'লে বোধ হয়। একটা ধারণা ছিল, হিন্দুনারী অজ্ঞানা পরপুরুষমাত্রের কাছে একান্তই অনধিগম্য। থামকা কথা কইতে যাই যদি, তা হলে ওর রক্তে লাগবে অভ্চতিতা। সংস্কার জিনিসটা এমনি অদ্ধ। এথানে কাজে যোগ দেবার পূর্বে কিছুদিন তো কলকাতায় কাটিয়ে এসেছি— আত্মীয়বদ্ধ্মহলে দেখে এসুম সিনেমামঞ্চপথবর্তিনী রঙ্মাথানো বাঙালি মেয়ে, যারা জাতবান্ধবী, তাদের—থাক্ ভাদের কথা। কিন্তু অচিরার কোনো পরিচয় না পেয়েই মনে হল, ও আর-এক জাতের— এ কালের বাইরে আছে গাঁড়িয়ে নির্মল আত্মর্যাদায়, স্পর্শভীক মেয়ে। মনে-মনে কেবলই ভাবছি, প্রথম একটি কথা শুক্ষ করব কী করে।

এই সময়ে কাছাকাছি ছই-একটা ডাকাতি হয়ে গিয়েছিল। মনে হল এই উপলক্ষে অচিরাকে বলি, 'রাজাকে ব'লে আপনার জন্তে পাহারার বন্দোবন্ত করে দিই।' ইংরেজ মেয়ে হলে হয়তো এই গায়েপড়া আমুকুল্যকে স্পর্ধা মনে করত, মাধা বাকিয়ে বলত, 'সে ভাবনা আমার'; কিছে এই বাঙালির মেয়ে যে কী ভাবে কথাটা নেবে, আমার সে অভিজ্ঞতা নেই। দীর্ঘকাল বাংলার বাইরে থেকে আমার মনের অভ্যান অনেকথানি জড়িয়ে গেছে বিলিতি সংশ্বারে।

দিনের আলো প্রায় শেষ হয়ে এসেছে। এইবার অচিরার ঘরে ফেরবার সময়, কিংবা ওর দাদামশায় এসে ওকে বেড়াতে নিয়ে যাবেন। এমন সময়ে একজন হিন্দুছানী গোঁয়ার এসে অচিরার হাত থেকে হঠাৎ তার ব্যাগ আর ডায়ারিটা ছিনিয়ে নিয়ে চলে যাল্ছিল, আমি সেই মৃহুর্তেই বনের আঁড়াল থেকে বেরিয়ে এসে বললুম, "কোনো ভয় নেই আপনার।"— এই ব'লে ছুটে সেই লোকটার ঘাড়ের উপর গিয়ে ঝাঁপিয়ে পড়তেই সে ব্যাগ আর খাতা ফেলে দৌড় মারলে। আমি লুঠের ধন নিয়ে এসে অচিরাকে দিলুম।

অচিরা বললে, "ভাগ্যিস আপনি—"

আমি বলনুম, "আমার কথা বলবেন না, ভাগ্যিস ও লোকটা এসেছিল।" "তার মানে?"

"তার মানে, ওরই সাহায্যে আপনার সঙ্গে প্রথম কথাটা হয়ে গেল। এতদিন কিছুতেই ভেবে পাচ্ছিলুম না, কী যে বলি।"

"কিন্তু ও যে ডাকাত।"

"না, ও ডাকাত নয়, ও আমার বরকলাজ।"

অচিরা মূথে তার থয়েরী রঙের আঁচল তুলে ধ'রে থিপ্থিল্ করে হেসে উঠল। কী
মিষ্টি তার ধননি, যেন ঝরুনার স্রোতে হুড়ির হুরওয়ালা শব্দ।

হাসি থামতেই বললে, "কিন্তু সত্যি হলে খুব মজা হত।"

"মজা হত কার পক্ষে।"

"ধাকে নিয়ে ডাকাতি তার পক্ষে। এই রকম যে একটা গল্প পড়েছি।"

"তারপরে উদ্ধারকর্তার কী হত।"

''তাকে বাড়ি নিয়ে গিয়ে চা থাইয়ে দিতুম।"

"আর এই ফাঁকি উদ্ধারকর্তার কী হবে।"

"তার তো আর-কিছুতে দরকার নেই। সে তো আলাপ করবার প্রথম কথাটা .চেয়েছিল— পেয়েছে দ্বিতীয় তৃতীয় চতুর্থ পঞ্চম কথা।"

"গণিতের সংখ্যাগুলো হঠাৎ ফুরোবে না তো।"

"কেন ফুরোবে।"

"আছা, আপনি হলে আমাকে প্রথম কথাটা কী বলতেন।"

্ "আমি হলে বলতুম, রাস্তায় ঘাটে কতকগুলো ছড়ি কুড়িয়ে কী ছেলেমাসুষি
- করছেন। আপনার কি বয়স হয় নি।"

"কেন বলেন নি।"

"ভন্ন করেছিল।"

"ভয়? আমাকে ভয়?"

"আপনি যে বড়ো লোক। দাহুর কাছে শুনেছি। তিনি যে আপনার লেখা প্রবন্ধ বিলিতি কাগজে পড়েছিলেন। তিনি যা পড়েন আমাকে বোঝাতে চেঙা করেন।"

ু <sup>\*</sup>এটাও করেছিলেন ?"

"হা, করেছিলেন। কিন্তু লাটিন নামের পাহারার ঘটা দেখে জোড়হাত ক'রে বলেছিলুম, দাছ, এটা থাক্, বরঞ্চ তোমার কোয়ন্টম থিয়োরির বইথানা নিয়ে আসি ।" "সেটা বুঝি আপনি বুঝতে পারেন ?"

"কিছুমাত্র না। কিন্তু দাত্র একটা বন্ধ সংস্থার আছে— স্বাই স্ববিচ্ছুই ব্রুতে পারে। তাঁর সে বিশাস ভাঙতে আমার ভালো লাগে না। তাঁর আর-একটা আশ্রুধারণা আছে— মেয়েদের সহজবৃদ্ধি পুরুষের চেয়ে অনেক বেশি তীক্ষ। তাই ভায়ে ভয়ে আছি এইবার নিশ্চয়ই 'টাইম-ম্পেন'-এর জোড়-মেলানো সম্বন্ধের ব্যাখ্যা আমাকে ভনতে হবে। আসল কথা, মেয়েদের উপর তাঁর করুণার অন্ত নেই। দিদিমা যখন বেঁচে ছিলেন, বড়ো বড়ো কথা পাড়লেই তিনি মুখ বন্ধ করে দিতেন। তাই মেয়েদের তীক্ষ বৃদ্ধি যে কতদ্ব যেতে পারে, তার প্রত্যক্ষ প্রমাণ দিদিমার কাছ থেকে পান নি। আমি ওঁকে হতাশ করতে পারব না। অনেক ভনেছি, বৃঝি নি, আরও অনেক ভনব আর বুঝব না।"

অচিরার ঘুই চোথ কোতৃকে শ্বেহে জন্জল ছল্ছল্ করে উঠল। ইচ্ছে করছিল, স্থিম কণ্ঠের এই আলাপ শীঘ্র যেন শেষ হয়ে না যায়। দিনের আলো মান হয়ে এল। সন্ধ্যার প্রথম তারা জলে উঠেছে শালবনের মাথার উপরে। সাঁওতাল মেয়েরা জালানি-কাঠ সংগ্রহ করে নিয়ে যাচ্ছে ঘরে, দূর থেকে শোনা যাচ্ছে তাদের গান।

এমন সময় বাইবে থেকে ডাক এল, "দিদি, কোথায় তুমি। অন্ধকার হয়ে এল যে। আজকাল সময় ভালো নয়।"

"ভালো তো নয়ই দাত্ব, তাই একজন বক্ষাকর্তা নিযুক্ত করেছি।"

অধ্যাপক আসতেই তাঁর পায়ের ধুলো নিয়ে প্রণাম করলুম। তিনি শশব্যস্ত হয়ে উঠলেন। পরিচয় দিলুম, "আমার নাম নবীনমাধ্ব সেনগুপ্ত।"

বৃদ্ধের মূথ উচ্ছল হয়ে উঠল, বললেন, "বলেন কী, আপনিই ভাকার সেনগুপ্ত? আপনি তো ছেলেমাছ্য।"

আমি বলল্ম, "নিতান্ত ছেলেমাহ্ব। আমার বয়স ছত্তিশের বেশি নয়।"

আবার অচিথার সেই কলমধুর কণ্ঠের হাসি, আমার মনে যেন ত্নো লয়ের ঝংকারে সেতার বাজিয়ে দিলে। বললে, "দাত্র কাঁছে পৃথিবীর স্বাই ছেলেমার্ম, আর দাত্র হচ্ছেন স্কল ছেলেমার্মের আগরওয়ালা।"

\* অধ্যাপক বললেন, "আগরওয়ালা? একটা নতুন শব্দ বাংলায় আমদানি করলে। কোথা থেকে জোটালে।"

"দেই যে তোমার ভালোবাসার মাড়োয়ারি ছাত্র, কুলনলাল আগরওয়ালা; ; আমাকে এনে দিও বোতলে করে আমের চাটনি; আমি তাকে জিজ্ঞাসা করেছিল্ম, আগরওয়ালা কথাটার মানে কী। সে বলেছিল, পায়োনিয়র।"

অধ্যাপক বললেন, "ভাক্তার সেনগুপ্ত, আপনার সঙ্গে আলাপ হল যদি, আমাদের ওথানে যেতে হরেতা।"

"কিচ্ছু বলতে হবে না, দাত্ব। যাবার জন্মে লাফালাফি করছেন। আমার কাছে ভনেছেন, দেশকালের একজোট তত্ত্ব নিয়ে তুমি ব্যাখ্যা করবে আইন্স্টাইনের কাঁধে চ'ড়ে।"

মনে মনে বললুম, 'সর্বনাশ। কী ছষ্টুমি।'

অধ্যাপক অত্যন্ত উৎসাহিত হয়ে বললেন, "আপনার বৃঝি 'টাইম্-স্পেন'-এর—"
আমি ব্যন্ত হয়ে বলে উঠলুম, "কিচ্ছু বৃঝি নে 'টাইম্-স্পেন'-এর। আমাকে
বোঝাতে গেলে আপনার সময় নষ্ট হবে মাত্র।"

বৃদ্ধ ব্যগ্র হয়ে বলে উঠলেন, "সময়! এখানে সময়ের অভাব কোথায়। আচ্ছা, এক কাজ করুন-না, আজকে নাহয় আমাদের ওখানে আহার করবেন, কী বলেন।"

আমি লাফ দিয়ে বলতে যাচ্ছিল্ম, 'এখ ্থনি।'

অচিরা বলে উঠল, "দাত্ব, সাধে তোমাকে বলি ছেলেমাস্থব। যথন-তথন নেমতর করে তুমি আমাকে মৃশকিলে ফেল। এই দণ্ডকারণ্যে ফিরপোর দোকান পাব কোথায়। ওঁরা বিলেতের ডিনার-থাইয়ে জাতের সর্বগ্রাসী মাস্থ্য, কেনু তোমার নাতনির বদনাম করবে। অস্তত ভেটকিমাছ আর ভেড়ার ব্যবস্থা করতে হবে তো।"

"আচ্ছা, আচ্ছা, তা হলে কবে আপনার স্থবিধে হবে বলুন।"

"স্থবিধে আমার কালই হতে পারবে। কিন্তু অচিরা দেবীকে বিপন্ন করতে চাই নে। ঘোর জকলে পাহাড়ে গুহাগহ্বরে আমাকে ভ্রমণে বেতে হয়। সকে রাখি থলে ভরে চিঁড়ে, ছড়াকয়েক কলা, বিলিতি বেগুন, কাঁচা ছোলার শাক, চিনেবাদামও কথনও থাকে। আমি সকে নিমে আসব ফলারের আয়োজন, অচিরা দেবী দই দিয়ে স্বহস্তে মেথে আমাকে থাওয়াবেন, এতে ধদি রাজ থাকেন তা হলে কোনো কথা থাকবে না।"

"দাহ, বিশাস কোরো না এ-সব লোককে। তুমি বাংলা মাসিকে লিখেছিলে বাঙালির থাতে ভিটেমিনের প্রভাব, সে উনি পড়েছেন, তাই কেবল তোমাকে খুশি করবার জন্তে চিঁড়েকলার ফর্দ তোমাকে শোনালেন।"

আমি ভাবলুম, মৃশকিলে ফেললে। বাংলা কাগজে ডাক্তারের লেখা ভিটামিনের তত্ব পড়া কোনোকালে আমার দ্বারা সম্ভব নয়; কিন্তু কর্ল করি কী করে।—বিশেষত উনি যথন উৎফুল্ল হয়ে আমাকে জিজ্ঞানা করলেন, "সেটা পড়েছেন নাকি।"

আমি বললুম, "পড়ি বা না-পড়ি তাতে কিছু আসে যায় না, আসল কথা--"

"আদল কথা, উনি নিশ্চয় জানেন কাল যদি ওঁকে খাওয়াই, তা হলে ওঁর পাতে পশুপক্ষী স্থাবরজক্ম কিছুই বাদ পড়বে না। সেই জন্তে অত নিশ্চিন্ত মনে বিলিতি বেওনের নামকীর্তন করলেন। ওঁর শরীরটার দিকে দেখো না চেয়ে, শুরু শাকায়ে গড়া ব'লে কেউ দন্দেহ করতে পারে? দাহ, তুমি সবাইকেই অত্যন্ত বেশি বিশাস কর, এমনকি, আমাকেও। সেইজত্যে ঠাটা করে তোমাকে কিছু বলতে সাহস করি নে।"

বলতে বলতে ধীরে ধীরে আমর। ওঁলের বাড়ির দিকে চলেছি, এমন সময় হঠাৎ অচিরা বলে উঠল, "এইবার আপনি ফিরে যান বাসায়।"

"কেন, আমি ভেবেছিলুম আপনাদের বাড়ির দরজা পর্যন্ত পৌছে দিয়ে আদব।"

"ধর এলোমেলো হয়ে আছে। আপনি বলবেন, বাঙালি মেয়েরা সব অগোছালো। কাল এমন ক'রে সান্ধিয়ে রাখব যে মেমসাহেবের কথা মনে পড়বে।"

অধ্যাপক বললেন, "আপনি কিছু মনে করবেন না উক্টর সেনগুপ্ত, অচি বেশি কথা কচ্ছে, কিন্তু ওর স্বভাৰ নয় সেটা। এখানে বড়ো নির্জন ব'লে ও জুড়ে রাথে আমার মনকে অনর্গল কথা কয়ে। সেটাই ওর অভ্যেস হয়ে গেছে। ও যথন চুপ কয়ে থাকে তথনই আমার ঘরটা যেন ছম্ছম্ করতে থাকে, আমার মনটাও। ও জানে সে কথা। আমার ভয় কয়ে পাছে ওকে কেউ ভল বোঝে।"

বুড়োর গলা জড়িয়ে ধ'রে অচিরা বললে, "বুঝুক-না দাত্ন, অত্যস্ত অনিন্দনীয়া হতে চাই নে, সেটা অত্যস্ত আনইন্টারেক্টিঙ।"

অধ্যাপক দগর্বে বলে উঠলেন, "জানেন সেনগুপ্ত, আমার দিদি কিন্তু কথা কইতে জানে, অমন আমি কাউকে দেখি নি।"

"তুমি আমার মতো কাউকে দেখো নি দাছ, আমিও কাউকে দেখি নি ভোমার মতো।"

আমি বলনুম, "আচার্যদেব, যাবার আগে আমাকে কিন্তু একটা কথা দিতে হবে।"

"আচছা বেশ"।

"আপন্নি বতবার আমাকে আপনি বলেন, আমি মনে-মনে ততবার জিভ কাটতে থাকি। আমাকে তুমি বলিন, তা হলে সেটাতেই বথার্থ আপনার স্নেহে সন্মান পাব। এ বাড়িতে আমাকে তুমি-শ্রেণীতে তুলে দিতে আপনার নাতনিও সাহায্য করবেন।"

"সর্বনাশ। আমি সামান্ত নাতনি, হঠাৎ অত উচুতে নাগাল পাব না, আপনি বড়োলোক। আমি বলি আর-কিছুদিন যাক, যদি ভূলতে পারি আপনার ডিগ্রিধারী রূপ, তা হলে সবই সম্ভব হবে। কিন্তু দার্ব কথা স্বতম্ত। এখনই শুফ করে। দাহ, বলো তো, তুমি কাল থেতে এসো, দিদি যদি মাছের ঝোলে হ্ন বেশি দিয়ে ফেলে, তা হলে ভালোমাহ্মধের মতো সহু কোরো, বোলো, বাং কী চমৎকার, পাতে আরও একট্ট দিতে হবে।"

অধ্যাপক সম্প্রেহে আমার কাঁধে হাত দিয়ে বললেন, "ভাই, আর কিছুকাল আগে যাদ আমার দিদিকে দেখতে, তা হলে বুঝতে পারতে, আসলে ও লাজুক। সেইজন্মে ও যখন আলাপ করা কর্তব্য মনে করে, তখন জোর করতে গিয়ে কথা বেশি হয়ে পড়ে।"

"দেখেছেন ডক্টর সেনগুপ্ত, দাহ আমাকে কী রকম মধুর করে শাসন করেন। যেন ইক্ষ্ণগু দিয়ে। অনায়াদে বলতে পারতেন, তুমি বড়ো মৃথরা, তোমার প্রগল্ভতা অত্যন্ত অসহা। আপনি কিন্তু আমাকে ডিক্টেগু করবেন। কী বলবেন, বলুন না।"

"আপনার মুখের সামনে বলব না।"

"বেশি কঠোর হবে ?"

"আপনি জানেন আমার মনের কথা।"

"তা হলে থাক্। এখন বাড়ি যান।"

"একটা কথা বাকি আছে। কাল আপনাদের ওথানে যে নেমস্তর সে আমার
নতুন নামকরণের। কাল থেকে নবীনমাধব নাম থেকে লোপ পাবে ডাক্তার সেনগুপ্ত।
স্থের কাছে আনাগোনা করতে গিয়ে ধুমকেত্র যেমন লেজটা যায় উড়ে, মুগুটা থাকে
বাকি।"

"তা হলে নামকর্তন ব<del>ল্</del>ন, নামকরণ বলছেন কেন।"

"আচ্ছা, তাই সই।"

এইখানে শেষ হল আমার প্রথম বড়োদিন।

বার্ধক্যের কী প্রশান্ত সৌন্দর্য, কী সৌম্য মৃতি। চোথছটি যেন আশীর্বাদ করছে।

হাতে একটি পালিশ-করা লাঠি, গলায় শুল্ল পাট-করা চাদর, ধূতি যত্নে কোঁচানো, গায়ে তসরের জামা, মাথায় শুল্ল চুল বিরল হয়ে এসেছে, কিন্তু পরিপাটি করে আঁচড়ানো। স্পষ্ট বোঝা যায় এই সাজসজ্জায় এই দিন্যাত্রায় নাতনির হাতের শিল্পকার্য। ইনি যে অতিলালনের অত্যাচার সহু করেন, সে কেবল এই মেয়েটিকে খুশি রাথবার জন্তে।

আমার বৈজ্ঞানিক খবরকে ছাড়িয়ে উঠল, এঁদের খবর নেওয়া। অধ্যাপকের নাম ব্যবহার করব, অনিলক্মার সরকার। গত জেনেরেশনের কেম্ব্রিজ য়ুনিভারসিটির পি. এইচ.-ডি. দলের একজন। মাসক্য়েক আগে একটি ঔপনাগরিক কলেজের অধ্যক্ষতা ত্যাগ করে এখানকার স্টেটের একটা পরিত্যক্ত ডাকবাংলা ভাড়া নিয়ে নিজের খরচে সেটা বাসযোগ্য করেছেন। এইটে হল ইতিহাসের খসড়া, বাকিটুকু বিষমের চিঠি থেকে মিলিয়ে নেওয়া যেতে পারে।

আমার গল্পের আদিপর্ব শেষ হয়ে গেল। ছোটোগল্পের আদি ও অস্তে বেশি ব্যবধান থাকে না। জিনিসটাকে ফলিয়ে বলবার লোভ করব না, ওর স্বভাব নষ্ট করতে চাই নে।

অচিরার সঙ্গে স্পষ্ট কথা বলার যুগ এল সংক্ষেপেই। সেদিন চড়িভাতি হয়েছিল তনিকা নদীর তীরে।

অধ্যাপক ছেলেমান্থযের মতন হঠাৎ আমাকে জিগ্গেস। করে বদলেন, "নবীন, তোমার কি বিবাহ হয়েছে।"

প্রশ্নটা এতই স্থস্পষ্ট ভাবব্যঞ্জক যে, আর কেউ হলে ওটা চেপে যেত। আমি উত্তর করলুম, "না, এখনও তো হয় নি।"

অচিরার কাছে কোনো কথাই এড়ায় না। সে বললে, "দাত্ব, ঐ এথনও শব্দটা দংশয়গ্রস্থ কন্তাকর্তাদের মনকে দান্থনা দেবার জন্তে। ওর কোনো যথার্থ মানে নেই।"

"একেবারে মানে যে নেই, এ কথা নিশ্চিত স্থির করলেন কী ক'রে।"

"এটা গণিতের প্রয়েম— তাও হাইয়ার ম্যাথ ্যাটিক্স্ বললে যা বোঝায়, তা নয়।
পূর্বেই শোনা গেছে, আপনি ছত্রিশ বছরের ছেলেমাম্থ। হিনেব করে দেখলুম, এর মধ্যে
আপনার মা অস্তত পাঁচসাতবার আপনাকে বলেছেন, 'বাবা, ঘরে বউ আনতে চাই।'
আপনি বলেছেন, 'তার আগে চাই লোহার সিন্দুকে টাকা আনতে'। মা চোথের
জল মুছে চুপ করে রইলেন। তারণেরে ইতিমধ্যে আপনার আর-সব হয়েছে, কেবল
হাঁসি ছিল বাকি। শেষকালে এখানকার রাজসরকারে যথন মোটা মাইনের পদ

জুটল, মা আবার বললেন, 'বাবা, এবার বিয়ে করতে হবে, আমার আর কদিন বা সময় আছে।' আপনি বললেন, 'আমার জারন আর আমার সায়াল এক, দে আমি দেশকে উৎসর্গ করব। আমি কোনোদিন বিয়ে করব না।' হতাশ হয়ে আবার তিনি চোথের জল মুছে বসে আছেন। আপনার ছিঞা বছর বয়সের গণিতফল গণনা করতে আমার গণনায় ভূল হয়েছে কি না বলুন, সতিয় করে বলুন।"

এ মেয়ের সঙ্গে অনবধানে কথা কওয়। বিপদস্তনক। কিছুদিন আগেই একটা ব্যাপার ঘটেছিল। প্রশঙ্গক্রমে অচিরা আমাকে বলেছিল, "আমাদের দেশে মেয়েদের আপনার। পান সংসারের সঙ্গিনীরূপে। সংসারে ঘাদের দরকার নেই, এদেশের মেয়েরাও তাদের কাছে অনাবগ্রক। কিন্তু বিলেতে যারা বিজ্ঞানের তপস্থী, তাদের তো উপযুক্ত তপস্থিনী জোটে, যেমন ছিল অধ্যাপক কুরির সধর্মিণী মাদাম কুরি। সে-রকম কোনো মেয়ে আপনি সে দেশে থাকতে পান নি?" মনে পড়ে গেল ক্যাথারিনের কথা। একসঙ্গে কাজ করেছি লগুনে থাকতে। এমনকি, আমার একটা রিসর্চের বইয়ে আমার নামের সঙ্গে তাঁর নামও জড়িত ছিল। মানতে হল কথাটা। অচিরা বললে, "তাঁকে আপনি বিয়ে করলেন না কেন। তিনি কি রাজি ছিলেন না।"

আবার মানতে হল, "হাঁ, প্রস্তাব তাঁর দিক থেকেই উঠেছিল।"

"তবে ?"

"আমার কান্ধ যে ভারতবর্ষের। শুধু সে তো বিজ্ঞানের নয়।"

"অর্থাৎ ভালোবাসার সফলতা আপনার মতো সাধকের কামনার জিনিস নয়। মেয়েদের জীবনের চরম লক্ষ্য ব্যক্তিগত, আপনাদের নৈর্যক্তিক।"

এর জ্বাবটা হঠাং মুখে এল না। আমাকে চুপ করে থাকতে দেখে অচিরা বললে, "বাংলা সাহিত্য আপনি বোধ হয় পড়েন না। কচ ও দেবধানী ব'লে একটা কবিতা আছে। তাতে ঐ কথাই আছে, মেয়েদের ব্রত হচ্ছে পুরুষকে বাধা, আর পুরুষদের ব্রত সে-বাধন কাটিয়ে অমরলোকের রাস্তা বানানো। কচ বেরিয়ে পড়েছিল দেবধানীর অন্থরোধ এড়িয়ে, আপনি কাটিয়ে এসেছেন মায়ের অন্থনয়। একই কথা। মেয়েপুরুষের এই চিরকালের ছন্দে আপনি জয়ী হয়েছেন। জয় হোক আপনার পৌরুষের। কাঁছ্ক মেয়েরা, সে-কায়া আপনারা নিন পূজার নৈবেত। দেবতার উদ্দেশে আসে নৈবেত, কিন্তু দেবতা থাকেন নিরাসক্ত।"

অধ্যাপক এই আলোচনার মূল লক্ষ্য কিছুই বুঝলেন না। সগর্বে বললেন, "দিদির মূথে গভীর সভ্য কেমন বিনা চেষ্টায় প্রকাশ পায়, বাইরের লোকে ভ্নলে মনে করবে—"

তাঁর কেবলই ভয়, বাইরের লোক তাঁর নাতনিকে ঠিক বুঝতে পারবে না। অচিরা বললে, "বাইরের লোক মেয়েদের জেঠামি সইতে পারে না, তাদের কথা তুমি ভেবে। না। তুমি আমাকে ঠিক বুঝলেই হল।"

অচিরা থ্ব বড়ো কথাও বলে থাকে হাসির ছলে, কিন্তু আজ সে কী গন্তীর।
আমার একটা কথা আন্দাজে মনে হল, ভবতোষ ওকে বৃঝিয়েছিল মে, সে যে
ভারতসরকারের উচ্চ গগনের জ্যোতির্লোক থেকে বধু এনেছে, তারও লক্ষ্য থূব উদ্দ এবং নিংস্বার্থ। ব্রিটিশ রাষ্ট্রশাসনের ভাণ্ডার হতেই সে শক্তি সংগ্রহ করতে পারবে দেশের কাজে লাগাতে। এত সহজ নয় অচিরাকে ছলনা করা। সে যে ভোলে নি, ভার প্রমাণ রয়ে গেছে সেই বিখণ্ডিত চিঠিব খামটা থেকেই।

অচিরা আবার বললে, "দেবখানী কচকে কী অভিসম্পাত দিয়েছিল জানেন, নবীনবাবু ?"

"না।"

"বলেছিল, 'তোমার জ্ঞানসাধনার ধন তুমি নিজে ব্যবহার করতে পারবে না, অন্তকে দান করতে পারবে।' আমার কাছে কথাটা আশ্চর্য বোধ হয়। যদি এই অভিসম্পাত আজ দিত কেউ যুরোপকে, তা হলে সে বেঁচে যেত। বিশ্বের জিনিসকে নিজের জিনিসের মতো ব্যবহার করেই ওরা লোভের তাড়ায় মরছে। সত্যি কি না বলো, দাছ্ "

"খুব সত্যি। কিন্তু আশ্বৰ্ষ এই, এত কথা তুমি কী করে ভাবলে।"

"নিজগুণে একট্ও নয়। ঠিক এইরকম কথা তোমার কাছে অনেকবার শুনেছি। তোমার একটা মহদ্ত্রণ আছে, ভোলানাথ তুমি, কথন্ কী বল, সমন্ত ভূলে যাও। চোরাই মালের উপর নিজের ছাপ লাগিয়ে দিতে ভয় থাকে না।"

আমি বলনুম, "চুরিবিছা বড়ো বিছা। বিছায় বল, রাষ্ট্রেই বল, বড়ো বড়ো সম্রাট বড়ো বড়ো চোর। আদল কথা, তারাই হিঁচকে চোর ছাপ মারবার পূর্বেই যারা ধরা পড়ে।"

অচিরা বললে, "ঠর কত ছাত্র ওঁর মুথের কথা থাতায় টুকে নিয়ে বই লিখে নাম করেছে। উনি তাদের লেখা পড়ে আশ্চর্য হয়ে প্রশংসা করেন। জানতেই পারেন না, নিজের প্রশংসা নিজেই করছেন। আমার ভাগ্যে এ প্রশংসা প্রায়ই জোটে; নবীনবাবুকে জিল্লানা করলেই উনি কর্ল করবেন, আমার ওরিজিল্লালিটির কথা থাতায় লিখতে শুক্ত করেছেন, যে-খাতায় তাদ্রপ্রত্বযুগের নোট রাখেন। মনে আছে দাছ, অনেকদিনের কথা, যখন কলেজে ছিলে, আমাকে কচ ও দেবধানীর কবিতা শুনিয়েছিলে? দেইদিন

থেকে আমি প্রুষের উচ্চ গৌরব মনে-মনে মেনেছি, কক্খনো মুখে স্বীকার করিনে।"

"কিন্তু দিদি, আমার কোনো কথায় আমি মেয়েদের গৌরবের লাঘব করি নি।"

"তুমি করবে? তুমি যে মেয়েদের অন্ধ ভক্ত, তোমার মুখের তবগান ভানে মনে মনে হাসি। মেয়েরা নির্লজ্ঞ হয়ে সব মেনে নেয়। সন্তায় প্রশংসা আত্মসাৎ করা ওদের অভ্যেস হয়ে গেছে।"

দেদিন এই যে কথাবার্ডা হয়ে গেল, এ নেহাত হাস্থালাপ নয়। এর মধ্যে ছিল যুদ্ধের স্ট্রনা। অচিরার স্বভাবের হুটো দিক ছিল, আর তার ছিল হুটো আশ্রয়। এক ছিল তাদের নিজেদের বাড়ি, আর ছিল সেই পঞ্চবটী। ওর সঙ্গে যখন আমার বেশ সহজ্ব সম্বন্ধ হয়ে এসেছে, তথন স্থির করেছিলুম, ঐ পঞ্চবটীর নিভতে হাসিকোতকের ছলে আমার জীবনের দত্তসংকটের কথা কোনো রক্তম করে তুলব এবং নিষ্পত্তির দিকে নিয়ে যাব। কিন্তু ওথানে পথ বন্ধ। আমাদের পরিচয়ের প্রথম দিনে প্রথম কথা যেমন মূথে আসছিল না, তেমনি এখানে ষে-অচিরা আছে তার কাছে প্রথম কথা নেই। মোকাবিলায় ওর চরম মনের কথায় পৌছবার কোনো উপায় খুঁজে পাই নে। ওর ঘরের কাছে ওর সহাত্মমুধরতা রোধ করে দেয় আমার তরফের এক পা অগ্রগতি। আর ওর নিভূত বনচ্ছায়ায় আমার সমস্ত চাঞ্চল্য ঠেকিয়ে রেখেছে নির্বাক নিঃশন্দতায়। কোনো-কোনোদিন ওদের ওথানে চায়ের নিমন্ত্রণসভার একটা কোনো দীমানায় মন খোলবার স্থাোগ পাওয়া যায়, অচিরা বুঝতে পারে আমি বিপদমণ্ডলীর কাছাকাছি আসছি, সেইদিনই ওর বাক্যবাণবর্ধণের অবিরলতা অস্বাভাবিক বেড়ে ওঠে। একটুও ফাঁক পাই নে, আর আবহাওয়াও হয়ে ওঠে প্রতিকৃল। আমার মন হয়েছে অত্যন্ত অশান্ত, কান্দের বাধা এমনি ঘটছে বে, আমি লজ্জা পাচ্ছি মনে-মনে। সদরে বাজেটের মিটিঙে আমার বিসচ্বিভাগে আরও কিছু টাকা মঞ্জুর করে নেবার প্রস্তাব আছে, তারই সমর্থক রিপোর্ট অর্ধেকের বেশি লেখা হয় নি। ইতিমধ্যে ক্রোচের এন্থেটিক্স সম্বন্ধে আলোচনা রোজ কিছুদিন ধরে শুনে আসছি। বিষয়টা সম্পূর্ণ আমার উপলব্ধির এবং উপভোগের বাইরে—দেকথা অচিরা নিশ্চিত জানে। দাতৃকে উৎসাহিত করে আর মনে-মনে হাসে। সম্প্রতি চলছে Behaviourism সম্বন্ধে যত বিরুদ্ধ যুক্তি আছে, তার ব্যাখ্যা। এই তত্ত্বালোচনার শোচনীয়তা হচ্ছে এই যে, অচিরা এই সময়টাতে ছুটি নিয়ে বাগানের কাজে চলে যায়, বলে, 'এ দব তর্ক পূর্বেই স্তনেছি।' আমি বোকার মতো বলে থাকি, মাঝে-মাঝে দরকার দিকে তাকাই।

একটা স্ববিধে এই বে, অধ্যাপক জিজ্ঞাস। করেন না— তর্কের কোনো একটা ছুব্ধহ প্রস্থিতে পারছি কি না। তাঁর মনে হয় সমস্তই জলের মতো বোঝা যায়।

কিন্তু আর তো চলবে না, কোনো ছিন্তে আদল কথাটা পাড়তেই হবে। পিক্নিকের এক অবকাশে অধ্যাপক যথন পোড়ো মন্দিরের সিঁড়িটাতে বদে নব্য কেমিষ্ট্রির নতুন-আমদানির বই পড়ছিলেন, বেঁটে আবলুস গাছের ঝোপের মধ্যে ব'সে অচিরা হঠাৎ আমাকে বললে, "এই চিরকালের বনের মধ্যে যে একটা অন্ধ প্রাণের শক্তি আছে, ক্রেই তাকে আমার ভয় করছে।"

আমি বললুম, "আশ্চর্য, ঠিক এইরকমের কথা সেদিন আমি ভায়ারিতে লিপেছি।" অচিরা বলে চলল, "পুরনো ইমারতের কোনো-একটা ফাটলে লুকিয়ে লুকিয়ে অশথের একটা অন্থর ওঠে, তার পরে শিকড়ে শিকড়ে জড়িয়ে ধ'রে তার সর্বনাশ করে, এও তেমনি। দাহর দক্ষে এই কথাটাই হচ্ছিল। দাহু বলছিলেন, 'লোকালয় থেকে বছদিন একান্ত দুরে থাকলে মানবচিত্ত প্রকৃতির প্রভাবে হুর্বল হতে থাকে, প্রবল হয়ে ওঠে আদিম প্রাণপ্রকৃতির প্রভাব।' আমি বললুম 'এ রকম অবস্থায় কী করা যায়।' তিনি বললেন, 'মাহুষের চিত্তকে আমরা তো সঙ্গে করে আনতে পারি— ভিড়ের চেয়ে নির্জনে তাকে বরঞ্চ বেশি ক'রে পাই, এই দেখো-না আমার বইগুলি।' দাহুর পক্ষে বলা সহন্ত, কিন্তু স্বাইকে এক ওমুধ থাটে না। আপনি কী বলেন।"

আমি বললুম, "আচ্ছা, বলব। আমার কথাটা ঠিকমতো বুঝে দেখবেন। আমার মত এই যে, এই রকম জায়গায় এমন একজন মাহুষের সঙ্গ সমন্ত অন্তর বাহিরে পাওয়া চাই, যার প্রভাব মানবপ্রকৃতিকে সম্পূর্ণ করে রাখতে পারে। যতক্ষণ না পাই ততক্ষণ অন্ধশক্তির কাছে কেবলই হার ঘটতে থাকবে। আপনি যদি সাধারণ মেয়েদের মতো হতেন, তা হলে আপনার কাছে সত্য কথা শেষপর্যন্ত স্পষ্ট করে বলতে মুথে বাধত।"

**षित्रा रलरल, "रल्न षांशनि, विधा कदर्यन ना।"** 

বললুম, "আমি সায়শ্টিন্ট, যেটা বলতে যাচ্ছি সেটা ইম্পার্সোনাল ভাবে বলব। আপনি একদিন ভবতোধকে অত্যন্ত ভালোবেসেছিলেন। আজও কি আপনি তাঁকে তেমনি ভালোবাসেন।"

"আচ্ছা, মনে করুন, বাসি নে।"

"আমিই আপনার মনকে সরিয়ে এনেছি।"

"তা হতে পারে, কিন্তু একলা আপনি নন, বনের ভিতরকার এই ভীষণ অন্ধশক্তি। সেইজ্বন্তে আমি এই স্বরে আসাকে শ্রন্ধা করি নে, লক্ষ্মা গাই।" "क्न कर्त्रम ना।"

"দীর্ঘকালের প্রয়াসে মাছ্য চিত্তশক্তিতে নিজের আদর্শকে গ'ড়ে তোলে, প্রাণশক্তির অন্ধতা তাকে ভাঙে। আপনার দিকে আমার দে ভালোবাসা, সে সেই অন্ধশক্তির আক্রমণে।"

"ভালোবাসাকে আপনি এমন ক'রে গঞ্জনা দিচ্ছেন নারী হয়ে ?"

"নারী বলেই দিচ্ছি। ভালোবাসার আদর্শ আমাদের পূজার জিনিদ। তাকেই বলে দতীত্ব। সতীত্ব একটা আদর্শ। এ জিনিসটা বনের প্রকৃতির নয়, মানবীর। এ নির্জনে এতদিন সেই আদর্শকে আমি পূজা করছিল্ম সকল আঘাত সকল বঞ্চনা সত্তেও। তাকে রক্ষা করতে না পারলে আমার শুচিতা থাকে না।"

"আপনি শ্রদ্ধা করতে পারেন ভবতোষকে ?"

"না।"

"তার কাছে যেতে পারেন ?"

"না। কিন্তু সে আর আমার সেই জীবনের প্রথম ভালোবাদা, এক নয়। এখন আমার কাছে সেই ভালোবাদ। ইম্পার্ফোনাল। কোনো আধারের দরকার নেই।"

"ভালো বুঝতে পারছি নে।"

"আপনি ব্যতে পারবেন না। আপনাদের সম্পদ জ্ঞানের— উচ্চতম শিথরে সে জ্ঞান ইম্পার্দোনাল। মেয়েদের সম্পদ স্থানের, যদি তার সব হারায়— যা কিছু বাহ্নিক, যা দেখা যায়, ছোঁওয়া যায়, ভোগ করা যায়, তরু বাকি থাকে তার সেই ভালোবাদার আদর্শ যা অবাঙ্ মনসোগোচরঃ। অর্থাং ইম্পার্দোনাল।"

আমি বললুম, "দেখুন, তর্ক করবার সময় আর নেই। এখানকার কাগজে বোধ হয় দেখে থাকবেন, আমার এখানকার কাজ শেষ হয়ে গেছে। আসিস্টেণ্ট জিয়লজিন্ট লিখেছেন, এখান থেকে আরও কিছু দূরে সন্ধানের কাজ আরম্ভ করতে হবে, কিন্তু—"

"কেন গেলেন না।"

. "আপনার কাছ থেকে—"

"আমার কাছ থেকে শেষ কথাটা শুনতে চান, প্রথম কথাটা পূর্বেই আদায় করা হয়েছে।"

"হা, ঠিক তাই।"

"তা হলে কথাটা পরিষ্ণার করে বলি। আমার ঐ পঞ্চবটীর মধ্যে ব'দে আপনার আগোচরে কিছুকাল আপনাকে দেখেছি। সমস্ত দিন পরিশ্রম করেছেন, মানেন নি প্রথব রৌল্রের তাপ। কোনো দরকার হয় নি কারও সঙ্গের। এক-একদিন মনে ২৫/১৮ হয়েছে হতাশ হয়ে গেছেন, ষেটা পাবেন নিশ্চিত করেছিলেন সেটা পান নি। কিন্তু তার পরদিন থেকেই আবার অক্লান্ত মনে খেঁাড়াথুড়ি চলেছে। বলিষ্ঠ দেহকে বাহন ক'রে বলিষ্ঠ মনের যেন জয়যাত্রা চলছে। এমনতরো বিজ্ঞানের তপস্বী আমি আর কথনও দেখি নি। বিধেকে ভক্তি করেছি।"

"এখন বুঝি—"

"না, বলি শুমন। আমার দক্ষে আপনার পরিচয় যতই এগিয়ে চলল, ততই মুর্বল হল দেই দাধনা। নানা তৃচ্ছ উপলক্ষে কাব্দে বাধা পড়তে লাগল। তথন ভয় হল নিজেকে, এই নারীকে। ছি ছি, কী পরাজ্যের বিষ এনেছি আমার মধ্যে। এই তো আপনার দিকের কথা, এখন আমার কথাটা বলি। আমারও একটা দাধনা ছিল, দেও তপস্থা। তাতে আমার জীবনকে পরিত্র করবে, উজ্জ্ঞল করবে, এ আমি নিশ্চয় জানতুম। দেখলুম ক্রমেই পিছিয়ে যাচ্ছি-— যে-চাঞ্চল্য আমাকে পেয়ে বদেছিল তার প্রেরণা এই ছায়াছেয় বনের নিখাদের ভিতর থেকে, দে আদিম প্রাণের শক্তির। মাঝে-মাঝে এখানকার রাক্ষণী রাত্রির দারা আবিষ্ট হয়ে মনে হয়েছে, একদিন আমার দাত্র কাছ থেকে আমাকে ছিনিয়ে নিতে পারে ব্রি এমন প্রবৃত্তিরাক্ষণ আছে। তার বিশ হাত দিনে দিনে আমার দিকে এগিয়ে আসছে। তথনই বিছানা ফেলে ছুটে গিয়ে ঝরনার মধ্যে ঝাঁপিয়ে প'ড়ে আমি স্নান করেছি।"

এই কথা বলতে বলতে অচিরা ডাক দিলে, "দাহ।"

व्यथाभिक ठाँद भड़ा स्म्यल द्वरथ कांट्स थरन मधुद स्त्रस्ट दनलनन, "की मिनि।"

"তুমি দেদিন বলছিলে না, মামুষের সত্য তার তপস্থার ভিতর দিয়ে অভিব্যক্ত হয়ে উঠছে ?— তার অভিব্যক্তি বয়োলজির নয়।"

"হা, তাই তো আমি বলি। পৃথিবীতে বর্বর মান্থ্য জন্তর পর্যায়ে। কেবলমাত্র তপস্থার ভিতর দিয়ে দে হয়েছে জ্ঞানী মান্থ্য। আরও তপস্থা সামনে আছে, আরও ছুলত্ব বর্জন করতে হবে, তবে দে হবে দেবতা। পুরাণে দেবতার কল্পনা আছে, কিন্তু অতাতে দেবতা ছিলেন না, দেবতা আছেন ভবিশ্বতে, মান্থ্যের ইতিহাসের শেষ অধ্যায়ে।"

"দাত্ন, এইবার তোমার আমার কথাটা চুকিয়ে দিই। কদিন থেকে মনের মধ্যে তোলপাড় করছে।"

আমি উঠে পড়ে বলনুম, "তা হলে আমি যাই।"

"না, আপনি বহুন। দাছ, তোমার সেই কলেজের যে অধ্যক্ষণদ তোমার ছিল, দেটা আবার বালি হয়েছে। সেকেটরি খুব অহুনয় ক'রে তোমাকে লিখেছেন সেই পদ ফিরে মিতে। তুমি আমাকে সব চিঠি দেখাও, কেবল এই চিঠিটাই দেখাও নি। তাভেই তোমার ছুরভিদদ্ধি দলেহ করে ঐ চিঠিটা চুরি করে দেখেছি।"

"আমারই অন্তায় হয়েছিল।"

"কিচ্ছু অস্থায় হয় নি। আমি তোমাকে টেনে এনেছি তোমার আদন থেকে নীচে। আমরা কেবল নামিয়ে আনতেই আছি।"

"की वलाइ मिमि।"

"পত্যি কথাই বলছি। বিশ্বন্ধগৎ না থাকলে বিধাতার হাত থালি হয়, ছাত্র না থাকলে তোমার তেমনি। সত্যি কথা বলো।"

"বরাবর ইম্পুলমান্টারি করেছি কিনা তাই—"

"তুমি আবার ইস্থলমান্টার! তুমি born teacher, তুমি আচার্য। তোমার জ্ঞানের সাধনা নিজের জন্মে নয়, অন্তকে দানের জন্মে। দেখেন নি নবীনবাব্, মাথায় একটা আইভিয়া এলে আমাকে নিয়ে পড়েন, দয়ামায়া থাকে না; বারো আনা ব্যতে পারি নে; নইলে আপনাকে নিয়ে বদেন, সে আরো শোচনীয় হয়ে ওঠে। আপনার মন যে কোন্ দিকে, ব্যতেই পারেন না, ভাবেন বিশুদ্ধ জ্ঞানের দিকে। দাহ, ছাত্র তোমার নিতান্তই চাই, কিন্তু বাছাই করে নিতে ভূলো না।" •

অধ্যাপক বললেন, "ছাত্রই তে। শিক্ষককে বাছাই করে, গরস্ত তোর তারই।"

"আছো, সে-কথা পরে হবে। সম্প্রতি আমার চৈতন্ত হয়েছে, যিনি শিক্ষক তাঁকে গ্রন্থকীট ক'রে তুলছি। এমনি ক'রে তপস্তা ভাত্তি নিজের অন্ধ গরজে। সে কাজ তোমাকে নিতে হবে, এখনই খেতে হবে সেখানে ফিরে।"

অধ্যাপক হতবৃদ্ধির মতো অচিরার মুখের দিকে চেয়ে রইলেন। অচিরা বললে,
"ও, ব্ঝেছি, তুমি ভাবছ আমার কী গতি হবে। আমার গতি তুমি। ভোলানাথ,
আমাকে যদি তোমার পছন্দ না হয়, তা হলে দিদিমা দি সেকেণ্ডের আমদানি করতে
হবে, তোমার লাইত্রেরি বেচে তাঁর গয়না বানিয়ে দেবে, আমি দেব লম্বা দৌড়। অত্যস্ত
অহংকার না বাড়লে এ কথা তোমাকে মানতেই হবে, আমাকে না হলে একদিনও
তোমার চলে না। আমার অহপস্থিতিতে পনেরই আমিনকে পনেরই অক্টোবর ব'লে
তোমার ধারণা হয়, যেদিন বাড়িতে তোমার সহযোগী অধ্যাপকের নিমন্তর, সেইদিনই
লাইত্রেরিঘরে দরজা বদ্ধ ক'রে নিদারুণ একটা ইকোয়েশন কয়তে লেগে যাও। গাড়িতে
চ'ড়ে ড্রাইভরকে যে-ঠিকানা দাও সে ঠিকানায় আজও বাড়ি তৈরি হয় নি। নবীনবাবু
সানে করছেন আমি অত্যক্তি করছি।"

আমি বলন্ম, "একেবারেই না। কিছুদিন তো ওঁকে দেখছি, তার থেকেই অসনিষ্ণ বুঝেছি, আপনি ধা বলছেন তা খাঁটি সত্য।"

"আজ এত অলুক্ষণে কথা তোমার মৃথ দিয়ে বেকচ্ছে কেন। জান নবীন, এই রকম যা-তা বলবার উপদর্গ ওর সম্প্রতি দেখা দিয়েছে।"

"সব লক্ষণ শাস্ত হয়ে যাবে, তুমি চলো দেখি তোমার কাজে। নাড়ি আবার ফিরে আসবে। থামবে প্রলাপ-বকুমি।"

অধ্যাপক আমার দিকে চেয়ে বললেন, "তোমার কী পরামর্শ নবীন।"

উনি পণ্ডিত মাহ্ম ব'লেই জিয়লজিন্টের বৃদ্ধির 'পরে ওঁর এত শ্রন্ধা। আমি একটুক্ষণ শুদ্ধ থেকে বললুম, "অচিরা দেবীর চেয়ে সত্য পরামর্শ আপনাকে কেউ দিতে পারবে না।"

অচিরা উঠে দাঁড়িয়ে পা ছুঁয়ে আমাকে প্রণাম করলে। আমি সংকুচিত হয়ে পিছু হঠে গেলুম। অচিরা বললে, "সংকোচ করবেন না, আপনার তুলনায় আমি কেউ নই। সে কথাটা একদিন স্পষ্ট হবে। এইথানেই শেষ বিদায়, নিলুম। যাবার আগে আর কিন্তু দেখা হবে না।"

व्यधारिक व्यान्धर्य द्वारा वनत्नन, "रम की कथा मिनि।"

"দাছ, তুমি অনেক কিছু জান, কিন্তু অনেক কিছু সম্বন্ধে তোমার চেয়ে আমার বৃদ্ধি অনেক বেশি, সবিনয়ে এ কথাটা স্বীকার করে নিয়ো।"

আমি পদধূলি নিম্নে প্রণাম করলুম অধ্যাপককে। তিনি আমাকে বুকে আলিঞ্চন ক'রে ধরে বললেন, "আমি জানি সামনে তোমার কীর্তির পথ প্রশস্ত।"

এইখানে আমার ছোটো গল্প ফুরল। তার পরেকার কথা জিয়লজিটের। বাড়ি ফিরে গিয়ে কাজের নোট এবং রেকর্ডগুলো আবার খুলনুম। মনে হঠাৎ খুব একটা আনন্দ জাগল— ব্ঝলুম একেই বলে মৃক্তি। সদ্ধাবেলায় দিনের কাজ শেষ ক'রে বারান্দায় এসে বোধ হল— খাঁচা থেকে বেরিয়ে এসেছে পাধি, কিন্তু পায়ে আছে এক টুকরো শিকল। নড়তে চড়তে সেটা বাজে।

8. 10. 03

অগ্ৰহায়ণ, ১৩৪৬

## न्गा वरत्रे वि

5

নন্দকিশোর ছিলেন লগুন মুনিভার্সিটি থেকে পাশ কর। এঞ্জিনিয়ার। যাকে সাধুভাষায় বলা যেতে পারে দেদাপ্যমান ছাত্র অর্থাং ব্রিলিয়াট, তিনি ছিলেন তাই। স্থল থেকে আরম্ভ করে শেষ পর্যন্ত পরীক্ষার তোরণে তোরণে ছিলেন প্রদা শ্রেণীর সওয়ারী।

ওঁর বৃদ্ধি ছিল ফলাও, ওঁর প্রয়োজন ছিল দরাজ, কিন্তু ওঁর অর্থসম্বল ছিল আটমাপের।

বেলওয়ে কোম্পানির হুটো বড়ো ব্রিজ তৈরি করার কাজের মধ্যে উনি চুকে পড়তে পেরেছিলেন। ও-কাজের আয়ব্যয়ের বাড়তি-পড়তি বিস্তর, কিন্তু দৃষ্টান্তটো লাধু নয়। এই ব্যাপারে যথন তিনি ডানহাত বাহাত হুই হাতই জোরের সঙ্গে চালনা করেছিলেন তথন তাঁর মন খুঁতখুঁত করে নি। এ সব কাজের দেনাপাওনা নাকি কোম্পানি নামক একটা আবস্টু কি সন্তার সঙ্গে জড়িত, সেইজ্ন্তে কোনো ব্যক্তিগত লাভলোকসানের তহবিলে এর পীড়া পৌছয় না।

ওঁর নিজের কাজে কর্তারা ওঁকে জীনিয়দ বলত, নিথুঁত হিদাবের মাথা ছিল তাঁর। বাঙালি বলেই তার উপযুক্ত পারিশ্রমিক তাঁর জোটে নি। নীচের দরের বিলিতি কর্মচারী প্যাণ্টের তুই ভরা-পকেটে হাত গুঁজে যথন পা ফাঁক করে 'হালো মিন্টার মল্লিক' ব'লে ওঁর পিঠ-থাবড়া দিয়ে কর্তাত্বি করত তথন ওঁর ভালো লাগত না। বিশেষত যথন কাজের বেলা ছিলেন উনি, আর দামের বেলা আর নামের বেলা ওরা। এর ফল হয়েছিল এই যে, নিজের ন্থায় প্রাণ্য টাকার একটা প্রাইভেট হিদেব ওঁর মনের মধ্যে ছিল, সেটা পুষিয়ে নেবার ফলি জানতেন ভালো করেই।

পাঁওনা এবং অপাওনার টাকা নিয়ে নন্দকিশোর কোনোদিন বার্গিরি করেন নি। থাকতেন শিকদারপাড়া গলির একটা দেড়তলা বাড়িতে। কারথানাঘরের দাগ-দেওয়া কাপড় বদলাবার ওঁর সময় ছিল না। কেউ ঠাট্টা করলে বলতেন, 'মজুর মহারাজের তক্ষা-পরা আমার এই সাজ।'

কিন্ত বৈজ্ঞানিক সংগ্রহ ও পরীক্ষার জন্তে বিশেষ করে তিনি বাড়ি বানিয়েছিলেন খুব মন্ত। এমন মশগুল ছিলেন নিজের শথ নিয়ে যে, কানে উঠত না লোকেরা বলাবলি করছে, এত বড়ো ইমারতটা যে আকাশ ফুঁড়ে উঠল— আলাদিনের প্রদীপটা ছিল কোথায়।

একবকমের শধ মাহ্যকে পেয়ে বসে সেটা মাতলামির মতো, হঁশ থাকে না বে লোকে সন্দেহ করছে। লোকটা ছিল স্ফেছিছাড়া, ওঁর ছিল বিজ্ঞানের পাগলামি। ক্যাটালগের তালিকা ওলটাতে ওলটাতে ওঁর সমস্ত মনপ্রাণ চৌকির হুই হাতা আঁকড়ে ধরে উঠত কেঁকে থেঁকে। জর্মনি থেকে আমেরিকা থেকে এমন-সব দামী দামী যন্ত্র আনাতেন বা ভারতবর্ষের বড়ো বড়ো বিশ্ববিহ্যালয়ে মেলে না। এই বিহ্যালোভীর মনে সেই তো ছিল বেদনা। এই পোড়াদেশে জ্ঞানের ভোজের উচ্ছিট্ট নিয়ে সন্তা দরের পাতা পাড়া হয়। ওদের দেশে বড়ো বড়ো যন্ত্র ব্যবহারের যে হ্যোগ আছে আমাদের দেশে না থাকাতেই ছেলেরা টেক্সটবুকের শুকনো পাতা থেকে কেবল এঁটোকাঁটা হাতড়িয়ে বেড়ায়। উনি হেঁকে উঠে বলতেন, ক্ষমতা আছে আমাদের মগজে, অক্ষমতা আমাদের পকেটে। ছেলেদের জন্তে বিজ্ঞানের বড়ো রান্ডাটা খুলে দিতে হবে বেশ চওড়া ক'বে, এই হল ওঁর পণ।

ছুমূল্য যন্ত্ৰ যত সংগ্ৰহ হতে লাগল, ওঁর সহকর্মীদের ধর্মবোধ ততই অসহ হয়ে উঠল। এই সময়ে ওঁকে বিপদের মূখ থেকে বাঁচালেন বড়োসাহেব। নন্দকিশোরের দক্ষতার উপর তাঁর প্রচুর শ্রদ্ধা ছিল। তা ছাড়া রেলওয়ে কাজে মোটা মোটা মুঠোর অপসারণদক্ষতার দৃষ্টান্ত তাঁর জানা ছিল।

চাকরি ছাড়তে হল। সাহেবের আহকুল্যে রেল-কোম্পানির পুরনো লোহালকড় সন্তা দামে কিনে নিয়ে কারখানা ফেঁদে বসলেন। তথন মুরোপের প্রথম যুদ্ধের বাজার সরগরম। লোকটা অসামান্ত কৌশলী, সেই বাজারে নতুন নতুন খালে নালায় তাঁর মুনুফার টাকায় বান ডেকে এল।

এমনসময় আর-একটা শথ পেয়ে বসল ওঁকে।

এক সময়ে নন্দকিশোর পাঞ্চাবে ছিলেন তাঁর ব্যাবদার তাগিদে। সেখানে জুটে গেল তাঁর এক পদিনী। সকালে বারান্দায় বনে চা থাচ্ছিলেন, বিশ বছরের মেয়েটি ঘাগরা ছলিয়ে অসংকোচে তাঁর কাছে এসে উপস্থিত— জলজলে তার চোখ, ঠোটে একটি হালি আছে, যেন শান-দেওয়া ছুরির মতো। দে তাঁর পায়ের কাছে ঘেঁসে এসে বললে, "বার্জি, আমি কয়দিন ধরে এথানে এসে ত্'বেলা তোমাকে দেখছি। আমার ভাক্কব লেগে গেছে।"

নন্দকিশোর হেসে বললেন, "কেন, এখানে তোমাদের চিড়িয়াখানা নেই নাকি।" সে বললে, "চিড়িয়াখানার কোনো দরকার নেই। যাদের ভিতরে রাখবার, তারা বাইরে সব ছাড়া আছে। আমি তাই মামুষ খুঁজছি।"

"খুঁজে পেলে?"

নন্দকিশোরকে দেখিরে বললে, "এই তো পেয়েছি।" নন্দকিশোর হেসে বললেন. "কী গুণ দেখলে বলো দেখি।"

ও বললে, "এখানকার বড়ো বড়ো সব শেঠজি, গলায় মোটা সোনার চেন, হাতে হীরার আংটি, তোমাকে ঘিরে এসেছিল—ভেবেছিল বিদেশী, বাঙালি, কারবার বোঝে না। শিকার জুটেছে ভালো। কিন্তু দেখলুম তাদের একজনেরও ফলি খাটল না। উলটে ওরা তোমারই ফাঁসকলে পড়েছে। কিন্তু তা ওরা এখনও বোঝে নি, আমি বুঝে নিয়েছি।"

নন্দকিশোর চমকে গেল কথা ভনে। বুঝলে একটি চিজ বটে— সহজ্ঞ নয়।

মেয়েটি বললে, "আমার কথা তোমাকে বলি, তুমি ভান রাখো। আমাদের পাড়ায় একজন ডাকসাইটে জ্যোতিষী আছে। সে আমার কৃষ্টি গণনা করে বলেছিল, একদিন ত্নিয়ায় আমার নাম জাহির হবে। বলেছিল আমার জন্মস্থানে শয়তানের দৃষ্টি আছে।"

नमकिर्गात वलाल, "वल की। गयुजात्नत ?"

মেয়েটি বললে, "জানো তো বাবৃজি, জগতে সব চেয়ে বড়ো নাম হচ্ছে ঐ
শয়তানের। তাকে যে নিন্দে করে করুক, কিন্তু সে খুব খাঁটি। আমাদের বাবা
বোম্ভোলানাথ ভোঁ হয়ে থাকেন। তাঁর কর্ম নয় সংসার চালানো। দেখো-না,
সরকার বাহাত্র শয়তানির জোরে ত্নিয়া জিতে নিয়েছে, খুফানির জোরে নয়।
কিন্তু ওরা থাঁটি, তাই রাজ্য রক্ষা করতে পেরেছে। যেদিন কথার খেলাপ করবে,
সেদিন ঐ শয়তানেরই কাছে কানমলা খেয়ে মরবে।"

নন্দকিশোর আশ্চর্য হয়ে গেল।

মেয়েটি বললে, "বাবু, রাগ কোরো না। তোমার মধ্যে ঐ শয়তানের মন্তর আছে। তাই তোমারই হবে জিত। অনেক পুরুষকেই আমি ভূলিয়েছি, কিন্তু আমার উপরেও টেকা দিতে পারে এমন পুরুষ আজ দেখলুম। আমাকে ভূমি ছেড়ো না বাবু, তা হলে ভূমি ঠকবে।"

नमकिर्मात दरम रनल, "की कत्रा रदा।"

"দেনার দায়ে আমার আইমার বাড়িঘর বিক্রি হয়ে যাচ্ছে, তোমাকে সেই দেনা শোধ করে দিতে হবে।"

"কত টাকা দেনা তোমার।"

ঁ"মাত হাজার টাকা।"

নন্দকিশোরের চমক লাগল, ওর দাবির সাহস দেখে। বললে, "আচ্ছা আমি দিয়ে দেব, কিন্তু তার পরে ?"

"তার পরে আমি তোমার সঙ্গ কথনও ছাড়ব না।"

"কী করবে তৃমি।"

"দেথৰ, ষেন কেউ তোমায় ঠকাতে না পাবে আমি ছাড়া।"

নন্দকিশোর হেসে বললেন, "আচ্ছা বেশ, বইল কথা, এই পরো আমার আংটি।"
কষ্টিপাথর আছে ওঁর মনে, তার উপরে দাগ পড়ল একটা দামী ধাতুর। দেখতে
পেলেন মেয়েটির ভিতর থেকে ঝক্ ঝক্ করছে ক্যারেক্টরের তেজ— বোঝা গেল ও
নিজের দাম নিজে জানে, তাতে একটুমাত্র সংশয় নেই। নন্দকিশোর অনায়াসে
বললে, 'দেব টাকা'— দিলে দাত হাজার বুড়ী আইমাকে।

মেয়েটিকে ভাকত সবাই সোহিনী ব'লে। পশ্চিমী ছাঁদের স্নকঠোর এবং স্থন্দর ভার চেহারা। কিন্তু চেহারায় মন টলাবে, নন্দকিশোর সে জাতের লোক ছিলেন না। যৌবনের হাটে মন নিয়ে জুয়ো খেলবার সময়ই ছিল না তাঁর।

নন্দকিশোর ওকে যে-দশা থেকে নিয়ে এসেছিলেন সেটা খ্ব নির্মল নয়, এবং
নিজত নয়। কিন্তু ঐ একরোধা একগুঁয়ে মাহ্মষ সাংসারিক প্রয়োজন বা প্রথাগত
বিচারকে গ্রাহ্ম করতেন না। বদ্ধুরা জিজ্ঞাসা করত, বিয়ে করেছ কি। উত্তরে শুনত,
বিয়েটা খ্ব বেশি মাত্রায় নয়, সহ্মতো। লোকে হাসত যখন দেখত, উনি স্ত্রীকে
নিজের বিশ্বের ছাঁচে গড়ে তুলতে উঠেপড়ে লেগে গিয়েছেন। জিজ্ঞাসা করত, "ও
কি প্রোফেসারি করতে বাবে নাকি।" নন্দ বলতেন, "না, ওকে নন্দকিশোরি করতে
হবে, সেটা যে-দে মেয়ের কাজ নয়।" বলত, "আমি অসবর্ণবিবাহ পছন্দ করি নে।"

"দে কী হে।"

"স্থামী হবে এঞ্জিনিয়র আর স্থী হবে কোটনা-কুটনি, এটা মানবধর্মণান্তে নিষিদ্ধ। ঘরে ঘরে দেখতে পাই তুই আলাদা আলাদা জাতে গাঁটছড়া বাঁধা, আমি জাত মিলিয়ে নিচ্ছি। পতিব্রতা স্থী চাও যদি, আগে ব্রতের মিল করাও।"

**ર** 

নন্দকিশোর মারা গেলেন প্রোড় বয়সে কোন্-এক হৃঃসাহসিক বৈজ্ঞানিক পরীক্ষার অপঘাতে।

সোহিনী সমস্ত কারবার বন্ধ করে দিলে। বিধবা মেয়েদের ঠকিয়ে থাবার ব্যাবসাদার এসে পড়ল চার দিক থেকে। মামলার ফাঁদ ফাঁদলে আত্মীয়তার ছিটেফোঁটা আছে যাদের। সোহিনী স্বয়ং সমস্ত আইনের প্যাচ নিতে লাগল ব্যো। তার উপরে নারীর মোহজাল বিস্তার করে দিলে স্থান ব্যে উকিলপাড়ায়। সেটাতে তাঁর অসংকোচ নৈপুণ্য ছিল, সংস্থার মানার কোনো বালাই ছিল না। মামলায় জিতে নিলে একে একে, দূর সম্পর্কের দেওর গেল জেলে দলিল জাল করার অপরাধে।

ওদের একটি মেয়ে আছে, তার নামকরণ হয়েছিল নীলিমা। মেয়ে য়য়ং সেটিকে বদল করে নিয়েছে— নীলা। কেউ না মনে করে, বাপ-মা মেয়ের কালো রঙ দেখে একটা মোলায়েম নামের তলায় সেই নিন্দেটি চাপা দিয়েছে। মেয়েটি একেবারে ফুট্ফুটে গৌরবর্ণ। মা বলত, ওদের পূর্বপূক্ষ কাশ্মীর থেকে এসেছিল— মেয়ের দেহে ফুটেছে কাশ্মীরী খেতপদ্মের আভা, চোখেতে নীলপদ্মের আভাস, আর চুলে চমক দেয় যাকে বলে পিকলবর্ণ।

মেয়ের বিয়ের প্রসঙ্গে কুলশীল জাতগুষ্টির কথা বিচার করবার রাস্তা ছিল না।
একমাত্র ছিল মন ভোলাবার পথ, শাস্ত্রকে ডিঙিয়ে গেল তার ভেলকি। অল্প বয়সের
মাড়োয়ারি ছেলে, তার টাকা পৈতৃক, শিক্ষা এ কালের। অকস্মাৎ সে পড়ল এসে
অনক্ষের অলক্ষ্য ফাঁদে। নীলা একদিন গাড়ির অপেক্ষায় ইন্ধূলের দরজার কাছে ছিল
দাঁড়িয়ে। সেই সময় ছেলেটি দৈবাং তাকে দেখেছিল। তার পর থেকে আরও কিছুদিন
ঐ রাস্তায় সে বায়ুসেবন করেছে। স্বাভাবিক জীরুদ্ধির প্রেরণায় মেয়েটি গাড়ি আসবার
বেশ কিছুক্ষণ পূর্বেই গেটের কাছে দাঁড়াত। কেবল সেই মাড়োয়ারি ছেলে নয়, আরও
ছচার সম্প্রদায়ের যুবক ঐথানটায় অকারণ পদচারণার চর্চা করত। তার মধ্যে ঐ
ছেলেটিই চোখ বুজে দিল ঝাঁপ ওর জালের মধ্যে। আর ফিরল না। সিভিল মতে
বিয়ে করলে সমাজের ওপারে। বেশি দিনের মেয়াদে নয়। তার ভাগ্যে বধৃটি এল
প্রথমে, তার পরে দাম্পত্যের মাঝখানটাতে দাঁড়ি টানলে টাইফয়েড, তার পরে মৃক্তি।

স্পৃতিতে অনাস্পৃতিতে মিশিয়ে উপদ্ৰব চলতে লাগল। মা দেখতে পায় তার মেয়ের ছটফটানি। মনে পড়ে নিজের প্রথম বয়সের জালাম্থীর অগ্নিচাঞ্চল্য। মন উদ্বিগ্ন হয়। থব নিবিড় করে পড়াশোনার বেড়া ফাঁদতে থাকে। পুরুষ শিক্ষক রাখল না। একজন বিচ্বীকে লাগিয়ে দিল ওর শিক্ষকতায়। নীলার যৌবনের আঁচ লাগত তারও মনে, তুলত তাকে তাতিয়ে অনির্দেশ্য কামনার তপ্তবাপো। মুধ্বের দল ভিড় করে আসতে লাগল এদিকে ওদিকে। কিন্তু দরওয়াজা বদ্ধ। বদ্ধুপ্রপ্রয়াসিনীরা নিমন্ত্রণ করে চায়ে টেনিসে সিনেমায়, নিমন্ত্রণ পৌছ্য না কোনো ঠিকানায়। অনেক লোভী ফিরতে লাগল মধ্গদ্ধত্রা আকাশে, কিন্তু কোনো অভাগ্য কাঙাল সোহিনীর ছাড়পত্র পায় না। এদিকে দেখা বায় উৎকৃষ্টিত মেয়ে স্থাগা পেলে উকির্শুকি দিতে চায় অজায়গায়।

বই পড়ে বে বই টেক্স ট্রুক কমিটির অহ্মোদিত নয়, ছবি গোপনে আনিয়ে নেয় যা আর্টিশিক্ষার আঁহকুলা করে ব'লে বিভূষিত। ওব বিত্রী শিক্ষারীকে পর্যন্ত অগ্রমনন্ত করে দিলে। ভায়োদিশন থেকে বাড়ি ফেরবার পথে আল্থাল্চুলওয়ালা গোঁফের-রেধামাত্র-দেওয়া কুলরহানো এক ছেলে ওর গাড়িতে চিঠি ফেলে দিয়েছিল। ওর রক্ত উঠেছিল ছম্ ছম্ ক'রে। চিঠিখানা ল্কিয়ে রেখেছিল জামার মধ্যে। ধরা পড়ল মায়ের কাছে। সমস্ত দিন ঘরে বন্ধ থেকে কাটল অনাহারে।

সোহিনীর স্বামী যাদের বৃত্তি দিয়েছিলেন, সেই-সব ভালো ভালো ছাত্রমহলে সোহিনী পাত্র সন্ধান করেছে। সবাই প্রায় আড়ে আড়ে ওর টাকার ধলির দিকে তাকায়। একজন তো তার বিসিস ওর নামে উৎসর্গ করে বসল। ও বললে, "হায় রে কপাল, লজ্জায় ফেললে আমাকে। তোমার পোন্টগ্রাজুয়েটী মেয়াদ ফুরিয়ে আসছে শুনলুম, অথচ মালাচন্দন দিলে অজায়গায়, হিসাব করে ভক্তি না করলে উন্নতি হবে না যে।" কিছুদিন থেকে একটি ছেলের দিকে সোহিনী দৃষ্টিপাত করছিল। ছেলেটি পছন্দমই বটে। তার নাম বেবতী ভট্টাচার্য। এরই মধ্যে সায়ান্সের ভাক্তার পদবীতে চড়ে বসেছে। ওর দুটো-একটা লেখার যাচাই হয়ে গেছে বিদেশে।

9

লোকের সঙ্গে মেলামেশা করবার কলাকৌশল সোহিনীর ভালো করেই জানা আছে। মন্নথ চৌধুরী রেবতীর প্রথম দিককার অধ্যাপক। তাঁকে নিলে বশ করে। কিছুদিন চায়ের সঙ্গে ফটিটোস্ট, অমলেট, কথনও বা ইলিশমাছের ডিমের বড়া থাইয়ে কথাটা পাড়লে। বললে, "আপনি হয়তো ভাবছেন আমি আপনাকে বারে বারে চা থেতে ডাকি কেন।"

"মিসেস মলিক, আমি তোমাকে নিশ্চয় বলতে পারি, সেটা আমার ত্র্তাবনার বিষয় নয়।"

সোহিনী বললে, "লোকে ভাবে, আমরা বন্ধুত্ব করে থাকি স্বার্থের গরজে।"

"দেখো মিদেস মলিক, আমার মত হচ্ছে এই—গরজটা বারই হোক, বন্ধুছটাই তো লাভ। আর এই বাকম কথা কী, আমার মতে। অধ্যাপককে দিয়েও কারও স্বার্থদিদ্ধি হতে পারে। এ জাতটার বৃদ্ধি কেতাবের বাইরে হাওয়া থেতে পায় না ব'লে ফ্যাকাশে হয়ে গেছে। আমার কথা শুনে তোমার হাসি পাচ্ছে দেখতে পাচ্ছি। দেখো, যদিও আমি মান্টারি করি তবু ঠাট্টা করতেও পারি। দ্বিতীয়বার চা খেতে ডাকবার পূর্বে এটা জেনে রাধা ভালো।" "জেনে রাখনুম, বাঁচনুম। অনেক অধ্যাপক দেখেছি, তাঁদের মুখ থেকে হাসি বের করতে ডাক্টোর ডাকতে হয়।"

"বাহবা, আমারই দলের লোক দেখছি তুমি। তা হলে এবার আদল কথাটা পাড়া হোক।"

"জানেন বোধ হয়, জীবনে আমার স্বামীর ল্যাবরেটরিই ছিল একমাত্র আনন্দ। আমার ছেলে নেই, ঐ ল্যাবরেটরিতে বসিয়ে দেবে বলে ছেলে খুঁজছি। কানে এসেছে বেবতী ভট্টাচার্যের কথা।"

অধ্যাপক বললেন, "যোগ্য ছেলেই বটে। তার যে লাইনের বিষ্ঠে সেটাকে শেষ্ পর্যস্ত চালান করতে মালমসলা কম লাগবে না।"

সোহিনী বললে, "আমার রাশকরা টাকায় ছাত। পড়ে যাছে। আমার বয়সের বিধব। মেয়েরা ঠাকুরদেবতার দালালদের দালালি দিয়ে পরকালের দরজা ফাঁক করে নিতে চায়। আপনি ভনে হয়তো রাগ করবেন, আমি ও সব কিছুই বিখাস করি নে।"

চৌধুরী তুই চক্ষ্ বিক্ষারিত করে বললেন, "তুমি তবে কী মান।"

"মাহুষের মতো মাহুষ যদি পাই, তবে তার সব পাওনা শোধ করে দিতে চাই যতদ্র আমার সাধ্য আছে। এই আমার ধর্মকর্ম।"

চৌধুরী বললেন, "ছররে। শিলা ভাসে জলে। মেয়েদের মধ্যেও দৈবাৎ কোথাও কোথাও বৃদ্ধির প্রমাণ মেলে দেখছি। আমার একটি বি. এসসি. বোকা আছে, সেদিন হঠাং দেখি, গুরুর পা ছুঁয়ে সে উলটো ডিগবাজি খেলতে লেগেছে, মগজ থেকে বৃদ্ধি যাচ্ছে উড়ে ফাটা শিম্লের তুলোর মতো। তা ভোমার বাড়িতেই ওকে ল্যাবরেটরিতে বসিয়ে দিতে চাও ? ভফাতে আর কোথাও হলে হয় না?"

"চৌধুরীমশায়, আপনি ভূল করবেন না, আমি মেয়েমান্থব। এইথানেই এই ল্যাবরেটরিতেই হয়েছে আমার স্বামীর সাধনা। তাঁর ঐ বেদির তলায় কোনো-একজন যোগ্য লোককে বাতি জালিয়ে রাখবার জন্মে যদি বদিরে দিতে পারি, তা হলে যেথানে পাকুন তাঁর মন খুশি হবে।"

চৌধুরী বললেন, "বাই জোভ, এতক্ষণে মেয়েমাছ্যের গলার আওয়াজ পাওয়া যাচ্ছে। শুনতে থারাপ লাগল না। একটা কথা জেনে রেখো, রেবতীকে যদি শেষ পর্যন্ত পুরোপুরি সাহায্য করতে চাও তা হলে লাথটাকারও লাইন পেরিয়ে যাবে।"

"গেলেও আমার খুদকুঁড়ো কিছু বাকি থাকবে।"

"কিন্ধ পরলোকে থাকে খুলি করতে চাও তাঁর মেজাজ খারাপ হয়ে যাবে না তো? ভনেছি তাঁবা ইচ্ছা করলে ঘাড়ে চড়ে লাফালাফি করতে পারেন।" "আপনি খবরের কাগজ পড়েন তো। মাহ্র মারা গেলেই তার ওণাবলী শ্যারাগ্রাফে শ্যারাগ্রাফে ছাপিয়ে পড়তে থাকে। দেই মৃত মাহুবের বদান্ততার পরে ভরশা করলে তো দোহ নেই। টাকা যে মাহুব জমিয়েছে অনেক পাপ জমিয়েছে সে তার সঙ্গে, আমবা কী করতে আছি যদি থলি ঝেড়ে স্বামীর পাপ হালকা করতে না পারি। যাক গে টাকা, আমার টাকায় দরকার নেই।"

অধ্যাপক উত্তেজিত হয়ে বলে উঠলেন, "কী আর বলব তোমাকে। খনি থেকে সোনা ওঠে, সে খাঁটি সোনা, যদিও তাতে মিশোল থাকে অনেক-কিছু। তুমি সেই ছদ্মবেশী সোনার ঢেলা। চিনেছি তোমাকে। এখন কী করতে হবে বলো।"

"ঐ ছেলেটিকে বাজি করিয়ে দিন।"

"চেষ্টা করব, কিন্তু কাজটা খুব সহজ নয়। আর কেউ হলে তোমার দান লাফিয়ে নিত।"

"কোথায় বাধছে বলুন।"

"শিশুকাল থেকে একটি মেয়ে-গ্রহ ওর কুষ্টি দখল করে বলেছে। রাস্তা আগলে রয়েছে অটল অবৃদ্ধি।"

"दलन की। পুरुषमाञ्य--"

"দেখো মিদেস মল্লিক, রাগ করবে কাকে নিয়ে। জান মেট্রার্কাল সমাজ কাকে বলে। যে সমাজে নেয়েরাই হচ্ছে পুরুষের সেরা। এক সময়ে সেই প্রাবিড়ী সমাজের চেউ বাংলাদেশে খেলত।"

সোহিনী বললে, "দে স্থাদিন তো গেছে। তলায় তলায় ঢেউ থেলে হয়তো, ঘূলিয়ে দেয় বৃদ্ধিস্থদ্ধি, কিন্তু হাল যে একলা পূক্ষের হাতে। কানে মন্ত্র দেন তাঁরাই, আর জোরে দেন কানমলা। কান ছিঁড়ে যাবার জো হয়।"

"আহা হা, কথা কইতে জান তুমি। তোমার মতো মেয়েদের যুগ যদি আসে তা হলে মেট্রিয়ার্কাল সমাজে ধোবার বাড়ির ফর্দ রাখি মেয়েদের শাড়ির, আর আমাদের কলেজের প্রিক্সিপল্কে পাঠিয়ে দিই ঢেঁকি কুটতে। মনোবিজ্ঞান বলে, বাংলাদেশে মেট্রিয়ার্কি বাইরে নেই, আছে নাড়িতে। মা মা শব্দে হাস্বাধ্বনি আর কোনো দেশের পুরুষমহলে ভনেছ কি। তোমাকে খবর দিচ্ছি, রেবতীর বুদ্ধির ডগার উপরে চড়েবসে আছে একটি রীডিমতো মেয়ে।"

"কাউকে ভালোবাসে নাকি।"

"আহা, দেটা হলে তো ব্যত্ম, ওর শিরায় প্রাণ করছে ধুক্ধুক্। যুবতীর হাতে বুদ্ধি ধোয়াবার বায়না নিয়েই তো এনেছে, এই তো সেই বয়েল। তা না হয়ে এই কাঁচা বয়নে ও যে এক মালাজপকারিণীর হাতে মালার গুটি বনে গেছে। ওকে বাঁচাবে কিলে— না যৌবন, না বৃদ্ধি, না বিজ্ঞান।"

"আচ্ছা একদিন ওঁকে এখানে চা খেতে ডাকতে পারি কি। আমাদের মৃতো অশুচির ঘরে খাবেন তো ?"

"অশুচি! না ধায় তো ওকে আছড়ে আছড়ে এমনি শুচি করে নেব যে বামনাইয়ের দাগ থাকবে না ওর মজ্জায়। একটা কথা জিজ্ঞাসা করি, ভোমার নাকি একটি স্থল্বী মেয়ে আছে ?"

"আছে। পোড়াকপালী হুন্দরীও বটে। তা কী করব বলুন।"

"না না, আমাকে ভূল কোরো না। আমার কথা যদি বল, স্থলরী মেয়ে আমি পছন্দই করি। ওটা আমার একটা রোগ বললেই হয়। কিন্তু ওর আত্মীয়েরা বেরসিক, ভয় পেয়ে যাবে।"

"ভয় নেই, আমি নিজের জাতেই মেয়ের বিয়ে দেব ঠিক করেছি।" এটা একেবারে বানানো কথা।

"তুমি নিজে তো বেজাতে বিয়ে করেছ।"

"নাকাল হয়েছি কম নয়। বিষয়ের দখল নিয়ে মামলা করতে হয়েছে বিস্তর। যে করে জিতেছি সেটা বলবার কথা নয়।"

"শুনেছি কিছু কিছু। বিপক্ষ পৃক্ষের আর্টিকেল্ড্ ক্লার্ক্ কে নিয়ে তোমার নামে গুজব রটেছিল। মকদ্দমায় জিতে তুমি তো সরে পড়লে, সে লোকটা গলায় দড়ি দিয়ে মরতে যায় আর কি।"

"এত যুগ ধরে মেয়েমাহ্ম টি কৈ আছে কী ক'রে। ছল করার কম কৌশল লাগে না, লড়াইয়ের তাগবাগের সমানই সে, তবে কিনা তাতে মধুও কিছু খরচ করতে হয়। এ হল নারীর স্বভাবদন্ত লড়াইয়ের রীতি।"

"এ দেখো, আবার তুমি আমাকে ভূল করছ। আমরা বিজ্ঞানী, আমরা বিচারক নই, স্বভাবের থেলা আমরা নিহ্নাম ভাবে দেখে যাই। সে খেলায় যা ফল হবার তা ফলতে থাকে। তোমার বেলায় ফলটা বেশ হিসেবমতোই ফলেছিল, বলেছিলুম, ধল্য মেয়ে তুমি। এ কথাটাও ভেবেছি, আমি যে তখন প্রোফেনর ছিলুম, আর্টিকেল্ড ক্লার্ক ছিলুম না, সেটা আমার বাঁচোয়া। মার্করি স্থের কাছ থেকে ষতটুকু দ্রে আছে ততটুকু দ্রে থেকেই বেঁচে গেল। ওটা গণিতের হিসাবের কথা, ওতে ভালো নেই মন্দ নেই। এসব কথা বোধ হয় তুমি বুঝতে শিখেছ।"

"তা শিখেছি। গ্রহগুলো টান মেনে চলে আবার টান এড়িয়ে চলে— এটা

একটা শিখে নেবার তত্ত্বই কি।".

"আর-একটা কথা কব্ল করছি। এইমাত্র তোমার সঙ্গে কথা কইতে কইভে একটা হিদেব মনে মনে কষছিলুম, সেও অঙ্কের হিসেব। ভেবে দেখো, বয়দটা ধদি অস্তত দলটা বছর কম হত তা হলে থামকা আজ একটা বিপদ ঘটত। কোলিশন ঐটুকু পাশ কাটিয়ে গেল আর কি! তব্ বাম্পের জোয়ার উঠছে বুকের মধ্যে। ভেবে দেখো, স্ষ্টিটা আগাগোড়াই কেবল অভক্ষার ধেলা।"

এই ব'লে চৌধুরী ছুই হাঁটু চাপড়িয়ে হাহা করে হেলে উঠলেন। একটা কথা তাঁর ছ'শ ছিল না বে, তাঁর সঙ্গে দেখা করবার আগে সোহিনী ছুঘটা ধরে রঙে চঙে এমন করে বয়দ বদল করেছে যে স্ষ্টিকর্তাকে আগাগোড়াই দিয়েছে ঠকিয়ে।

8

পরের দিন অধ্যাপক এসে দেখলেন সোহিনী রে বামা-ওঠা হাড়-বের-করা একটা কুকুরকে স্থান করিয়ে তোয়ালে দিয়ে তার গা মৃছিয়ে দিছে।

চৌধুরী জিগ্গেদা করলেন, "এই অপয়মস্তটাকে এত সন্মান কেন।"

্র "ওকে বাঁচিয়েছি ব'লে। পা ভেঙেছিল মোটরের তলায় পড়ে, আমি সারিয়ে তুলেছি ব্যাণ্ডেজ বেঁধে। এখন ওর প্রাণটার মধ্যে আমারও শেয়ার আছে।"

"বোজ বোজ ও অনুক্নের চেহারা দেখে মন থারাপ হয়ে যাবে না ?"

"চেহারা দেখবার জন্তে ওকে তো রাখি নি। মরতে মরতে এই যে ও সেরে উঠছে, এটা দেখতে আমার ভালো লাগে। ঐ প্রাণীর বেঁচে থাকবার দরকারটা যখন দিনে দিনে মিটিয়ে দিই, তথন ধর্মকর্ম করতে ছাগলছানার গলায় দড়ি বেঁধে আমাকে কালীতলায় দেড়িতে হয় না। তোমাদের বায়োলজ্জির ল্যাবরেটরির কানাথোঁড়া কুরুর-ধরগোশগুলোর জন্তে আমি একটা হাসপাতাল বানাব স্থির করেছি।"

"মিদেন মন্ত্ৰিক, ভোমাকে ষতই দেখছি তাক লাগছে।"

"আরও বেশি দেখলে ওটার উপশম হবে। রেবতীবাবুর খবর দেবেন বলেছিলেন, সেটা আরম্ভ করে দিন।"

"আমার সংক দ্ব সম্পর্কে ওদের বোগ আছে। তাই ওদের ঘরের থবর জানি। বেবতীকে জন্ম দিয়েই ওর মা ধান মারা। বরাবর ও পিসির হাতে মাছ্য। ওর পিসির আচারনিষ্ঠা একেবারে নিরেট। এতটুকু খুঁত নিয়ে ওঁর খুঁতখুঁতুনি সংসারকে স্পতিষ্ঠ করে তুলত। তাঁকে ভয় না করত এমন লোক ছিল না পরিবারে। ওঁর হাতে রেবতীর পৌক্ষ গেল ছাতু হয়ে। স্থল থেকে ফিরতে পাঁচ মিনিট দেরি হলে পঁচিশ মিনিট লাগত তার জবাবদিহি করতে।"

সোহিনী বললে, "আমি তো জানি পুরুষরা করবে শাসন, মেয়েরা দেবে আদর, তবেই ওজন ঠিক থাকে।"

অধ্যাপক বললেন, "ওজন ঠিক রেখে চল। মরালগামিনীদের ধাতে নেই। ওরা এদিকে ঝুঁকবে ওদিকে ঝুঁকবে। কিছু মনে কোরো না মিদেদ মল্লিক, ওদের মধ্যেও দৈবাং মেলে যারা খাড়া রাখে মাথা, চলে পোজা চালে। যেমন—"

"আর বলতে হবে না। কিন্তু আমার মধ্যেও শিকড়ের দিকে মেয়েমান্ত্র ধণ্টে আছে। কী ঝোঁকে পেয়েছে দেখছেন না! ছেলে-ধরা ঝোঁক। নইলে আপনাকে বিরক্ত করতেম কি।"

"দেখো, বার বার ঐ কথাটা বোলো না। জেনে রেখো আজু ক্লাসের জন্তে তৈরি না হয়েই চলে এসেছি। কর্তব্যের গাফেলি এতই ভালো লাগছে।"

"বোধ হয় মেয়েজাতটার 'পরেই আপনার বিশেষ একটু ক্লপা আছে।"

"একটুও অনম্ভব নয়। কিন্তু তার মধ্যেও তো ইতরবিশেষ আছে। যা হোক, সে কথাটা পরে হবে।"

শোহনী হেদে বললে, "পরে না হলেও চলবে। আপাতত যে কথাটা উঠেছে শেষ করে দিন। রেবতীবার্র এত উন্নতি হল কী করে।"

"যা হতে পারত তার তুগনায় কিছুই হয় নি। একটা রিসর্চের কাজে ওর বিশেষ দরকার হয়েছিল উচু পাহাড়ে যাবার। ঠিক করেছিল যাবে বদরিকাশ্রমে। আরে সর্বনাশ। পিসিরও ছিল এক পিসি, সে বৃড়ি মরবে তো মরুক ঐ বদরিকারই রাস্তায়। পিসি বললে, 'আমি যতদিন বেঁচে আছি, পাহাড়পর্বত চলবে না।' কাজেই তথন থেকে একমনে যা কামনা করছি সে মুখ ফুটে বলবার নয়। থাকু সে কথা।"

"কিন্ত ওধু পিদিমাদের দোষ দিলে চলবে কেন। মায়ের ত্লাল ভাইপোদের হাড় বুঝি কোনো কালে পাকবে না?"

"দে তো পূর্বেই বলেছি। মেট্রিয়ার্কি রক্তের মধ্যে হাধাধ্বনি জাগিয়ে তোলে, হতর্দ্ধি হয়ে ধায় বংদরা। আফদোদের কথা কী আর বলব। এ তো হল নম্বর ওয়ান। তার পরে রেবতী যখন দরকারের র্ত্তি নিয়ে কেছি জে য়াবে ছির হল, আবার এসে পড়ল দেই পিদিমা হাউ হাউ শব্দে। তার বিধাস, ও চলেছে মেমসাহেব বিয়ে করতে। আমি বলল্ম, নাহয় করল বিয়ে। দর্বনাশ, কথাটা আন্দাজে ছিল, এবার বেন পাকা দেখা হয়ে গেল। পিদি বললে, 'ছেলে যদি বিলেতে ধায় তা হলে

গলায় দড়ি দিয়ে মরব।' কোন্ দেবতার দোহাই পাড়লে পাকানো হবে দড়িটা নান্তিক আমি জানি নে, তাই দড়িটা বাজারে মিলল না। রেবতীকে থুব খানিকটা গাল দিল্ম, বলল্ম দটুপিড, বলল্ম ডান্স, বলল্ম ইম্বেদীল। বাস্, ঐখানেই খতম। বেবৃ এখন ভারতীয় ঘানিতে ফোঁটা ফোঁটা তেল বেব করছেন।"

্ সোহিনী অস্থির হয়ে বৃলে উঠল, "দেয়ালে মাথা ঠুকে মরতে ইচ্ছে করছে। একটা মেয়ে বেবতীকে তলিয়ে দিয়েছে, আর-একটা মেয়ে তাকে টেনে তুলবে ডাঙায়, এই আমার পণ রইল।"

"পট কথা বলি ম্যাভাম। জানোয়ারগুলোকে শিঙে ধরে তলিয়ে দেবার হাত তোমার পাকা— লেজে ধরে তাদের উপরে তোলবার হাত তেমন ত্রন্ত হয় নি। তা এখন থেকে অভ্যাসটা শুক্ল হোক। একটা কথা জিজ্ঞাসা করি, সায়ান্সে এত উৎসাহ তোমার এল কোথা থেকে।"

"সকল রকম সায়ান্দেই সারা জীবন আমার স্বামীর মন ছিল মেতে। তাঁর নেশা ছিল বর্মা চুক্লট আর ল্যাবরেটরি। আমাকে চুক্লট ধরিয়ে প্রায় বর্মিজ মেয়ে বানিয়ে তুলেছিলেন। ছেড়ে দিলুম, দেখলুম পুক্ষদের চোথে থটকা লাগে। তাঁর আর-এক নেশা আমার উপর দিয়ে জমিয়েছিলেন। পুক্ষরা মেয়েদের মজায় বোকা বানিয়ে, উনি আমাকে মজিয়েছিলেন বিত্তে দিয়ে দিনরাত। দেখুন চৌধুরীমশায়, স্বামীর ঘ্র্বলতা জীর কাছে ঢাকা থাকে না, কিন্তু আমি ওঁর মধ্যে কোনোথানে থাদ দেখতে পাই নি। কাছে থেকে বখন দেখতুম, দেখেছি উনি বড়ো; আজ দ্বের থেকে দেখছি, দেখি উনি আরও বড়ো।"

टोधुत्री खिन रनमा कदलन, "त्कान्थात मव टिप्स डांक वर्षा ठिकछ।"

"বলব? উনি বিছান বলে নয়। বিহার 'পরে ওঁর নিজাম ভক্তি ছিল ব'লে। উনি একটা পুজার আলো পুজার হাওয়ার মধ্যে ছিলেন। আমরা মেয়েরা দেখবার-ছোঁবার মতো জিনিস না পেলে পুজো করবার পথ পাই নে। তাঁর এই ল্যাবরেটরি আমার পুজোর দেবতা হয়েছে। ইচ্ছে করে এখানে মাঝে মাঝে ধুপধুনো জালিয়ে শাঁথঘন্টা বাজাই। ভয় করি আমার স্বামীর ঘুণাকে। তাঁর দৈনিক যখন পুজো ছিল, এই-সব যন্ত্রজ্ঞ ঘিরে জমত কলেজের ছাত্রেরা, শিকা নিত তাঁর কাছ থেকে, আর আমিও বলে যেতুম।"

"ছেলেগুলো সায়ান্দে মন দিতে পারত কি।"

"ষারা পারত তাদেরই বাছাই হয়ে বেত। এমন-সব ছেলে দেখেছি যারা সত্যকার বৈরাগী। স্থাবার দেখেছি কেউ কেউ নোট নেবার ছলে একেবারে পাশের ঠিকানায় চিঠি লিখে শাহিত্যটা করত।"

"কেমন লাগত ?"

"সভিয় কথা বলব ? খারাপ লাগত না। স্বামী চলে খেতেন কাজে, ভার্কদের মন আলোগালে ঘূর ঘূর করত।"

"কিছু মনে কোরো না, আমি সাইকলজি কাঁভি করে থাকি। জিগ্গোঁসা করি, ওরা কিছু ফল শেত কি।"

"বলতে ইচ্ছে করে না, নোংরা আমি। ছ্চারজনের সঙ্গে জানাশোনা হয়েছে যাদের কথা মনে পড়লে আঞ্চও মনের মধ্যে মুচড়িয়ে ধরে।"

"হচারজন ?"

"মন বে লোভী, মাংসমজ্জার নীচে লোভের চাপা আগুন সে প্কিয়ে রেখে দেয়, থোঁচা পেলে জলে ওঠে। আমি তো গোড়াতেই নাম ভ্বিয়েছি, সত্যি কথা বলতে আমার বাধে না। আজয় তপবিনী নই আমরা। ভড়ং করতে করতে প্রাণ বেরিয়ে গেল মেয়েদের। ভৌপদীকুজীদের সেজে বসতে হয় সীতাসাবিত্রী। একটা কথা বলি আপনাকে চৌধুরীমশায়, মনে বাখবেন, ছেলেবেলা থেকে ভালোমন্দ-বোধ আমার ল্পষ্ট ছিল না। কোনো গুলু আমায় তা শিক্ষা দেন নি। তাই মন্দের মাঝে আমি ঝাঁপ দিয়েছি সহজে, পারও হয়ে গেছি সহজে। গায়ে আমায় দাগ লেগেছে কিন্তু মনে ছাপ লাগে নি। কিছু আমাকে আঁকড়ে ধরতে পারে নি। ঘাই হোক, তিনি ঘাবার পথে তাঁর চিতার আগুনে আমার আসজিতে আগুন লাগিয়ে দিয়েছেন, জমা পাপ একে একে জলে যাছে। এই ল্যাবরেটরিতেই জলছে সেই হোমের আগুন।"

"ব্রাভো, দত্যি কথা বদতে কী সাহস ভোমার।"

"সন্তিয় কথা বলিয়ে নেবার লোক থাকলে বলা সহন্ধ হয়। আপনি যে খুব সহন্ধ, খুব সন্তিয়।"

"দেখো, ঐ যে চিঠিলিখিয়ে ছেলেগুলো তোমার প্রসাদ পেয়েছিল, তারা কি এখনও আনাগোনা করে।"

"সেই করেই তো তারা মৃছে দিয়েছে আমার মনের ময়লা। দেখলুম, ফুটছে তারা আমার চেকবইরের দিকে লক্ষ্য করে। তেবেছিল মেয়েমাল্লের মোহ মরতে চায় না, ভালোবাসার সিঁধের গর্ত দিয়ে পৌছবে তাদের হাত আমার টাকার সিন্দুকে। এত রস আমার নেই, তারা তা জানত না। আমার ভকনো পাঞ্চাবি মন। আমি সমাজের আইনকাল্লন ভাসিয়ে দিতে পারি দেহের টানে প'ড়ে, কিছু প্রাণ গেলেও বেইমানি করতে পারব না। আমার স্যাবরেটরির এক পয়সাও তারা ধ্যাতে পারে নি। আমার

প্রাণ শক্ত পাথর হয়ে চেপে আছে আমার দেবতার ভাগ্তারের দার। ওদের সাধ্য নেই সে পাথর গলাবে। আমাকে যিনি বেছে এনেছিলেন তিনি তুল করেন নি।"

"তাঁকে আমি প্রণাম করি, আর পাই যদি সেই ছেলেগুলোর কান মলে দিই।"

বিদায় নেবার আগে অধ্যাপক একবার ল্যাবরেটরিটা ঘূরে এলেন লোহিনীকে সঙ্গে নিয়ে। বললেন, "এখানেই মেয়েলিবৃদ্ধির চোলাই হয়ে গেছে, অপদেবতার গাদ গেছে নেমে, বেরিয়ে এগেছে বাঁটি স্পিরিট।"

সোহিনী বললে, "বা বলুন, মন থেকে ভয় বায় না। মেয়েলিবৃদ্ধি বিধাতার আদি স্ষ্টি। যখন বয়দ অল্প থাকে মনের জোর থাকে, তখন দে লুকিয়ে থাকে ঝোপেঝাপে, থেই রক্ত আদে ঠাওা হয়ে, বেরিয়ে আদেন দনাতনী পিদিমা। তার আগেই আমার মরবার ইচ্ছে রইল।"

অধ্যাপক বললেন, "ভয় নেই তোমার, আমি বলছি তুমি সজ্ঞানে মরবে।"

đ

নাদা শাড়ি পরে মাথায় কাঁচাপাকা চুলে পাউডার মেথে সোহিনী মুখের উপর একটি শুচি সান্তিক আভা মেজে তুললে। মেয়েকে নিয়ে মোটরলঞ্চে করে উপস্থিত হল বোটানিকালে। তাকে পরিয়েছে নীলচে সব্জ বেনারদী শাড়ি, ভিতর থেকে দেখা যায় বদন্তী রঙের কাঁচুলি। কপালে তার কুছ্মের ফোঁটা, কৃত্ম একটু কাজলের বেখা চোথে, কাঁথের কাছে ঝুলেপড়া গুচ্ছকরা খোঁপা, পায়ে কালো চামড়ার 'পরে লাল মথমলের কাজ-করা স্থাণ্ডেল।

বে আকাশনিম-বীধিকার তলার রেবতী রবিবার কাটায় আগে থাকতে সংবাদ নিয়ে সোহিনী সেইখানেই এসে তাকে ধরলে। প্রণাম করলে একেবারে তার পায়ে মাথা রেখে। বিষম ব্যক্ত হয়ে উঠল রেবতী।

সোহিনী বললে, "কিছু মনে কোরো না বাবা, তুমি ব্রাহ্মণের ছেলে, আমি ছত্তির মেয়ে। চৌধুরীমশায়ের কাছে আমার কথা শুনে থাকবে।"

"ভনেছি। কিন্তু এখানে আপনাকে বসাব কোথায়।"

"এই-বে রয়েছে সবুজ তাজা ঘাস, এমন জ্ঞাসন কোথার পাওয়া যায়। ভাবছ বোধ হয়, এখানে আমি কী করতে এসেছি। এসেছি জ্ঞামার ত্রত উদ্বাপন করতে। তোমার মতো ত্রান্ধণ তো খুঁজে পাব না।"

বেবতী আন্চর্য হয়ে বললে, "আমার মতো ব্রাহ্মণ ?"

ভানা তোকী। স্বামার গুরু বলেছেন, এর্থনকার কালের সুরলেরা যে বিছা

ভাতেই বাব দখল ভিনিই দেৱা ভ্রাহ্মণ।"

রেবভী অপ্রস্তুত হয়ে বললে, "আমার বাবা করতেন যজনবাজন, আমি মন্ত্রতন্ত্র কিছুই জানি নে।"

"বল কী, তুমি বে মন্ত্র শিখেছ সেই মন্ত্রে লগৎ হয়েছে মাছবের বশ। তুমি ভাবছ মেয়েমাছবের মুখে এলব কথা এল কোথা থেকে। পেয়েছি পুরুষের মডো পুরুষের মুখ থেকে। তিনি আমার স্বামী। বেখানে তাঁর লাধনার পীঠন্থান ছিল, কথা দাও বাবা, দেখানে তোমাকে যেতে হবে।"

"কাল নকালে আমার ছুটি আছে, বাব।"

"তোমার দেখছি গাছপালার শধ। বড়ো আনন্দ হল। গাছপালার থেঁাব্দে আমার স্বামী গিয়েছিলেন বর্মায়, আমি তাঁর সঙ্গ ছাড়ি নি।"

সঙ্গ ছাড়ে নি কিন্তু সায়ান্সের চর্চায় নয়। নিজের ভিতর থেকে বে গাদ উঠত ফুটে, সামীর চরিত্রের মধ্যেও সেটা অহমান না করে থাকতে পারত না। সন্দেহের সংস্থার ছিল ওর আঁতে আঁতে। একসময়ে নন্দকিশোরের যখন গুরুতর পীড়া হয়েছিল, তিনি স্ত্রীকে বলেছিলেন, "মরবার একমাত্র আরাম এই ষে, দেখান থেকে তুমি আমাকে খুঁজে বের করে ফিরিয়ে আনতে পারবে না।"

मारिमी वनरम, "मरम स्वरू भाति रहा।"

नमकित्भात्र द्राम रनतन्त्र, "मर्रनाम।"

সোহিনী বেবতীকে বললে, "বর্ম। থেকে আসবার সময় এনেছিলুম এক গাছের চার।। বর্মিজরা তাকে বলে কোষাইটানিয়েক। চমংকার ফুলের শোভা— কিছু কিছুতেই বাঁচাতে পারলুম না।"

আজই সকালে স্বামীর লাইব্রেরি ঘেঁটে এ নাম সোহিনী প্রথম বের করেছে। গাছটা চোখেও দেখে নি। বিভার জাল ফেলে বিছানকে টানতে চায়।

অবাক হল রেবতী। জিগ্গেস। করলে, "এর লাটিন নামটা কি জানেন।" সোহিনী অনায়াসে বলে দিলে, "তাকে বলে মিলেটিয়া।"

বললে, "আমার স্বামী সহজে কিছু মানতেন না, তবু তাঁর একটা অন্ধবিশ্বাস ছিল ফলে ফুলে প্রস্কৃতির মধ্যে যা-কিছু আছে স্কলর, মেয়েরা বিশেষ অবস্থায় তার দিকে একান্ত করে যদি মন রাখে তা হলে সন্তানরা স্কলর হয়ে জ্ব্যাবেই। এ কথা তৃমি বিশ্বাস কর কি।"

বলা বাছল্য এটা নন্দকিশোরের মত নয়। রেবতী মাধ্য চুল্ফিয়ে বৃদ্দে, "যুধোচিত প্রমাণ তো এখনও জুড়ো হয় নি।" সোহিনী বললে, "অন্তত একটা প্রমাণ পেরেছি আমার আপন ঘরেই। আমার মেরে এমন আশ্চর্য রূপ পেল কোথা থেকে। বসন্তের নানা ফুলের বেন— থাক্, নিজের চোথে দেখলেই বুঝতে পারবে।"

দেখবার ব্রক্ত উৎস্কৃত্রে উঠল রেবতী। নাট্যের কোনো সরপ্তাম বাকি ছিল না।
 লোহিনী তার রাঁধুনী বাম্নকে দাজিরে এনেছে প্রারী বাম্নের বেশে। পরনে
 চেলি, কপালে ফোটাভিলক, টিকিতে ফুল বাধা, বেলের আঠার মাজা মোটা পইতে
 গলায়। তাকে ভেকে বললে, "ঠাকুর, সময় তো হল, নীলুকে এবার ভেকে নিয়ে এসো।"

নীলাকে তার মা বদিয়ে রেখেছিল স্তীমলঞে। ঠিক ছিল ডালি. হাতে সে উঠে আদবে, বেশ খানিকখন তাকে দেখা যাবে সকালবেলার ছায়ায়-আলোয়।

ই।তমধ্যে বেবতীকে সোহিনী তন্ত্ৰ করে দেখে নিতে নাগল। বঙ মহণ স্থামবর্ণ, একটু হলদের আতা আছে। কপাল চওড়া, চুলগুলো আঙুল বুলিয়ে বুলিয়ে উপরে তোলা। চোখ বড়ো নয় কিছু তাতে দৃষ্টিশক্তির স্বচ্ছ আলো জল্ জল্ করছে, মুখের মধ্যে সেইটেই সকলের চেয়ে চোখে পড়ে। নীচে মুখের বেড়টা মেয়েলি ধাঁচের মোলায়েম। বেবতীর সম্বন্ধে ও যত ধবর জোগাড় করেছে তার মধ্যে ও বিশেষ লক্ষ্য করেছে একটা কথা। ছেলেবেলাকার বন্ধুদের ওর উপরে ছিল কান্নাকাটি-জড়ানো সেনিমেন্টাল ভালোবাসা। ওর মুখে যে একটা তুর্বল মাধুর্য ছিল, তাতে পুরুষ বালকদের মনে মোহ আনতে পারত।

সোহিনীর মনে পটকা লাগল। ওর বিশ্বাস, মেয়েদের মনকে নোঙরের মতো
শক্ত করে আঁকড়ে ধরার জন্মে পুরুষের ভালো দেপতে হওয়ার দরকারই করে না।
বৃদ্ধিবিছেটাও গৌণ। আসল দরকার পৌরুষের ম্যাগ্নেটিজ্ম। সেটা তার স্বায়্র
পেশীর ভিতরকার বেতার-বার্তার মতো। প্রকাশ পেতে থাকে কামনার অকথিত
স্পর্ধারূপে।

মনে পড়ল, নিজের প্রথম বরসের রসোয়ন্ততার ইতিহাস। ও বাকে টেনেছিল কিংবা যে টেনেছিল ওকে, তার না ছিল রপ, না ছিল বিশ্বা, না ছিল বংশগৌরব। কিন্তু কী একটা অদৃত্ত তাপের বিকিরণ ছিল যার অলক্য সংস্পর্দে সমস্ত দেহ মন দিয়ে ও তাকে অত্যন্ত করে অন্তত্তর করেছিল পুরুষমান্ত্র্য ব'লে। নীলার জীবনে কখন একসময়ে সেই অনিবার্থ আলোড়নের আরম্ভ হবে এই ভাবনা তাকে দ্বির থাকতে দিভ না। যৌবনের শেষ দশাই সকলের চেয়ে বিপদের দশা, সেই সময়টাতে সোহিনীকে অনেকথানি ভূলিয়ে রেখেছিল নিরবকাশ জানের চর্চায়। কিন্তু দৈবাৎ সোহিনীর মনের জমি ছিল বভাবত উর্বরা। কিন্তু বে জ্ঞান নৈর্যন্তিক, নব মেয়ের তার প্রতি

টান থাকে না। নীলার মনে আলো পৌছর না।

নদীর ঘাট থেকে আত্তে আত্তে দেখা দিল নীলা। রোদুর পড়েছে তার কপালে তার চূলে, বেনাবসি শাড়ির উপরে অবির রিন্মি অল্মল্ করে উঠছে। রেবতীর দৃষ্টি একমুষ্ঠের মধ্যে ওকে ব্যাপ্ত করে, দেখে নিলে। চোখনামিয়ে নিল পরক্ষণেই। ছেলেবেলা থেকে তার এই শিক্ষা। বে ক্ষ্মরী মেয়ে মহামায়ার মনোহারিণী লীলা, তাকে আড়াল করে রেখেছে পিনির তর্জনী। তাই বখন ক্ষোগ ঘটে তখন দৃষ্টির অমৃত ওকে তাড়াতাড়ি এক চুমুকে গিলতে হয়।

মনে মনে রেবতীকে ধিকার দিয়ে সোহিনী বললে, "দেখো দেখো, একবার চেয়ে দেখো।"

বেবতী চমকে উঠে চোখ তুলে চাইলে।

সোহিনী বললে, "দেখো তো ডক্টর অব সায়ান্স, ওর শাড়ির রঙের সঙ্গে পাতার রঙের কী চমৎকার মিল হয়েছে।"

রেবতী সদংকোচে বললে, "চমৎকার।"

সোহিনী মনে মনে বললে, "নাঃ, আর পারা গেল না।' আবার বললে, "ভিতরে বসন্তী রঙ উকি মারছে, উপরে সবজে নীল। কোনু ফুলের সঙ্গে মেলে বলো দেখি।"

উৎসাহ পেয়ে রেবতী ভালো করেই দেখলে। বললে, "একটা ফুল মনে পড়ছে কিন্তু উপরের আবরণটা ঠিক নীল নয়, ব্রাউন।"

"কোন্ ফুল বলো তো।"

(त्रवर्डी वनल, "(मनिना।"

"ও ব্ঝেছি। তার পাঁচটি পাপড়ি, একটি উজ্জ্বল হলদে, বাকি চারটে খ্যামবর্ণ।"
রেবতী আশ্চর্য হয়ে গেল। বললে, "এত করে ফুলের পরিচয় জানলেন কী করে।"
সোহিনী হেসে বললে, "জানা উচিত হয় নি বাবা। পুজোর সাঞ্জির বাইরের
ফুল আমাদের কাছে পরপুক্ষর বললেই হয়।"

ভালি হাতে এল ধীরে ধীরে নীলা। মা বললে, "অভসড় হয়ে দাঁড়িয়ে রইলি কেন। পাছুঁয়ে প্রণাম কর।"

"থাক্ থাক্" ব'লে বেবতী অস্থির হয়ে উঠল। বেবতী আসন করে বসেছিল, পা খুঁজে বেব করতে নীলাকে একটু হাতড়াতে হল। শিউবে উঠল বেবতীর সমন্ত শরীর। ডালিতে ছিল ছুর্লভ-জাতীয় অর্কিভের মঞ্জরি, ক্পোর থালায় ছিল বাদামের তক্তি, পেন্তার বর্ষি, চন্দ্রপুলি, ক্লীরের ছাঁচ, মালাইয়ের বর্ষি, চৌকো করে কাটা কাটা ভাপা দই। বললে, "এ সমস্তই তৈরি নীলার নিজের হাতে।"
সম্পূর্ণ মিধ্যে কথা। এসর কাজে নীলার না ছিল হাত, না ছিল মন।
সোহিনী বললে, "একটু মুখে দিতে হয় বাবা, ঘরে তৈরি তোমারই উদ্দেশে।"
ফরমাশে তৈরি বড়োবাজারের এক চেনা দোকানে।

রেবতী হাত জোড় করে বললে, "এ সময়ে থাঁওয়া আমার অভ্যাদ নয়। বরং অহমতি করেন যদি বাসায় নিয়ে যাই।"

সোহিনী বললে, "সেই ভালো। অহুরোধ করে থাওয়ানো আমার স্বামীর আইনে বারণ। তিনি বলতেন, মাহুব তো অকগরের জাত নয়।"

একটা বড়ো টিফিন-ক্যারিয়রে থাকে থাকে সোহিনী খাবার দাজিয়ে দিলে। নীলাকে বললে, "দে তো মা, দাজিতে ফুলগুলি ভালো করে দাজিয়ে। এক জাতের দক্ষে আর-এক জাত মিশিয়ে দিস নে যেন। আর তোর খোঁপা ঘিরে ঐ যে সিঙ্কের ক্ষমাল জড়িয়েছিস, ওটা পেতে দিস ফুলগুলির উপরে।"

বিজ্ঞানীর চোথে আর্টিপিপাস্থর দৃষ্টি উঠল উৎস্ক হয়ে। এ যে প্রাক্ত জগতের মাপ-ওজনের বাইরেকার জিনিস। নানা রঙের ফুলগুলির মধ্যে নীলার স্থঠাম আঙুল সাজাবার লয় রেখে নানা ভলিতে চলছিল— রেবতীর «চোপ ফেরানো দায় হল। মাঝে মাঝে নীলার ম্থের দিকে তাকিয়ে নিচ্ছিল। এক দিকে দেই ম্থের সীমানা দিয়েছে চুনিম্জোপালার-মিশোলকরা একহারা হার জড়ানো চুলের ইন্দ্রধন্থ, আর-এক দিকে বসন্তীরঙা কাঁচুলির উচ্ছিত রাঙা পাড়টি। সোহিনী মিষ্টাল সাজাচ্ছিল কিন্ত ওর একটা ভৃতীয় নেত্র আছে যেন। সামনে যে একটা জাত্ব চলছিল সে ওর লক্ষ্য এড়ায় নি।

নিজের স্বামীর অভিজ্ঞত। অহুসারে সোহিনীর ধারণা ছিল বিভাসাধনার বেড়া-দেওয়া খেত যে-সে গোকর চরবার খেত নয়। আজ আভাগ পেল বেড়া সকলের পক্ষে সমান ঘন নয়। সেটা ভালো লাগল না।

U

পরের দিন সোহিনী অধ্যাপককে ডেকে পাঠালে। বললে, "নিজের গরজে আপনাকে ডেকে এনে মিছিমিছি কট দিই। হয়তো কাজের ক্ষতিও করি।"

"দোহাই তোমার, আরও-একটু ঘন ঘন ডেকো। দরকার থাকে তো ভালো, না থাকে তো আরও ভালো।"

"প্লাপনি আনেন, দামী বন্ধ সংগ্রাহের নেশায় আমার স্বামীর কাণ্ডাকাও জ্ঞান থাকত

লা। মনিবদের ফাঁকি দিতেন এই নিকাম লোভে। সমন্ত এদিয়ার মধ্যে এমন ল্যাবরেটরি কোধাও পাওয়া যাবে না, এই জেদ তাঁর মতো আমাকেও পেয়ে বদেছিল। এই জেদেই আমাকে বাঁচিয়ে রেখেছিল, নইলে আমার মোদো রক্ত গাঁজিয়ে উঠে উপচিয়ে পড়ত চার দিকে। দেখুন চৌধুরীমশায়, নিজের স্বভাবের মধ্যে মন্দটা যা লেপটিয়ে থাকে সেটা বাঁর কাছে অসংকোচে বলতে পারি আপনি আমার সেই বরু। নিজের কলকের দিকটা দেখাবার থোলদা দরজা পেলে মন হাঁফ ছেড়ে বাঁচে।"

চৌধুরী বললেন, "ধারা সম্পূর্ণটা দেখতে পায় তাদের কাছে সত্যকে চাপ। দেবার দরকার করে না। আধা সত্যই লজ্জার জিনিস। পুরোপুরি দেখার ধাত আমাদের, আমরা বিজ্ঞানী।"

"তিনি বলতেন, মাহ্ম প্রাণপণে প্রাণ বাঁচাতে চায় কিন্তু প্রাণ তো বাঁচে না। সেইজন্তে বাঁচবার শথ মেটাবার জন্তে এমন কিছুকে সে খুঁজে বেড়ায় বা প্রাণের চেয়ে অনেক বেশি। সেই ঘূল ভি জিনিসকে তিনি পেয়েছেন তাঁর এই ল্যাবরেটরিতে। একে যদি আমি বাঁচিয়ে রাখতে না পারি তা হলেই তাঁকে চরম করে মারব স্বামীঘাতিনী হয়ে। আমি এর বক্ষক চাই, তাই খুঁজছিলুম রেবতীকে।"

"(ठडें। करत प्रथल ?"-

"দেখেছি, হাতে হাতে ফল পাবার আশ। আছে, কিন্তু শেষ পর্যন্ত টি কবে না।" "কেন।"

"ওঁর পিদিমা যেমনি শুনবেন রেবতীকে টেনেছি কাছে, অমনি তাঁকে ছেঁ। মেরে নিয়ে যাবার জন্তে ছুটে আসবেন। ভাববেন, আমার মেয়ের সঙ্গে ওঁর বিয়ে দেবার ফাঁদ পেতেছি।"

"দোৰ কী, হলে তো ভালোই হত। কিন্তু তুমি বে বলেছিলে, বেজাতে মেয়ের বিয়ে দেবেনা।"

"তথনও আপনার মন জানতুম না, তাই মিধ্যে কথা বলেছিলুম। খুবই চেয়েছিলুম। কিন্তু ছেড়েছি দেই মতলব।"

"क्न।" <sub>४</sub>

"বুঝতে পেরেছি, ও ভাঙনধরানো মেয়ে। ওর হাতে বা পড়বে তা আন্ত থাকবে না।" "কিন্তু ও তো ডোমারই মেয়ে।"

"আমারই মেয়ে তো বটে, তাই তো ওকে আঁতের ভিতর থেকেই চিনি।"
অধ্যাপক বললেন, "কিন্তু এ কথা ভূললে চলবে কেন যে, মেয়ের। পুরুষের
ইনম্পিরেশন আগাতে পারে।"

"আমার শবই জানা আছে। পুরুষের খোরাকে আমিব পর্বন্ত ভালোই চলে কিছু মন ধরাকেই সর্বনাশ। আমার মেয়েটি মনের পাত্র, কানায় কানায় ভরা।"

"তা হলে কী করতে চাও বলো।"

"আমার ল্যাবরেটরি দান করতে চাই পাব্লিককে।"

"তোমার একমাত্র মেরেকে এড়িয়ে দিয়ে ?"

"মেয়েকে ? শুকে দান করলে সে দান পৌছবে কোন্ বসাতলে কী করে জানব আমার ট্রান্ট সম্পত্তির প্রেসিডেন্ট করে দেব রেবতীকে। তাতে তো পিসির আগতি হতে পারবে না ?"

"মেরেদের আপত্তির যুক্তি বদি ধরতেই পারব তা হলে পুরুষ হয়ে জন্মাতে গেল্ম কেন। কিন্তু একটা কথা বুঝতে পারছি নে, ওকে যদি জামাই না করবে তা হলে প্রেসিডেন্ট করতে চাও কেন।"

"শুধু ষমগুলো নিয়ে কী হবে। মাহ্য চাই ওদের প্রাণ দিতে। আর-একটা কথা এই, আমার স্বামীর মৃত্যুর পর থেকে একটাও নতুন যন্ধ আনা হয় নি। টাকার অভাবে নয়। কিনতে হলে একটা লক্ষ্য ধরে কিনতে হয়। খবর কেনেছি, রেবতী ম্যাগ নেটিজ ম্ নিয়ে কান্ধ করছেন। সেই পথে সংগ্রহ এগিয়ে চলুক, যত দাম লাগুক্-না।"

"কী আর বলব, পুরুষমান্থর যদি হতে তোমাকে কাঁধে করে নিয়ে নেচে বেড়াতুম। তোমার স্বামী রেল-কোম্পানির টাকা চুরি করেছিলেন, তুমি চুরি করে নিয়েছ তাঁর পুরুষের মনখানা। এমন অস্তৃত কলমের-জোড়-লাগানো বৃদ্ধি স্বামি কথনও দেখি নি। স্বামারও পরামর্শ নেওয়া তুমি যে দরকার বোধ কর, এই স্বাশ্র্য।"

"তার কারণ আপনি যে খুব খাঁটি, ঠিক কথা বনতে জানেন।"

"হাসালে তুমি। তোমাকে বেঠিক কথা ব'লে ধরা পড়ব, এত বড়ো নিরেট বোকা আমি নই। তা হলে লাগা যাক এবার, জিনিসপত্র ফর্দ করা, দর্কুলাচাই করা, ভালো উকিল ডেকে তোমার স্বন্ধ বিচার করা, আইনকাস্থন বেঁধে দেওয়া ইত্যাদি অনেক হাসামা আছে।"

" এসব দার কিন্তু আপনারই।"

"সেটা হবে নামমাত্র। বেশ ভালো করেই জান, যা তুমি বলাবে তাই বলব, যা করাবে তাই করব। আমার লাভটা এই বে সুবেলা দেখা হবে ভোমার সঙ্গে। ভোমাকে যে কী চক্ষে দেখেছি তুমি তো জান না।"

লোহিনী চৌকি বেকে উঠে এনে ধাঁ করে এক হাতে চৌধুরীর গলা **অভি**রে ধরে

গালে চুমো খেয়ে চট্ করে সুবৈ গেল, ভালোমান্থবের মতো বদল গিয়ে চৌকিতে।
"ঐ রে দর্বনাশের শুরু হল দেখছি।"

"লে ভয় বদি একটুও থাকত তা হলে কাছেও এগতুম না। এ বরাদ আপনার জুটবে মাঝে মাঝে।"

"ঠিক বলছ ?"

"ঠিকই বলছি। আমার এতে ধরচ নেই, আগনারও যে বেশি কিছু পাওনা আছে. মুধের ভাষ দেখে তা বোধ হচ্ছে না।"

"অর্থাৎ বলতে চাও, এ হচ্ছে মরা কাঠে কাঠিঠোকরার ঠোকর দেওয়া।— চলল্ম উকিলবাড়িতে।"

"কাল একবার আসবেন এ পাড়াতে।"

"কেন, কী করতে।"

"রেবতীর মনে দম দিতে।"

"আর নিজের মনটা খুইয়ে বসতে।"

"মন কি আপনার একলারই আছে।"

"তোমার মনের কিছু বাকি আছে নাকি।"

"উচ্ছিষ্ট অনেক পড়ে আছে।"

"তাতে এখনও অনেক বাদর নাচানো চলবে।"

9

ভার পরদিনে রেবভী ল্যাবরেটরিতে নির্দিষ্ট সময়ের অন্তত বিশ মিনিট আগে এসেই উপস্থিত। সোহিনী প্রস্থাত ছিল না, আটপৌরে কাপড়েই ভাড়াতাড়ি চলে এল ঘরে। রেবভী বুঝতে পারলে গলদ হয়েছে। বললে, "আমার ঘড়িটা ঠিক চলছে না দেখছি।" সোহিনী সংক্ষেপে বললে, "নিশ্চয়।" একসময়ে একটু কী শব্দ শুনে রেবভী মনে মনে চমকে উঠে দরজার দিকে ভাকালে। স্থখন বেহারাটা মাসকেসের চাবি নিয়ে এর্ল ঘরে।

সোহিনী জিগ্গেসা করলে, "এক পেয়ালা চা আনিয়ে দেব কি।" বেবতী ভাবলে বলা উচিত, হা। বললে, "দোষ কী।"

ও বেচারার চা অভ্যাস নেই, নর্দির আভাস দিলে বেলপাতাসিদ্ধ গরম জল থেয়ে থাকে। মনে মনে বিশাস ছিল স্বয়ং নীলা আসবে শেয়ালা হাতে।

সোহিনী জিল গেলা কবলে, "তুমি কি কড়া চা খাও।"

७ कम् क'रत वरन वमन, "है।।"

ভাবলে এ ক্ষেত্রে হাঁ বলটোই পাকা দম্ভর। এল চা, সেটা কড়া সন্দেহ-নেই। কালির মতো রঙ, নিমের মতো ভিতো। চা আনলে মৃদলমান খানসামা। এটাও ওকে পরীক্ষা করবার জন্তে। আপত্তি করতে ওর মূথে কথা সরল না। এই সংকোচ ভালো লাগল না সোহিনীর। খানসামাকে বললে, "চা-টা ঢেলে লাও-না মোবারক, ঠাও। হয়ে গেল যে।"

খানসামার হাতের পরিবেষণ-প্রত্যাশায় রেবতী বিশ মিনিট আগে এখানে আসে নি ৷

কী তৃংথে বে মুখে চামচ উঠছিল অন্তর্গামীই জানছিলেন, আর জানছিল সোহিনী। হাজার হোক মেয়েমান্থর, তুর্গতি দেখে বললে, "ও পেয়ালাটা থাক্। তৃধ ঢেলে দিচ্ছি, তার সক্ষে কিছু ফল খেয়ে নাও। সকাল সকাল এসেছ, বোধ হয় কিছু খেয়ে আদা হয় নি।" কথাটা সত্য। রেরজী ভেবেছিল আজও সেই বোটানিকালের পুনরাবৃত্তি হবে। কাছ দিয়েও গেল না, মুখে রয়ে গেল কড়া চায়ের তিতো স্বাদ আর মনে রয়েছে আশাভকের তিতে। অভিক্রতা।

এমনদময় প্রবেশ করলেন অধ্যাপক; ঘরে ঢুকেই রেবতীর পিঠ চাপড়িয়ে বললেন, "কীরে হল কী, দব যে একেবারে ঠাণ্ডা হিম। খুকুর মতো বলে বলে ছধ থাচ্ছিদ ঢকে ঢক। চার দিকে যা দেখছিদ একি খোকাবাবুর খেলনার দোকান। যাদের চোথ আছে তার। দেখেছে, মহাকালের চেলারা এইখানে আদে তাশুবনৃত্য করতে।"

"আহা কেন বকছেন। না খেয়েই ও বেরিয়েছিল আজ সকালে। এল যখন, তখন দেখলুম মুখ যেন ভকনো।"

"ঐ বে পিদিমা দি সেকেগু। এক পিদিমা দেবে এক গালে চাপড়, আর-এক পিদিমা দেবে অহা গালে চুমো। মাঝখানে প'ড়ে ছেলেটা যাবে ভিজে কাদা হয়ে। মানল কথা কী জান, লন্ধী যথন আপনি সেধে আদেন চোথে পড়েন না; যারা সাত মৃদ্ধক বুরে তাঁকে খুঁজে বের করে, ধরা দেন তিনি তাদেরই কাছে। না-চেমে পাওয়ার মতে। না-পাওয়ার আর রান্তা নেই। আছে। বলো দেখি মিসেদ— দ্ব হোক গে ছাই মিসেদ, আমি ডাকবই তোমাকে লোহিনী ব'লে, এতে তুমি রাগই কর আর ষাই কর।"

"মরণ আমার, রাগ করতে যাব কেন। ভাকুন আমাকে সোহিনী ব'লে, স্থহি বললে আমার কান জ্ডিয়ে যাবে।" "গোপন কথাটা প্রকাশ করেই বলি। তোমার ঐ সোহিনী নামটির দক্ষে আর-একটিশব্দের মিল আছে, বড়ো বাঁটি তার অর্থ। সকালে বুম থেকে উঠেই হিনি হিনি কিনি কিনি রবে ঐ ছটি শব্দ মিলিয়ে মনে মনে পঞ্জনি বাজাতে থাকি।"

"কেমিট্রির বিসর্চে মিল করা আপনার অভ্যাস আছে, ওটা তারই একটা ফেঁকড়া।"

"মিল করতে গিয়ে মরেও অনেক লোক। বেশি ঘাঁটাঘাঁটি করতে নেই— ঘোরতর দাহ্য পদার্থ।"

**ब्रहे व'रम हा: हा: मरम डिक्रहान्त्र करत डिर्टरमन**।

"নাং, ঐ ছোকরার দামনে এদব কথার আলোচনা করতে নেই। বারুদের কারখানায় আজ পর্যন্ত ও আ্যাপ্রেন্টিনি শুরু করে নি। পিনিমার আঁচল ওকে আগলে ক্ষাছে, সে আঁচল নন্কম্বান্তিব্ল।"

রেবতীর মেয়েলি মুখ লাল হয়ে উঠছিল।

"সোহিনী, আমি তোমাকে জিগ গেসা করতে যাচ্ছিল্ম, আজ সকালে তুমি কি ওকে আফিম থাইয়ে দিয়েছিলে। অমন ঝিমিয়ে পড়ছে কেন।"

"খাইয়ে যদি থাকি দেটা না জেনে।"

"বের্, ওঠ বলছি ওঠ। মেয়েদের কাছে অমন ম্থচোরা হয়ে থাকতে নেই। ওতে ওদের আম্পর্ধা বেড়ে যায়। ওরা তো ব্যামোর মতো প্রুম্বের ছর্বলতা থুঁজে বেড়ায়, ছিন্ত পেলেই টেম্পারেচর চড়িয়ে দেয় ছ ছ ক'রে। সাবজেইটা জানা আছে, ছেলেগুলোকে সাবধান করতে হয়। আমার মতো যারা ঘা থেয়েছে, মরে নি, তাঁদের কাছ থেকেই পাঠ নিতে হয়। বেরু, কিছু মনে করিস নে বাবা। যারা কথা কয় না, চুপ করে থাকে, তারাই সব চেয়ে ভয়ংকর। চল্ দেখি, তোকে একবার ঘূরিয়ে নিয়ে আসি। ঐ দেখ্ ছটো গ্যালভানোমিটর, একেবারে হাল কায়দার। এই দেখ্ হাই ভারেয়ম পম্প, আর এটা মাইকোফোটোমিটর, এ ছেলে-পাস-করাবার কলার ভেলা নয়। একবার এথানে আসন গেড়ে বোস্ দেখি। সেই তোমার টাকপড়া মাথার প্রোফেসর— নাম করতে চাই নে— দোখ কেমন তার ম্থ চুন হয়ে না যায়। আমার ছাত্র হয়ে যখন তুই বিছে শুরু করলি আমি তোকে বলি নি কি, তোর নাকের সামনে ঝুলছে যাকে কথায় বলে ভবিছং। হেলাকেলা করে সেটাকে কোঁগরা করে দিস নে যেন। তোর জীবনীর প্রথম চ্যাপ্টারের এক কোণে আমার নামটাও ছোটো অক্রেরে লেথা যদি থাকে, সেটা হবে আমার মন্ত গুরুদক্ষিণা।"

দেখতে দেখতে বিজ্ঞানী জেগে উঠল। জলে উঠল তার ছুই চোধ। চেহারাট।

একেবারে ভিতর থেকে গেল বদলে। মৃদ্ধ হয়ে লোহিনী বললে, "তোমাকে যে-কেউ জানে তারা সকলেই তোমার এত বড়ো উন্নতির আশা করে যা প্রতিদিনের জিনিস্নর, যা চিরদিনের। কিন্তু আশা ষতই বড়ো, ততই বড়ো তার বাধা ভিতরে বাইরে।"

অধ্যাপক রেবতীর পিঠে আর-একবার দিলে একটা মন্ত চাপড়। ঝন্ঝন্ করে উঠল তার শিরদাড়া। চৌধুরী তাঁর মন্ত ভারী গলায় বললেন, "দেখ রেব্, যে মহৎ ভবিগ্রতের বাহন হওয়া উচিত ছিল এরাবত, কুপণ বর্তমান চাপিয়ে দেয় তাকে গোকর গাড়িতে, কাদায় পড়ে থাকে সে অচল হয়ে। শুনছ, সোহিনী, স্বহি ?— না না ভয় নেই, পিঠে চাপড় মারব না। বলো সত্যি ক'রে, কথাটা আমি কেমন গুছিয়ে বলেছি।"

"চমৎকার।"

"ওটা লিখে রেখো তোমার ডায়ারিতে।"

"তা ব্ৰাথব।"

**"কথাটার মানেটা বুঝেছিস তে। রেবি ?"** 

"বোধ হয় বুঝেছি।"

"মনে রাখিদ মন্ত প্রতিভার মন্ত দায়িত। ও তো কারও নিজের জিনিস নয়। ওর জ্বাবদিছি অনস্তকালের কাছে। শুনছ স্বহি, শুনছ? কথাটা ক্রমন বলেছি বলো তো ভাই।"

, "খুব ভালো বলেছেন। আগেকার দিনের রাজা থাকলে গলা থেকে মালা খুলে—"

"তারা তো মরেছে সব, কিস্ক—"

"ঐ কিন্তুটুকু মরে নি, মনে থাকবে।"

রেবতী বললে, "ভয় নেই, কিছুতে আমাকে ঘুর্বল করবে না।"

সোহিনীকে পাছুঁয়ে প্রণাম করতে গেল। সোহিনী তাড়াতাড়ি আটকিয়ে দিলে।
চৌধুরী বললেন, "আরে করলে কী। পুণ্যকর্ম না করার দোষ আছে, পুণ্যকর্মে
বাধা দেওয়ার দোষ আরও বেশি।"

সোহিনী বললে, "প্রণাম বদি করতে হয় তো ঐথানে।"— ব'লে বেদির উপরে বদানো নলকিশোরের মূর্তি দেখিয়ে দিলে। ধৃপধুনো জলছে, ফুলে ভরে আছে ধালা।

বললে, "পাতকীকে উদ্ধার করার কথা পুরাণে পড়েছি। আমাকে উদ্ধার করেছেন
 মহাপুরুষ। অনেক নিচে নামতে হয়েছিল, শেষকালে তুলে বসাতে পেরেছেন—

পাশে বললে মিখ্যে হবে, তাঁর পায়ের ভলায়। বিভার পথে মাহ্যকে উদ্ধার করবার দীকা তিনি আমাকে দিয়ে গেছেন। বলে গিলেছেন বেন মেয়েজামাইয়ের গুমর বাড়াবার জল্ঞে তাঁর জীবনের ধনিখোঁড়া রত্ন ছাইয়ের গাদায় হারিয়ে না ফেলি। বললেন, 'ঐথানে রেখে গেলেম আমার সদ্যতি, আর সদ্যতি আমার দেশের।' "

অধ্যাপক বললেন, "শুনলি তো রেবু? এটা হবে ট্রান্ট সম্পত্তি, তোকে দেওয়া হবে তার কর্তৃত্ব।"

রেবতী ব্যস্ত হয়ে বললে, "কর্তৃত্ব নেবার যোগ্য আমি নই। আমি পারব না।" সোহিনী বললে, "পারবে না! ছি, এ কি পুরুষের মতো কথা।"

রেবতী বললে, "আমি চিরদিন পড়ান্ডনো করে এসেছি, এরকম কান্ধের ভার কখনও নিই নি।"

চৌধুরী বললেন, "ডিম ফোটবার আগে কখনও হাঁদ সাঁতার দেয় নি। আজ ডোমার ডিমের খোলা ভাঙৰে।"

সোহিনী বললে, "ভয় নেই ভোমার, আমি ভোমার সঙ্গে পঞ্চে ধাকব।" বেবতী আশস্ত হয়ে চলে গেল।

সোহিনী অধ্যাপকের ম্থের দিকে চেয়ে রইল। চৌধুরী বললেন, "জগতে বোকা অনেকরকম আছে, পুরুষ বোকা সকল বোকার সেরা। কিন্তু মনে রেখা, দায়িত্ব হাতে না পেলে দায়িত্বের যোগ্যতা জ্মায় না। একজোড়া হাত পেয়েছে মাহুষ তাই সে হয়েছে মাহুষ, একজোড়া খুর পেলেই তার সঙ্গে সঙ্গে মলবার যোগ্য লেজ আপনি গজিয়ে উঠত। তুমি কি রেবতীর হাতের বদলে খুর দেখতে পেয়েছ নাকি।"

"না, আমার ভালো লাগছে না। মেয়ের হাতেই যারা মাছ্য কোনো কালে ভাদের ঘূধে-দাঁত ভাঙে না। কপাল আমার। আপনি থাকতে আমি আর-কারও কথা কেন ভাবতে গেলুম।"

"খুৰী হল্ম ওনে। একটুগানি বুঝিয়ে দাও কী গুণ আছে আমার।" "লোভ নেই আপনার একটুও।"

"এত বড়ো নিন্দের কথা। লোভের মতো দ্বিনিসকে লোভ করি নে ?— খুবই করি—"

মুখের কথা কেড়ে নিয়ে তাঁর ছুই গালে ছুই চুমো দিয়ে সোহিনী সরে গেল। "কোন্ খাতায় জমা হল এটা সোহিনী।"

"আপনার কাছে যে ঋণ পেয়েছি সে তো শোধ করতে পারি নে, তারই হৃদ দিছিঃ" শ্রথম দিন শেয়েছি একটি, আজ শেলুম স্কৃষ্টি। কেবলই বেড়ে চলবে নাকি।"
শ্বাড়বে বই কি, চক্রবৃদ্ধির নিয়মে।"

5

চৌধুরী বললেন, "সোহিনী, তোমার স্বামীর প্রান্ধে শেষকালে স্বামাকে পুরুত বানিয়ে দিলে? সর্বনাশ, এ কি কম দায়িত। যার অন্তিত্ব হাতভিয়ে পাওয়া যায় না তাকে খুশী করা! এ তো বাধাদস্করের দানদক্ষিনে নম যে—"

"আপনিও তো বাঁধাদম্ভরের গুরুঠাকুর নন, আপনি বা করবেন দেটাই হবে পদ্ধতি। দানের ব্যবস্থা তৈরি করে রেখেছেন তো?"

"কদিন ধরে ঐ কাজই করেছি, দোকানবাজার কম ঘূরি নি। দানসামগ্রী সাজানো হয়ে গেছে নীচের বড়ো ঘরটাতে। ইহলোকস্থিত আত্মা যারা এগুলো আত্মসাৎ করবে তারা পেট ভরে খুনী হবে, সন্দেহ নেই।"

চৌধুরীর দক্ষে নীচে গিয়ে সোহিনী দেখলে, সায়াশ-পড়ুয়া ছেলেদের জ্বপ্তে নানা যন্ত্র, নানা নডেল, নানা দামী বই, নানা মাইকোদ্কোপের সাইড দ্, নানা বায়োলজির নম্না। প্রত্যেক সামগ্রীর দক্ষে নাম ও ঠিকানা-লেখা কার্ড। আড়াইশো ছেলের জ্বপ্তে চেক লেখা হয়েছে এক বংসরের বৃত্তির। খরচের জ্বপ্তে কিছুমাত্র সংকোচ করা হয় নি। বড়ো বড়ো ধনীদের শ্রাক্ষে বে বান্ধণবিদায় হয় তার চেয়ে এর বায়ের প্রসর অনেক বেশি, অথচ বিশেষ করে চোখে পড়ে না এর সমারোহ।

"পুরুতবিদায়ের কী দক্ষিণা দিতে হবে, সেটা তো আপনি ধরে দেন নি।"

"আমার দক্ষিণা তোমার খুশি।"

"খুশির সঙ্গে আপনার জ্ঞাতে রেখেছি এই ক্রনোমিটর। জর্মনি থেকে আমার স্বামী এটা কিনেছিলেন, বরাবর তাঁর বিস্তের কাজে লেগেছিল।"

চৌধুরী বললেন, "ধা মনে আসছে তার ভাষা নেই। বাবেদ কথা বলতে চাই নে, আমার পুরুতের কাল সার্থক হল।"

"আর-একটি লোক আছে, আজ তাকে ভূলতে পারি নে— দে আমাদের মানিকের বিধবা বউ।"

"মানিক বলতে কাকে বোঝায়।"

"নে ছিল ওঁর ল্যাবরেটবির হেড মিস্তি। আশ্চর্ম তার হাত ছিল। অত্যস্ত স্থা কাজে এক চুল তার নড্চড়্ হত না, কলকব্জার তত্ত্ব-ব্ঝে নিতে তার বৃদ্ধি ছিল অল্যস্ত। তাকে উনি অতিনিকট বন্ধুর মতো দেখতেন। গাড়ি করে নিয়ে বেতেন বড়ো বড়ো কারখানার কান্ধ দেখাতে । উনি বলতেন, ও যে গুলী, তার লে গুল্ব বানিয়ে তোলা বায় না, লে গুল খুঁলে মিলবে না। ওঁর কাছে তার দমান পুরোমাত্রায় ছিল। এর থেকে ব্রাবেন কেন যে উনি আমাকে শেষ পর্যন্ত এক মান দিয়েছিলেন। আমার মধ্যে যে মূল্য তিনি দেখেছিলেন তার তুলনায় লোষের ওজন ওঁর কাছে ছিল খুব দামাক্ত। যে আমগায় আমার মতো কুড়িয়ে-পাওয়া মেয়েকে তিনি অসম্ভব রকম বিশাস করেছিলেন, দে আয়গায় সে বিশাস আমি কোনোদিন একট্মাত্র নই করি নি। আজও মনপ্রাণ দিয়ে রক্ষা করছি। এতটা তিনি আয়-কারও কাছে পেতেন না। যেখানে আমি ছিলেম ছোটো সেখানে আমি তাঁর চোখে পড়ি নি, বেখানে আমি ছিল্ম বড়ো দেখানে তিনি আমাকে পুরো দমান দিয়েছেন। আমার মূল্য যদি তাঁর চোখে না পড়ত তা হলে আমি কোথায় তলিয়ে বেতুম বল্ন তো। আমি খুব খারাপ, কিন্তু আমি নিজেই বলছি আমি খুব ভালো, নইলে তিনি আমাকে কখনও সহু করতে পারতেন না।"

"দেখো সোহিনী, আমি অহংকার করে বলব যে আমি প্রথম থেকেই জেনেছি তুমি খুব তালো। সন্তা দরের তালো হলে কলম্ব লাগলে দাগ উঠত না।"

"যাক গে, আমাকে আর যে লোক যা মনে করুক না, তিনি আমাকে যা মান দিয়েছেন সে আজ পর্যন্ত টি কৈ আছে, আমার শেষ দিন পর্যন্ত থাকবে।"

"দেখো সোহিনী, ভোমাকে যত দেখছি ততই জানছি, তুমি সে জাতের সহজ মেয়েমাত্মৰ নও যারা স্বামী নামটা শুনলেই গ'লে পড়ে।"

"না, তা নই; আমি দেখেছি ওঁর মধ্যে শক্তি, প্রথম দিন থেকে জেনেছি উনি মানুষ, আমি শান্ত মিলিয়ে পতিব্রতাগিরি করতে বদি নি। আমি জাঁক করেই বলছি, আমার মধ্যে যে রত্ব আছে দে একা ওঁরই কণ্ঠহারে দোলবার মতো, আর কারও নয়।"

এমন সময় নীলা ঘরে এসে ঢুকে পড়ল। বললে, "অধ্যাপকমশায়, কিছু মনে করবেন না, মায়ের দক্ষে কিছু কথা আছে।"

"কিছু না মা, আমি এখন যাচ্ছি ল্যাবরেটরিতে। রেবতী কী রকম কাজ করছে দেখে আসি লে।"

নীলা বললে, "কোনো ভয় নেই। কান্ধ ভালোই চলছে। আমি এক-একদিন জানালার বাইরে থেকে দেখেছি, উনি মাধা গুঁজে লিখছেন, নোট নিচ্ছেন, কলম কামড়ে ধরে ভাবছেন। আমার প্রবেশ নিষেধ, পাছে লার আইজাকের গ্রাভিটেশন বায় ন'ড়ে। সেদিন মা কাকে বলছিলেন উনি ম্যাগ্রেটিজ্ম্ নিয়ে কাজ করছেন, ভাই পাশ দিয়ে কেউ গেলেই কাঁটা নড়ে বায়, বিশেষত মেয়েরা।"

চৌধুনী হো হো করে হেসে উঠলেন, বললেন, "মা, ল্যাবরেটরি ভিতরেই আছে, ম্যাগনেটিজম্ নিমে কাজ চলছেই, কাঁটা বাঁরা নড়িয়ে দেন তাঁদের ভয় করতেই হয়। দিগ্রেম ঘটায় যে। তবে চলল্ম।"

নীলা মাকে বললে, "আমাকে আর কতদিন তোমার আঁচলের গাঁঠ দিয়ে বেঁধে রাখবে। পেরে উঠবে না, কেবল জুঃখ পাৰে।"

"তুই কী করতে চাদ বল্।"

নীলা বললে, "তুমি তো জানই মেয়েদের জন্তে একটা হাইয়র স্টাভি মৃভমেন্ট ধোলা হয়েছে, তুমি তাতে অনেক টাকা দিয়েছ। সেধানে আমাকে কেন কাজে লাগাও না।"

"আমার ভন্ন আছে পাছে তুই ঠিকমতো না চলিদ।"

"দৰ চলাই বন্ধ কৰে দেওয়াই কি ঠিক চলাব বান্তা।"

"তা নয়, তা তো স্থানি, সেই তো আমার ভাবনা।"

"তুমি নাভেবে একবার আমাকে ভাবতে দাও-না। সে তো দিভেই হবে। আমি তো এখন খুকি নই। তুমি ভাবছ সেই-সব পান্নিক জায়গায় নানা লোকের যাওয়া-আসা আছে, সে একটা বিপদ। জগৎসংসারে লোকচলাচল তো বদ্ধ হবে না ভোমার খাতিরে। আর তাদের সঙ্গে আমার জানাশুনো একেবারেই ঠেকিয়ে রাখবে বে সে আইন তো ভোমার হাতে নেই।"

"বানি দব বানি, ভয় করে ভয়ের কারণ ঠেকিয়ে রাখতে পারব না। তা ইলে তুই ওদের হাইয়র দাঁডি সার্কলে ভরতি হতে চান ?"

'हा ठांहे।"

"আচ্ছা তাই হবে। সেধানকার পুরুষ অধ্যাপকদের একে একে দিবি জাহারমে সে জানি। কেবল একটি কথা দিতে হবে আমাকে। কোনোমতেই ভূই রেবতীর কাছে বেঁষতে পাবি নে। আর কোনো ছুতোতেই ঢুকবি নে তার ল্যাবরেটরিতে।"

"মা, তুমি আমাকে কী মনে কর ভেবে পাই নে। কাছে যেঁষতে যাব তোমার ঐ খুদে সার আইজাক নিউটনের, এমন ক্ষচি আমার ?—মরে গেলেও না।"

লংকোচ বোধ করলে বেবজী শরীরটাকে নিয়ে বে রক্ষ আঁকুবাঁকু করে ভারই নকল ক'বে নীলা বললে, "ঐ স্টাইলের পুরুষকে নিয়ে আমার চলবে না। বে-সব মেরেরা জালোবানে বুড়ো বোকাদের মান্ত্র করতে, ওকে জিইলে রেখে দেওয়া ভালে। **जात्त्रहें करछ । ७ मात्रवाक रवांगा शिक्नांबहें नय ।"** 

"একটু বেশি বাড়িয়ে কথা বলছিদ নীলা, তাই ভয় হচ্ছে ওটা ঠিক তোর মনের কথা নয়। তা হোক, ওর সমঙ্কে তোর মনের ভাব বাই হোক, ওকে বদি মাটি করতে চাস তা ইলে সে তোর পক্ষে ভালে। হবে না।"

"কথন তোমার কী মর্জি কিছুই বৃশ্বতে পারি নে মা। ওর দক্ষে আমার বিয়ে দেবার জন্মে তুমি আমাকে দাজিয়ে পুতুল গড়ে তুলেছিলে, দে কি আমি বৃশ্বতে পারি নি। দেইজন্মেই কি তুমি আমাকে ওর বেশি কাছে আনাগোনা করতে বারণ করছ, পাছে, চেনাশোনার ঘেঁব লেগে পালিশ নষ্ট হয়ে যায়।"

"দেখ নীলা, আমি তোকে ব'লে দিচ্ছি তোর সঙ্গে ওর বিয়ে কিছুতেই হতে পারবে না।"

"তা হলে আমি যদি মোতিগড়ের রাজকুমারকে বিয়ে করি ?"

"ইচ্ছা হয় তো করিদ।"

"স্বিধে আছে, তার তিনটে বিয়ে, আমার দায় অনেকটা হালক। হবে, আর সে মদ থেয়ে ঢলাঢলি করে নাইটক্লাবে— তথন আমি অনেকটা ছুটি পাব।"

"আচ্ছা বেশ, সেই ভালো। রেবতীর সঙ্গে তোর বিয়ে হতে দেব না।"

"কেন, তোমার সার আইজাক নিউটনের বৃদ্ধি আমি ঘূলিয়ে দেব মনে কর ?"

"দে তর্ক থাক্, যা বলনুম ত। মনে রাখিস।"

"উनि निष्यरे यपि छाः नापना करतन।"

"তা হলে এ পাড়া তাকে ছাড়তে হবে— তোর অন্নে তাকে মাত্র্য করিস, তোর বাশের তহবিল থেকে এক কড়িও লে পাবে না।"

"সর্বনাশ। তা হলে নমস্কার সার আইজাক নিউটন।" সেদিনকার পালা সংক্ষেপে এই পর্যন্ত।

Э

"চৌধুরীমশায়, আর গবই চলছে ভালো কেবল আমার মেয়ের ভাবনায় স্থাছিব ছতে পারছি নে। ও বে কোন্ দিকে তাক করতে শুরু করেছে ব্রুতে পারছি নে।" চৌধুরী বললেন, "আবার ওর দিকে তাক করছে কারা দেটাও একটা ভাববার কথা। হয়েছে কি, এরই মধ্যে রটে গেছে ল্যাবরেটবি রক্ষার জ্বন্তে তোমার স্থামী স্থামা টাকা রেখে গেছে। মৃথে মৃথে তার স্কুটা বেড়েই চলেছে। এখন রাজস্থ আর রাজক্তা নিয়ে বাজারে একটা জুয়োধেলার স্থাই হয়েছে।"

"রাত্তকজাটি মাটির দরে বিকোবে তা জানি, কিন্তু 'আমি বেঁচে থাকতে রাজ্য সন্তায় বিকোবে না।"

"কিন্তু লোকের আমদানি শুফ হয়েছে। সেদিন হঠাৎ দেখি, আমাদেরই অধ্যাপক মজুমদার ওরই হাত ধরে বেরিয়ে এল সিনেমা থেকে। আমাকে দেখেই ঘাড় বেঁকিয়ে নিল। ছেলেটা ভালো ভালো রিষয়ে বক্তা দিয়ে বেড়ায়, দেশের মঙ্গলের দিকে ওর বুলি খুব সহজে খেলে। কিন্তু সেদিন ওর বাঁকা ঘাড় দেখে স্থাদেশের জ্ঞে ভাবনা হল।" "চৌধুরীমশায়, আগল ভেঙেছে।"

"ভেঙেছে বই কি। এখন এই গরিবকেই নিজের ঘটবাটি সামলাতে হবে।"

"মজুমদার-পাড়ায় মড়ক লাগে লাগুক, আমার ভয় রেবতীকে নিয়ে।"

চৌধুরী বললেন, "আশাতত ভয় নেই। খুব ভূবে আছে। কাজ করছে খুব চমৎকাব।"

"চৌধুরীমশার, ওর বিপদ হচ্ছে নায়ান্দে ও যত বড়ো ওন্তাদই হোক, তুমি যাকে মেট্রিয়ার্কি বল সে রাজ্যের ও বোর আনাড়ি।"

"সে কথা ঠিক। ওর একবারও টিকে দেওয়া হয় নি। ছোঁয়াচ লাগলে বাঁচানো শক্ত হবে।"

"রোজ একবার কিন্তু ওকে আপনাকে দেখে বেতে হবে।"

"কোথা থেকে ও আবার ছোঁয়াচ না নিয়ে আসে। শেষকালে এ বয়সে আমি না মরি। ভয় কোরো না, মেয়েমাস্থ্য ধদিও, তব্ও আশা করি ঠাট্টা ব্রতে পার। আমি পার হয়ে গেছি এপিডেমিকের পাড়াটা। এখন ছোঁওয়া লাগলেও ছোঁয়াচ লাগে না। কিন্তু একটা মুশকিল ঘটেছে। পরভ আমাকে খেতে হবে গুজরানওয়ালায়।"

"এটাও ঠাট্টা নাকি। মেয়েমামুষকে দয়া করবেন।"

"ঠাটা নয়, আমার সতীর্থ অমূল্য আডি ছিলেন সেথানকার ভাক্তার। বিশপটিশ বছর প্র্যাকটিস করেছেন। কিছু বিষয়সম্পত্তিও ক্ষমিয়েছেন। হঠাৎ বিধবা স্ত্রী আর ছেলেমেয়ে রেখে মরেছেন হার্টফেল করে। দেনাপাওনা চুকিয়ে জমিজ্যা বেচে তাদের উদ্ধার করে আনতে হবে আমাকে। কতদিন লাগবে ঠিক জানি নে।"

"এর উপরে আর কথা নেই।"

"এ সংসাবে কথা কিছুরই উপরে নেই সোহিনী। নির্ভয়ে বলো, কা হবেই তা হোক। বাসা অদৃষ্ট মানে তারা গুল করে না। আমরা সায়াটিট্রাপ্ত বলি অনিবার্ণের এক চুল এদিক-ওদিক হবার জো নেই। বজকণ কিছু করবার থাকে করো, ব্যবন কোনোমতেই পারবে না, বোলো বাস্।"

"আছা তাই ভালো।" <sup>\*</sup>

"বে মজুমদারটির কথা বললুম, দলের মধ্যে সে তত বেশি মারাত্মক নয়। তাকে ওরা দলে টেনে রাথে মান বাঁচাবার জন্তে। আর-যাদের কথা শুনেছি, চাণক্যের মতে তাদের কাছ থেকে শত হস্ত দূরে থাকলেও ভাবনার কারণ থেকে ধায়। অ্যাটর্নি আছে বঙ্গবিহার, তাকে আশ্রয় করা আর অক্টোপসকে জড়িয়ে ধরা একই কথা। ধনী বিধবার তপ্ত বক্ত এই-সব লোক পছন্দ করে। থবরটা শুনে রাখো, যদি কিছু করবার থাকে কোরো। সবশেষে আমার ফিলজফিটা মনে রেখো।"

"দেখুন চৌধুরীমশায়, রেথে দিন ফিলজফি। মানব না আপনার অদৃষ্ট, মানব না আপনার কার্যকারণের অমোঘ বিধান, যদি আমার ল্যাবরেটরির 'পরে কারও হাত পড়ে। আমি পাঞ্চাবের মেয়ে, আমার হাতে ছুরি থেলে সহজে। আমি খুন করতে পারি তা দে আমার নিজের মেয়ে হোক, আমার জামাইপদের উমেদার হোক।"

ওর শাড়ির নীচে ছিল কোমরবদ্ধ লুকোনো। তার থেকে ধাঁ করে এক ছুরি বের করে আলোয় ঝলক খেলিয়ে দিয়ে গেল। বললে, "তিনি আমাকে বেছে নিয়েছিলেন— আমি বাঙালির মেয়ে নই, ভালোবাদা নিয়ে কেবল চোথের জল ফেলে কালাকাটি করি নে। ভালোবাদার জন্মে প্রাণ দিতে পারি, প্রাণ নিতে পারি। আমার ল্যাবরেটরি আর আমার বুকের কলিজা, তার মাঝখানে রয়েছে এই ছুরি।"

চৌধুরা বললেন, ''একসময়ে কবিত। লিখতে পারতুম, আজ আবার মনে হচ্ছে হয়তো পারি লিখতে।''

"কবিতা লিখতে হয় লিখবেন, কিন্তু আপনার ফিলজফি ফিরিয়ে নিন। যা না মানবার তাকে আমি শেষ পর্যন্ত মানব না। একলা দাঁড়িয়ে লড়ব। আর বুক ফুলিয়ে বলব, জিতবই, জিতবই, জিতবই।"

"ব্যাভো, আমি ফিরিয়ে নিল্ম আমার ফিলজফিটা। এখন থেকে লাগাব ঢাকে চাঁটি তোমার জয়বাত্রার সঙ্গে দঙ্গে। আপাতত কিছুদিনের জন্তে বিদায় নিচ্ছি, ফিরতে দেবি হবে না।"

আশ্চর্বের কথা এই সোহিনীর চোখে জল ভরে এল। বললে, "কিছু মনে করবেন না।" জড়িয়ে ধরলে চৌধুরীর গলা। বললে, "সংসারে কোনো বন্ধনই তিঁকে না, এও মুহুর্তকালির জন্তে।"

वर्षेत्रहें भना ह्या किया भारत कारह भारत साहिनी अशाभकरक खनाम कत्रन।

20

খবরের কাগজে যাকে বলে পরিস্থিতি সেটা হঠাৎ এসে পড়ে, আর আদে দল বেঁধে। জীবনের কাহিনী স্থাব ছংখে বিলম্বিত হয়ে চলে। শেষ অধ্যায়ে কোলিশন লাগে অকলাৎ, ভেঙেচুরে শুরু হয়ে যায়। বিধাতা তাঁর গল্প গড়েন ধীরে ধারে, গল ভাঙেন এক ঘায়ে।

সোহিনীর আইমা থাকেন আমালায়। সোহিনী তার কাছ থেকে টেলিগ্রাম পেয়েছে, 'যদি দেখা ক্রতে চাও শীল্ল এসো'।

এই স্বাইমা তার একমাত্র স্বাস্থীয় যে বেঁচে স্বাছে। এরই হাত থেকে নন্দকিশোর কিনে নিয়েছিলেন সোহিনীকে।

নীলাকে তার মা বললে, "তুমিও আমার দলে এলো।"

নীলা বললে, "দে তো কিছুতেই হতে পারে না।"

"কেন পারে না।"

"ওরা আমাকে অভিনন্দন দেবে তারই আয়োজন চলছে।"

"ওরা কারা।"

"জাগানী ক্লাবের মেম্বরা। ভয় পেয়োনা, থ্ব ভদ্র ক্লাব। মেম্বরের নামের ফর্দ দেখলেই ব্রতে পারবে। থ্বই বাছাই করা।"

"তোমাদের উদ্দেশ্য কী।"

"ম্পষ্ট বলা শস্ক। উদ্দেশ্যটা নামের মধ্যেই আছে। এই নামের তলায় আধ্যাত্মিক সাহিত্যিক আর্টিন্তিক সব মানেই খুব গভীরভাবে লুকোনো আছে। নবকুমারবাব্ খুব চমৎকার ব্যাখ্যা করে দিয়েছিলেন। ওরা ঠিক করেছে তোমার কাছ খেকে চাঁদা নিতে আদবে।"

"কিন্তু চাঁদা দেখছি ওরা নিয়ে শেষ করেছে। তুমি ষোলো আনাই পড়েছ ওর হাতে। কিন্তু এই পর্যন্তই। আমার ষেটা ত্যাক্তা দেটাই ওরা পেয়েছে। আমার কাছ থেকে আর কিছু পাবার নেই।"

"মা, এত বাগ করছ কেন। ওঁরা নিঃমার্থভাবে দেশের উপকার করতে চান।"

"আছে। সে আলোচনা থাক্। এতক্ষণে তুমি বোধ হয় তোমার বন্ধুদের কাছ থেকে থবর পেয়েছ বে তুমি স্বাধীন।"

"हैं। श्राप्ति ।"

"নিংবার্থরা তোমাকে জানিয়েছেন বে তোমার বামীর দত্ত অংশে তোমার বে

টাকা আছে দে ভূমি যেমন খুশি ব্যবহার করতে পার।"

"হা জেনেছি।"

"আমার কানে এসেছে উইলের প্রোবেট নেবার জন্তে তোমরা প্রস্তুত হচ্ছ। কথাটা বোধ হয় সভ্যি ?"

"হা সভিয়। বছুবাৰু আমার সোলিসিটর।"

"তিনি তোমাকে আরও কিছু আশ। এবং মন্ত্রণ। দিয়েছেন।"

नीमा हुप करत बहेन।

"তোমার বছুবাবুকে আমি দিধে করে দেব ধদি আমার সীমানায় তিনি পা বাড়ান। আইনে না পারি বে-আইনে। ক্ষেরবার সময় আমি পেশ্যেয়ার হয়ে জাদব। আমার ল্যাবরেটরি রইল দিনরাত্রি চারজন শিখ দিপাইয়ের পাঁহারায়। আর যাবার সময় এই তোমাকে দেখিয়ে যাচ্ছি— আমি পাঞ্চাবের মেয়ে।"

ব'লে নিজের কোমরবন্ধ থেকে ছুরি বের করে বললে, "এ ছুরি না চেনে আমার মেয়েকে, না চেনে আমার মেয়ের সোলিসিটরকে। এর স্থৃতি রইল তোমার জিমায়। ফিরে এসে যদি হিসেব নেবার সময় হন্ন তো হিসেব নেব।"

#### 22

ল্যাবরেটরির চার দিকে অনেকথানি স্থমি ফাঁকা আছে। কাঁপন বা শব্দ যাতে যথাসম্ভব কাজের মাঝখানে না পৌছয়। এই নিস্তন্ধতা কাজের অভিনিবেশে রেবতীকে সহায়তা করে। তাই ও প্রায়ই এখানে রাত্রে কাজ করতে আসে।

নীচের ঘড়িতে ছুটো বান্ধল। মুহুর্তের জ্ব্ম রেবতী তার চিস্তার বিষয় ভাবছিল জানালার বাইরে আকাশের দিকে চোথ মেলে।

এমন সময়ে দেওয়ালে পড়ল ছায়া। চেয়ে দেখে ঘরের মধ্যে এসেছে নীলা। রাত-কাপড় পরা, পাতলা সিদ্ধের শেমিজ। ও চমকে চৌকি থেকে উঠে পড়তে যাচ্ছিল। নীলা এসে ওর কোলের উপর বসে গলা জড়িয়ে ধরল। রেবতীর সমস্ত শরীর ধর্ ধর্ করে কাঁপতে লাগল, ব্ক উঠতে পড়তে লাগল প্রবলবেগে। গদগদ কঠে বলতে লাগল, "তুমি যাও, এ ঘর থেকে তুমি যাও।"

ও বললে, "কেন।"

রেবতী বললে, "আমি সহু করতে পারছি নে। কেন এলে তুমি এ ঘরে।"
নীলা ওকে আরও দৃঢ়বলে চেপে ধরে বললে, 'কেন, আমাকে কি তুমি
ভালোবাস না।"

বেবতী বললে, "বাসি, বাসি বাসি। কিন্তু এ ঘর থেকে তুমি যাও।"
হঠাৎ ঘরের মধ্যে চুকে পড়ল পাঞ্চাবী প্রহরী; ভং সনার কঠে বললে, "মায়িজি,
বছত শরমকি বাৎ হেয়, আপ বাহার চলা যাইয়ে।"

বেবতী চেতনমনের অগোচরে ইলেকট্রিক ডাকঘড়িতে কথন্ চাপ দিয়েছিল। পাঞ্চাবী বেবতীকে বললে, "বাবুজি, বেইমানি মং করো।"

বেবতী নীলাকে জোর করে ঠেলে দিয়ে চৌকি থেকে উঠে পড়ল। দরোয়ান কের নীলাকে বললে, "আপ বাহার চলা যাইয়ে, নহি তো মনিবকো হুকুম তামিল করে গা।"

অর্থাৎ জোর করে অপমান করে বের করে দেবে। বাইরে বেতে বেতে নীলা বললে, "শুনছেন সার আইজাক নিউটন ?—কাল আমাদের বাড়িতে আপনার চায়ের নেমস্তর, ঠিক চারটে পঁয়তাল্লিশ মিনিটের সময়। শুনতে পাচ্ছেন না ? অজ্ঞান হয়ে পড়েছেন ?" ব'লে একবার তার দিকে ফিরে দাঁড়ালে।

বাষ্পাত্র কঠে উত্তর এল, "<del>ভ</del>নেছি।"

রাত-কাপড়ের ভিতর থেকে নীলার নিখুঁত দেহের গঠন ভাস্করের মূর্তির মতো অপরপ হয়ে ফুটে উঠল, রেবতী মুগ্ধ চোপে না দেখে থাকতে পারল না। নীলা চলে গেল। রেবতী টেবিলের উপর মূখ রেখে পড়ে রইল। এমন আশুর্ধ সৌন্দর্ধ সে কল্পনা করতে পারে না। একটা কোন বৈত্যুত বর্ষণ প্রবেশ করেছে ওর শিরার মধ্যে, চকিত হয়ে বেড়াছেছ অগ্নিধারায়। হাতের মুঠো শক্ত করে রেবতী কেবলই নিজেকে বলাতে লাগল, কাল চায়ের নিমন্ত্রণে যাবে না। খুব শক্ত শপথ করবার চেষ্টা করতে চায়, মূখ দিয়ে বেরম না। রটিঙের উপর লিখল, যাব না, যাব না, যাব না। হঠাৎ দেখলে তার টেবিলে একটা ঘন লাল রঙের ক্রমাল পড়ে আছে, কোণে নাম সেলাই করা 'নীলা'। মুখের উপর চেপে ধরল ক্রমাল, গদ্ধে মগন্ধ উঠল ভরে, একটা নেশা সির্ সির্করে ছড়িয়ে গেল স্বাক্তে।

নীলা আবার ঘরের মধ্যে এল। বললে, "একটা কান্ত আছে ভূলে গিয়েছিলুম।"
দরোয়ান কথতে গেল। নীলা বললে, "তয় নেই তোমার, চুরি করতে আদি নি।
একটা কেবল সই চাই। জাগানী ক্লাবের প্রেসিডেণ্ট করব তোমাকে— তোমার নাম
আছে দেশ জুড়ে।"

খতাস্ত সংস্কৃতিত হয়ে রেবতী বললে, "ও ক্লাবের আমি তো কিছুই জানি নে।" "কিছুই তো জানবার দরকার নেই। এইটুকু জানলেই হবে এজেজবারু এই ক্লাবের পেউন।"

"আমি ভো অজেক্সবাব্কে জানি নে।"

"এইটুকু জানলেই হবে, মেট্রপলিটান ব্যাঙ্কের ডিনি ডাইরেক্টর। লন্দ্রী আমার, জাছু আমার, একটা সই বই তো নয়।" ব'লে ডান হাত দিয়ে তার কাঁধ ঘিরে তার হাতটা ধরে বললে, "সই করে।"

দে স্বপ্নাবিষ্টের মতো দই করে দিলে।

কাগজটা নিয়ে নীলা ধখন মৃড়ছে দরোয়ান বললে, "এ কাগজ আমাকে দেখতে হবে।"

নীলা বললে, "এ তো তৃমি বুঝতে পারবে না।"

দরোয়ান বললে, "দরকার নেই বোঝবার।" বলে কাগজটা ছিনিয়ে নিয়ে টুকরে। টুকরো করে ছিঁড়ে ফেললে। বললে, "দলিল বানাতে হয় বাইরে গিয়ে বানিয়ো। এখানে নয়।"

রেবতী মনে মনে হাঁপ ছেড়ে বাঁচল। দরোয়ান নীলাকে বললে, "মান্ধি, এখন চলো ভোমাকে বাড়ি পৌছিয়ে দিয়ে আসি গে।" ব'লে তাকে নিয়ে গেল।

কিছুক্ষণ পরে আবার ঘরে ঢুকল পাঞ্চাবী। বললে, "চার দিকে আমি দরজা বন্ধ করে রাখি, তুমি ওকে ভিতর থেকে খুলে দিয়েছ।"

এ কী সন্দেহ, কী অপমান। বারবার করে বললে, "আমি খুলি নি।"
"তবে ও কী করে ঘরে এল।"

সেও তো বটে। বিজ্ঞানী তথন সদ্ধান করে বেড়াতে লাগল ঘরে ঘরে। অবশেষে দেখলে রাস্তার ধারের একটা বড়ো জানল। ভিতর থেকে আগল দেওয়া ছিল, কে সেই আগলটা দিনের বেলায় এক সময়ে খুলে রেখে গেছে।

বেবতীর যে ধূর্ত বৃদ্ধি আছে এতটা শ্রদ্ধা তার প্রতি দরোয়ানজির ছিল না। বোকা মাহুষ, পড়াশুনো করে এই পর্যস্ত তার তাকত। অবশেষে কপাল চাপড়ে বললে, "আওরত! এ শয়তানি বিধিদত্ত।"

যে অল্প-একটু রাভ বাকি ছিল রেবভী নিজেকে বারবার করে বলালে, চায়ের নিমন্ত্রণে যাবে না।

কাক ডেকে উঠল। বেবতী চলে গেল বাড়িতে।

#### 58

পরের দিন সময়ের একটু ব্যক্তিক্রম হল না। চায়ের সভায় চারটে পয়তাল্লিশ মিনিটেই রেবতী গিয়ে হাজির। ভেবেছিল এ সভা নিভ্তে ত্ত্তনকে নিয়ে। ফ্যাশনেবল সাজ এর দখলে নেই। প'রে এসেছে জামা আর ধৃতি, ধোবার বাড়ি থেকে নতুন কাচিয়ে আনা, আর কাঁথে ঝুলছে একটা পাঁটকরা চাদর। এসে দেখে সভা বসেছে বাগানে। অজানা শৌখিন লোকের ভিড়। দমে গেল ওর সমন্ত মনটা, কোখাও দুকোতে পারলে বাঁচে। একটা কোণ নিয়ে বসবার চেষ্টা করতেই সবাই উঠে পড়ল। বললে, "আহ্বন ডক্টর ভট্টাচার্য, আপনার আসন এইখানে।"

একটা পিঠ-উচু মথমলে-মোড়া চৌকি, মগুলীর ঠিক মাঝখানেই। ব্রুডে শারলে দমন্ত জনতার প্রধান লক্ষ্যই ও। নীলা এনে ওর গলায় মালা পরিয়ে দিলে, কপালে দিলে চন্দনের ফোটা। অজেন্দ্রবাব্ প্রস্তাব করলেন ওকে জাগানী সভার সভাপতি পদে বরণ করা হোক। সমর্থন করলেন বঙ্গবাব্, চারি দিকে করতালির ধ্বনি উঠল। সাহিত্যিক হরিদাসবাব্ ভক্তর ভট্টাচার্বের ইন্টার্ন্তাশনাল খ্যাতির কথা ব্যাখ্যা করলেন। বললেন, "রেবতীবাব্র নামের পালে হাওয়া লাগিয়ে আমাদের জাগানি ক্লাবের ভরণী খেয়া দেবে পশ্চিম-মহাসমূদ্রের ঘাটে ঘাটে।"

় সভার ব্যবস্থাপকেরা রিপোর্টারদের কানে কানে গিয়ে বললে, "উপমাগুলোর কোনোটা যেন রিপোর্ট থেকে বাদ না যায়।"

বজারা একে একে উঠে যখন বলতে লাগল 'এতদিন পরে ডক্টর ভট্টাচার্য লায়ান্দের জয়তিলক ভারতমাতার কপালে পরিয়ে দিলেন,' রেবতীর বৃক্টা ফুলে উঠল— নিজেকে প্রকাশমান দেখলে সভ্যজগতের মধ্যগগনে। জাগানী সভা সম্বন্ধে বে-সমন্ত দাগী রকমের জনশ্রুতি শুনেছিল মনে মনে তার প্রতিবাদ করলে। হরিদাসবার্ যখন বললে, 'রেবতীবার্র নামের কবচ রক্ষাকবচরূপে এ সভার গলায় আজ ঝোলানো হল, এর থেকে বোঝা যাবে এ সভার উদ্দেশ্য কত মহোচ্চ,' তখন বেবতী নিজের নামের গৌরব ও দায়িত্ব খ্ব প্রবলরূপে অফুভব করলে। ওর মন বেকে সংকোচের খোলসটা খেল পড়ে গেল। মেয়েরা ম্বের থেকে সিগারেট নামিয়ে য়ুঁকে পড়ল ওর চৌকির উপর, মধুর হাস্যে বললে, "বিরক্ত করছি আপনাকে, কিন্তু একটা অটোগ্রাফ দিতেই হবে।"

বেবতীর মনে হল, এতদিন সে যেন একটা স্বপ্নের মধ্যে ছিল, স্বপ্নের গুটি গেছে খুলে, প্রস্তাপতি বেরিয়ে পড়েছে।

একে একে লোক বিদায় হল। নীলা রেবতীর হাত চেপে ধরে বললে, "আপনি কিন্তু যাবেন না।"

खानायम् मर एएन मिरन छत्र निताद मरधा।

দিনের আলো শেষ হয়ে আসছে, লতাবিতানের মধ্যে সবৃত্ব প্রদোষের অন্ধকার। বেঞ্চির উপরে তৃত্বনে কাছাকাছি বসল। নিজের হাতের উপরে রেবতীর হাত ভূলে নিয়ে নীলা বললে, "ভক্টর ভট্টাচার্ব, আপনি প্রক্রমান্ত্য হয়ে মেয়েদের অভ ভয় করেন কেন।"

বেবতী স্পর্ধান্তরে বললে, "ভয় করি ? কখনও না।"

"আমার মাকে আপনি ভয় করেন না ?"

"ভয় কেন করব, শ্রদ্ধা করি।"

"আমাকে ?"

"নিশ্বয় ভয় করি।"

"সেটা ভালো থবর। মা বলেছেন, কিছুতে আপনার সঙ্গে আমার বিয়ে দেবেন না। তা হলে আমি আত্মহত্যা করব।"

"কোনো বাধা আমি মানব না, আমাদের বিয়ে হবেই হবে।"

কাঁধের উপর মাথা রেথে নীলা বললে, "তুমি হয়তো জান না, তোমাকে কতখানি চাই।"

নীলার মাথাটা আরও বুকের কাছে টেনে নিম্নে বেবতী বললে, "তোমাকে আমার কাছ থেকে কেড়ে নিতে পারে এমন কোনো শক্তি নেই।"

"ছাত ?"

"ভাগিয়ে দেব জাত।"

"তা হলে রেজিফ্লারের কাছে কানই নোটিদ দিতে হবে।"

"कांनरे एपत. निम्हयू एपत ।"

রেবতী পুরুষের তেজ দেখাতে শুরু করেছে।

পরিণামটা ক্রতবেগে ঘনিয়ে আসতে লাগল।

আইমার পকাঘাতের লক্ষণ দেখা দিয়েছে। মৃত্যুর আশহা আসর। যে পধন্ত মৃত্যু না হয় সোহিনীকে তিনি কিছুতে ছাড়বেন না। এই স্বধোগটাকে তৃহাত দিয়ে আঁকড়িয়ে ধরে নীলার উন্নত্ত ধৌবন আলোড়িত হয়ে উঠেছে।

পাণ্ডিত্যের চাপে রেবভীর পৌরুষের স্বাদ ফিকে হয়ে গেছে— তাকে নীলার যথেষ্ট পছন্দ নয়। কিন্তু ওকে বিবাহ করা নিরাপদ, বিবাহোত্তর উচ্ছ্ খলতায় বাধা দেবার জাের তার নেই। শুরু তাই নয়। লাাবরেটরির সঙ্গে যে লােশুর বিষয় জড়ানাে আছে তার পরিমাণ প্রভূত। ওর হিতৈষীয়া বলে লাাবরেটরির ভার নেবার বোগ্যতর পাত্র কোথাও মিলবে না রেবভীর চেয়ে; সােহিনী কিছুতে ওকে হাতছাড়া করবে না, এই হচ্ছে বৃদ্ধিমানদের অন্থমান।

এদিকে সহবোদীদের ধিকার শিরোধার্য করে রেবতী জাগানী ক্লাবের অধ্যক্ষতার সংবাদ ঘোষণা করতে দিলে সংবাদপত্রে। নীলা বধন বলত, 'ভয় লাগছে বৃঝি', ও বলত 'আমি কেয়ার করি নে'। ওর পৌক্রব সহছে সংশয়মাত্র না থাকে এই জেদ ওকে পেয়ে বদল। বললে, 'এডিংটনের দক্ষে চিঠিশত্র আমার চলে, একদিন এই ক্লাবে আমি তাঁকে নিমন্ত্রিত করে আনব', ক্লাবের মেম্বররা বললে 'ধস্তু'।

বেবতীর আদল কাজ গৈছে বন্ধ হয়ে। ছিন্ন হয়ে গৈছে ওর দমন্ত চিস্তাস্ত্র। মন কেবলই অপেক্ষা করছে নীলা কথন আদবে, হঠাৎ পিছন থেকে ধরবে ওর চোথ টিপে। চৌকির হাতার উপর বদে বাঁ হাতে ধরবে ওর গলা জড়িয়ে। নিজেকে এই ব'লে আখাদ দিছে, ওর কাজটা যে বাধা পেয়েছে দেটা ক্ষণিক, একটু স্থন্থির হলেই ভাঙার মূথে আবার জোড়া লাগবে। স্থন্থির হবার লক্ষণ আভ দেখা যাছে না। ওর কাজের ক্ষতিতে পৃথিবীর কোনে। ক্ষতি হচ্ছে নীলার মনের এক কোণেও দে শহানেই, দমন্তটাকে দে প্রহদন মনে করে।

দিনের পর দিন জাল কেবলই জড়িয়ে যাচ্ছে। জাগানী সভা ওকে ছেঁকে ধরেছে, ওকে ঘোরতর পুরুষমামূষ বানিয়ে তুলছে। এখনও অকথ্য মুখ থেকে বেরয় না, কিন্তু অশ্রাব্য শুনলে জোর করে হাসতে থাকে। ডক্টর ভট্টাচার্য ওদের খুব একটা মজার জিনিস হয়ে উঠেছে।

মাঝে মাঝে বেবতীকে দ্বাম কামড়িয়ে ধরে। ব্যাঙ্কের ডাইরেক্টরের ম্থের চুরটি থেকে নীলা চুরট ধরায়। এর নকল করা বেবতীর অসাধ্য। চুরটের ধোঁয়া গলায় গেলে ওর মাথা ঘ্রে পড়ে, কিন্তু এই দৃহ্যটা ওর শরীরমনকে আরও অস্ত্রু করে তোলে। তা ছাড়া নানারকমের ঠেলাঠেলি টানাটানি যথন চলতে থাকে, ও আপত্তি না জানিয়ে থাকতে পারে না। নীলা বলে, 'এই দেহটার 'পরে আমাদের তো কোনো মোহ নেই, আমাদের কাছে এর দাম কিলের— আসল দামী জিনিস ভালোবাসা, সেটা কি বিলিয়ে ছড়িয়ে দিতে পারি।' ব'লে চেপে ধরে বেবতীর হাত। বেবতী তথন অন্তাদের অভাজন ব'লেই মনে করে, ভাবে ওরা ছোবড়া নিয়েই খ্নী, শাসটা পেল না।

ল্যাবরেটবির ঘারের বাইরে দিনরাত পাহার। চলছে, ভিতরে ভাঙা কান্ধ পড়ে রয়েছে, কারও দেখা নেই। ছয়িংক্ষমে লোফায় পা ছটে। তুলে কুশনে হেলান দিয়ে নীলা, মেঝের উপরে নীলার পায়ের কাছে ঠেদ দিয়ে বনে আছে রেবতী, হাতে রয়েছে লেখন-ভরা ফুলয়্কাপ।

বেবতী মাথা নেড়ে বললে, "ভাষায় কেমন যেন বেশি রঙ ফলানো হয়েছে, এতটা বাড়িয়ে-বলা লেখা পড়তে লজা করবে আমার।"

"ভাষার তুমি মন্ত সমঞ্জার কিনা। এ তো কেমিট্র ফরমূলা নয়, খুঁত খুঁত কোরো না, মুখস্থ করে যাও। জান এটা লিখেছেন আমাদের সাহিত্যিক প্রমদারঞ্জনবার ?"

"এ সব মন্ত মন্ত সেণ্টেন্স আর বড়ো বড়ো শস্বগুলো মুধস্থ করা আমার পক্ষে ভারি শক্ত হবে।"

"ভারি তো শক্ত। তোমার কানের কাছে আউড়ে আউড়ে আমার তো সমস্তট।
মৃথস্থ হয়ে গেছে— 'আমার জীবনের সর্বোত্তম শুভ মৃহূর্তে জাগানী সভা আমাকে যে
অমরাবতীর মূলারমাল্যে সমলংকত করিলেন',— গ্র্যাগু! তোমার ভয় নেই আমি
তো তোমার কাছেই থাকব, আন্তে আন্তে তোমাকে বলে দেব।"

"আমি বাংলাসাহিত্য ভালো জানি নে কিন্তু আমার কেমন মনে হচ্ছে, সমস্ত লেখাটা যেন আমাকে ঠাট্টা করছে। ইংরেজিতে যদি বলতে দাও কত সহজ্ব হয়। Dear friends, Allow me to offer you my heartiest thanks for the honour you have conferred upon me on behalf of the Jagani Club—the great Awakener ইত্যাদি,— এমন হুটো সেপ্টেম্প বলসেই বাস—"

"সে হচ্ছে না, তোমার মুখে বাংলা যে খুব মজার শোনাবে— ঐ যেখানটাতে, আছে— 'হে বাংলাদেশের তরুণসম্প্রদায়, হে স্বাতন্ত্রাসঞ্চালনরথের সারথি, হে ছিন্নশৃত্বলপরিকীর্ণ পথের অগ্রনীবৃন্দ'— যাই বল ইংরেজিতে এ কি হবার জো আছে।
তোমার মতো বিজ্ঞানবিশারদের মুখে শুনলে তরুণ বাংলা সাপের মতো ফণা ফুলিয়ে
নাচবে। এখনও সময় আছে, আমি পড়িয়ে নিচ্ছি।"

গুরুভার দীর্ঘ দেহকে সিঁড়ির উপর দিয়ে সশব্দে বহন ক'রে সাহেবী পোশাকে ব্যাদের ম্যানেজার ব্রজেন্দ্র হালদার মচ্মচ্ শব্দে এনে উপস্থিত। বললে, "নাঃ এ অসন্থ, যথনই আসি নীলাকে দখল করে বলে আছ। কাজ নেই, কর্ম নেই, নীলিকে তফাত করে রেখেছ আমাদের কাছ থেকে কাঁটাগাছের বেড়ার মতো।"

বেৰতী সংকৃচিত হয়ে বঁদলে, "আজ আমার একটু বিশেষ কাজ আছে ভাই-"

"কাজ তো আছে, সেই ভর্গাতেই তো এসেছিনুম; আজ তুমি নেম্বরদের নেমন্তর করেছ, রাজ থাকবে মনে ক'রে আপিসে যাবার আগে আধ ঘণ্টাটাক সময় করে নিরে ভাড়াভাড়ি অসেছি। এসেই ভনছি এখানেই উনি পড়েছেন কাজে বাধা। আশ্চর্য। কাজ না থাকলে এইখানেই ওঁর ছুটি, আবার কাজ থাকলে এইখানেই ওঁর কাজ। এমন নাছোড়বান্দার সঙ্গে আমরা কেজো লোকেরা পালা দিই কী ক'রে। নীলি, is it fair।"

নীলা বললে, "ভক্টর ভটচাজের দোষ হচ্ছে, উনি আসল কথাটা জোর করে বলতে পারেন না। উনি কাজ আছে বলে এসেছেন, এটা বাজে কথা; না এসে থাকতে পারেন না বলেই এসেছেন, এটাই একটা শোনবার মতো কথা এবং সভিয় কথা। আমার সমস্ত সময় উনি দখল করেছেন ওঁর জেদের জোরে। এই তো ওঁর পৌরুষ। ভোষাদের স্বাইকে এ বাঙালের কাছে হার মানতে হল।"

"আছে। ভালো, তা হলে আমাদেরও পৌরুষ চালাতে হবে। এখন থেকে জাগানীক্লাব-মেম্বরা নারীহরণের চর্চা শুরু করবে। জেগে উঠবে পৌরাণিক যুগ।"

নীলা বললে, "বেশ মন্ত্রা লাগছে শুনতে। নারীহরণ, পাণিগ্রহণের চেয়ে ভালো। কিন্তু পদ্ধতিটা কী রকম।"

शंगमात्र तमला, "(मिथिएम मिएक भाति।"

"এখনই ?"

"হা এখনই ।"

रामहे मामा (थरक नीमारक आफ़रकामा करत जूल निरम।

নীলা চীৎকার করে হেলে ওর গলা জড়িয়ে ধরলে।

রেবতীর মৃথ অন্ধকার হয়ে উঠল, ওর মৃশকিল এই যে অমুকরণ করবার কিংবা বাধা দেবার মতো গায়ের জোর নেই। ওর বেশি করে রাগ হতে লাগল নীলার পারে, এই-সব অসভ্য গৌয়ারদের প্রভায় দেয় কেন।

হালদার বললে, "গাড়ি তৈরি আছে। তোমাকে নিয়ে চললুম ভায়মগুহারবারে। আজ সন্ধের ভোজে ফিরিয়ে এনে দেব। ব্যাদ্ধে কাজ ছিল, সেটা যাক গে চুলোয়। একটা সংকার্য করা হবে। ভাক্তার ভটচাজকে নির্জনে কাজ করবার স্থবিধে করে দিছি। ভোমার মতো অতবড়ো ব্যাঘাতকে সরিয়ে নিয়ে যাওয়াই ভালো, এজ্ঞে উনি আমাকে ধন্তবাদ দেবেন।"

বেবতী দেখলে, নীলার ছট্ফট্ করবার কোনো লক্ষণ দেখা গেল না, নিজেকে সে ছাড়িয়ে নেবার চেষ্টামাত্র করলে না, বেশ যেন আরামে ওর বক্ষ আত্রার করে রইল। ওর গলা জড়িয়ে রইল বিশেষ একটা আসক্তভাবে। বেতে বেতে বললে, "তয় নেই বিজ্ঞানী পাহেৰ, এটা নার।হরণের বিহর্ণক্ষাত্র—পদাপারে বাচ্ছি নে, ফিরে আসর তোমার নেমন্তরে।"

রেবতী ছিঁড়ে ফেললে নেই লেখাটা। হালদারের বাছর জোর এবং অসংকৃচিত অধিকার-বিস্তারের তুলনায় নিজের বিশ্বাভিমান ওব কাছে আজ বুণা হয়ে গেল।

আজ সাদ্যভোজ একটা নামজাদা বেল্টোর তৈ। নিমন্ত্রণকর্তা স্বয়ং বেবতী ভট্টাচার্য, তাঁর সম্মানিতা পার্ম বিভিনী নীলা। দিনেমার বিখ্যাত নটা এপেছে গান গাইতে। টোস্ট প্রোপোজ করতে উঠেছে বঙ্গ্রিহারী, গুণগান হচ্ছে বেবতীর আর তার নামের দলে জড়িয়ে নীলার। মেয়েরা খ্ব জোবের দলে দিগারেট টানছে প্রমাণ করতে যে তারা সম্পূর্ণ মেয়ে নয়। প্রোঢ়া মেয়েরা ঘৌবনের মুগোল পরে ইন্ধিতে ভন্দিতে অট্টহান্তে উচ্চকণ্ঠে পরম্পর গা-টেপাটিপিতে যুবতীদের ছাড়িয়ে ঘাবার জন্তে মাতামাতির ঘোড়দৌড় চালিয়েছে।

হঠাৎ ঘরে ঢুকল সোহিনী। শুদ্ধ হয়ে গেল ঘরস্থদ্ধ সবাই। রেবতীর দিকে তাকিয়ে সোহিনী বললে, "চিনতে পারছি নে। ডক্টর ভট্টাচার্য বৃঝি? ধরচের টাকা চেয়ে পাঠিয়েছিলে, পাঠিয়ে দিয়েছি গেল শুক্রবারে; এই তো স্পষ্ট দেখতে পাছি কিছু অকুলোন হচ্ছে না। এখন একবার উঠতে হচ্ছে, আজ রাত্রেই ল্যাবরেটবির ফর্দ অনুদারে জিনিসপত্র মিলিয়ে দেখব।"

"আপনি আমাকে অবিশ্বাদ করছেন ?"

"এতদিন অবিখাদ তো করি নি। কিন্তু লক্ষাশরম যাদ থাকে বিখাদরক্ষার কথা তুমি আর মূথে এনো না।"

রেবতী, উঠতে যাচ্ছিল, নীলা তাকে কাপড় ধরে টেনে বসিয়ে দিলে। বললে, "আজ উনি বন্ধদের নিমন্ত্রণ করেছেন, সকলে যান আগে, তার পরে উনি যাবেন।"

এর মধ্যে একটা নিষ্ঠ্র ঠোকর ছিল। সার আইজাক মায়ের বড়ো পেয়ারের, ওর মতো এতবড়ো বিশাসী আর কেউ নেই, তাই সকলকে ছাড়িয়ে ল্যাবরেটরির ভার ওর উপরেই। আরও একটু দেগে দেবার জন্তে বললে, "জান মা? অতিথি আজ শয়ষটি জন, এ ঘরে সকলকে ধরে নি, এক দল আছে পাশের ঘরে— ঐ ভনছ না হো হো লাগিয়েছে? মাথা পিছু পঁচিশ টাকা ধরে নেয়, মদ না খেলেও মদের দাম ধরে দিতে হয়। খালি গোলানের জরিমানা কম লাগল না। আর কেউ হলে মৃপ চুপসে ঘেত। ওঁর দরাজ হাত দেখে ব্যাভ্রের ভিরেক্টরের তাক লেগে গেছে। সিনেমার গাইয়েকে কত দিতে হয়েছে জান ?— তার এক রাভিরের পাওনা চারশো টাকা।"

বেবতীর মনের ভিতরটা কাটা কইমাছের মতো ধড়্কড় করছে; ভকনো মূধে কথাটি নেই।

সোহিনী জিল্পানা করলে, "আজকের সমাবোহটা কিনের জন্তে।"

"তা জান না বৃষি ? অ্যাসোসিয়েটেড প্রেসে তো বেরিয়ে গেছে, উনি জাগানী ক্লাবের প্রেসিডেণ্ট হয়েছেন, তারই সমানে এই ভোজ। সাইফ মেম্বরশিপের ছশো টাকা স্থবিধেমতো পরে শুধে দেবেন।"

"স্ববিধে বোধ হয় শীন্ত হবে না।"

রেবতীর মনটার মধ্যে স্তীমরোলার চলাচল করছিল।

সোহিনী তাকে জিজ্ঞান। করলে, "তা হলে এখন তোমার ওঠবার স্থবিধে হবে না।" বেবতী নীলার মুখের দিকে তাকালে। তার কুটিল কটাক্ষের খোঁচায় প্রুষমান্ত্রের অভিমান জেগে উঠল। বললে, "কেমন করে যাই, নিমন্ত্রিতেরা সব—"

সোহিনী বললে, ''আচ্ছা, আমি ততক্ষণ এখানে বদে রইল্ম। নাদেরউল্লা, তুমি দরজার কাছে হাজির থাকো।''

নীলা বললে, "লে হতে পারবে না, মা। আমাদের একটা গেশিন পরামর্শ আছে, এখানে তোমার থাকা উচিত হবে না।"

''দেখ নীলা, চাতুরীর পাল। তুই সবে শুরু করেছিস, এখনও আমাকে ছাড়িয়ে যেতে পারবি নে। তোদের কিসের পরামর্শ সে থবর কি আমি পাই নি। বলে দিচ্ছি, তোদের সেই পরামর্শের জন্মে আমারই থাকা সব চেয়ে দরকার।"

নীলা বললে, "তুমি কী ভনেছ, কার কাছে।"

"খবর নেবার ফলি থাকে গর্ডর সাপের মতো টাকার থলির মধ্যে। এখানে তিনজন আইনওয়ালা মিলে দলিলপত্র ঘেঁটে বের করতে চাও ল্যাবরেটরি ফণ্ডে কোনো ছিত্র আছে কিনা। তাই নয় কি, নীশু।"

নীলা বললে, "তা সভ্যি কথা বলব। বাবার অতথানি টাকায় তাঁর মেয়ের কোনো শেরীর থাকবে না, এটা অস্বাভাবিক। তাই সবাই সন্দেহ করে—"

লোহিনী চৌকি থেকে উঠে দাঁড়াল। বললে, "আসল সন্দেহের মূল আরও অনেক আগেকার দিনের। কে ভোর বাপ, কার সম্পত্তির শেয়ার চাস। এমন লোকের ভূই মেয়ে এ কথা মূখে আনতে ভোর লক্ষ্য করে না?"

नीना नाकित्त्र উঠে वनत्न, "की वन्छ, या।"

"সভিয় কথা বলছি। তাঁর কাছে কিছুই গোপন ছিল না, তিনি জানতেন সৰ। স্বামার কাছে বা পাহার তা তিনি সম্পূর্ণ পেরেছেন, আফ্রন্ড পাবেন তা, আর-কিছু তিনি গ্রাহ্ম করেন নি।"

ব্যাবিণ্টর ঘোষ বললে, "আপুনার মুধের কথা তে। প্রমাণ নয়।"

"সে কথা তিনি জানতেন। সকল কথা খোলসা করে তিনি দলিল রেজেট্র করে গেছেন।"

"अरह वर्ष, त्रांख इन रष, प्यांत रकन। हरना।"

পেশোয়ারীর ভঙ্গি দেখে পঁয়বট্ট জন অন্তর্ধান করলে।

্ এমন সময় স্থটকেদ হাতে এনে উপস্থিত চৌধুর।। বললেন, "তোমার টেলিগ্রাম পেয়ে ছুটে আসতে হল। কীরে বেবি, বেবি, মুখখানা যে পার্চমেন্টের মতো সাদ। হয়ে গেছে। ওরে, খোকার ছধের বাটি গেল কোধায়।"

ু শ্রীলাকে দেখিয়ে সোহিনী বললে, ''ষিনি জোগাবেন তিনি যে ঐ বদে আছেন।'' ''গয়লানীর ব্যাবদা ধরেছ নাকি, মা।''

"গয়লা ধরার ব্যাবদা ধরেছে, ঐ যে বদে আছে শিকারটি।"

"কে, আমাদের রেবি নাকি।"

"এইবার আমার মেয়ে আমার ল্যাবরেটরিকে বাঁচিয়েছে। আমি লোক চিনতে পারি নি; কিন্তু আমার মেয়ে ঠিক ব্ঝেছিল যে ল্যাবরেটরিতে গোয়ালঘর বসিয়ে দিয়েছিলুম— গোবরের কুণ্ডে আর-একটু হলেই ডুবত সমস্ত জিনিসটা।"

অধ্যাপক বললেন, "মা, তুমি এই জীবটিকে আবিদার করেছ যখন, তথন এই গোট্টবিহারীর ভার তোমাকেই নিতে হবে। ওর আর সবই আছে কেবল বৃদ্ধি নেই, তুমি কাছে থাকলে তার অভাবটা টের পাওয়া যাবে না। বোকা পুরুষদের নাকে দড়ি দিয়ে চালিয়ে নিয়ে বেড়ানো সহজ।"

নীলা বললে, "কী গো সার আইস্থাক নিউটন, রেজেট্র আসিসে নোটিশ তো দেওয়া হয়েছে, ফিরিয়ে নিতে চাও নাকি।"

বুক ফুলিয়ে রেবতী বললে, "মরে গেলেও না।"

"বিয়েটা হবে তা হলে অভভ লগ্নে।"

"श्रवहै, निक्ष श्रव।"

লোহিনী বললে, "কিন্তু ল্যাবরেটরি থেকে শত হন্ত দূরে।"

অধ্যাপক বললেন, "মা নীলু, ও বোকা, কিন্তু অক্ষম নয়। ওর নেশাটা কেটে যাক, তার পরে ওর ধোরাকের জ্ঞে বেশি ভারতে হবে না।"

"পার আইজাক, তা হলে কিন্ত তোমার কাপড়চোপড়গুলো একটু ভত্ত রকমের বানাতে হবে, নইলে তোমার সামনে আমাকে আবার ঘোমটা ধরতে হবে।" হঠাৎ আর-একটা ছায়া পড়ল দেয়ালে। পিলিমা এলে দাঁড়ালেন। বললেন, "'বেৰি, চলে আয়।"

হুড় হুড় করে রেবডী পিসিমার পিছন পিছন চলে গেল, একবার ফিরেও ভাকাল না।

व्याचिन, ১৩৪१

# পরিশিষ্ট

## ছোটো গণ্প

## ্ৰেষকথা

শাহিক্ষ্যে বড়ো গল্ল ব'লে বেদৰ প্রধান্ত বাণীবাহন দেখা ধ্রায় তারা প্রাকৃত্তাত্তিক যুগের প্রাণীদের মতো— তাদের প্রাণের পরিমাণ বত দেহের পরিমাণ তার চার গুণ, তাদের দেলটা কলেবরের অভ্যুক্তি শ

অতিপরিমাণ দাসপাতা থেয়ে মানের শ্রেট মোটা তারা ভারবাহী জীব, তুপাকার মালের বন্ধা টানা তাদের অদৃষ্টে। বুড়ো গল সেই জাতের, মাল-বোঝাইওরালা। বেদব প্রাণীর খোরাক বল্ল এবং সারালো, জাওর কেটে কেটে তারা প্রলম্বিত করে না ভোজন-ব্যাপার অধ্যায়ের পর অধ্যায়ে। ছোটো গল সেই জাতের; বোঝা বইবার জল্পে দে নয়, একেবারে দে মার লাগায় মর্মে লঘু লক্ষে।

কিন্ত গল্পের ফরমাশ আগছে বড়ো বহরের। অনুকেখানি মালকে মাছৰ অনেকখানি দাম দিয়ে ঠকতেও রাজি হয়। ওটা তার আদিম ছর্নিবার প্রবৃত্তির ছর্বলতা। এটাই দেখতে পাওয়া যায় আমাদের দেশের বিয়ের ব্যাপারে। ইতরের মনভোলানো অতিপ্রাচুর্য এমনতরো রসাত্মক ক্রিয়াকর্মেও ভক্রসমাজের বিনা প্রতিবাদে আজ্ঞ চলে আগছে। আতিশব্যের ঢাকবাজানো পৌতলিকতা মাছবের প্রবৈশ্বিক সংস্কার।

মাহ্নবের জীবনটা বিপুল একটা বনস্পতির মতো। তার স্বায়তন তার স্বাস্কৃতি স্ঠাম নয়। দিনে দিনে চলছে তার মধ্যে এলোমেলো ভালপালার পুনরাবৃত্তি। এই স্থাকার একঘেয়েমির মধ্যে হঠাৎ একটি ফল ফ'লে ওঠে, সে নিটোল, সে স্বভ্যোল, বাইরে তার রঙ রাঙা কিংবা কালো, ভিতরে তার রস তীব্র কিংবা মধুর। সে সংক্ষিপ্ত, সে অনিবার্থ, সে দৈবলব্ধ, সে ছোটো গল্প।

একটা দৃষ্টান্ত দেখানো যাক। রাজা এভওআর্ড লমণে বেরলেন দেশ-দেশান্তরে।
মৃধ ব্রোবকদের ভিড় চলল দলে দলে, থবরের কাগজের প্যারাগ্রাফের ঠোঙাগুলো
ঠেনে ভরে ভরে উঠল। এমন সময় যতস্ব রাজদৃত, রাষ্ট্রনায়ক, বণিকসম্রাট, লেখনীবক্ষপাণি সংবাদপাত্রিকের বেঁবাবেঁষি ভিড়ের মধ্যে একটা কোন্ ছোটো রক্ষ্র দিয়ে
রাজার চোথে পড়ল এক অকুলীন আমেরিকানী। শবভেদী সমারোহের বরবর্বন
মৃহুর্তে হয়ে গেল অবাত্তব, কালো পদা পড়ে গেল ইভিহাসের অসংখ্য দীপদীগু রক্ষপ্রেক
উপর। সমন্ত কিছু বাদ দিয়ে অলু অলু করে উঠল ছোটো গ্রাট ফুর্লভ ভূম্ল্য।
গোলমালের ভিভরে অদৃশ্র আর্টিন্ট ছিলেন আড়ালে, ভাকিয়ে ছিলেন ব্যক্তিগত জীবনসরোবরের গভীর অগোচরে। দেখছিলেন অভলসঞ্চারী অজানা মাছ কখন পড়ে ভার

বঁড়শিতে গাঁথা, কখন চমক দিয়ে ওঠে তাঁর ছোটো গল্পটি নানাবৰ্ণচ্ছটাখচিত লেজ আছড়িয়ে।

পৌরাণিক মুগের একটি ছোটো গল্প মনে পড়ছে— ক্ষাপৃদ মুনির আখ্যান। ছংসাধ্য তাঁর তপস্তা। নিক্লর ব্রহ্মচর্বের ছ্রহ সাধনায়। অধিরোহণ ক্রেবছিলেন বিশিনিত-বাজ্মবদ্ধের ছুর্গম উচ্চতায়। হঠাৎ দেখা দিল সামান্ত রমণী, সে শুচিনয়, সাধ্বী নয়, সে বহন করে নি তত্ত্ব বা মন্ত বা মৃক্তি; এমন কি ইন্দ্রলোক থেকে পাঠানো অক্সরীও সে নয়। সমন্ত যাগ্যক্ত ধ্যানধারণা সমন্ত অতীত ভবিশ্বৎ আঁট বেধে গেল এক ছোটো গাে।

এই হল ভূমিকা। আমি হচ্ছি দেই মাহ্মষ যার অদৃষ্ট ভীল-রমণীর মতো রুড়িতে প্রতিদিন সংগ্রহ করত কাঁচা পাকা বদরী ফল, একদিন হঠাৎ কুড়িয়ে পেয়েছিল গঙ্গমুক্তা, একটি ছোটো গল্প।

সাহস করে লিখে ফেলব। কাঞ্চটা কঠিন। এতে হয়তো স্বাদ কিছু বা পাওয়া যাবে কিন্তু পেট চরা ওঞ্জনের বস্তু মিলবে না।

### প্রথম পর্ব

জীবনের প্রবহমান ঘোলা বঙের হ-ধ-ব-র-লর মধ্যে হঠাৎ যেখানে গল্পটা আপন রূপ ধ'রে সন্থ দেখা দেখা, তার অনেক পূর্ব থেকেই নায়কনায়িকারা আপন পরিচয়ের স্ত্র গেঁথে আসে। গল্পের গোড়ায় প্রাক্গাল্পিক ইতিহাসের ধারা অমুসরণ করতেই হয়। তাতে কিছু সময় নে । আমি যে কে, সে কথাটা পরিষার করে নিই।

কিন্ত নামধাম ভাঁড়াতে হবে। নইলে চেনাশোনার মহলে গল্পের যাধাযথ্যের জ্বাবদিহি সামলাতে পারব না। একধা স্বাই বোঝে না যে ঠিকঠাক সত্য বলবার এক কাল্পনা, আর তার চেয়েও বেশি সত্য বলবার ভকী জালাদা।

কী নাম নেব তাই ভাবছি। রোম্যান্টিক নামকরণের ঘারা গোড়া থেকে গল্পটাকে বসস্তরাগে পঞ্চমহরে বাঁধতে চাই নে। নবীনমাধব নামটা বোধ হয় চলনসই। ওয় শাম্লা রঙটা মেজে ফেলে গিল্টি লাগালে ওটা হতে পারত নবারুণ দেনগুগু, কিন্তু খাটি শোনাত না।

আমি ছিলুম বাংলাদেশের বিপ্রবীদনের একজন। ব্রিটশ সামাজ্যের মহাকর্ষশক্তি আমাকে প্রায় টেনে নিয়ে গিয়েছিল আগ্রামানের তীরবরাবর। নানা বাঁকা পরে সি. আই. ভি-র ফাঁল এড়িয়ে প্রথমে আফ্রানিস্থান, তার পরে জাপান, তার পরে আমেরিকায় গিয়ে পৌছেছিলুম জাহাজি গোরার নানা কাল্প নিয়ে। পূর্বকীর তুর্জর জেন ছিল মজ্জার। একদিনও তুলি নি যে ভারতবর্বের হাতকড়ার উথে। ঘরতে হবে দিনরাত যতদিন বেঁচে থাকি। কিন্তু এই সমুস্রপারের কর্মণেশল হাড়মোটা প্রাণঘন দেশে থাকতে থাকতে একটা কথা নিশ্চিত ব্রেছিলুম যে, আমরা যে প্রণালীতে বিপ্লয়ের পালা শুরু করেছিলুম সে যেন আতলবাজিতে পটকা ছোঁড়ার মতো। তাতে নিজেদের শোড়াকপাল আরও পুড়িয়েছে অনেকবার, কিন্তু ফুটো করতে পারে নি ব্রিটিশ রাজপতাকা। আগুনের উপর পতকের অন্ধ আসক্তি। যখন সদর্পে খাঁপ দিয়ে পড়ছিলুম, তখন ব্ঝতে পারি নি সেটাতে ইতিহাসের যজ্ঞানল জালানো হচ্ছে না, আলাচ্ছি নিজেদের খ্ব ছোটো ছোটো চিতানল।

তার পরে স্বচক্ষে দেখলুম মুরোপীয় মহাসমর। কী রকম টাকা ওড়াতে হয় ধুলোর মতো, স্থার প্রাণ উড়িয়ে দেয় ধোঁয়ার মতো দাবানলের। মরবার জন্তে তৈরি হতে হয় দীর্ঘকাল বিজ্ঞানের ত্রহ দীক্ষা নিয়ে। এই যুগান্তরসাধিনী দর্বনাশাকে স্থামাদের খোড়ো ঘরের চণ্ডীমণ্ডণে প্রতিষ্ঠিত করব কোন্ ত্রাশায়! যথোচিত সমারোহে বড়োরক্মের স্থান্তহত্যা করবার স্থায়োজনও যে ঘরে নেই। ঠিক করলুম, ন্যাশনাল ত্র্গের গোড়া পাকা করতে হবে, যত সময়ই লাগুক। বাঁচতে যদি চাই স্থাদিম স্কৃষ্টির হাত ত্থানায় গোটাদশেক নথ নিয়ে স্থাচড় মেরে লড়াই করা চলবে না। এ যুগে যন্তের সক্ষে যন্ত্রের দিতে হবে পালা। হাতাহাতি করার তালঠোকা পালোয়ানি সহজ্ঞ, বিশ্বকর্মার চেলাগিরি সহজ্ঞ নয়। পথ দীর্ঘ, সাধনা ত্রহে।

দীক্ষা নিলুম যন্ত্রবিভায়। আমেরিকায় ভেটুয়েটে ফোর্ডের মোটর-কারধানায় কোনোমতে ভর্তি হলুম। হাত পাকাচ্ছিলুম কিন্তু শিক্ষা এগচ্ছিল ব'লে মনে হয় নি। একদিন কী তুর্ কি ঘটল, মনে হল ফোর্ডকে যদি একট্থানি আভাগ দিতে যাই যে নিজের স্বার্থসিদ্ধি আমার উদ্দেশ্য নয়, আমি চাই দেশকে বাঁচাতে তা হলে ধনকুবের বৃঝি বা খুলি হবে, এমন কি দেবে আমার রান্তা প্রশন্ত ক'রে। অতি গঙীরমূথে ফোর্ড বললে, 'আমার নাম হেনরি কোর্ড, পুরোনো পাকা ইংরেজি নাম। কিন্তু আমি জানি আমাদের ইংলণ্ডের মামাতো ভাইরা অকেজো, ইন্এফীসিয়েট। তাদের আমি কেজো ক'রে তুলব এই আমার সংক্রম।' অর্থাৎ অকেজো টাকাওয়ালাকে কেজো করবে কেজো টাকাওয়ালা স্বগোত্রের লাইন বাঁচিয়ে, আমরা থাকব চিরকাল কেজোদের হাতে কাদার পিগু। তারা পুতৃল বানাবে। এই তৃঃথেই গিয়েছিলুম একদিন সোভিয়েটের দলে ভিড়তে। তারা আর ষাই কলক কোনো নিরুপায় মানবজাতকে নিয়ে পুতৃলনাচের অর্থকরী ব্যাবদা করে না।

কিছুদিন চাকা চালিয়ে শেষকালে ব্ৰন্ম যন্ত্ৰিখাশিকার আরও গোড়ায় বেতে ছবে। শুক্তে দ্বকার যন্ত্ৰনির্মাণের মালমসলা যোগাড় করার বিছে। কৃতকর্মাদের জন্তেই ধরণী তুর্গম পাতালপ্রীতে জমা করে রেখেছেন কঠিন খনিজ পিও। সেইগুলো হস্তগত করে তারাই দিখিল্বয় করেছে যাঁরা বাহাত্ব জাত। আরু যাদের চিরকালই অন্তভ্জ্য ধন্ত্রণ তাদের জন্তেই বাঁধা বরান্ধ উপরিশ্বরের ফলফসল শাকসব্জি; হাড় বেরিয়ে গেল পাঁজরের, পেটে পিঠে গেল এক হয়ে।

লেগে গেলুম খনিজবিভায়। একথা ভূলি নি যে ফোড বলেছেন ইংরেজ জাত অকেছো। তার প্রমাণ আছে ভারতবর্ষে। একদিন ওরা হাত লাগিয়েছিল নীলের চাবে, চায়ের চাবে আর-একদিন। সিভিলিয়ানদল দফতরখানায় 'ল অ্যাণ্ড অভ র'-এর জাতা চালিয়ে দেশের অন্থিমজ্জা ছাতু করে বানিয়ে তুলেছে বস্তাবন্দী ভালোমামুষি, অতি মোলায়েম। সামান্ত কিছু কয়লার আকর ছাড়া ভারতের অন্তর্ভাগুারের সম্পদ উদ্বাটিত করতে উপেক্ষা করেছে কিংবা অক্ষমতা দেখিয়েছে। নিংড়েছে বদে বদে পার্টের চাষীর বক্ত। জামশেদজি টাটাকে সেলাম করেছি সমূদ্রের ওপার থেকে। ঠিক করেছি আমার কাজ পটকা হোঁড়া নয়। সিঁধ কাটতে যাব পাতালপুরীর পাষাণ-প্রাচীরে : মায়ের আঁচলধরা খোকাদের দলে মিশে 'মা মা' ধ্বনিতে মস্তর আওড়াব না, আর দেশের যত অভুক্ত অক্ষম রুগ্ন অশিকিত, কাল্পনিক ভয়ে দিনবাত কম্পুমান, দরিপ্রকে সহজ্ব ভাষায় দরিপ্র ব'লেই জানব, দরিপ্রনারায়ণ ব'লে একটা বুলি বানিয়ে তাদের বিজ্ঞপ করব না। প্রথম বয়সে একবার বচনের পুতুলগড়া খেলা অনেক খেলেছি। কবি-কারিগরদের কুমোরটুলিতে স্বদেশের যে সম্ভা রাঙতা-লাগানো প্রতিমা গড়া হয় তার সামনে গদগদ ভাষায় অনেক অশ্রুজন ফেলেছি। লোকে তার খুব अक्ठो ठ७छ। नाम नित्रिष्टिन दम्भाषादाथ। किछ यात्र नग्न। व्याद्भनमाठ উঠেছে। এই জাগ্রত বৃদ্ধির দেশে এসে বাস্তবকে বাস্তব ব'লে জেনেই শুকনো চোথে কোমর বেঁধে কাজ করতে শিখেছি। এবার দেশে ফিরে গিয়ে বেরিয়ে পড়বে এই বিজ্ঞানী वांडान कोनान निष्म क्षून निष्म श्रेष्ट्र निष्म प्रतान खश्चरान । মেয়েলিগলার মিহিস্থরের মহাকবি-বিশ্বকবিদের অশ্রুক্তরুষ্ঠ চেলার। এই অফুষ্ঠানকে তাদের দেশমাতৃকার পূঞা বলে চিনতেই পারবে না।

ফোর্ডের কারখানা ছেড়ে তার পর ন' বছর কাটিয়েছি থনিবিছা খনিজবিছা শিখতে। ছুরোপের নানা কর্মশালায় ফিরেছি, হাতে কলমে কাজ করেছি, ছুই-একটা বছকৌশল নিজেও বানিয়েছি, উৎসাহ পেয়েছি অধ্যাপকের কাছ থেকে, নিজের উপরে বিখাস হয়েছে, ধিক্কার দিয়েছি ভূতপূর্ব মন্ত্রমুগ্ধ অক্তভার্থ নিজেকে।

আমার ছোটোগরের গলে এইনব মোটা মোটা কথার বিশেষ যোগ নেই। বাদ দিলে চলত, হয়তো বা ভালোই হত। কেবল এই প্রদক্ষে একটা কথা বলার দরকার ছিল, সেইটে বলি। যৌবনের গোড়ায় বখন নারীপ্রভাবের ম্যাগ্নৈটিজ্ম রঙিন রশ্মির আন্দোলন তোলে জীবনের আকাশে জাকাশে, তখন আমি ছিলুম কোমর বেঁধে অন্তমনন্ত। আমি সন্মানী, আমি কর্মযোগী, এই সমন্ত বাণীর কুলুপ আমার মনে ক্ষে তালা এঁটে রেখেছিল। ক্যাদায়িকেরা যখন আশেপাশে ঘোরাঘূরি করেছে তখন আমি স্পষ্ট করেই বলেছি, ক্যার কৃষ্টিতে যদি অকালবৈধব্যযোগ থাকে তবেই যেন ভারা আমার কথা চিন্তা করেন।

পাশ্চাত্য মহাদেশে নারীসঙ্গান্তে বাধা দেবার কাঁটার বেড়া নেই। সেখানে ত্রোগের আশকা ছিল। আমি যে স্থপ্কর, বলনারীর মুখের ভাষায় তার কোনো ভাষ্য পাই নি। তাই এ সংবাদটা আমার চেতনার বাইরেই ছিল। বিলেতে গিয়ে প্রথম আবিদ্ধার করেছি যে সাধারণের চেয়ে আমার বৃদ্ধি বেশি, তেমনি ধরা পড়েছে আমার চেহারা ভালো। আমার দেশের অর্ধাশনশীর্থ পাঠকের মুখে জল আসবার মতো রসগর্ত কাহিনীর স্ট্চনা দেখানে মাঝে মাঝে হয়েছিল। সেয়ানারা অবিষাদে চোখ টেপাটিপি করতে পারেন তর্ জোর করেই বলব সে কাহিনী মিলনান্ত বা বিয়োগান্তের ঘ্রনিকাপতনে পৌছয় নি কেবল আমার জেদবশত। আমার স্বভাবটা কড়া, পাথ্রে জমিতে জীবনের সংকল্প ছিল যক্ষের ধনের মতো পোঁতা, সেখানে চোরের সাবল ঠিক্রে প'ড়ে ঠন্ করে ওঠে। তা ছাড়া আমি জাত-পাড়ার্গেয়ে, সাবেককেলে ভদ্রঘরে আমার জন্ম, মেয়েদের সম্বন্ধে আমার সংকোচ ঘূচতে চায় না।

আমার জর্মন ভিগ্রি উচুদরের ছিল। দেটা এখানে সরকারী কাজে বাতিল। তাই স্থান্য ক'বে ছোটোনাগপুরে চন্দ্রবংশীয় এক রাজার দরবারে কাজ নিয়েছি। সৌভাগ্যক্রমে তাঁর ছেলে দেবিকাপ্রসাদ কিছুদিন কেন্ধিজে পড়ান্তনো করেছিলেন। দৈবাং জুরিকে তাঁর সঙ্গে আমার দেখা। তাঁকে ব্ঝিয়েছিল্ম আমার প্র্যান। তান উৎসাহিত হয়ে তাঁদের স্টেটে আমাকে লাগিয়ে দিলেন জিয়লজিকাল সর্ভের কাজে খনি-আবিদারের প্রত্যাশায়। এত বড়ো কাজের ভার আনাড়ি সিভিলিয়নকে না দেওয়াতে সেকেটেরিয়টের উপরিভরে বায়ুমগুল বিক্র হয়েছিল। দেবিকাপ্রসাদ শক্ত খাতের লোক, বুড়ো রাজার মন টল্মল্ করা সন্তেও টি কৈ গেলুম।

এখানে আসবার আগে মা বললেন, "ভালো কান্ধ পেয়েছ, এবার বাবা বিয়ে করো।" আমি বললুম, অর্থাৎ ভালো কান্ধ মাটি করো।

তার পরে বোবা পাধরকে প্রশ্ন করে করে বেড়াচ্ছিল্ম পাহাড়ে জন্দ । ' সে

শমরটাতে পরাশফুলের রাঙা রঙে বনে বনে নেশা লেগে গিরেছে। শালগাছে অজল নকরী, মৌমাছিদের অনবরত গুরুন। ব্যাবসাধারেরা মৌ সংগ্রহে লেগেছে, কুলের পাতা থেকে অমা করছে তসর-বেশমের গুটি, সাঁওতালরা কুড়ছে পাকা মহুয়া ফল। বিবৃধির্ শক্তে হালকা নাচের ওড়না খুরিয়ে চলেছিল একটি ছিপ্ছিপে নদী। শুনেছি এখানকার কোনো অধিবাদিনী ভার নাম দিয়েছেন তনিকা। তাঁর কথা পরে হবে।

দিনে দিনে ব্বতে পারছি এ জায়গাটা ঝিমিয়ে-পড়া ঝাপদা চেতনার দেশ, এখানে একলা মনের সন্ধান পেলে প্রকৃতি মায়াবিনী তাকে নিয়ে বঙ্বেজিনীর কাজ করে, ষেমন করে সে অন্তত্থের উত্তরীয়ে।

মনটাতে একটু আবেশের ঘোর লাগছিল। ক্ষণে ক্ষণে টিলে হয়ে আসছিল কাজের চাল। নিজের উপর বিরক্ত হচ্ছিল্ম, ভিতর থেকে কমে জোর লাগাছিল্ম দাঁড়ে। ভয় হচ্ছিল উপিকাল মাকড়সার জালে জড়িয়ে পড়ছি ব্ঝি। শয়তান উপিক্দ্ জন্মকাল থেকে এদেশে হাতপাখার হাওয়ায় ডাইনে বাঁয়ে হারের মন্ত্র চালাচ্ছে আমাদের ললাটে, মনে মনে পণ করছি এর স্বেদসিক্ত জান্থ এড়াতেই হবে।

বেলা পড়ে এল। এক জায়গায় মাঝখানে চর ফেলে ফুড়ি পাথর ঠেলে ঠেলে তুই
লাখায় ভাগ হয়ে চলে গিয়েছে নদী। সেই বালুর দ্বীপে শুরু হয়ে বলে আছে সারি
সারি বকের দল। দিনাবসানে তাদের এই ছুটির ছবি দেখে রোজ আমি চলে খাই
আমার কাজের বাঁক ফেরাভে। ঝুলিতে মাটি পাথর অত্রের টুকরো নিয়ে সেদিন
ফিরছিল্ম আমার বাংলাদরে, ল্যাবরেটরিতে পরীক্ষার কাজে। অপরাত্র আর সদ্ধার
মাঝখানে দিনের যে একটা ফালতো পোড়ো সময় থাকে সেইখানটাতে একলা মাহুষের
মন এলিয়ে পড়ে। তাই আমি নিজেকে চেতিয়ে বাখবার জল্পে এই সময়টা লাগিয়েছি
পর্ব করার কাজে। ভাইনামো দিয়ে বিজলি বাতি জালাই, কেমিক্যাল নিয়ে
মাইক্রস্কোপ বিয়ে নিজ্জি নিয়ে বিদ। এক-একদিন রাত তুপুর পেরিয়ে যায়।

আৰু একটা পুরোনো পবিত্যক্ত তামার খনির খবর পেয়ে ক্রুত উৎসাহে তারই সন্ধানে চলেছিলুম। কাকগুলো মাখার উপর দিয়ে বাঁকে বাঁকে উড়ে চলেছে ফিকে আলোর আকাশে কা কা শবে। অদুরে একটা টিবির উপরে তাদের পঞ্চায়েত বসবার পড়েছে হাঁকডাক।

হঠাৎ বাধা পড়ল আমার কাজের রাজায়। পাঁচটা গাছের চক্রমগুলী ছিল বনের পথের বাবে একটা উচু ডাভার 'পরে। নেই বেইনীর মধ্যে কেউ বনে থাকলে কেবল একটিমাত্র অবকাশে তাকে দেখা যায়, হঠাৎ চোথ এড়িয়ে যাবারই কথা। দেদিন মেঘের মধ্যে দিয়ে একটি আশ্চর্য দীপ্তি বিচ্ছুবিত হয়েছিল। সেই গাছগুলোর ফাঁকটার ভিতর দিয়ে রাঙা আলোর ছোরা চিবে কেলেছিল ভিতরকার ছায়াটাকে।

ঠিক সেই আলোর পথে বসে আছে মেরেটি গাছের গুঁড়িতে হেলান দিয়ে, পা ছটি ব্কের কাছে গুটিয়ে নিয়ে। পালে ঘালের উপর পড়ে আছে একথানা থাতা, বোধ হয় ডায়ারি।

বৃক্ষের মধ্যে ধক্ করে উঠল, ধমকিয়ে গেলুম। দেখলুম যেন বিকেলের মান রৌজে গড়া একটি সোনার প্রতিমা। চেমে রইলুম গাছের গুঁড়ির আড়ালে গাঁড়িয়ে। অপূর্ব ছবি এক মৃহুর্তে চিহ্নিত হয়ে গেল মনের চিরম্মরণীয়াগারে।

আমার বিহ্বত অভিজ্ঞতার পথে অনেক অপ্রত্যাশিত মনোহরের দরকায় ঠেকেছে মন, পাশ কাটিয়ে চলে গেছি, আজ মনে হল জীবনের একটা কোন্ চরমের সংস্পর্শে এসে পৌছলুম। এমন করে ভাবা, এমন করে বলা আমার একেবারে অভ্যন্ত নয়। যে আঘাতে মাহুষের নিজের অজ্ঞানা একটা অপূর্ব স্বরূপ ছিটকিনি থুলে অবারিত হয়, সেই আঘাত আমাকে লাগল কী করে।

অত্যন্ত ইচ্ছা করছিল ওর কাছে গিয়ে কথার মতো কথা একটা-কিছু বলি। কিন্তু জানি নে কী কথা যে পরিচয়ের সবপ্রথম কথা, যে কথায় জানিয়ে দেবে খৃষ্টীয় প্রাণের প্রথম স্বাধী — আলো হোক, ব্যক্ত হোক যা অব্যক্ত।

আমি মনে মনে ওর নাম দিলুম— অচিরা। তার মানে কী। তার মানে এক মুহুর্ভেই ধার প্রকাশ, বিদ্যুতের মতো।

একসময়ে মনে হল অচিরা যেন জানতে পেরেছে কে একজন দাঁড়িয়ে আছে আড়ালে। স্তব্ধ উপস্থিতির একটা নিঃশব্দ শব্দ আছে বুঝি।

একটু তফাতে গিয়ে কোমরবন্ধ থেকে ভূজালি নিয়ে একান্ত মনোযোগের ভান করে মাটি থোঁচাতে লাগল্ম। ঝুলিতে যা হয় কিছু দিল্ম পুরে, গোটা কয়েক কাঁকরের ঢেলা। চলে গেল্ম মাটির দিকে ঝুঁকে পড়ে কী যেন সন্ধান করতে করতে। কিন্তু নিশ্চয় মনে জানি থাকে ভোলাতে চেয়েছিল্ম তিনি ভোলেন নি। মৄয় পুরুষচিত্তের বিহুরলতার আরও অনেক দৃষ্টান্ত আরও অনেকবার তাঁর গোচর হয়েছে সন্দেহ নেই। আশা করলুম আমার বেলায় এটা তিনি উপভোগ করলেন, সকৌতুকে কিংবা সগরে, কিংবা হয়তো বা একটু মুক্ক মনে। কাছে যাবার বেড়া মদি জার-একটু ফাঁক কয়তুম তা হলে কী জানি কী হত। রাগ কয়তেন, না রাগের ভান কয়তেন? অভান্ত চঞ্চল মনে চলেছি আমার বাংলাছরের দিকে এমন সময় চোপে পড়ল তুই

টুকরোর ছিন্নকরা একখানা চিঠির খাম। তাতে নাম লেখা, ভবতোষ মন্ত্যদার আই. দি. এদ, ছাপরা। তার বিশেষত্ব এই বে, এতে টিকিট আছে, কিন্তু লে টিকিটে ভাকদরের ছাপ নেই। ব্যতে পারল্ম ছেঁড়া চিঠির খামের মধ্যে একটা ট্রাভেডির কতচিত্ব আছে। পৃথিবীর ছেঁড়া ভর থেকে তার বিপ্লবের ইতিহাস বের করা আমার কাজ। দেই রকম কাজে লাগল্ম ছেঁড়া খামটা নিয়ে।

ইতিমধ্যে ভাবনা ধরিয়ে দিয়েছে আমার নিজের অন্তঃকরণটা। নিজের অপ্রমন্ত কঠিন মনটাকে চিনে নিয়েছি ব'লে স্পষ্ট ধারণা ছিল। আজ এই প্রথম দেখলুম তার পাশের পাড়াতেই লুকিয়ে বসে আছে বৃদ্ধিশাসনের বহিভূতি একটা অবোধ।

নির্জন অরণ্যের স্থগভীর কেন্দ্রস্থলে একটা স্থনিবিড় সম্মোহন আছে যেখানে চলছে তার বুড়ো বুড়ো গাছপালার কানে কানে চক্রান্ত, ধেখানে ভিতরে ভিতরে ভিজুমিত হচ্ছে স্টের আদিম প্রাণের মন্ত্রগ্রন্থন। দিনে তুপুরে ঝাঁ ঝাঁ করে ওঠে তার স্থর উদাত্ত পর্দায়, রাতে তুপুরে তার মন্ত্রগন্তীর ধ্বনি স্পান্দিত হতে থাকে জীবচেতনায়, বুদ্ধিকে দেয় আবিষ্ট করে। জিয়লজি-চর্চার ভিতরে ভিতরেই মনের আন্তর্ভৌম প্রদেশে ব্যাপ্ত ইচ্ছিল এই আরণ্যক মায়ার কাজ। হঠাৎ স্পষ্ট হয়ে উঠে সে এক মুহুর্ভে আমার দেহমনকে আবিষ্ট করে দিল যথনই দেখলুম অচিরাকে কুস্থমিত ছায়ালোকের পরিবেটনে।

বাঙালি মেয়েকে ইতিপূর্বে দেখেছি সন্দেহ নেই। কিন্তু তাকে এমন বিশুদ্ধ
স্থপ্রকাশ স্বাতস্ত্রো দেখি নি। লোকালয়ে যদি এই মেয়েটিকে দেখতুম তা হলে যাকে
দেখা যেত নানা লোকের সঙ্গে নানা সম্বন্ধ জড়িত বিমিপ্রিত এ মেয়ে সে নয়, এ দেখা
দিল পরিবিস্কৃত নির্জন সবৃদ্ধ নিবিড়তার পরিপ্রেক্ষিতে একান্ত স্বকীয়তায়। মনে
হল না বেণী ঘূলিয়ে এ কোনো কালে ডায়োসিশনে পর্দেটেজ রাখতে গেছে, শাড়ির
উপরে গাউন ঝুলিয়ে ডিগ্রি নিতে গেছে কনভোকেশনে, বালিগঞ্জে টেনিস-পার্টিতে চা
ঢালছে উচ্চ কলহাস্তে। অল্পরয়েস শুনেছি পুরোনো বাংলা গান— "মনে রইল সই
মনের বেদনা"— তারই সরল স্বরের সঙ্গে মিশিয়ে চিরকালের বাঙালি মেয়ের একটা
কঙ্গণ চেহারা আমি দেখতে পেতৃম, অচিরাকে দেখে মনে হল সেইরকম বারোয়াঁ
গানে তৈরি বাণীমূর্তি, যে গান রেডিয়োতে বাজে না, গ্রামোফোনে পাড়া মুখর করে
না। এদিকে আমার আপনার মধ্যে দেখলুম মনের নিচের তলাকার তপ্তবিগলিত
একটা প্রদীপ্ত রহন্ত হঠাৎ উপরের আলোতে উদ্গীর্ণ হয়ে উঠেছে।

ব্ৰতে পারছি আমি যখন রোজ বিকেলে এই পথ দিয়ে কাজে ফিরেছি অচিরা আমাকে দেখ্রেছে, অক্তমনত আমি ওকে দেখি নি। নিজের চেহারা সহজে বে বিশাস এনেছি বিলেড থেকে, এই ঘটনা সম্পর্কে মনের মধ্যে তার প্রতিক্রিয়া যে হয় নি তা বলতে পারি নে। কিন্তু সন্দেহও ছিল। বিলেডফেরত কোনো কোনো বন্ধুর কাছে ভানেছি, বিলিতি মেয়ের ফচির সঙ্গে বাঙালি মেয়ের ফচি মেলে না। এরা পুরুষের রূপে থোঁজে মেয়েলি যোলায়েম ছান্ন। বাঙালি কার্ডিক আর বাই হোক কোনো কালে দেবসেনাপতি ছিল না। এটা বলতে হবে আমাকেও মন্ত্রের চড়ালে মানাবে না। এতদিন এসব আলোচনা আমার মনের ধার দিয়েও বায় নি। কিন্তু কয়েকদিন ধরে আমাকে ভাবিয়েছে। রোদেপোড়া আমার রঙ, লছা আমার দেহ, শক্ত আমার বাছ, জতে আমার চলন, নাক চিবুক কপাল নিয়ে খুব স্পষ্ট রেধায় আঁকা আমার চেহারা। আমি নবনীনিন্দিত ক্ষিতকাঞ্চনকান্তি বাঙালি মায়ের আদবের ধন নই।

আমার নিকটবর্তিনী বহুনারীর সঙ্গে আমি মনে মনে ঝগড়া করেছি, একলা ঘরের কোণে বুক ফুলিয়ে বলেছি, 'ভোমার পছন্দ পাই আর নাই পাই একথা নিশ্চয় জেনো তোমার দেশের চেয়ে বড়ো বড়ো দেশের শ্বরহরসভার বরমাল্য উপেক্ষা করে এসেছি।' এই বানানো ঝগড়ার উশায় একদিন হেসে উঠেছি আপন ছেলেমাহ্বিতে। আবার এদিকে বিজ্ঞানীর যুক্তিও কাজ করেছে ভিতরে ভিতরে। আপন মনে তর্ক করেছি, একাস্ত নিভূতে থাকাই যদি ওর প্রার্থনীয় তা হলে বারবার আমার স্থাপ্ত দৃষ্টিপাত এড়িয়ে এতদিনে ও তো ঠাই বদল করত। কাজ সেরে এ পথ দিয়ে আগে যেতুম একবার মাত্র, আজকাল যথন-তথন যাতায়াত করি, যেন এই জায়গাটাতেই সোনার খনির থবর পেয়েছি। কথনও স্পান্ত ধ্যরণা হয় নি। এক-একদিন হঠাৎ পিছন-ফিরে দেখেছি আমার ভিরোগমনের দিকে অচিরা তাকিয়ে আছে, ধরা পড়তেই ক্রতে চোখ ফিরিয়ে নিয়েছে।

তথ্য সংগ্রহের কাজে লাগলুম। পাটনা বিশ্ববিদ্যালয়ে আমার কেন্থিজের সভীর্থ প্রোফেসর আছেন বন্ধিম। তাঁকে চিঠি লিখলুম, 'তোমাদের বেহার সিভিল সার্ভিদে আছেন এক ভন্তলোক, নাম ভবতোধ। আমার কোনো বন্ধু, তাঁর মেয়ের জল্মে লোকটিকে উন্নাহবন্ধনে জড়াবার ত্র্মর্ম সাহায্য করতে আমাকে অন্থরোধ করেছেন। জানতে চাই রাজা খোলসা কি না, আর লোকটার মতিগতি কী রক্ম।'

উত্তর এল, 'পাকা দেয়াল তোলা হয়ে পেছে, রান্তা বন্ধ। তার পরেও লোকটার মতিগতি সম্বন্ধ মূদি কৌতৃহল থাকে তবে লোনো। এ দেশে থাকতে আমি বাঁর ছাত্র ছিল্ম তাঁর নাম নাই জানলে। তিনি পরম পণ্ডিত আর ঋষিতৃল্য লোক। তাঁর নাতনিটিকে যদি দেথ তা হলে জানবে সরস্বতী কেবল বে আবিভূতি হয়েছেন ষধ্যাপকের বিভামন্দিরে তা নয় তিনি দেহ নিয়ে এদেছেন তাঁর কোলে। এমন বৃদ্ধিতে উচ্চল অপরূপ স্থন্দর চেহারা কথনও দেখি নি।

"ভবতোষ ঢুকল শয়তান তাঁর বর্গলোকে। বল্লজন নদীর মতে। বুদ্ধি তার অগভীর य'राष्ट्रे कम् कम् करत चाँद राष्ट्रे करक्षटे ठांद राज्यत थाता चनर्रात । जुनरान चशांत्रक, ভুললেন নাতনি। বক্ষদক্ষ দেখে আমাদের তো হাত নিদ্পিদ করতে থাকত। किছু बनवाद पथ हिन ना- विवाद्य महत्त भाकाभाकि, वित्न शिय मिलिशान হয়ে আদৰে তাৱই ছিল অপেকা। তাবও পাথেয় এবং থবচ জুগিয়েছেন ক্তাব পিতা। লোকটার দর্দির ধাত, একান্ত মনে কামন। করেছিলুম হ্যুমোনিয়া হবে। হয় নি। পাদ कदल भदीकांग्रः, ताल स्मित्रवामांबर्धे वित्र कदल देखिया ग्रदर्भागेत डेफ्नमम् মুবন্ধির মেয়েকে। লোকসমাজে নাতনির লজা বাঁচাবার জন্তে মর্মাহত অধ্যাপক কোণায় অস্তর্ধান করেছেন জানি নে। অনতিকালের মধ্যে ভবতোষের অপ্রত্যাশিত পদোরতির সংবাদ এল। মন্ত একটা বিদায়ভোজের আয়োজন হল। ভনেছি ধরচটা দিয়েছে ভবতোষ গোপনে নিজের পকেট থেকে। আমরাও নিজের পকেট থেকেই খরচ দিয়ে গুণ্ডা লাগিয়ে ভোজটা দিলুম লণ্ডভণ্ড করে। কাগজে কংগ্রেস-ওয়ালাদের প্রতিই সন্দেহ প্রকাশ করেছিল ভবতোষেরই ইশারায়। আমি জানি এই সংকার্যে তারা লিপ্ত ছিল না। যে নাগরা জ্বতো লেগেছিল পলায়মানের পিঠে, সেটা অধ্যাপকেরই এক প্রাক্তন ছাত্রের প্রশন্ত পায়ের মাপে। পুলিশ এল গোলমালের অনেক পরে— ইনম্পেক্টর আমার বন্ধ, লোকটা সহদয়।'

চিঠিখানা পড়লুম, প্রাক্তন ছাত্রটির প্রতি ঈর্বা হল।

অচিবার সব্দে প্রথম কথাটি শুরু করাই সব চেয়ে কঠিন কাজ। আমি বাঙালি মেয়েকে ভয় করি। বোধ করি চেনা নেই ব'লেই। অথচ কাজে যোগ দেবার কিছু আগেই কলকাতায় কাটিয়ে এসেছি। সিনেমামঞ্পথবর্তিনী বাঙালি মেয়ের নতুন চাসকরা ভ্রবিলাস দেখে তো শুন্তিত হয়েছি— তারা সব জাতবান্ধবী— থাক্ তাদের কথা। কিন্তু অচিরাকে দেখলুম একালের ঠেলাঠেলি ভিড়ের বাইরে— নির্মল আগ্র-মর্থাদায়, স্পর্শভীক মেয়ে। আমি,তাই ভাবছি প্রথম কথাটি শুক্ত করব কী করে।

জনবৰ এই যে কাছাকাছি ভাকাতি হয়ে গেছে। ভাবলুম, হিতৈষী হয়ে বলি 'রাজা-বাহাত্বকে ব'লে আপনার জন্তে পাহারার বন্দোবন্ত করে দিই।' ইংরেজ মেয়ে হলে হয়তো গায়েপড়া আহক্ল্য সইতে পারত না, মাধা বাঁকিয়ে বল্লড়, 'সে ভাবনা আমার।' এই বাঙালি মেয়ে অচেনার কাছ থেকে কী ভাবে কথাটা নেবে আমার জানা নেই, হয়তো আমাকেই ভাকাত ব'লে সন্দেহ করবে।

हेिजार्था अको। चर्चना चर्चन त्नरी। উল্লেখবোগ্য।

দিনের আলো প্রায় শেষ হয়ে এনৈছে। অচিরার সময় হয়েছে ঘরে ফেরবার।
এমন সময় একটা হিন্দুহানী গোঁয়ার এসে তার হাত থেকে তার থাতা আর থলিটা
নিয়ে যখন ছুটেছে আমি তখনই বনের আড়াল খেকে বেরিছে এসে বলল্ম, "কোনো
ভয় নেই আগনার।" এই বলে ছুটে সেই লোকটার ঘাড়ের উপর পড়তেই সে ব্যাগ
খাতা ফেলে দোড় মারলে। আমি লুঠের মাল নিয়ে এসে অচিরাকে দিল্ম। অচিরা
বললে, "ভাগ্যিস আপনি—"

আমি বললেম, "আমার কথা বলবেন না, ভাগ্যিদ ঐ লোকটা এসেছিল।" "তার মানে।"

"তার মানে তারই রূপায় আপনার নকে আমার প্রথম আলাপ হয়ে গেল।" অচিরা বিশ্বিত হয়ে বললে, "কিন্তু ও বে ডাকাত।"

"এমন অন্তায় অপবাদ দেবেন না। ও আমার বরকলাজ, রামশরণ।"

অচিরা মৃথের উপর থয়েরি রঙের আঁচল টেনে নিয়ে থিল্থিল্ করে হেসে উঠল। হাসি থামতে চায় না। কী মিষ্টি তার ধরনি। যেন ঝর্নার নিচে ছড়িগুলো ঠুন্ঠুন্ করে উঠ হারে হারে। হাসি-অবসানে সে বললে, "কিন্তু সতিয় হলে খুব মঞ্জা হত।"

"মজা কার পকে ?"

"ধাকে নিয়ে ডাকাডি।"

"আর উদ্ধারকর্তার ?"

"বাড়ি নিয়ে গিয়ে তাকে এক পেয়ালা চা খাইয়ে দিতুম আর গোটা ত্রেক স্বদেশী বিস্কৃত ।"

"আর এই ফাঁকি উদ্ধারকর্তার কী হবে।"

"যে রকম শোনা গেল তাঁর তো আর-কিছুতে দরকার নেই, কেবল প্রথম কথাটা।" "ঐ প্রথম পদক্ষেপেই গণিতের অগ্রগতিটা কি বন্ধ হবে।"

"কেন হবে। ওকে চালাবার জজ্ঞে বরকলাজের সাহাষ্য দরকার হবে না।" বসল্ম দেখানেই ঘাদের উপরে। একটা কাটা গাছের গুঁড়ির উপরে বসে ছিল অচিবা।

আমি জিজ্ঞানা করলুম, "আপনি হলে আমাকে প্রথম কথাটা কী বলতেন।"
"বলতুম, রাতায় ঘাটে ঢেলা কুড়িয়ে কুড়িয়ে করছেন কী। আপনার কি
বয়স হয় নি।"

"राजन नि रंकन।"

"ভয় করেছিল।"

"আমাকে ভর কিসের ?"

"আপনি যে মন্ত লোক, দাছুর কাছে শুনেছি। তিনি আপনার লেখা প্রবন্ধ বিলিতি কাগজে পড়েছেন। তিনি যা পড়েন আমাকে শোনাতে চেষ্টা করেন।"

"এটাও কি করেছিলেন।"

"নিষ্ঠ্য তিনি, করেছিলেন। লাটন শব্দের ভিড় দেখে জ্বোড়হাত করে তাঁকে বলেছিলুম, দাছ এটা থাক্। বর্ঞ তোমার সেই কোয়ান্টম থিয়োরির বইখানা খোলো।"

"সে থিয়োরিটা বৃষি আপনার জানা আছে ?"

"কিছুমাত্র না। কিন্তু দাছর দৃঢ় বিশ্বাদ দ্বাই দ্বকিছু ব্ঝতে পারে। আর তাঁর অন্ত্ত এই একটা ধারণা যে, মেয়েদের বৃদ্ধি পুরুষদের বৃদ্ধির চেয়ে বেশি তীক্ষ। তাই ভয়ে ভয়ে আছি অবিলম্বে আমাকে 'টাইম-স্পেদ'এর জোড়মিলনের ব্যাখ্যা ভনতে হবে। দিদিমা যখন বেঁচে ছিলেন, দাছু বড়ো বড়ো কথা পাড়লেই তিনি মুখ বন্ধ করে দিতেন; এটাই যে মেয়েদের বৃদ্ধির প্রমাণ, দাছু কিন্তু দেটা বোঝেন নি।"

অচিরার ছই চোধ শ্বেহে আর কৌতুকে ছল্ছল্ জল্মল্ করে উঠল।

দিনের আলো নিংশেষ হয়ে এল। সন্ধার প্রথম তারা জলে উঠেছে একটা একলা ভালগাছের মাধার উপরে। সাঁওতাল মেয়েরা ঘরে চলেছে জালানি কাঠ সংগ্রহ করে, দূর থেকে শোনা যাচ্ছে তাদের গান।

এমন সময় বাইরে থেকে ডাক এল, "কোথায় তুমি। অন্ধকার হয়ে এল যে! আজকাল সময় ভালো নয়।"

জচিরা উত্তর দিল, "দে তে। দেখতেই পাচ্ছি। তাই জ্বন্থে একজন ভলন্টিয়র নিযুক্ত করেছি।"

আমি অধ্যাপকের পায়ের ধুলো নিয়ে প্রণাম করলুম। তিনি শশব্যন্ত হয়ে উঠলেন। আমি পরিচয় দিলুম, "আমার নাম শ্রীনবীনমাধব দেনগুপ্ত।"

বৃদ্ধের মৃথ উজ্জল হয়ে উঠল। বললেন, "বলেন কি! আপনিই ডাক্তার সেনগুপ্ত? কিন্তু আপনাকে যে বড়ো ছেলেমাহ্যয় দেখাছে।"

আমি বলন্ম, "ছেলেমাস্থ না তো কী। আমার বয়দ এই ছত্তিশের বেশি নয়— দাঁইত্তিশে পড়ৰ।"

ষ্মাবার ষ্টিরার সেই কলমধুর কণ্ঠের হাসি। আমার মনে যেন দূন লয়ের বংকারে

সেতার বাজিয়ে দিল। বললে, "দাত্ব কাছে স্বাই ছেলেমাছ্ব। স্থার উনি নিজে স্ব ছেলেমাছ্বের স্থারওয়াল।"

অধ্যাপক হেসে বললেন, "আগরওয়াল, ভাষায় নতুন শব্দের আমদানি।"

অচিরা বললে, "মনে নেই, সেই বে তোমার মাড়োয়ারি ছাত্র কুন্দনলাল আগরওয়ালা, আমাকে এনে দিত বোতলে করে কাঁচা আমের চাট্নি। তাকে জিগ্গোসা করেছিলুম আগরওয়াল শব্দের অর্থ কী— সে ফদ্ করে বলে দিল পায়োনিয়র।"

অধ্যাপক বললেন, "ভাক্তার দেনগুপ্ত, আপনার দক্ষে আলাপ হল যদি আমাদের ওথানে পেতে যেতে হবে তো।"

"কিছু বলতে হবে না দাত্ব, যাবার জ্বন্তে ওঁর মন লাফালাফি করছে। - আমি যে এইমাত্র ওঁকে বলে দিয়েছি দেশকালের মিলনতত্ত্ব তুমি ব্যাখ্যা করবে।"

মনে মনে বলনুম, 'বাদ বে, কী ছষ্টুমি।'

অধ্যাপক উৎসাহিত হয়ে বলে উঠলেন, "আপনার বৃঝি 'টাইম-স্পেদ'এর—"
আমি ব্যস্ত হয়ে বলে উঠলুম, "কিছু জানা নেই— বোঝাতে গেলে আপনার বৃথা
দময় নই হবে।"

বৃদ্ধ ব্যগ্র হয়ে বলে উঠলেন, "এখানে সময়ের অভাব কোথায়। আচ্ছা, এক কাজ করুন না, আজই চনুন আমার ওখানে আহার করবেন।"

•আমি লাফ দিয়ে বলতে যাচ্ছিল্ম, 'এখ্খনি।' অচিরা বলে উঠল, "দাত্ব, সাধে তোমাকে বলি ছেলেমাত্বয়। যথন খুলি নেমস্তব্ধ করে ফেল, আমি পড়ি মূলকিলে। ওঁরা বিলেতের ভিনার-থাইয়ে সর্বগ্রাসী মাহ্ন্য, কেন তোমার নাতনির বদনাম করবে।" অধ্যাপক ধ্যক-খাওয়া বালকের মতো বললেন, "আচ্ছা, তবে আর কোন্ দিন আপনার হুবিধে হবে বলুন।"

"স্বিধে আমার কালই হতে পারবে কিন্তু অচিরা দেবীকে রসদ নিয়ে বিপন্ন করতে চাই নে। পাহাড়ে পর্বতে ঘূরি, সঙ্গে রাখি থলি ভরে চিঁড়ে, ছড়াকয়েক কলা, বিলিতি বেগুন, কাঁচা ছোলার শাক, চিনেবাদাম। আমিই বরঞ্চ সঙ্গে নিয়ে আসব ফলারের আয়োজন। অচিরা দেবী যদি স্বহস্তে দই দিয়ে মেথে দেন লক্ষা পাবে ফিরপোর দোকান।"

"দাত্ব, বিশ্বাস কোরো না এইসব মুখমিষ্টি লোককে। উনি নিশ্চয় পড়েছেন ভোষার সেই লেখাটা বাংলা কাগজে, সেই ভিটামিনের গুণপ্রচার। ভাই ভোষাকে খুশি করবার জন্তে শোনালেন চিঁড়েকলার ফর্ম।" মৃশকিলে ফেললে। বাংলা কাগন্ধ পড়া তো আমার ঘটেই ওঠে না। অধ্যাপক উৎফুল্ল হয়ে জিগ গেসা করলেন, "সেটা পড়েছেন বৃঝি।"

অচিবার চোথের কোণে দেখতে পেল্ম একটু হাসি। তাড়াতাড়ি শুরু করে দিলুম, "পড়ি আর নাই পড়ি তাতে কিছু আলে যাত্র না, কিন্তু আলল কথাটা হচ্ছে" — আলল কথাটা আর হাতড়ে পাইনে।

অচিরা দয়া করে ধরিয়ে দিলে, "আসল কথা উনি নিশ্চিত জানেন, কাল যদি তোমার ওখানে নেমন্তর জোটে তা হলে ওঁর পাতে পশুপক্ষী স্থাবরজ্বন কিছুই বাদ যাবে না। তাই অত নিশ্চিন্ত মনে বিলিতি বেগুনের নামকীর্তন করলেন। দাছ, তুমি দ্বাইকে অত্যন্ত বেশি বিশ্বাস কর, এমনকি, আমাকেও। সেইজন্মেই ঠাটা করে তোমাকে কিছু বলতে সাহস হয় না।"

কথা বলতে বলতে ধীরে ধীরে ওঁলের বাড়ির দিকে এগিয়ে চলেছি এমন সময় অচিরা হঠাৎ আমাকে বলে উঠল, "বাস্ আর নয়— এইবার ঘান বাসায় ফিরে।"

व्यामि रनन्म, "मत्रका भर्यस अगिरत्र (मर ।"

অচিরা বললে, "দর্বনাশ, দরজা পেরলেই আলুথালু উচ্ছুঝলতা আমাদের ছজনের দশিলিত রচনা। আপনি অবজ্ঞা করে বলবেন বাঙালি মেয়েরা অগোছালো। একটু সময় দিন, কাল দেখলে মনে হবে শেতদীপের শেতভূজার অপূর্ব কীর্তি, মেমসাহেবী সৃষ্টি।"

অধ্যাপক কিছু কৃতিত হয়ে আমাকে বললেন, "আপনি কিছু মনে করবেন না—
দিনি বড়ো বেশি কথা কছে। কিন্তু ওটা ওর স্বভাব নয় মোটে। এখানে অত্যস্ত
নির্দ্ধন, তাই ও আমার মনের ফাঁক ভরে রেখে দেয় কথা কয়ে। সেটা ওর অভ্যেস
হয়ে যাছে। ও যথন চুপ করে থাকে ঘরটা ছম্ছম্ করতে থাকে, আমার মনটাও।
ও নিজে জানে না সে কথা। আমার ভয় হয় পাছে বাইরের লোকে ওকে ভূল
বোঝে।"

বুড়োর গলা জড়িয়ে ধরে অচিরা বললে "বুঝুক-না দাছ। অত্যন্ত অনিশনীয়া হতে চাই নে, দেটা অত্যন্ত আনইণ্টারেষ্টিঙ।"

অধ্যাপক সগর্বে বলে উঠলেন, "আমার দিদি কিন্তু কথা বলতে জানে, অমন আর কাউকে দেখি নি।"

"ভূমিও আমার মতো কাউকে দেখ নি, আমিও কাউকে দেখি নি ভোমার মতো।" আমি বলন্ম, "আচার্যদেব, আজ বিদায় নেবার পূর্বে আমাকে একটা কথা দিভে ছবে।"

"আছা বেশ।"

"আশনি যতবার আমাকে আশনি বলেন, আমি মনে মনে ততবার জিভ কাটি। আমাকে দয়া করে তৃমি ব'লে যদি ডাকেন তা হলে মন সহজে সাড়া দেবে। আপনার নাতনিও সহকারিতা করবেন।"

অচিরা ছুই হাত নেড়ে বললে, "অসম্ভব, আরও কিছুদিন যাক। সর্বদা দেখাখনো হতে হতে বড়োলোকের তিলকলাহন যথন ঘষা প্রদার মতো পালিশ করা হয়ে যাবে তথন সবই সম্ভব হবে। নাত্ব কথা স্বতম। আমি বরঞ্চ ওঁকে পড়িয়ে নিই। বলো তো নাত্ব, তুমি কাল থেতে এসো। দিদি যদি মাছের ঝোলে হ্নন দিতে ভোলে মুখ না বেঁকিয়ে বোলো, কী চমৎকার। বোলো সবটা আমারই পাতে দেওয়া ভালো, অক্সরা এরকম রাল্লা তো প্রায়ই ভোগ করে থাকেন।"

অধ্যাপক সম্নেহে আমার কাঁধে হাত দিয়ে বললেন, "ছাই, তুমি বৃশ্বতে পারবে না আসলে এই মেয়েটি লাজুক তাই যখন আলাপ করা কর্তব্য মনে করে তখন সংকোচ ঠেলে উঠতে গিয়ে কথা বেশি হয়ে পড়ে।"

"দেখেছেন ডক্টর দেনগুপ্ত, দাত্ব আমাকে কী রকম মধ্র করে শাসন করেন। অনায়াসে বলতে পারতেন, তুমি বড়ো মুখরা, তোমার বকুনি অসহ। আপনি কিন্তু আমাকে ডিফেণ্ড করবেন। কী বলবেন বলুন তো।"

"আপনার মুখের সামনে বলব না।"

"বেশি কঠোর হবে ?"

"আপনি মনে মনেই জানেন।"

"थाक्, थाक्, छ। टल रल काल नारे। এখন राष्ट्रि यान।"

ুআমি বলনুম, "তার আগে দব কথাটা শেষ করে নিই। কাল আপনাদের ওথানে আমার নেমস্তরটা নামকর্তন-অহুষ্ঠানের। কাল থেকে নবীনমাধব নামটা থেকে কাটা পড়বে ডাক্তার দেনগুপ্ত। সুর্যের কাছাকাছি এলে ধ্মকেতুর কেতুটা পায় লোপ, মুখুটা থাকে বাকি।"

এইখানে শেষ হল আমার বড়োদিন। দেখলুম বার্ধক্যের কী সৌমাস্থদর মূর্তি। পালিশ-করা লাঠি হাতে, গলায় ভ্রুল পাটকরা চাদর, ধূতি বত্বে কোঁচানো, গায়ে তসরের জামা, মাধায় ভ্রুল বিরল হয়ে এসেছে কিন্তু পরিপাটি করে আঁচড়ানো। স্পাষ্ট বোঝা যায়, নাতনির হাতের শিল্পকার্য এঁর বেশভূষণে এঁর দিন্যাত্রায়। অতিলালনের অত্যাচার ইনি সম্বেহে দক্ত্বকরেন, খুশি রাখবার জক্তে নাতনিটিকে।

এই গল্পের পক্ষে অধ্যাপকের ব্যাবহারিক নাম অনিলকুমার সরকার। তিনি গত

জেনেরেশনের কেন্থিজের বড়ো পদবীধারী। মাস আটেক আগে কোনো কলেজের অধ্যক্ষপদ ত্যাগ করে এখানকার এস্টেটের একটা পোড়ো বাড়ি ভাড়া নিয়ে নিজের খরচে সেটা বাসবোগ্য করেছেন।

### অন্তপর্ব

্ৰুজামান্ত্ৰ গরের জাদিপর্ব হল শেষ। ছোটো গল্পের আদি ও অন্তের মাঝখানে বিশেষ একটা ছেদ থাকে না— ওর আক্বতিটা গোল।

অচিরার সংক আমার অপরিচয়ের ব্যবধান ক্ষয় হয়ে আসহে। কিন্তু মাঝে মাঝে মনে হচ্ছে বেন পরিচয়টাই ব্যবধান। কাছাকাছি আসছি বটে কিন্তু তাতে একটা প্রতিঘাত জাগছে। কেন? অচিরার প্রতি আমার ভালোবাসা ওর কাছে স্পষ্ট হয়ে আসছে, অপরাধ ক্লিজুরারই মধ্যে। কিংবা আমার দিকে ওর সৌহত ক্টতর হয়ে উঠছে, সেইটেতেই ওর মানি। কে জানে।

সেদিন চড়িভাতি তনিকা নদীর তীরে।

অচিরা ডাক দিলে, "ডাক্টার সেনগুপ্ত।"

স্থামি বলল্ম, "সেই প্রাণীটার কোনো ঠিকানা নেই, হতরাং কোনো স্থবাব মিলবে না।"

"আচ্ছা, তা হলে নবীনবাৰু।"

"সেও ভালো, যাকে বলে মন্দর ভালো।"

"কাণ্ডটা কী দেখলেন তো?"

আমি বলপুম, "আমার সামনে লক্ষ্য করবার বিষয় কেবল একটিমাত্রই ছিল, আর কিছুই ছিল না।"

এইটুকু ঠাট্টায় অচিরা সত্যই বিরক্ত হয়ে বললে, "আপনার আলাপ ক্রমেই যদি অমন ইশারাওয়ালা হয়ে উঠতে থাকে তা হলে ফিরিয়ে আনব ডাক্তার সেনগুপুকে, তাঁর স্বভাব ছিল গঞ্জীয়।"

' चामि वनन्म, "चान्हा जा रतन कार्यां की रामित वन्म।"

"ঠাকুর বে ভাত রে ধৈছিল দে কড় কড়ে, আছেক তার চাল। আমি বলল্ম,
দাছ, এ তো তোমার চলবে না। দাছ অমনি ব'লে বদলেন, জান তো ভাই, খাবার
জিনিস শক্ত হলে ভালো করে চিবোবার দরকার হয়, তাতেই হজমের সাহায্য করে।
পাছে আমি ছঃখ করি দাছর জেগে উঠল সায়েন্সের বিছে। নিম্কিতে ছনের বদলে
যদি চিনি দিত তা হলে নিশ্চয় দাছ বলত, চিনিতে শ্রীরের এনার্জি বাড়িয়ে দেয়।"

"দাত্, ও দাত্, তৃমি ওখানে বলে বলে কী পড়ছ। আমি বে এদিকে তোমার চরিত্রে অতিশয়োজি-অলংকার আরোপ করছি, আর নবীনবার সমন্তই বেদবাক্য ব'লে বিশাস করে নিচ্ছেন।"

কিছু দূরে পোড়ো মন্দিরের সিঁড়ির উপরে বসে অধ্যাপক বিলিতি ত্রৈমাসিক পড়ছিলেন। অচিরার ভাক শুনে সেধান থেকে উঠে আমাদের জ্বাছে বুসলেন। ছেলেমাছবের মতো হঠাৎ আমাকে জিগ্গোলা করলেন, "আছা নবীন, ভোমার- কি বিবাহ হয়েছে।"

কথাটা এতই স্থাপষ্ট ভাবব্যঞ্জক যে আর কেউ হলে বলত 'না', কিংবা ঘুরিয়ে বলত।

আমি আশাপ্রদ ভাষায় উত্তর দিলুম, "না, এখনও হয় নি।"

অচিরার কাছে কোনো কথা এড়ায় না। সে বললে, "এ এখনও শব্দটা সংশয়গ্রস্ত কল্যাকর্তাদের মনকে সান্থনা দেবার জন্তে, ওর কোনো যথার্থ অর্থ নেই।"

"একেবারেই নেই নিশ্চিত ঠাওরালেন কী করে।"

"ওটা গণিতের প্রব্লেম, দেও হাইয়ার ম্যাথ্ম্যাটিক্দ্নয়। পূর্বেই শোনা গেছে আপনি ছিত্রিশ বছরের ছেলেমায়্র। হিসেব করে দেখলুম এর মধ্যে আপনার মা অস্তত পাঁচসাতবার বলেছেন, 'বাবা ঘরে বউ আনতে চাই।' আপনি জবাব করেছেন, 'তার পূর্বে
ব্যাক্ষে টাকা আনতে চাই।' মা চোথের জল মুছে চুপ করে রইলেন, তার পরে মাঝখানে
আপনার আর-সব ঘটেছিল কেবল ফাঁসি ছিল বাকি। শেষকালে এখানকার রাজসরকারে মোটা মাইনের কাজ জুটল। মা বললেন, 'এইবার বউ নিয়ে এসো ঘরে।
বড়ো কাজ পেয়েছ।' আপনি বললেন, 'বিয়ে করে সে কাজ মাটি করতে পারব না।'
আপনার ছিত্রশ বছরের গণিতফল গণনা করতে ভুল হয়েছে কি না বলুন।"

এ মেয়ের সঙ্গে অনবধানে কথা বলা নিরাপদ নয়। কিছুদিন আগেই আমার একটা পরীক্ষা হয়ে গেছে। কথায় কথায় অচিরা আমাকে বলেছিল, "আমাদের দেশের মেয়েরা আপনাদের সংসারের সঙ্গিনী হতে পারে কিন্তু বিলেতে বারা জ্ঞানের তাপস তাদের তপস্থার সঙ্গিনী তো জোটে, যেমন ছিলেন অধ্যাপক কৃরির সংর্মিণী মাদাম কৃরি। আপনার কি তেমন কেউ জোটে নি।"

মনে পড়ে গেল ক্যাথারিনকে। সে একইকালে আমার বিজ্ঞানের এবং জীবন্যাত্রার দাহচর্য করতে চেয়েছিল।

অচিরা জিগ্গেলা করলে, "আপনি কেন তাঁকে বিদ্নে করতে চাইলেন না।" কী উত্তর দেব ভাবছিলুম, অচিরা বললে, "আমি জানি কেন। আপনার সত্যভঙ্গ হবে এই ভন্ন ছিল; নিজেকে আপনার মৃক্ত রাপতেই হবে। আপনি যে সাধক। আপনি তাই নিষ্ঠুর, নিষ্ঠুর নিজের প্রতি, নিষ্ঠুর তার 'পরে যে আপনার পথের সামনে আসে। এই নিষ্ঠুরতায় আপনার বীরত্ব দুঢ়প্রতিষ্ঠিত।"

কিছুকণ চূপ করে থেকে আবার সে বললে, "বাংলা সাহিত্য বোধ হয় আপনি পড়েন না। কচঃও দেবধানী ব'লে একটা কবিতা আছে। তার শেষ কথাটা এই, মেয়েদের ব্রত পুরুষকে বাধা, আর পুরুষের ব্রত মেয়ের বাধন কাটিয়ে স্বর্গলোকের রাজা বানানো। কচ বেরিয়ে পড়েছিল দেবধানীর অহুরোধ এড়িয়ে, আর আপনি মায়ের অহুনয়— একই কথা।"

আমি বললুম, "দেখুন, আমি হয়তে। ভূল করেছিলুম। মেয়েদের নিয়ে পুরুষের কাজ যদি না চলে তা হলে মেয়েদের স্থষ্ট কেন।"

অচিরা বললে, "বারেঃ আনার চলে, মেয়েরা তাদের জন্তেই। কিন্তু বাকি
মাইনরিটি যারা দব কিছু পেরিয়ে নতুন পথের দদ্ধানে বেরিয়েছে তাদের চলে না।
দব-পেরোবার মাছ্যকে মেয়েরা যেন চোথের জল ফেলে রান্তা ছেড়ে দেয়। যে হর্গম
পথে মেয়েপ্রুমের চিরকালের দ্বন্দ দেখানে প্রুমেরা হোক জয়ী। যে মেয়েরা মেয়েলি,
প্রকৃতির বিধানে তাদের দংখ্যা অনেক বেশি, তারা ছেলে মাছ্য করে, দেবা করে
দরের লোকের। যে প্রুম যথার্থ প্রুম, তাদের দংখ্যা খ্ব কম; তারা অভিব্যক্তির
শেষ কোঠায়। মাথা তুলছে ছটি-একটি করে। মেয়েরা তাদের ভয় পায়, ব্রতে
পারে না, টেনে আনতে চায় নিজের অধিকারের গণ্ডিতে। এই তত্ত্ব শুনেছি আমার
দাহর কাছে।

"দাত্ব, তোমার পড়া রেখে আমার কথা শোনো। মনে আছে, তুমি একদিন বলেছিলে, পুরুষ যেখানে অসাধারণ সেখানে সে নিরতিশয় একলা, নিদারুণ তার নিঃসঙ্গতা, কেননা তাকে যেতে হয় যেখানে কেউ পৌছয় নি। আমার ডায়ারিতে লেখা আছে।"

অধ্যাপক মনে করবার চেষ্টা করে বললেন, "বলেছিলুম নাকি। হয়তো বলেছিলুম।"

ষ্ক্ৰিরা খুব বড়ো কথাও কয় হানির ছলে, আব্দ্র সে অভ্যন্ত গন্ধীর।

খানিক বাদে আবার সে বললে, "দেবষানী কচকে কী অভিসম্পাত দিয়েছিল জানেন ?"

"al I"

"বলেছিল, 'ভৌমার সাধনায় পাওয়া বিছা ভৌমার নিজের ব্যবহারে লাগাভে

পারবে না।' যদি এই অভিসম্পাত আজ দিত দেবতা মুরোপকে, তা হলে মুরোপ বেঁচে যেত। বিষের জিনিসকে নিজের মাপে ছোটো করেই ওথানকার মাহ্য মরছে লোভের তাড়ায়। সত্যি কি না বলো দাহু।"

"খুব সত্যি, কিন্তু এত কথা কী করে ভাবলে।"

"নিজের বৃদ্ধিতে না। একটা তোমার মহদ্তণ আছে, কখন স্থাকে কী বে বৃদ, ভোলানাথ তুমি সব ভূলে যাও। তাই চোরাই মালের উপর নিজের ছাপ লাগিয়ে দিতে ভাবনা থাকে না।"

আমি বলনুম, "নিজের ছাপ কুদি লাগে তা হলেই অপ্রাধ বঙান হয়।"

"জানেন, নবীনবাব, ওঁর কত ছাত্র ওঁর কত মুধের কথা থাতায় টুকে নিয়ে বই লিখে নাম করেছে। উনি তাই পড়ে আশ্চর্য হয়ে প্রশংসা করেছেন, ব্রতেই পারেন নিজের প্রশংসা নিজেই করছেন। কোন্ কথা আমার কথা আর কোন্ কথা ওঁর নিজের সে ওঁর মনে থাকে না— লোকের সামনে আমাকৈ বলে বসেন ওরিজিন্তাল, তখন সেটার প্রতিবাদ করার মতো মনের জোর পাওয়া যায় না। স্পষ্ট দেখতে পাছিছ নবীনবাব্রও এ ভ্রম ঘটছে। কী করব বলো, আমি তো কোটেশন-মার্কা দিয়ে দিয়ে কথা বলতে পারি নে।"

"নবীনবাবুর এ ভ্রম কোনোদিন ঘূচবে না।"

অচিরা বললে, "দাত্ব একদিন আমাদের কলেজ-ক্লানে কচ ও দেবধানীর ব্যাখ্যা করছিলেন। কচ হচ্ছে পুরুষের প্রতীক, আর দেবধানী মেয়ের। সেই দিন নির্মম পুরুষের মহং গৌরব মনে মনে মেনেছি, মুখে কর্ক্খনো স্বীকার করি নে।"

অধ্যাপক বললেন, "কিন্তু দিদি, আমার কোনো কথায় মেয়েদের গৌরবের আমি কোনোদিন লাঘ্য করি নি।"

"তুমি আবার করবে। হায় রে। মেয়েদের তুমি বে অন্ধ ভক্ত। ভোমার ম্থের শুবগান শুনে মনে মনে হাসি। মেয়েরা নির্ল জ্ব হয়ে সব মেনে নেয়। তার উপরেও বুক ফুলিয়ে সতীসাধ্বীগিরির বড়াই করে নিজের মুখে। সন্তায় প্রশংসা আত্মসাৎ করা ওদের অভ্যেস হয়ে গেছে।"

অধ্যাপক বললেন, "না দিদি, অবিচার কোরো না। অনেক কাল ওরা হীনতা সহু করেছে, হয়তো সেইজন্মেই নিজেদের শ্রেষ্ঠতা নিয়ে একটু বেশি জোর দিয়ে তর্ক করে।"

"না দাত্ব, ও তোমার বাজে কথা। জাসল হচ্ছে এটা স্ত্রীদেরতার দেশ— এখানে পুরুষেরা স্ত্রৈণ, মেয়েরাও স্ত্রৈণ। এখানে পুরুষরা কেবলই 'মা মা' করছে, আর মেয়েছা চিরশিশুদের আখাদ দিচ্ছে বে তারা স্থায়ের স্থাত। আসার তো লক্ষা করে। পশু-পকীদের মধ্যেও মায়ের জাত নেই কোথায়<sup>ী</sup>?"

চিত্তচাঞ্চল্যে কাজের এত বাধা ঘটছে যে লব্জা পাচ্ছি মনে মনে। সদরে বাজেটের মিটিঙে রিসর্চবিভাগে আরও কিছু দান মঞ্র করিয়ে নেবার প্রস্তাব ছিল। তার সমর্থক রিপোর্টখানা অধে কের বেশি লেখাই হয় নি। অবচ এদিকে জোচের এদুধেটিকুস নিয়ে ধারাবাহিক আলোচনা খনে আসছি। অচিরা নিশ্চিত **জানে বিষয়টা আমার উপলব্ধি ও উপভোগের সম্পূর্ণ বাইরে। তা হলেও চলত, কিন্তু** আমার বিশাস ব্যাপারটাকে সৈ ইচ্ছে করে শোচনীয় করে তুলেছে। ঠিক এই সময়টাতেই সাঁওতালদের পার্বণ। তারা পচাই মদ খাচ্ছে আর মাদল বাজিয়ে মেয়ে-পুরুষে নৃত্য করছে। অচিরা ওদের পরম বন্ধু। মদের পয়দা জোগায়, দালু কিনে দেয় সাঁওতাল ছেলেদের কোমর বাঁধবার জন্তে, বাগান থেকে জ্বাফুলের জোগান দেয় সাঁওতাল মেরেক্টের চলে পরবাধ। ওকে না হলে তাদের চলেই না। অচিরা অধ্যাপককে বলেছে, ও তো এ কদিন থাকতে পারবে না অতএব এই সময়টাতে বিরলে আমাকে নিয়ে ক্রোচের রসতত্ব যদি পড়ে শোনান তা হলে আমার সময় আনন্দে কাটবে। একবার সসংকোচে বলেছিলুম, 'সাঁওতালদের উৎসব দেখতে আমাৰ বিশেষ कोजूरन चाहा। अग्रः अधानक वनलन, ना, तम जाननात जाला नागत ना। আমার ইনটেলেক্চুয়ল মনোরুভির নির্জলা একাস্ততার 'পরে তাঁর এত বিশ্বাস। মধ্যাহ্নভোজনের পরেই অধ্যাপক গুন গুন করে পড়ে চলেছেন। দূরে মাদলের আওয়াত্ত এক-একবার থামছে। পরক্ষণেই দ্বিগুণ জোরে বেজে উঠছে। কথনও বা পদশব্দ কল্পনা করছি, কথনও বা হতাশ হয়ে ভাবছি অসমাপ্ত রিপোর্টের কথা। স্থবিধে এই অধ্যাপক জিগ্গেসাই করেন না কোথাও আমার ঠেকছে কিনা। তিনি ভাবেন সমন্তই জলের মতো সোজা। মাঝে মাঝে প্রতিবাদ উপলক্ষে প্রশ্ন করেন, আপনারও कि धरे मत्न रम ना। जामि थ्र क्लांद्रित मत्न विल, निक्तम ।

ইতিমধ্যে কিছুদ্রে আমাদের অর্ধসমাপ্ত কয়লার খনিতে মজ্রদের হল ট্রাইক। ঘটালেন যিনি, এই তাঁর ব্যাবসা, স্থভাব এবং অভাব বশত; সমস্ত কাজের মধ্যে এইটেই সব চেয়ে সহজ। কোনো কারণ ছিল না, কেননা আমি নিজে সোণালিন্ট, সেখানকার বিধিবিধান আমার নিজের হাতে বাঁধা, কারও সেধানে না ছিল লোকসান, না ছিল অসমান।

নুতন বন্ধ এলেছে অর্থনি থেকে, তারই খাটাবার চেষ্টায় ব্যস্ত আছি। এমন

সময় উত্তেজিত ভাবে এসে উপস্থিত জচিবা। ক্লেলে, "আগনি মোটা মাইনে নিয়ে ধনিকের নায়েবি করছেন, এদিকে গরিবের্ম দারিল্যের স্থবোগটাকে নিয়ে আগনি—"

চন্করে উঠল মাথা। বাধা দিয়ে বলন্ম, "কাজ চালাবার দায়িছ এবং ক্ষমতা ধাদের তারাই অগ্যায়কারী, আর জগতে ধারা কোনো কাজই করে না করতে পারেও না, দয়ামায়া কেবল তাদেরই— এই সহজ অহংকারের মন্ততায় সত্যমিধ্যার প্রমাণ নিতেও মন চায় না।"

অচিবা বলদে, ''সত্য নয় বলতে চান ?"

আমি বলনুম, "সত্য শস্তা আপেক্ষিক। যা কিছু যত তালোই হোক, তার চেয়ে আরও তালো হতেও পারে। এই দেখুন-না আমার মোটা মাইনে বটে, তার থেকে মাকে পাঠাই পঞ্চাশ, নিজে রাখি ত্রিশ, আর বাকি— সে হিসেবটা থাক। কিন্তু মার জন্তে পনেরে। নিজের জন্তে পাঁচ রাখলে আইডিয়ালের আরও কাছ ঘেঁষে যেত, কিন্তু একটা সীমা আছে তো।"

অচিরা বললে, "গীমাটা কি নিজের ইচ্ছের উপরেই নির্ভর করে।"

আমি বলন্ম, "না, অবস্থার উপরে। যে কথাটা উঠল সেটা একটু বিচার করে দেখন। মুরোপে ইগুদ্ধানিজ্ম গড়ে উঠেছে দীর্ঘকাল ধরে। যাদের হাতে টাকা ছিল এবং টাকা করবার প্রতিভা ছিল তারাই এটা গড়েছে। গড়েছে নিছক টাকার লোভে, সেটা ভালো নয় তা মানি। কিন্তু ঐ ঘুষ্টুকু যদি না পেত তা হলে একেবারে গড়াই হত না, এতদিন পরে আজ ওখানে পড়েছে হিসেবনিকেশের তলব।"

অচিরা বললে, "আপনি বলতে চান পায়ে তেল শুরুতে, কানমলা তার পরে ?"

"নিশ্চয়। আমাদের দেশে ভিত-গাঁথা দবে আরম্ভ হয়েছে এখনই যদি মার লাগাই তা হলে শুক্তেই হবে শেষ, স্থবিধে হবে বিদেশী বণিকদের। মানছি আজ আমি লোভীদের ঘূষ দেওয়ার কাজ নিয়েছি, টাকাওয়ালার নায়েবি আমি করি। আজ দেলাম করছি বাদশার দ্বরবারে এসে, কাল ওদের সিংহাদনের পায়ায় লাগাব কুড়ুল। ইতিহাদে তো এই দেখা গেছে।"

অচিরা বললে, "দব ব্রালুম। কিন্তু আমি দিনের পর দিন অপেকা করে আছি দেখতে, এই দ্রাইক মেটাতে আপনি নিজে কবে যাবেন। নিক্রই আপনাকে ভাকও পড়েছিল। কিন্তু কেন যান নি?"

চাপা গলায় বলতে চেষ্টা করলুম, "এখানে কান্ধ ছিল বিন্তর।" কিন্ত ফাঁকি দেব কী করে। আমার ব্যবহারে তো আয়ুব্ধ কৈফিয়তের প্রমাণ হয় না।

কঠিন হাসি হেসে ফ্রডপনে চলে গেল অচিরা।

আর চলবে না। একটা শেষ নিশ্তি করাই চাই। নইলে অপমানের অন্ত

সাঁওতালী পার্বণ শেষ হয়েছে। সকালে বেড়াতে বেরিয়েছি। অচিরা সঙ্গে ছিল। উত্তরের দিকে একটা পাহাড় উঠেছে, আকাশের নীলের চেয়ে ঘন নীল। তার গায়ে গায়ে চারা শাল আর বৃদ্ধ শাল গাছে বন অন্ধকার। মাঝখান দিয়ে কাঠুরেদের পায়ে-চলার পথ। অখ্যাপক একটা অর্কিড ফুল বিশেষ করে পর্যবেক্ষণ করছেন, তাঁর প্রকেট সর্বলা থাকে আত্স কাচ।

গাছগুলোর মধ্যে অন্ধকার যেখানে ক্রকুটিল হয়ে উঠেছে আর বিঁ বিঁ পোকা ডাকছে তীর আওয়াজে, অচিরা বসল একটা শেওলাঢাকা পাধরের উপর। পাশে ছিল মোটা জাতের বাঁশগাছ, তারই হাঁটা কঞ্চির উপর আমি বসল্ম। আজ সকাল থেকে অচিরার মুখে বেশি কথা ছিল না। সেইজ্লেই তার সঙ্গে আমার কথা কওয়া বাধা পাচ্ছিল।

শামনের দিকে তাকিয়ে এক সময় সে আন্তে আন্তে বলে উঠল, "সমস্ত বনটা মিলে প্রকাণ্ড একটা বহুঅঙ্গওয়ালা প্রাণী। গুঁড়ি মেরে বসে আছে শিকারি জন্তব মতো। যেন স্থলচর অক্টোপাল, কালো চোখ দিয়ে আমার দিকে তাকিয়ে থাকে। তার নিরস্তর হিপনটিন্ধমে ক্রমে ক্রমে দিনে দিনে আমার মনের মধ্যে একটা ভয়েব বোঝা যেন নিরেট হয়ে উঠেছে।"

আমি বলন্ম, "কতকটা এইবকম কথাই এই সেদিন আমার ভায়ারিতে লিখেছি।" অচিরা বলে চলল, "মনটা যেন পুরোনো ইমারত, সকল কাজের বার। নিষ্ঠ্র অরণ্য যেখানে পেয়েছে তার ফাটল, চালিয়ে দিয়েছে শিকড়, সমস্ত ভিতরটাকে টানছে ভাঙনের দিকে। এই বোবা কালা মহাকায় জ্বন্ত মনের ফাটল আবিকার করতে মজব্ত—আমার ভয় বেড়ে চলেছে। দাছ বলেছিলের, 'লোকালয় থেকে একাস্ত দ্রে থাকলে মাছ্যের মন্প্রকৃতি আসে অবশ হয়ে, প্রবল হয়ে ওঠে তার প্রাণপ্রকৃতি।' আমি জিগ্গেস করল্ম, 'এর প্রতিকার কী।' তিনি বললেন, 'মাছ্যের মনের শক্তিকে আমরা সলে করে আনতে পারি, এই দেখোনা এনেছি তাকে আমার লাইবেরিতে।' দাছর উপযুক্ত এই উত্তর। কিছু আপনি কী বলেন।"

আমি বলপুম, "আমাদের মন খোঁজে এমন একজন মাছবের লক যে আমাদের সমত অভিতকে সম্পূর্ণ জাগিয়ে রাথতে পারে, চেতনার বহা। বইয়ে দেয় জনশ্রতার মধ্যে। এ তো লাইবেরির সাধ্য নয়।" অচিরা একটু অবজ্ঞা করে বললে, "আপনি যার থোঁল করছেন তেমন মাহ্যব পাওয়া যায় বইকি, যদি বড় দরকরি পড়ে। তারা চৈতল্পকে উসকিয়ে তোলে নিজের দিকেই, বলা বইয়ে দিয়ে সাধনার বাঁধ তেওে ফেলে। এ সমন্তই কবিদের বানানো কথা, মোহরস দিয়ে জারানো। আপনাদের মতো ব্কের-পাটাওয়ালা লোকের মুখে মানায় না। প্রথম যখন আপনাকে দেখেছিল্ম, তথন দেখেছি আপনার রস খুঁজে বেড়ান নি, পথ খুঁড়ে বেরিয়েছিলেন কড়া মাটি তেওে। দেখেছি আপনার নিরাসক্ত পৌক্ষের মুর্তি— সমন্ত মনপ্রাণ দিয়ে আপনাকে প্রণাম করেছি। আজ্ঞাপনি কথার পুত্ল দিয়ে নিজেকে ভোলাতে বসেছেন। এ দশা ঘটালে কে। স্পাষ্ট করেই জিজ্ঞানা করি, এর কারণ কি আমি।"

আমি বলপুম, "তা হতে পারে। কিন্তু আপনি তো সাধারণ মেয়ে নন। পুরুষকে আপনি শক্তি দেবেন।"

"হা, শক্তি দেব, যদি নিজেকেই মোহ জড়িয়ে না ধরে। আভানে ব্রেছি আপনি আমার ইতিহাস কিছু কিছু সংগ্রহ করেছেন। আপনার কাছে কিছু ঢাকবার দরকার নেই। আপনি শুনেছেন আমি ভবতোষকে ভালোবেসেছিলুম।"

"হা শুনেছি।"

"এও জানেন আমার ভালোবাসার অপমান ঘটেছে।"

"श जानि।"

"সেই অপমানিত ভালোবাদা অনেকদিন ধরে আমাকে আঁকড়ে ধরে তুর্বল করেছে। আমি জেদ করে বসেছিল্ম তারই একনিষ্ঠ শ্বতিকে জীবনের পূজামন্দিরে বদাব। চিরদিন একমনে সেই নিফল সাধনা করব মেয়েরা যাকে বলে দতীত্ব। নিজের ভালোবাদার অহংকারে সংসারকে ঠেলে ফেলে নির্জনে চলে এসেছি। কর্তব্যকে অবজ্ঞা করেছি নিজের হৃংথকে সন্মান করব ব'লে। আমার দাত্বকে আনায়াসে সরিয়ে এনেছি তাঁর কাজের ক্ষেত্র থেকে ব' যেন এই মেয়েটার হৃদয়ের অহমিকা পৃথিবীর সবকিছুর উপরে। মোহ, মোহ, অদ্ধ মোহ।"

খানিক ক্ষণ চূপ করে থেকে হঠাৎ দে বলে উঠল, "জানেন, আপনিই সেই মোহ ভাঙিয়ে দিয়েছেন।"

বিস্মিত হয়ে তার মুখের দিকে চেয়ে রইলুম। দে বললে, "আপনিই এই আস্মাব্যাননা থেকে ছিনিয়ে এনে আমাকে বাঁচালেন।"

छक बहेनूम निक्छब अर्थ निया।

"আপনি তথনও আমাকে দেখেন নি। আমি আন্তর্গ হয়ে দেখেছি আপনার

ছঃসাধ্য প্রয়াদের দিনগুলি— সক নেই, আরাম নেই, স্লান্তি নেই, একটু কোবাও
ছিল্ল নেই অধ্যবসায়ে। কেখেছি আপনার প্রশন্ত ললাট, আপনার চালা ঠোটে
অপরাজেয় ইচ্ছালজির লক্ষণ, আর দেখেছি মাম্বকে কী রকম অনায়াদে প্রভূছের
জোরে চালনা করেন। দাছর কাছে আমি মাম্ব, আমি পুরুষের ভক্ত, যে পুরুষ সত্য
যে পুরুষ তপন্থী। দেই পুরুষকেই দেখবার জন্তে আমার ভক্তিপিপান্থ নারী ভিতরে
ভিতরে অপেকা করে ছিল নিজের অগোচরে। মাঝধানে এসেছিল অপদেবভা
প্রবৃত্তির টানে। অবশেষে নিদ্ধাম পুরুষের স্থৃদ্ধ শক্তিরপ আপনিই আনলেন আমার
চোধের সামনে।"

আমি জিগ্গোদা করনুম, "তার পর কি ভাবের পরিবর্তন হয়েছে।"

শ্বা হয়েছে। আপনার বেদি থেকে নেমে এসেছেন প্রতিদিন। স্থানীয় কাগজে পড়ল্ম, দূরে অগ্য-এক জায়গায় সন্ধানের কাজে আপনার ডাক পড়েছে। আপনি নড়লেন না, ভিতরে ভিতরে আত্মগানি ভোগ করলেন। আপনার পথের সামনেকার ঢেলাখানার মতো আমাকে লাথি মেরে ছুঁড়ে ফেলে দিলেন না কেন। কেন নিষ্ঠ্র হতে পারলেন না। যদি পারতেন তবে আমি ধন্ত হতুম। আমার ব্রতের পারণা হত আমার কালা দিয়ে।"

মৃত্যবে বলন্ম, "ধাবার জন্মেই কাগজপত্তর গুছিয়ে নিচ্ছিল্ম।"

"না, না, কথনোই না। মিথ্যে ছুতো করে নিজেকে ভোলাচ্ছিলেন। যতই দেখল্ম আপনার দুর্বলতা, ভয় হতে লাগল আমার নিজেকে নিয়ে। ছি, ছি, কী পরাভবের বিষ এনেছি নারীর জীবনে, কেবল অত্যের জ্বতো নয়, নিজের জ্বতোও। ক্রমশই একটা চাঞ্চল্য আমাকে পেয়ে বদল, দে ঘেন এই বনের বিষনিখাদ খেকে। একদিন এখানকার শিশাচী রাত্রি এমন আমাকে আবিষ্ট করে ধরেছিল যে মনে হল যে এত বড়ো প্রবৃত্তি রাক্ষ্মীও আছে যে আমার দাছর কাছ থেকেও আমাকে ছিনিয়ে নিতে পারে। তথনই সেই রাত্রেই ছুটে নদীর জলে ঝাঁপ দিয়ে পড়ে ডুব দিয়ে দিয়ে সান করে এসেছি।"

এই কথা বলতে বলতে অচিরা ডাক দিল, "দাছ:।"

অধ্যাপক গাছতলায় বদে পড়ছিলেন। উঠে এসে স্নেহের স্ববে বললেন, "কী দিদি? দ্ব থেকে বদে বদে ভাবছিল্ম, তোমার উপরে আন্ত বাণী ভর দিয়েছেন— অল্ জল্ করছে তোমার চোধ ছুট।"

"আমার কথা থাক্, তুমি শোনো। তুমি দেদিন বলেছিলে মান্নবের চরম অভিব্যক্তি ভশস্তার মধ্য দিয়ে।" হা, আমি তাই তো বুলি। বর্বর মাহ্নর জন্তর পর্বায়ে। কেবলমাত্র তপশুবি মধ্য দিয়ে সে হরৈছে জানী মাহ্ন। আরও তপশু আছে সামনে, স্থল আবরণ মূগে বুগে ত্যাগ করতে কুরতে সে হবে দেবতা। পুরাণে দেবতার করনা আছে, কিন্তু দেবতা ছিলেন না অতীতে, দেবতা আছেন ভবিশ্বতে। মাহ্নের ইতিহাসের শেষ অধ্যায়ে।"

অচিরা বললে, "দাছ, এইবার এসো, তোমার-আমার কথাটা আপনে চুকিয়ে দিই, কদিন থেকে মনের মধ্যে তোলপাড় করছে।"

আমি উঠে পড়লুম, বললুম, "তা হলে যাই।"

"না, আপনি বস্থন।— দাতু, সেই যে কলেজের অধ্যক্ষপদটা তোমার ছিল, দেটা খালি হয়েছে। তোমাকে ডাক দিয়েছে ওরা।"

অধ্যাপক আশ্চর্য হয়ে বল্লেন, "কী করে জানলে ভাই।"

"তোমার কাছে চিঠি এসেছে, সে আমি চুরি করেছি।"

"চুরি করেছ !"

"করব না! আমাকে সব চিঠিই দেখাও কেবল কলেজের ছাপ-মারা ঐ চিঠিটাই দেখালে না। তোমার ত্রভিসন্ধি সন্দেহ করে চুরি করে দেখতে হল।"

**ष्यापिक ष्यापीत मर्जा वास्त्र राज्ञ वहानम्, "ष्यामात्रहे प्रजान्न हराह्र ।"** 

"কিছু অন্তায় হয় নি। আমাকে লুকোতে চেয়েছিলে যে আমার জীবনের অভি-সম্পাত এখনও তুমি নিজের উপর টেনে নিয়ে চলবে। তোমার আপন আসন থেকে আমি যে নামিয়ে এনেচি তোমাকে। আমাদের তো ঐ কাঞ্চ।"

"की वलाइ मिनि।"

"সত্যি কথাই বলছি। তুমি শিক্ষাদানযজ্ঞের হোতা, এখানে এনে আমি তোমাকে করেছি শুধু গ্রন্থকীট। বিশ্বস্থাই বাদ দিলে কী দশা হয় বিশ্বকর্তার। ছাত্র না থাকলে তোমার হয় ঠিক তেমনি। সত্যি কথা বলো।"

"বরাবর ইমূলমান্টারি করে এসেছি কিনা।"

"তুমি আবার ইস্থলমান্টার! কী যে বল তুমি! তুমি যে স্বভাবতই আচার্য। দেখেন নি, নবীনবাবু, ওঁর মাধায় একটা আইডিয়া এনেছে কি, আর দয়ামায়া থাকে না। অমনি আমাকে নিয়ে পড়েন— বাবো আনাই ব্যুতেই পারি নে। নইলে হাতড়িয়ে বের করেন এই নবীনবাবুকে, সে হয় আরও শোচনীয়। দাছ, ছাত্র তোমার নিতান্তই চাই জানি, কিন্তু বাছাই করে নিয়ো, কপ্কথার রাজা সকালে মুম থেকে উঠেই যার মুধ দেখত তাকেই কতা দান করত। তোমার বিভাদান অনেকটা সেই রকম।"

"না দিদি, আমাকে ৰাছাই করে নেয় যারা তারাই সাহায্য শায় আমার। এখনকার দিনে কর্তৃপক্ষ বিজ্ঞাপন দিয়ে ছাত্র সংগ্রহ করে, আঁগেকার দিনে সন্ধান করে শিক্ষক লাভ করত শিকার্থী।"

"আছো, সে কথা পরে হবে। এখনকার সিন্ধান্ত এই বে, তোমাকে তোমার সেই কাজটা ফিরিয়ে নিতে হবে।"

অধ্যাপক হতর্জির মতো নাতনির মুথের দিকে চেয়ে রইলেন। অচিরা বললে, "তুমি ভাবছ, আমার গতি কী হবে। আমার গতি তুমি। আর আমাকে ছাড়লে তোমার কী গতি জানই তো। এখন যে তোমার পনেরোই আখিনে পনেরোই অক্টোবরে এক হয়ে যায়, নিজের নৃতন ছাতার সঙ্গে পরের পুরোনো ছাতার স্বত্যাধিকারে ভেদজ্ঞান থাকে না, গাড়ি চড়ে ড্রাইভারকে এমন ঠিকানা বাতলিয়ে দাও সেই ঠিকানায় আজ পর্বস্ত কোনো বাড়ি তৈরি হয় নি, আর চাকরের ঘুম ভাঙবার ভয়ে সাবধানে পা টিপে টিপে কলতলায় নিজে গিয়ে কুঁজোয় জল ভবে নিয়ে আদ।"

অধ্যাপক আমার দিকে চেয়ে বললেন, "কী তুমি বল, নবীন।"

কী জানি ওঁর হয়তো মনে হয়েছিল ওঁদের এই পারিবারিক প্রস্তাবে আমার ভোটেরও একটা মূল্য আছে।

আমি থানিক ক্ষণ চুপ করে রইনুম, তার পরে বলদুম, "অচিরা দেবীর চেয়ে সত্য পরামর্শ আপনাকে কেউ দিতে পারবে না।"

অচিরা তথনই উঠে গাঁড়িয়ে পা ছুঁয়ে আমাকে প্রাণাম করলে। বোধ হল যেন চোথ থেকে জল পড়ল আমার পায়ে। আমি সংকুচিত হয়ে পিছু হটে গেলুম।

অচিরা বললে, সংকোচ করবেন না। আপনার তুলনায় আমি কিছুই নই সে কথা নিশ্চয় জানবেন। এই কিন্ধু শেষ বিদায়, ধাবার আগে আর দেখা হবে না।"

অধ্যাপক বিশ্বিত হয়ে বললেন, "দে কী কথা, দিদি।"

অচিরা বাষ্পাদগদ কণ্ঠ দামলিয়ে হেদে বললে, "দাতু, তুমি অনেক-কিছু জান, কিন্তু আরও-কিছু সম্বন্ধে আমার বৃদ্ধি তোমার চেয়ে অনেক বেশি, এ কথাটা মেনে নিয়ো।"

এই বলে চলতে উভত হল। আবার ফিরে এলে বললে, "আমাকে ভূল ব্রবেন না— আজ আমার তীব্র আনল হচ্ছে যে আপনাকে মৃক্তি দিলুম— তার থেকে আমারও মৃক্তি। আমার চোখ দিয়ে জল পড়ছে— লুকোব না, জল আরও পড়বে। নারীর চোথের জল তাঁবই সন্মানে যিনি সব বন্ধন কাটিয়ে জয়বাতায় বেরিয়েছেন।"

ক্রতপদে অচিরা চলে গেল।

্ক আমি পদধূলি নিক্ষে প্রণাম করলুম অধ্যাপককে। তিনি আমাকে বৃকে চেপে ধরে বললেন, "আমি স্পষ্ট দেখতে পাচ্ছি তোমার সামনে কীতির পথ প্রশস্ত।"

ছোটো গঁর ফ্রল। পরেকর্বি কথাটা খনি-খোঁড়ার ব্যাপার নিয়ে। তারও পরে আরও বাকি আছে— দে ইতিহাস নিরতিশয় একলার অভিযান, জনতার মাঝখান দিয়ে তুর্গম পথে ফদ্ধ তুর্গের ধার-অভিমূখে।

বাড়ি ফিরে গিয়ে যত আমার প্ল্যান আর নোট আর রেকর্ড উলটে পালটে নাড়া-চাড়া করল্ম। দেখল্ম, সামনে দিগস্তবিভূত কাজের ক্ষেত্র, তাতেই আমার বৃহৎ ছুটি।

সন্ধেবেলায় বারান্দায় এসে বসলুম। খাঁচা ভেঙে গেছে। পাথির পায়ে আটকে রইল ছিন্ন শিকল। সেটা নড়তে চড়তে পায়ে বাঞ্চবে।

8120102

প্রবন্ধ

# বিশ্বপরিচয়

#### প্রীযুক্ত সত্যেন্দ্রনাথ বস্থ

#### থীতিভান্সনেষু

এই বইখানি তোমার নামের সঙ্গে যুক্ত করছি। বলা বাহুল্য এর মধ্যে এমন বিজ্ঞানসম্পদ নেই যা বিনা সংকোচে তোমার হাতে দেবার যোগ্য। তা ছাড়া, অনধিকারপ্রবেশে ভূলের আশকা করে লজ্জা বোধ করছি, হয়তো তোমার সম্মান রক্ষা করাই হল না। কয়েকটি প্রামাণ্য গ্রন্থ সামনে রেখে সাধ্যমতো নিড়ানি চালিয়েছি। কিছু ওপড়ানো হল। যাই হোক আমার হুঃসাহসের দৃষ্টাস্তে যদি কোনো মনীষী, যিনি একাধারে সাহিত্যরসিক ও বিজ্ঞানী, এই অত্যাবশ্যক কর্তব্যকুর্মে নামেন তা হলে আমার এই চেষ্টা চরিতার্থ হবে।

শিক্ষা যারা আরম্ভ করেছে, গোড়া থেকেই বিজ্ঞানের ভাণ্ডারে না হোক, বিজ্ঞানের আঙিনায় তাদের প্রবেশ করা অত্যাবশ্যক। এই জায়গায় বিজ্ঞানের সেই প্রথমপরিচয় ঘটিয়ে দেবার কাজে সাহিত্যের সহায়তা স্বীকার করলে তাতে অগোরব নেই। সেই দায়িত্ব নিয়েই আমি এ কাজ শুরু করেছি। কিন্তু এর জবাবদিহি একা কেবল সাহিত্যের কাছেই নয়, বিজ্ঞানের কাছেও বটে। তথ্যের যাথার্থ্যে এবং সেটাকে প্রকাশ করবার যাথাযথ্যে বিজ্ঞান অল্পমাত্রও স্থান ক্ষমা করে না। অল্প সাধ্যমন্ত্রেও যথাসম্ভব সতর্ক হয়েছি। বস্তুত আমি কর্তব্যবোধে লিখেছি কিন্তু কর্তব্য কেবল ছাত্রের প্রতি নয় আমার নিজের প্রতিও। এই লেখার ভিতর দিয়ে আমার নিজেকেও শিক্ষা দিয়ে চলতে হয়েছে। এই ছাত্রমনোভাবের সাধনা হয়তো ছাত্রদের শিক্ষাসাধনার পক্ষে উপযোগী হতেও পারে।

আমার কৈফিয়তটা তোমার কাছে একটু বড়ো করেই বলতে হচ্ছে, তা হলেই এই লেখাটি সম্বন্ধে আমার মনস্তব তোমার কাছে স্পষ্ট হতে পারবে।

বিশ্বজ্ঞগৎ আপন অতিছোটোকে ঢাকা দিয়ে রাখল, অতিবড়োকে ছোটো করে দিল, কিংবা নেপথ্যে সরিয়ে ফেলল। মানুষের সহজ শক্তির কাঠামোর মধ্যে ধরতে পারে নির্জের চেহারাটাকে এমনি করে সাজিয়ে প্রামানের কাছে ধরল। কিন্তু মানুষ আর যাই হোক সহজ মানুষ নয়। মানুষ একমাত্র জীষ যে আপনার সহজ বোধকেই সন্দেহ করেছে, প্রতিবাদ করেছে, হারমানাতে পারলেই খুশি হয়েছে। মানুষ সহজশক্তির সীমানা ছাড়াবার সাধনায় দূর্কে করেছে নিকট, অদৃশুকে করেছে প্রত্যক্ষ, তুর্বোধকে দিয়েছে ভাষা। প্রকাশলোকের অন্তরে আছে যে অপ্রকাশলোক, মানুষ সেই গহনে প্রবেশ ক'রে বিশ্বব্যাপারের মূলরহস্ত কেবলই অবারিত করছে। যে সাধনায় এটা মুক্কব হয়েছে তার স্থ্যোগ ও শক্তি পৃথিবীর অধিকাংশ মানুষেরই নেই। অথচ যারা এই সাধনার শক্তি ও দান থেকে একেবারেই বঞ্চিত হল তারা আধুনিক যুগের প্রত্যন্তদেশে একঘরে হয়ে রইল।

বড়ো অরণ্যে গাছতলায় শুকনো পাতা আপনি থসে পড়ে, তাতেই মাটিকে করে উর্বরা। বিজ্ঞানচর্চার দেশে জ্ঞানের টুকরো জিনিসগুলি কেবলই ঝরে ঝরে ছড়িয়ে পড়ছে। তাতে চিত্তভূমিতে বৈজ্ঞানিক উর্বরতার জীবধর্ম জেগে উঠতে থাকে। তারই অভাবে আমাদের মন আছে অবৈজ্ঞানিক হয়ে। এই দৈল্য কেবল বিভার বিভাগে নয়, কাজের ক্ষেত্রে আমাদের অকৃতার্থ করে রাখছে।

আমাদের মতো আনাড়ি এই অভাব অল্পমাত্র দূর করবার চেষ্টাতেও প্রবৃত্ত হলে তারাই সব চেয়ে কৌতুক বোধ করবে যারা আমারই মতো আনাড়ির দলে। কিন্তু আমার তরফে সামাগ্য কিছু বলবার আছে। শিশুর প্রতি মায়ের ওংস্ক্য আছে কিন্তু ডাক্ডারের মতো তার বিভা নেই। বিভাটি সে ধার করে নিতে পারে কিন্তু ওংস্ক্য ধার করা চলে না। এই ওংস্ক্য শুশ্রায় যে-রস জোগায় সেটা অবহেলা করবার জিনিস নয়।

আমি বিজ্ঞানের সাধক নই দে কথা বলা বাছল্য। কিন্তু বালককাল থেকে বিজ্ঞানের রস আস্থাদনে আমার লোভের অন্ত ছিল না। আমার বয়স বোধ করি তখন নয়-দশ বছর; মাঝে মাঝে রবিবারে হঠাং আসতেন সীতানাথ দত্ত [বোধ] মহাশয়। আজ জানি তাঁর পুঁজি বেশি ছিল না, কিন্তু বিজ্ঞানের অভিসাধারণ তুই-একটি তন্ত্ব বখন দৃষ্টাস্ত দিয়ে তিনি বুঝিয়ে দিতেন আমার মন বিকারিত হয়ে যেত। মনে আছে আগুনে বসালে তলার জল श्रद्धम ज्ञानका ज्ञद्म উপরে ওঠে আর উপরের ঠাণ্ডা ভারী জল নিচে নামতে থাকে, জল গ্রম হওয়ার এই কারণটা যখন তিনি কাঠের গুঁড়োর যোগে ष्णुष्टे करत दिलान, जर्थन अनविक्रित अर्ल अकरे कार्त य छेश्रात निर्देश नित्रस्त ভেদ ঘটতে পারে তারই বিশ্বয়ের শ্বতি আঞ্চ মনে আছে। যে-ঘটনাকে স্বতই সহজ ব'লে বিনা চিস্তায় ধরে নিয়েছিলুম সেটা সহজ নয় এই কথাটা বোধ হয় সেই প্রথম আমার মনকে ভাবিয়ে তুলেছিল। তার পরে বয়স তখন হয়তো বারো হবে (কেউ কেউ যেমন রঙ-কান। থাকে আমি তেমনি তারিঃ কানা এই কথাটি বলে রাখা ভালো) পিতৃদেবের সঙ্গে গিয়েছিলুম ড্যালহৌসি পাহাড়ে। সমস্ত দিন ঝাপানে করে গিয়ে সন্ধ্যাবেলায় পৌছতুম ভাকবাংলায়। তিনি চৌকি আনিয়ে আঙিনায় বসতেন। দেখতে দেখতে, গিরিশুকের বেডা-দেওয়া নিবিড় নীল আকাশের স্বচ্ছ অন্ধকারে তারাগুলি যেন কাছে নেমে আসত। তিনি আমাকে নক্ষত্র চিনিয়ে দিতেন, গ্রহ চিনিয়ে দিতেন। শুধু চিনিয়ে দেওয়া নয়, সূর্য থেকে তাদের কক্ষচক্রের দুরতমাত্রা, প্রদক্ষিণের সময় এবং অক্যান্য বিবরণ আমাকে শুনিয়ে যেতেন। তিনি যা বলে যেতেন তাই মনে ক'রে তখনকার কাঁচা হাতে আমি একটা বড়ো প্রবন্ধ লিখেছি। चाम পেয়েছিলুম বলেই লিখেছিলুম, জীবনে এই আমার প্রথম ধারাবাহিক त्रहमा, व्यात (प्रहे। दिख्डानिक प्रश्वाम निया।

তার পরে বয়দ আরও বেড়ে উঠল। ইংরেজি ভাষা অনেকথানি আন্দাঞ্জে বোঝবার মতো বৃদ্ধি তখন আমার খুলেছে। সহজবোধ্য জ্যোতির্বিজ্ঞানের বই যেখানে যত পেয়েছি পড়তে ছাড়ি নি। মাঝে মাঝে গাণিতিক তুর্গমতায় পথ বজুর হয়ে উঠেছে, তার কৃচ্ছুতার উপর দিয়ে মনটাকে ঠেলে নিয়ে গিয়েছি। তার থেকে একটা এই শিক্ষা লাভ করেছি যে, জাবনে প্রথম অভিজ্ঞতার পথে সবই যে আমরা বৃঝি তাও নয় আর সবই সুস্পষ্ট না বৃঝলে আমাদের পথ এগোয় না এ কথাও বলা চলে না। জলস্থল-বিভাগের মতোই আমরা যা বৃঝি তার চেয়ে না বৃঝি অনেক বেশি, তব্ও চলে যাচ্ছে এবং আনন্দ পাছিছ। কতক পরিমাণে না-বোঝাটাও আমাদের এগোবার দিকে ঠেলে দেয়। যখন ক্লাসে পড়াতুম এই কথাটা আমার মনে ছিল। আমি আনেক সময়েই বড়োবয়সের পাঠ্যসাহিত্য ছেলেবয়সের ছাত্রদের কাছে ধরেছি। কতটা বুঝেছে তার সম্পূর্ণ হিসাব নিই নি, হিসাবের বাইরেও তারা এক রকম ক'রে অনেকখানি বোঝে যা মোটে অপথ্য নয়। এই বোধটা পরীক্ষকের পেনসিলমার্কার অধিকারগম্য নয় কিন্তু এর যথেষ্ট মূল্য আছে। অন্তত আমার জীবনে এইরকম পড়ে-পাওয়া জিনিস বাদ দিলে অনেকখানিই বাদ পড়বে।

জ্যোতির্বিজ্ঞানের সহজ বই পড়তে লেগে গেলুম। এই বিষয়ের বই তখন কম বের হয় নি। স্থার রবর্ট বল-এর বড়ো বইটা আমাকে অভ্যন্ত আনন্দ দিয়েছে। এই আনন্দের অনুসরণ করবার আকাজ্ঞায় নিউকোষ্ম, ফ্লামরিয়ঁ প্রভৃতি অনেক লেখকের অনেক বই পড়ে গেছি— গলাধাকরণ করেছি শাসমুদ্ধ বীজমুদ্ধ। তার পরে এক সময়ে সাহস ক'রে ধরেছিলুম প্রাণতত্ত্ব সম্বন্ধে হক্ষলির এক সেট প্রবদ্ধমালা। জ্যোতির্বিজ্ঞান আর প্রাণবিজ্ঞান কেবলই এই ঘটি বিষয় নিয়ে আমার মন নাড়াচাড়া করেছে। তাকে পাকা শিক্ষা বলে না, অর্থাৎ তাতে পাণ্ডিত্যের শক্ত গাঁথুনি নেই। কিন্তু ক্রেমাগত পড়তে পড়তে মনের মধ্যে বৈজ্ঞানিক একটা মেজাজ স্বাভাবিক হয়ে উঠেছিল। অন্ধবিশ্বাসের মৃত্তার প্রতি অপ্রদ্ধা আমাকে বৃদ্ধির উচ্ছ্ খেলতা থেকে আশা করি অনেক পরিমাণে রক্ষা করেছে। অথচ কবিথের এলাকায় কল্পনার মহলে বিশেষ যে লোকসান ঘটিয়েছে সে তো অন্ধভব করি নে।

আজ বয়সের শেষপর্বে মন অভিভূত নব্যপ্রাকৃততত্ত্ব— বৈজ্ঞানিক মায়াবাদে। তখন যা পড়েছিলুম তার সব বৃঝি নি। কিন্তু পড়ে চলেছিলুম। আজও যা পড়ি তার সবটা বোঝা আমার পক্ষে অসম্ভব, অনেক বিশেষজ্ঞ পণ্ডিতের পক্ষেও ভাই।

বিজ্ঞান থেকে যাঁরা চিত্তের খাত সংগ্রহ করতে পারেন তাঁরা তপস্বী।—
মিষ্টান্নমিতরে জনাঃ, আমি রস পাই মাত্র। সেটা গর্ব করবার মতো কিছু
নয়, কিন্তু মন থুশি হয়ে বলে যথালাভ। এই বইখানা সেই ষ্ণালাভের
কুলি, মাধুকরী বৃত্তি নিয়ে পাঁচ দরজা থেকে এর সংগ্রহ।

পাণ্ডিত্য বেশি নেই স্তরাং সেটাকে বেমালুম ক'রে রাখতে বেশি চেষ্টা পেতে হয় নি। চেষ্টা করেছি ভাষার দিকে। বিজ্ঞানের সম্পূর্ণ শিক্ষার জন্মে পারিভাষিকের প্রয়োজন আছে। কিন্তু পারিভাষিক চর্ব্যজাতের জিনিস। দাঁত-ওঠার পরে সেটা পথ্য। সেই কথা মনে করে যতদূর পারি পরিভাষা এড়িয়ে সহজ্ব ভাষার দিকে মন দিয়েছি।

এই বইখানিতে একটি কথা লক্ষ্য করবে— এর নৌকোটা অর্থাৎ এর ভাষাটা যাতে সহজে চলে সে চেষ্টা এতে আছে কিন্তু মাল খুব বেশি কমিয়ে দিয়ে একে হালকা করা কর্তব্য বোধ করি নি। দয়া করে বঞ্চিত করাকে দয়া বলে না। আমার মত এই যে, যানের মন কাঁচা ভারা যভটা স্বভাবত পারে নেবে. না পারে আপনি ছেড়ে দিয়ে যাবে, তাই বলে তাদের পাডটাকে প্রায় ভোজ্যশৃত্য করে দেওয়া সদ্বাবহার নয়। যে-বিষয়টা শেখবার সামগ্রী, নিছক ভোগ করবার নয়, তার উপর দিয়ে অবাধে চোখ বুলিয়ে যাওয়াকে পাড়া বলা যায় না। মন দেওয়া এবং চেষ্টা করে বোঝাটাও শিক্ষার অঙ্গ, সেটা আনন্দেরই সহচর। নিজের যে-শিক্ষার চেষ্টা বাল্যকালে নিজের হাতৈ গ্রহণ করেছিলুম তার থেকে আমার এই অভিজ্ঞতা। এক বয়দে হুধ যথন ভালোবাসভূম না, তখন গুরুজনদের ফাঁকি দেবার জন্মে দুধটাকে প্রায় আগাগোড়া ফেনিয়ে বাটি ভরতি করার চক্রান্ত করেছি। ছেলেদের পড়বার বই যারা লেখেন, দেখি তাঁরা প্রচুর পরিমাণে ফেনার জোগান দিয়ে থাকেন। এইটে ভুলে যান, জ্ঞানের যেমন আনন্দ আছে তেমনি তার মূল্যও আছে. ছেলেবেলা থেকে মূল্য ফাঁকি দেওয়া অভ্যাস হতে থাকলে যথার্থ আনন্দের অধিকারকে ফাঁকি দেওয়া হয়। চিবিয়ে খাওয়াতেই একদিকে দাঁত শক্ত হয় আর-একদিকে খাওয়ার পুরো স্বাদ পাওয়া যায়, এ বই লেখবার সময়ে সে কথাটা সাধ্যমতো ভূলি নি।

শ্রীমান প্রমথনাথ সেনগুপ্ত এম. এসসি. ভোমারই ভূতপূর্ব ছাত্র। তিনি শান্তিনিকেতন বিভালয়ে বিজ্ঞান-অধ্যাপক। বইখানি লেখবার ভার প্রথমে তাঁর উপরেই দিয়েছিলেম। ক্রমশ সরে সরে ভারটা অনেকটা আমার উপরেই এসে পড়ল। তিনি না শুরু করলে আমি সমাধা করতে পারতুম

না, তা ছাড়া অনভ্যন্ত পথে শেষ পর্যন্ত অব্যবসায়ীর সাহসে কুলোত না। তাঁর কাছ থেকে ভরসাও পেয়েছি সাহায্যও পেয়েছি।

আলমোড়ায় নিভূতে এসে লেখাটাকে সম্পূর্ণ করতে পেরেছি। মন্ত স্থযোগ হল আমার স্নেহাস্পদ বন্ধু বশী সেনকে পেয়ে। তিনি যত্ন করে এই রচনার সমস্তটা পড়েছেন। পড়ে খুশী হয়েছেন এইটেতেই আমার সব চেয়ে লাভ।

আমার অত্থ অবস্থায় স্বেহাম্পদ শ্রীযুক্ত রাজশেখর বস্থু মহাশ্ম যত্ন করে প্রফা সংশোধন করে দিয়ে বইখানি প্রকাশের কাজে আমাকে অনেক শাহায্য করেছেন: এজন্ম আমি তাঁর কাছে কৃতজ্ঞ।

শান্তিনিকেতন ২ আখিন ১৩৪৪

রবীন্দ্রনাথ ঠাকুর

## বিশ্বপরিচয়

### পরমার্লোক

আমাদের সজীব দেহ কৃতকগুলি বোধের শক্তি নিয়ে জন্মেছে, ষেমন দেখার বোধ, শোনার্ব বোধ, ঝাণের বোধ, ঝাদের বোধ, পার্কের বোধ। এইগুলিকে বলি অহুভৃতি। এদের সঙ্গে জড়িয়ে আছে আমাদের ভালোমন-লাগা, আমাদের স্থগতঃধ।

আমাদের এইসব অহভূতির সীমানা বেশি বড়ো নয়। আমরা কতদূরই বা দেখতে পাই, কতটুকু শব্দই বা শুনি। অক্তান্ত বোধগুলিরও দৌড় বেশি নয়। তার মানে আমরা যেটুকু বোধশক্তির সমল নিয়ে এসেছি সে কেবল এই পৃথিবীতেই আমাদের প্রাণ বাঁচিয়ে চলার হিসাবমতো। আরও কিছু বাড়তি হাতে থাকে। তাতেই আমরা পশুর কোঠা পেরিয়ে মাহুষের কোঠাছ পৌছতে পারি।

যে নক্ষত্র থেকে এই পৃথিবীর জন্ম, যার জ্যোতি এর প্রাণকে পালন করছে সে হচ্ছে স্থা। এই স্থা আমাদের চার দিকে আলোর পর্দা টাভিয়ে দিয়েছে। পৃথিবীকে ছাড়িয়ে জগতে আর যে কিছু আছে তা দেখতে দিছে না। কিছু দিন শেষ হয়, স্থা অন্ত যায়, আলোর ঢাকা যায় সরে; তথন অন্ধকার ছেয়ে বেরিয়ে পড়ে অসংখ্য নক্ষত্র। ব্যতে পারি জগংটার সীমানা পৃথিবী ছাড়িয়ে অনেক দূরে চলে গেছে। কিছু কতটা যে দূরে তা কেবল অহুভূতিতে ধরতে পারি নে।

সেই দ্বন্থের দলে আমাদের একমাত্র যোগ চোথের দেখা দিয়ে। সেখান থেকে
শব্দ আনে না, কেননা শব্দের বোধ হাওয়ার থেকে। এই হাওয়া চাদরের মতোই
পৃথিবীকে জড়িয়ে আছে। এই হাওয়া পৃথিবীর মধ্যেই শব্দ জাগায়, এবং শব্দের চেউ
চালাচালি করে। পৃথিবীর বাইরে আণ আর হাদের কোনো অর্থই নেই। আমাদের
স্পর্শবাধের দকে আমাদের আর-একটা বোধ আছে, ঠাঙা-গরমের বোধ। পৃথিবীর
বাইরের দকে আমাদের এই বোধটার অন্তত এক জায়গায় ধ্বই বোগ আছে। সূর্বের
থেকে রোক্র আলে, রোক্র থেকে পাই গরম। সেই গরমে আমাদের প্রাণ।
স্থেরি চেয়ে লক্ষণ্ডণ গরম নক্ষত্র আছে। তার তাপ আমাদের বোধে পৌছয় না।
কিছ স্ব্কে তো আমাদের পর বলা যায় না। অক্ত বেদ্র অসংখ্য নক্ষত্র নিয়ে এই
বিশ্বজ্ঞাঙ, স্ব্র্থ ভাদের মধ্যে সকলের চেয়ে আমাদের আত্মিয়। তব্ মানতে হবে,

পূর্ব পৃথিবীর থেকে আছে দূরে। কম দূরে নয়, প্রায় ন'কোটি ত্রিশ লক্ষ মাইল তার দূরছ। শুনে চমকে উঠলে চলবে না। যে ব্রহ্মাণ্ডে আমরা আছি এখানে ঐ দূরছটা নক্ষত্রলোকের সকলের চেয়ে নিচের ক্লাসের। কোনো নক্ষত্রই ওর চেয়ে পৃথিবীর কাছে নেই।

এই সব দ্বের কথা শুনে আমাদের মনে চমক লাগে তার কারণ জলে মাটিতে তৈরি এই শিশুটি, এই পৃথিবী, অতি ছোটো। পৃথিবীর দীর্ঘতম লাইনটি অর্থাৎ তার বিষুর্রেথার কটিবেটন ঘূরে আসবার পথ প্রায় পঁচিশ হাজার মাইল মাত্র। বিশ্বের শরিচয় যতই এগোবে ততই দেখতে পাবে জগতের বৃহত্ব বা দ্বত্বের ফর্দে এই পঁচিশ হাজার সংখ্যাটা অত্যন্ত নগণ্য। প্রেই বলেছি আমাদের বোধশক্তির সীমা অতি ছোটো। সর্বদা যেটুকু দ্বত্ব নিয়ে আমাদের কারবার করতে হয় তা কতটুকুই বা। এ সামান্ত দ্বত্বটুকুর মধ্যেই আমাদের দেখার আমাদের চলাফেরার বরাদ নির্দিষ্ট।

কিছ পর্লা যথন উঠে গেল, তখন আমাদের অহুভৃতির দামান্ত দীমানার মধ্যেই বৃহৎ বিশ নিজেকে নিতান্ত ছোটো ক'বে একটুখানি আভাদে জানান দিলে, তা না হলে জানা হতই না, কেননা বড়ো দেখার চোখ আমাদের নয়। অন্ত জীবজন্তরা এইটুকু দেখাই মেনে নিলে। যতটুকু তাদের অহুভৃতিতে ধরা দিল ততটুকুতেই তারা সন্ত হল। মাহ্য হল না। ইন্দ্রিয়বোধে জিনিসটার একটু ইশারা মাত্র পাওয়া গেল। কিছু মাহ্যের বৃদ্ধির দৌড় তার বোধের চেয়ে আরও অনেক বেশি, জগতের সকল দৌড়ের সকেই সে পালা দেবার স্পর্ধা রাখে। সে এই প্রকাণ্ড জগতের প্রকাণ্ড মাপের থবর জানতে বেরল, অহুভৃতির ছেলেভ্লোনো গুজব দিলে বাতিল করে। ন'কোটি ত্রিশ লক্ষ মাইলকে আমরা কোনোমতেই অহুভব করতে পারি নে, কিছু বৃদ্ধি হার মানলে না, হিসেব কয়তে ব্দল।

বাইরের বিশ্বলোকটার কথা থাক্, আমরা যে পৃথিবীতে আছি, তার চেয়ে কাছে তো আর কিছুই নেই, তবু এর সমস্তটাকে এক ক'বে দেখা আমাদের বোধের পক্ষে অসম্ভব। কিছু একটি ছোটো গ্লোবে যদি তার ম্যাপ আঁকা দেখি, তা হলে পৃথিবীর সমগ্রটাকে জানার একটুখানি গোড়াপন্তন হয়। আয়তন হিসাবে গ্লোবটি পৃথিবীর অনেক-হাজার ভাগের একভাগমাত্র। আমাদের অন্তসক বোধ বাদ দিয়ে কেবলমাত্ত্ব, দৃষ্টিবোধের আঁচড়কাটা পরিচয় এতে আছে। বিন্তারিত বিবরণ হিসাবে, এ একেবারে ফাকা। বেশি দেখবার শক্তি আমাদের নেই বলেই ছোটো করেই দেখাতে হল।

প্রতিবাত্তে বিশ্বকে এই যে ছোটো করেই দেখানো হয়েছে সেও আমাদের মাখার উপরকার আকাশের মোবে। দৃষ্টিবোধ ছাড়া অক্সকোনো রোধ এর মধ্যে জায়গা পান্ন না। বা চিস্তা করতে মন অভিভূত হরে বান্ন এত বড়ো জিনিসকে দিকসীমানার বন্ধ এই আকাশটুকুর মধ্যে আমাদের কাছে ধরা হল।

ে কতই ছোটো করে ধরা হয়েছে তার একট্রখানি আন্দান্ত পেতে হলে ফুর্বের দৃষ্টান্ত মুনে আনতে হবে। বভাবতই আমরা বভকিছু বড়ো জিনিসকে জানি বা মনে ব্দানতে পারি তার মধ্যে সব চেয়ে বড়ো এই পৃথিবী। এ-কে আমরা অংশ অংশ করেই দেখতে পারি। একদকে স্বটার প্রকৃত ধারণা আমাদের বোধের পক্ষে অসম্ভব। অথচ সূর্য এই পৃথিবীর চেয়ে প্রায় তেরে। লক গুণ বড়ো। এতবড়ো সূর্য আকাশের একটা ধারে আমাদের কাছে দেখা দিয়েছে একটি সোনার থালার মতো। সূর্যের ভিতরকার সমস্ত তুমুল তোলপাড়ের যথন থবর পাই আর তার পরে যথন দেখি ভোরবেলায় আমাদের আমবাগানের পিছন থেকে সোনার গোলকটি ধীরে ধীরে উপরে উঠে আসছে, জীবজন্ধ গাছপালা আনন্দিত হয়ে উঠছে, তথ্য মনে ভাবি আমাদের কীরকম ভূলিয়ে রাখা হয়েছে; আমাদের বলে দিয়েছে ভোমাদের জীবনের কাজে এর तिन सानवात्र कारना मत्रकात्र ति । ना त्लानात्नरे वा वाठपुत्र की करत । थे पूर्व আপন বিরাট স্বরূপে যা, সে যদি আমাদের অমুভূতির অল্পমাত্রও কাছে আসত তা হলে তো আমরা মুহূর্তেই লোপ পেয়ে যেতুম। এই তো গেল সূর্য। এই সূর্যের চেয়ে আরও অনেক গুণ বড়ো আছে আরও অনেক অনেক নক্ষত্র। তাদের দেখছি কতকগুলি আলোর ফুটকির মতো। যে-দুরত্বের মধ্যে এইসব নক্ষত্র ছড়ানো, ভেবে তার কিনারা পাওয়া যায় না। বিশ্বজগতের বাসা যে আকাশটাতে সেটা যে কত বড়ো সেকথা আর-একদিক থেকে ভেবে দেখা যেতে পারে। আমাদের ভাপবোধে পৃথিবীর বাইরে থেকে একটা খুব বড়ো থবর খুব জোরের সঙ্গে এসে পৌচচ্ছে, সে হচ্ছে বৌদ্রের উত্তাপ। এ ধবরটা ন'কোটি ত্রিশ লক্ষ মাইল দূরের। কিন্তু ঐ তো আকাশে আকাশে আছে বছকোটি নক্ষত্ৰ, তাদের মধ্যে কোনো-কোনোটি সূর্বের চেয়ে বছগুণ বেশি উত্তপ্ত। কিন্তু আমাদের ভাগ্যগুণে তাদের সম্মিলিত গ্রম প্রেই এতটা মারা গেল যে বিপজোড়া অগ্নিকাত্তে আমাদের আকাশটা তুঃসহ হল না। কত দুরের এই পথ, কত প্রকাণ্ড এই আকাশ। তাপের অহতৃতিকে স্পর্শ-করা ন'কোটি মাইল তার কাছে তুল্ছ। বড়ো যজের রামাঘরে যে চুলি জলছে তার কাছে বসা আরামের নম, কিন্তু বেলা দশটার কাছাকাছি শহরের সমন্ত রালাঘরে যে আগুন জলে বড়ো আকাশে তা ছড়িয়ে যায় বলেই শহরে বাস করতে পারি। নক্ষতলোকের ব্যাপারটাও দেইরকম। সেধানকার স্বাগুনের ঘটা ষতই প্রচণ্ড হোক, তার চার দিকের আকাশটা আরও অনেক প্রকাও।

এই বিরাট দূরত্ব থেকে নক্ষত্রদের অন্তিত্তের ধবর এনে দিচ্ছে কিলে। সহক উত্তর ভাকের পেয়াদার মতো খবর পিঠে করে নিয়ে দৌড়ে চলে, বিজ্ঞানের এই একটা মন্ত স্মাবিদার। চলা বলতে সামান্ত চলা নয়, এমন চলা বিশ্ববদ্ধাণ্ডের স্মার কোনো দূতেরই নেই। আমরা ছোটো পৃথিবীর মাছয়, তাই এতকাল জগতের সব চেয়ে বড়ো **छमात कथां। जानवात ऋरवांग भारे नि । अकिन विद्धानी एन जान्य जान्य हिमारवत** करन धरा भए राम, जाता हरन रमरकरथ एक मक हिम्रांगि शंकांत्र महिन द्वरा । এমন একটা বেগ যা আছে লেখা যায়, মনে আনা যায় না। বৃদ্ধিতে যার পরীক্ষা হয়, অমভবে হয় না। আলোর এই চলনের দৌড় অমভবে বুঝব, এই পৃথিবীটুকুতে এত বড়ো জায়গা পাব কোথায়। এইটুকুর মধ্যে ওর চলাকে আমরা না-চলার মতোই দেখে আসছি। পরথ করবার মতো স্থান পাওয়া যায় মহাশুদ্রে। সূর্য আছে সেই মহাশুন্তের যে দূরত্বমাত্রা নিয়ে, দে যত কোটি মাইল হোক জ্যোতিঙ্গলোকের দূরত্বের মাপকাঠিতে থব বেশি নয়।

হতরাং এইটুকু দুরত্বের মধ্যে অপেক্ষাকৃত ছোটো মাপে মাহুব আলোর দৌড় দেখতে পেল। খবর মিলল যে, এই শুশু পেরিয়ে সূর্য খেকে পৃথিবীতে আলো আনে প্রায় সাড়ে আট মিনিটে। অর্থাৎ আমাদের দৃষ্টির পারায় সূর্য যথন উপস্থিত, আসলে তার আগেই দে এদেছে। এই আগমনের ধ্বরটি জানাতে আলো-নকিবের মিনিট আষ্টেক দেরি হল। এইটুকু দেরিতে বিশেষকিছু আসে যায় না। প্রায় তাঞ্জা থবরই পাওয়া গেছে। কিন্তু সৌরজগতের সব চেয়ে কাছে আছে যে নক্ষত্র, অর্থাৎ নক্ষত্রমহলে যাকে আমাদের পাড়াপড়শি বললে চলে, যথন সে জানান দিল 'এই যে আছি' তথন তার সেই বার্তা বয়ে আনতে আলোর সময় লাগছে চার বছরের কাছাকাছি। অর্থাৎ এইমাত্র যে খবর পাওয়া গেল সেটা চার বছরের বাসি। এইথানে দাঁড়ি টানলেই যথেষ্ট হত, কিন্তু আরও দূরের নক্ষত্র আছে যেথান থেকে আলো আসতে বহু লক বছর লাগে।

আকাশে আলোর এই চলাচলের খবর বেয়ে বিজ্ঞানে একটা প্রশ্ন উঠল, তার চলার ভদীটা কী রকম। দেও এক আশ্চর্য কথা। উত্তর পাওয়া গেছে তার চলা অভি সুদ্ধ ঢেউয়ের মতো। কিসের ঢেউ সেকথা ভেবে পাওয়া যায় না: কেবল আলোর ব্যবহার থেকে এটা মোটামুটি জানা গেছে ওটা তেউ বটে। কিন্তু মাছবের মনকে হয়বান করবার জন্তে দক্ষে নকেই একটা জুড়িখবর তার সমন্ত সাক্ষ্যপ্রমাণ নিয়ে হাজির হল, জানিয়ে দিলে আলো অসংখ্য জ্যোতিষণা নিয়ে; অতি ছিটেগুলির মতো ক্রমাগত তার বর্বণ। এই ছুটো উলটো ধবরের মিলন হল কোন্ধানে তা ভেবে পাওয়া বার না। এর চেয়েও আন্চর্ব একটা পরস্পর উলটো কথা আছে, সে হচ্ছে এই বে বাইরে বেটা ঘটছে সেটা একটা-কিছু টেউ আর বর্বণ, আর ভিতরে আমরা বা পাছিছ তা, না এটা, না ওটা, তাকে আমরা বলি আলো;—এর মানে কী, কোনো পণ্ডিও তা বলতে পারলেন না।

বা ভেবে ওঠা বায় না, বা দেখালোনার বাইরে, তার এত সৃদ্ধ এবং এত প্রকাপ্ত ধবর পাওয়া গেল কী করে, এ প্রশ্ন মনে আসতে পারে। নিশ্চিত প্রমাণ আছে, আপাতত এ কথা মেনে নেওয়া ছাড়া উপায় নেই। বারা প্রমাণ সংগ্রহ করেছেন অসাধারণ তাঁলের জ্ঞানের তপস্তা, অত্যন্ত তুর্গম তাঁলের সন্ধানের পথ। তাঁলের কথা বাচাই করে নিতে বে বিছাবৃদ্ধির দরকার, তাও আমাদের অনেকের নেই। অল্প বিছা নিয়ে অবিখান করতে গেলে ঠকতে হবে। প্রমাণের রাস্তা খোলাই আছে। সেই রাস্তায় চলবার সাধনা যদি কর, শক্তি বদি হয়, তবে একদিন এদব বিষয় নিয়ে সওয়ালজবাব সহজেই হতে পারবে।

আপাতত আলোর তেউয়ের কথাই ব্ঝে নেওয়া যাক। এই তেউ একটিমাত্র তেউয়ের ধারা নয়। এর সঙ্গে অনেক তেউ দল বেঁধেছে। কতকগুলি চোঝে পড়ে, অনেকগুলি পড়ে না। এইখানে বলে রাখা ভালো, যে আলো চোখে পড়ে না, চলতি ভায়ায় তাকে আলো বলে না। কিন্তু দৃশ্যই হোক অদৃশ্যই হোক একটা-কোনো শক্তির এই ধরনের তেউখেলিয়ে চলাই যখন উভয়েরই স্বভাব তখন বিশ্বতত্ত্বের বইয়ে ওদের পৃথক নাম অসংগত। বড়োভাই নামজাদা, ছোটোভাইকে কেউ জানে না, তব্ বংশগত ঐক্য ধরে উভয়েরই থাকে একই উপাধি, এও তেমনি।

আলোর তেউয়ের আপন দলের আরও একটি তেউ আছে, দেটা চোথে দেখি নে,
স্পর্লে বৃঝি। সেটা তাপের তেউ। স্বাধীর কাছে তার খুবই প্রতাপ। এমনিতরো
আলোর-তেউজাতীয় নানা পদার্থের কোনোটা দেখা যায়, কোনোটা স্পর্লে বোঝা যায়;
কোনোটাকে স্পাধী আলোরপে জানি আবার সঙ্গে সন্দেই তাপরপেও বৃঝি; কোনোটাকে
দেখাও যায় না, স্পর্লেও পাওয়া যায় না। আমাদের কাছে প্রকাশিত অপ্রকাশিত
আলোতরলের ভিড়কে যদি এক নাম দিতে হয়, তবে তাকে তেজ বলা যেতে পারে।
বিশ্বস্থির আদি অস্তে মধ্যে প্রকাশ্রে আছে বা লুকিয়ে আছে বিভিন্ন অবস্থায় এই
তেজের কাঁপন। পাধর হোক লোহা হোক বাইরে থেকে দেখলে মনে হয় তাদের মধ্যে
কোনো নড়াচড়া নেই। তারা বেন স্থিরজের আদর্শস্থল। কিন্তু এ কথা প্রমাণ হয়ে
গোছে যে তাদের অণু পরমাণু, অর্থাৎ অতি স্ক্র পদার্থ, যাদের দেখতে পাই নে অথচ

বাদের মিলিরে নিয়ে এরা আগাগোড়া তৈরি, তারা দকল সময়েই ভিতরে ভিতরে কাঁপছে। ঠাঞা বখন থাকে তখনও কাঁপছে, আর কাঁপুনি বখন আরও চড়ে ওঠে তখন গরম হয়ে বাইরে থেকেই ধরা পড়ে আমাদের বোধশক্তিতে। আগুনে পোড়ালে লোহার পরমাণু কাঁপতে কাঁপতে এত বেশি অন্থির হয়ে ওঠে বে তার উত্তেজনা আর ল্কানো থাকে না। তখন কাঁপনের তেউ আমাদের শরীরের স্পর্শনাড়ীকে ঘা মেরে তার মধ্য দিয়ে বে থবরটা চালিয়ে দেয় তাকে বলি গরম। বস্তুত গরমটা আমাদের মারে। আলো মারে চোধে, গরম মারে গায়ে।

ছেলেবেলায় যথন একদিন মান্টারমশায় দেখিয়ে দিলেন লোহার টুকরে। আগুনে তাতিয়ে প্রথমে হয় গরম, তার পরে হয় লাল টক্টকে, তার পরে হয় লালা অল্অলে, বেশ মনে আছে তথন আমাকে এই কথা নিয়ে ভাবিয়েছিল যে, আগুন তো কোনো-একটা দ্রব্য নয় যেটা লোহার সঙ্গে বাইরে থেকে মিশিয়ে লোহাকে দিয়ে এমনভরো চেহারা বদল করাতে পারে। তার পরে আজ্ব শুনছি আরও তাপ দিলে এই লোহাটা গ্যাস হয়ে যাবে। এ সমস্তই জাত্কর তাপের কাগু, স্প্রের আরম্ভ থেকে আজ্ব পর্যন্ত চলেছে।

স্থের আলো সাদা। এই সাদা রঙে মিলিয়ে আছে সাডটা বিভিন্ন রঙের আলো। যেন সাতরঙের রশ্মির পেথম, গুটিয়ে ফেললে দেখায় সাদা, ছড়িয়ে ফেললে দেখায় সাতরঙা। সেকালে ছিল ঝাড়লর্চন, বিজ্বলিরাতির তাড়ায় তারা হয়েছে দেশছাড়া। এই ঝাড়ের গায়ে তুলত তিনপিঠওয়ালা কাঁচের পরকলা। এইরকম তিনপিঠওয়ালা কাঁচের গুণ এই বে, ধর ভিতর দিয়ে রোদ্তুর এলে তার থেকে সাত রঙের আলো ভেঙে ছড়িয়ে পড়ে। পরে পরে বঙ বিছানো হয়; বেগনি ( Violet ), অতিনীল ( Indigo ), नीन ( Blue ), नर्ख ( Green ), रनाम ( Yellow ), नाबांडि (Orange) আর লাল (Red)। এই দাতটা রঙ চোথে দেখা যায় কিন্তু এদের তুই প্রান্তের বাইরে তেন্ধের আরও অনেক ছোটো-বড়ো ঢেউ আছে, তারা আমাদের সহজ্ব চেতনায় ধরা দেয় না। সেই জাতের যে ঢেউ বেগনি রঙের পরের পারে তাকে व्रत्न ultra-violet light, मश्क ভाষায় वना मोक द्यानि-भारतव ब्याना। ब्याव যে আলো লালের এলাকায় এনে পৌছয় নি, রয়েছে তার আগের পারে তাকে বলে infra-red light, आमदा वनएठ शादि नान-छेकानि आत्ना। फुद छेटेनियम टॉर्नेन ছিলেন এক মন্ত জ্যোতিবিজ্ঞানী। তিনপিঠওয়ালা কাঁচের মধ্য দিয়ে তিনি পরীকা করে দৈখেছিলেন আলোর সাতরভা ছটা। কালোরভ-করা তাপ-মাপের নল নিয়ে। अक-अकी बरक्षव कोट्स सदद त्रस्तान। मानबरक्षव मिरक छेखान शीद्य शीद्य बोक्दछ

লাগল। লাল পেরিরে নলটকে নিয়ে গেলেন বেরঙা অন্ধলার, সেখানেও গরম থামতে চায় না। বোঝা গেল আরও আলো আছে ঐ অন্ধলারে গা ঢাকা দিয়ে। তারপর এলেন এক জর্মন রসায়নী। একটা কোটোগ্রাফির প্রেট নিয়ে পরীক্ষায় লাগলেন। এই প্রেটে লাল থেকে বেগনি পর্যন্ত সাতটা রঙের সাড়া পাওয়া গেল। শেবে বেগনি পেরিয়ে চললেন অন্ধলারে, সেখানে চোখে বা ধরা দেয় না প্রেটে তা ধরা পড়ল। দেখা গেল আলোর উন্তাপটা লালরঙের দিকে, আর রাসায়নিক ক্রিয়া বেগনি পারের দিকে। এক কালে মনে হয়েছিল অ-দেখারা রঙিন দলেরই পার্যচর, অন্ধলারে পড়ে গেছে। যত এগোতে লাগল গুপ্ত আলোর সন্ধান, ততই সাতরঙা দলেরই আসন হল থাটো। বিজ্ঞানের জরীপে আলোর সীমানা আজ সাতরঙ-রাজার দেশ ছাড়িয়ে গেছে শতগুণ। লাল-উজানি আলোর দিকে ক্রমে আজ দেখা দিল যে তেউ সেই তেউ বেয়ে চলে আকাশবাণী, যাকে বলে রেডিয়োবার্ডা; বেগনি-পারের দিকে প্রকাশ পেল বিখ্যাত র্যন্টগেন আলো, যে-আলোর সাহায্যে দেহের চামড়ার ঢাকা পেরিয়ে ভিতরকার হাড় দেখতে পাওয়া যায়।

আলো জিনিসটাতে কেবল যে নক্ষত্রের অন্তিত্বের থবর দেয় তা নয়, ওদের মধ্যে কোন্ কোন্ পদার্থ মিলিয়ে আছে, মাহ্র্য সে থবরও আলোর যেন বুক চিরে আদায় করে নিয়েছে। কেমন করে আদায় হল বুঝিয়ে বলা যাক।

তিনপিঠওয়ালা কাঁচের ভিতর দিয়ে স্বর্গের সাদা আলো পার করলে তার সাতটা রঙের পরিচয় পরে পরে বেরিয়ে পড়ে। লোহা প্রভৃতি শক্ত জ্বিনিস যথেই তেতে জলে উঠলে তার আলো যথন ক্রমে সাদা হয়ে ওঠে তথন এই সাদা আলো ভাগ করলে সাত রঙের ছটা পাশাপাশি দেখা যায়। তাদের মাঝে মাঝে কোনো ফাঁক থাকে না। কিন্তু লোহাকে গরম করতে করতে যথন তা গ্যাস হয়ে যায় তথন ঐ কাঁচের ভিতর দিয়ে তার আলো ভাঙলে বর্ণচ্ছটায় একটানা আলো পাই নে। দেখা যায় আলাদা আলাদা উজ্জ্বল রেখা, তাদের মধ্যে মধ্যে থাকে আলোহীন ফাঁকা জায়গা। এই বর্ণালোকচিছপাতের নাম দেওয়া যাক বর্ণলিপি।

এই লিপিতে দেখা গৈছে দীপ্ত গ্যাসীয় অবস্থায় প্রত্যেক জিনিসের আলোর বর্ণচ্ছটা স্বতন্ত্র। হনের মধ্যে সোডিয়ম নামক এক মৌলিক পদার্থ পাওয়া যায়। তাপ দিয়ে দিয়ে তাকে গ্যাস করে ফেললে বর্ণলিপিতে তার আলোর মধ্যে খ্ব কাছাকাছি দেখা যায় ছটি হলদে রেখা। আর-কোনো রঙ পাই নে। সোডিয়ম ছাড়া অন্ত কোনো জিনিসেরই বর্ণচ্ছটায় ঠিক ঐ জায়গাতেই ঐ ছটি রেখা মেলে না। ঐ ছটি রেখা বেখানকারই গ্যাসের বর্ণলিপিতে দেখা যাবে বুঝব সেখানে সোডিয়ম আছেই।

কিছ দেখা যার স্থের আলোর বর্গক্টার নোভিয়ন গ্যানের ঐ ছটি উজ্জন হলদে রেখা চুরি গেছে, তার আরগায় রয়েছে ছটো কালো দাগ। বিজ্ঞানী বলেন উত্তপ্ত কোনো গ্যাসীর জিনিদের আলো সেই গ্যানেরই অপেক্ষাক্বত ঠাওা স্তরের ভিতর দিয়ে আলার সময় সম্পূর্ণ শোষিত হয়। একেত্রে আলোর অভারেই বে কালো দাগের স্থিটি তা নয়। বন্ধত স্থের বর্গমগুলে যে সোভিয়ম গ্যাস স্থের আলো আটক করে সেও আপন উত্তাপ অহ্যায়ী আলো ছড়িয়ে দেয়, আলোকমগুলের তুলনায় উত্তাপ কম ব'লে এর আলো হয় অনেকটা দ্রান। এই দ্রান আলো বর্ণচ্ছটার উজ্জ্বল আলোর পাশে কালোর বিশ্রম জ্যায়।

মৌলিক জিনিস মাত্রেরই আলো ভেঙে প্রত্যেকটির বর্ণচ্ছটার ফর্দ তৈরি হয়ে গেছে। এই বর্ণভেদের সঙ্গে তুলনা করলেই বন্ধভেদ ধরা পড়বে তাঁ সে বেখানেই পাক্, কেবল গ্যাদীয় অবস্থায় থাকা চাই।

পৃথিবী থেকে যে বিরেন্নইটি মৌলিক পদার্থের থবর পাওয়া গেছে স্থর্যে তার সব-গুলিরই থাকা উচিত, কেননা পৃথিবী স্থেরই দেহজাত। প্রথম পরীক্ষায় পাওয়া গিয়ে-ছিল ছত্ত্রিশটি মাত্র জিনিস। বাকিগুলির কী হল সেই প্রশ্নের মীমাংসা করছেন বাঙালী বিজ্ঞানী মেঘনাদ সাহা। নৃতন সন্ধানপথ বের করে স্থে আরও কতকগুলি মৌলিক জিনিস তিনি ধরতে পেরেছেন। তাঁর পথ বেয়ে প্রায় সবগুলিরই থবর মিলেছে। আজও যেগুলি গ্রঠিকানা, মাঝপথেই পৃথিবীর হাওয়া তাদের সংবাদ শুষে নেয়।

সব বঙ মিলে স্থেবর আলো সাদা, তবে কেন নানা জিনিসের নানা বঙ দেখি।
তার কারণ সব জিনিস সব বঙ নিজের মধ্যে নেয় না, কোনো-কোনোটাকে বিনা
ওজবে বাইরে বিদায় করে দেয়। সেই ফেরত-দেওয়া রঙটাই আমাদের চোধের
লাভ। মোটা ব্লুটিং যে রসটা ভবে ফেলে সে কারো ভোগে লাগে না, যে রসটা সে
নেয় না সেই উদ্বৃত্ত রসটাই আমাদের পাওনা। এও তেমনি। চুনি পাথর
স্থাকিরণের আর-সব রকম ঢেউকেই মেনে নেয়, ফিরিয়ে দেয় লাল রঙকে। তার এই
ত্যাপের দানেই চুনির খ্যাতি। বা নিজে আত্মাং করেছে তার কোনো খ্যাতি
নেই। লাল রঙটাই কেন যেও নেয় না, আর নীল রঙের 'পরেই নীলা পাথরের কেন
সম্পূর্ণ বৈরাগ্য এ প্রশ্নের জ্বাব ওদের পর্মাণ্-মহলে ল্কানো রইল। স্থেবর সব
ঢেউকেই পাকা-চুল ফিরে পাঠায় তাই সে সাদা, কাঁচা-চুল কোনো ঢেউই ফিরে দেয়
না, অর্থাৎ আলোর কোনো অংশই তার কাছ থেকে ছাড়া পায় না, তাই সে কালো।
জগতের সব জিনিসই যদি স্থেবর সব রঙই করত আত্মনাৎ তা হলে সেই ক্রপণেই
জ্বাণ্টা দেখা দিও কালো হয়ে, অর্থাৎ দেখাই দিত না। দেন থবর বিলোবার সাওটা

পেয়াদাকেই পোন্টমান্টার বন্ধ করে রাখত। অথচ কোনো আলোই যদি না নিত দ্বই হত সাদা, তবে দেই একাকারে দব জিনিদেরই প্রভেদ যেত ঘুচে। যেন সাতটা পেয়াদার দব চিঠিই তাল পাকিয়ে একখান। করা হত, কোনো স্বতন্ত্র খবরই পাওয়া যেত না। একই চেহারায় দবাইকে দেখাকে দেখা বলে না। না-আলো আর পূর্ণ-আলো কোনোটাতেই আমাদের দেখা চলে না, আমরা দেখি ভাঙা জালোর মেলামেশায়।

পৃথিকিরণের সঙ্গে জ্বড়ানো এমন জনেক ঢেউ আছে, যারা অতি অল্প পরিমাণে আনে ব'লে অহুতব করতে পারি নে। এমন ঢেউও আছে যারা প্রচুর পরিমাণেই নেমে আনে, কিন্তু পৃথিবীর বায়ুমগুল তাদের আটক কুরে। নইলে জলে পুড়ে মরতে হত। পূর্বের যে পরিমাণ দান আমরা দইতে পারি প্রথম থেকেই তাই নিয়ে আমাদের দেহতন্ত্রের বোঝাপড়া হয়ে গেছে। তার বাইরে আমাদের জীবনযাত্রার কারবার বন্ধ।

বিশ্বছবিতে দব চেয়ে যা আমাদের চোথে পড়ে দে হল নক্ষত্রলোক, আর স্থা, দেও একটা নক্ষত্র। মাসুষের মনে এতকাল এরা প্রাধান্ত পেয়ে এদেছে। বর্তমান যুগে দব চেয়ে মাসুষকে আশ্চর্য করে দিয়েছে এই বিশ্বের ভিতরকার লুকানো বিশ্ব, ষা অতি স্ক্রে, যা চোথে দেখা যায় না, অথচ যা সমস্ত স্কৃত্তির মূলে।

একটা মাটির ঘর নিয়ে যদি পরখ ক'বে বের করতে চাই তার গোড়াকার জিনিসটা কী, তা হলে পাওয়া যাবে ধুলোর কণা। যথন তাকে আর গুঁড়ো করা চলবে না তথন বলব এই অতি স্ক্র ধুলোই মাটির ঘরের আদিম মালমশলা। তেমনি করেই মাহ্য একদিন ভেবেছিল, বিশের পদার্থগুলিকে ভাগ করতে করতে যথন এমন স্ক্রে এসে. ঠেকবে বে তাকে আর ভাগ করা যাবে না তথন সেইটেকেই বলব বিশের আদিভূত, অর্থাৎ গোড়াকার সামগ্রী। আমাদের শাস্ত্রে তাকে বলে পরমাণু, যুরোপীয় শাস্ত্রে বলে আটিম। এরা এত স্ক্র যে দশকোটি পরমাণুকে পাশাপাশি সাজ্বালে তার মাপ হবে এক ইঞ্চি মাত্র।

সহজ উপায়ে ধুলোর কণাকে আর আমরা ভাগ করতে পারি নে কিন্তু বৈজ্ঞানিক তাড়নে বিশ্বের সকল সামগ্রীকে আরও অনেক বেশি স্বল্মে নিয়ে যেতে পেরেছে। শেষকালে এসে ঠেকেছে বিরেনন্দাইটা অমিশ্র পদার্গ্নে। পণ্ডিতেরা বললেন এদেরই মোগ-বিয়োগে অগতের যতকিছু জ্ঞিনিস গড়া হয়েছে, এদের সীমান্ত পেরোবার জ্লো-নেই।

্মনে করা যাক, মাটির ঘরের এক অংশ তৈরি খাটি মাটি বিয়ে, আর-এক অংশ মাটিতে গোবরে মিলিয়ে। তা হলে দেয়াল গুঁড়িয়ে ছুরকম: श्रिमिन পাওয়া যাবে, এক বিশুদ্ধ ধূলোর কথা, আর-এক ধূলোর সঙ্গে মেশানো গোবরের গুঁড়ো। তেমনি বিষের সব জিনিস পরথ ক'রে বিজ্ঞানীরা তাদের হুই শ্রেণীতে ভাগ করেছেন, এক ভাগের নাম মৌলিক, আর-এক ভাগের নাম যৌগিক। মৌলিক পদার্থে কোনো भिनन तिहै, चात्र योगिक भनार्थ এक वा चांत्र विनित्त्र योग चाह् । स्नाना মৌলিক, ওকে সাধারণ উপায়ে যত কল্প ভাগ কর সোনা ছাড়া আর কিছুই পাওয়া याद ना। जन दोशिक, ध्रक छांग कदल बूढि। त्योनिक गांन दिवित्य भर्छ, धकिवेद নাম অক্সিজেন আর-একটার নাম হাইডুজেন। এই ছটি গ্যাস যথন স্বতম্ভ থাকে তথন তাদের এক রকমের গুণ, আর ষেই তারা মিশে হয় জ্বল, তথনই তাদের আর চেনবার জো থাকে না, তাদের মিলনে সম্পূর্ণ নৃতন স্বভাব উৎপন্ন হয়। যৌগিক পদার্থ মাত্রেরই এই দশা। তার। আপনার মধ্যে আপন আদিপদার্থের পরিচয় গোপন করে। যা হোক এইদব অ্যাটম পদবিওয়ালারাই একদিন খ্যাতি পেয়েছিল জগতের মূল উপাদান ব'লে; সবাই বলেছিল, এদের ধাতে আর একটুকুও ভাগ সয় না। কিন্তু শেষকালে তাবও ভাগ বেবল। যাকে পরমাণু বলা হয়েছে তাকেও ভাঙতে ভাঙতে ভিতরে পাওয়া গেল অতিপরমাণু; দে এক অপরূপ জিনিস, তাকে জিনিস 'तनाउँ भूरथ वार्थ। वृक्षिय वना योक।

আজকাল ইলেকট্রিনিটি শব্দটা খুব চলতি— ইলেকট্রিক বাতি, ইলেকট্রিক মশাল, ইলেকট্রিক পাথা এমন আরও কত কী। সকলেরই জানা আছে ওটা একরকমের তেজ। এও সবাই জানে মেঘের মধ্যে থেকে আকাশে যা চমক দেয় সেই বিদ্যুৎও ইলেকট্রিনিটি ছাড়া আর কিছু নয়। এই বিদ্যুৎই পৃথিবীতে আমাদের কাছে সব চেয়ে প্রবল প্রতাপে ইলেকট্রিনিটিকে, আলোয় এবং গর্জনে ঘোষণা করে। গায়ে লাগলে সাংঘাতিক হয়ে ওঠে। ইলেকট্রিনিটি শব্দটাকে আমরা বাংলায় বলব বৈদ্যুত।

এই বৈদ্যত আছে ছই জাতের। বিজ্ঞানীরা এক জাতের নাম দিয়েছেন পজিটিভ, আর-এক জাতের নাম নেগেটিভ। তর্জমা করলে দাঁড়ায় হাঁ-ধর্মী আর না-ধর্মী। এদের মেজাজ পরস্পরের উলটো, এই বিপরীতকে মিলিয়ে দিয়ে হয়েছে সমস্তখা-কিছু। অপচ পজিটিভের প্রতি পজিটিভের, নেগেটিভের প্রতি নেগেটিভের একটা স্বভাবগত বিক্ষতা আছে, এদের টানটা বিপরীত পক্ষের দিকে।

এই দুই জাতের অতি কৃষ্ণ বৈদ্যুতকণা জোট বেঁধেছে পরমাণ্তে। এই দুই পক্ষকে নিয়ে প্রত্যেক পরমাণ্ যেন গ্রহে ক্রে মিলন-বাধা। সৌরমগুলের মন্তা। পূর্ব বেমন সৌরলোকের কেন্দ্রে থেকে টানের শ্রাগামে ঘোরাচ্ছে পৃথিবীকে, পজিটিভ বৈছ্যুতকণা তেমনি পরমাণুর কেন্দ্রে থেকে টান দিছে নেগেটিভ কণাগুলোকে, আর তারা দার্কাদের ঘোড়ার মতে। লাগামধারা পজিটিভের চার দিকে ঘুরছে।

পৃথিবী ঘ্রছে স্র্বের চার দিকে, নয় কোটি মাইলের দ্রম্ব রক্ষা করে। আয়ভনের তুলনার অভিপরমাণ্দের কক্ষপথের দ্রম্ব অম্পাতে তার চেয়ে বেলি বই কর্ম নয়। পরমাণ্ বে অণ্তম আকাশ অধিকার করে আছে তার মধ্যেও দ্রম্বের প্রভৃত কম-বেশি আছে। ইভিপ্রে নক্ষরলোকে বৃহত্বের ও পরস্পর-দ্রম্বের অভি প্রকাণ্ডতার কথা বলেছি, কিন্তু অভি ছোটোকেও বলা বেতে পারে অভি প্রকাণ্ড ছোটো। রহৎ প্রকাণ্ডতার সীমাকে সংখ্যাচিছ দিয়ে ঘের দিতে গেলে বেমন একের পিছনে বিশ্পটিশটা অহপাত করতে হয় ক্ষেত্রম প্রকাণ্ডতা সম্বন্ধে সেই একই কথা। তারও সংখ্যার কৌন্ধ লখা লাইন ভূড়ে দাঁড়ায়। পরমাণ্র অভি স্কল্ম আকাশে যে দ্রম্ব বাঁচিয়ে অভিপরমাণ্রা চলাফেরা করে তার উপমা উপলক্ষ্যে একজন বিখ্যাত জ্যোভিষী বলেছেন, হাওড়া স্টেশনের মতো মন্ত একটা স্টেশন থেকে অন্ত সব কিছু জিনিস সরিয়ে দিয়ে কেবল গোটা পাঁচ-ছয় বোলতা ছেড়ে দিলে তবে তারই সকে তুলনা হতে পারে পরমাণ্র আকাশন্তিত অভিপরমাণ্নের। কিন্তু এই ব্যাপক শ্তের মধ্যে দ্ববর্তী কয়েকটি চঞ্চল পদার্থকে আটকে রাখবার জন্তে পরমাণ্র কেব্রন্তর প্রায় সমস্ত ভার সমস্ত শক্তি কাজ করছে। এ না হলে পরমাণ্ড্রগৎ ছারখার হয়ে যেত, আর পরমাণ্ড দিয়ে গড়া বিশ্বজ্গতের অন্তিম্ব থাকত না।

পদার্থের মধ্যে অণ্গুলি পরস্পর কাছাকাছি আছে একটা টানের শক্তিতে। তব্ পোনার মতো নিরেট জিনিসের অণুরও মাঝে মাঝে ফাঁক আছে। সংখ্যা দিয়ে সেই অতি সক্ষ ফাঁকের পরিমাণ জানাতে চাই নে, তাতে মন পীড়িত হবে। প্রশ্ন ওঠে একট্ও ফাঁক থাকে কেন, গ্যাস থাকে কেন, কেন থাকে তরল পদার্থ। এর একই জাতের প্রশ্ন হচ্ছে পৃথিবী কেন স্থের গায়ে গিয়ে এঁটে যায় না। সমস্ত বিশ্বব্রহ্মাণ্ড একটা পিণ্ডে তাল পাকিয়ে যায় না কেন। এর টুত্তর এই পৃথিবী স্থের টান মেনেও দৌড়ের বেগে তফাত থাকতে পারে। দৌড় যদি বথেষ্ট পরিমাণ বেশি হত তা হলে টানের বাঁধন ছিঁড়ে শ্ন্তে বেরিয়ে পড়ত, দৌড়ের বেগ যদি ক্লান্ত হত তা হলে স্থ্ তাকে নিত আত্মাণ ক'রে। অণুদের মধ্যে ফাঁক থেকে যায় গতির বেগে, তাতেই বাঁধনের শক্তিকে ঠেলে রেথে দেয়। গ্যাসীয় পদার্থে গতির প্রাথান্ত বেশি। অণুর দল এই অবস্থান্ত এত জ্বভ্রেপে চলে যে তাদের পরস্পরের মিল ঘটবার অবকাশ থাকে না। শ্মাঝে মাঝে তাদের সংঘাত হয় কিন্তু মুকুর্তেই আবার যায় সরে। তরল পদার্থে আণবিক আকর্ষণের শক্তি ভামান্ত ব'লেই চলন বেগের জন্তে তাদের মধ্যে অভিঘনিষ্ঠতার স্থবোগ হয় না। নিরেট বস্তুতে বাঁধনের শক্তিটা অপেকারুত প্রবল। তাতে অগুর দল দীমাবদ্ধ স্থানের ভিতর আটকা পড়ে থাকে। তাই ব'লে তারা বে শাস্ত থাকে তা নয় তাদের মধ্যে কম্পন চলছেই কিন্তু তাদের স্বাধীনতার ক্ষেত্র অল্পবিসর।

অপুদের মধ্যে এই চলন কাঁপন, এই হচ্ছে তাপ। অস্থিরতা যত বাড়ে গরম ততই স্পষ্ট হয়ে ওঠে। এদের একেবারে শাস্ত করা সম্ভব হত যদি এদের তাপ তাপমানের শৃক্ত অঙ্কের নিচে আরও ২৭০ ডিগ্রি সেন্টিগ্রেড নামিয়ে দেওয়া সম্ভব হত।

এইবার হাইডুজেন গ্যাসের পরমাণু মহলে দৃষ্টি দেওয়া যাক।

এর চেয়ে হালকা গ্যাস আর নেই। এর পরমাণুর কেন্দ্রে বিরাজ করছে একটিমাত্র বৈত্যুতকণা যাকে বলে প্রোটন, আর তার টানে বাঁধা প'ড়ে চার দিকে ঘুরছে অন্ত
একটিমাত্র কণিকা যার নাম ইলেকট্রন। প্রোটন-কণায় যে বৈত্যুতের প্রভাব সে
পজিটিভধর্মী, আর ইলেকট্রনকণা যে বৈত্যুতের বাহন সে নেগেটিভধর্মী। নেগেটিভ
ইলেকট্রন চটুল চঞ্চল, পজিটিভ প্রোটন রাশভারি। ইলেকট্রনের ওজনটা গণ্যের
মধ্যেই নয়, পরমাণুর প্রায় সমস্ত ভার কেন্দ্রবন্ধতে হয়েছে জমা।

মোটের উপরে সব্ইলেকট্রনই না-ধর্মী বটে কিন্তু এমন একজাতের ইলেকট্রন ধর। পড়েছে যার। হা-ধর্মী, অপচ ওজনে ইলেকট্রনেরই সমান। এদের নাম দেওয়া হয়েছে পজ্জিন।

কথনো কথনো দেখা গেছে বিশেষ হাইজুজেনের পরমাণু সাধারণের চেয়ে ভবল ভারি। পরীক্ষায় বেরিয়ে পড়ল কেন্দ্রন্থলে প্রোটনের সদে আছে তার এক সহযোগী। প্রেই বলেছি প্রোটন হাঁ-ধর্মী। তার কেন্দ্রের শরিকটিকে প্ররথ করে দেখা গেল সে সাম্যধর্মী, হাঁ-ধর্মীও নয়, না-ধর্মীও নয়। অতএব সে বৈত্যুতধর্মবর্জিত। সে আপন প্রোটন শরিকের সমান ওল্পনের, কিন্ধ প্রোটন যেমন ক'রে ইলেকট্রনকে টানে এ তেমন টানতে পারে না, আবার প্রোটনকে ঠেলে কেলবার চেটাও তার নেই। এই কণার নাম দেওয়া হয়েছে য়য়য়ন। এটি লক্ষ্য করে দেখা গিয়েছে অক্স জাতের বাটখারা দিয়ে পরমাণু যতই ভারি করা যাক ইলেকট্রনের উপরে সেই সাম্যধর্মীদের কোনো জ্বোক খাটে না—একটি প্রোটন কেবল একটিনার ইলেকট্রনকে শাসনে রাখে। পরমাণুকেন্দ্রে প্রোটনের সংখ্যা যে পরিমাণ বেশি হয় সেই পরিমাণ ইলেকট্রনকে তারা বশে রাখে। অন্ধিজন গ্যাসের পরমাণুকেন্দ্রে আছে আটটি প্রোটন, সঙ্গে থাকে আটিট স্থাটন্য, তার প্রস্থিকিকারী ইলেকট্রনের সংখ্যা থাকে ঠিক আটিট।

পঞ্জিটিভে নেগেটিভে মধাপ রিমাণ মিলে যেখানে সন্ধি করে আছে সেধানে যদি কোনো উপায়ে গৃহবিচ্ছেদ ঘটানো রায়, গুটিকতক নেগেটিভকে দেওয়া যায় তফাত করে, তা হলে সেই জিনিসে বৈত্যুতের পরিমাণের হিসাবে হবে গ্রমিল, অতিরিক্ত হয়ে পড়বে পঞ্জিটিভ বৈত্যুতের চার্জ। মেয়েপুরুষে মিলে যেখানে গৃহস্থালীর দামঞ্জভ্য সেথানে মেয়ের প্রভাবকে যে-পরিমাণে সরিয়ে দেওয়া যাবে, সে-সংসারটা সেই পরিমাণে হয়ে পড়বে পুরুষপ্রধান; এও তেমনি।

এই চার্জ কথাটা ইলেকট্রিনিটির প্রসন্ধে সর্বদাই ব্যবহারে লাগে। সাধারণত যেসব ব্লিনিদ নিয়ে নাড়াচাড়া করি তাদের মধ্যে বৈছ্যতের কোনো ছটফটানি দেখা যায়
না, তারা চার্জ করা নয়, অর্থাৎ তুই জাতের যে-পরিমাণ বৈদ্যুতে মিলে মিশে থাকলে
শাস্তি রক্ষা হয় তা তাদের মধ্যে আছে। কিন্তু কোনো জিনিসে কোনো একটা
জাতের বৈদ্যুত যদি দন্ধি না মেনে আপন নির্দিষ্ট পরিমাণ ছাপিয়ে বাড়াবাড়ি করে
তা হলে দেই বৈদ্যুতের হারা জিনিসটা চার্জ করা হয়েছে বলা হয়।

এক টুকরো বেশম নিয়ে কাঁচের গায়ে ঘষা গেল। ফল হল এই যে ঘষড়ানিতে কাঁচের থেকে কিছু ইলেকট্রন এল বেরিয়ে, সেটা চালান হল রেশমে। কাঁচে নেগেটিভ কমতেই পঞ্জিটিভ বৈত্যতের প্রাধান্ত হল, ওদিকে রেশমে নেগেটিভ বৈত্যতের প্রভাব বাড়ল, সেটা হল নেগেটিভ বৈত্যতের ধারা চার্জ করা। ইলেকটুন-খোয়ানো কাঁচ তার পঞ্জিটিভ চার্জের ঝেলকৈ টেনে নিতে চাইল রেশমটাকে, আবার নেগেটিভের ভিড়বাছলাওয়ালা রেশমে টান পড়ল কাঁচের দিকে। কাঁচ বা রেশমে সাধারণভন্ত যথন অক্র ছিল তথন আপনাতে আপনি ছিল সহজ, ছিল শাস্ত। শাস্ত অবস্থায় এদের মধ্যে বৈত্যতের অন্তিম্ব জানাই যায় নি। বাইরে বৈত্যতিক গৃহবিপ্লবের থবর তথনই বেরিয়ে পড়ল যেমনি ভাগাভাগির অসমানতায় কোঁভ জ্মিয়ে দিলে।

কাঁচ কিংবা অন্ত কিছুব থেকে ঘষাঘষির বারা সামান্ত পরিমাণ ইলেকট্রন সরিয়ে নেবার কথা বলেছি। পরিমাণটা কত যদি বিজ্ঞানীকে জিজ্ঞাসা করা যায় তিনি সামান্ত একটু ঘাড় নেড়ে বলবেন, ঘষড়ানির মাত্রা অমুসারে চল্লিশ পঞ্চাশ ষাঁট কোটি হতে পারে। বিজ্ঞান বাতির সল্তে-তারের ভিতর দিয়ে ইলেকট্রনের ঠেসাঠেসি ভিড় চলতে থাকে, তবেই সে জলে। তারে এ-প্রান্ত থেকে ও-প্রান্তে যতগুলি ইলেকট্রন একসঙ্গে যাত্রা করে আমাদের গণিত্রশাল্পে সেই সংখ্যার কী নাম আছে আমি তা তো জানি নে। যা হোক এটা দেখা গেল যে, অতিপরমাণ্দের ত্রম্ব চাঞ্চল্য পজিটিভ নেগেটিভে দন্ধি করে সংযত হয়ে আছে তাই বিশ্বে আছে শান্তি। ভালুকওয়ালা বাজায় ভূগভূগি, তারই তালে ভালুক নাচে, আর নানা থেলা দেখায়। ভূগভূগিওয়ালা

না বদি থাকে, শোষমানা ভালুক বদি শিকলি কেটে স্বৰ্ম পার তা হলে কামড়িয়ে আঁচড়িয়ে চার দিকে অনর্থপাত করতে থাকে। আমাদের সর্বাব্দে এবং বেহের বাইরে এই পোষমানা বিভীষিকা নিয়ে অদৃশ্য ভূগভূগির ছলে চলেছে স্পষ্টর নাচ ও খেলা। স্পষ্টির আখড়ায় তৃই খেলোয়াড় তাদের ভীষণ বন্দ মিলিয়ে বিশ্বচরাচরে বন্দভূমি সরগরম করে রেখেছে।

কোনো কোনো বিজ্ঞানী প্রমাণ্ডগংকে সোরমগুলীর সঙ্গে তুলনীয় করে বললেন, প্রমাণ্র কেন্দ্র থিরে ভিন্ন ভিন্ন চক্রপথে ঘূর থাচ্ছে ইলেকট্রনের দল। আর-এক পণ্ডিভ প্রমাণ করলেন যে, ঘূর্ণিপাক-খাওয়া ইলেকট্রনরা তাদের এক কক্ষপথ থেকে আর-এক কক্ষপথে ঠাই বদল করে, আবার ফেরে আপন নির্দিষ্ট পথে।

পরমাণুলোকের যে-ছবি সৌরলোকের ছাঁনে, তাতে আছে পজিটিভ বৈত্যতওয়ালা একটা কেন্দ্রবস্তু, আর তার চার দিকে ইলেকট্রনদের প্রদক্ষিণ।

এ মত মেনে নেবার বাধা আছে। ইলেকট্রন যদি একটানা পথে চলত তা হলে ক্রমে তার শক্তি ক্রম হয়ে ক্রমে পথ খাটো করে সে পড়ত গিয়ে কেন্দ্রবন্ধর উপরে। পরমাণুর সর্বনাশ ঘটাত।

এখন এই মত দাঁড়িয়েছে, ইলেকউনের ডিম্বাকার চলবার পথ একটি নয়, একাধিক। কেন্দ্র থেকে এই কক্ষগুলির দূরত্ব নির্দিষ্ট। কেন্দ্রের সব চেয়ে কাছের যে পথ, কোনো ইলেকউন তা পেরিয়ে যেতে পারে না। ইলেকউন বাইরের পথ থেকে ভিতরের পথে দর্শন দেয়। কেন দেয় এবং হঠাৎ কখন দেখা দেবে তার কোনো বাঁধা নিয়ম পাওয়া যায় না। তেজ্ব শোষণ ক'রে ইলেকউন ভিতরের পথ থেকে বাইরের পথে লাফিয়ে যায়, এই লাফের মাত্রা নির্ভর করে শোষিত তেজের পরিমাণের উপর। ইলেকউন তেজ বিকীর্ণ করে কেবল যখন সে তার বাইরের পথ থেকে ভিতরের পথে আবিভূতি হয়। ছাড়া-পাওয়া এই ভেজকেই আমরা পাই আলোরপে। যতক্ষণ একই কক্ষেচলতে থাকে তেক্ষণ তার শক্তি-বিকিরণ বদ্ধ। এ মতটা ধরে-নেওয়া একটা মত, কোনো কারণ দেখানো যায় না। মতটা মেনে নিলে তবেই বোঝা যায় পরমাণু কেন টিকে আছে, বিশ্ব কেন বিলুপ্ত হয়ে যায় নি।

এসৰ কথার পিছনে ত্রহ তত্ব আছে, সেটা বোঝবার অনেক দেরি। আপাতত কথাটা তনে রাখা মাত্র।

পূর্বেই বলেছি বিজ্ঞানীর। খুব দৃঢ়ন্বরে ঘোষণা করেছিলেন যে, বিরেনকটোট আদিছুত বিশক্তির মৌলিক পদার্থ। অতিপরমাগুদের সাক্ষ্যে আজ সেক্থা অপ্রমাণ হয়ে গেল। তবু এখনও বয়ে গেল এদের সন্মানের উপাধিটা।

একদা মৌলিক পদার্থের খ্যাতি ছিল যে তাদের গুণের নিত্যতা আছে। তাদের যতই ভাঙা যাক কিছুতেই তাদের স্বভাবের বদল হয় না। বিজ্ঞানের প্রথম অধ্যায়ে দেখা পেল তাদের চরম ভাগ করলে বেরিয়ে পড়ে হুই জাতীর বৈত্যতওয়ালা কণাবন্ধর জুড়িন্ত্য। যারা মৌলিক পদার্থ নামধারী তাদের স্বভাবের বিশেষত্ব রক্ষা করেছে এইসব বৈত্যতেরা বিশেষ সংখ্যায় একত্র হয়ে। এইখানেই যদি থামত তা হলেও পরমাণুদের রূপনিত্যতার থ্যাতি টি কে যেত। কিছ্ক ওদের নিজের দলের থেকেই বিকল্প দাক্ষ্য পাওয়া গেল। একটা থবর পাওয়া গেল যে, হালকা যেসব পরমাণু তাদের মধ্যে ইলেকট্রন প্রোটনের ঘোরাঘুরি নিত্যনিয়মিতভাবে চলে আসছে বটে কিছ্ক অত্যন্ত ভারি যারা, যাদের মধ্যে স্বাট্রন-প্রোটনসংঘের অতিরিক্ত ঠেলাঠেসি ভিড়, যেমন যুরেনিয়ম বা রেডিয়ম, তারা আপন তহবিল সামলাতে পারছে না, সদা সর্বক্ষণই তাদের মূল সহল ছিটকে পড়তে পড়তে হালকা হয়ে তারা এক রূপ থেকে অন্ত রূপ ধরছে।

এতকাল বেডিয়ম নামক এক মৌলিক ধাতৃ নৃকিয়ে ছিল স্থূল আবরণের মধ্যে। তার আবিষ্ণাবের সঙ্গে পরমাণুর গৃঢ়তম রহস্ত ধরা পড়ে গেল। বিজ্ঞানীদের সঙ্গে তার প্রথম মোকাবিলার ইতিহাস মনে রেখে দেবার যোগ্য।

যথন ব্যক্তিগেন হশ্মির আবিষ্কার হল, দেখা গেল তার ছল বাধা ভেদ করবার ক্ষমতা। তথন আরি বেকরেল ছিলেন প্যারিস মৃনিসিপাল ছলে বিজ্ঞানের অধ্যাপক। স্বতোদীপ্তিমান পদার্থ মাত্রেরই এই বাধা ভেদ করবার শক্তি আছে কি না, সেই পরীক্ষায় তিনি লাগলেন। এইরকম কতকগুলি ধাতৃপদার্থ নিয়ে কান্ধ আরম্ভ করে দিলেন। তাদের কালো কাগন্ধে মৃড়ে রেখে দিলেন ফোটোগ্রাফের প্রেটের উপরে। দেখলেন তাতে মোড়ক ভেদ করে কেবল মুরেনিয়ম ধাতৃর্ই চিহ্ন পড়ল। সকলের চেয়ে গুক্তার যার পর্মাণ্ তার তেজ্জিয়তা সপ্রমাণ হয়ে গেল।

পিচরেও নামক এক খনিজ পদার্থ থেকে মুরেনিয়মকে ছিনিয়ে নেওয়া হয়ে থাকে। বেকরেলের এক অসামান্ত বৃদ্ধিমতী ছাত্রী ছিলেন মাদাম করি। তাঁর স্বামী পিয়ের কুরি ফরাসী বিজ্ঞান বিভালয়ের অধ্যাপক ছিলেন। তাঁরা স্বামীজীতে মিলে এই পিচরেও নিয়ে পর্য করতে লাগলেন, দেখলেন এর ভেজজ্ঞিয় প্রভাব মরেনিয়মেব চেয়ে আরও প্রবল। পিচরেওের মধ্যে এমন কোনো কোনো পদার্থ আছে যারা এই শক্তির মূলে, তারই আবিভারের চেষ্টায় তিনটি ন্তন পদার্থ বের হল, রেভিয়ম, পলোনিয়ম, এবং ম্যাক্টিনিয়ম।

পরীক্ষা করতে করতে প্রায় চল্লিশটি তেজজিয় পদার্থ পাওয়া গেছে। প্রায় এদের সবগুলিই বিজ্ঞানে নতুন জানা।

তথনকার দিনে সকলের চেয়ে চমক লাগিয়ে দিল এই ধাতুর একটি অভুত স্বভাব। সে নিঙ্গের মধ্যে থেকে জ্যোতিছণা বিকীর্ণ ক'রে নিজেকে নানা মৌলিক পদার্থে রূপান্তবিত করতে করতে অবশেষে সীসে করে তোলে। এ বেন একটা বৈজ্ঞানিক ভেলকি বললেই হয়। এক ধাতু থেকে অন্ত ধাতুর যে উত্তব হতে পারে, সে এই প্রথম জানা গেল।

বে-সকল পদার্থ রেভিয়মের এক জাতের, অর্থাৎ তেজ-ছিটোনোই যাদের স্বভাব তারা দকলেই জাত-থোওয়াবার দলে। তারা কেবলই আপনার তেজের মূলধন থরচ করতে থাকে। এই অপব্যয়ের ফদে প্রথম যে তেজঃপদার্থ পড়ে, গ্রীকবর্ণমালার প্রথম অক্ষরের নামে তার নাম দেওয়া হয়েছে আল্ফা। বাংলা বর্ণমালা ধরে তাকে ক বললে চলে। এ একটা পরমাণু, পজিটিভ জাতের। রেডিয়মের আরও একটা ছিটিয়ে-ফেলা তেজের কণা আছে, তার নাম দেওয়া হয়েছে বীটা, বলা বেতে পারে থ। দে ইলেকট্রন, নেগেটিভ চার্জ করা, বিষম তার ক্রত বেসা। তবু পাতলা একটি কাগজ চলার রাস্তায় পড়লে আল্ফা-পরমাণু দেহান্তর লাভ করে, দে হয়ে যায় হীলিয়ম গ্যাস। আরও কিছু বাধা লাগে বীটাকে থামিয়ে দিতে। রেভিয়মের তুলে এই তুইটি ছাড়া আর-একটি রিমি আছে তার নাম গামা। দে পরমাণু বা অভিপরমাণু নয়, দে একটি বিশেষ আলোকরিমা। তার কিরণ ছল বস্তকে ভেদ করে যেতে পারে, যেমন যায় রান্টগেন রিমা। এইসব তেজস্বণার ব্যবহার সকল অবস্থাতেই সমান, লোহা-গলানো গরমেও, গ্যাস-তরল-করা ঠাণ্ডাতেও। তা ছাড়া তাদের ফিরিয়ে নিয়ে আবার পূর্বের মতো দানা বেধে দেওয়া কারও সাধ্য নেই।

পরমাণুর কেন্দ্র-পিণ্ডটিতে যতক্ষণ না কোনো লোকসান ঘটে ততক্ষণ ছটো-চারটে ইলেকট্রন যদি ছিনিয়ে নেওয়া যায় তা হলৈ তার বৈত্যুতের বাঁধা বরাদ্দে কিছু কমতি পড়তে পারে কিন্তু অপঘাতটা সাংঘাতিক হয় না। যদি ঐ কেন্দ্রবস্তুটার খাস তহবিলে দুটপাট সম্ভব হয় তা হলেই পরমাণ্র জাত বদল হয়ে যায়।

পরমাণুর নিজের মধ্যে একান্ত ঐক্য নেই এ-খবরটা পেয়েই বিজ্ঞানীরা প্রথমটা আশা করেছিলেন বে, তাঁরা তেজ-ছুঁড়ে-মারা গোলন্দান্ত রেভিয়মকে লাগাবেন পরমাণুর মধ্যে ভেল ঘটিয়ে তার কেন্দ্রমন্তভাতা লুটপাটের কাজে। কিন্তু লক্ষ্যটি অভিন্তুল্ম, নিশানা করা সহজ নয়, তেজের ঢেলা বিন্তর মারতে মারতে দৈবাং একটা লেগে যায়। ভাই এ-রক্ম অনিশ্চিত লড়াইপ্রণালীর বদলে আক্ষকাল প্রকাও যন্ত্র তিরির আয়োজন

হচ্ছে বাতে অতি প্রচণ্ড শক্তিমান বৈঁচ্যত উৎপন্ন হত্ত্বে পরমাণুর কেন্দ্রকোর পাহার। ভেদ করতে পারে। সেধানে আছে প্রবল পালোয়ান-শক্তির পাহারা। আজ ঠিক বে-সমন্ত্রীতে লক্ষ লক্ষ মাহ্য মারবার জন্তে সহস্রন্ধী যন্ত্রের উদ্ভাবন হচ্ছে ঠিক সেই সমন্ত্রীতেই বিশ্বের স্ক্ষতম পদার্থের অলক্ষ্যতম মর্ম বিদীর্ণ করবার জন্তে বিরাট বৈদ্যাত্রবর্ণীর কারধানা বদল।

পূর্বেই বলেছি আল্ফাকণা স্বরূপ হারিয়ে হয়ে যায় হীলিয়ম গ্যাস। এটা কাজে লেগেছে পৃথিবীর বয়স প্রমাণ করতে। কোনো পাহাড়ের একথানা পাথরের মধ্যে যদি বিশেষ পরিমাণ হীলিয়ম গ্যাস দেখা যায়, তা হলে এই গ্যাসের পরিণতির নির্দিষ্ট সময় হিসাব করে ঐ পাহাড়ের জন্মকৃষ্টি তৈরি করা যায়। এই প্রণালীর ভিতর দিয়ে পৃথিবীর বয়স বিচার করা হয়েছে।

ওন্ধনের গুরুত্বে হাইডুজেন গ্যাদের ঠিক উপরের কোঠাতেই পড়ে যে-গ্যাদ তারই নাম দেওয়া হয়েছে হীলিয়ম। এই গ্যাদ বিজ্ঞানীমহলে নৃতন-জানা। এই গ্যাদ প্রথম ধরা পড়েছিল স্থ্গ্রহণের সময়ে। স্থ আপন চক্রদীমাটুকু ছাড়িয়ে বহুলক্ষ ক্রোশ দূর পর্যন্ত জলদ্বাম্পের অতি স্ক্ষ উত্তরীয় উড়িয়ে থাকে, ঝরনা যেমন জলকণার কুয়াশা ছড়ায় আপনার চারি দিকে। গ্রহণের সময় দেই তার চার দির্কের আগ্রেয় গ্যাদের বিস্তার দেথতে পাওয়া যায় ছ্রবীনে। এই দ্ববিক্ষিপ্ত গ্যাদের দীপ্তিকে মুরোপীয় ভাষায় বলে করোনা, বাংলায় একে বলা যেতে পারে কিরীটিকা।

কিছুকাল আগে ১৯৩৭ খুন্টান্দের স্থ্গ্রহণের স্থাগে এই কিরীটিকা পরীক্ষা করবার সময় বর্ণলিপির নীলসীমানার দিকে দেখা গেল তিনটি অজানা সাদা রেখা। পণ্ডিতেরা ভাবলেন হয়তো কোনো একটি আগের জানা পদার্থ অধিক দহনে নৃতন দশা পেয়েছে, এটা তারই চিহ্ন। কিংবা হয়তো একটা নতুন পদার্থ ই বা জানান দিল। এখনও তার ঠিকানা হল না।

১৮৬৮ থুন্টাব্দের গ্রহণের সময় বিজ্ঞানীদের এইরকমই একটা চমক লাগিয়েছিল।
ফুর্বের গ্যাসীয় বেড়ার ভিতর থেকে একটা লিপি এল তথনকার কোনো অচেনা
পদার্থের। এই নৃতন থবর-পাওয়া মৌলিক পদার্থের নাম দেওয়া হল হীলিয়ম, অর্থাৎ
সৌরক। কেননা তথন মনে হয়েছিল এটা একান্ত স্থেরই অন্তর্গত গ্যাস। অবশেষে
বিশে বছর কেটে গেলে পরে বিখ্যাত রসায়নী র্যামজে এই গ্যাসের আমেজ পেলেন
পৃথিবীর হাওয়ায় অতি সামান্ত পরিমাণে। তথন স্থির হল পৃথিবীতে এ গ্যাস ত্র্লভ।
ভার পরে দেখা গেল উত্তর-আমেরিকায় কোনো মেটে তেলের গহরবে যে-গ্যাস পাওয়া
মান্ন তাতে যথেষ্ট পরিমাণে হীলিয়ম আছে। তথন একে কাজে লাগাবার স্থবিধ

হল। অভ্যস্ত হালকা ব'লে এতদিন হাইডুজেন গ্যাস দিয়ে আকাশ্যানগুলোর উড়নশক্তির জোগান দেওয়া হত। কিন্ত হাইডুজেন গ্যাস ওড়াবার পক্ষে যেমন কেজো,
জালাবার পক্ষে তার চেয়ে কম না। এই গ্যাস অনেক মন্ত মন্ত উড়োজাহাজকে
জালিয়ে মেরেছে। হীলিয়ম গ্যাসের মধ্যে প্রচ্ছয় ছ্রন্ত জলনচগুী নেই, অথচ
হাইডুজেন ছাড়া সকল গ্যাসের চেয়ে এ হালকা। তাই জাহাজ-ওড়ানোকে নিরাপদ
করবার জন্তে তারই ব্যবহার চলতি হয়েছে। চিকিৎসাতেও কোনো কোনো রোগে
এর প্রয়োগ শুরু হল।

পূর্বেই বলা হয়েছে পজিটিভ চার্জন্তরালা পদার্থ ও নেগেটিভ চার্জন্তরালা পদার্থ পরস্পরকে কাছে টানে কিন্তু একই জাতীয় চার্জন্তরালারা পরস্পরকে ঠেলে ফেলতে চায়। যতই তাদের কাছাকাছি করা যায় ততই উগ্র হয়ে ওঠে তাদের ঠেলার জোর। তেমনি বিপরীত চার্জন্তরালারা যতই পরস্পরের কাছে আলে তাদের টানের জোর ততই বেড়ে ওঠে। এই জ্বন্থে যেসব ইলেকট্রন কেন্দ্রবন্ধর কাছাকাছি থাকে তারা টানের জোর এড়াবার জ্বন্থে দূরবর্তীদের চেয়ে দৌড়য় বেশি জোরে। সৌরমগুলে বেসব গ্রহ স্থর্বের যত কাছে তাদের দৌড়ের বেগ তেই বেশি। দূরের গ্রহদের বিপদ কম, তারা অনেকটা ধীরেক্সক্ষে চলে।

এই ইলেকট্রন প্রোটনের ব্যাস সমস্ত পরমাণ্ডর পঞ্চাশ হাজার ভাগের এক ভাগ। অর্থাৎ পরমাণ্ডর মধ্যে শৃশুভাই বেশি। একটা মাহ্ন্যের দেহের সমস্ত পরমাণ্ যদি ঠেলে দেওয়া হর, তা হলে ভার থেকে একটি অদৃশুপ্রায় বস্তুবিন্দু ভৈরি হবে।

ছই প্রোটনের পরস্পরের প্রতি বিমুখতার জাের যে কত, রদায়নী ফ্রেডরিক সডি তার হিদাব করে বলেছেন, এক গ্রাম পরিমাণ প্রোটন যদি ভূতলের এক মেরুতে রাখা যায় আর তার বিশরীত মেরুতে থাকে আর-এক গ্রাম প্রোটন তা হলে এই ফ্রের পথ পেরিয়ে গিয়ে তাদের উভয়েরই ঠেলা মারার জাের হবে প্রায় ছ শাে মণের চাপে। এই যদি বিধি হয় তা হলে বােঝা শক্ত হয় পরমাণ্কেক্রের অতি সংকীর্ণ মঞ্জনীর মধ্যে একটির বেশি প্রোটন কেমন করে ঘেঁষাঘেঁষি মিলে থাকতে পারে। এই নিয়ম অফুসারে হাইডুজেন যার পরমাণ্কেক্রে একেশর প্রোটনের অধিকার, সে ছাড়া বিশে আর কোনাে পদার্থ তাে টি কভেই পারে না ; তা হলে তাে বিশ্বস্তাৎ হয়ে ওঠে হাইডুজেনময়।

এদিকে দেখা বায় যুরেনিয়ম খাতৃ বহন করেছে ১২টা প্রোটন, ১৪৬টা হ্যায়ন। এত বেলি ভিড় সে সামলাতে পারে না একধা সত্য, ক্ষণে ক্ষণে সে তার কেন্দ্রভাগ্যার থেকে বৈদ্যাতকণার বোঝা হালকা করতে থাকে। ভার কিছু পরিমাণ কমলে সে রূপ নেয় রেভিয়মের, আরও ক্যলে হয় পলোনিয়ম, অবশেষে সীসের রূপ ধরে স্থিতি পায়।

ওজন এত ছেঁটে ফেলেও স্থিতি পায় কী করে এ সন্দেহ তো দ্র হয় না। বিকিরণের পালা শেষ করে সমস্ত বাদসাদ দিয়েও সীসের দখলে বাকি থাকে ৬২টা প্রোটন। পজিটিভ বৈদ্যুতের স্বজ্বাত-ঠেলা-মারা মেজাজ নিয়ে এই প্রোটনগুলো পর্মাণ্লোকের শান্তিরকা করে কী ক'রে, দীর্ঘকাল ধরে এ প্রশ্নের ভালো জ্বাব পাওয়া গেল না। কেল্কের বাইরে এদের ঝগড়া মেটে না, কেল্কের ভিতরটাতে এদের মৈত্রী জ্টট, এ একটা বিষম সমস্তা।

এই বহস্তভেদের উপযোগী ক'রে যন্ত্রশক্তির বল বৃদ্ধি করা হল। পরমাণুর কেন্দ্রগত প্রোটন-লক্ষ্যের বিরুদ্ধে পরীক্ষকের। হাঁ-ধর্মী বৈদ্যাতকণার দল লাগিয়ে দিলেন; যত জোরের বৈত্যুতকণা তাদের ধাকা দিলে তার বেগ দেকেণ্ডে ৬৭২০ মাইল। তব্ কেন্দ্রস্থিত প্রোটন আপন প্রোটনধর্ম রক্ষা করলে, আক্রমণকারী বৈদ্যুতের দলকে ছিটকিয়ে ফেললে। বৈহ্যুত তাড়নার জোর বাড়িয়ে দেওয়া হল। বিজ্ঞানী লাপ 'লেন ধান্ধা ৭৭০০ মাইলের বেগে, শিকারটিকে হার মানাতে পারলেন না। অবশেষে ৮২০০ মাইলের তাড়া খেয়ে বিরুদ্ধশক্তি নরম হবার লক্ষণ দেখালে। ছিটকোনো-শক্তির বেড়া ডিঙ্কিয়ে আক্রমণশক্তি পৌছল কেন্দ্রভূর্নের মধ্যে। দেখা গেল ছটি সমধর্মী বৈদ্যাতকণা যত কাছে গিয়ে পৌছলে তাদের ঠেলাঠেলি যায় চুকে সে হচ্ছে এক ইঞ্চির वह कांग्रि जान द्वार्यिहरू । जा श्रम श्रा निरू श्रा के निकर्णात मरशा প্রোটনদের পরস্পর ঠেলে ফেলার শক্তি যত তার চেয়ে প্রভৃত বড়ো একটা শক্তি আছে, টেনে রাথবার শক্তি। এ শক্তি পরমাণুমহলে প্রোটনকেও বেমন টানে মাট্রকেও তেমনি টানে, অর্থাৎ বৈহ্যতের চার্জ বার আছে আর বার নেই উভয়ের 'পরেই তার সমান প্রভাব। পরমাণুকেন্দ্রবাদী এই অতিপ্রবল আকর্ষণশক্তি সমন্ত বিশ্বকে রেখেছে বেঁধে। পরমাণুর মধ্যেকার ঘরোয়া বিবাদ মিটিয়েছে যে-শাসন সেই শাসনেই বিশ্বে বিরাজ করে শাস্তি।

আধুনিক ইতিহাস থেকে এর উপমা সংশ্রহ করে দেওয়া যাক। চীন রিপরিকের
শাস্তি নষ্ট ক'রে কডকগুলি একাধিপত্যলোলপ জাঁদরেল পরস্পর লড়াই ক'রে
দেশটাকে ছারখার করে দিচ্ছিল। রাষ্ট্রের কেন্দ্রন্থলে এই বিহুদ্ধদলের চেয়ে প্রবশতর
শক্তি যদি থাকত তা হলে শাসনের কাজে এদের সকলকে এক ক'রে রাষ্ট্রশক্তিকে বলিষ্ঠ
ও নিরাপদ করে রাখা সহজ হত। পরমাণ্র রাষ্ট্রতন্তে সেই বড়ো শক্তি আছে সকল
শক্তির উপরে, ভাই যারা স্থাবত মেলে না তারাও মিলে বিশেব শান্তি রক্ষা হচ্ছে।

এর থেকে দেখতে পাছি বিবের শান্তি পদার্থটি ভালোমাছবি শান্তি নয়। ষতদব ছ্রন্তদের মিলিয়ে নিয়ে তবে একটা প্রবল মিল হয়েছে। যারা স্বতন্তভাবে সর্বনেশে ভারাই মিলিতভাবে স্পষ্টর বাহন।

পরমাণুর ইতিহাসে রেডিয়মের অধ্যায়ের মূল্য বেশি, সেইজ্ঞে একটু বিশদ করে তার কথাটা বলে নিই।— বেডিয়ম লোহা প্রভৃতির মতোই ধাতুদ্রবা। এর পরমাণ্গুলি ভারে এবং আয়তনে বড়ো। অবশেষে একদিন কী কারণে কেউ জানে না বেভিয়মের পরমাণু যায় ফেটে, তার অল্প একট অংশ যায় ছুটে; এই ভাঙন-ধরা পরমাণু থেকে নিংহত আল্ফারশ্বিতে যে কণিকাগুলি প্রবাহিত হয় তারা প্রত্যেকে ছটি প্রোটন ও ছটি ছাউনের সংযোগে তৈরি। অর্থাৎ হীলিয়ম প্রমাণুর কেন্দ্রবস্তবই দলে তারা এক। বীটারশ্বি কেবল ইলেকটনের ধারা। গামারশ্বিতে কণা নেই; তা আলোকজাতীয়। কেন যে এমন ভাঙচুর হয় তার কারণ আজও ধরা পড়ে নি। এইটুকু অপব্যয়ের দক্ষণ পরমাণুর বাকি অংশ আরু সেই সাবেক রেভিয়মরূপে থাকে না। তার স্বভাব যায় বদলিয়ে। চুটি ইলেকট্রন আত্মসাৎ করে আলফাকণার পরিণতি ঘটে হীলিয়ম গ্যাদে। এই ক্লোরণ ব্যাপারকে বাইরের কিছুতে না পারে উদকিয়ে দিতে, না পারে থামাতে। চারি দিকের অবস্থা ঠাণ্ডাই থাক আর গরমই থাক, অন্ম অণুপরমাণুদের সঙ্গে মেলামেশাই করুক, অর্থাৎ তার বাইরের ব্যবস্থা যে রকমই হোক তার ফেটে যাওয়ার কাজ্ঞটা ঘটতে থাকে ভিতরের থেকে। গড়ের উপরে বেডিয়মের আয়ু প্রায় ত্ হাজার বছর, কিন্তু তার যে-পরমাণু থেকে একটা আল্ফাকণা ছুঁড়ে ফেলা হয়েছে তার মেয়াদ প্রায় দিন-চারেকের। তার পরে তার থেকে পরে পরে ক্ষোরণ ঘটতে থাকে, অবশেষে গিয়ে ঠেকে সীসেতে। আলফাকণা যথন শুরু করে তার দৌড় তথন তার বেগ থাকে এক সেকেণ্ডে প্রায় দশ হাজার মাইল। কিন্তু যথন তাকে কোনো বস্তুপদার্থের এমন কি বাতাদের মধ্যে দিয়ে যেতে হয় তথন তুতিনইঞ্চি-খানেক পথ বেতে বেতেই তার চলন সহজ হয়ে আসে। আল্ফার্ক্সি চলে একেবারে সোজা বেখা ধ'বে। কী ক'বে পাবে সে একটা ভাববার কথা। কেননা বাতাদে বে অক্সিজেন বা নাইট্রজেন প্রমাণু আছে হীলিয়মের প্রমাণু তার চেয়ে অনেক হালকা আর ছোটে।। এই তিন ইঞ্চি রাস্তায় বাতাদের বিস্তর ভাবি ভারি অণু তাকে ঠেলে বেতে হয়। এ কিন্তু ভিড় ঠেলে যাওয়া নয়, ভিড় ভেদ করে যাওয়া। পর্মাণু বলতে বোঝায় একটি কেন্দ্রবন্ধ আর তাকে যিরে দৌর-খাওয়া ইলেকটনের দল। পাহারার ভিতর দিয়ে বেতে প্রচণ্ড বেগের জোর চাই। সেই জোর আছে আৰ্কাকণার। সে অন্ত মণ্ডলীর ভিতর দিয়ে চলে যায়। অন্ত পরমাণর ভিতর দিয়ে

বৈতে বেতে লোকদান ঘটাতে থাকে। কোনো প্রমাণ্র দিলে হয়তো একটা ইলেকট্রন দরিয়ে, ক্রমে ত্টো-তিনটে গেল হয়তো তার থসে, উপন ইলেকট্র-গুলো বাধনছাড়া হয়ে ঘূরে বৈড়ায়। কিন্তু বেশিক্ষণ নয়। অক্ত প্রমাণ্ডের সলে জোড় বাধে। বে-প্রমাণ্ ইলেকট্রনটাকে ধরেছে তাকে লাগে পজিটিভ বৈত্যুতের চার্জ আর মে-প্রমাণ্ ছাড়া-ইলেকট্রনটাকে ধরেছে তার চার্জ নেগেটিভ বৈত্যুতের। তারা বিদি পরস্থারের যথেষ্ট কাছাকাছি আসে তা হলে আবার হিসেব সমান করে নেয়। অসাম্য ঘূচলে তথন বৈত্যুতথর্নের চাঞ্চল্য শান্ত হয়ে যায়। অভাবত হীলিয়ম প্রমাণ্র থাকে ছটো ইলেকট্রন। কিন্তু রেভিয়ম থেকে আল্ফাকণারণে নিঃস্ত হয়ে সে ঘথন অভ্য বস্তুর মধ্যে দিয়ে ছুটতে থাকে তথনকার মতো তার সন্ধী ত্টো যায় ছিম হয়ে। অবশেষে উপস্থবের অন্ত হলে ছুটো ইলেকট্রনদের মধ্যে থেকে অভাব প্রণ করে নিয়ে হুধর্মে ফিরে আসে।

এইখানে আর-একটা কথা বলে এই প্রদল্পেষ করে দেওয়া যাক। সকল বস্তুরই পরমাণুর ইলেকট্রন প্রোটন ও স্থাট্রন একই পদার্থ। তাদেরই ভাগ-বাটোয়ারা নিয়ে বস্তুর ভেদ। যে-পরমাণুর আছে মোট ছয়টা পজিটিভ চার্জ দেই হল কার্বনের অর্থাৎ আঙ্গারিক বস্তুর পরমাণু। সাতটা ইলেকট্রনওয়ালা পরমাণু নাইট্রেলনের, আটটা অক্সিজেনের। কেবল হাইডুজেন পরমাণুর আছে একটা ইলেকট্রন। স্মার বিরেনবেইটা আছে মুরেনিয়মের। পরমাণুদের মধ্যে পজিটিভ চার্জের সংখ্যাভেদ নিয়েই তাদের জাতিভেদ। স্পন্তর সমস্ত বৈচিত্রা এই সংখ্যার ছলে।

বৈছ্যতসন্ধানীরা যথন আপন কাজে নিযুক্ত আছেন তথন তাদের হিদাবে গোলমাল বাধিয়ে দিয়ে অকমাৎ একটা অজানা শক্তির অন্তিত্ব ধরা দিল। তার বিকিরণকে নাম দেওয়া হল মহাজাগতিক রশ্মি, কদ্মিক রশ্মি। বলা যেতে পারে আক্মিক রশ্মি। কোপা থেকে আসছে বোঝা গেল না কিন্তু দেখা গেল সর্বত্রই। কোনো বস্তু বা কোনো জীব নেই যার উপরে এর করক্ষেপ চলছে না। এমন কি ধাতুদ্রব্যের পরমাণ্গুলোকে ঘা মেরে উত্তেজিত করে দিচ্ছে। হয়তো এরা জীবের প্রাণশক্তির সাহায্য করছে, কিংবা বিনাশ করছে— কী করছে জানা নেই, আঘাত করছে এইটেই নিঃসংশয়।

এই যে ক্রমাগতই কস্মিকরশ্মি-বর্ষণ চলেছে এর উৎপত্তির রহন্ত অজানা রয়ে গেল। কিন্তু জানা গেছে বিপুল এর উত্তম, সমস্ত আকাশ জুড়ে এর সঞ্চরণ, জলে স্থলে আকাশে সকল পদার্থেই এর প্রবেশ। এই মহা আগন্তকের পিছনে বিজ্ঞানের চর লেগেই আছে, কোন্ দিন এর গোপন ঠিকানা ধরা পড়বে।

অনেকে বলেন কৃষ্মিক আলো আলোই বটে, র্যুন্টগেন বশ্মির চেয়ে বছগুণে

জোরালো। তাই এরা সহজে পুরু সীলে বা মোটা সানার পাত পার হয়ে চলে বায়।
বিজ্ঞানীদের পরীক্ষায় এটুকু জানা গেছে এই স্নালোর সঙ্গে জাছে বৈত্যতকণা।
পৃথিবীর বে ক্ষেত্রে চৌধকশক্তি বেশি এরা তারই টানে আপন পথ থেকে সরে গিয়ে
ক্ষেত্রপ্রদেশে জ্মা হয়, তাই পৃথিবীর বিভিন্ন জায়গায় কদ্মিক রশ্মির সমাবেশের
ক্মিবেশি দেখা যায়।

কৃষ্মিক বশ্বির সম্বন্ধে এখনও নানা মতের আনাগোনা চলেইছে। প্রমাণুর নৃতন ভব্বের প্রপাত হওয়ার পর থেকেই বিজ্ঞানমহলে মননের ও মতের তোলাপাড়ার অন্ত নেই, বিশ্বের মূল কারখানার ব্যবস্থায় ধ্রুবছের পাকা সংকেত-খুঁজে বের করা অসাধ্য হল। নিজ্য ব'লে যদি কিছু খ্যাতি পেতে পারে তবে সে কেবল এক আদিজ্যোতি, যা রয়েছে সংকিছুরই ভূমিকায়, যায় প্রকাশের নানা অবস্থান্তরের ভিতর দিয়ে গড়ে উঠেছে বিশ্বের এই বৈচিত্রা।

## নক্ষত্ৰলোক

এই তো দেখা গেল বিশ্বব্যাপী অরপ বৈত্যুতলোক। এদের দশ্মিলনের দারী প্রকাশবান রূপলোক গ্রহনক্ষত্তে।

গোড়াতেই বলে রাথি বিশ্বজ্ঞাণ্ডের আদল চেহারা কী জানবার জো নেই।
বিশ্বপদার্থের নিতান্ত অল্পই আমাদের চোথে পড়ে। তা ছাড়া আমাদের চোথ কান
স্পর্শেক্তিরের নিজের বিশেষত্ব আছে। তাই বিশের পদার্থগুলি বিশেষ ভাবে বিশেষ
রূপে আমাদের কাছে দেখা দেয়। ঢেউ লাগে চোথে, দেখি আলো। আরও ফুল বা
আরও ফুল ঢেউ সম্বন্ধে আমরা কানা। দেখাটা নিভান্ত অল্প, না-দেখাটাই অত্যন্ত
বেশি। পৃথিবীর কাজ চালাব বলেই সেই অম্বান্নী আমাদের চোথ কান, আমরা যে
বিজ্ঞানী হব প্রকৃতি সে খেয়ালই করে নি। মাম্বের চোথ অণুবীকণ ও ত্রবীন এই
ত্ইএর কাজই সামান্ত পরিমাণে করে থাকে। বোধের সীমা বাড়লে বা বোধের
প্রকৃতি অন্ত রক্ম হলে আমাদের জগণ্ডাও হত জন্ত রকম।

বিজ্ঞানীর কাছে সেই অশু রকমই তো হয়েছে। এতই অশু রকমের যে, যে-ভাষায় আমরা কাজ চালাই এ জগতের পরিচয়ে তার অনেকখানিই কাজে লাগে ন। প্রত্যে এমন চিহ্নওয়ালা ভাষা তৈরি করতে হজে যে, সাধারণ মাহ্য তার বিন্ধ্রিদর্গ ব্যুক্তে পারে না।

একদিন মাহ্য ঠিক করেছিল বিশ্বমন্তলের কেন্দ্রে পৃথিবীর আসন অবিচলিত, তাকে প্রাদিশি করছে স্থানকতা। মনে যে করেছিল, সে জন্তে তাকে লোই দেওয়া যায় না—
সে দেখেছিল পৃথিবী-দেখা সহজ চোখে। আজ তার চোখ বেড়ে গেছে, বিশ-দেখা
চোখ বানিয়ে নিয়েছে। ধরে নিতে হয়েছে পৃথিবীকেই ছুটতে হয় স্থের চার দিকে,
দরবেশি নাচের মতো পাক থেতে খেতে। পথ স্থার্থ, লাগে ৩৬৫ দিনের কিছু বেশি।
এর চেয়ে বড়ো পথওয়ালা গ্রহ আছে, তারা ঘ্রতে এত বেশি সময় নেয় যে ততদিন
বেচে থাকতে গেলে মাহুবের পরমায়ুর বহর বাড়াতে হবে।

বাত্তের আকাশে মাঝে মাঝে নক্ষত্রপুঞ্জের সঙ্গে সঙ্গে দেখা যায় লেপে দেওয়া আলো। তাদের নাম দেওয়া হয়েছে নীহারিকা। এদের মধ্যে কতকগুলি স্বাধুরবিস্কৃত অতি হালকা গ্যালের মেঘ, আবার কতকগুলি নক্ষত্রের সমাবেশ। ছুরবীনে এবং ক্যামেরার যোগে জানা গেছে যে, যে-ভিড় নিয়ে এই শেষোক্ত নীহারিকা, তাতে যত নক্ষত্র জমা হয়েছে, বহু কোটি তার দংখ্যা, অন্তত ক্রত তাদের গতি। এই যে নক্ষত্রের ভিড় নীহারিকামগুলে অতি ক্রতবেগে ছুটছে, এরা পরস্পর ধাকা লেগে চুরমার হয়ে ষায় না কেন। উত্তর দিতে গিয়ে চৈতত্ত হল এই নক্ষত্রপুঞ্জকে ভিড় বলা ভূল হয়েছে। **এ**দের মধ্যে গলাগলি ঘেঁষাঘেঁষি একেবারেই হনই। পরস্পরের কাছ থেকে অত্যন্তই দুরে দুরে এরা চলাফেরা করছে। পরমাণুর অন্তর্গত ইলেকট্রনদের গতিপথের দূরত্ব সম্বন্ধে শুর জেম্দ্ জীন্দ্ যে উপমা দিয়েছেন এই নক্ষত্রমণ্ডলীর সম্বন্ধেও অমুরূপ উপমাই তিনি প্রয়োগ করেছেন। লগুনে ওয়াটলু নামে এক মন্ত কেঁশন আছে। বতদুর মনে পড়ে সেটা হাওড়া স্টেশনের চেয়ে বড়োই। তার জেম্স্ জীন্স্ বলেন সেই टिंग्नेन थिएक जाव-भव थानि करत रक्तन क्रिके मोज धूलांत कना विन इड़िस **रम**छम्ना योग्न छटन व्याकारण नक्क उत्तर भवन्नाद मृदय थहे धृनिक गोरम विस्कृतम् न मह কিছু পরিমাণে তুলনীয় হতে পারবে। তিনি বলেন, নক্ষত্রের সংখ্যা ও আয়তন যতই হোক আকাশের অচিন্তনীয় শৃক্ততার সঙ্গে তার তুলনাই হতে পারে না।

বিজ্ঞানীরা অন্থমান করেন, স্পাষ্টতে রুপবৈচিত্রোর পালা আরম্ভ হবার অনেক আগে কেবল ছিল একটা পরিব্যাপ্ত জলন্ত বালা। গরম জিনিস মাত্রেরই ধর্ম এই বে ক্রমে ক্রেমে সে তাপ ছড়াতে থাকে। ফুটন্ত জল প্রথমে বালা হয়ে বেরিয়ে আসে। ঠাণ্ডা হতে হতে সেই বালা জুমে হয় জলের কণা। অত্যন্ত তাপ দিলে কঠিন পদার্থও ক্রমে আম গ্যাস হয়ে; সেই বৃক্ম তাপের অবস্থায় বিশের হালকা ভারি সব জিনিসই ছিল গ্যাস। কোটি কোটি বছর ধরে কালে কালে ভা ঠাণ্ডা হচ্ছে। ভাপ ক্মতে ক্মতে গ্যাস ব্রেকে ছোটো ছোটো টুকরো ঘন হয়ে ভেঙে পড়েছে। এই বিপুলসংখ্যক কণা

ভারার আকারে জোট বেবে নীহারিক। গড়ে তুলছে। ব্রোপীয় ভাষার এনের বলে নের্লা, বছরচনে নের্লী। আমানের স্থ আছে এই রক্ম একটি নীহারিকার অন্তর্গত হরে।

আমেরিকার পর্বতচ্ডায় বদানো হয়েছে মন্ত বড়ো এক ত্রবীন, তার ভিতর দিয়ে খ্ব বড়ো এক নীহারিকা দেখা গেছে। সে আছে আাণ্ড্রমিভা নামধারী নক্তমগুলীর মধ্যে। ঐ নীহারিকার আকার অনেকটা গাড়ির চাকার মতো। সেই চাকা ঘ্রছে। এক পাক ঘোরা শেষ করতে তার লাগে প্রায় ত্ কোটি বছর। নয় লাখ বছর লাগে এর কাছ থেকে পৃথিবীতে আলো এসে পৌছতে।

আমাদের সব চেয়ে কাছের যে তারা, যাকে আমাদের তারা-পাড়ার পড়শী বললে চলে, সংখ্যা সাজিয়ে তার দূরত্ব বোঝাবার চেটা করা রুথা। সংখ্যাবাঁধা যে-পরিমাণ দূরত্ব মোটাম্টি আমাদের পক্ষে বোঝা সহজ, তার সীমা পৃথিবীর গোলকটির মধ্যেই বন্ধ, যাকে আমরা বেলগাড়ি দিয়ে মোটর দিয়ে স্থীমার দিয়ে চলতে চলতে মেপে যাই। পৃথিবী ছাড়িয়ে নক্ষর-বন্তির সীমানা মাড়ালেই সংখ্যার ভাষাটাকে প্রলাপ বলে মনে হয়। গণিতশাস্থ নাক্ষত্রিক হিসাবটার উপর দিয়ে সংখ্যার যে-ভিম পেড়ে চলে সে যেন পৃথিবীর বন্ধপ্রস্থ কীটেরই নকলে।

সাধারণত আমরা দ্বত্ব গনি মাইল বা কোশ হিসাবে, নক্ষ্মদের সম্বন্ধে তা করতে গেলে অন্ধের বোঝা ত্র্বহ হয়ে উঠবে। স্থ্ই তো আমাদের কাছ থেকে যথেই দ্বে, তার চেয়ে বন্ধ লক্ষ্মণ্ডণ দ্বে আছি নক্ষজ্রের দল, সংখ্যা দিয়ে তাদের দ্বত্ব গোনা কড়ি দিয়ে হাজার হাজার মোহ্য গোনার মতো। সংখ্যা-সংকেত বানিয়ে মাহ্য লেখনের বোঝা হালকা করেছে, হাজার লিখতে তাকে হাজারটা দাঁড়ি কাটতে হয় না। কিন্ধ ক্ষ্যোতিকলোকের মাপ এ সংকেতে কুলোল না। তাই আর-এক সংকেত বেরিয়েছে। তাকে বলা যায় আলো-চলার মাপ। ৩৬৬ দিনের বছর হিসাবে সে চলে পাঁচ লক্ষ্মটোশি হাজার কোটি মাইল। স্থ্রদক্ষিণের যেমন সৌর বছর তিনশো প্রয়েষ্ট দিনের পরিমাপে, তেমনি নক্ষ্যদের গতিবিধি, তাদের সীমা-সরহন্দের মাপ, আলো-চলা বছরের মাতা গণনা ক'রে। আমাদের নক্ষত্মগতের ব্যাস আন্দাজ একলক্ষ্ আলো-বছরের মাপে। আরও অনেক লক্ষ্ম নাক্ষত্মগৎ আছে এর বাইরে। সেইসব ভিন্ন গাঁয়ের নক্ষত্রদের মধ্যে একটির পরিচয় ফোটোগ্রাফে ধরা হয়েছে, হিসেব মতে সে প্রায় পঞ্চাশ লক্ষ্ম আলো-বছরের দ্বে। আমাদের নিকটত্ম প্রতিবেশী নক্ষত্রের দ্বেষ্থ পচিল লক্ষ্ম কোটি মাইল। এর থেকে বোঝা বাবে কী বিপুল শৃহাতার মধ্যে বিশ্ব ভাগছে। আজ্বাল ভনতে পাই পৃথিবীতে স্থানাতার নিয়েই বড়াই বাধে। নক্ষমদের

মাঝখানে কিছুমাত্র যদি জায়গার টানাটানি থাকত তা হলে সর্বনেশে ঠোকাঠুকিতে বিশ্ব বেড চুরমার হরে।

চোথে দেখার যুগ থেকে এল ছরবীনের যুগ। ছরবীনের জোর বাড়তে বাড়তে त्वर्छ हमन प्रांतात्क आयात्मत नृष्टित भविषि । भूर्त द्वशान काँक त्मर्थि (भर्शान एक्श क्लि नक्लावित वाँक। **उत् वाकि बहेल जानक। वाकि शांकवाब**हे कथा। व्यामारास्त्र माक्कब्रक्षभरत्व वाहेरद अमनमन व्याप व्यारह योरास्त्र व्यारा ह्रदरीनमृष्टित्र । অতীত। একটা বাতির শিধা ৮৫৭৫ মাইল দূরে যেটুকু দীপ্তি দেয় এমনতরো আভাকে তরবীন যোগে ধরবার চেষ্টায় হার মানলে মাহুষের চক্ষু। তুরবীন আপন শক্তি অহুসারে খবর এনে দেয় চোখে, চোখের যদি শক্তি না থাকে সেই অভিক্ষীণ খবরটুকু বোধের কোঠায় চালান করে দিতে, তা হলে আর উপায় থাকে না। কিন্তু ফোটোগ্রাফ-ফলকের আলো-ধরা শক্তি চোথের শক্তির চেয়ে ঢের বেশি স্থায়ী। সেই শক্তির উদ্বোধন করলে বিজ্ঞান, দূরতম আকাশে জাল ফেলবার কাজে লাগিয়ে দিলে ফোটো-গ্রাফ। এমন ফোটোগ্রাফি বানালে যা অন্ধকারে-মুখ্যাকা আলোর উপর সমন জারি করতে পারে। তুরবীনের দঙ্গে ফোটোগ্রাফি, ফোটোগ্রাফির দঙ্গে বর্ণলিপিযন্ত জুড়ে দিলে। সম্প্রতি এর শক্তি আরও বিচিত্র ক'রে তুলে দেওয়া হয়েছে। স্থে নানা পদার্থ গ্যাস হয়ে জলছে। তারা সকলে একদঙ্গে মিলে যথন দেখা দেয় তথন ওদের তন্ন তন্ন করে দেখা সম্ভব হয় না। সেইজন্তে এক আমেরিকান বিজ্ঞানী সূর্ধ-দেখা তরবীন বানিয়েছেন যাতে জলস্ত গ্যানের সব রকম রঙ থেকে এক-একটি রঙের আলো ছাডিয়ে নিয়ে তার সাহায্যে সুর্যের সেই বিশেষ গ্যাসীয় রূপ দেখা সম্ভব হয়েছে। ইচ্ছামতো কেবলমাত্র জলস্ত ক্যালসিয়মের রঙ কিংবা জলস্ত হাইডুজেনের রঙে স্থাকে দেখতে পেলে তার গ্যাশীয় অগ্নিকাণ্ডের অনেক খবর মেলে যা আর কোনো উপায়ে পাওয়া যায় না।

সাদা আলো ভাগ করতে পারলে তার বর্ণসপ্তকের একদিকে পাওয় যায় লাল অক্তদিকে বেগনি— এই তুই দীমাকে ছাড়িয়ে চলেছে যে আলো সে আমাদের চোধে পড়ে না।

ঘন নীলরত্বের আলোর চেউরের পরিমাপ এক ইঞ্চির দেড়কোটি ভাগের এক ভাগ।
অর্থাং এই আলোর রত্তে যে চেউ থেলে তার একটা চেউরের চূড়া থেকে পরবর্তী
চেউরের চূড়ার মাপ এই। এক ইঞ্চির মধ্যে রয়েছে দেড়কোটি চেউ। লাল রত্তের
আলোর চেউ প্রায় এর দ্বিগুণ লখা। একটা তথ্য লোহার জ্ঞান্ত লাল আলো যখন
ক্রমেই নিভে আসে, আর দেখা যায় না, তথনও আরও বড়ো মাপের অদৃশ্য আলো

ভার থেকে তেউ দিয়ে উঠতে থাকে। আমাদের দৃষ্টিকে সে যদি জাগিয়ে তুলতে পারত তা হলে সেই লাল-উজানি রঙের আলোয় আমরা নিভে-আসা লোহাকে দেখতে পেতৃম, তা হলে গ্রমিকালের সদ্ধ্যারেলার অন্ধকারে রৌত্র মিলিয়ে গেলেণ্ড লাল-উজানি আলোয় গ্রীমতপ্ত পৃথিবী আমাদের কাছে আভাসিত হয়ে দেখা দিত।

একাস্ত অন্ধনার ব'লে কিছুই নেই। যাদের আমরা দেখতে পাই নে তাদেরও আলো আছে। নক্জলোকের বাহিরের নিবিড়-কালো আকাশেও অনবরত নানাবিধ কিরণ বিকীপ হচ্ছে। এইসকল অদৃশু দ্তকেও দৃশুপটে তুলে তাদের কাছ থেকে গোপন অন্তিত্বের থবর আদায় করতে পারছি এই বর্ণলিপিযুক্ত ত্রবীন-কোটোগ্রাফের সাহায্যে।

বেগনি-পারের আলো জ্যোতিবীদের কাছে লাল-উজানি আলোর মতো এত বেলি কাজে লাগে না। তার কারণ এই খাটো ঢেউয়ের আলোর অনেকখানি পৃথিবীর হাওয়া পেরিয়ে আসতে নট্ট হয়, দ্রলোকের খবর দেবার কাজে লাগে না। এরা খবর দেয় পরমাণুলোকের। একটা বিশেষ পরিমাণ উত্তেজনায় পরমাণু সাদা আলোয় স্পন্দিত হয়। তেজ আর্ও বাড়লে দেখা দেয় বেগনি-পারের আলো। অবশেষে পরমাণুর কেল্রবম্ব যখন বিচলিত হতে থাকে তখন সেই প্রবল উত্তেজনীয় বের হয় আরও থাটো ঢেউ যাদের বলি গামা রশ্মি। মাছ্য তার যজের শক্তি এতদ্ব বাড়িয়ে তুলেছে যে এক্স-রশ্মি বা পামা-রশ্মির মতো রশ্মিকে মাহ্য ব্যবহার করতে পারে।

বে কথা বলতে যাচ্ছিলুম সে হচ্ছে এই যে, বর্গলিপি-বাধা ছ্রবীন-ফোটোগ্রাফ দিয়ে মান্তব নক্তরিবারে অতি দূর অদৃত্য লোককে দৃষ্টিপথে এনেছে। আমাদের আপন নাক্তলোকের স্থদ্র বাইরে আব্রও অনেক নাক্তলোকের ঠিকানা পাওয়া গেল। তথু তাই নয়, নক্ষত্রেরা যে স্বাই মিলে আমাদের নাক্ত্ত-আকাশে এবং দ্রতর আকাশে ঘুর থাছে তাও ধরা পড়েছে এই য়ন্তের দৃষ্টিতে।

দ্র আকাশের কোনো জ্যোতির্ময় গ্যাসের পিগু, মাকে বলে নক্ষত্র, যথন সে আমাদের দিকে এগিয়ে আসতে থাকে কিংবা পিছিয়ে যায় তথন আমাদের দৃষ্টিতে একটা বিশেষত্ব ঘটে। ঐ পদার্থটি স্থির থাকলে বে-পরিমাণ দৈর্ঘ্যের আলোর তেউ আমাদের অস্তৃতিতে পৌছিয়ে দিতে পারত কাছে এলে তার চেয়ে কম দৈর্ঘ্যের ধারণা জয়ায়, দ্রে গেল্লে ভারয়চয়ে বেশি। বেসব আলোর তেউ দৈর্ঘ্যে কম, তাদের বঙ ফোটে বর্ণসগুকের বেগনির দিকে, আর বারা দৈর্ঘ্যে বেশি তারা পৌছয় লাল রঙের কিনারায়। এই কারণে নক্ষতের কাছে-আসা দ্রে-যাওয়ার সংকেত ভিন্ন রঙের

দিগকালে জানিয়ে দেয় বর্ণলিপি। শিঙে বাজিয়ে বেলগাড়ি পাশ দিয়ে চলে যাবার সময় কানে তাব আওয়াজ পূর্বের চেয়ে চড়া ঠেকে। কেননা শৃক্ষনি বাতাসে যে ঢেউ-তোলা আওয়াজ আমাদের কানে বাজায়, গাড়ি কাছে এলে নেই ঢেউগুলো প্রীভূত হয়ে কানে চড়া স্থরের অহুভূতি জাগায়। আলোতে চল্লা রঙের দগুক বেগনির দিকে।

কোনো কোনো গ্যাসীয় নীহাবিকার যে উজ্জনতা সে তার আপন আলোতে নয়। বে নক্ষত্রগুলি তাদের মধ্যে ভিড় করে আছে তারাই ওদের আলোকিত করেছে। আবার কোথাও নীহারিকার পরমাণ্গুলি নক্ষত্রের আলোককে নিজেরা ভবে নিয়ে ভিয় দৈর্ঘ্যের আলোতে তাকে চালান করে।

নীহারিকার আর-একটি বিশেষত্ব দেখতে পাওয়া যায়। তার মাঝে মাঝে মেঘের মতো কালো কালো লেপ দেওয়া আছে, নিবিড়তম তারার ভিড়ের মধ্যে এক এক জায়গায় কালো ফাঁক। জ্যোতিষী বার্নার্ডের পর্যবেক্ষণে এমনতরো প্রায় ত্শোটা কালো আকাশ-প্রদেশ দেখা দিয়েছে। বার্নার্ড অহমান করেন এগুলি অহছ গ্যাদের মেঘ, ওর পিছনের তারাগুলিকে ঢেকে রেখেছে। কোনোটা কাছে, কোনোটা মুরে, কোনোটা ছোটো, কোনোটা প্রকাণ্ড বড়ো।

নক্তরলোকের অন্থবর্তী আকাশে যে বস্তপুঞ্জ ছড়িয়ে আছে তার নিবিড়ত। হিসাব করলে জানা যায় যে দে অত্যস্ত কম, প্রত্যেক ঘন-ইঞ্চিতে আধ ডজন মাত্র পরমাণ্। দে যে কত কম এই বিচার করলে বোঝা যাবে যে, বিজ্ঞান পরীক্ষাগারে সব চেয়ে জোরের পাপা দিয়ে যে শৃত্যতা স্বাষ্টি করা হয় তার মধ্যেও ঘনইঞ্জিতে বহু কোটি পরমাণ্ বাকি থেকে যায়।

আমাদের আপন নাক্ষত্রলোকটি প্রকাপ্ত একটা চ্যাপটা ঘুরপাক-খাওয়া জগৎ, বহু শত কোটি নক্ষত্রে পূর্ণ। তাদের মধ্যে মধ্যে যে আকাশ তাতে অতি কল্ম গ্যাদ কোথাপ্র বা অত্যস্ত বিরল, কোথাপ্র বা অপেক্ষাকৃত ঘন, কোথাপ্র বা উজ্জন, কোথাপ্র বা অক্ষ্যু। সূর্য আছে এই নাক্ষত্রলোকের কেন্দ্র থেকে তার ব্যাদের প্রায় এক-ভূতীয়াংশ দ্রে, একটা নাক্ষত্রমেঘের মধ্যে। নক্ষত্রগুলির বেশি ভিড় নীহারিকার কেন্দ্রের কাছে।

আ্যান্টারীজ নক্ষত্রের ব্যাস উনচল্লিশ কোটি মাইল, আর স্থের ব্যাস আট লক্ষ্ চৌষ্টি হাজার মাইল। স্থ মাঝারি বহরের তারা বলেই গণ্য। যে নাক্ষত্রজগতের একটি মধ্যবিত্ত তারা এই স্থা, তার মতো এমন আরও আছে ক্লক্ষ্ম জাও। সব নিয়ে এই যে ব্রহ্মাণ্ড কোথায় তার সীমা তা আমরা আনি নে ।

শামাদের সর্য তার দব এহগুলিকে নিয়ে ঘুর থাছে আর তার দঙ্গেই ঘুরছে এই

নাক্তরচক্রবর্তীর সব তারাই, একটি কেস্ক্রের চার দিকে। এই মহলে স্থেঁর ঘূর্ণিপাকের গতিবেগ এক সেকেণ্ডে প্রায় ছুশো মাইল। চলতি চাকার থেকে ছিটকে-পড়া কাদার মডোই সে ঘোরার বেগে নাক্তরচক থেকে ছিটকে পড়ত; এই চক্রের হাজার কোটি নক্ষত্র ওকে টেনে রাখছে, সীমার বাইরে যেতে দেয় না।

এই টানের শক্তির থবরটা নিশ্চয়ই পাঠকদের জানা তরু সেটা এই বিশ্ববর্ণনা থেকে বাদ দিলে চলবে না।

সত্য হোক মিথ্যে হোক একটা গল্প চলিত আছে যে, বিজ্ঞানীশ্রেষ্ঠ স্থাটন একদিন দেখতে পেলেন একটা আপেল ফল গাছ থেকে পড়ল, তথনই তাঁর মনে প্রশ্ন উঠল फनिं। निरुद्धे वा পড़ে किन, উপরেই वा योग्र ना किन উড়ে। তাঁর মনে আরও অনেক প্রশ্ন ঘূরছিল। ভাবছিলেন চাঁদ কিদের টানে পৃথিবীর চার দিকে ঘূরছে, পৃথিবীই বা কিসের টানে ঘুরছে স্থের চার দিকে। ফল পড়ার ব্যাপারে তিনি বুঝলেন একটা টান দেবার শক্তি আছে এই পৃথিবীর। সব-কিছুকে সে নিজের ভিতরের দিকে টানছে। তাই যদি হবে তবে চক্রকেই বা সে ছাড়বে কেন। নিশ্চয়ই এই শক্তিটা দুরে কাছে এমন জিনিস নেই যাকে টানবে না। ভাবনাটা ক্রমেই দর্বত্র ছড়িয়ে भुंत । वृक्षा भावा भाव এका शृथिवी नम्र मव-किছूरे ग्रांत मव-किছूरक । यात्र मार्था যতটা আছে বস্তু, তার টানবার জোর ততটা। তা ছাড়া দূরত্বের কম-বেশিতে এই টানের জোরও বাড়ে-কমে। দূরত্ব বিগুণ বাড়ে যদি, টান কমে যায় চার গুণ, চার গুণ পূঠ হয়ে বেত। এই টানাটানির পালোয়ানিতে কাছের জিনিসের 'পরে পৃথিবীর জিত রয়ে গেল। স্থাটনের মৃত্যুর বছর-সত্তর পরে আর-একজন ইংরেজ বিজ্ঞানী লর্ড ক্যাভেণ্ডিশ তাঁর পরথ করবার ঘরে ঘটো সীদের গোলা ঝুর্লিয়ে প্রত্যক্ষ দেখিয়ে দিয়েছেন তারা ঠিক নিয়ম মেনেই পরস্পরকে টানছে। এই নিয়মের হিসাবটি বাঁচিয়ে আমিও এই লেখার টেবিলে বসে দব-কিছুকেই টানছি। পৃথিবীকে, চন্দ্রকে, সুর্যকে, বিশে যত তারা আছে তার প্রত্যেকটাকেই। যে পিঁপড়েটা এসেছে আমার ঘরের কোণে আহারের থোঁকে তাকেও টানছি; দেও দূর থেকে দিচ্ছে আমায় টান, বলা বাছল্য আমাকে বিশেষ ব্যক্ত করতে পারে নি। আমার টানে ওরও তেমন ভাবনার कारन चिन ना। १थिनी अहै जाकरण बहाद जात अञ्चित्रा चिराहरू जानक। हनरू গেলে পা তোলার হরকাইন কিছ পৃথিবী টানে তাকে নিচের দিকে; দূরে বেতে হাপিয়ে পড়ি সমন্ত লাগে বিভৱ। এই টেনে রাধার ব্যবস্থা গাছপালার পক্ষে খ্বই ভালো। कि माहरतद गुर्क এक्বार्रिह मह। তोर जग्रकान थ्यरक मृजुकान

পর্যন্ত এই টানের দলে মান্ত্যকে লড়াই করে 'চলতে হয়েছে। অনেক আগেই দে আকাশে উড়তে পারত কিন্তু পৃথিবী কিছুতেই তাকে মাটি ছাড়তে দিতে চায় না। এই চিকিশ্বদটা টানের থেকে নিজেকে ছিনিয়ে নেবার' জলে মান্ত্য কল বানিয়েছে বিস্তর— এতে পৃথিবীকে কিছু ফাঁকি দেওয়া চলে— দম্পূর্ণ না। কিন্তু এই টানকে নমন্তার করি যথন জানি, পৃথিবী হঠাং যদি তার টান আলগা করে তা হলে যে ভীষণ বেগে পৃথিবী পাক থাজে তাতে আমরা তার পিঠের উপর থেকে কোথায় ছিটকে পড়ি তার ঠিকানা থাকে না। বস্তুত পৃথিবীর টানটা এমন ঠিক মাণে হয়েছে যাতে আমরা চলতে পারি অথচ পৃথিবী ছাড়তে পারি নে।

বিপরীতধর্মী বৈত্যতকণার যুগলমিলনে যে স্পষ্ট হল সেই জ্বগৎটার মধ্যে সর্বব্যাপী দুই বিরুদ্ধ শক্তির ক্রিয়া, চলা আর টানা, মৃক্তি আর বন্ধন। একদিকে ব্রহ্মাওজোড়া महा त्मीष व्याद-এक मिटक बन्ना थरलाषा महा होन। नवहे हमाइ व्याद नवहे होनाइ। हनाएँ। की जांत्र कांथा (थरक जांख जांनि तन । जांत्र एमिए। की जांत्र कांथा (थरक তাও জানি নে। আজকের বিজ্ঞানে বস্তর বস্তুত্ব এসেছে অত্যন্ত সুন্দ্র হয়ে, সব চেয়ে প্রবল হয়ে দেখা দিয়েছে চলা আর টানা। চলা যদি একা থাকত তা হলে চলন হত একেবারে সিধে রাস্তায় অন্তহীনে। টানা তাকে ফিরিয়ে ফিরিয়ে আনছে অন্তবানে. ঘোরাচ্ছে চক্রপথে। সূর্য এবং গ্রহের মধ্যে আছে বছলক্ষ মাইল ফাঁকা, সেই দূরত্ত্বের শুক্ত পার হয়ে নিরম্ভর চলেছে অশরীরী টানের শক্তি, অদুষ্ঠ লাগামে বেঁধে গ্রহগুলোকে ঘোরাচ্ছে সার্কানের ঘোড়ার মতো। এদিকে স্থাও খুরছে বছকোটি খুর্ণামান নক্ষত্রে-তৈরি এক মহা জ্যোতিশুক্রের টানে। বিষের অণীয়দী গতিশক্তির দিকে তাকাও সেখানেও বিরাট চলা-টানার একই ছন্দের লীলা। স্থর্ম আর গ্রহের মাঝখানের যে मृत्रच, जूनना कराल राया थारा अिनत्रमां वर्गा क्यांक द्वानिन हेलकप्रेरने मरशाकार দূরত্ব কম-বেশি সেই পরিমাণে। টানের জোর সেই শৃক্তকে পেরিয়ে নিত্যকাল বাঁধা পথে ঘোরাচ্ছে ইলেকউনের দলকে। গতি আর সংখ্যের অসীম সাম্ব্রস্থ নিয়ে স্ব-কিছু। এইথানে বলে রাখা দরকার, ইলেকট্রন প্রোটনের টানাটানি মহাকর্বের নয়, সেটা বৈত্যাত টানের। পরমাণুদের অস্তরের টানটা বৈত্যতের টান, বাহিরের টানটা মহাকর্ষের, যেমন মাহুষের ঘরের টানটা আত্মীয়তার, বাইরের টানটা সমাজের।

মহাকর্ষ সম্বাদের এই বে মতের আলোচনা কুরা গেল মুক্টনের সময় থেকে এটা চলে আসছে। এর থেকে আমাদের মনে এই একটা ধারণা জ্বান্না গৈছে যে, তুই বস্তব মাঝখানের অবকাশের ভিতর দিয়ে একটা অদৃত্ত শক্তি ট্রান্টানি করছে।

কিন্ত এই ছবিটা মনে আনবার কিছু বাধা আছে। : अহাকর্ধের ক্রিয়া একটুও সময়

নেয় না। আকাশ পেরিয়ে আলো আসতে সময় লাগে সেকথা পূর্বে বলেছি।
বৈদ্যুতিক শক্তিরাও ঢেউ খেলিয়ে আসে আকাশের ভিতর দিয়ে। কিন্তু অনেক
পরীক্ষা করেও মহাকর্ষের বেলায় সে রকম সময় নিয়ে চলার প্রমাণ পাওয়া যায় না।
তার প্রভাব তাংক্ষণিক। আরও একটা আশ্চর্ষের বিষয় এই যে, আলো বা উভাপ
পথের বাধা মানে কিন্তু মহাকর্ষ তা মানে না। একটা জিনিসকে আকাশে ঝুলিয়ে
রেখে পৃথিবী আর তার মাঝখানে যত বাধাই রাখা যাক না তার ওজন কমে না।
ব্যবহারে জন্ত কোনো শক্তির সক্ষে এর মিল পাওয়া হায় না।

অবশেষে আইনস্টাইন দেখিয়ে দিলেন এটা একটা শক্তিই নয়। আমরা এমন একটা জগতে আছি যার আয়তনের স্বভাব অন্থনারেই প্রত্যেক বস্তুই প্রত্যেকের দিকে ঝুঁকতে বাধ্য। বস্তুমাত্র যে-আকাশে থাকে তার একটা বাঁকানো গুণ আছে, মহাকর্ষে তারই প্রকাশ। এটা সর্বব্যাপী, এটা অপরিবর্তনীয়। এমনকি আলোককেও এই বাঁকা বিশ্বের ধারা মানতে হয়। তার নানা প্রমাণ পাওয়া গোছে। বোঝার পক্ষেটানের ছবি সহজ্ব ছিল কিন্তু যে নৃতন জ্যামিতির সাহায্যে এই বাঁকা আকাশের ঝোঁক হিসেব ক'রে জানা যায় সে কজন লোকেরই বা আয়তে আছে।

যাই হোক ইংরেজিতে যাকে গ্র্যাভিটেশন বলে তাকে মহাকর্ষ না ব'লে ভারাবর্তন নাম দিলে গোল চুকে যায়।

আমাদের এই যে নাক্ষত্রজগৎ, এ যেন বিরাট শৃত্ত আকাশের দ্বীপের মতো।
এখান থেকে দেখা যায় দূরে দূরে আরও অনেক নাক্ষত্রদীপ। এই দ্বীপগুলির মধ্যে
সব চেয়ে আমাদের নিকটের ষেটি, তাকে দেখা যায় আগগুমিতা নক্ষত্র দলের কাছে।
দেখতে একটা ঝাপদা তারার মতো। দেখান থেকে যে আলো চোখে পড়ছে দে যাত্রা
করে বেরিয়েছে ন লক্ষ বছর পূর্বে। কুগুলীচক্র-পাকান্যে নীহারিকা আরও আছে
আরও দূরে। তাদের মধ্যে সব চেয়ে দূরবর্তীর সম্বন্ধে হিদাবে দ্বির হয়েছে যে, দে
আছে তিন হাজার লক্ষ আলো-বছর দ্রুদ্বের পথে। বছকোটি নক্ষত্র-জড়ো-করা
এইসব নাক্ষত্রজগতের সংখ্যা একশো কোটির কম হবে না।

একটা আশ্চর্যের কথা উঠেছে এই যে কাছের ত্টো তিনটে ছাড়া বাকি
নাক্ষত্রকাংগুলো আমাদের জগতের কাছ থেকে কেবলই দরে চলেছে। যেগুলি যত
বেশি দ্বে তাদের দ্যুত-বেশ্ও তত বেশি। এইসব নাক্ষত্রকগতের সমষ্টি নিয়ে যে
বিশ্বকে আমরা জানি, কোনো কোনো পণ্ডিত ঠিক করেছেন সে ক্রমশই ফুলে উঠছে।
স্ক্তরাং যতই ফুল্ছে ততই নক্ষত্রপুঞ্জের পরম্পারের দূরন্থ বাচ্ছে বেড়ে। যে-বেগে

ভা'বা সরছে তাতে আর একশো ত্রিশ কোটি বছর পরে তাদের পরস্পরের দূর্ভ এখনকার চেয়ে বিগুপ হবে।

অর্থাৎ এই পৃথিবীর ভূগঠনের সময়ের মধ্যে নক্ষত্রবিশ্ব আগেকার চেয়ে বিশুণ ফেঁপে গিয়েছে।

শুধু এই নয়, একদল বিজ্ঞানীর মতে এই বন্ধপুরসংঘটিত বিশের সব্দে সদে গোলকর্মপী আকাশটাও বিশ্বারিত হয়ে চলেছে। এঁদের মতে আকাশের কোনো-এক বিন্দু থেকে দিখে লাইন টানলে দে লাইন অদীমে চলে না গিয়ে ঘুরে এদে এক সময়ে সেই প্রথম বিন্দুতে এসে পৌছয়। এই মত অহুসারে দাঁড়াছে এই য়ে, আকাশ-গোলকে নক্ষত্রজগংগুলি আছে, য়েমন আছে পৃথিবী-গোলককে দিরে জীবজন্ত গাছপালা। স্বতরাং বিশ্বজগংটার ফেঁপে-ওঠা সেই আকাশমগুলেরই বিফারণের মাপে। কিন্তু মতের স্থিবতা হয় নি এ কথা মনে রাখা উচিত; আকাশ অসীম, কালও নিরবিধি, এই মতটাও মরে নি। আকাশটাও বৃদ্বুদ কি না এই প্রসক্ষে আমাদের শাস্তের মত এই য়ে য়ষ্টি চলেছে প্রলয়ের দিকে। সেই প্রলয়ের থেকে আবার নৃতন মন্টি উদ্ভাসিত হচ্ছে, মুম্ম আর জাগার পালার মতো। অনাদিকাল থেকে স্বষ্টি ও প্রলয়ের পর্যায় দিন ও রাত্রির মতো বারে বারে ফিরে ফিরে আসছে, তার আদিও নেই অন্তও নেই, এই কল্পনাই মনে আনা সহন্ত।

পর্নিয়ন রাশিতে অ্যালগল নামে এক উজ্জল নক্ষত্র আছে। তার উজ্জলতা স্থির থাকে যাট ঘন্টা। তার পরে পাঁচ ঘন্টার শেষে তার প্রভা কমে যায় এক-তৃতীয়াংল। আবার উজ্জল হতে শুরু করে। পাঁচ ঘন্টা পরে পূর্ণ উজ্জ্জলতা পায়, সেই ভরা ঐশর্য থাকে যাট ঘন্টা। এইবুকুম উজ্জ্জ্লতার কারণ ঘটায় ওর জুড়ি নক্ষত্র। প্রদক্ষিণের সময় ক্ষণে ক্ষণে গ্রহণ লাগে গ্রহণ ছাড়ে।

আর-একদল তারা আছে তাদের দীপ্তি বাইরের কোনো কারণ থেকে নয়, কিন্তু ভিতরেরই কোনো জায়ার উাঁচায় একবার কমে একবার বাড়ে। কিছুদিন ধরে সমস্ত তারাটা হয়ে যায় বিক্লারিত, আবার ক্রমে যায় সংকৃচিত হয়ে। তার আলোটা য়েন নাড়ির দব্দবানি। সিফিউস নক্ত্রমগুলীতে এইসব তারা প্রথম খুঁজে পাওয়া গেছে ব'লে এদের নাম হয়েছে সিঞ্লাইড্স্। এদের ধোঁজ পাওয়ার পর থেকে নাক্তরজগতের দুর্ম্ব বের করার একটা মন্ত স্বিধা হয়েছে।

আরও একদল নক্ষত্রের কথা বলবার আছে, তারা নাম পেয়েছে নতুন নক্ষত্র। তাদের আলো হঠাৎ অভিন্তুত উজ্জ্বল হয়ে ওঠে, অনেক হার্মার ওণ থেকে অনেক লক্ষ্ গুণ পর্যন্ত। তার পরে ধীরে ধীরে অত্যন্ত মান হয়ে যায়। এক কালে এই ষ্ঠাৎ-জলে ওঠা তারাদের আবিভাবকে নতুন আবিভাব মনে করে এদের নাম দেওয়া হয়েছিল নতুন তারা।

কিছুকাল পূর্বে লাসেটা অর্থাৎ গোধিকা নামধারী নক্ষত্রবাশির কাছে একটি, যাকে বলে নজুন তারা, হঠাৎ অত্যুক্তন হয়ে জলে উঠল। পরে পরে চারটে জ্যোতির খোলদ দিলে ছেড়ে। দেখা গেল ছাড়া খোলদ দৌড় দিয়েছে এক সেকেণ্ডে ২২০০ মাইল বেগে। এই নক্ষত্র আছে প্রায় ২৬০০ আলো-চলা-বছর দূরে। অর্থাৎ এই যে তারার গ্যাদ জলনের উৎপতন আজ আমাদের চোথে পড়ল এটা ঘটেছিল প্রীস্টজন্মের সাড়ে ছলো বছর পূর্বে। তার এ ইসব ছেড়ে-ফেলা গ্যাদের খোলসগুলির কী হল এ নিয়ে আলাজ চলেছে। সে কি গুর বন্ধন কাটিয়ে মহাশৃত্যে বিবাগী হয়ে ঘাছে, না গুর টানে বাধা পড়ে ঠাণ্ডা হয়ে গুর আহগত্য ক'রে চলেছে। এই যে তারা জলে-গুঠা, এ ঘটনাকে বিচার করে কোনো কোনো পণ্ডিত বলেছেন হয়তো এমনি করেই নক্ষত্রের বিক্ষোরণ থেকে ছাড়া-পাওয়া গ্যাসপূঞ্জ হতেই গ্রহের উষ্কপত্তি; হয়তো পূর্য এক সময়ে এইবকম নতুন তারার রীতি অহুসারে আপন উৎসারিত বিচ্ছিন্ন অংশ থেকেই গ্রহসন্তানদের জন্ম দিয়েছে। এ মত যদি সত্য হয় তা হলে সম্ভবত প্রত্যেক প্রাচীন নক্ষত্রেরই এক সময়ে একটা বিক্ষোরণের দশা আদে, আর গ্রহবংশের সৃষ্টি করে। হয়তো আকাশে নিঃসন্তান নক্ষত্র অল্লই আছে।

দিতীয় মত এই যে, বাহিরের একটা চলতি তারা অগু আর-একটা তারার টানের এলাকার মধ্যে এনে প'ড়ে ঘটিয়েছে এই প্রলয় কাও। এই মত অন্থলারে পৃথিবীর উৎপত্তির আলোচনা পরে করা যাবে।

আমাদের নাক্ত্রজগতে যেসব নক্ত্র আছে তারা নানা বুকুমের। কেউ বা সূর্যের চিয়ে দশ হাজার গুণ বেশি আলো দেয়, কেউ বা দেয় একশো ভাগ কম। কারও বা পদার্থপুঞ্জ অত্যন্ত ঘন, কারও বা নিতান্তই পাতলা। কারও উপরিতলের তাপমাত্রা বিশ-ত্রিশ হাজার সেন্টিগ্রেড পরিমাণে, কারও বা তিন হাজার সেন্টিগ্রেডের বেশি নয়, কেউ বা বারে বারে প্রসারিত কুঞ্চিত হতে হতে আলো-উভাপের জোয়ার-ভাটা খেলাছে, কেউ বা চলেছে একা একা; কারাও বা চলেছে জোড় বেঁধে, তাদের সংখ্যা নক্ষ্ত্রদলের একতৃতীয়াংশ। জুড়ি নক্ষ্ত্রের, ভারাবর্তনের জালে ধরা প'ড়ে যাপন করছে প্রদক্ষিণের পালা। জুড়ির মধ্যে বার জোর কম প্রদক্ষিণের দায়টা পড়ে তারই 'পরে। যেমন স্থ্ আর পৃথিরী। অবলা পৃথিরী যে কিছু টান দিছে না তা নয় কিছ স্থকে বড়ো বেশি বিচলিত করতে পারে না। প্রদক্ষিণের অন্তর্হানটা একা সম্পন্ধ করছে পৃথিবীই। যেখানে ছুই জ্যোতিক প্রায় সমান জোরের সেখানে উভয়ের

भावामावि जामगाम अकृषा नका चित्र थारक, छूटे नक्क त्राणित्करे अनिकि करत ।

এই ভুড়ি নক্ষত্র হল কী ক'রে তা নিয়ে স্থালালা স্থালালা মত শুনি। কেউ কেউ বলেন এর মূলে আছে দস্থাবৃত্তি। স্থাৎ জাের বার মূলুক তার নীতি স্প্রসারে একটা তারা আর-একটাকে বলী ক'রে আপন সঙ্গী ক'রে রেপেছে। স্বস্তু মতে জুড়ির জ্ম মূল নক্ষত্রের নিজেরই স্পদ্ধ পেকে। বৃথিয়ে বলি। নক্ষত্র ষতই ঠাপা হয় ততই স্থাট হয়ে ওঠে। এমনি ক'রে যতই হয় ঘন ততই তার ঘুরপাক হয় ক্রত। সেই ক্রতগতির ঠেলায় প্রবল হতে থাকে বাহির-মুখা বেগ। গাড়ির চাকা যথন ঘােরে খুব জােরে তথন তার মধ্যে এই বাহির-মুখা বেগ জাের পায় বলেই তার গায়ের কালা ছিটকে পড়ে, আর তার জােড়গুলাে যদি কাঁচা থাকে তা হলে তার স্থায়ের কালা ছিটকে যায়। নক্ষত্রের ঘুরপাকের জাের বাড়তে বাড়তে এই বাহির-মুখা বেগ বেড়ে ঘাণ্ডয়াতে স্বেশেষে একদিন সে ভেঙে ছুখানা হয়ে যায়। তথন থেকে এই ছুই স্থাশ ছুই নক্ষত্র হয়ে যুগলযাত্রায় চলা কা

কোনো কোনো জুড়ির প্রদক্ষিণের এক পাক শেষ করতে লাগে অনেক হাজার বছর। কথনও দেখা যায় ঘূরতে ঘূরতে একটি আর-একটিকে আমাদের দৃষ্টিলক্ষ্য থেকে আড়াল করে দেয়, উজ্জ্বলতায় দেয় বাধা। কিন্তু উজ্জ্বলতায় বিশেষ লোকসান ঘটত না যদি আড়ালকারী নক্ষত্র অপেক্ষাকৃত অফ্লুল না হত। নক্ষত্রে নক্ষত্রে উজ্জ্বলতার ভেদ যথেষ্ট আছে। এমনও আছে যে কোনো নক্ষত্র তার সব দীপ্তি হারিয়েছে। প্রকাপ্ত আয়তন ও প্রচণ্ড উত্তাপ নিয়ে যেসব নক্ষত্র তাদের বাল্যদশা শুরু করেছে, তিনকাল যাবার সময় তা'রা ঠাণ্ডা হয়ে গিয়ে থরচ করবার মতো আলোর পুঁজি ফুঁকে দিয়েছে। শেষ দশায় এইসব দেউলে নক্ষত্র থাকে অখ্যাত হয়ে অস্ক্রকারে।

বেটলজিয়্জ নামে এক মহাকায় নক্ষত্র আছে, তার লাল আলো দেখলে বোঝাযায় তার বয়স হয়েছে যথেষ্ট। কিন্তু তবু জলজল করছে। অথচ আছে অনেক দ্বে,
পৃথিবীতে তার আলো পৌছতে লাগে ১৯০ বছর। আসল কথা, আয়তন এর অত্যন্ত
প্রকাণ্ড, নিজের দেহের মধ্যে বহুকোটি স্থাকে জায়গা দিতে পারে। ওদিকে বৃশ্চিক
রাশিতে আ্যান্টারীজ্ব নামক নক্ষত্র আছে, তার আয়তন বেটলজিয়ুজের প্রায় হুনো।
আবার এমন নক্ষত্র আছে যারা গ্যাসময় বটে কিন্তু যাদের ৰম্ভপদার্থ ওজনে লোহার
চেয়ে অনেক ভারি।

মহাকায় নক্ষত্রদের কায়া যে বড়ো তার কারণ এ ময় যে, তাদের বস্তুপরিমাণ বেশি, তারা অত্যস্ত বেশি ফেঁপে আছে মাত্র। আবার এমন অনেক ছোটো নক্ষত্র আছে তা'রা যে ছোটো তার কারণ তাদের গ্যাসের সম্বল অত্যস্ত ঠাসা ক'রে পোঁটলা-বাঁধা। স্বের ঘনত্ব এদের মাঝামাঝি, অর্থাৎ জ্বের চেয়ে কিছু বের্লি; ক্যাপেলা নক্ষত্রের গড়পড়তা ঘনত্ব আমাদের হাওয়ার নমান। কিন্তু দেখানে বায়ুপরিবর্তন করবার কথা বদি চিন্তা করি তা হলে মনে রাখতে হবে পরিবর্তন হবে দারুল বেলি। আবার একেও ছাড়িয়ে গেছে কালপুরুষমগুলীভূক্ত লালরঙের দানব তারা বেটলজিয়ুজ এবং বৃশ্চিক রাশির আ্যান্টারীজ। এদের ঘনত্বের এত অত্যন্ত ক্মতি, পৃথিবীর কোনো পদার্থের সঙ্গে তার হুদ্র তুলনাও হতে পারে না। বিজ্ঞান-পরীকাগারের খ্ব করে পাল্প-করা পারে যেটুকু গ্যাস বাকি থাকে তার চেয়েও কম।

আবার অপর কিনারায় আছে সাদা রঙের বেঁটে তারাগুলো। তাদের ঘনত্বের কাছে লোহা প্লাটনম কিছুই ঘেঁষতে পারে না। অথচ এর। জমাট কঠিন নয়, এরা গ্যাসদেহী সংর্থরই সংগাত। তাদের অন্তর্মহলে জনুনির যে প্রচণ্ড তাপ তাতে हेलकर्षेनश्वला त्थांवेदनद वसन त्थरक विक्रिन्न हरम याम, जा'ता श्रालाम भाम जांद्रमानित्र দায়িত্ব থেকে— উভয়ে উভয়ের মান বাঁচিয়ে চললে যে-জায়গা 📆 ত দেটা যায় কমে, ক্রমাগতই উচ্চুব্দল ভাঙা পরমাণ্র মধ্যে মাথা-ঠোকাঠুকি চলতে থাকে। পরমাণ্র ষেই সায়তনথৰ্বতা সম্পাৱে নক্ষত্ৰের সায়তন হয়ে যায় ছোটো। এদিকে এই ভাঙাচোরার বে-আইনি শাস্তিভঙ্গ থেকে উন্মা বেড়ে ওঠে সহন্ধ মাত্রা ছাড়িয়ে, ঘন গ্যাস ভারি হয়ে ওঠে প্লাটনমের তিন হাজার গুণ বেশি। সেইজন্মে বেঁটে তারাগুলো মাপে হয় ছোটো, তাপে কম হয় না, ওজনের বাড়াবাড়িতেও বড়োদের ছাড়িয়ে ষায়। সিরিয়দ নক্ষত্রের একটি অস্পষ্ট দক্ষী তারা আছে। সাধারণ গ্রন্থের মতো ছোটো তার মাপ, অধচ কর্ষের মতো তার বম্বপুঞ্জের পরিমাণ। কর্ষের ঘনত জলের দেড়গুণের কিছু কম, সিরিয়সের সঙ্গীটির ঘনত গড়ে জলের চেয়ে পঞ্চাশ হাজার গুণ বেশি। একটা দেশালাই-বাক্সের মধ্যে এর গ্যাস ভরলে সেটা ওজনে পঞ্চাশ মণ ছাড়িয়ে যাবে। আবার পর্দিয়ন নক্ষত্রের খুদে দলীটির ঐ পরিমাণ পদার্থ ওজনে হাজার-দলেক মণ যাবে পেরিয়ে। আবার ভনতে পাওয়া যাচ্ছে কোনো কোনো বিজ্ঞানী এ মত মানেন না। পৃথিবীর যখন নতুন গড়নপিটন হচ্ছিল তখন জলে স্থলে ঘন ঘন পরস্পারের প্রতিবাদ চলছিল, আৰু বেধানে গহার কাল দেধানে পাহাড়, কিছুকাল থেকে প্রাকৃতবিজ্ঞানে এই দশা ঘটিরেছে। কত মত উঠছে আর নামছে তার ঠিকানা নেই।

আমাদের নাক্ষত্রজগতের নক্ষত্রের দল কেউ পুবের দিকে কেউ পশ্চিমের দিকে নানা রকম পথ ধরে চলেছে। তুর্ব দৌড়েছে সেকেণ্ডে প্রায় হুশো মাইল বেগে, একটা দানব তারা আছে তার দৌড়ের বেগ সেকেণ্ডে সাতশো মাইল।

কিছ আশ্চর্বের কথা, এদের মধ্যে কেউ এই নাক্ষত্রভগতের শাসন ছাড়িয়ে বাইরে

উথাও হরে যায় না । এক বাঁকা-চানের মহাজালে বছকোটি নক্ষত্র বেঁধে নিয়ে এই জগতো লাটিনের মতো পাক্রাছে। আমাদের নাক্ষজগতের দূরবর্তী বাইরেকার জগতেও এই ঘূর্ণিপাক। এদিকে প্রমাণুজগতের অগ্তম আকাশেও চলেছে প্রোটন-ইলেকট্রনের ঘূর্ণাওয়া। কালযোত বেরে চলেছে নানা জ্যোতিলোকের নানা আবর্ত। এই জল্লেই আমাদের ভাষায় এই বিশ্বকে বলে জগং। অর্থাৎ এর সংজ্ঞা হচ্ছে এ চলছে— চলাতেই এর উৎপত্তি, চলাই এর স্বভাব।

নাক্ষত্রজগতের দেশকালের পরিমাপ পরিমাণ গতিবেগ দ্বত্ব ও তার অগ্নি-আবর্তের চিন্তনাতীত প্রচণ্ডতা দেখে বতই বিশ্বয় বোধ করি একথা মানতে হবে বিশ্বে সকলের চেয়ে বড়ো আক্ররের্বিষয় এই বে, মাছ্য তাদের জানছে, এবং নিজের আন্ত জীবিকার প্রয়োজন অতিক্রম করে তাদের জানতে চাচ্ছে। কুলাদিপ কুল্ল কণভদুর তার দেহ, বিশ্ব-ইতিহাসের কণ্ডমাত্র সময়টুক্তে সে বর্তমান, বিরাট বিশ্বসংস্থিতির অণুমাত্র স্থানে তার অবস্থান, অর্থচ, অসীমের কাছঘেঁয়া বিশ্বজন্ধাণ্ডের চ্পারিমের বৃহৎ ও ত্রধিগম্য স্থের হিসাব সে রাখছে— এর চেয়ে আক্রয় মহিমা বিশ্বে আর কিছুই নেই, কিংবা বিপুল স্পষ্টতে নিরবধি কালে কী জানি আর-কোনো লোকে আর-কোনো চিন্তকে অধিকার ক'রে আর-কোনো ভাবে প্রকাশ পাছে কি না। কিন্তু একথা মাহ্য প্রমাণ করেছে যে, ভূমা বাহিরের আয়ন্ডনে নয়, পরিমাণে নয়, আন্তরিক পরিপূর্ণতায়।

## সৌরজগৎ

সুর্যের সঙ্গে গ্রহদের সহদ্ধের বাঁধন বিচার করলে দেখা যায় গ্রহগুলির প্রদক্ষিণের রাস্তা সুর্যের বিষ্বরেশার প্রায় সমক্ষেত্রে। এই গেল এক। আর-এক কথা, সূর্য যেদিক দিয়ে আপন মেফদগুকে বেইন করে ঘুর দেয়, গ্রহেরাও সেই দিক দিয়ে পাক থায় আর সুর্যকে প্রদক্ষিণ করে। এর থেকে বোঝা যায় সুর্যের সক্ষে গ্রহদের সহদ্ধ জন্মতে। তাদের সেই জন্মবিবরণের আলোচনা করা যাক।

নক্ষত্রেরা পরস্পর বহু কোটি মাইল দূরে দূরে ঘূরে বেড়াচ্ছে ব'লে তাদের গায়ে পড়া বা অভিশয় কাছে আসার সম্ভাবনা নেই বলনেই হয়। কেউ কেউ আনান্ত করেন বে, প্রায় ছুশো কোটি বছর আগে এইরকমের একটি হুঃসম্ভব ঘটনাই হয়তো ঘটেছিল। একটি প্রকাণ্ড নক্ষত্র এসে পড়েছিল তথনকার যুগের স্থারে কাছে। এ নক্ষত্রের টানে স্থা এবং আগছক নক্ষত্রের মধ্যে প্রচণ্ড বেগে উধলে উঠল অগ্নিবাশের কোয়ারের

চেউ। অবশেষে টানের চোটে কোনো কোনো চেউ বেড়ে উঠতে উঠতে ছিঁড়ে বেরিয়ে গেল। নেই বড়ো নক্ষত্ত হয়তো এনের কতকগুলোকে আত্মসাং করে থাকবে. বাকিগুলো সূর্যের প্রবন টানে তথন থেকে ঘুরতে লাগল সূর্যের চারি দিকে। তেজ ছড়িয়ে দিয়ে এরা ক্ষুত্রতর অংশে বিভক্ত হল। সেই ছোটো-বড়ো জলন্ত বাম্পের টুকরোগুলি থেকেই গ্রহদের উৎপত্তি; পৃথিবী তাদেরই মধ্যে একটি। এরা ক্রমশ আপন তেজ ছড়িয়ে দিয়ে ঠাণ্ডা হয়ে গ্রহের আকার ধরেছে। আকাশে নক্ষত্রের দূর্ব, সংখ্যা ও গতি হিসাব করে দেখা গেছে যে প্রায় পাঁচ-ছ' হাজার কোটি বছরে একবার-মাত্র এরকম অপঘাত ঘটতেও পারে। গ্রহস্প্রির এই মত মেনে নিলে বলতে হবে বে গ্রহপরিচরওয়ালা নক্ষত্রস্থি এই বিখে প্রায় অঘটনীয় ব্যাপার। কিন্তু ব্রহ্মাণ্ডের অওগোলকদীমা ফেঁপে উঠতে উঠতে নক্ষত্রেরা ক্রমশই পরস্পরের কাছ থেকে দূরে চলে যাছে এ মত যদি স্বীকার করতে হয় তা হলে পূর্বযুগে আকাশগোলক যখন সংকীর্ণ ছিল তথন তারায় তারায় ঠোকাঠ কির ব্যাপার সদা-সর্বদা ঘটত বলে ধরে নিতে হয়। সেই নক্ষত্র-মেলার ভিড়ের দিনে অনেক নক্ষত্রেরই ছিন্ন অংশ থেকে গ্রহের উৎপত্তি-সম্ভাবনা ছিল একথা যুক্তিসংগত। যে অবস্থায় আমাদের সূর্য অক্ত সূর্যের ঠেলা খেয়েছিল সেই অবস্থাটা সেই সংকুচিত বিখের দিনে এখনকার হিসাবমতে দূর সম্ভাবনীয় हिन ना वलहे मत्न करत्र निष्ठ रहत । यात्रा थह मछ महन तन नि छाएनत प्रानरक বলেন যে, প্রত্যেক নক্ষত্রের বিকাশের বিশেষ অবস্থায় ক্রমণ এমন একটা সময় আসে যথন দে পাকা শিম্লফলের মতো ফেটে গিয়ে প্রচণ্ড বেগে চারি দিকে পুঞ্জ পুঞ্জ অগ্নি-বাষ্প ছড়িয়ে ফেলে দেয়। কোনো কোনো নক্ষত্র থেকে হঠাৎ এরকম জলন্ত গ্যাস বেরিয়ে আসতে দেখা গিয়েছে। ছোটো একটি নক্ষত্র ছিল, কয়েক বছর আগে তাকে ভালো হুরবীন ছাড়া কথনও দেখা যায় নি। একসময় হঠাৎ দীপ্তিতে সে আকাশের উজ্জ্বল নক্ষত্রদের প্রায় সমতুল্য হয়ে উঠল। আবার কয়েকমাস পরে আন্তে আন্তে তার প্রবল প্রতাপ এত ক্ষীণ হয়ে গেল যে, পূর্বের মতোই তাকে তুরবীন ছাড়া দেখাই গেল না। উজ্জল অবস্থায় অন্ধ সময়ের মধ্যে এই নক্ষত্রটি পুঞ্চপুঞ্জ যে জলন্ত বাষ্প চারি দিকে ছড়িয়ে দিয়েছে দেইগুলিই আতে আতে ঠাণ্ডা হয়ে জমাট বেঁধে গ্রহ-উপগ্রহের স্বষ্ট ষ্টাতে পারে বলে অনুমান করা অসংগত নয়। এই মত স্বীকার করলে বলতে হবে বে কোট কোট নক্ষত্র এই অবস্থার ভিতর দিয়ে গিয়েছে, অতএব সৌরজগতের মতোই আপন আপন গ্রহদলে কোটি কোটি নাক্ষত্তকগৎ এই বিশ্ব পূর্ণ করে আছে। পৃথিবীর দৰ চেয়ে কাছে আছে যে নক্ষত্ৰ তারও যদি গ্রহমণ্ডলী থাকে তবে তা দেখতে হলে যত বড়ো ছববীনের দরকার তা আজও তৈরি হয় নি।

আরু কিছুদিন হল কেন্তি জের এক তয়ণ পশুত লিট্লটন দৌরজগং-সৃত্তি সহদ্ধে একটি নৃতন মত প্রচার করেছেন। পূর্বেই বলেছি আকাশে অনেক জ্বোড়ানক্ষত্র পরম্পরকে প্রদক্ষিণ করছে। এঁর মতে আমাদের স্বর্বেপ্ত একটি জুড়ি ছিল। ঘূরতে ঘূরতে আর-একটা ভবঘূরে জ্যোতিষ্ক এনে এই অন্থচরের গায়ে পড়ে ধারা মেরে তাকে অনেক দূরে ছিটকে ফেলে দিয়ে চলে গেল। চলে বেতে বেতে পরস্পর আকর্ষণের জ্যোরে মন্ত বড়ো একটা জলস্ত বাস্পের টানা স্বত্র বের হয়ে এসেছিল; তারই ভিতর মিশিয়ে গিয়েছিল এদের উভয়ের উপাদানসামগ্রী। এই বাস্পর্যের যে অংশ স্বর্বের প্রবল টানে আটকা পড়ে গেল সেই বন্দী-করা গ্যাসের থেকেই জয়েছে আমাদের গ্রহমগুলী। এরা আয়তনে ছোটো ব'লেই ঠাগু হয়ে আসতে দেরি করলে না; তাপ কমতে কমতে গ্যাসের টুকরোগুলো প্রথমে হল তরল, তারপর আরও ঠাগু হতেই তাদের শক্ত হয়ে ওঠবার দিন এল।

একথা মনে রেখোঁ এঁ-সকল আন্দাজি মতকে নিশ্চিত প্রমাণের মধ্যে ধরে নেওয়া চলবে না।

বলা আবশুক, স্থের সমন্তটাই গ্যাস। পৃথিবীর যেসব উপাদান মাটি ধাতু পাথরে শক্ত, তাদের সমন্তই সুর্যের মধ্যে প্রচণ্ড উত্তাপে আছে গ্যাসের অবস্থায়। বর্ণলিপিয়ন্ত্রের রেখাপাত থেকে তার প্রমাণ হয়ে গেছে।

কিরীটিকার অতি স্ক্র গ্যাস-আবরণের কথা পূর্বেই বলা হয়েছে। সেই স্তর পেরিয়ে যত ভিতরে যাওয়া যাবে, ততই দেখা দেবে ঘনতর গ্যাস এবং উষ্ণতর তাপ। স্থের উপরিতলের তাপমাত্রা প্রায় দশহাজার ফারেনহাইট ডিগ্রির মাপে, অবশেষে নিচে নামতে নামতে এমন স্তরে পৌছব যেখানে ঠাসা গ্যাসের আর স্বচ্ছতা নেই। এই জায়গায় তাপমাত্রা এক কোটি পঞ্চাশ লক্ষ ডিগ্রির চেয়ে বেশি। অবশেষে কেক্রেগিয়ে পাওয়া যাবে প্রায় সাত কোটি বিশ লক্ষ ডিগ্রির তাপ। সেখানে স্থের দেহবস্তু কঠিন লোহা পাধরের চেয়ে অনেক বেশি ঘন অথচ গ্যাসধর্মী।

স্থের দ্বাধের কথাটা অন্ধ দিয়ে বলবার চেষ্টা না করে একটা কাল্পনিক ব্যাখ্যা দিয়ে বলা যাক। আমাদের দেহে যেসব অমুভূতি ঘটছে আমাদের কাছে তার খবর-চালাচালির ব্যবস্থা করছে অসংখ্য স্পর্শনাড়ী। এই নাড়ীগুলি আমাদের শরীর ব্যাপ্ত ক'রে মিলেছে মন্তিকে গিয়ে। টেলিগ্রাফের তারের মতো তাদের যোগে মন্তিকে খবর আসে, আমরা জানতে পারি কোধায় পিঁপড়ে কামড়াল, জিবে যে খাত্ত লাগল সেটা মিষ্টি, যে ত্থের বাটি হাতে তুলল্ম সে গরম। আমাদের শরীরটা হাওড়া থেকে বর্ধ মানের মতো প্রশন্ত কয়, তাই খবর পেতে দেরি লাগে না। তবু অতি অল্প

একটু সমন্ন লাগেই; সে এতই অল্ল যে তা মাশা শক্ত। কিছু পণ্ডিছের। তাও মেপেছেন। তাঁরা পরীকা করে স্থির করেছেন যে মাহুষের শরীরের মধ্য দিয়ে দৈহিক ঘটনা অহুভূতিতে পোঁছর সেকেতে প্রায় একশা ফুট বেগে। মনে করা ধাক, এমন একটা দৈত্য আছে, পৃথিবী থেকে হাত বাড়ালে যার হাত স্থে পোঁছতে পারে। তুংসাহসী দৈত্যের হাত যতই শক্ত হোক, স্থের গা ছোবামাত্রই যাবে প্ড়ে। কিছু পুড়ে যাওমার যে ক্ষতি ও যন্ত্রণা নাড়ীযোগে সেটা টের পেতে তার লাগবে প্রায় একশো যাট বছর। তার আগেই সে মারা যায় তো জানবেই না।

স্থের ব্যাস ৮ লক্ষ ৬৪ হাজার মাইল; ১১০টি পৃথিবী পাশাপাশি এক সরল বেখায় রাখলে স্থের এক প্রান্ত থেকে অক্সপ্রান্তে পৌছতে পারে। স্থের ওজন পৃথিবীর চেয়ে ৩ লক্ষ ৩০ হাজার গুণ বেশি, তাই নিজের দিকে সে টান দিতে পারে দেই পরিমাণ ওজনের জোরে। এই টানের জোরে স্থ পৃথিবীকে আপন আয়তে বেধে রাথে, কিন্তু দৌড়ের জোরে পৃথিবী আপন স্বাতন্ত্রা রাখতে পেরেছে।

গোল আলুর ঠিক মাঝখান দিয়ে উপর থেকে নিচে পর্যন্ত যদি একটা শলা চালিয়ে দেওয়া যায় আর সেই শলাটার চার দিকে যদি আলুটাকে ঘোরানো যায়, তা হলে সেই ঘোরা যেমন হয় সেই রকম হয় ২৪ ঘটায় পৃথিবীর একবার করে ঘূর-খাওয়া। আমরা বলি, পৃথিবী আপন মেরুদণ্ডের চার দিকে ঘূরছে। আমাদের শলাফোঁড়া আলুটার সঙ্গে পৃথিবীর তফাত এই যে, তার এ রকম কোনো শলা নেই। মেরুদণ্ড কোনো দণ্ডই নয়। যে জায়গাটাতে শলা থাকতে পারত কাল্পনিক গোজা লাইনের সেই জায়গাটাকেই বলি মেরুদণ্ড। যেমন লাটিম। সে ঘোরে আপন মাঝখানের এমন একটা খাড়া লাইনের চার দিকে যে-লাইনটা মনে-করে-নেওয়া।

মেরুদণ্ডের চার দিকে পৃথিবীর এক পাক ঘ্রতে লাগে চর্কিশ ঘণ্টা। স্থ্ও আপন মেরুদণ্ডের চার দিকে ঘোরে। ঘ্রতে কতক্ষণ লাগে তা যে উপায়ে জানা গেছে দেকথা বলি। থ্ব ভোরে যখন আলোতে চোথ ধাধায় না তখন স্থের দিকে তাকালে হয়তো দেখা যাবে স্থের গায়ে কালো কালো দাগ আছে। এক-একটি কালো দাগ সময়ে সময়ে এত বড়ো হয়ে প্রকাশ পায় যে, সমস্ত গ্রহ, উপগ্রহ একত্র করলেও তার সমান হয় না। ছোটো দাগগলি মিলিয়ে থেতে বেশিদিন লাগে না, কিন্তু বড়ো বড়ো দাগ ছ্-তিন সপ্তাহ থাকে। ত্রবীন দিয়ে দেখলে মনে হয় যেন এবা ক্রমাগত ভানদিকে ঘ্রে বাচ্ছে, কিন্তু আসলে ঘ্রছে এদের স্বাইকে গায়ে নিয়ে স্থা। এই কালো দাগের অফ্সরণ ক'বে এই ঘ্রে যাওয়ার সময়টার হিসাব পাওয়া গেছে; প্রমাণ হয়েছে যে, পৃথিবী ঘোরে চর্কিশ ঘণ্টায়, স্থা ঘোরে ছাবিশ দিনে।

ক্ষের দাগগুলো ক্ষের বাইরের আবরণে প্রকাণ্ড আবর্ডগহ্বর। দেখান দিয়ে ভিতর থেকে উত্তপ্ত গ্যাদ কুণ্ডলী আকারে ব্রতে ব্রতে উপরে বেরিয়ে আদছে। এর কেন্দ্রপ্রদেশ ঘোর কালো, তার নাম আম্ত্রা; তার চার দিকে কম-কালো বেষ্ট্রনী, তার নাম পেনাম্ত্রা। এদের কালো দেখতে হয়েছে চার পাশের দীপ্তির তুলনার— সেই আলো যদি বন্ধ করা বেড তা হলে অতি তীর দেখা বেত এদের জ্যোতি। ক্ষের যে দাগ খ্ব বড়ো তার কোনো-কোনোটার আম্ত্রার এক পার থেকে আর-এক পারের মাপ পঞ্চাশ হাজার মাইল, দেড় লক্ষ মাইল তার পেনাম্ত্রার মাপ।

স্থের এইদব দাণের কমা-বাড়ার প্রভাব পৃথিবীর উপরে নানা রকমে কান্ধ করে। যেমন আমাদের আবহাওয়ায়। প্রায় এগারো বছরের পালাক্রমে স্থের দাগ বাড়ে কমে। পরীক্ষায় দেখা গেছে বনস্পতির গুঁড়ির মধ্যে এই দাগি বংসরের সাক্ষ্য আকা পড়ে। বড়ো গাছের গুঁড়ি কাটলে তার মধ্যে দেখা যায় প্রতি বছরের একটা করে চক্রচিহ্ন। এই চিহ্নগুলি কোনো কোনো জায়গায় ঘেঁষাঘেঁষি কোনো কোনো জায়গায় ফাঁক ফাঁক। প্রত্যেক চক্রচিহ্ন থেকে বোঝা যায় গাছটা বংসরে কতথানি করে বেড়েছে। আমেরিকায় এরিজোনার মক্রপ্রায় প্রদেশে ডাজ্বার ডগলাস দেখেছেন যে, যে বছরে স্থের কালো দাগ বেশি দেখা দিয়েছে সেই বছরে গুঁড়ির দাগটা চওড়া হয়েছে বেশি। এরিজোনার পাইন গাছে পাঁচশো বছরের চিহ্ন গুনতে গুনতে ১৬৫০ থেকে ১৭২৫ খৃস্টাব্দ পর্যন্ত স্থেরের দাগের লক্ষণে একটা ফাঁক পড়ল। অবশেষে তিনি গ্রিনিজ্ব মান্যন্ত-বিভাগে সংবাদ নিয়ে জানলেন ঐ-কটা বছরে স্থের দাগ প্রায় ছিল না।

সুর্যের দেহ থেকে যে প্রচুর আলো বেরিয়ে চলেছে তার অতি সামান্ত ভাগ প্রহণ্ডলিতে ঠেকে। অনেকথানিই চলে যায় শৃত্যে, সেকেণ্ডে এক লক্ষ ছিয়ালি হাজার মাইল বেগে; কোনো নক্ষত্রে পৌছয় চার বছরে, কোনো নক্ষত্রে ত্রিল হাজার বছরে, কোনো নক্ষত্রে ন'লক্ষ বছরে। আমরা মনে ভাবি সুর্য আমাদেরই, আর তার আলোর দানে আমাদেরই বেশি দাবি। কিন্তু এত আলোর একটুখানি মাত্র আমাদের ছুঁয়ে যায়। তার পরে সুর্যের এই আলোকের দৃত সুর্যে আর কেরে না, কোথায় যায়, বিশের কোন কাজে লাগে কে জানে।

জ্যোতিন্ধলোকদের সম্বন্ধে একটা আলোচনা বাকি রয়ে গেল। কোথা থেকে নিরস্তর তাদের তাপের জোগান চলছে তার সন্ধান করা দরকার পরমাণুদের মধ্যে।

ইলেকট্রন-প্রোটনের বোগে যদি কখনও একটি হীলিয়নের পরমাণু স্কটি করা যায় তা হলে সেই স্টিকার্বে বে প্রচণ্ড তেজের উদ্ভব হবে তার স্বাঘাতে স্বামাদের পৃথিবীতে এক দর্বনাশী প্রলয়কাণ্ড ঘটবে। এ তো গ'ড়ে তোলবার কথা। কিন্ত বন্ধ ধ্বংল করতে তার চেয়ে অনেকগুণ তীত্র শক্তির প্রয়োজন। প্রোটনে ইলেকটনে যদি সংঘাত বাধে তা ছলে স্বভাত্র কিরণ বিকিরণ ক'রে তথনই তা'রা মিলিয়ে যাবে। এতে যে প্রচণ্ড তেজের উত্তর হয় তা কল্পনাতীত।

এইরকম কাগুটাই ঘটছে নক্ষত্রমগুলীর মধ্যে। সেধানে বস্তব্বংদের কাজ চলছে বলেই অন্থান কর। সংগত। এই মত অন্থারে সূর্য তিনশো ঘাট লক্ষ কোটি টন গুজনের বস্তুপ্ত প্রত্যহ ধরচ করে ফেলছে। কিন্তু সূর্যের ভাগ্ডার এত বৃহৎ যে আরও বহু কোটি বংসর এইরকম অপব্যয়ের উদ্দামতা চলতে পারবে। কিন্তু বর্তমান বিশের আয়ু সম্বদ্ধে যে শেষহিদেব অবধারিত হয়েছে সেটা মেনে নিলে বস্তু-ভাগুনের চেয়ে বস্তু-গড়নের মতটাই বেশি খাটে। যদি ধরে নেওয়া যায় যে একসময়ে সূর্য ছিল হাইডুজেনের পুঞ্জ, তা হলে সেই হাইডুজেন থেকে হীলিয়ম গড়ে উঠতে যে তেজ জাগবার কথা সেটা এখনকার হিসাবের সঙ্গে মেলে।

অতএব এই বিশ্বজ্ঞগৎটা ধ্বংসের দিকে, না গ'ড়ে ওঠবার দিকে চলছে, না তুই একসকে ঘটছে সে সম্বন্ধ বিজ্ঞানীদের মতের মিল হয় নি। কয়েক বংশর হল যে-বিকীরণশক্তি ধরা পড়েছে যার নাম দেওয়া হয়েছে কস্মিক রশ্মি; সেটার উদ্ভব না পৃথিবীতে না স্বর্গে, এমনকি না নক্ষত্রলোকে। নক্ষত্রপরপারের কোনো আকাশ হতে বিশ্বস্থির ভাঙন কিংবা গড়ন থেকে 'সে বেরিয়ে পড়েছে এইরকম আন্দান্ধ করা হয়েছে।

যাই হোক, বিশ্বস্থাই ব্যাপারের এই যে সব বিপরীত বার্তাবহ-ইশারা আসছে বিজ্ঞানীদের পরীক্ষাগারে দেটা হয়তো কোনো-একটা জটিল গণনার ব্যাপারে এসে ঠেকবে। কিন্তু আমরা তো বিজ্ঞানী নই, ব্রুতে পারি নে হঠাৎ অঙ্কের আরম্ভ হয় কোথা থেকে, একেবারে শেষই বা হয় কোন্থানে। সম্পূর্ণ-সংঘটিত বিশ্বকে নিয়ে হঠাৎ কালের আরম্ভ হল আর সভ্যোল্প্ত বিশ্বের সঙ্গে কালের সম্পূর্ণ অন্ত হবে, আমাদের বৃদ্ধিতে এর কিনারা পাই নে। বিজ্ঞানী বলবেন, বৃদ্ধির কথা এখানে আসছে না, এ হল গণনার কথা; সে গণনা বর্তমান ঘটনাধারার উপরে প্রতিষ্ঠিত— এর আদি-অন্তে যদি অন্ধকার দেখি তা হলে উপায় নেই।

## গ্রহলোক

গ্রহ কাকে বলে সেকথা পূর্বেই বলা হয়েছে। স্থাহল নক্ষা; পৃথিবী হল গ্রহ, স্থা থেকে ছিঁড়ে-পড়া টুকরো, ঠাগু। হয়ে তার আলো গেছে নিবে। কোনো গ্রহেরই আপন আলো নেই। স্থের চার দিকে এই গ্রহদের প্রত্যেকের নির্দিষ্ট পথ ডিম্বরেথাকারে—কারও বা পথ স্থের চার দিকে এই গ্রহদের প্রত্যেকের নির্দিষ্ট পথ ডিম্বরেথাকারে—কারও বা পথ স্থের কাছে, কারও বা পথ স্থ থেকে বছ দ্রে। স্থাকে গুরে আনতে কোনো গ্রহের এক বছরের কম লাগে, কারও বা একশো বছরের বেলি। যে-গ্রহেরই ঘ্রতে য়ত্ত সময় লাগুক এই ঘোরার সম্বন্ধ একটি বাধা নিয়ম আছে, তার কথনই ব্যক্তিক্রম হয় না। স্থাপরিবারের দ্র বা কাছের ছোটো বা বড়ো দকল গ্রহকেই পশ্চিম দিক থেকে প্র দিকে প্রদক্ষিণ করতে হয়। এর থেকে বোঝা বায় গ্রহেরা স্থা থেকে একই অভিমূথে ধাকা থেয়ে ছিটকে পড়েছে, তাই চলবার ঝোঁক হয়েছে একই দিকে। চলতি গাড়ি থেকে নেমে পড়বার সময় গাড়ি যে ম্থে চলেছে সেই দিকে শরীরের উপর একটা ঝোঁক আসে। গাড়ি থেকে পাচজন নামলে পাচজনেরই সেই একটি দিকে হবে ঝোঁক। তেমনি ঘূর্ণ্যমান স্থা থেকে বেরিয়ে পড়বার সময় সব গ্রহেই একই দিকে ঝেঁক পেমেছে। ওদের এই চলার প্রযুক্তি থেকে ধরা পড়ে ভরা স্বাই এক জাতের, স্বাই একঝোঁকা।

স্থেবি সব চেয়ে কাছে আছে ব্ধগ্রহ, ইংরেজিতে বাকে বলে মার্কবি। সে হর্ধ থেকে সাড়েতিন কোটি মাইল মাত্র দ্রে। পৃথিবী বতটা দ্র বাঁচিয়ে চলে তার প্রায় তিন ভাগের এক ভাগ। ব্ধের গায়ে ঝাপদা কিছু কিছু দাগ দেখা যায়, সেইটে লক্ষ্য করে বোঝা গেছে কেবল ওর এক পিঠ ফেরানো স্থেবি দিকে। স্থেবি চার দিক ঘ্রে আদতে ওর লাগে ৮৮ দিন। নিজের মেফদও ঘ্রতেও ওর লাগে তাই। স্থ-প্রদক্ষিণের পথে পৃথিবীর দৌড় প্রতি দেকেওে উনিশ মাইল। ব্ধগ্রহের দৌড় তাকে ছাড়িয়ে গেছে, তার বেগ প্রতি দেকেওে তিনশ মাইল। ব্ধগ্রহের দৌড় তাকে ভার বান্ততা বেশি, তাই পৃথিবীর শিকি সময়েই ওর প্রদক্ষিণ সারাহয়ে যায়। ব্ধগ্রহের প্রদক্ষিণের যে-পথ স্থা ঠিক তার কেন্দ্রে নেই, একটু একপাশে আছে। সেইজ্লে ঘোরবার সময় ব্ধগ্রহ কথনও স্থেবি অপক্ষাক্ষত কাছে আদে কথনও যায় দ্রে।

এই গ্রহ সূর্বের এত কাছে থাকাতে তাপ পাচ্ছে খুব বেশি। অতি সৃদ্ধ পরিমাণ তাপ মাপবার একটি বন্ধ বেরিয়েছে, ইংরেজিতে তার নাম thermo-couple। তাকে ত্ববীনের দক্ষে জুড়ে গ্রহতারার তাশের খবর জানা বার। এই যন্ত্রের হিদাব জুমুদারে, বুধগ্রহের যে-অংশ সূর্বের দিকে ফিরে থাকে তার তাপ দীদে টিন গলাতে পারে। এই

34

তাপে বাতাদের অণু এত বেশি বেগে চঞ্চল হয়ে ওঠে বে ব্ধগ্রহ তাদের ধরে রাখতে পারে না, তা'রা দেশ ছেড়ে শৃক্তে দেয় দৌড়। বাতাদের অণু পলাতক স্বভাবের। পৃথিবীতে তারা লেকেণ্ডে তৃইমাইলমাত্র বেগে ছুটোছুটি করে, তাই টানের জোরে পৃথিবী তাদের সামলিয়ে রাখতে পারে। কিন্তু ঘদি কোনো কারণে তাপ বেড়ে উঠে ওদের দৌড় হত দেকেণ্ডে সাত মাইল, তা হলেই পৃথিবী আপন হাওয়াকে আর বল মানাতে পারত না।

যে-সব বিজ্ঞানী বিশ্বজগতের হিগাবনবিশ তাঁদের একটা প্রধান কাজ হচ্ছে গ্রহনক্ষের ওজন ঠিক করা। এ কাজে সাধারণ দাঁড়িপাল্লার ওজন চলে না, তাই কোশলে ওদের থবর আদায় করতে হয়। সেই কথাটা ব্রিয়ে বলি। মনে করো একটা গড়ানে গোলা হঠাৎ এসে পথিককে দিলে ধাকা, দে পড়ল দশ হাত দূরে। কতথানি ওজনের গোলা এসে জোর লাগালে মাহ্যটা এতথানি বিচলিত হয়, তার নিয়মটা যদি জানা থাকে তা হলে এ দশ হাতের মাপটা নিয়ে গোলাটার ওজন অফ ক্ষে বের করা থেতে পারে। একবার হঠাৎ এইরকম অফ ক্ষার হ্মধোগ ঘটাতে ব্ধগ্রহের ওজন মাপা সহজ হয়ে গেল। স্থবিধাটা ঘটিয়ে দিলে একটা ধ্মকেতু। সেকথাটা বলবার আগে বৃথিয়ে দেওয়া দরকার ধ্মকেতুরা কী রকম ধরনের জ্যোতিজ।

ধ্মকেতৃ শব্দের মানে ধোঁয়ার নিশান। ওর চেহারা দেখে নামটার উৎপত্তি।
গোল মৃত আর তার পিছনে উড়ছে উজ্জল একটা লম্বা পুছে। সাধারণত এই হল ওর
আকার। এই পুছটো অতি স্কা বাপের। এত স্কা যে কখনও কখনও তাকে মাড়িয়ে
গিয়েছে পৃথিবী, তবু দেটা অহভব করতে পারি নি। ওর মৃতটা উল্পাপিত দিয়ে তৈরি।
এখনকার বড়ো বড়ো পত্তিতের। এই মত হির করেছেন যে ধ্মকেত্রা স্থের বাধা
অহচরেরই দলে। কয়েকটা থাকতে পারে যারা পরিবারভূক্ত নয় যারা আগস্কক।

একবার একটি ধ্মকেত্র প্রদক্ষিণপথে ঘটল অপঘাত। বৃধের কক্ষপথের পাশ দিয়ে যখন সে চলছিল তখন বৃধের সঙ্গে টানাটানিতে তার পথের হয়ে গেল গোলমাল। বেলগাড়ি রেলচ্যুত হলে আবার তাকে রেলে ঠেলে তোলা হয় কিন্তু টাইমটেবলের সময় পেরিয়ে যায়। এক্ষেত্রে তাই ঘটল। ধ্মকেত্টা আপন পথে যখন ফিরল তখন তার নির্দিষ্ট সময় হয়েছে উত্তীর্ণ। ধ্মকেত্কে যে-পরিমাণ নড়িয়ে দিতে বৃধগ্রহের যতখানি টানের জোর লেগেছিল তাই নিয়ে চলল অককষা। যার যতটা ওজন সেই পরিমাণ জোরে সে টান লাগায় এটা জানা কথা, এর থেকেই বেরিয়ে পড়ল বৃধগ্রহের ওজন। দেখা গেল তেইলটা বৃধগ্রহের বাটথারা চাপাতে পারলে তবেই তা পৃথিবীর ওজনের সমান হয়।

ব্ধগ্রহের পরের রাজাতেই আনে শুরুগ্রহের প্রদক্ষিণের পালা। তার ২২৫ দিন
লাগে স্থ ঘূরে আসতে। অর্থাৎ আমাদের সাড়েসাত মাসে তার বংসর। ওর
মেরুলগু-ঘোরা ঘূর্ণিপাকের বেগ কতটা তা নিয়ে এখনও তর্ক শেষ হয় নি। এই গ্রহটি
বছরের এক সময়ে স্থান্তের পরে পশ্চিম দিগতে দেখা দেয়, তথন তাকে বলি
সন্ধ্যাতারা, আবার এই গ্রহই আর-এক সময়ে স্থ ওঠবার আগে পুরদিকে ওঠে, তখন
তাকে শুকতারা বলে জানি। কিন্তু মোটেই এ তারা নয়, খ্র জল্জল্ করে ব'লেই
সাধারণের কাছে তারা থেতাব পেয়েছে। এর আয়তন পৃথিবীর চেয়ে অয়-একটু কম।
এই গ্রহের পথ পৃথিবীর পথের চেয়ে আরও তিন কোটি মাইল স্থের কাছে। সেও
কম নয়। যথোচিত দূর বাঁচিয়ে আছে তর্ এর ভিতরকার খবর ভালো করে পাই নে।
সে স্থের আলোর প্রথর আবরণের জন্তে নয়। বৃধকে ঢেকেছে স্থেরই আলো, আর
শুক্রকে ঢেকেছে এর নিজেরই ঘন মেঘ। বিজ্ঞানীরা হিসাব করে দেখেছেন শুক্রগ্রহের
যে উত্তাপ তাতে জলের বিশেষ রূপান্তর হয় না। কাজেই ওখানে জলাশয় আর মেঘ
ছইয়ের অন্তিম্বই আশা করতে পারি।

মেঘের উপরিতলা থেকে যতটা আন্দাব্দ করা যায় তাতে প্রমাণ হয় এই গ্রাহের অক্সিব্দেন-সমল নিতান্তই সামান্ত। ওখানে যে-গ্যাসের স্পষ্ট চিহ্ন পাওয়া যায় সে হচ্ছে আঙ্গারিক গ্যাস। মেঘের উপরতলায় তার পরিমাণ পৃথিবীর ঐ গ্যাসের চেয়ে বছ হাজার গুণ বেশি। পৃথিবীর এই গ্যাসের প্রধান ব্যবহার লাগে গাছপালার থাত্ত জ্যোগাতে।

এই আন্ধারিক গ্যাদের ঘন আবরণে গ্রহটি যেন কম্বলচাপা। তার ভিতরের গ্রম বেরিয়ে আসতে পারে না। স্থতরাং শুক্রগ্রহের উপরিতল ফুটস্ত জলের মতো কিংবা তার চেয়ে বেশি উষ্ণ।

শুক্রে জোলো বাম্পের সন্ধান যে পাওয়া গেল না সেটা আশ্চর্যের কথা। শুক্রের ঘন মেঘ তা হলে কিসের থেকে সে-কথা ভাবতে হয়। সম্ভব এই যে মেঘের উচ্চন্তরে ঠাপ্তায় জল এত জমে গেছে যে তার থেকে বাম্প পাওয়া যায় না।

এ কথাটা বিশেষ করে ভেবে দেখবার বিষয়। পৃথিবীতে স্টের প্রথম মুগে যখন গলিত বস্তগুলো ঠাওা হয়ে জমাট বাঁধতে লাগল তখন অনেক পরিমাণে জোলো বাষ্প আর আঞ্চারিক গ্যাদের উদ্ভব হল। তাপ আরও কমলে পর জোলো বাষ্প জল হয়ে গ্রহতলে সমূদ্র বিস্তার করে দিলে। তখন বাতাসে বে-সব গ্যাদের প্রাধান্ত ছিল তা'রা নাইউজেনের মতো সব নিক্রিয় গ্যাস। অক্সিজেন গ্যাসটা তৎপর জাতের মিশুক, অক্সান্ত পদার্থের সঙ্গে মিশে যৌগিক পদার্থ তৈরি করা তার স্বভাব। এমনি

করে নিজেকে সে রূপাস্তরিত করতে থাকে। তৎসত্তেও পৃথিবীর হাওয়ায় এতটা পরিমাণ অক্সিজেন বিশুদ্ধ হয়ে টি'কল কী করে।

ভার প্রধান কারণ পৃথিবীর পাছপালা। উদ্ভিদেরা বাতাদের আলারিক গ্যান থেকে আলার পদার্থ নিয়ে নিজেদের জীবকোষ তৈরি করে, মৃক্তি দেয় অক্সিজেনকে। তার পরে প্রাণীদের নিমান ও নতাপাতার পচানি থেকে আবার আলারিক গ্যান উঠে আপন তহবিল পূরণ করে। পৃথিবীতে সম্ভবত প্রাণের বড়ো অধ্যায়টা আরম্ভ হল তথনই যথন সামাগুকিছু অক্সিজেন ছিল সেই আদিকালের উদ্ভিদের মধ্যে। এই উদ্ভিদের পালা যতই বেড়ে চলল ততই তাদের নিশানে অক্সিজেনের পরিমাণ বাড়িয়ে তুললে। কমে গেল আলারিক গ্যান।

অতএব সম্ভবত শুক্রগ্রহের অবস্থা সেই আদিকালের পৃথিবীর মতো। একদিন হয়তো কোনো ফাঁকে উদ্ভিদ দেখা দেবে, আর আদারিক গ্যাস থেকে অক্সিজেনকে ছাড়া দিতে থাকবে। তার পরে বহু দীর্ঘকালে ক্রমশ জীবজন্তর পালা হবে শুরু। চাঁদ আর ব্ধগ্রহের অবস্থা ঠিক এর উলটো। সেখানে জীবপালনখোগ্য হাওয়া টানের হুর্বলতাবশত দেখতে দেখতে শেষ হয়ে গিয়েছিল।

সৌরমণ্ডলীতে শুক্রগ্রহের পরের আসনটা পৃথিবীর। অহ্য গ্রহদের কথা শেষ করে তার পরে পৃথিবীর খবর নেওয়া যাবে।

পৃথিবীর পরের পংক্তিতেই মঞ্চলগ্রহের স্থান। এই লালচে রঙের গ্রহটিই অন্ত গ্রহদের চেয়ে পৃথিবীর সব চেয়ে কাছে। এর আয়তন পৃথিবীর প্রায় নয় ভাগের এক ভাগ। স্র্বের চার দিকে একবার ঘুরে আসতে এর লাগে ৬৮৭ দিন। যে-পথে এ স্ব্রের প্রদক্ষিণ করছে তা অনেকটা ভিমের মতো; তাই ঘোরার সময় একবার সে আসে স্র্বের কাছে আবার যায় দ্রে। আপ্ন নেকদণ্ডের চার দিকে এ গ্রহের ঘ্রতে লাগে পৃথিবীর চেয়ে আথঘণ্টা মাত্র বেশি, তাই সেখানকার দিনরাত্তি আমাদের পৃথিবীর দিনরাত্তির চেয়ে একট্ বড়ো। এই গ্রহে যে-পরিমাণ বস্তু আছে, তা পৃথিবীর বস্তুমাত্রার দশ ভাগের এক ভাগ, তাই টানবার শক্তিও সেই পরিমাণে কম।

স্থের টানে মদলগ্রাহের ঠিক যে-পথ বেয়ে চলা উচিত ছিল, তার থেকে ওর চাল একটু তফাত। পৃথিবীর টানে ওর এই দশা। ওজন অস্নারে টানের জোরে পৃথিবী মদলগ্রহকে কতথানি টলিয়েছে দেইটে হিদেব করে পৃথিবীর ওজন ঠিক হয়েছে। এইস্ত্রে স্থের দ্রম্বও ধরা পড়ল। কেননা মদলকে স্থিও টানছে পৃথিবীও টানছে, স্থ কতটা পরিমাণে দ্বে থাকলে ছই টানে কাটাকাটি হয়ে মদলের এইটুকু বিচলিত হওয়া সম্বব নেটা গণনা করে বের করা যেতে পারে। মদলগ্রহ বিশেষ বড়ো গ্রহ নয়,

তার ওজনও অপেকাকৃত কম, হতরাং সেই অহুসারে টানের জোর বেশি না হওয়াতে তার হাওয়া থোওয়ারার আশকা ছিল। কিন্তু স্থ থেকে যথেষ্ট দ্রে আছে বলে এতটা তাপ পাম না বাতে হাওয়ার অনু গরমে উধাও হয়ে চলে বেতে পারে। মকলগ্রহের হাওয়ায় অক্সিজেন সন্ধানের চেটা বার্থ হয়েছে। সামান্ত কিছু থাকতে পারে। মকলগ্রহের লাল রঙে অহুমান হয় দেখানকার পাথরগুলো অক্সিজেনের সংযোগে সম্পূর্ণ মরচে-পড়া হয়ে গেছে। আর জলীয় বাম্পের বা-চিহ্ন পাওয়া গেল তা পৃথিবীর জলীয় বাম্পের শতকরা পাঁচ ভাগের এক ভাগ। মকলগ্রহের হাওয়ায় এই যে অকিঞ্চনতার লক্ষণ দেখা যায় তাতে বোঝা বায় পৃথিবী ক্রমে ক্রমে একদিন আপন সম্বল খুইয়ে এই দশায় পৌছবে।

পৃথিবী থেকে সূর্যের চেয়ে মঙ্গল থেকে তার দ্রম্ব বেশি অতএব নিঃসন্দেহ এ গ্রহ অনেকটা ঠাণ্ডা। দিনের বেলায় বিষ্বপ্রদেশে হয়তো কিছু গরম থাকে কিন্তু রাতে নিঃসন্দেহ বর্ষজ্মা শাতের চেয়ে আরও অনেক শীত বেশি। বর্ষের-টুপি-পরা তার মেফগ্রদেশের তো কথাই নেই।

এই গ্রহের মেরুপ্রদেশে বরফের টুপিটা বাড়ে-কমে, মাঝে মাঝে তাদের দেখাও যায় না। এই গলে-যাওয়া টুপির আকার-পরিবর্তন বন্ধদৃষ্টিতে ধরা পড়ে। এই গ্রহতলের অনেকটা ভাগ মরুর মতো শুকনো। কেবল গ্রীমঞ্চতুতে কোনো কোনো অংশ শ্রামবর্ণ হয়ে ওঠে, সম্ভবত জল চলার রাস্তায় বরফ গলার দিনে গাছপালা গজিয়ে উঠতে থাকে।

মঙ্গলগ্রহকে নিয়ে পণ্ডিতে পণ্ডিতে একটা তর্ক চলেছে অনেকদিন ধরে। একদা একজন ইতালীয় বিজ্ঞানী মঙ্গলে লখা লখা আঁচড় দেখতে পেলেন, বললেন, নিশ্মই এ গ্রহের বাসিন্দেরা মেরুপ্রদেশ থেকে বরফ-গলা জল পাবার জ্ঞাে খাল কেটেছে। আবার কোনো কোনো বিজ্ঞানী বললেন, ওটা চোথের ভূল। ইদানীং জ্যােতিজলােকের দিকে মান্ত্র কামেরা চালিয়েছে। সেই ক্যামেরা-তােলা ছবিতেও কালাে দাগ দেখা যায়। কিছু ওওলাে যে কুত্রিম খাল, আর বৃদ্ধিমান জীবেরই কীর্তি, সেটা নিতান্তই আন্দাজের কথা। অবশ্য এ গ্রহে প্রাণী থাকা অসম্ভব নয়, কেননা এথানে হাওয়া জল আছে।

ভূটি উপগ্রহ মকলগ্রহের চারি দিকে ঘুরে বেড়ায়। একটির এক পাক শেষ করতে লাগে ত্রিল ঘণ্টা, আর-একটির সাড়েসাত ঘণ্টা, অর্থাৎ মকলগ্রহের এক দিনরাত্রির মধ্যে সে তাকে ঘুরে আসে প্রায় তিনবার। আমাদের চাঁদের চেয়ে এরা প্রদক্ষিণের কাজ সেরে নেয় অনেক শীন্ত।

মকল আর বৃহস্পতিপ্রহের কক্ষপথের মাঝখানে অনেকখানি ফাঁকা জায়গা দেখে

শিশুভেরা সন্দেহ ক'রে থোঁজ করতে লেগে গেলেন। প্রথমে অভিছোটো চারটি গ্রহ দেখা দিল। ভার পরে দেখা গেল ওখানে বহুহাজার টুকরো-গ্রহের ভিড়। ঝাঁকে ঝাঁকে তা'রা খুরছে সূর্বের চারি দিকে। ওদের নাম দেওয়া যাক গ্রহিকা। ইংরেজিতে বলে asteroids। প্রথম যার দর্শন পাওয়া গেল তার নাম দেওয়া হয়েছে সারিজ ( Ceres ), তার ব্যাস চারশো পচিশ মাইল। ঈরস ( Eros ) বলে একটি গ্রহিকা আছে, সূর্বপ্রদক্ষিণের সময় সে পৃথিবীর যত কাছে আসে, এমন আর কোনো গ্রহই আসে না। এরা এত ছোটো যে এদের ভিতরকার কোনো বিশেষ খবর পাওয়া যায় না। এদের সবগুলোকে জড়িয়ে যে ওজন পাওয়া যায় তা পৃথিবীর ওজনের শিকিভাগেরও কম। মজলের চেয়ে কম, নইলে মজলের চলার পথে টান লাগিয়ে কিছু গোল বাধাত।

এই টুকরো-গ্রহগুলিকে কোনো একটা আন্ত-গ্রহেরই ভগ্নশেষ বলে মনে করা ষেতে পারে। কিন্তু পণ্ডিতেরা বলেন সে-কথা মথার্থ নয়। বলা যায় না কী কারণে এরা জোট বেঁথে গ্রহ আকার ধরতে পারে নি।

এই প্রহিকাদের প্রসঙ্গে আর-এক দলের কথা বলা উচিত। তা'রাও অতি ছোটো, তা'রাও ঝাঁক বেঁধে চলে এবং নির্দিষ্ট পথে স্থাকে প্রদক্ষিণও করে থাকে, তা'রা উদ্বাপিণ্ডের দল। পৃথিবীতে ক্রমাগতই তাদের বর্ষণ চলছে, ধুলার সঙ্গে তাদের যে ছাই মিশেছে সে বড়ো কম নয়। পৃথিবীর উপরে হাওয়ার চাঁদোয়া না থাকলে এইসৰ ক্ষুদ্র শক্রর আক্রমণে আমাদের রক্ষা থাকত না।

উদ্ধাপাত দিনে রাতে কিছু-না-কিছু হয়ে থাকে। কিন্তু বিশেষ বিশেষ মাসের বিশেষ বিশেষ দিনে উদ্ধাপাতের ঘটা হয় বেশি। ২১ এপ্রিল, ৯, ১০, ১১ আগস্ট, ১২, ১৩, ১৪ ও ২৭ নভেম্বরের রাত্রে এই উদ্ধাবৃষ্টির আতশ্বাজি দেখবার মতো জিনিস। এ সম্বন্ধে দিনক্ষণের বাঁধাবাঁধি দেখে বিজ্ঞানীরা কারণ ধোঁক করতে প্রবৃত্ত হয়েছেন।

ব্যাপারটা হচ্ছে এই, ওদের একটা বিশেষ পথ আছে। কিন্তু গ্রহদের মতো ওরা একা চলে না, ওরা ছ্যুলোকের দলবাঁধা পদপালের জাত। লক্ষ লক্ষ চলেছে ভিড় করে এক রাজায়। বংসরের বিশেষ বিশেষ দিনে পৃথিবী গিয়ে পড়ে ঠিক ওদের যেখানে জটলা। পৃথিবীর টান ওরা সামলাতে পারে না। রাশি রাশি বর্ষণ হতে থাকে। পৃথিবীর ধূলোয় ধূলো হয়ে যায়। কথনও কথনও বড়ো বড়ো টুকরোও পড়ে, ফেটেফুটে চারি দিক ছারখার করে দেয়। সুর্যের এলেকায় অন্ধিকার প্রবেশ ক'রে বিশন্ন হয়েছে এমন ধ্যকেত্ব এরা ভ্রাগ্যের নিদর্শন। এমন কথাও শোনা যায়, তক্ষণ বন্ধসে পৃথিবীর

অন্তরে ধখন তাপ ছিল বেশি তখন অধ্যুৎপাতে পৃথিবীর ভিতরের সামগ্রী এত উপরে ছুটে গিয়েছিল যে পৃথিবীর টান এড়িয়ে গিয়ে পৃথিবী নেয় টোনে। বিশেষ বিশেষ দিনে মাঝে নাগাল পেলেই আবার তাদের পৃথিবী নেয় টোনে। বিশেষ বিশেষ দিনে সেই উদ্ধার যেন হরির লুট হতে থাকে। আবার এমন অনেক উদ্ধাপিণ্ডের সন্ধান মিলেছে বারা সৌরমগুলীর বাইরে থেকে এসে ধরা পড়ে পৃথিবীর টানে। বিশেষ কোথাও হয়তো একটা প্রলয়কাও ঘটেছিল যার উদ্ধানতায় বস্ত্রপিণ্ড ভেঙে ইতন্তত বিক্ষিপ্ত হয়েছিল। এই উদ্ধার দল আজ্ব তারই সাক্ষ্য দিছে।

এই অতিক্রদের পরের রান্তাতেই দেখা দেয় অতিমন্তরড়ো গ্রহ বৃহস্পতি।
এই বৃহস্পতিগ্রহের কাছ থেকে কোনো পাকা খবর প্রত্যাশা করার পূর্বে ছটি
জিনিদ লক্ষ্য করা দরকার। স্থ থেকে তার দ্রম্ব, আর তার আয়তন। পৃথিবীর
দ্রম্ব ৯ কোটি মাইলের কিছু উপর আর বৃহস্পতির দ্রম্ব ৪৮ কোটি ৩০ লক্ষ্ মাইল,
অর্থাৎ পৃথিবীর দ্রম্বের চেয়ে পাচগুণেরও বেশি। পৃথিবী স্র্থের ষ্তটা তাপ পায়,
বৃহস্পতি পায় তার সাতাশ ভাগের এক ভাগ মাত্র।

এককালে জ্যোতিষীরা আন্দান্ধ করেছিলেন যে, বৃহস্পতিগ্রহ পৃথিবীর মতো এত ঠাণ্ডা হয়ে যায় নি, তার নিজের যথেষ্ট তাপের সঞ্চয় আছে। তার বায়ুমণ্ডলে সর্বদা যে চঞ্চলতা দেখা যায় তার নিজের অস্তরের তাপই তার কারণ। কিন্তু যথন বৃহস্পতির তাপমাত্রার হিদাব কয় সন্তব হল তথন দেখা গেল গ্রহটি অত্যন্তই ঠাণ্ডা। বরফজ্মা শৈত্যের চেয়ে আরও ২৮০ ফারেনহাইট ডিগ্রির তলায় পৌছায় তার তাপমাত্রা। এত অত্যন্ত বেশি ঠাণ্ডায় বৃহস্পতির জোলো বাস্প থাকতেই পারে না। তার বায়ুমণ্ডল থেকে ঘটো গ্যাসের কিনারা পাণ্ডয়া গেল। একটা হচ্ছে আ্যামোনিয়া, নিশাদলে যার তীব্রগন্ধে চমক লাগায়, আর একটা আলেয়া গ্যাস, মাঠের মধ্যে পথিকদের পথ ভোলাবার জল্লে যার নাম আছে। নানাপ্রকার যুক্তি মিলিয়ে আপাতত দ্বির হয়েছে যে, বৃহস্পতির দেহ কঠিন, প্রায় পৃথিবীর সমান ঘন। বৃহস্পতির ভিতরকার পাথুরে জঠরটার প্রসার বাইশ হাজার মাইল; এর উপরে বরফের তার জমে রয়েছে যোলো হাজার মাইল। এই বরফপুঞ্জের উপরে আছে ৬০০০ মাইল বায়ুন্তর। এতবড়ো রাশকরা বাতাদের প্রবল চাপে হাইডুজেনও তরল হয়ে যায়। অতএব এই গ্রহে ঘটেছে কঠিন বরফন্তরের উপরে তরল গ্যাদের সমুদ্র। আর তার বায়ুমণ্ডলের উপন্তর অবল আ্যামোনিয়া বিন্দুতে তৈরি।

বৃহস্পতি অতিকাম গ্রহ, ওর ব্যাদ প্রায় নক্ষই হাজার মাইল, আয়তনে পৃথিবীর চেয়ে তেরোশোগুণ বড়ো। ক্ষপথ পৃথিবী থেকে অনেক বড়ো হয়েছে সন্দেহ নেই কিছ ও চলেও ষথেষ্ট মন্দ গমনে। পৃথিবী থেকে অনেক বড়ো হয়েছে সন্দেহ নেই কিছ ও চলেও ষথেষ্ট মন্দ গমনে। পৃথিবী বেখানে উনিশ মাইল চলে এক সেকেওে, ও চলে আট মাইল মাতা। কিছ ওর স্বাবর্তন অর্থাৎ নিজের মেরুদণ্ডের চার দিকে ঘোরা খুবই ক্রত বেগে। অতবড়ো বিপুল দেহটাকে পাক খাওয়াতে ওর লাগে দশ ঘণ্টা। আমাদের এক দিন এক রাত্রি সময়ের মধ্যে ওর ঘুই দিনরাত্রি শেষ হয়েও উদ্বৃত্ত থাকে।

নয়টি উপগ্রহ নিমে বৃহস্পতির পরিবারমগুলী। দশম উপগ্রহের খবর পাওয়া গেছে, কিন্ধ দে-খবর পাকা হয় নি। পৃথিবীর চাঁদের চেয়ে এই চাঁদগুলোর বৃহস্পতি-প্রদক্ষিণবেগ অনেক বেশি ক্রত। প্রথম চারটি উপগ্রহ আমাদেরই চাঁদের মতো বড়োন তাদেরও আছে অমাবক্তা পূর্ণিমা এবং ক্ষয়বৃদ্ধি।

বৃহস্পতির সবদুরের দ্বটি উপগ্রহ তার দল্লের অক্সান্ত উপগ্রহের উলটো মুখে চলে। এর থেকে কেউ কেউ আন্দান্ত করেন, এরা এককালে ছিল ছটো গ্রহিকা, বৃহস্পতির টানে ধরা পড়ে গেছে।

আলো যে এক সেকেণ্ডে ১৮৬০০০ মাইল বেগে ছুটে চলে তা প্রথম স্থির হয় বৃহস্পতির চন্দ্রগ্রহণ থেকে। হিসাব মতে বৃহস্পতির উপগ্রহের গ্রহণ যথন ঘটবার কথা, প্রত্যেক বারে তার কিছুকাল পরে ঘটতে দেখা যায়। তার কারণ, ওর আলো আমাদের চোখে গড়তে কিছু দেরি করে। একটা নির্দিষ্ট পরিমাণ সময় নিয়ে আলো চলে, এ যদি না হত তা হলে গ্রহণ হওয়ার সঙ্গে সন্দেই গ্রহণের ঘটনাটা দেখা যেত। পৃথিবী থেকে এই উপগ্রহের দূর্দ্ধ মেপে ও গ্রহণের মেয়াদ কতটা পেরিয়েছে সেটা লক্ষ্য ক'রে আলোর বেগ প্রথম হিসাব করা হয়।

বৃহস্পতির নিজস্ব আলো নেই তার প্রমাণ পাওয়া যায় বৃহস্পতির নয়-নয়টি উপগ্রহের গ্রহণের সময়। গ্রহণটা হয় কী ক'রে ভেবে দেখো। কোনো এক যোগাযোগে যথন স্থ থাকে পিছনে, আর গ্রহ থাকে আলো আড়াল ক'রে স্থের সামনে, আর তারও সামনে থাকে গ্রহের ছায়ায় উপগ্রহ, তথনই স্থালোক পেতে বাধা পেয়ে উপগ্রহে লাগে গ্রহণ। কিন্তু মধ্যবর্তী গ্রহের নিজেরই যদি আলো থাকত, তা হলে সেই আলো পড়ত উপগ্রহে, গ্রহণ হতেই পারত না। আমাদের টাদের গ্রহণেও সেই একই কথা। টাদের কাছ থেকে স্থাকে মধন সে আড়াল করে, তথন জ্যোতিহীন পৃথিবী টাদকে ছায়াই দিতে পারে, নিজের থেকে আলো দিতে পারে না।

বুহল্পতিগ্রহের পরের পংক্তিতে আদে শনিগ্রহ।

এ গ্রহ আছে স্থ থেকে ৮৮ কোঁট ৬০ লক্ষ্ মাইল দূরে। আর ২০ই বছরে এক পাক তার স্থপ্রদক্ষিণ। শনির বেগ বৃহল্পতির চেয়েও কম— এক দেকেণ্ডে ছ'মাইল মাত্র। বৃহল্পতি ছাড়া সৌরজগতের অন্ত গ্রহের চেয়ে এর আকার অনেক বড়ো; এর ব্যাস পৃথিবীর প্রায় ৯ গুণ। পৃথিবীর ব্যাসের চেয়ে নয়গুণ বড়ো হয়েও এক পাক ঘূর খেড়ে ওর লাগে পৃথিবীর অথ কের চেয়েও কম সময়। এত জোরে ঘূরছে ব'লে সেই বেগের ঠেলায় ওর আকার হয়েছে কিছু চ্যাপটা ধরনের। এত বড়ো এর আয়তন অথচ ওজন পৃথিবীর ৯৫ গুণ মাত্র বেশি। এত হালকা ব'লে এই প্রকাপ্ত আয়তন সংবেও টানবার শক্তি পৃথিবীর চেয়ে এর বেশি নয়। একটি মেঘের আবরণ একে ধিরে আছে, যার আকার-বদল মাঝে মাঝে দেখা যায়।

শনির উপগ্রহ আছে নয়টি। দব চেয়ে বড়ো বেটি, আয়তনে দে ব্ধগ্রহের চেয়েও বড়ো, প্রায় আট লক্ষ মাইল দূরে থাকে, যোলো দিনে তার প্রদক্ষিণ শেষ হয়।

শনিগ্রহের বেইনীর বর্ণজ্ঞ্চা-পরীক্ষায় দেখা গেছে যে এই বেইনীর যেসব অংশ গ্রহের কাছাকাছি আছে তাদের চলনবেগ বাইরের দূরবর্তী অংশের চেয়ে অনেক বেশি। বেইনী যদি অথগু চাকার মতো হত, তা হলে ঘূর্ণিচাকার নিয়মে বেগটা বাইরের দিকে বেশি হত। কিন্তু শনির বেইনী যদি খণ্ড খণ্ড জিনিস নিয়ে হয় তা হলে তাদের যে দল গ্রহের কাছে, টানের জোরে তারাই ঘূরবে বেশি বেগে। এইসব লক্ষ লক্ষ টুকরো-উপগ্রহ ছাড়াও ন'টি বড়ো উপগ্রহ ভিরপথে শনিগ্রহকে প্রদক্ষিণ করছে।

কী ক'বে যে এ গ্রহের চারি দিকে দলে দলে ছোটো ছোটো টুকরো স্থাষ্ট হল, সে সম্বন্ধে বিজ্ঞানীদের যে মত তারই কিছু এখানে বলা যাক। গ্রহের প্রবল টানে কোনো উপগ্রহই আপন গোল আকার রাখতে পারে না, শেষ পর্যন্ত অনেকটা তার ডিমের মতো চেহারা হয়। অবশেষে এমন এক সময় আদে যথন টান আর সহ্য করতে নাপেরে উপগ্রহ ভেঙে ছু'টুকরো হয়ে যায়। এই ছোটো টুকরো ছটিও আবার ভাঙতে থাকে। এমনি করে ভাঙতে ভাঙতে একটিমাত্র উপগ্রহ থেকে লক্ষ লক্ষ টুকরো বেরোনো অসম্বর্ধ হয় না। টাদেরও একদিন এই দশা হবার কথা। বিজ্ঞানীরা বলেন যে, প্রত্যেক গ্রহকে বিরে আছে একটি করে অদৃশ্র মণ্ডলীর বেড়া, তাকে বলে বিপদের গণ্ডি। তার মধ্যে এসে পড়লেই উপগ্রহের দেহ ফেঁপে উঠে ভিমের মতো লহাটে আকার ধরে, তার পরে থাকে ভাঙতে। শেষকালে টুকরোগুলো জোট বেঁধে ঘুরতে থাকে গ্রহের চার দিকে। বিজ্ঞানীদের মতে বৃহস্পতির প্রথম উপগ্রহ এই অদৃশ্র বিপদগণ্ডির কাছে এনে পড়েছে, আর-কিছুদিন পরে সেখানে ঢুকলেই থণ্ড থণ্ড হয়ে যাবে। শনিগ্রহের মতো বৃহস্পতির চার দিক ঘিরে তথন তৈরি হবে একটি উজ্জল

বেষ্ট্রনী। শনিগ্রহের চারি দিকে যে বেষ্ট্রনীর কথা বলা হল তার স্বাষ্ট্র সম্বন্ধে পণ্ডিতেরা আন্দান্ত করেন যে, অনেকদিন আগে শনির একটি উপগ্রহ ঘূরতে ঘূরতে এর বিপদগণ্ডির ভিতরে গিয়ে পড়েছিল, তার ফলে উপগ্রহটা ভেত্তে টুকরো হয়ে আক্তন্ত এই গ্রহের চার দিকে ঘূরে বেড়াচ্ছে।

পৃথিবীর বিপদগণ্ডির অনেকটা বাইরে আছে বলে টাদের যা পরিবর্তন হয়েছে তা খ্ব বেশি না। পৃথিবীর টানের জোরে আন্তে আন্তে টাদ তার কাছে এগিয়ে আসছে, তার পরে যখন ঐ বেড়ার মধ্যে অপঘাতের এলেকায় প্রবেশ করবে তখন যাবে টুকরো টুকরো হয়ে, আর সেই টুকরোগুলে। পৃথিবীর চার দিক ঘিরে শনিগ্রহের নক্ল করতে থাকবে, তখন হবে তার শনির দশা।

কেন্দ্রিজর অধ্যাপক জেফ্রের মত এর উলটো। তিনি বলেন চাঁদে পৃথিবীতে দ্রত্ব বেড়েই চলেছে। অবশৈষে চাক্রমানে সৌরমানে সমান হয়ে যাবে, তথন কাছের দিকে টানবার পালা শুরু হবে।

বৃহস্পতির চেয়ে শনি স্থ থেকে আরও বেশি দূরে—কাজেই ঠাণ্ডাও আরও বেশি।
এর বাইবের দিকের বায়্মণ্ডল অনেকটা বৃহস্পতির মতো, কেবল আামোনিয়া তত
বেশি জানা যায় না, আলেয়া গ্যাসের পরিমাণ শনিতে বৃহস্পতির চেয়ে বেশি। শনি
যদিও পৃথিবীর চেয়ে আয়তনে অনেক বড়ো তব্ তার ওজন সে-পরিমাণে বেশি নয়।
বৃহস্পতির মতো এর বায়্মণ্ডল গভীর হবার কথা, কেননা এর টান এড়িয়ে বাতাসের
পালাবার পথ নেই। এর বাতাসের পরিমাণ অত্যন্ত বেশি বলেই এর গড়পড়তা
ওজন আয়তনের তুলনায় এত কম। এর ভিতরের কঠিন অংশের ব্যাস ২৪০০০ মাইল,
তার উপরে প্রায় ৬০০০ মাইল বরফ জমেছে, আর তার উপরে আছে ১৬০০০ মাইল
হাওয়।

শনিগ্রহের পরের মণ্ডলীতে আছে যুরেন্স নামক এক নতুন-খবর-পাওয়া গ্রহ।

এ গ্রহ সম্বন্ধে বিশেষ বিবরণ কিছু জানা সম্ভব হয় নি। এর আয়তন পৃথিবীর ৬৪ গুণ বেশি। স্থা থেকে ১৭৮ কোটি ২৮ লক্ষ নাইল দুরে থেকে সেকেণ্ডে চার নাইল বেগে ৮৪ বছরে একবার তাকে প্রদক্ষিণ করে। এত বড়ো এর আয়তন কিন্তু খুব দুরে আছে বলে ত্রবীন ছাড়া একে দেখা যায় না। যে জিনিসে এ গ্রহ তৈরি তা জলের চেয়ে একটু ঘন, তাই পৃথিবী থেকে বছ গুণ বড়ো হলেও, এর ওজন পৃথিবীর ১৫ গুণ যাতা।

১০ ঘন্টা ৪৩ মিনিটে এ গ্রহ একবার ঘুরপাক থাচ্ছে। চারটি উপগ্রহ নিজ নিজ পথে ক্রমাগত একে প্রদক্ষিণ করছে। মুবেনস আবিষ্ণাবের কিছুকাল পরেই শুপ্তিতেরা মুবেনসের বেহিসাবি চলন দেখে স্থির করলেন, এ গ্রহ পথের নিয়ম ভেঙেছে আর-একটা কোনো গ্রহের টানে। "ব্"জতে খুজতে বেরল সেই গ্রহ। তার নামকরণ হল নেপচুন।

স্থ থেকে এর দ্রন্থ ২৭৯ কোটি ৩৫ লক্ষ মাইল; প্রায় ১৬৪ বছরে এ স্থকে একবার প্রদক্ষিণ করে। এর ব্যাস প্রায় ৩৩০০০ মাইল, মুরেনসের চেয়ে কিছু বড়ো। ছরবীনে শুধু ছোটো একটি সবৃত্ধ থালার মতো দেখায়। একটি উপগ্রহ ২ লক্ষ ২২ হাজার মাইল দ্রে থেকে ৫ দিন ২১ ঘন্টায় একে একবার ঘ্রে আসছে। উপগ্রহের দ্রন্থ এবং এই গ্রহের আয়তন থেকে হিসাব করা হয়েছে যে এর বস্ত্রপদার্থ জল থেকে কিছু ভারি, ওজনে এ প্রায় মুরেনস-এর সমান। কত বেগে এ গ্রহ মেকদণ্ডের চার দিকে ঘ্রছে তা আজও একেবারে ঠিক হয় নি।

নেশচুনের আকর্ষণে যুরেনস-এর যে নৃতন পথে চলার কথা তা হিসেব করার পরেও দেখা গেল যে যুরেনস ঠিক দে পথ ধরেও চলছে না। তার থেকে বোঝা গেল যে নেপচুন ছাড়া এ গ্রহের গতিপথের বাইরে রয়েছে আরও একটা জ্যোতিছ। ১৯৩০ দালে বেরিয়ে পড়ল নৃতন এক গ্রহ। তার নাম দেওয়া হল পুটো। এ গ্রহ এত ছোটো ও এত দুরে বে হুরবীনেও একে দেখা যায় না। ক্যামেরা দিয়ে ছবি তুলে নিঃসন্দেহে এর অন্তিম্ব প্রমাণ করা হয়েছে। এই গ্রহই স্থ্ থেকে দব চেয়ে দূরে, তাই আলো-উত্তাপ পাছেছ এত কম যে, এর অবস্থা আমরা কল্পনাও করতে পারি নে।

৩৯৬ কোটি মাইল দ্র থেকে প্রায় ২৫০ বছরে এ গ্রান্থ স্থাকে একবার প্রদক্ষিণ করে।

পুটো গ্রহটির তাপমাত্রা হবে বরফগলা শৈত্যের ৪৪৬ ডিগ্রি ফারেনহাইট পরিমাপের নিচে। এত শীতে অত্যন্ত ত্রন্ত গ্যাসও তরল এমনকি নিরেট হয়ে যায়। আকারিক গ্যাস, আমোনিয়া, নাইউজেন প্রভৃতি বায়ব পদার্থগুলো জমে বরফ্শিণ্ডে গ্রহটাকে নিশ্চয় ঢেকে ফেলেছে। কেউ কেউ মনে করেন সৌরলোকের শেষসীমানায় কতকগুলো ছোটো ছোটো গ্রহ ছিটিয়ে আছে, পুটো তাদের মধ্যে একটি। কিন্তু এ মতের নিশ্চিত প্রমাণ পাওয়া যায় নি, কখনও যাবে কি না বলা যায় না। এখনকার চেয়ে অনেক প্রবশতর ত্রবীন ঐ দ্রম্বের যবনিকা তুলতে যদি পারে তা হলেই সংশ্রের সমাধান হবে।

## ভূলোক

অন্ত প্রহের আকারের ও চলাফেরার কিছু কিছু খবর জমেছে, কেবল পৃথিবী একমাত্র গ্রহ ধার শরীরের গঠনরীতি আমরা পুরোপুরি অনেকটা জানতে পেরেছি। গ্যাসীয় অবস্থা পেরিয়ে যথন থেকে তার দেহ আঁট বেঁধেছে তথন থেকেই সর্বাঙ্গে তার ইতিহাসের নানা সংকেতচিছ আঁকা পড়ছে।

পৃথিবীর উপরকার ন্তরে কোনো ঢাকা না থাকাতে সেই ভাগটা শীদ্র ঠাণ্ডা হয়ে শক্ত হল, আর ভিতরের ন্তর ক্রমশ নিরেট হতে থাকল। হথের দর ঠাণ্ডা হতে হতে যেমন কুঁচকিয়ে যায়, পৃথিবীর উপরকার ন্তর ঠাণ্ডা হতে হতে তেমনি কুঁচকিয়ে যেতে লাগল। কুঁচকিয়ে গেলে হথের দর যেটুকু অসমান হয় সে আমরা গণ্যই করি নে। কিন্তু কুঁচকিয়ে- যাওয়া পৃথিবীর ন্তরের অসমানতা তেমন সামাল্য ব'লে উড়িয়ে দেবার নয়। নিচের ন্তর এই অসমানতার ভার বইবার মতো পাকা হয় নি। তাই ভালো নির্ভর না পাওয়াতে উপরের শক্ত ন্তরটা ভেঙে ত্বড়ে উচুনিচু হতে থাকল, দেখা দিল পাহাড়পর্বত। বুড়ো মায়্রযের কপালের চামড়া কুঁচকে যেমন বলি পড়ে, তেমনি এগুলো যেন পৃথিবীর উপরকার চামড়ার বলি। সমন্ত পৃথিবীর বৃহৎ গভীরতার তুলনায় এই পাহাড়পর্বত মায়্রযের চামড়ার উপর বলিচিহ্নের চেয়ে কম বই বেশি নয়।

প্রাচীন যুগের পৃথিবীতে কুঁচকে-যাওয়া ছবের উচুনিচ্তে কোথাও নামল গহার, কোথাও উঠল পর্বত। গহারগুলো তখনও জলে ভরতি হয় নি। কেননা তখনও পৃথিবীর তাপে জ্বলও ছিল বাষ্প হয়ে। ক্রমে মাটি হল ঠাগুা, বাষ্প হল জল। সেই জলে গহার ভরে উঠে হল সমুদ্র।

পৃথিবীর অনেকথানি জলের বাষ্পা তো তরল হল; কিন্তু হাওয়ার প্রধান গ্যাসগুলো গ্যাসই রয়ে গেল। তাদের তরল করা সহজ্ঞ নয়। ষভটা ঠাণ্ডা হলে তারা তরল হতে পারত ততটা ঠাণ্ডায় জ্ঞল যেত জনে, আগাগোড়া পৃথিবী হত বরফের বর্মে আবৃত। মাঝারি পরিমাপের গরনে-ঠাণ্ডায় অক্সিজেন নাইউজেন প্রভৃতি বাতাসের গ্যাসীয় জিনিসগুলি চলাফেরা করছে সহজে, আমরা নিশাস নিয়ে বাঁচছি।

পৃথিবীর ভিতরের দিকে সংকোচন এখনও একেবারে থেমে যায় নি। তারই নড়নের ঠেলায় হঠাৎ কোথাও তলার জায়গা যদি নিচে থেকে কিছু সরে যায়, তা হলে উপরের শক্ত আবরণ ভেঙে গিয়ে তার উপরে চাপ দিয়ে পড়ে, ছলিয়ে দেয় পৃথিবীর তারকে, ভূমিকম্প জেগে ওঠে। আবার কোনো কোনো জায়গায় ভাঙা আবরণের চাপে নিচের তপ্ত তরল জিনিস উপরে উছলে ওঠে।

পৃথিবীর ভিতরের অবস্থা জানতে গেলে ষতটা খুঁড়ে দেখা ধরকার এবনও ততটা নিচে পর্যন্ত থোঁড়া হয় নি। ক্য়লার থোঁজে মানুষ মাটির যতটা নিচে ক্রেছে দে এক মাইলের বেশি নয়। তাতে কেবল এই ববরটা পাওয়া গেছে বে, যত পৃথিবীর নিচের দিকে বাওয়া বায় ততই একটা নির্দিষ্ট মাত্রায় গরম বাড়তে থাকে। এই উত্তাপর্কির পরিমাণ দব জায়গায় দমান নয়, স্থানভেদে মাত্রাভেদ ঘটে। এক-দময়ে একটা মত চলতি ছিল যে, ভূতরটা ভাসছে পৃথিবীর ভিতরকার তাপে-গলা তরল ধাতুর উপরে। এখনকার মত হচ্ছে পৃথিবীটা নিরেট, ভিতরের দিকে তাপের অভিত্ব দেখা বায় বটে কিন্তু পৃথিবীর ভাবে বেদব তেজক্রিয় পদার্থ আছে, যথেষ্ট তাপ পাওয়া বাছে তাদের থেকে। তার অভ্যাকক্রের উপাদান লোহার চেয়ে নিবিড়। সম্ভবত দে স্থানটি থ্ব গরম, কিন্তু এতটা নয় যাতে ভিতরকার জিনিদ গলে যেতে পারে। আলাক্ত করা যাছে সেখানকার জিনিদটা লোহা আর নিকেল, তারা আছে দ্ব'হাজার মাইল জুড়ে, আর তাদের বেড়ে আছে যে একটা থোল দে পৃষ্ণ ছ'হাজার মাইলের উপরে।

পৃথিবীর সমন্তটাই যদি জলময় হত তা হলে তার ওজন যতটা হ'ত জলে স্থলে মিশিয়ে তার চেয়ে তার ওজন সাড়ে-পাচগুণ বেশি। তার উপরকার তলার পাথর জলের চেয়ে তিনগুণ বেশি ঘন। তা হলে তার ভিতরে আরও বেশি ভারি জিনিস আছে ধরে নিতে হবে। কেবল যে উপরকার চাপেই তাদের ঘনত্ব বেড়ে গেছে তা নয় দেখানকার বস্তুপুঞ্জের ভার স্বভাবতই বেশি।

পৃথিবীকে ঘিরে আছে যে বাতাস তার শতকর। ৭৮ ভাগ নাইউজেন, ২১ ভাগ অক্সিজেন। আর আর যেসব গ্যাস আছে দে অতি সামান্ত। অক্সিজেন গ্যাস্ মিশুক গ্যাস, লোহার সঙ্গে মিশে মচে ধরায়, অক্সারপদার্থের সঙ্গে মিশে অগ্তিন জালায়— এমনি করে বায়ুমগুল থেকে নিয়ত তার অনেক থবচ হতে থাকে। এদিকে গাছপালারা বাতাসের অক্সারা গ্যাসের থেকে নিজের প্রয়োজনে অক্সার আদায় করে নিয়ে অক্সিজেন-ভাগ বাতাসকে ফিরিয়ে দেয়। এ না হলে পৃথিবীর হাওয়া অক্সারা গ্যাসে ভরে যেত, মান্ত্র পেত না তার নিশাসের বায়।

আকাশের অনেকটা উচু পর্যন্ত হাওয়ার বেশি পরিবর্তন হয় নি। বেশব গ্যাস মিশিয়ে হাওয়া তৈরি তাদের অনেকটাই আরও অনেক উচুতে পৌছয় না। থ্ব সম্ভব সব চেয়ে হালকা ছটো গ্যাস অর্থাৎ হীলিয়ম এবং হাইডুজেনে মিশনো সেখানকার হাওয়া। ৰাতাদের ঘনত কমতে কমতে ক্রমশই বাতাদ অনেক উর্ধে উঠে নিয়েছে।
বাহিত্বপুকে পৃথিবীতে যে উদ্বাপাত হয় পৃথিবীর হাওয়ার ঘর্ষণে তা জনে ওঠে,
তাদের অনেকেরই এই জনন প্রথম দেখা দেয় ১২০ মাইল উপরে। ধরে নিতে হবে
তার উর্ধে আরও অনেকখানি বাতাদ আছে যার ভিতর দিয়ে আদতে আদতে তবে
এই জননের অবস্থা ঘটে।

সর্থের আলো নয় কোটি মাইল পেরিয়ে আদে পৃথিবীতে। গ্রহবেইনকারী আকাশের শৃগুতা পার হয়ে আসতে তেজের বেশি ক্ষয় হবার কথা নয়। যে প্রচণ্ড তেজ নিয়ে সে বায়্মণ্ডলের প্রত্যন্ত দেশে পৌছয় তার আঘাতে সেখানকার হাওয়ার পরমাণ্ নিশ্চয়ই ভেঙেচুরে ছারথার হয়ে যায়— কেউ আন্ত থাকে না। বাতাসের সর্বোচ্চ ভাগে ভাঙা পরমাণ্র যে স্তরের স্প্রি হয় তাকে নাম দেওয়া হয় (F2) এফ ২ স্কর।

সেখানকার খরচের পদ বাকি স্থিকিরণ নিচের ঘনতর বায়ুমণ্ডলকে আক্রমণ করে, দেখানেও পরমাণ্ভাঙা যে স্তরের উদ্ভব হয় তার নাম দেওয়া হয়েছে (F1) এফ ১ স্কর।

আরও নিচে আরও ঘন বাতাসে স্থিকিরণের আঘাতে পদু পরমাণ্র আরও-একটা যে শুর দেখা দেয়, তার নাম ( E ) ই শুর।

স্থিকিরণের বেগনি-পারের রশ্মি পরমাণু-ভাঙচ্রের কাজে সব চেয়ে প্রধান উদ্যোগী। উচ্চতর শুরে উপস্রব শেষ করতে করতে বেগনি-পারের রশ্মি অনেকথানি নিঃস্ব হয়ে নিচের হাওয়ায় অল্প পৌছয়। সেটা আমাদের রক্ষে। বেশি হলে সইত না।

স্থিকিরণ ছাড়া আরও অনেক কালাপাহাড় দ্ব থেকে আদে বাতাদকে অদৃগ্র গদাঘাত করতে। যেমন উদ্ধা, তাদের কথা প্রেই বলা হয়েছে। এরা ছুটে আদে গ্রহ-আকাশের ভিতর দিয়ে এক দেকেণ্ডে দশ থেকে একশো মাইল বেগে। হাওয়ার ঘর্ষণে তাদের মধ্যে তাপ জ্বেগে ওঠে, তার মাত্রা হয় তিন হাজার থেকে দাত হাজার ফারেনহাইট ডিগ্রি পর্যন্ত; তাতে করে বেগনি-পারের আলোর তীক্ষ বাণ তৃণমুক্ত হয়ে আদে, বাতাদের অণুগুলোর গায়ে প'ড়ে তাদের জ্বালিয়ে চুরমার করে দেয়। এ ছাড়া আর-এক রশ্মিবর্ষণের কথা প্রেই বলা হয়েছে। সে কদ্মিক রশ্মি। বিশ্বে দে-ই হচ্ছে দব চেয়ে প্রবল শক্তির বাহন।

পৃথিবীর বাতাসে আছে অক্সিজেন নাইউজেন প্রভৃতি গ্যাসের কোটি কোটি আনুকণা, তা'বা অতি ক্রতবেগে ক্রমাগতই ঘোরাঘুরি করছে, পরস্পরের মধ্যে সংঘাত চলছেই। বারা হালকা কণা তাদের দৌড় বেলি। সমগ্র দলের যে বেগ তার চেয়ে

মত্তর ছুটকো অণুর বেগ অনেক বেশি। সেইজন্তে পৃথিবীর বাহিব আভিনার দীমা থেকে হাইড্রজেনের খুচরো অণু প্রায়ই পৃথিবীর টান কাটিয়ে বাইরে দৌড় ক্রিছে। কিন্তু দলের বাইরে অক্সিজেন নাইউজেনের অণুকণার গতি কখনও ধৈর্ঘরা শলাতকার বেগ পায় না। সেই কারণে পৃথিবীর বাতাদে তালের দৈত ঘটে নি; কেবল তরুণ বয়সে যে হাইড্রজেন ছিল পৃথিবীর সব চেয়ে প্রধান গ্যাসীয় সম্পত্তি, ক্রমে ক্রমে সেটার অনেকখানিই সে খুইয়ে ফেলেছে।

বড়ো বড়ো ভানাওয়ালা পাথি শুধু ভানা ছড়িয়েই অনেকক্ষণ ধরে হাওয়ার উপরে ভেনে বেড়ায়, ব্রুতে পারি পাথিকে নির্ভর দিতে পারে এতটা ঘনতা আছে বাতাদের। বস্তুত কঠিন ও তরল জিনিদের মতোই হাওয়ারও ওজন মেলে। আকাশ থেকে মাটি পর্যন্ত হাওয়া আছে অনেক মাইল ধরে। দেই হাওয়ার চাপ এক ফুট লম্বা ও এক ফুট চওড়া জিনিদের উপর প্রায় সাতাশ মণ। একজন সাধারণ মাহ্যের শরীরে চাপ পড়ে প্রায় ৪০০ মণের উপর। তব্ও তা টের পাই নে। যেমন উপর থেকে তেমনি নিচের থেকে, আবার আমাদের শরীরের মধ্যে যে হাওয়া আছে তার থেকে সমানভাবে বাতাদের চাপ আর ঠেলা লাগছে ব'লে বাতাদের ভার আমাদের পীড়া দিছে না।

পৃথিবীর বায়ুমণ্ডল আপন আবরণে দিনের বেলায় স্থের তাপ অনেকটা ঠেকিয়ে বাথে, আর রাত্রিতে মহাশুল্ডের প্রবল ঠাণ্ডাটাকেও বাধা দেয়। টাদের গায়ে হাওয়ার উদ্ধুনি নেই তাই দে স্থের তাপে ফুটস্ত জ্বলের সমান গরম হয়ে ওঠে। অথচ গ্রহণের সময় যথনই পৃথিবী টাদের উপর ছায়া ফেলে অমনি দেখতে দেখতেই সে ঠাণ্ডা হয়ে যায়। হাওয়া থাকলে তাপটাকে ঠেকিয়ে রাখতে পারত। টাদের কেবল এইমাত্র ক্রটি নয়; বাতাদ নেই বলে দে একেবারে বোবা, কোথাও একটু শব্দ হবার জো নেই। বিশেষভাবে নাড়া পেলে বাতাদে নানা আয়তনের স্ক্র তেউ ওঠে, দেইগুলো নানা কাঁপনের ঘা দেয় আমাদের কানের ভিতরকার পাতলা চামড়ায়, তখন সেইসব তেউ নানা রকম আওয়াল্ল হয়ে আমাদের কাহে বাজ্য দিতে থাকে। আরও-একটি কাল্ল আছে বাতাদের। কোনো কারণে রৌল্ল যেখানে কিছু বাধা পায় সেধানে ছায়াতেও ঘথেষ্ট আলো থাকে, এই আলো বিছিয়ে দেয় বাতাদ। নইলে যেখানটিতে রোদ পড়ত কেবল সেইখানেই আলো হত। ছায়া ব'লে কিছুই থাকত না। তীর আলোর ঠিক পাশেই থাকত যোর অন্ধকার। গাছের মাথার উপর রোদ্র উঠত চোধ রাঙিয়ে আর তার তলা হত মিশমিশে কালো, ঘরের ছাদে ঝাঁ ঝাঁ করত ফুইপহরের রোদের তেজ, ঘরের ভিতর থাকত ফুইপহরের অমাবস্থার রাত্রি। প্রদীপ

জালার কথা চিন্তা করাই হত মিথ্যে, কেননা পৃথিবীর বাতালে অক্সিজেন গ্যাসের শাহায়েই সবকিছু জলে।

গাছের সর্ব্ব পাতায় থাকে গোলাকার অণুপদার্থ, তাদের মধ্যে ক্লরফিল বলে একটি পদার্থ আছে— তারাই পূর্ণের আলো জ্বমা করে রাখে গাছের নানা বস্ততে। তাদের শক্তিতেই তৈরি হচ্ছে ফলেফদলে আমাদের থান্ত, আর গাছের ডালেতে গুঁড়ির কঠি। পৃথিবীর বাতাদে আছে অঞ্চারাক্সিজেনী গ্যাস সামাত্র পরিমাণে। উদ্ভিদবস্ততে যত षकांद्रभनार्थ चाह्य, यांत्र एथरक कप्रता इय, ममख এই गाम एथरक स्वया। এই অক্সিজেনী-আঙ্গারিক গ্যাস মানুষের দেহে কেবল যে কাজে লাগে না তা নয়, একে শরীর থেকে বের করে দিতে না পারলে আমরা মারা পড়ি। কিন্তু গাছ আপন ক্লবফিলের যোগে এই অক্সিজেনী আন্ধারিককেও জলে মিশিয়ে ধানে গমে আমাদের জন্ম বৈ থাবার বানিয়ে তোলে সেই থাছের ভিতর দিয়ে স্মর্যতাপের শক্তিকে আমরা প্রাণের কান্তে লাগাতে পারি। এই শক্তিকে আকাশ থেকে নেবার ক্ষমতা আমাদের নেই, গাঁছের আছে। গাছের থেকে আমরা নিই ধার করে। পৃথিবীতে সমন্ত জন্ধরা মিলে যে অক্সিজেন-মিশ্রিত আঞ্চারিক বাষ্প নিশ্বাসের সঙ্গে বের করে দেয় সেটা লাগে গাছপালার প্রয়োজনে। আগুন-জালানি থেকে, উদ্ভিদ ও জন্তদেহের পচানি থেকেও এই বাষ্প বাতাদে ছড়াতে থাকে। পথিবীতে কলকারখানায় রামার কাজে কয়লা যা পোড়ানো হয় সে বড়ো কম নয়। তার থেকৈ উদ্ভব হয় বছ় কোটি মণ অঙ্গারান্ধিজেনী গ্যাদ। গাছের পক্ষে যে হাওয়ার ভোজের দরকার দেটা এমনি করে জুটতে থাকে ত্যান্ত্ৰা পদাৰ্থ থেকে।

বাতাসকে মৌলিক পদার্থ বলা চলে না, ওটা মিশল জিনিস। তাতে মিশেছে নানা গ্যাস কিন্তু মেলে নি, একত্রে আছে, এক হয় নি। বাতাসে যে পরিমাণ অক্সিজেন তার প্রায় চার গুণ আছে নাইট্রজেন। কেবলমাত্র নাইট্রজেন থাকলে দম আটকিয়ে মরে যেতুম। কেবলমাত্র অক্সিজেনে আমাদের প্রাণবস্ত পুড়ে পুড়ে শেষ হয়ে যেত। এই প্রাণবস্ত ক্লিক্স্ কর্মিমাণ ক্লেনে, আবার জলতে কিছু পরিমাণ বাধা পায়, তবেই আমরা দুই বাড়াবাড়ির মাঝখানে থেকে বাঁচতে পারি।

সমস্ত বায়ুমণ্ডল জলে সাঁগংসেঁতে। যে জল থাকে মেদে, তার চেয়ে জনেক বেশি জল আছে হাওয়ায়।

উপরকার বায়ুমণ্ডলে ভাঙা পরমাণ্র বৈদ্যুতন্তরের কথা পূর্বে বলেছি। সে ছাড়া সহজ্ব বাতাদের হুটো ন্তর আছে। এর যে প্রথম থাকটা পৃথিবীর সর চেয়ে কাছে ভার বৈজ্ঞানিক নাম troposphere, বাংলায় একে ক্ষুক্তর বলা বেতে পারে। পাঁচ থেকে দশ মাইলের বেশি এর চড়াই নয়। সমগ্র বাষ্যগুলের মার্শে এই ক্রভবের উচ্চতা খ্রই কম, কিন্তু এইটুকুর মধ্যেই আছে বাডালের সমন্ত পদার্থের প্রায় ৯০ জাগ। কাজেই অন্ত ভরের চেয়ে এ ভর অনেক বেশি ঘন। পৃথিবীর একেবারে গারে লেগে আছে ব'লে এই ভরে দর্বলা পৃথিবীর উত্তাশের হোয়াট লাগে। সেই উত্তাশের কমায়নাড়ান্ত হাওয়া এখানে ক্রমাগত ছুটোছুটি করে। এই ভরেই ভাই রড়বুটি। এর আরও উপত্তে বে ভর পৃথিবীর তাপ দেখানে রড়তুকান চালান করতে পারে না। ভাই দেখানকার হাওয়া শান্ত। পণ্ডিতেরা এ ভরের নাম দিন্দ্রেছন stratosphere, বাংলায় আমরা বলব ভরুত্ব।

আদি সূর্য থেকে যেমন পৃথিবী বেরিয়ে এসেছে তেমনি বাপদেছী আদিম পৃথিবী থেকে বেরিয়ে এসেছে চাঁদ। তার পরে কোটি কোটি বংসরে পৃথিবী ঠাণ্ডা হয়ে শস্ক হল, চাঁদণ্ড হল তাই।

২ লক্ষ ৩৯ হাজার মাইল দূরে থেকে ২৭ । দিনে চাঁদ পৃথিবীকে একবার প্রদক্ষিণ করছে। দেই প্রদক্ষিণের কালে কেবল একটা পিঠ পৃথিবীর দিকে ফিরিয়ে রেখেছে। এর ব্যাস প্রায় ২১৬০ মাইল, এর উপাদান জল থেকে ৩২ গুণ ভারি। জন্মান্ত গ্রহনক্ষত্রের তুলনায় পৃথিবী থেকে এর দূরত্ব খ্বই কম ব'লে একে এত উজ্জ্বল ও আয়তনে এত বড়ো দেখায়। আশিটি চাঁদ একদক্ষে ওজন করলে পৃথিবীর ওজনের সমান হবে। তুরবীনে চাঁদকে দেখলে স্পাইই বোঝা যায় পৃথিবীর মতোই শক্ত জিনিসে এ তৈরি। ওর উপরে আছে বড়ো বড়ো গহরব আর বড়ো বড়ো গাহাড়।

পৃথিবীর টানে চক্র পৃথিবীর চার দিকে যুরছে। এক পাক যুরতে তার এক মাসের কিছু কম লাগে। গড়পড়তায় তার গতিবেগ এক সেকেণ্ডে আধু মাইলের বেশি নয়। পৃথিবী ঘোরে সেকেণ্ডে উনিশ মাইল। আপন মেফদণ্ডের চার দিকে যুরতে টাদের এক মাসের সমানই লাগে। তার দিন আর-বংসর চলে একই রকম ধীরমন্দ চালে।

চাদের ওজন থেকে হিসেব করা হয়েছে যে কোনো জিনিসের গজিবের রাদি সেধানে সেকেওে ১ই মাইল হয় তা হলে চাদের টান অগ্রাফ্ করে তা ছুটে বাইরে বেতে পারে। চাদ যে নিয়মে অতিমাত্রায় রোদ পোহায় তাতে তার তেতে-ওঠা পিঠের উপরে হাওয়া অত্যন্ত গরম হয়ে ওঠাতে চাদ তার বাতাসের অগুদের ধরে রাখতে পারে নি, তারা সবাই গেছে বেরিয়ে। যেখানে হাওয়ার চাপ নেই সেধানে জল খ্ব তাড়াতাড়ি বাল্প হয়ে যায়। বাল্প হওয়ার সঙ্গে সংকর জলের অগু গরমে চঞ্চল হয়ে চাদের বাধন ছাড়িয়ে বেরিয়ে গিয়েছিল। জল-হাওয়া যেখানে নেই সেধানে কোনো

ক্ষের প্রাণ টি কর্ডে বারে বলে আমরা আমি নে। টারকে একটা তালপাকানো কেজুমি বলা বেতে পারে।

রাতের বেলার বাবের আমরা থসে-পড়া তারা বলি সেগুলো যে তারা নয় তা আজ নার কাউকে বলতে হবে না। সেই উদ্ধাপিগুগুলো পৃথিবীর টানে দিনরাত লাখো লাখো পড়ছে পৃথিবীর উপর। তার অধিকাংশই বাতাদের যে য লেগে জলে উঠে ছাই হয়ে বাচ্ছে। থেগুলো বড়ো আয়তনের, তা'রা জলতে জলতে মাটিতে এলে পৌছয়, বোমার মতো বাম ফেটে, চার দিকে বা পায় দেয় ছারখার করে।

চাদেও ক্রমাগত এই উদ্ধাবৃষ্টি হচ্ছে। ওদের ঠেকিয়ে ছাই করে দেবার মতো একটু হাওয়া নেই, অবাধে ওরা ঢেলা মারছে,টাদের সর্বাকে। বেগ কম নয়, সেকেণ্ডে প্রায় ত্রিশ মাইল, স্ক্তরাং ঘা মারে সর্বনেশে জোরে।

চাঁদে বড়ো বড়ো গর্তের উৎপত্তি একদা-উৎসারিত অগ্নি-উৎস থেকেই। বে গলস্তপদার্থ ও ছাই তখন বেরিয়ে এসেছিল, হাওয়া-জল না থাকায় এত মুগ ধরেও তাদের কোনো বদল হতে পারে নি। ছাইঢাকা আছে ব'লে সূর্যের আলো এই আবরণ ভেদ করে খুব বেশি নিচে যেতে পারে না, আর নিচের উত্তাপও উপরে আসতে পারে না।

চাঁদের যেদিকে স্থের আলো পড়ে তার উত্তাপ প্রায় ফুটস্ত জলের সমান, আর যেখানে আলো পড়ে না তা এত ঠাতা হয় যে বরফের শৈত্যের চেয়ে তা প্রায় ২৫০ ফারেনহাইট ডিগ্রি নিচে থাকে। চন্দ্রগ্রহণের সময় পৃথিবীর ছায়া এসে যখন চাঁদের উপরে পড়ে তখন তার উত্তাপ কয়েক মিনিটের মধ্যেই প্রায় ৩৪৬ ডিগ্রি ফারেনহাইট কমে যায়।

হাওয়া না থাকায় ও ছাইয়ের আবরণ থাকায় স্থের আলো নিচে প্রবেশ করতে পারে না ব'লে সঞ্চিত কোনো উত্তাপই চাঁদে নেই; তাই এত তাড়াতাড়ি এর উত্তাপ কমে আসে। এসব প্রমাণ থেকে বলা যায় যে, আগ্রেয়লিরির ছাই তেকে রেথেছে চাঁদের প্রায় সব আয়গা।

চাদ পৃশ্বীর কাছের উপগ্রহ। তার টানের জোর প্রত্যক্ষ উপলব্ধি করি পৃথিবীর সমূত্রতাতে, সেখানে জোরারভাঁটা খেলতে থাকে; আর শুনেছি আমাদের শরীরে জরজাবি বাতের ব্যথাও ঐ টানের জোরে জেগে ওঠে। বাতের রোগীরা ভর করে জমাবস্তা-পূর্ণিমাকে।

আদিকালে পৃথিবীতে জীবনের কোনো চিহ্নই ছিল না। প্রায় সম্ভব-আলি কোটি বছর ধরে চলেছিল নানা আকারে তেজের উৎপাত। কোণাও অগ্নিসিরি মুঁসছে তথ্য বান্স, উগরে দিছে তরল ধাতু, ফোয়ারা ছোটাছে গরম জনের। নিচেব থেকে ঠেলা থেরে কাঁপছে ফাটছে ভূমিতল, উঠে পড়ছে পাহাড়পরত, ভলিয়ে বাছে ভূখণ্ড।

পৃথিবীয় শুরু থেকে প্রায় দেড়ালা কোটি বছর মখন পার হল তখন অশান্ত আলিমুনের মাধা-কুটে-মরা অনেকটা থেমেছে। এমন সময়ে স্প্টির সকলের চেয়ে আশুর্ব ঘটনা দেখা দিল। কেমন করে কোথা থেকে প্রাণের ও তার পরে ক্রমশ মনের উন্তব হল তার ঠিকানা পাওয়া যায় না। তার আগে পৃথিবীতে স্পটির কারখানাঘরে ভোলাপাড়া ভাঙাগড়া চলছিল প্রাণহীন পদার্থ নিয়ে। তার উপকরণ ছিল মাটি জল, লোহা পাথর প্রভৃতি; আর সঙ্গে ছিল অক্সিজেন, হাইডুজেন, নাইউজেন প্রভৃতি কতকগুলি গ্যাস। নানা রকমের প্রচণ্ড আঘাতে তাদেরই উলটপালট করে জোড়াউঞ্জ দিয়ে নদী-পাহাড়-সমৃদ্রের রচনা ও অদলবদল চলছিল। এমন সময়ে এই বিরাট জীবহীনতার মধ্যে দেখা দিল প্রাণ, আর তার সঙ্গে মন। এদের পূর্ববর্তী পদার্থবাশির সঙ্গে এর কোনোই মিল নেই।

নক্ষত্রদের প্রথম আরম্ভ ষেমন নীহারিকায় তেমনি পৃথিবীতে জীবলোকে প্রথম যা প্রকাশ পেল তাকে বলা ষেতে পারে প্রাণের নীহারিকা। সে একরকম অপরিকৃট ছড়িয়ে-পড়া প্রাণপদার্থ, ঘন লালার মতো অঙ্গবিভাগহীন— তথনকার ঈষৎ-গরম সমুস্রজনে ভেনে বেড়াত। তার নাম দেওয়া হয়েছে প্রোটোগ্যাজ্ম। ষেমন নক্ষত্র দানা বেঁধে ওঠে আগ্নেয় বান্দে, তেমনি বহু যুগ লাগল এর মধ্যে মধ্যে একটি একটি পিও জমতে। সেইগুলির এক শ্রেণীর নাম দেওয়া হয়েছে অমীবা; আকারে অতি ছোটো; অগুরীক্ষণ দিয়ে দেখা যায়। পদিল জলের ভিতর থেকে এদের পাওয়া যেতে পারে। এদের মুখ চকু হাত পা নেই। আহারের খোঁজে ঘুরে বেড়ায়। দেহপিণ্ডের এক অংশ প্রসারিত করে দিয়ে পায়ের কাজ করিয়ে নেয়। খাবারের সম্পর্কে এলে সেই সাময়িক পা দিয়ে সেটাকে টেনে নেয়। পাক্ষন্ত্র বানিয়ে নেয় দেহের একটা অংশে। নিজের সমস্ত দেহটাকে ভাগ করে তার বংশইন্ধি হয়। এই অমীবারই আর-এক শাখা দেখা দিল, তারা দেহের চারি দিকে আবরণ বানিয়ে তুলনে, শামুকের মতো। সমুদ্রে আছে এদের কোটি কোটি স্ক্র দেহ। এদের এই দেহপদ্ধ স্থমে পৃথিবীর স্থানে স্থানে খড়িমাটির পাহাড় তৈরি হয়েছে।

বিশ্বচনার মূলতম উপকরণ পরমাণু; সেই পরমাণুগুলি অচিন্তনীয় বিশেষ নিয়মে অভিস্ক জীবকোষরণে সংহত হল। প্রত্যেক কোষটি সম্পূর্ণ এবং স্বতন্ত্র, তাদের প্রত্যেকের নিজের ভিতরেই একটা আন্তর্ম শক্তি আছে বাতে করে বাইরে থেকে খায় নিবে নিজেকে ক্লিক ক্লাব শক্তি থাঁব। ক্ষেত্ৰৰ ভিতৰ দিয়ে মৃত্যুৰ ভিতৰ দিয়ে প্ৰাণেৰ ধাৰা প্ৰবাহিত হয়ে চলে।

এই জীবাগুকোষ প্রনিণেক্তি প্রথমে একলা হয়ে দেখা দিয়েছে। তার পরে এরা যত সংঘবদ্ধ হতে থাকল ততই জীবজনতৈ উৎকর্ষ ও বৈচিত্র্য ঘটতে লাগনা যেমুন বহুকোটি ভাষার সমরায়ে একটি নীহারিকা তেমনি বহুকোটি জীবকোঁবের সমারেশে এক-একটি দেহ। বংশাবলীর ভিতর দিয়ে এই দেহজগং একটি প্রবাহ স্ফি করে নৃতন কলেৰ মধ্যে দিয়ে অগ্রসর হয়ে চলেছে। আমরা এত কাল নক্তলোক স্থলোকের কথা আলোচনা করে এসেছি। তার চেয়ে বহুগুণ বেশি আশুর্য এই প্রাণলোক। উদ্ধাম তেজকে শাস্ত করে দিয়ে ক্লায়তন গ্রহরূপে পৃথিবী বে অনতিক্ষ পরিণতি লাভ করেছে সেই অবস্থাতেই প্রাণ এবং তার সহচর মন-এর আবির্ভাব সম্ভবদর হয়েছে একথা যখন চিন্তা করি তথন স্বীকার করতেই হবে জগতে এই পরিণতিই শ্রেষ্ঠ পরিণতি। যদিও প্রমাণ নেই এবং প্রমাণ পাওয়া আপাতত অসম্ভব তবু একথা মানতে মন যায় না যে, বিশ্বজন্ধাওে এই জীবনধারণযোগ্য চৈতন্তপ্রকাশক অবস্থা একমাত্র এই পৃথিবীতেই ঘটেছে, যে, এই হিসাবে পৃথিবী সমন্ত জগৎধারার একমাত্র ব্যতিক্রম।

# উপদংহার

একদা জগতের সকলের চেয়ে মহাত্র বার্তা বহুক্ত করে বহুকোটি বংসর পূর্বে छक्रव शृथिवीरण प्रथा पिन आंभारमव् <u>ठक्</u>ष अनुश धकि कीवरकारम्ब कना। की महिसार केंखिशांन रम अप्तिष्टिन कछ त्रीनाती तरह तरह अनुक्रम निह्नमन्नानी তার ইষ্টিকার্য নব পরীক্ষার ভিতর দিয়ে অনবরত চলে আগছে িবোজনা করবার, শোধন করবার, অতি জটিল কর্মতন্ত্র উদ্ভাবন ও চালনা করবার বৃদ্ধি প্রচ্ছন্নভাবে তাদের মধ্যে কৌথায় আছে, কেমন করে তাদের ভিতর দিয়ে নিজেকৈ সক্রিয় করেছে, উত্তরোত্তর অভিজ্ঞতা জমিয়ে তুলছে, ভেবে তার কিনারা পাওয়া যায় না। অতি-(भनवत्वमनामीन जीवत्कांमछनि वः मावनीकृत्य यथायथ भरथ ममष्टि वीधाइ जीवरमरह, নানা অবপ্রত্যকে; নিজের ভিতরকার উছমে জানি না কী করে দেহক্রিয়ার এমন আশ্চর্য কর্তব্যবিভাগ করছে। যে কোষ পাকুষয়ের, তার কাজ এক রকমের, যে কোষ মন্তিকের, তার কান্ত একেবারেই অন্ত রকমের। অধচ জীবাণ্কোষগুলি মূলে একই। এদের তুরুহ কাজের ভাগ-বাঁটোয়ারা হল কোন্ হুকুমে এবং এদের বিচিত্র কাজের মিলন ঘটিয়ে স্বাস্থ্য নামে একটা সামঞ্জন্ত সাধন করল কিলে। জীবাণ্কোষের ছটি প্রধান ক্রিয়া আছে, বাইরে থেকে খাবার জুগিয়ে বাঁচা ও বাড়তে থাকা, আর নিজের অমুরূপ জীবনকে উৎপন্ন করে বংশধারা চালিয়ে যাওয়া। এই আত্মরক্ষা ও বংশরক্ষার জটিল প্রয়াস গোড়াতেই এনের উপর ভর করল কোণা থেকে।

অপ্রাণ বিবে যেসব ঘটনা ঘটছে তার পিছনে আছে সমগ্র জড়জগতের ভূমিকা।
মন এইসব ঘটনা জানছে, এই জানার পিছনে মনের একটা বিবভূমিকা কোথাক্লা
পাধর লোহা গ্যাসের নিজের মধ্যে তো জানার সম্পর্ক নেষ্ট্র। এই হুংসাধ্য প্রশ্ন নিয়ে .
বিশেষ একটা যুগে প্রাণ মন এল পৃথিবীতে— অতিক্ষু জীবকোষকে বাহন ক'রে।

পৃথিবীতে সৃষ্টি-ইতিহাসে এদের আবির্ভাব অভাবনীয়। কিন্তু সকলকিছুর সঙ্গে সম্বন্ধহীন একান্ত আকম্মিক কোনো অভ্যুৎপাতকে আমাদের বৃদ্ধি মানতে চায় না। আমরা জড়বিখের সঙ্গে মনোবিখের মূলগত ঐক্য কল্পনা করতে পারি সর্বব্যাপী তেজ বা জ্যোতিঃ-পদার্থের মধ্যে। অনেক কাল পরে বিজ্ঞান আবিষ্কার করেছে যে আপাতদৃষ্টিতে যে-সকল ছুল পদার্থ জ্যোতিহীন, তাদের মধ্যে প্রচ্ছন-আকারে নিত্যই জ্যোতির
ক্রিয়া চলছে। এই মহাজ্যোতিরই সৃদ্ধ বিকাশ প্রাণে এবং আরও স্ক্ষতর বিকাশ
চৈতন্তে ও মনে। বিশ্বসৃষ্টির আদিতে মহাজ্যোতি ছাড়া আর কিছুই যথন পাওয়া
বায় না, তথন বলা যেতে পারে চৈতক্তে তারই প্রকাশ। জড় থেকে জীবে একে একে

পর্দা উঠে মাছষের মধ্যে এই মহাচৈতত্তের আবরণ ঘোচাবার সাধনা চলেছে। চৈতত্তের এই মুক্তির অভিব্যক্তিই বোধ করি স্পটির শেষ পরিণাম।

পণ্ডিতেরা বলেন, বিশ্বজগতের আয়ু ক্রমাগতই ক্রয় হচ্ছে একথা চাপা দিয়ে রাথা চলে না। মানুষের দেহের মতোই তাপ নিয়ে জগতের দেহের শক্তি। তাপের ধর্মই হচ্ছে যে, খরচ হতে হতে ক্রমশই নেমে যায় তার উন্মা। সুর্যের উপরিতলের স্তরে যে তাপশক্তি আছে তার মাত্রা হচ্ছে শৃত্য ডিগ্রির উপরে ছয় হাজার সেণ্টিগ্রেড। তারই কিছু কিছু অংশ নিয়ে পৃথিবীতে বাতাস চলছে, জল পড়ছে, প্রাণের উভ্যমে জীবজন্ত চলাফেরা করছে। সঞ্চয় তো ফুরোচ্ছে, একদিন তাপের শক্তি মহাশৃত্যে ব্যাপ্ত হয়ে গেলে আবার তাকে টেনে নিয়ে এনে রূপ দেবার যোগ্য করবে কে। একদিন আমাদের দেহের সদাচঞ্চল তাপশক্তি চারি দিকের সঙ্গে একাকার হয়ে যথন মিলে যায়, তথন কেউ তো তাকে জীবযাত্রায় ফিরিয়ে আনতে পারে না। জগতে যা ঘটছে, যা চলছে, পিঁপড়ের চলা থেকে আকাশে নক্ষত্রের দৌড় পর্যন্ত, সমন্তই তো বিশ্বের হিসাবের থাতায় থরচের অন্ধ ফেলে চলেছে। সে সময়টা যত দ্বেই হোক একদিন বিশ্বের নিত্যগরচের তহবিল থেকে তার তাপের সম্বল ছড়িয়ে পড়বে শৃত্যে। এই নিয়ে বিজ্ঞানী গণিতবেতা বিশ্বের মৃত্যুকালের গণনায় বসেছিল।

আমার মনে এই প্রশ্ন ওঠে, সূর্য নক্ষত্র প্রভৃতি জ্যোতিদ্বের আরম্ভকালের কথাও তো দেখি অন্ধ পেতে পণ্ডিতেরা নির্দিষ্ট করে থাকেন। অসীমের মধ্যে কোথা থেকে আরম্ভ হল। অসীমের মধ্যে একান্ত আদি ও একান্ত অন্তের অবিখাস্থ তর্ক চুকে যায় যদি মেনে নিই আমাদের শাস্ত্রে যা বলে, অর্থাৎ কল্পে কল্পান্তরে সৃষ্টি হচ্ছে, আর বিলীন হচ্ছে, ঘুম আর ঘুম-ভাঙার মতো।

সৌরলোকের বিভিন্ন জ্যোতিকের গতি ও অবস্থিতির ভিতর রয়েছে একটা বিরাট শৃঙ্খলা; বিভিন্ন গ্রহ, চক্রপথে প্রায় একই সমক্ষেত্রে থেকে, একটা ঘূর্ণিটানের আবর্তে ধরা প'ড়ে একই দিকে চ'লে স্থপ্রদক্ষিণের পালা শেষ করছে। স্বাইর গোড়ার কথা ধারা ভেবেছেন তাঁরা এতগুলি তথ্যের মিলকে আকস্মিক ব'লে মেনে নিতে পারেন নি। যে মতবাদ গ্রহলোকের এই শৃঙ্খলার স্কন্পাই কারণ নির্দেশ করতে পেরেছে তা-ই প্রাধান্ত পেয়েছে সব চেয়ে বেশি। যেসব বস্তুসংঘ নিয়ে সৌরমগুলীর স্বাই তাদের ঘূর্ণিবেগের মাত্রার হিসাব একটা প্রবল অস্তরায় হয়ে দাঁড়িয়েছে এসব মতবাদকে গ্রহণযোগ্য করার পক্ষে। হিসাবের গ্রহমিল যেখানে মাত্রা ছাড়িয়ে গেছে সেই মতকেই দিতে হয়েছে বাতিল করে। ঘূর্ণিবেগের মাত্রা প্রায় ঠিক রেখে যে দ্ব-একটি মতবাদ এত কাল টিকে ছিল তাদের বিশ্বক্ষেও নৃতন বিম্ন এনে উপস্থিত হয়েছে।

আন্দেরিকার প্রিশ্বটন বিশ্ববিদ্যালয়ের মানমন্দিরের ভিরেক্টর হেনরি নরিদ রাদেল সম্প্রতি জীন্দ ও লিট্লটনের মতবাদের যে বিক্লম্নমালোচনা করেছেন তাতে মনে হয় কিছুদিনের মধ্যেই এদেরও বিদায় নিতে হকে গ্রহণযোগ্য মতবাদের পর্যায় থেকে, পূর্ববর্তী বাতিল-করাদের পাশেই হবে এদের ছান। নক্ষত্রের সংঘাতে গ্রহলোকের স্পন্ত হলে জলন্ত গ্যাসের যে টানাস্ত্র বের হয়ে আগত তার তাপমাত্রা এত বেশি হত যে এই বাল্পপিণ্ডের বিভিন্ন জংশ ছিন্নবিচ্ছিন্ন হয়ে পড়ত। কিন্তু অভিক্রত তাপ ছড়িয়ে দিয়ে এই টানাস্ত্র ঠাণ্ডা হয়ে একটা স্থিতি পেতে চাইত; এই হই বিক্লম শক্তির ক্রিয়ায়, মৃক্তি আর বন্ধনের টানাটানিতে কার জিত হবে তাই নিয়েই হেনরি রাসেল আলোচনা করেছেন। আমাদের কাছে ছর্বোধ্য গণিতশাল্রের হিসাব থেকে মোটাম্ট প্রমাণ হয়েছে যে টানাস্ত্রের প্রত্যেকটি পরমাণ্ড তেজের প্রবল অভিঘাতে বিবাগী হয়ে মহাশৃত্যে বেরিয়ে পড়ত, জমাট বেঁধে গ্রহলোক স্বন্ধী করা তাদের পক্ষে সন্তব হত না। যে বাধার কথা তিনি আলোচনা করেছেন তা জীন্স ও বিট্ল্টনের প্রচলিত মতবাদের মূলে এসে কঠোর আঘাত ক'রে তাদের আজ ধ্লিসাৎ করতে উত্তত হয়েছে।

# छिक्तिशंज : इरील-क्रमारली २८

পৃষ্ঠা	<b>পং</b> স্ক্রি	অন্তহ	<b>3</b> ₹
54	20	. ৰিতে	ত্তনিত্তে
t o	2	প্রলোপকরোগে	প্রশাপকরোগে
>>0	२२	ভোজনের	ভোজের
>80	. 23	<b>ग</b> र्थ!	नथी
२५७	e	ছাড়িবে	ছাড়িবি
२१•	1	পাতা	পাত
२१६	•	নেবে	দেব
৬১৩	<b>9</b> •	অতি ছিটেগুলির	অতি থুদে ছিটেগুলির
৩৬•	٤۶.	<b>ম্</b> টিং	त्रहिर
२१• २१६ ७४७	9 %	পাতা দেবে অতি হিটেগুলির	পাত দেব অতি খুদে ছিটেগুলিঃ

# ্র গ্রন্থপরিচয়

্রিচনাবলীর বর্তমান থণ্ডে মৃদ্রিত গ্রন্থগুলির প্রথম প্রকাশের তারিথ ও রচনা সংক্রোন্ত অক্যান্ত জ্ঞাতব্য তথ্য গ্রন্থপরিচয়ে সংক্রলিত হইল।

# রোগশয্যায়

'বোগশব্যায়' ১৩৪৭ সালের পৌষ মাসে প্রথম প্রকাশিত হয়। মূল ফোটোগ্রাফ ও রবীক্রনাথের স্বাক্ষর সংবলিত মাত্র পঞ্চাশথানি গ্রন্থের একটি বিশিষ্ট সংস্করণও সেই সময়ে প্রকাশিত হইয়াছিল।

১৯৪০ সালের ১৯ সেপ্টেম্বর রবীন্দ্রনাথ শাস্তিনিকেতন হইতে কালিপ্পঙ যাত্রা করেন এবং সেথানে গৌরীপুরভবনে ২৬ সেপ্টেম্বর তারিথে হঠাৎ অত্যন্ত অস্থ্য ক্ষুষ্ট্রা পড়েন। ২৯ তারিখে অচেতন অবস্থায় তাঁহাকে কলিকাতায় আনা হয়। প্রায় দেড়মাস জোড়াসাঁকোয় অবস্থানের পর নভেম্বরের মাঝামাঝি অপেক্ষাকৃত স্বস্থ বাধে করায় ডাক্টারের অমুমতিক্রমে তিনি শাস্তিনিকেতনে প্রত্যাবর্তন করেন। রবীন্দ্রনাথের জীবনের এই সর্বশেষ রোগশ্য্যাপর্বের সর্বাপেক্ষা নির্ভর্যোগ্য বিবরণ শ্রীপ্রতিমা ঠাকুর 'নির্বাণ' গ্রন্থে বিশদভাবে লিখিয়াছেন। রোগশ্য্যায় ও আরোগ্য-পর্বের কবিতা রচনা প্রসঙ্গে উক্ত গ্রন্থের নিমোদ্ধত কিয়দংশ প্রণিধানযোগ্য:

প্রথম মাদ [অটোবর] বাৰামণারের চেতনা ঝাপদা ছিল, মাঝে মাঝে সচেতন হতেন আবার বিমিয়ে পাড়তেন; দিতীয় মাদ থেকে তিনি সম্পূর্ণ চেতনা ফিরে পান এবং মূথে মূথে মূথে মূড়া তৈরি করেন, কবিতা লিখতে থাকেন; সেই সময় আশেপাশে বারা থাকতেন তারা টুকে নিতেন সেইসব রচনা। ডাজারদের মতে তথনকার মতো বিপদক্ষনক সময় কেটে গোলেও তিনি পূর্বের মতো হুছ হতে পারেন নি। তথন তিনি কুলী। ডাজাররা নভেত্বর মাদে তাঁকে শান্তিনিকেতনে নিরে যাবার অনুমতি দিলেন। দেখানকার থোলা হাওয়া, শীভের তালা ভাব, সমন্তই প্রথম খালার তাঁর দেহ-মনকে সন্তান ক'রে তুলন, মনে হল হয়তো একটা আরোগ্য আনবে। হয়তো আবার পূর্বের মতো চ'লে-ফিরে বেড়ানো তাঁর পক্ষে সম্ভব হবে। কলকাতার থাকার সময় শেবের বিকে বে-কবিডাগুলি লিখেছিলেন, বেশির ভাগ সেইগুলিই 'রোগশবারি' নাম দিয়ে ছাপা হল। এই বই এবং 'আরোগে)'র অনেক কবিডাই তাঁর নিঠাবান অনুরাণী সেবক-সেবিকার উদ্দেশে লেখা।

—निर्वान, भू ७८-७१

রোগশয্যায় গ্রন্থখানি 'যে-ছটি নারীর উদ্দেশে' উৎসর্গীকৃত, 'নির্বাণে' শ্রীপ্রতিমা দেবীর সাক্ষ্য অনুসারে তাঁহাদের নাম শ্রীনন্দিতা কুণালনী ও শ্রীঅমিতা ঠাকুর। 'তি অক্টোবর' তারিখনিছিত তনং কবিতাটি জোড়াসাঁকোয় চেতনাপ্রাপ্তির পরে রচিত রবীজ্ঞনাথের সর্বপ্রথম কবিতা। ১৩৪৭ সালের অগ্রহায়ণের প্রবাসী পত্রিকায় উক্ত কবিতাটি 'জপের মালা' নামে এবং ৪নং কবিতাটি 'ঝণশোধ' নামে প্রথম প্রকাশিত হয়।

৬, ৭ ও ৩১ নং কবিতা তিনটি যথাক্রমে 'ভোরের চর্দুই পাখি', 'গহন রজনী' ও 'অপবাদ' নামে প্রবাদীর ১৩৪৭ পোষ সংখ্যায় প্রথম মৃদ্রিত হয়। অক্সান্ত কবিতাগুলি কিঞ্চিং অধিক একমান কালের মধ্যে (৩০ অক্টোবর হইতে ৫ ডিসেম্বর তারিথের মধ্যে) রচিত এবং গ্রন্থাকারেই সর্বপ্রথম প্রকাশিত হইয়াছিল।

# আরোগ্য

'আরোগ্য' ১৩৪৭ দালের ফান্ধন মাদে প্রকাশিত হয়। ইহার সমস্ত কৃবিতাই কলিকাতা হইতে শান্তিনিকেতনে প্রত্যাবর্তনের পরে রবীন্দ্রনাথ মূথে মূথে রচনা করেন। অধিকাংশ কবিতাই কোনো পত্রিকায় বাহির হয় নাই।

তনং কবিতাটির একটি পূর্বতন পাঠ সাপ্তাহিক 'দেশ' পত্রিকার অষ্টম বর্ষ, নবম সংখ্যায় (২৭ পৌষ ১৩৪৭, পৃ ৩৩৭) 'দূরস্থতি' নামে প্রথম মৃদ্রিত হয়। পত্রিকায় উক্ত কবিতার দৈর্ঘ্য ছিল মোট ২৮ ছত্র, রচনার কাল ও স্থান মৃদ্রিত হইয়াছিল '২৭।১২।৪০ উদয়ন'। পাঠান্তর স্বরূপ উহার শেষাংশ দেশ পত্রিকা হইতে নিম্নে উদ্ধৃত হইল:

বর্ণহীন প্রোঢ় প্রভাতের
ছায়াতে আলোতে
আমার চিত্তের ধারা ভাসাইয়া চলে
ফেনায় ফেনায়।
স্পর্ন করি' শৃত্তের কিনারা
জ্বেলেডিঙি চলে পাল তুলে,
যুথশুষ্ট মেঘ পড়ে থাকে আকাশের কোণে।
সমস্ত দিনের পটে
অতি ক্ষাণ চিহ্ন দেয় কর্মের চিস্তার রেথাগুলি,
পরক্ষণে মৃছে যায়।
স্বচ্ছ আনন্দের রূপ স্তন্ধ হেরি অন্তরে বাহিরে
প্রসারিত পাগুনীল আকাশের তলে।

# হেখায়কাছিয়া দেখি বিরদ প্রান্তর

সংসারের দায়হারা

তপ্ত শ্যাশায়ী

অকর্মণ্য রোগীসম।

সন্ধীহীন ছায়াহীন তালগাছ শৃত্যে চেমে থাকে, দেখি সেই ক্বপণের মাঝে

দীর্ঘ দিনে আপনার নিরর্থক ভাবনার ছবি।

১৯নং কবিতাটি 'দেশ' পত্রিকার অষ্টম বর্ষ, দশম সংখ্যায় (ে মাঘ ১৬৪৭, পৃ ৬৭৯) 'দিদিমণি' নামে প্রকাশিত হইয়াছিল।

# **जन्म** पिटन

'জন্মদিনে' ১৩৪৮ সালের পন্নলা বৈশাখ, শান্তিনিকেতনের রবীন্দ্র-জন্মোৎসব দিবসে প্রকাশিত হয়। ইহার অনেকগুলি কবিতাই সাময়িক পত্তে পূর্বে প্রকাশিত হইয়াছিল। নিম্নে প্রকাশস্চী মুদ্রিত হইল:

- ২ 'অপরিদমাপ্ত': বৈশাখী বার্ষিকী ১৩৪৮
- ৫ 'জন্মদিন' ১ : প্রবাসী ১৩৪৭ জ্যৈষ্ঠ

3

- ৬ २ : প্রবাদী ১৩৪৭ জ্যৈষ্ঠ
- १ ७ : প্রবাদী ১৩৪৭ জ্যৈষ্ঠ
- ৮ 'জনমৃত্য' : প্রবাদী ১৩৪৭ জৈষ্ঠ
- ৯ 'জলচর': প্রবাদী ১৩৪৭ কার্তিক
- ১০ 'ঐকতান': প্রবাসী ১৩৪৭ ফান্ধন
- ১১ 'প্ৰণম প্ৰৈতি' প্ৰবাদী ১৩৪৭ আখিন
- ১২ 'পথের শেষে': প্রবাসী ১৩৪৮ বৈশাখ
- ১৪ 'কালিম্পডের চিঠি': পরিচয় ১৩৪৭ কার্তিক
- ১৫ 'গিরি-নিবাস': প্রবাসী ১৩৪৮ বৈশাথ
- ১৬ 'নবজাতকের উত্তর-কাগু': প্রবাদী ১৩৪৭ আষাঢ়
- ১৭ 'আবোগ্য': প্রবাসী ১৩৪৭ মাঘ
- ১৮ 'চিবস্মরণীয়': প্রবাসী ১৩৪৭ ফাস্কন
- ১৯ 'ছেলেবেলা': প্রবাসী ১৩৪৭ কার্ডিক

২০ 'আগ্ৰুম বাগ্ৰুম ঘোড়াডুম লাকে': প্ৰবাসী ১৩৪৭ চৈত্ৰ

২১ 'অভিশাপ': প্রবাসী ১৩৪৭ আর্যাঢ়

২৫ 'অন্ত:শীলা': প্রবাসী ১৩৪৭ মাঘ

৫, ৬ ও ৭ নং কবিতার রচনা সম্পর্কে শ্রীমতী মৈত্রেয়ীয়নেশীর 'মংপুতে রবীজ্বনাথ' গ্রন্থ হইতে প্রাসন্থিক কিয়দংশ নিয়ে উদ্ধৃত হইল :

পঁচিলে বৈশাবের ছু'তিন বিন আগে একটা রবিবারে এখানে উৎসবের বন্দোবন্ত হল। সকাল বেলা দণটার সময় আন করে কালো জামা কালো রঙের জুভো পারে [রবীজ্ঞানাখ] বাইরে এসে বমলেন। কাঠের বৃদ্ধমূর্তির সামনে বসে একজন বৌদ্ধ বৃদ্ধ জোত পাঠ করল। উনি [রবীজ্ঞানাখ] সিশোপনিবদ্ধ থেকে অনেকটা পড়বেন। সেই বিন ছপুর বেলা 'জ্মাবিন' ব'লে তিনটে কবিতা লিখেছিলেন, তার মধ্যে বৌদ্ধ-বৃদ্ধের কথা ছিল। বিকেল বেলা দলে দলে স্বাই আসতে লাগাল—আমাদের পাহাড়ী দরিক্র প্রতিবেশী, সানাই বাজতে লাগাল, গেরুয়া রঙের জামার উপর মালাচক্ষনভূষিত আত্মর্য বর্গীর সেই সৌন্দর্য স্বাই তদ্ধ হয়ে দেখতে লাগাল। ঠেলা-চেরারে করে বাড়ির পথ বিশ্লে খীরে ধীরে ওঁকে নিয়ে বাওরা ছচ্ছিল, দলে দলে পাহাড়ীরা প্রণত হরে ফুল দিছিল। প্রত্যেকটি লোক শিশু বৃদ্ধ না কিছু ফুল এনেছে। ওরা বে এমন করে ফুল দিতে জানে তা আগে কখনও মনে করি নি। তিবাতীরা পরাল 'বর্গা' গাছের ছতোর বোনা আফ', বা ওরা লামাদের পরার। ফুলে প্রায় আবৃত হরে নিয়েছিলেন। শন্ধধনির মধ্যে 'শিলাভলে' এনে ব্দলেন, তিবাতী আর ভূটানীরা শুল করেলে ভাগের জালী তাওব নাচ।

-- मः भूट द्वी खनां थ, मः २, भ २००-०७

৮নং কবিতায় 'প্রিয়মৃত্যুবিচ্ছেদের' সংবাদের যে উল্লেথ, তাহা রবীক্রনাথের পরম স্বেহভাজন ভ্রাতৃষ্পুত্র স্থরেজ্রনাথ ঠাকুরের পরলোকগমনের সংবাদ। কবিতাটি উপরে বর্ণিত উৎসব-দিবসের পরদিন বৈকালে রচিত।

'মংপুতে রবীন্দ্রনাথ' গ্রন্থ-লেখিকার সাক্ষ্য (পৃ ২৩৭-৬৮) অনুসারে ১১ নং কবিতাটি ১৩৪৭ সালের বৈশাথ মাসে মংপুতে রচিত হইয়াছিল।

১৪ নং কবিতাটি কালিম্পঙ হইতে (২৫ সেপ্টেম্বর ১৯৪০) শ্রীযুক্ত অমিয় চক্রবর্তীকে যে পত্রের সহিত ববীক্ষনাথ পাঠাইয়াছিলেন তাহার প্রাদদিক অংশ নিম্নে মুক্তিত হইল:

কর্তব্যের সংসারের দিকে পিঠ ফিরিয়ে বদে আছি। রক্তে জোয়ার আসবে ব'লে মনে হচ্ছে যেন। শারদা পদার্পণ করেছেন পাহাড়ের শিখরে, পায়ের তলায় মেঘপুঞ্জ কেশর ফুলিয়ে শুক্ত হয়ে আছে। মাধার কিরীটে সোনার রৌজ বিচ্ছুরিত। কেদারাম বদে আছি সমত - দিনু মনের দিক্পাতে কণে কণে তনি বীণাপাণির বীণার গুঞ্জরন তারই একটুখানি নম্না পাঠাই।

— কালিম্পত্তের চিঠি: পরিচয় ১৩৪৭ কার্ডিক, পৃ ৬৩২

ইহার পরদিন, ২৬ সেন্টেম্বর হইতে সাংঘাতিক অন্তম্ম হইরা রবীক্রনাথ মাসাধিক কাল প্রায় অচৈতত্ত অবস্থায় কাটান, এবং ক্রমে কিঞ্চিৎ স্কম্ম হইবার পর ৩০ অক্টোবর (১৯৪০) তারিখে রোগশ্যায় পুনরায় কবিতা রচনা শুরু করেন।

১৫ নং কবিতা প্রবাসীতে 'মিক্রা—' সম্বোধনে প্রকাশিত হইয়াছিল। শ্রীমৈত্রেয়ী দেবীর উদ্দেশে উক্ত সম্বোধন।

১৬ নং কবিতা 'কল্যাণীয় শ্রীযুক্ত অমিয় চক্রবর্তী'কে 'নবজাতকের উত্তর-কাণ্ড' নামে পত্রাকারে প্রেরিত হইয়াছিল। ১৬৪৭ আধাঢ়ের প্রবাসীতে ৩৫৩ পৃষ্ঠায় প্রকাশিত ২নং 'পত্রালাপ' স্কষ্টব্য।

১৩৪৭ সালের ৭ পৌষ উৎসবে শান্তিনিকেতন-মন্দিরে 'আরোগ্য' নামে রবীন্দ্রনাথের যে মুদ্রিত ভাষণ পঠিত হয় ১৭ নং কবিতাটি তাহারই, উপসংহার। রচনা-তারিথ ১২ ডিসেম্বরের পরিবর্তে সম্ভবত '২২ ডিসেম্বর' হইবে।

১৮ নং কবিতাটি 'চিরশারণীয়' নামে ১৩৪৭ ফাস্কুনের প্রবাসীতে রবীস্ত্রনাথের '১১ মাঘ' ভাষণের শেষে (পৃ ৫৮০) মৃক্রিত হইয়াছিল। উহার রচনাকাল মাঘ ১৩৪৭ বলিয়া মনে হয়।

২৫ নং কবিতাটির রচনা-তারিথ প্রবাসী পত্রিকা অন্ত্র্পারে ( ১৩৪৭ মাঘ, পৃ ৪২৭ ) '২৮ মে ১৯৪০' হউবে।

উপসংহারে ইহা উল্লেখযোগ্য যে, এই 'জন্মদিনে' বইখানি কবির জীবিতকালে প্রকাশিত সর্বশেষ কবিতা-গ্রন্থ।

#### শ্রোবণগাথা

'শ্রীবণগাথা' ১৩৪১ দালের শ্রীবণ মাদে প্রকাশিত হয়। উক্ত দালের '২৬ ও ২৭ শ্রীবণ' তারিখে শান্তিনিকেতনে নৃত্যগীত সহযোগে ইহার 'প্রথম অভিনয়' হয়।

১১৭ পৃষ্ঠায় মৃত্রিত "তৃফার শান্তি" গানের একটি সম্পূর্ণ স্বতন্ত্র পাঠ কৌতূহলী পাঠক চিত্রাঙ্গদা নৃত্যনাট্যে ১৫৪ পৃষ্ঠায় দেখিতে পাইবেন।

# नृजानांगें विवास

গ্রন্থারন্তে 'বিজ্ঞপ্তি'তে কবি বলিয়াছেন "এই গ্রন্থের অধিকাংশই গানে রচিত"। সেই দক্ষে ইহাও উল্লেখযোগ্য যে, আলোচ্য নাটকে কেবলমাত্র নিম্ননির্দেশিত অংশগুলিই "কাব্য-আবৃত্তির আদর্শে" রচিত:

১৩৪ পৃষ্ঠায় 'সধী'র উব্ধি "পথা, কী দেখা দেখিলে তৃমি—প্রথম চিনিল আপনারে।"-ছঃ

১৩৭ পृष्टीम 'চিত্রাবদা'র উক্তি "হাম হাম---বদন্তেরে করিল ব্যাকুল।"

১৩৮ পৃষ্ঠায় 'একজন দগী'র উক্তি "ব্রহ্মচর্য ! --- দাও তারে অবলার বল।"

১৪০-৪১ পৃষ্ঠায় 'নৃতনরূপপ্রাপ্ত চিত্রাঙ্গলা'র উক্তি "এ কী দেখি শু--ধরণীর চিরভাবহেলা।" এবং "মীনকেতু···উন্নাদ করেছে মোরে।"

১৪৩ পৃষ্ঠায় 'অন্তুর্ন'-এর উক্তি "হে স্থন্দরী···অজানার পথে।"

১৪৪ পৃষ্ঠায় 'চিত্রাঙ্গদা'র উত্তর "তবে তাই হোক···নিমিষের সোহাগিনী।"

১৪৪-৪৫ পৃষ্ঠায় 'অজু ন'-এর উক্তি "আজ মোরে---শেষ পরিণাম।"

১৪৫ পৃষ্ঠায় 'চিত্রাঙ্গদা'র উত্তর "সে আমি যে আমি নই নাও যাও ।"

'অজুন'-এর উক্তি "এ কী তৃষ্ণা--সর্বান্ধ টুটিয়া।"

১৫১ পৃষ্ঠায় 'দখী'র উক্তি "রমণীর মন ভোলাবার…বীরোত্তম।"

১৫৩ পৃষ্ঠায় 'দখী'র উক্তি "হে কৌন্তেয়···সেবিকার পানে।"

১৫৬ পৃষ্ঠার বৈদিক মন্ত্রগুলিও, বলা বাহুল্য, অভিনয়কালে আবৃত্তি করা হইয়া থাকে।

শ্রীমতী প্রতিমা দেবী কর্তৃক লিখিত ও ববীন্দ্রনাথ কর্তৃক অহুমোদিত "চিত্রাক্দা নৃত্যনাট্য" প্রবন্ধের নিয়োদ্ধত অংশ এই প্রসঙ্গে প্রণিধানযোগ্য: চিআলদার আর-একট বিশ্বে নিনিস হল ছোটো ছোটো কবিতাগুলি, তারা সাবে সাবে স্বে ধরিরে বিবেছে মূল জীবার, পান ও নাচ বছ করে নর্শকের চিজকে বিশান নেওবার সলে নাটকের ঘটনাস্ত্রের বোগ রাখাই ক্রিক্তিক ভাল, এই করিজাগুলির হন্দ নেহের নৃত্যনীসাকে বাঁচিরে রাথে। প্রবর্তী নৃত্য বে আবার প্রেই ভ্লীর সধ্যে সাড়া দিয়ে উঠবে এ বেন তারই ভূমিকা।

-- धवांनी, ३७४७ देहत, नृ १३२

১৩৪৩ সালের প্রবাসীতে পৌষ সংখ্যায় (পৃ ৪২৬-৩৪) "নৃত্যনাট্য চিত্রাঙ্গদা" প্রবদ্ধে শ্রীধৃর্জটিপ্রসাদ ম্থোপাধ্যায় ('কথা ও হুর' গ্রন্থের শেষ প্রবদ্ধ ) এবং চৈত্র সংখ্যায় (পৃ ৭৮৯-৯৩) "চিত্রাঙ্গদা নৃত্যনাট্য" প্রবদ্ধে শ্রীপ্রতিমা দেবী রবীজ্ঞনাথের এই নাটকটির শিল্পকলা সম্বদ্ধে বিস্তারিত আলোচনা করিয়াছিলেন। শেধান্ত প্রবদ্ধের ক্যেকটি প্রাসৃষ্ধিক ছত্র নিয়ে উদ্ধৃত হইল:

চিত্রালদার সম্বন্ধে আলোচনার সময় মনে রাখতে হবে বে বৃত্যানটো কথাকোশল কথার ভাষা নিয়ে কারবার করে না, তার ভাষা হল হার ও তাল; ভাষ খেলে তার দেহরেবার। এই রেখার খেলা মাতেই ছবির বিষয় এনে পড়ে, তাই তার অস্তে পটভূমির দরকার হয় রঙ ও আলো। এই রঙ আলো হাড়া নৃত্যাকলার পরিপ্রেক্তি ফুটিরে তোলা শক্ত, বিশেষতঃ বর্ষন সে নাটকীর রাজ্যে সিরে পৌছর। নাচেতে সেহের রেখা খুব নির্পুত হওরা চাই, কোখাও তার কোনো অবাস্তর জন্ম হলে তালের সঙ্গে ভঙ্গীর সংগতি মঞ্চা করা ছল্লছ হরে পড়ে। রেখা ও তালের মিলন ছাড়া নৃত্যকলা পূর্বতা লাভ করতে পারে না। কবিতা ও গতে বে তফাং, নৃত্যাটোর সঙ্গে বিশুক নাটকের সেই রক্ষই পার্থকা।

—প্ৰবাসী, ১৩৪৩ চৈত্ৰ, পু ৭৯২

১৬৪২ সালের ফান্ধনে নৃত্যনাট্যটির প্রথম বারের অভিনয় আরম্ভ হইবার পূর্বে নাট্যের মর্মকথাট অভিনয়-মঞ্চ হইতে রবীন্দ্রনাথ নিম্নলিখিত ভাষায় ব্যক্ত করেন।

প্রভাতের প্রথম আভাস অরুণবর্ণ আভার আবরণে,
অর্ধস্থ চক্ষুর 'পরে লাগে তারি আঘাত।
অবশেষে সেই আবরণ ভেদ ক'রে সে আপন নিরঞ্জন শুত্রতায়
সমূজ্জল হয়ে ওঠে জাগ্রত জগতে।
তেমনি সত্যের প্রথম আবির্ভাব সাজ-সজ্জার বহিরকে, বর্ণবৈচিত্র্যে,
তাই দিয়ে অসংস্কৃত চিত্তকে সে করে মৃধ।
অবশেষে নিজের সেই আচ্ছাদন যখন সে মোচন করে
তখন প্রবৃদ্ধ মনের কাছে নির্মল মহিমায় তার বিকাশ।
এই কথাটিই চিত্রাকদা নাট্যের মর্মকথা।

এই নাট্যকাহিনীর মধ্যে আছে, প্রথমে প্রেমের বন্ধন নাহাবেশে, পরে তার মৃক্তি সেই কুহক হতে নিরলংকার সত্যের সহজ্ব মহিমাম।

- अवांनी ১७४२ हिता, शृ ५७०

চিত্রাক্ষণ নৃত্যনাট্যের প্রচলিত 'ভূমিকা'-অংশের ইহাই আদি পাঠ।
আলোচ্য নৃত্যনাট্য প্রসক্ষে উল্লেখ করা যাইতে পারে যে, মূল নাট্যকাব্য
'চিত্রাক্ষণ' রবীন্দ্র-রচনাবলীর তৃতীয় খণ্ডে নাটক ও প্রহ্মন বিভাগে ইতিপ্রেই
মুক্তিত হইয়াছে।

# নৃত্যনাট্য চণ্ডালিকা

আলোচ্য নাটিকাটি ১৩৪৪ সালের ফান্ধন মাসে 'চণ্ডালিকা নৃত্যনাট্য' নামে পুষ্টিকা আকারে প্রথম প্রকাশিত হয়। ১৮, ১৯ ও ২০ মার্চ তারিখে (১৯৩৮) কলিকাতায় "ছায়া" রঙ্গাঞ্চে সাধারণের সমক্ষে উহা সর্বপ্রথম অভিনীত ইইয়াছিল।

পরবর্তী সালে ৯ ও ১০ ফেব্রুয়ারি তারিথে (১৯৩৯) কলিকাতার "শ্রী" রঙ্গমঞ্চে পুনরভিনয়ের কয়েক মাস পূর্ব হইতেই রবীন্দ্রনাথ নাটিকাটিকে আগাগোড়া পরিমার্জিত করিয়া নৃত্যে সংগীতে নৃতন আকার দান করেন। ১৩৪৫ সালের চৈত্র মাদে 'নৃত্যনাট্য চণ্ডালিকা' নামে স্বরলিপি-সহ একটি নৃতন সংস্করণ বাহির হয়। রবীন্দ্র-রচনাবলীর বর্তমান সংস্করণে উক্ত নৃতন সংস্করণের পাঠ মৃদ্রিত হইয়াছে। প্রথম সংস্করণের সহিত স্বরলিপি-সংস্করণের প্রধান প্রভেদ এই যে শেষোক্ত সংস্করণে প্রথম দৃশ্রের আরজে ফুলওয়ালির দলের "নব বসজের গানের ভালি" গানটি নৃতন সংযোজন, এবং নিচের তুইটি গান সম্পূর্ণ বর্জিত হইয়াছে।

আয় রে মোরা ফসল কাটি।
মাঠ আমাদের মিতা, ওরে, আব্দু তারি সওগাতে
ঘরের আঙন সারা বছর ভরবে দিনে রাতে।
নেব তারি দান,
সোনার রঙের ধান,
তাই-যে গাহি গান,
তাই-যে হবে থাটি।

এই গানটি প্রথম দৃশ্রে "মাটি তোদের ডাক দিয়েছে" গানের (পৃঠ৬৭) অব্যবহিত পূর্বে 'পুরুষ' দলের গান রূপে ছিল।

হন্যে মন্ত্রিল ভমক গুৰুগুৰু, ইভ্যাদি (শ্রাবণগাধা, পু ১১৪ দ্রইব্য )

ষিতীয় দৃশ্যের সর্বশেষে (পু১৭৮) ইহা 'পুরুষদলের নৃত্য' হিসাবে ব্যবহৃত হইয়াছিল।

নৃত্যনাট্যটির প্রথম সংস্করণের শুক্ততে চণ্ডালিকা মূল নাটকের 'ভূমিকা'টি ও সমগ্র নাট্যবিষয়ের রবীন্দ্রনাথ-কৃত একটি 'পরিচয়' সন্ধিবেশিত হইয়াছিল। ভূমিকাটি রবীন্দ্র-রচনাবলীর অয়োবিংশ থণ্ডে (পৃ১৩৩) একবার মৃদ্রিত হইয়াছে বলিয়া বর্তমান থণ্ডে পুনরায় দেওয়া হইল না। 'পরিচয়' অংশটি নিম্নে আছোপান্ত মৃদ্রিত হইল:

#### পরিচয়

(সমগ্র চণ্ডালিকা নাটিকার গভ এবং পভ অংশে হ্রর দেওয়া হয়েছে। এই কারণে মনে রাখা দরকার এই নাটিকা দৃশ্য এবং শ্রাব্য, কিন্তু পাঠ্য নয়।)

#### প্রথম দৃহ

ফুল বিক্রি করতে চলেছে মেয়েরা। (গান)
চণ্ডালকতা প্রকৃতি ফুল চাইতেই তার স্পর্শ বাঁচিয়ে সবাই চলে গেল।
দইওয়ালা এল। সেও প্রকৃতিকে এড়িয়ে চলে গেল।
চুড়িওয়ালা এল, সেও খ্বণা করে ওকে চুড়ি বেচল না।

( সকলের প্রস্থান )

দেবতাকে নিন্দা ক'বে প্রকৃতির গীত নৃত্য।
বৌদ্ধভিক্ষা বৃদ্ধন্তব গান করে গেল রান্তা দিয়ে।
ঘরকলায় অবহেলা করছে ব'লে মা এসে প্রকৃতিকে ভংগনা করলে।
চির-লাঞ্চনায় জন্ম দিয়েছে ব'লে প্রকৃতি ধিকার দিলে তার মাকে।

( মায়ের প্রস্থান)

প্রকৃতির জল-তোলার অভিনয়।
বৃদ্ধশিশ্য আনন্দ এসে জল চাইলেন।
প্রকৃতি ক্ষমা চেয়ে বললে, "আমি চণ্ডালকন্তা, আমার কুয়োর জল অশুচি।"
আনন্দ বললেন, "যে মাহুষ আমি, তুমিও সেই মাহুষ। যে জল তৃষিতকে তৃপ্ত করে
সেই জলই পবিত্র তীর্থবারি।" প্রকৃতির হাতের জল থেয়ে তিনি চলে গেলেন।
২৫।২৮

পুলকিত মনে প্রকৃতির নৃত্য।

পাড়ার মেয়েপুরুষরা ওকে ফদলকাটার কাজে ডাকতে এল। ভাবাবেগে নিমগ্ন প্রকৃতি তাদের ফিরিয়ে দিলে।

#### বিতীর দক্ত

भूष्भ व्यर्ग निरम् भूतनात्रीता वृद्धत मन्तित हत्न रनन ।

প্রকৃতি গান গেয়ে বলছে, "ফুল মাটির কোলে ফুটেছে, দেবতা আসবেন সেই মাটির কাছেই আপন পূজা নিতে।"

মা এদে বললে, "তুই রোদ্রে পুড়ে উমার মতো তপস্থা করছিল নাকি।"

প্রকৃতি বললে, "আমি তাঁরই জ্ঞে তপস্থা করছি যিনি জামাকে ডাক দিয়ে গেছেন, যিনি আমাকে নতুন জন্ম দিয়েছেন। আমি তাঁকেই চাই যিনি আমাকে দিয়েছেন দেবিকার সম্মান।"

রাজবাড়ির অন্নচর এনে চণ্ডালিকাকে জানালে রানীর পোষা পাথি উড়ে গেছে, মন্ত্র প'ড়ে তাকে ফিরিয়ে জানতে হবে, এই আদেশ। (প্রস্থান)

মস্ত্রের কথা শুনে প্রকৃতি মাকে ধ'রে পড়ল, মন্ত্র প'ড়ে আনন্দকে তার কাছে আনিয়ে দিতে হবে।

মা ভয় পেয়ে দিধা করলে, বললে, "যদি আনিয়ে দিই তবে তার মূল্য দিতে গিয়ে তোর কিছুই বাকি থাকবে না।"

প্রকৃতি বললে, "আমার কিছুই বাকি থাকবে না জানি তর্ আমি ভয় করি নে।" মা রাজি হল।

বুদ্ধের ন্তব পাঠ করতে করতে ভিক্কুর দল পথ দিয়ে চলে গেল।

প্রকৃতি দেখলে আগে আগে চলেছেন আনন্দ, কিন্তু তার দিকে ফিরে তাকালেন মা, সেই খেদে সে আপনাকে ধিকার দিতে লাগল, আর মাকে বললে, তার ময়ে আরও জোর দিতে।

আকর্ষণী নুভ্যে যোগ দেবার জন্মে মা আপন শিয়াদের ডাক দিলে। তাদের প্রবেশ ও নৃত্য।

প্রকৃতির হাতে মায়াদর্পণ দিয়ে মা বললে, এই দর্পণ হাতে নিয়ে নাচলে যাকে কামনা করছে তার ছায়া দেখতে পাবে।—তাগুব নৃত্যে মা রুক্তভিরবের দলকে আহ্বান করলে। তাদের নৃত্য।

#### তৃতীয় দুক্ত

## মায়ের মন্ত্রনৃত্য।

আকাশে মেঘ ঘনিয়েছে দেখে প্রকৃতির আশা হল, মন্ত্র খাটবে, সন্ন্যাসীর শুষ্ক সাধনা উড়ে যাবে শুক্নো পাতার মতন।

মা বললে, "এইবার আয়নার সামনে নেচে দেখ্তো কী ছায়া পড়ল।"

প্রকৃতি আয়নায় দেখলে, আনন্দ আকাশে হাত তুলে থেকে থেকে কাকে যেন অভিশাপ দিচ্ছেন, নিজেকে কঠোরভাবে আঘাত করছেন। দেখে সে অমৃতাপে অভিভূত হল। বললে "আমার বুক ফেটে যাচ্ছে, এ দর্পণ আমি দেখব না।"

মায়া যখন বললে, "তা হলে মন্ত্র ফিরিয়ে নেওয়াই ভালো' প্রকৃতি প্রথমে তাতে সমতি দিলে, পরক্ষণেই বললে, "না, তোর মন্ত্র পড়্, আহ্বন তিনি, তুঃধ দিয়েই তার তঃধ মেটাব আমি।"

প্রকৃতি তার মাকে নাগপাশ মন্ত্র পড়তে বললে। (নাগপাশমন্ত্র নৃত্য)
(আহ্বান গানের দক্ষে শিগ্রাদের নৃত্য)
(আনন্দের ছায়া অভিনয়)

অবশেষে আনন্দ পরাভূত হয়ে কাছে এসে উপস্থিত হলেন। তথন মহাপুরুষের এই অপমান প্রকৃতি দহ্ করতে পারলে না। বললে, "প্রভূ, তুমি আমাকে উদ্ধার করতে এসেছ। আমি তোমাকে নিচে নামিয়ে এনেছি, তুমি আমাকে উপরে টেনে

তুলবে ব'লে।"

# দকলে মিলে বুদ্ধের স্তবমন্ত্র পাঠ ও প্রণাম।

## সমাপ্ত

কলিকাতায় পুনরভিনয় কালে প্রচারিত পুন্তিকা হইতে নৃত্যনাট্যটির রবীক্রনাথ কতু কি নৃতন করিয়া লিখিত আর-একটি সংক্ষিপ্ত পরিচয় নিয়ে মৃদ্রিত হইল:

## প্ৰথম দৃষ্ঠ

ফুলওয়ালির দল ফুল বিক্রি করতে এসেছে। চণ্ডালিকাও আনলে তার ফুলের তালি। সবাই ঘুণায় তার পাশ কাটিয়ে গেল। দইওয়ালা এল দই বেচতে, চণ্ডালিকা প্রকৃতি কেনবার জয়ে হাত বাড়াতেই দইওয়ালাকে সবাই নিষেধ করলে।

চুড়িওয়ালা এল চুড়ি বিক্রি করতে, প্রকৃতি চুড়ি কিনতে চাইতেই চুড়িওয়ালাকে স্বাই সতর্ক করে দিলে। চণ্ডালিকা মনের ছঃখে তার স্পষ্টকর্তাকে ধিকার দিলে। প্রকৃতির মা মায়ার প্রবেশ। ঘরের কাজে চণ্ডালিকার উদাসীয়া নিয়ে তাকে ভং সনা করতেই, মা তাকে অপমানের মধ্যে জন্ম দিয়েছে বলে তাকে তিরস্কার করলে। মা বিশিত হয়ে চলে গেল। বৃদ্দেবের শিয় আনন্দ এসে জল চাইলেন। তার হাতের জল অভিচি বলে চণ্ডালিকা সংকোচ প্রকাশ করলে। আনন্দ বললেন, "যে জল ভ্রিতের ভৃষণা দূর করে, তাপিতের তাপ শাস্ত করে, সেই জলই ভাট।" তিনি জল খেয়ে চলে গেলেন। তাঁর করণা ও তাঁর রূপে প্রকৃতির মন মৃশ্ধ হয়ে গেল পাড়ার মেয়েরা ধানকাটার কাজে ওকে ভাকতে এল। ও বললে,

"আমার ডেকো না আমায় ডেকো না— আমার কাজভোলা মন আছে দূরে কোন্ করে স্থানের সাধনা ॥"

#### ৰিতীয় দৃষ্ঠ

বৃদ্ধের পূজার অর্থ্য নিয়ে পথ দিয়ে চলে গেল পূজারিনীরা। প্রকৃতি এসে গাইলে,

"ফুল বলে ধন্য আমি, ধন্য আমি মাটির 'পরে— দেবতা ওগো তোমার পূজা আমার ঘরে ॥"

মা এসে বললে, "তুই অবাক করলি যে, উমার মতো তুই তপস্থা করছিদ নাকি। তোর দাধনা কার জন্মে।" চণ্ডালিকা বললে, "যে আমাকে আহ্বান করলে, তার জন্মে। আমি ছিলুম বাণীহারা, যে আমাকে বাণী দিয়েছে, আমার মনের মধ্যে যে বাজিয়ে দিয়ে গেছে 'জল দাও', তার জন্মে।" মা বললে, "তোর কাছে কে আবার জল চাইলে, দে কি তোর আপন লোক নাকি।" প্রস্কৃতি বললে, "তিনি বলেছেন, তিনি আমার আপন লোকই বটেন। তিনি আমাকে নব জন্ম দিয়েছেন। মন্ত্র পড়ে তুই নিয়ে আয় ভিক্কে এই অমানিতার পাশে, আমি তাঁকে আয়নিবেদনের সম্মান দেব।" এত বড়ো স্পর্ধার কথা শুনে মা শুন্তিত হয়ে গেল। এমন সময় ভিক্ক্র দল নিয়ে আনন্দ পথ দিয়ে চলে গেলেন। তার দিকে তাকালেন না দেখে চণ্ডালিকার অসহ কোভ হল। মা বললে, "মন্ত্র পড়ে আমি ওঁকে আনবই।" তার শিক্তাদের সঙ্গে সম্মেহন নৃত্য করে কন্সার হাতে একটা মায়াবর্পণ দিলে। বললে, "এই দর্পণ নিয়ে বথন তুই নাচবি দেখতে পাবি তাঁর কী দশা হচ্ছে।"

## তৃতীয় দুখ

এই দৃশ্যে ময়ের কাজ চলেছে। মায়াদর্পণে আনন্দের অভিভব-দৃশ্য দেখে মাঝে মাঝে প্রকৃতি অমৃতপ্ত হচ্ছে, মাকে নিষেধ করছে, আবার তাকে উৎসাহিত করছে। অবশেষে মহাকালনাগিনীমন্ত্র-প্রভাবে টান ধরল। পরাভূত আনন্দের অসমানে তৃংথার্ত হয়ে আনন্দকে প্রকৃতি প্রণাম করে বললে, "আমাকে ক্ষমা করে। তোমাকে মাটতে টেনেছি, তৃমি আমাকে ধৃলি হতে তুলে নাও তোমার পুণ্যলোকে।"

চণ্ডালিকা-কে নৃত্যনাট্যে রূপদান করার প্রেরণা প্রদক্ষে ২১।১।৩৮ তারিখে শান্তিনিকেতন হইতে শ্রীঅমিয় চক্রবর্তীকে লিখিত রবীস্ত্রনাথের একটি পত্রের নিম্নে-উদ্ধত অংশ প্রণিধানযোগ্য:

আজ আমার মন যে ঋতুকে আশ্রয় করে আছে, সে দক্ষিণ হাওয়ার ঋতু, অন্তরের দিকে তার প্রবাহ, কিছুকালের জন্তে ফুল ফুটিয়ে ফুল ঝরিয়ে দেবে দৌড়। সেই মাতালটা বড়ো হাটের জন্তে ফদল-ফলানো কেয়ার করে না। কিছুদিন থেকে দমস্ত চণ্ডালিকাকে গানময় করে তুলতে ব্যস্ত আছি। খ্যাতির দিক থেকে এর দাম নেই বললেই হয়। প্রথমত বিদেশী হাটে চালান করবার মাল এ নয়, দ্বিতীয়ত দেশের মাতক্ষর লোকেরা এর বিশেষ খাতির করবেন ব'লে আশাই করি নে, যদি করেন তবে প্রভূত মুক্তবিয়ানা মিশিয়ে করবেন। অথচ দিনরাত্রি এত পরিপূর্ণ হয়ে আছে আমার মন যে, দমস্ত দামাজিক কর্তব্য তুচ্ছ ব'লে মনে হয়। অর্থাৎ আছি আমি অজ্ঞা-গুহার— তার বাইরের দংসারটা সম্পূর্ণ মূলতবি বিভাগে রয়ে গেছে।

--- প্রবাসী, ১৩৪৪ ফান্ধন, পু १১৪

শ্রীমতী প্রতিমা দেবী কতৃকি লিখিত ও রবীন্দ্রনাথ কতৃকি অন্থমোদিত "চণ্ডালিক।" প্রবন্ধটি নৃত্যনাট্য চণ্ডালিকা-র পরিপূর্ণ রসগ্রহণের পক্ষে অপরিহার্য। ১৩৪৫ সালের আশ্বিনের প্রবাসী হইতে উক্ত প্রবন্ধের কিয়দংশ নিমে মুদ্রিত হইল:

চণ্ডালিকার ভূমিকা হল থাঁটি সাহিত্য; একটি মামুৰের মানসিক ক্রমন্ত্রিকাশের পউভূমির উপর ভার রচনা। মামুবের মধ্যে বা আরিম আকর্ষণ ভারই আবেস দিয়ে শুরু হয়েছে চণ্ডালিকার নৃত্যকলা। দেহের যে আক্র্রনী মন্ত্র যা শিবের তপস্তাকেও টলাতে শেরেছিল এক্তি-পুরুবের অন্তরের সেই চিরন্তন বন্দ পৌছল চণ্ডালিকার আবে, ভারই আবাতে লোল-বাওরা মন নৃত্যসংগীতের ভালে আপনাকে বিচ্ছুন্নিভ করে দিল অবসাদ বিষাদ কর্মণার আভিশব্য। •••

মূল আখানের সঙ্গে এই নৃত্যনাট্যের আখান-জলে কিছু তকাত হলে গেছে। নাটকীর সংবাতকে ফুটিরে তোলবার জন্তে এবং রঙ্গমঞ্চের আজিককে উৎকর্ব দেবার নিমিত্ত কবি এরাণ করতে বাব্য হরেছেন, ব্যবিত সাহিত্যের দিক থেকে মনতাত্তিক পরিচালনার কোনোরাল পরিবর্তন হয় নি।

শ্রম্য দুল্লে চণ্ডালিকা সাধারণ মেরেদের দৈনন্দিন কালের এবং পথের গতামুগতিক প্রোত্ত গা ভাসিরে দিরেছে। দেখানে তার সধী আছে, মা আছে, কর্ম আছে। দেই পথের জীবনের মধ্যে একদিন তার প্রাণে একুন পৌছল কোন প্রেমের ডাক, প্রথম সাড়া দিরে উঠল তার বেহ, তার কামনা, তার পর অসীম ছন্দের মধ্যে দিরে টানা-হেঁড়ার অপরিমের অভিজ্ঞতার সাধনার তার মন বিকশিত হল প্রেমের গতীর আনন্দে। মূল উপাথানের মধ্যে যদিও আনন্দ বপ্রকাশ নর, চণ্ডালিকার মূথের বাণী থেকেই তার বন্দের আভাস পাওলা যার। কিন্তু নাটকীর রসকে জমিরে তোলবার জন্তে এবং চণ্ডালিকার দ্বরুহ মানসিক বন্দ্র থেকে দর্শকের চিত্তকে বিরাম দেবার জন্তে বৌছ ভিল্লু আনন্দের মনোজগতের বন্দ্রকে ছারানৃত্যে দেখানো হরেছে। চণ্ডালিকার মারাহর্পলে সন্ন্যানীর যে অন্তর্মণ দেখা দিরেছিল তারই ছারা লেগে উঠল বর্ণকের চোঝে। আনন্দের যে বন্দ্র সে চণ্ডালিকার চেরে কিছু কম নর। এক দিকে তার হুগভীর জ্ঞানের সাধনা, এক দিকে তার দেহের কামনা; এই বন্তুলগতের আকর্ষণ জ্ঞানীকেও টেনে আনন্দে মাটির পৃথিবীতে, কিন্তু অবন্দে মামুবই জিতল। জীবধরের আদিমতাকে ছাপিরে উঠল তার আন্তর্ম দিলাহারা উন্মাদনার বীধা পড়ল না সে সংসারের মারাজালে। চিরবৈরাণী পুরুব, বার প্রেরণায় সে ছুটেছে উত্তর মেরুতে, উট্ছেছ আকাশ পথে, ডুবেছে অন্তল সমুদ্রে, সেই হুর্দাম শক্তির পুরুবকার দেহের আকর্ষণ থেকে আনন্দকে পৌরুহের অসাধারণ গৌরবে।…

এই বে প্রকৃতি-পূক্ষের বভাবের মধ্যে মূলগত বিক্লজতা, চণ্ডালিকার সাহিত্য ও নৃত্যনাট্য সেই মানসিক কটিলভাকে হার ও ভালের ছল্দে প্রকাশ করতে চেরেছে। দেহের অনুপম ভঙ্গিমার মধ্য দিয়ে মনোজগতের ইতিক্থাকে নরনগোচর করে ভোলাই ছিল চণ্ডালিকার আদর্শ।

—धरामो, ১०४८ खाचिन, शु १९७-१९

চণ্ডালিকার মূল আখ্যান প্রসঙ্গে রবীক্স-রচনাবলী ত্রয়োবিংশ থণ্ডের গ্রন্থপরিচয় (পৃ ৫৪২-৪৩) ত্রষ্টব্য।

# শ্যামা

'ছামা' নৃত্যনাট্য স্বরলিপি-সহ ১৩৪৬ সালের ভাত্র মাসে প্রথম প্রকাশিত হয়। তৎপূর্বেই ১৯৩৯ সালের ফেব্রুয়ারির ৭ ও ৮ তারিথে নাটিকাটি কলিকাতায় "খ্রী" রদ্মঞ্চে অভিনীত হইয়াছিল। ইহার বংসর তিনেক আগে ১৩৪৩ সালের আখিন মাসে কথা ও কাহিনী-র "পরিশোধ" কবিতাটিকে ( রবীক্র-রচনাবলী, সপ্তম খণ্ড পৃ ৩১-৪০ ক্রইব্য ) অবলম্বন করিয়া রবীক্রনাথ একটি গীতিনাট্য রচনা করিয়াছিলেন; এবং শান্তিনিকেতনের ছাত্রছাত্রীদের ও অক্যান্ত শিল্পীদের সহায়তায় ১০ ও ১১ অক্টোবর তারিথে (১৯৬৬) উহা ভবানীপুর আশুতোষ কলেজ হলে মঞ্চম্ম করেন। ১৯৪৩ সালের কাতিকের প্রবাসীতে ১-১১ পৃষ্ঠায় "পরিশোধ (নাট্যগীতি)" আগোগোড়া মৃত্রিত হইয়াছিল। বন্ধত উক্ত 'নাট্যগীতি'তেই শ্রামা নৃত্যনাট্যের আদি স্টনা।

'পরিশোধ নাট্যগীতি'র প্রবাসীতে-প্রকাশিত পাঠ রবীন্দ্র-রচনাবলীর বর্তমান খণ্ডে স্থামার 'পরিশিষ্ট'রূপে যথাস্থানে ( পু ২০৯-১৮ ) মুক্তিত হইয়াছে।

শ্রামা বা পরিশোধ-এর আধ্যান-অংশ, চণ্ডালিকার মতোই কিঞ্চিৎ পরিবর্তিত আকারে, রাজেন্দ্রলাল মিত্র কর্তৃক সম্পাদিত The Sanskrit Buddhist Literature of Nepal (Published by the Asiatic Society of Bengal, 57 Park Street, 1682) গ্রন্থের মহাবস্তবদান-অংশে বর্ণিত সংক্ষিপ্ত বিবরণ হইতে গৃহীত। কোতৃহলী পাঠকদের জন্ম উক্ত গ্লাংশটি আগাগোড়া মূল গ্রন্থ হইতে নিমে মুদ্রিত হইল:

Story of Syama and Vajrasena - The reason why Buddha abandoned his faithful wife Yasodhara is given in the following story.

There was in times of yore a horse-dealer at Takshasilā, named Vajrasena; on his way to the fair at Vārānasī, his horses were stolen, and he was severely wounded. As he slept in a deserted house in the suburbs of Vārānasī, he was caught by policemen as a thief. He was ordered to the place of execution. But his manly beauty attracted the attention of Syāmā, the first public woman in Vārānasī. She grew enamoured of the man, and requested one of her handmaids to rescue the criminal at any hazard. By offering large sums of money, she succeeded in inducing the executioners to set Vajrasena free, and excute the orders of the king on another, a banker's son, who was an admirer of Syāmā. The latter not knowing his fate, approached the place of execution with victuals for the criminal, and was severed in two by the executioners.

The woman was devotedly attached to Vajrasena. But her inhuman conduct to the banker's son made a deep impression on his mind. He could not reconcile himself to the idea of being in love with the perpetrator of such a crime. On an occasion when they both set on a pluvial excursion, Vajrasena plied her with wine, and, when, she was almost senseless, smothered and drowned her. When he thought she was quite dead, he dragged her to the steps of the ghat and fled, leaving her in that helpless condition. Her mother, who was at hand, came to her rescue, and by great assiduity resuscitated her. Syāmā's first measure, after recovery, was to find out a Bhikshuni of Takshasilā, and to send through her a message to Vajrasena, inviting him to her loving embrace. Buddha was that Vajrasena, and Syāmā, Yasodharā.

-The Sanskrit Buddhist Literature, p. 135.

১৯৩৯ দালে অভিনয়কালে প্রচারিত রবীক্রনাগ্র-কৃত 'ছামা'র একটি দংক্ষিপ্ত নাট্যপরিচয় সমসাময়িক প্রচার-পৃত্তিকা হইতে নিম্নে মুক্তিত হইল :

행제

क्षयम मुख

রাজপথে

বদ্ধদেন বণিক। দে অনেক সন্ধানে ইন্দ্রমণির হার সংগ্রহ করেছে। তার ইচ্ছা, এই হার দে কাউকে বেচবে না। বিনামূল্যে যাকে পরাতে চায় তাকেই খুঁজে বের করবে। বরু বললে, "এই হারের প্রতি রাজার চরের লক্ষ্য আছে।" বজ্ঞদেন বললে, "দেই ভয়ে যাচ্ছি বিদেশে পালিয়ে।" বলতে বলতে কোটালের চর এদে বললে, "তোমার পেটিকায় কী আছে দেখাও।" বজ্ঞদেন বললে, "এ তুমি ছুঁঁয়ো না, এ আমার প্রাণের চেয়ে প্রিয়।" বলে দে ছুঁটে গেল। কোটালের চর বললে, "দেথব তুমি কোখায় পালাও।"

বিতীয় দুগু

#### খামার সভা

শ্রামা রাজনটা, বিখ্যাত স্থলরী। তার প্রেমে পাগল বালক উত্তীয়। সে শ্রামার পূজা করে দূরের থেকে। স্থাদের কঙ্কণা তার 'পরে। শ্রামা নৃত্যগীতে প্রবৃত্ত, এমন সময়ে চোর অপবাদ দিয়ে প্রহরী শ্রামার সভার মধ্য দিয়ে বজ্রদেনের পিছন পিছন ছুটে গেল। শ্রামা বজ্রদেনের দেবকান্ত মূর্তি দেখে মুগ্ধ। স্থিকে পাঠিয়ে বজ্রদেনের দকে প্রহরীকে ডেকে পাঠালে। বজ্রদেনকে বাঁচাবার জ্বে ত্বদিন সময় চাইলে। প্রহরী রাজি হল। শ্রামা সভাস্থদের উদ্দেশ করে বললে, "তোমাদের মধ্যে এমন বীর কে আছে যে এই নিরপরাধ বিদেশীকে অন্যায় অপবাদ থেকে রক্ষা করবে।" উত্তীয় এসে বললে, "গ্রায়-অন্যায় বৃথি নে, এ বিদেশীর নামের অভিযোগ আমি নিজে স্থীকার করে প্রাণ দেব— সেই মৃত্যুর বন্ধনেই তোমার সঙ্গে আমার মিলন হবে।" প্রহরীর কাছে সে আত্মমর্মপন করলে। কারাগারে তার মৃত্যু হল।

ভূতীয় দৃখ্য

পথে

বজ্ঞসেনের সঙ্গে শ্রামার মিলনের আনন্দ। দেশত্যাগ করে বজ্ঞসেন ও শ্রামার পলায়ন। পলাতকা রাজনটীর সন্ধানে প্রহরীর অন্থসরণ। স্থীরা তাকে ছলনা করে ভূলিয়ে দিলে। খ্রামাকে বার বার বছরেদনের প্রশ্ন, কী উপায়ে তাকে উদ্ধার করা হয়েছে। অবশেষে খ্রামার কাছে শুনলে তার জন্মে প্রাণ দিয়েছে উত্তীয়। বছরেদন তাকে ধিকার দিলে, ক্রুষ হয়ে তাকে বর্জন করে চলে যাবার সময়ে খ্রামা তাকে ছাড়তে চাইলে না। বছ্রদেন তাকে সংঘাতিক আঘাত করে চলে গেল। খ্রামার প্রতি প্রেম ভূলতে পারলে না, অহতাপে দয় হয়ে ঘূরে বেড়াতে লাগল, খ্রামাকে ডাকতে লাগল মৃত্যুলোক থেকে। সেই আহ্বানে খ্রামার হঠাৎ আবির্ভাব। বললে, "তোমার নিষ্ঠ্র আঘাতের মধ্যেও করুণা ছিল, আমি মরণের হার থেকে তোমার কাছে ফিরে এসেছি।" আবার বছ্রদেনের মনে ধিকার জাগল, বললে, "চলে যাও।" খ্রামা প্রণাম করে চলে গেল।

পরিতপ্ত বজ্রসেনের গান:

ক্ষমিতে পারিলাম না যে
কমো এ মম দীনতা,
পাপীজনশরণ প্রত্ ।
মরিছে তাপে মরিছে লাজে
প্রেমের বলহীনতা,
ক্ষমো এ মম দীনতা॥

প্রিয়ারে নিতে পারি নি বুকে,
প্রেমেরে আমি হেনেছি,
পাপীরে দিতে শান্তি শুধু
পাপেরে ডেকে এনেছি।
জানি গো তুমি ক্ষমিবে তারে
বে অভাগিনী পাপের ভারে
চরণে তব বিনতা,
ক্ষমিবে না ক্ষমিবে না

শ্রামা, চণ্ডালিকা প্রভৃতি নৃত্যনাট্য প্রসঙ্গে শাস্তিনিকেতন হইতে ১৪/২/৩৯ ভারিথের এক পত্তে রবীন্দ্রনাথ শ্রীষ্মমিয় চক্রবর্তীকে লিথিয়াছিলেন:

স্থরের বোঝাই-ভরা তিনটে নাটিকার মাঝিগিরি শেষ করা গেল। নটনটীরা যন্ত্রন্ত নিয়ে চলে গেল কলকাতায়। দীর্ঘকাল আমার মন ছিল গুঞ্জনম্থরিত। আনন্দে ছিলুম। সে আনন্দ বিশুদ্ধ, কেননা সে নির্বস্তক (abstract)। বাক্যের স্থান্থর উপরে আমার সংশয় জন্মে গেছে। এত রক্ম চলতি থেয়ালের উপর তার দর যাচাই হয়, খুঁজে পাই নে তার মূল্যের আদর্শ।……

…গানেতে মনের মধ্যে এনে দেয় একটা দূরত্বের পরিপ্রেক্ষণী। বিষয়টা যত কাছেরই হোক হ্বরে হয় তার রথযাত্রা, তাকে দেখতে পাই ছন্দের লোকান্তরে, সীমান্তরে, প্রাত্যহিকের করম্পর্শে তার ক্ষয় ঘটে না, দাগ ধরে না। আমার শ্রামা নাটকের জন্তে একটা গান তৈরি করেছি, ভৈরবী রাগিণীতে—

# জীবনে পরম লগন কোরো না হেলা হে গরবিনী।

এই গরবিনীকে সংসারে দেখেছি বারংবার, কিন্তু গানের হুর শুনলে ব্ঝবে, এই বারংবারের অনেক বাইরে সে চলে গেছে। যেন কোন্ চিরকালের গরবিনীর পায়ের কাছে বসে মৃগ্ধ মন অন্তরে অন্তরে সাধনা করতে থাকে। হুরময় ছন্দোময় দূরত্বই তার সকলের চেয়ে বড়ো অলংকার। .....

গানে আমি রচনা করেছি শ্রামা, রচনা করেছি চণ্ডালিকা। তার বিষয়টা বিশ্বর স্বপ্রবন্ধ নয়। তীর তার স্বপ্রশ্ন ভালোমন্দ। তার বাস্তবতা অক্তরিম এবং নিবিড়। কিন্তু এগুলোকে পুলিস-কেসের রিপোর্টরূপে বানানো হয় নি— গানে তার বাধা দিয়েছে— তার চার দিকে যে দূরত্ব বিস্তার করেছে তাকে পার হয়ে পৌছতে পারে নি যা-কিছু অবাস্তব্ব, যা অসংলগ্ন, যা অনাহত আকন্মিক। অপচ জগতে সব কিছুর সঙ্গেই আছে অসংলগ্ন, অর্থহীন, আবর্জনা; তাদেরই সাক্ষ্য নিয়ে তবেই প্রমাণ করতে হবে সাহিত্যের সভ্যতা, এমন বে-আইনী বিধি মানতে মনে রাধছে। অস্তত গানে এ কথা ভাবতেই পারি নে।…

—खर्वामी, ১७**८**६ हेड्ड, शृ १৮२-१৮६

# তিন সঙ্গী

'তিন সন্ধী' ১৩৪৭ সালের পৌষমাসে গ্রন্থাকারে প্রকাশিত হয়। গল্পগুলির সামশ্বিক পত্তে প্রথম প্রকাশের স্কী নিমে প্রদত্ত হইল:

রবিবার আনন্দবান্ধার পত্রিকা, ১৩৪৬ শারদীয়া সংখ্যা শেষ কথা শনিবারের চিঠি, ১৩৪৬ ফান্তন ল্যাবরেটরি আনন্দবান্ধার পত্রিকা, ১৩৪৭ শারদীয়া সংখ্যা শেষকথা গল্পটির একটি ভিন্নতর পাঠ দেশ পত্রিকার 'বিভাসাগর স্বৃতি-সংখ্যা'র (৩০ অগ্রহায়ণ ১৩৪৬, পৃ ১৬৫-৭৬) "ছোটো গল্ল" নামে বাহির হইয়াছিল। পরিশিষ্টে উহা আতোপাস্ত মুদ্রিত হইল।

ন্যাবরেটরি গল্পটির স্ত্রে শ্রীপ্রতিমা দেবীর 'নির্বাণ গ্রন্থ' হইতে প্রাদিদিক কয়েকটি ছত্র উদ্ধারযোগ্য:

·····অম্প্তার মধ্যে প্লোর 'আনক্ষরান্তার' বেরল, তাতে ল্যাবরেটরি গলটি প্রকাশিত হরেছিল, অহবের মধ্যে দেদিন তিনি [রবীক্রমাধ] ভালো ছিলেন তাই কাগলবানি আনবামাত্র আমার বামী [রধীক্রমাধ] তা নিরে গিরে তাঁকে দেখিরেছিলেন। কা আগ্রহ তার গলটি দেখে, ভাজারদের বারণ সংখ্যে তিনি কাগলবানি হাতে নিরে আগাগোড়া চোখ বুলিরে গেলেন। সোহিনীকে নিরে ব্ধন কেউ-কেউ আলোচনা করতেন, তাঁদের প্রারই বলতেন, "সোহিনীকে সকলে হয়তো বুকতে পারবে না, সে একেবারে এখনকার যুগের সালায়-কালোর মিশনো বাঁটি রিয়ালিল্ন, অধ্য তলার-তলায় অল্পাসলিলার মতো আইভিয়ালিজ্মই হল সোহিনীর প্রকৃত খরগা।" বলুবাক্ষর এসে গলটির প্রশাসা করলে অস্থের মধ্যেও তাঁর মূথ কত উদ্জ্ল হরে উঠত।

---নিৰ্বাণ, পু ৩৪

# বিশ্বপরিচয়

'বিশ্বপরিচয়' ১৬৪৪ সালের আখিন মাসে প্রথম প্রকাশিত হয়। বইথানি উক্ত বৎসর আলমোডায় গ্রীমাবকাশ যাপনের সময় রবীক্রনাথ রচনা করেন।

সর্বসাধারণের উপযোগী করিয়া সহজ ভাষায় বিজ্ঞানগ্রন্থ রচনার এই প্রয়াস প্রসঙ্গে স্থরেন্দ্রনাথ মৈত্রকে রবীন্দ্রনাথ নিয়োদ্ধত পত্রখানি লিথিয়াছিলেন:

বিশ্বপরিচয় বইখানা তোমাকে পাঠিয়ে দিতে লিখে দিল্ম, তারই সঙ্গে ফাউ একখানা 'ছড়ার ছবি' পাবে। ডাঙায় নাচতে পারি বলেই জলে দাঁতার কাটার অধিকার যে পাকা হবে এমন কোনো কথা নেই। বিজ্ঞান-সরোবরের ঘাটের কাছটাতে খুব হাত-পা ছুঁড়েছি, প্রাইজ পাব এমন আশা করি নে। বিজ্ঞানের আবহাওয়ার সম্বন্ধে আমাদের দেশের লোকের মনটা চক্রলোকের মতোই। যতটা সাধ্য, হাওয়া খেলিয়ে দেবার ইচ্ছা অনেক দিন থেকে মনে ছিল, কিছ হাওয়াটা ওজনে ভারী হয়েছে এমন নালিশ কানে উঠেছে।—মাল থাকবে অথচ ভার থাকবে না এমন জাছবিছা ওজাদের পক্ষেই সম্ভব। বিজ্ঞানের একটা রদালো উপক্রমণিকা লেখা তোমারই বারা সাধ্য, কেননা তোমার ভাগুরে বাক্যরস এবং অর্থমূল্য তুইই

আছে পুরে। পরিমাণে; অতএব দেশকে বঞ্চিত কোরো না। একদিন ক্লাস চালিয়েছিলে আজ আসর জমাতে হবে। ইতি ৫।১০।৩৭

—বৈজয়ন্তী, ১৩৪৬ ফাল্কন-চৈত্ৰ, পু ২৮৯

আলোচ্য গ্রন্থের তৃতীয় ও পঞ্চম সংস্করণে রবীক্রনাথ স্বতম্ব তৃইটি ভূমিক। সংযোজন করিয়াছিলেন। উক্ত ভূমিকা তৃইটি নিয়ে মুদ্রিত হইল:

# তৃতীয় সংসরণের ভূমিশা

যে বয়দে শরীরের অপটুতা ও মনোযোগশক্তির স্বাভাবিক শৈথিল্যবশত সাধারণ স্পরিচিত বিষয়ের আলোচনাতেও অলন ঘটে সেই বয়সেই অল্পরিচিত বিষয়ের রচনায় হস্তক্ষেপ করেছিলেম। তার একমাত্র কারণ সহজ ভাষায় বিজ্ঞানের ব্যাখ্যার ছাঁচ গড়ে দেবার ইচ্ছা আমার মনে ছিল। আশা ছিল বিষয়বস্তর ক্রটিগুলির সংশোধন হতে পারবে বিশেষজ্ঞদের সাহায়ে। কিছুদিন অপেকার পর আমার সে আশা পূর্ণ হয়েছে। কৃষ্ণনগর কলেজের অধ্যাপক শ্রীয়ৃক্ত বিভৃতিভূষণ সেন এবং বহাই থেকে শ্রীয়ৃক্ত ইস্রমোহন সোম বিশেষ যত্ন করে ভূলগুলি দেথিয়ে দেওয়াতে সেগুলি সংশোধন করবার স্বযোগ হল। তাঁরা অ্যাচিতভাবে এই উপকার করলেন, সেজত্যে আমি তাঁদের কাছে অত্যন্ত কৃতজ্ঞ আছি। এইসঙ্গে পূর্বসংশ্বরণের পাঠকদের কাছে ক্ষমা প্রার্থনা করি।

কালিম্পঙ ২৭৷৬৷৬৮

## পঞ্চম সংস্কঃপের ভূমিকা

এই প্রন্থে যে-সকল ক্রটি লক্ষ্যগোচর হয়েছে সে-সমস্তই অধ্যাপক শ্রীযুক্ত প্রমথনাথ সেনগুপ্ত বিশেষ মনোযোগ করে সংশোধিত করেছেন— তাঁর কাছে ক্লতজ্ঞতা স্বীকার করি।

শাস্তিনিকেতন

917180

বাংলাভাষা-পরিচয় গ্রন্থের ভূমিকায় রবীন্দ্রনাথ "ছাত্রপাঠকদের প্রতি" 'বিশ্বপরিচয়' দয়দ্ধে যে কথাকয়টি বলিয়াছেন তাহাও এই প্রদক্ষ উদ্ধার্যোগ্য :

· তোমাদের জন্মে বিশ্বপরিচয় বইখানা লিখেছিলুম এই ভাবেই। বিজ্ঞানের রাজ্যে হায়ী বাসিন্দাদের মতো সঞ্চয় জমা হয় নি ভাগুারে, রাজ্যায় বাউলদের মতো

খুশি হয়ে ফিরেছি, খবরের ঝুলিটাতে দিনভিক্ষে যা জুটেছে তার দক্ষে দিয়েছি
আমার খুশির ভাষা মিলিয়ে। ছোটোখাটো অপরাধ যদি ঘটে থাকে সেই খুশির
ভোগে অনেকটা তার থগুন হতে পারে। জ্ঞানের দেশে ভ্রমণের শথ ছিল বলেই
বেঁচে গেছি, বিশেষ সাধনা না থাকলেও। সেই শথটা তোমাদের মনে যদি জাগাতে
পারি তা হলে আমার যতটুকু শক্তি সেই অফুসারে ফল পাওয়া গেল মনে করে
আখন্ত হব।

—বাংলাভাষা-পরিচয়, পু।/॰

'বিশ্বপরিচয়' পরবর্তীকালে বিশ্বভারতী কতু কি 'লোকশিক্ষা-গ্রন্থমালা'র প্রারম্ভিক গ্রন্থ হিসাবে প্রকাশিত হইয়াছে। উক্ত গ্রন্থমালার উদ্দেশ্য বর্ণনা করিয়া ভূমিকায় সাধারণভাবে রবীক্রনাথ যাহা বলিয়াছেন, আলোচ্য গ্রন্থ রচনার গভীরতর প্রেরণাটি হাদয়ক্ষম করিতে তাহা বিশেষ সাহায্য করে। ভূমিকাটির প্রাসন্ধিক কয়েক ছত্র নিয়ে উদ্ধৃত হইল:

শিক্ষণীয় বিষয়মাত্রই বাংলাদেশের সর্বসাধারণের মধ্যে ব্যাপ্ত করে দেওয়া এই অধ্যবসায়ের উদ্দেশ্য। তদক্ষারে ভাষা সরল এবং যথাসম্ভব পরিভাষাবর্জিত হবে, এর প্রতি লক্ষ্য করা হয়েছে; অথচ রচনার মধ্যে বিষয়বস্তুর দৈন্ত থাকবে না, সেও আমাদের চিস্তার বিষয়।…

বৃদ্ধিকে মোহমুক্ত ও সতর্ক করবার জ্বল্য প্রধান প্রয়োজন বিজ্ঞানচর্চার। আমাদের গ্রন্থপ্রকাশকার্যে তার প্রতি বিশেষ দৃষ্টি রাখা হয়েছে।

—লোকশিক্ষা-গ্রন্থমালার ভূমিকা

# বৰ্ণানুক্ৰমিক সূচী

অজন্ত দিনের আলো	• • •	•
অতি দূরে আকাশের স্তকুমার পাণ্র নি	रंगिमा	89
অনিঃশেষ প্রাণ		•
অপরাত্নে এসেছিল জন্মবাদরের আমন্তরে	•	18
অবসন্ন আলোকের		>7
অভিশাপ নয় নয়	* * *	<b>&gt;</b> 5/
অলস শ্যার পাশে জীবন মন্বরগতি চল	ल …	<b>6</b>
অলদ সময়-ধারা বেয়ে	•••	. 87
অশান্তি আজ হানল এ কী দহনজালা	•••	>84
অমুস্থ শরীর্থানা	• • •	\$6
আকাশধরা রবিরে ঘিরি	***	50
আগ্রহ মোর অধীর অতি	***	\$86
আজ মোরে সপ্তলোক স্বপ্ন মনে হয়	***	\$88
আজিকার অরণ্যসভারে	***	৩১
আজি জন্মবাদরের বক্ষ ভেদ করি	***	90
আমরা আহিরিনী, সারা হল বিকিকিনি	ने …	200
আমাদের আঁথি হোক মধুসিক্ত	***	5 6 9
আমায় দোষী করে।	•••	390
আমার অঙ্গে অঙ্গে কে বাজায় বাঁশি	***	282
আমার এই রিক্ত ডালি	***	द्रथट
আমার কীর্তিরে আমি করি না বিশ্বাস	***	29
আমার জীবনপাত্র উচ্ছলিয়া	4.9.6	8 < <
আমার দিনের শেষ ছায়াটুকু	***	১৩
আমার মনের মধ্যে বাজিয়ে দিয়ে গেছে	***	८७८
আমার মালার ফুলের দলে আছে লেখা	***	363
আমার দাহদ! তাঁর দাহদের নাই তুল	ના ·	39¢
আমি চাই তাঁরে	* * * * *	১৭২

	चामि हिजाकता, चामि दाख्यनसिनी	***		>68
٠.,	আর্মি ভৌমারে করিব নিবেদন	***		१७७
	আমি দেখৰ না, আমি দেখৰ না	•••		292
	শামি বণিক, আমি চলেছি	***		১৮৮
	আমি ভয় করি নে মা	•••	•	390
	আরবার ফিরে এল উৎসবের দিন	•••		92
	আবোগ্যের পথে	• • •		ર¢
	আলোকের অন্তরে যে আনন্দের পরশন	পাই		৬৬
	ষ্মাহা মরি মরি মহেন্দ্রনিন্দিত কাস্তি	***	<b>\$</b> 2,	२५०
	উড়ো পাথি আদবে ফিরে	•••		390
	উপদংহার	• • •	•	850
	এ আমির আবরণ সহজে শ্বলিত হয়ে যা	<b>क</b>		৬৬
	এ কথা সে কথা মনে আসে .	•••		৬২
	এ কী আনন্দ, আহা	* * •	<b>&gt;</b> ٩,	२ऽ२
	এ কী খেলা হে স্থন্দরী	•••	১ <i>৯</i> ৩,	<b>₹</b> \$\$
	এ কী তৃষ্ণা, এ কী দাহ	***		\$8¢
	এ কী দেখি! এ কে এল মোর দেহে	• • •		780
	এ জন্মের লাগি	***	२०२,	२५६
	এ জীবনে স্করের পেয়েছি মধুর আশীর্বা	न		৬৪
	এ ত্যুলোক মধুময়, মধুময় পৃথিবীর ধ্লি	***		8 \$
	এ নতুন জন্ম, নতুন জন্ম	•		290
	এই পেটিকা আমার বুকের পাঁজর যে রে	* # *		766
	এই মহাবিশ্বতলে	***	4	Ъ
	একা বদে আছি হেথায়	•••	. ₩	٩
	একা বদে সংসারের প্রান্ত-জানালায়	***		85
	এখনো কেন সময় নাহি হল	•••		२०३
	এত দিন তুমি স্থা, চাহনি কিছু	•••		728
	এবার ভাদিয়ে দিতে হবে আমার	•••		२ऽ७
	এবে ক্ষমা কোরো স্থা	***		\$83
	এসেছি প্রিয়তম, ক্ষমো মোরে ক্ষমো	***	₹∘8,	२३१

*		,
बामी बामा बामा श्रिय	***	२०७, ३०८, ३३१
এসো এসো পুরুষোত্তম	•••	>€%
এসো এসো বসস্ত, ধরাতলে	•••	>44
এদো নীপবনে ছায়াবীপিতলে	***	>>>
ঐ আদে ঐ অতি ভৈরব হরবে	•••	ু ১০৭
ঐ দেখ্প কিমে মেঘ ঘনাল	•••	3 9 <del>br</del>
जे दत्र उत्री मिन थूटन	•••	. 578
ওকে ছুঁয়ো না, ছুঁয়ো না, ছি	***	১৬৩, ১৬৪
ওগো আমার ভোরের চডুই পাখি	***	> 0
ওগো ভেকো না মোরে ভেকো না	***	১৬৭
ওগো তোমরা যত পাড়ার মেয়ে	***	১৬৩
ওগো মা, ঐ কথাই তো ভালো	4 * 8	১৭৩
ওগো শ্রাবণের পূর্ণিমা আমার	•••	>>4
ওমা ওমা	***	১৮৩
ওরা অকারণে চঞ্চল	* * *	>>>
ওরে ঝড় নেমে আয়	* * *	১১¢, ১৩৩
ওবে পাষাণী		360
ওরে বাছা দেখতে পারি নে তোর দুঃখ	***	১৭৬
ওরে দর্বনাশী, কী কথা তুই বলিদ	•••	\$ 9°
কখন ঘুমিয়েছিত্ব	***	. 20
কঠিন বেদনার তাপস দোঁহে	***	२১৮
করিয়াছি বাণীর <b>সাধনা</b>	***	40
কহো কহো মোরে প্রিয়ে	***	२०১, २১৪
কাজ নেই, কাজ নেই মুক্ত	***	<i>५७</i> १
কাল প্রাতে মোর অক্সান্তে -	•••	98
কালের প্রবল আবর্তে প্রতিহত	***	۹۶
কাহারে হেরিলাম	•••	>8২
কিসের ডাক তোর কিসের ডাক	•••	১৬৯
की कथा विनम जूरे	•••	> 9 0
কী যে ভাবিদ তুই অশ্বমনে	•••	>%8
२७।२३	•	

কেটেছে একেলা বিরহের বেলা	•••			389
কেন গো কী চাই	***			240
কেন বে ক্লান্তি আলে	•••			ንፀባ
কোন্ অপর্প স্থার আলো	•••		•	১৯৬
কোন্ অ্যাচিত আশার আলো	•••			577
কোন্ ছলনা এ যে নিয়েছে আকার	•••			780
কোন্ দেবতা সে, কী পরিহাসে	•••			>88
কোন্ বাঁধনের গ্রন্থি বাঁধিল	•••			२००
करन करन मत्न रय गोजोत्र नमग्र त्रि	धल …			<b>S</b> ¢
ক্ষা করো আমায়	•••			১৩৭
ক্ষমা করো নাথ, ক্ষমা করো	•••			२०३, २১৫
ক্ষমা করো প্রভু, ক্ষমা করে। মোরে	•••			১৬৬
ক্ষমিতে পারিলাম না যে	•••			२०६, २১७
<del>কু</del> ধার্ত প্রেম তার নাই দয়।	•••			75-0
খুলে দাও বার	•••			২৮
খ্যাতি নিন্দা পার হয়ে জীবনের	***			<b>¢</b> 8
গ্ৰহন বন্ধনী-মাঝে	***			77
গুরু গুরু গুরু গুরু ঘন মেঘ গরছে	***			305
গ্রহলোক	•••			ಲ್ಡಲ
घन्टे। वास्क मृत्व	***			88
ঘন কালো মেঘ তাঁর পিছনে	6-6 B			74.
ঘুমের ঘন গহন হতে	***			725
চক্ষে আমার তৃষ্ণা	•••			১৭২
চমকিবে ফাগুনের পবনে	•••			०६८
চরণ ধরিতে দিয়ো গোঁ আমারে	• • •	•	. No Sign	२५७
চিতাপদা বাজকুমারী কেমন না জানি	•••		•	782
চিরদিন আছি আমি অকেঞ্চার দলে	•••			63
ছাড়িব না, ছাড়িব না	•••			२०२, २১७
ছি ছি, কুৎদিৎ কুরূপ দে	•••			>87
ছোটো গল্প	•••			. ৩১৫

	হিজমিক সূচী	889
	Markett der	. 330
জগতের মাঝখানে যুগে যুগে হইতেছে	इ जया .	>8
অটিল সংসার		. و ح
জন্মবাসরের ঘটে	***	93
कन मां अयोग कन मां	*** ,	>46
জাগে নি এখনো জাগে নি	* *	١ ٢ ١ ١
জান না কি পিছনে তোমার	•••	<b>ን</b> ৮၅
জানি জানি, তাই তো স্বামি	•••	১৮৭
জীবনবহনভাগ্য নিত্য আশীর্বাদে	•••	36
জীবনে পরম লগন কোরো না হেলা	***	>>>
জীবনের আশি বর্ষে প্রবেশিস্থ যবে	•••	<u>,</u> 193
জীবনের হৃংখে শোকে তাপে	•••	২৭
<b>ब्ब्या अप कित्रश्री जाननादि इदरि</b>	• • • •	) कर, २ <b>)</b> २
ঝরে ঝর ঝর ভাদর-বাদর	***	225
তপের তাপের বাঁধন কাটুক	•••	>>
তবে তাই হোক	***	788
তাই আমি দিহু বর	***	>8.
তাই হোক তবে তাই হোক	•••	>42
তাঁকে আনতে যদি পারি	•••	>98
তুমি অতিথি, অতিথি আমার	+11	580
তুমি ইন্দ্রমণির হার	***	369
তৃষ্ণার শান্তি, স্থন্দরকান্তি	***	339, 3¢8
তোমা লাগি যা করেছি	***	२०১, २১৫
তোমাদের এ কী ভান্তি	***	<b>५</b> ३२, २५०
তোমাদের জানি, তবু তোমরা যে দূলে	রর মাকুব	> 0
ভোমায় দেখে মনে লাগে ব্যধা	***	२०२
তোমার কাছে দোষ করি নাই	***	२०२, २५६
তোমার প্রেমের বীর্যে	•••	_ >>6
ভোমার বৈশাথে ছিল	4**	১৩৭-৩৮
তোমারে দেখি না ধবে	***	.৩৬
থাক তবে থাক এই মাঘা	***	105

<b>পাক্ তবে থাক্ ভূই প</b> ড়ে		> e
থাক্ থাক্ মিছে কেন এই থেলা আর	•••	> 00
থামো, থামো, কোথায় চলেছ পালায়ে	* * *	366
मरे ठारे त्था, मरे ठारे	•••	১৬২
দামামা ঐ বাজে	***	b¢
দি।দমণি— অফুরান সাজনার ধনি	••	<b>^ ¢</b> 9
দিন পরে যায় দিন, ত্তর বনে থাকি	•••	ee
मीर्घ दःथदाणि यनि	• • •	১৬
ছংখ দিয়ে মেটাব ছংখ তোমার	***	
হ্মহ হুংথের বেড়াঞালে	• • •	२ व
দে তোরা আমায় নৃতন ক'বে দে	• • •	১৩৬
দেখা না-দেখায় মেশা হে বিহাৎনতা	• • •	272
দেখো দেখো, শুকতারা আঁথি মেলি চায়	•••	>>0
षांत (थांना हिन मत्न	***	¢২
ধवगीव गगरनव भिनातन ছत्म	***	>><
ধরা সে যে দেয় নাই, দেয় নাই	0.00	८६८
धर्मदोष्ड मिन घटन ध्वःरमद ज्योरम्	•••	৩৬
धिक् धिक् खदा मृक्ष		२ऽ४
धीदा मक्ता व्यात्म	• • •	96
ধৃদয় গোধৃলিলয়ে সহসা দেখিয় একদিন	• • •	৩৫
নক্ষত্ৰলোক	***	৩ ৭ ৪
নগাধিরাজের দ্ব নেব্-নিক্ঞের	» • •	৬০
নদীর একটা কোণে ভঙ্ক মরা ভাল	•••	39
নদীর পালিত এই জীবন আমার	<b>* * *</b>	56
নব বসস্তের দানের ডালি	***	১৬১
নমো নমো নম কক্ষণাঘন নম হে	***	>>>
নহে নুহে, এ নহে কৌতৃক	•••	५७७, २५५
না, কিছুই থাকবে না	• • •	> 98
मा, प्रथव ना श्वामि प्रथव ना	•••	245
না না বন্ধু		35-9

বৰ্ণামূত	মিক স্চী	₹ 8 <b>8</b> ¢
ना ना ना नथी, ७३ त्नरे	•••	286
নানা ছাথে চিত্তের বিক্রেপ	***	.br <b>q</b>
নারী তুমি ধক্তা	•••	, . <b></b>
নারীর ললিত লোভন লীলায়	•••	\$ <b>¢</b> •
নির্জন রোগীর ঘর	• • •	82
নীরবে থাকিস দখী, ও তুই	•••	. 205
স্থায় জ্বানি নে	•••	864
পড়্তুই সব চেয়ে নিষ্ঠুর মন্ত্র	***	১৭৬
পথিক মেঘের দল জোটে ঐ	•••	>>-
পরম স্থন্দর		85
পরমাণুলোক	* * *	ত <b>ু</b> ত
পলাশ আনন্দম্তি জীবনের ফাল্কনদিনের		¢ >
পাণ্ডব আমি অজুন গাণ্ডীবধন্বা		>80
পাহাড়ের নীলে আর দিগন্তের নীলে	• • •	৮৩
পুরী হতে পালিয়েছে যে পুরস্করী	***	<b>دور</b>
পুরুষের বিতা করেছিছ শিক্ষা	•••	दथर
পোড়ো বাড়ি, শুক্ত দালান	•••	৯৬
প্রত্যহ প্রভাতকালে ভক্ত এ সুকুর	•••	€ ७
প্রত্যুষে দেখিছ আন্ধ নির্মল আলোকে	• • •	২ ৬
প্রভাতে প্রভাতে পাই আলোকের	• • •	৩২
প্রভাতের আদিম আভাস	***	522
প্রভূ, এদেছ উদ্ধারিতে আমায়	***	\$48
প্রেমের জোয়ারে ভাসাবে দোঁহারে	***	१७४, २१७
ফদল কাটা হলে দারা মাঠ হয়ে যায় ফাঁ	₹	69
ফিরে যাও কেন ফিরে ফিরে যাও	*** .	<b>८</b> ४८
ফুল বলে, ধতা আমি	***	ኃ৬৮
ফুলদানি হতে একে একে	***	34
ফুল শাখা যেমন মধুমতী	•••	>09
বজ্ৰে তোমার বাজে বাঁশি	••••	১২২
র্ব্য কোন আলো লাগল চোগে	•••	

বয়স আমার বৃঝি হয়তো তখন হবে বাবে	হ1		. 66
राम, मांच कन, मांच कन	***		393
বহুকাল আগে তুমি দিয়েছিলে	•••	•	৩২
वह खन्निपित गाँचा जामात जीवतन	•••		90
বহু লোক এসেছিল জীবনের প্রথম প্রভা	তে		9
ৰাকি আমি রাথব না কিছুই	•••		205
বাক্যের যে ছন্দোঞ্জাল শিখেছি গাঁথিতে			60
বাছা, তুই যে আমার বুকচেরা ধন	•		390
বাছা, মুদ্ধ করেছে কে তোকে	***		293
বাছা, সহজ ক'ৱে বল আমাকে	•••		३ १ २
বাজুক প্রেমের মায়ামঙ্কে	•••		१८७
বাব্দে গুরু গুরু শঙ্কার ডকা	•••	•	129
वानमधात्रा रुन मात्रा, वाटक विनाय-ऋव	***		250
বিনা সাজে সাজি দেখা দিবে তুমি কবে	***		>65
বিপুলা এ পৃথিবীর কতটুকু জানি	***		96
বিরাট মানবচিত্তে	•••		৬২
বিরাট স্পষ্টর ক্ষেত্রে	•••		۶۶
विश्वनाना- नीर्थवयू, नृज्वाङ	***		eb
বিশধরণীর এই বিপুল কুলায়	•••		26
वित्यंत्र आंद्रांगानची जीवत्नत्र अन्तःभूद	া <b>যার</b> ·		৩
বুক যে ফেটে যায়	•••		126
द्वना यात्र विश्वा	•••		200
(वाला मां, (वाला मा	•••	३२१,	, २১२
ব্ৰহ্মচৰ্য ! পুৰুষের স্পধ্য এ যে	***		264
ভন্মে ঢাকে ক্লান্ত হতাশন	•••		186
ভাগ্যবতী সে যে		,	>63
ভাবনা করিস নে তুই	•••	-1.	>99
ভালোবাসা এসেছিল একদিন তরুণ বয়নে	न …	,	10
ভালো ভালো ভূমি দেধব পালাও কোথা	- <del></del>	i the	366
<b>फ्ला</b> क	***	•	8 . 8

বৰ্ণা মূত্ৰ	<b>চ</b> মিক স্চী	889	. 4
ভেবেছিলেম আসবে ফিবে	***	, ,,,,	
মণিপুরমূপত্হিতা তোমারে চিনি	***	202	
मधामित्न चार्या चूर्य चार्या कांग्रदन	***	₹8	
মনে পড়ে, শৈলতটে তোমাদের নিভূত	কৃটিব	, <del>৮</del> 8	
মনে ভাবিতেছি, যেন অসংখ্য ভাষার শ	<b>अंत्रों कि</b>	•	2. 1
মনে হয় হেমস্তের ত্র্তাধার কুলাটিকা-পা		. 25.	
মুম চিত্তে নিতি নৃত্যে কে যে নাচে	***	775	,
মুমু মুন-উপবনে চলে অভিসাবে	•••	. 588	
মা, ঐ যে তিনি চলেছেন	***	. 398	
মা গো, এতদিনে মনে হচ্ছে যেন		24.0	
মাটি তোদের ভাক দিয়েছে	•••	>69	
भागायनविद्यादिनी द्विनी	***	245	
মিথ্যে ওজর অনব না অনব না	***	290	
মিলের চুমকি গাঁথি ছন্দের পাড়ের মাবে	प्र मोद्य	. 68	
মীনকেতু, কোন্ মহা বাক্ষণীরে	***	282	
মুক্তবাতায়নপ্রান্তে জনশৃত ঘরে	***	89	
মেঘের কোলে কোলে যায় রে চলে	•••	223	
মোর চেতনায় আদি সমুদ্রের ভাষা	***	90	
মোহিনী মায়া এল	•••	202	
যথন এ দেহ হতে রোগে ও জরায়	•••	65	
যখন বীণায় মোর আনমনা স্থরে	•••	৩৩	
যদি মিলে দেখা তবে তারি সাথে	***	>40	
যাও যদি যাও তবে	•••	200	
যায় যদি যাক সাগ্রতীরে	•••	319	
যাহা-কিছু চেয়েছিত্ব একাস্ত আগ্ৰহে	····	७०	
যে আমারে দিয়েছে ডাক	***	243	
যে আমারে পাঠাল	***	>%8	
যে হৈত্যুৰোতি	***	दङ	
বে মানব আমি সেই মানব তুমি	***	১৬৬	
द्रष्ट्रमन् कार्फ्य भारत	***	৩৪	

বক্তমাথা দন্তপংক্তি হিংশ্ৰ সংগ্ৰামের	***		25
<b>রবি</b> বার	•••		320
ব্ৰণীৰ মন ভোলাবাৰ ছলাকলা	[ 4 **	form.	242
বাঁপ্রভবনের স্মাদর স্মান ছেড়ে	•••		
বাজার প্রহরী ওরা অন্তায় অপবাদে	•••		720
বানীমার পোষা পাঝি	• • •		290
রোগত্বং রজনীর নিরন্ধ্র আঁধারে	***		ે રર
রোদন-ভরা এ বসন্ত	• • •		309-66
नका, हि हि नका	•••		396
नर्श नर्श किर्द नर्श	• • •		767
न्यांवदब्रेषेवि	•••		२७३
শুধু একটি গ্ওুষ জল	•••		১৬৬
छनि कर्प कर्प मत्न मत्न	•••		<b>306</b>
শের কথা	· • • • • • • • • • • • • • • • • • • •		₹8¢
সংসারের নানা ক্ষেত্রে নানা কর্মে বিক্ষি	প্ত চেতনা		२১
দকাল বেলায় উঠেই দেখি চেয়ে			>¢
नकाल को निमा डिठि	•••		२७
मथी, की प्रथा प्रिथल जूमि	***		2⊘8
সজীব থেলনা যদি	***		२ऽ
সন্ত্রাদের বিহবলতা নিজেরে অপমান			786
भव किছू क्वन निन ना	***		२०४,२३५
সাত দেশেতে খুঁজে খুঁজে গো			396
সাথী মোদের ও যে নেয়ে	•••		२००
সিংহাসনতলচ্ছায়ে দূরে দ্রান্তরে			86
रुमारतत वक्षन निष्ट्रेरतक शास्त्र	- to _		<b>&gt;&gt;&gt;,</b> >>
হুমুলোকে নৃত্যের উৎসবে	684 187		4
স্থির চলেছে খেলা	***	•	೨೦
স্ষ্টিলীলাপ্রাদণের প্রান্তে দাড়াইয়া	•		b-\$
নে আমি ৰে আমি নই	•••	· 	>84
নে ৰে শ্বৰিক আমাৰ	•••	•	593

# ধর্ণায়ক্রমিক স্চী

দে <b>ই পু</b> রাতন কালে ইতিহাদ <b>যবে</b>	•••		<b>&gt;&gt;</b>
সেই ভালো মা, মেই ভালো	•••		592
দেদিন আমার ক্রাদিন	***		60
<b>নৌরজগ</b> ৎ	•••	- **	<b>ሪ</b> ৮ ዓ
वर्गवर्ण मभ्वान नव ठल्लामान		٠.	100
স্বপ্ন্যুদির নেশায় মেশা এ উন্নত্ততা	•••		787
হতাঁশ হোয়ো না, হোয়ো না			790
হবে দথা, হবে তব হবে জয়	•••	,	220
হা বে, রে রে, রে রে, আমায়	• • •		252
হা হতভাগিনী, এ কী অভ্যৰ্থনা	•••		200
হা গো মা, সেই কথাই তো বলে গেলে	ন তিনি		્રેક્ટ
হায় এ কী সমাপন	•••	•	२०२,२১७
হায় বে হায় বে নূপুর	•••		२०७,२১१
হায় হায় নারীরে করেছি ব্যর্থ	•••		509
হায় হায় রে হায় পরবাদী	•		. 326
হিংস্র রাত্তি আসে চুপে চুপে	***		89
হাদয়ে মন্ত্রিল ডমফ গুরু গুরু			2>8
হুদয়ে বসস্তবনে যে মাধুরী বিকাশিল		• •	200
হে কৌন্তেয়, ভালো লেগেছিল ব'লে	•••		260
হে প্রাচীন তমস্বিনী	***	•	25
হে বিদেশী এদো এদো	• • •		<b>329,23</b> 2
হে বিরহী, হায়, চঞ্চল হিয়া তব	•••		745
ट् इनदी, উन्नथिष सोवन चार्माव	***		280
হো এল এল এল রে দহ্যর দল			, 389